প্রবন্ধ-সঞ্জরী।



শ্রীজ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর প্রশীত।

কলিকাতা

২৫ নং রায়বাগান খ্রীট ভার গুমিহির যন্ত্রে

সাক্ষাল এণ্ড কোম্পানি দ্বারা

মুক্তিত ও প্রকাশিত।

১৩১২ সাল।

ভূমিকা।

ভারতীর আরম্ভ হইতে ভারতীতে, এবং সাধনা প্রভৃতি অক্সান্ত নাম্য্রিক পত্রিকায়, আমার লিখিত যে সকল প্রবন্ধ প্রকাশিত হইয়াছে, তাহার মধ্য হইতে কতকগুলি বাছিয়া পুস্তকাকারে প্রকাশ করা গেল। ইহার কোন কোন প্রবন্ধ সাময়িক ভাবে উপর্বঞ্চত, পাঠক সহজেই বুঝিতে পারিবেন; এবং কোন কোন প্রবন্ধে, সামাজিক ও রাজনৈতিক প্রশ্ন সকল যে ভাবে আলোচিত হইয়াছে, এখন হটলে আমি হয়-ত সে ভাবে আলোচনা করিতাম না; কালসহকারে মতেরও কিছু কিছু পরিবর্ত্তন হইয়াছে, এ কথা বলা বাছল্য। "কলিকাতার সারস্বত সন্মিলন" এই প্রবন্ধ-সম্বন্ধে চুই একটা কথা, সাধারণের অবগতির জন্ত, বলা আব-খ্রক বিবেচনা করি। যে সময়ে বঙ্গদশনের পূর্ণ প্রভাব, সেই সময়ে বর্ত্তমান "বঙ্গীয় সাহিত্য-পরিষৎ"-এর আদুদৈ "কলিকাতা সারস্তত সামলন" নামে একটি সাহিত্য-সমালোচনী সভা প্রতিষ্ঠিত হয়। স্বীমাদের যোডাসাঁকোন্ত ভবনে ইহার কয়েকটি অধিবেশন হইয়াছিল। বঙ্কিম বাবু প্রভৃতি তথনকার লব্ধপ্রতিষ্ঠ প্রায় সমস্ত সাহিত্যসেবীই এই সভায় উৎসাহ-সহকারে বোগ দিয়াছিলেন। বান্ধন বাবু ইহার নাম "আকাডাামি অফ্ বেঙ্গাল লিটারেচার" রাখিতে চাহিয়াছিলেন, কিন্তু তাহা গৃহীত হয় নাই। স্বৰ্গীয় রাজা রাজেজলাল মিত্র ইহার সভাপতি ছিলেন। তিনি প্রথমেই ভৌগোলিক পরিভাষা নির্দারণে প্রবৃত্ত হন। কিন্তু ছঃখের বিষয়, এই "সারস্বত-স্থালন" মুকুলিত না হইতে হইতে অভুরেই বিলীন হটল।

मृष्ठी।

	বিষয়			পৃষ্ঠা
5 }	ইংরেজী ও হিন্দু-সভাতা ⁷ ···		•••	>
۱ ۶	ফের্ডিনা-ডে-লেদেপ এবং স্কয়েন্দ্রের ং	ाल '	•••	৩৯
91	ভারতবর্ষীয়দিগের-রাজনৈতিক স্বাদীন	্ ত।		٤٤
8 1	জীব-জগতের ক্রমাভিব্যক্তি 😶	•••		b२
a 1	त्रोक्सराञ्च · · ·	•••	••	ಎಂ
61	নিদ্রা, স্বপ্ন, মস্তিষ্ক ও আত্মা \cdots			>>0
91	গা ন্দে য় ব-দ্বীপ ও কলিকাতার-ভূতত্ত্	•••		582
6 1	রামিয়াড্বা উনবিংশ শতাকীর রামা	स्व		>60
۱۵	জাপানের বর্ত্তমান উন্নতির মূল-পত্তন	•••		८७८
001	জাপানের বর্ত্তমান উন্নতি		•••	> > 0
> 1	ইংলণ্ডে স্বাধীনতার উন্নতি ···		••	166
२ !	জাতি ও বংশের উৎকর্ষ-সাধন	••		٠ ١٢ ٢
0 1	স্মাজ-বিজ্ঞান · · · · ·			२७०
8 1.	ইব্দ্যা-বিভ্রম · · ·			२७१
1 30	नीत्वत्र वाशिका · · ·		•••	ર
७।	জাতীয়তা ও বিজাতীয়তার উপদ্রব	•••	•••	264
ا و	জাতীয়তার নিবেদনে অনতিজাতীয়তা	র বক্তব্য		२७३
b 1	ৰুষীয় ভাষা ও সাহিত্য · · ·	•••		२०७
ا ه	(मचनाप्त्रथं कांवा	••		२५० %

	বিষয়				পুষ্ঠা
२० ।	মনোবৃত্তির সহিত মস্তিকের	সম্বন্ধ	•••	•••	90>
521	কলিকাতা সারস্বত সন্মিলন		••		৩০৯
२२ ।	মারাঠী ও বা ল ণা	••	•••	•••	৩২০
२७।	ভারতে নাট্যের উৎপত্তি	•••	•••	•••	೨೨৬
२8 ।	ভারতের নাট্যকলা রচনা-পণ	ক তি	•••	•••	৩৬১
२ ८ ।	আধুনিক মন্তিকতত্ত্ব ও ফ্রেন	াল্ জ	•••	***	998
२७ ।	সমোহন-তত্ত্ব · · ·		* *	•••	9,0
291	ভারতের দারিক্রা ও সাক্ষাৎ	বাণিজা	••	•••	276
२৮।	বৃতিনিৰ্কাচন · · :		•••	•••	೨ ೩૯
२৯।	লোক-চেনা ··	•••	•••	• • •	870
००।	তুকারামের অভঙ্গ		••	•••	828
०५ ।	বসস্ত-রোগ · ·		• • •		৪৩৬
७२ ।	ফরাসী ও ইংরা জ	• •		•••	880
991	মুখ দেনা	••	• •		864
৩৪	বরিশালের পত্র 😶	••		••	869
20 1	वौत-स्ननी	••		•••	820
୍ଦ୍ର ।	একটি অপূর্ব্ব বাড়া	••	••	•••	869
୦୩	বড় লোকের মা…	••		•••	892
७ ৮।	যোগদিদ্ধ জ্ঞান ও যোগান	म	••	•••	8 % 8
१ दट	षारतमन,—ना अञ्चरहरी	•••	••	•••	ece.
80			•••	•••	659
821	অপরাধীগণের শারীরিক ও				६ २०
88	জীপুরুষভেদে অপরাধের ন্য		••	•••	६२७ 🖪
89	ইংল ত্তে অপ রাধীর সংশোধ	ন-পদ্ধতি			653

	বিবয়			•	পূৰ্চা
88	শিরোমিতি-বিদ্যা			•• ,	609
8¢	সঙ্গীত-কলা ···			•••	444
সারস	ংগ্ৰহ—				
8 ७ ।	জাপানে প্রাকৃতিক বিজ্ঞান	•••	•••	•••	cab
89.1	বিংশতি শতাকীতে বিজ্ঞানে	র অভূতকা	19	•••	662
8b (দ্রীলোকের কান্ধ করা কেন	উচিত নহে		•••	& & 8
8 a i	ভাষা-শিক্ষার রহস্ত		••	• •	600
491	ভৌতিক বিজ্ঞানের হরাক।	ভ ক 1		• • •	848
69 1	যু দ্ধে র স্মভিনব অ স্ত		••	• •	690
48 1	নাৰ্বজনিক ব্যাঙ্ক	•••	•••	•••	८ १२
601	ভবিষা-যুগের ইংরাজ-মহিলা	•••	•••	•••	292
4 8 1	দারিক্রা ও অপরাধ	••		•••	C 96
441	জীবিত পশুর দেহচ্ছেদ	•••	••	•••	642
691	টেনিসনের ধর্মবিষয়ক মত	•••	•••		ere
491	ইংরাজের উপর স্থাতাপের	প্ৰভাব	• • •	•••	८५१
4 61	গ্রীষ্ট ধর্মাও মহমাদীয় ধর্মা	••	••		ab 2
169	হিন্দু-বিজ্ঞান কিরূপে বিনষ্ট	হ ইল	• • •		622
७०।	সাধারণ বিদ্যালয়ে কলাবিদ্	ার শিক্ষা	•••		424
৬১ ৷	অধ্যাপক টিগুটাল সম্বন্ধে শে	পন্সরের উবি	ক্ত	••	263
७२ ।	পুনর্জন্ম সম্বন্ধে শ্রীমতী বেস্ত	াণ্টের মত	••	•••	&& &

প্রবন্ধ-মঞ্জরী।

ইংরেজী ও হিন্দু-সভ্যতা।

ইংলগুর সভাতার ইতিহাসে বকল সাহেব বলেন যে, ধর্ম-নীতির উপর সভাতার উন্নতি তেমন নির্ভর করে না. জ্ঞানের উন্নতিতেই সভাতার প্রকৃত উরতি। তিনি স্বকীয় মত সমর্থনার্থ এইরূপ যুক্তি প্রদর্শন করেন যে, যখন সভাতা ক্রমাগত পরিবর্ত্তিত ও উন্নত হইতেছে তখন তাহার কারণ এরপ কোন বস্ত হইতে পারে না যাহা পরিবর্ত্তনশীল বা উন্নতিশীল নছে। চারিদিকের আমুষঙ্গিক ঘটনাবলী যদি অপরিবর্ত্তিত ভাবে থাকে, তাহা হইলে কোন একটা অচল কারণ হইতে সচল কার্যা কখনই প্রস্তুত হইতে পারে না। ধর্মনীতি এইরূপ একটা অচল কারণ, ইহা হইতে সভ্যতারূপ সচল কার্যা কথনই সমৃদ্ভত হইতে পারে না। অক্টের ভাল করিবে— ' পরের উপকারের জন্ম স্বার্থত্যাগ করিবে—প্রতিবাসীকে আপনার মত ভাল বাসিবে –শক্তকেও মার্জ্জন। করিবে—ইক্রির দমন করিবে—পিতা মাতা ্প্রভৃতি গুরুজনকে ভক্তি করিবে—এই সমস্ত উপদেশই ধর্মনীতির সার উপকরণ ; এই সকল উপদেশ সহস্র সহস্র বৎসর হইতে প্রচারিত হইয়া আদিতেছে, তথাপি আর একটা নৈতিক সত্য একাল পর্যান্ত আবিষ্কৃত रहेंग ना ; किन्नु कान नवस्त (नज़ न वना वहिए नाद ना । कान द्रान একটা নির্দিষ্ট সীমার আসিরা বিশ্রাম করে না। উহা চির-উন্নতিশীল।

অধুনাতন সভাতম ইউরোপীয়দিগের মধ্যে ধর্ম্ম-নীতি-ঘটিত এরূপ একটা স্ত্যুও জানা নাই যাহা পুরাকালের লোকেরা জানিতেন না; কিন্তু জ্ঞান-সম্বন্ধে এখনকার লোকেরা জ্ঞানের প্রেকোক বিভাগে নূতন নূতন সূতা কেবল আবিষ্ণত ক্রিয়াছেন এমত নহে, চির-প্রচলিত সত্যামুদ্রানের প্রণালী পর্যান্ত বিপর্যান্ত করিয়া দিয়াছেন, এবং এক্সপ নুতন নুতন বিজ্ঞান শালের সৃষ্টি করিয়াছেন যাহা পুরাকালীন মহা-পণ্ডিতদিগের স্বপ্লের ও অগোচর ছিল। বকল সাহেব আরও বলেন যে, জ্ঞান অপেকা নীতি ওদ য়ে উন্নতিশীল এমত নহে, উহার ফলও অপেক্ষাক্রত স্থায়ী। বৃদ্ধি স্থারা বে সকল দতা উপাৰ্জ্জিত হয়, তাহ। সকল দেশেই যত্নপূৰ্ব্বক লিপিবদ্ধ করা হয়, এই জন্ম তৎসমুদায় মুম্বাজাতির সাধারণ সম্পত্তি হইরা পড়ে, এবং বংশপরস্পরাক্রমে সকলেই তাহার ফলভোগেও সমর্থ হয়। কিন্তু আমা-দিগের নীতি হইতে যে সকল সংকার্য। প্রাস্থত হয়, ভাহার ফল তত দুর-প্রবাহী নহে, ব্যক্তিবিশেষেই তাহ। আদদ্ধ থাকে। বকল সাহেব আরও বলেন যে, কোন কোন স্থলে নীতি হুইতে মঙ্গল হওয়া দুৱে থাক প্রত্যুত অমঙ্গলেরত উৎপত্তি হয় ! কোন একজন অনভিজ্ঞ লোকের যদি উদ্দেশ্য সৎ হয়, এবং যদি সেই উদ্দেশ্য সাধনের ক্ষমতাও তাহার যথেষ্ট থাকে, তাহা হঠলে প্রায়ই তাহা দ্বারা মঙ্গল অপেক্ষা অমঙ্গলই সংসাধিত হয়। কৈন্ত যদি ঐ লোকের আন্তরিক অক্ত্রিম আগ্রহ কোনরূপে কমাইতে পার,তাহার নিঃস্বার্থ উদ্দেশ্যের সহিত কোন স্বার্থপূর্ণ হীন উদ্দেশ্য মিশাইরা দিতে পার, তাহা হইলে তৎ-কর্ত্তক যে অমঙ্গল সংসাধিত হয়, অনেক পরিমাণে তাহার লাঘ্য হটতে পারে। একজন অনভিজ্ঞ লোক ভাল ভাবিরা একটা অমঙ্গল কার্য্য করিতে যাইতেছে, তুমি যদি কোনরূপে ভাৰ্ম্কি ভয় দেখাইতে পার, তাহা হইলে হয়তো সে ভীত হইয়া সেই কার্য্য হট্টতে বিবত হটতে পারে। কিন্তু দে যদি কোন প্রকারে ভীত না হয়, কুঁন বাহা ভাল মনে করিরাছে যদি তাহা অবাধে সংসাধন কল্পিবার সবদর ও স্থবিধা পায়, তাহ। হইলে তাহার বারা কি অনিষ্ট না বটিতে পারে। বকল্ সাহেব বলেন যে, যে সকল রোমক্ সমাট,, ধর্মের কম্ম খৃষ্টীয়ানদিগের প্রতি নিদারুণ অত্যাচার করিয়াছিলেন, তাহাদের মধ্যে প্রায় সকলেই ভাল লোক ছিলেন; অর্থাৎ তাহাদের উদ্দেশ্য সৎ ছিল।

নীতি ও জ্ঞান-সম্বন্ধে বকল সাহেবের কি মত, এবং তিনি স্বমত সমর্থনার্থ যেরূপ যুক্তি-প্রণালী অবলম্বন করিয়াছেন তাহা সংক্ষেপে উল্লিখিত হইল। একণে আলোচনা করা আবশুক এই মহটী কতদুর সঞ্জত। প্রথমতঃ তিনি বলিয়াছেন যে, নীতিরূপ অচল কারণ হইতে সভাতারপ সচল কার্যা কখনই প্রস্থুত হইতে পারে না। নীতি যে অচল অপরিবর্ত্তনীয়, ও অফুর্রতিশীল তাহার প্রমাণ কি ? মানব-ইতিহাস পাঠে ববং ইহাই প্রতিপর হয় যে, জন-সমাজে নৈতিক জ্ঞান ক্রমশঃই উন্নতি-লাভ করিয়া আসিতেছে: এক একটা অসভা জাতির ইতিহাস আলো-চনা কর, দেখিবে প্রতিহিংসা, নিষ্ঠরতা প্রভৃতি নীচ পশু-প্রবৃত্তি তাহাদের প্রধান কার্যা-প্রবর্ত্তক। ডভু সাহেব টদুমানীয় বক্তজাতির উল্লেখ করিয়া वरतन (य, "তাহাদিগের কোন প্রকার নীতিষ্কান ছিল না।" चरहै-লীয়গণ সম্বন্ধে আয়াৰ সাহেব বলেন "কোনটি স্থায় এবং কোনটি বা অন্তায় এরপ কোন নীতি-বোধ আদৌ না থাকায়, তাহাদের কর্তব্যা-कर्खातात अने भाज नित्रम किल तर, मरथा ও ततल त्यकं वहेता निक-मिशक आक्रमन कत्रा कर्छवा, नरहर नवा।" वर्षेन मार्टिक वर्रान (य, "পূর্ব্ব অষ্ট্রীয়ায় নীতি-জ্ঞানের অক্তিছ মাত্রও নাই। কোন একটি সাংখাতিক সম্ভল সাধন করিতে না পারিলেই তদ্দেশবাসী মন্ত্রাদিগের অমুতাপ উপস্থিত হয়, তদভিন্ন অমুতাপ যে কি পদার্থ তাহারা স্থানেও না। তাহাদের মধ্যে ডাকাইতি সম্মানের কার্য্য, এবং হত্যাকার্য্য বডই নিষ্ট্ররপে সাধিত হয় ততই প্রশংসনীয়, এবং যে ব্যক্তি এইরপ হত্যা

করিতে পারে সেই প্রকৃত বীরপুক্ষ।" এরূপ অনেক উদাহরণ উদ্ধৃত করা বাইতে পারে, বাহুলা-ভরে বিরত ইইলাম। অসভাদিগের মধ্যে নীতিজ্ঞান যে মুলেই নাই, এ বিষয়ে অনেক মতামত উপস্থিত হইতে পারে, কিন্তু তাহাদিগের নীতির যে অভ্যন্ত হীনাবস্থ। তাহা বোধ হয় কেহই অস্বীকার করিবেন না। অধুনাতন অসভাগণের অবস্থা আলো-চনা করিয়া আমরা এইরূপ ক্যায়া অনুমানে উপনীত হঠতে পারি যে. অধুনাতন সভাজাতির পূর্ব্বপুরুষেরা যথন ঘোর অসভাতা-অন্ধকারে আচ্চর ছিলেন, তথন তাহাদের মধ্যেও ধর্মনীতির এইরূপ হীনাবস্থা ছিল। বক্ল সাহেব কি বলিতে চাহেন যে, তাঁহার পুর্বপুরুষেরা যৎকালে সর্বাঙ্গে উল্লিপরিয়া দিগম্বর-বেশে নৃত্য করিতেন, তৎকালে তাহাদের মধ্যে ধর্মা-নীতির যেরূপ অবস্থা ছিল, এখনও সেইরূপ আছে, ভদপেক্ষা কি কিছুমাত্র উল্লভ হয় নাই ? স্বপ্রসিদ্ধ সর জন লবক তাঁহার "দভাতার উৎপত্তি ও মানবজাতির আদিম অবস্থা" বিষয়ক গ্রন্থে, অনেক আলোচনার পর এই সিদ্ধান্ত করিয়াছেন যে. "জাতি-মাত্রেরই সাধারণ উন্ন-তির সঙ্গে সঙ্গে, নৈতিক ভাব ক্রমশঃ গভীরতা প্রাপ্ত হয়।" কোন অসভা-তম জাতির মধ্যেও কোন না কোন এরপ প্রতিভাসম্পন্ন বাজি জন্মাইতে পারেন যিনি তৎকালীন কিছা ভজ্জাভীয় মুখ্যা অপেকা হুই এক পদবী উন্নত এবং যাঁহার মনে ছুই একটা অভিনৰ নৈতিক ফ্রানের সঞ্চার হইয়াছে মাত্র। • মনে কর, তিনি স্বীয় সমাজ-মধ্যে সেই সকল নৃতন সভ্য প্রচার করিতে প্রবৃত্ত হইলেন। কিন্তু তাঁহার স্বন্ধাতীয়েরা অপেকাক্বত অনেক পশ্চামতী, স্মৃতরাং তাঁহার উপদেশগুলি সর্বসাধারণের হৃদয়ক্ষম হইল না। হয়তো তাঁহার দৃষ্টান্ত ও উপদেশে তাঁহার সন্তানসন্ততির মধ্যে নৈতিক ক্লান কথঞ্চিৎ সঞ্চারিত হইল; ক্রমে এই নৈতিক ক্লান তাঁহার পুরুপৌর প্রভৃতি বংশপরস্পরাক্রমে প্রবাহিত হইল। ক্রমে এই জ্ঞান গভীরতি প্রাপ্ত হটয়া দুঢ় বিখাদে পরিণত হটল-ক্রমে এই বিখাদের

আদর্শে তাহাদের আচার বাবহার গঠিত হুইয়া জ্ঞাতি-সাধারণের উন্নতি সাধন করিল। নৈতিক উন্নতির পদ্ধতিই এইরূপ। নীতিকানের আবিষ্কার হইলেই হইল না-এ জ্ঞান যতক্ষণ না ব্যবহারে পরিণ্ত হয়, ততক্ষণ উহা কোন উপকারে আইদেনা। যতক্ষণ নীতি, ভানের শীমা-মধ্যে অবস্থিতি করে, ততক্ষণ তাহার সার্থকতা নাই-মখনট কার্যাক্ষেত্রে অবতীর্ণ হয়, তথনই তাহার সার্থকতা। বকল্সাহেব বলেন. কতকগুলি নৈতিক উপদেশ একই ভাবে সহস্ৰ সহস্ৰ বৎসর প্রচারিত হইয়া আদিতেছে, তথাপি কোন নৃতন নৈতিক তত্ত্ব এ পর্যাস্ত আবিষ্কৃত হইল না! স্কুতরাং নীতির ক্রেমোন্নতি হইতেই পারে না। এই যুক্তিটা কতদুর অসঙ্গত বোধ হয় পাঠকমাত্রেই বুঝিতে পারিবেন। যথন অসভাজাতির ইতিহাস পাঠে প্রতিপন্ন হয় যে, নৈতিকজ্ঞান ক্রমশঃ উন্নতিলাভ করিয়াছে, তথন আমরা এই উনবিংশতি শতাকীতে যে নীতিজ্ঞানের চরম সীমায় উপনীত হইয়াছি তাহার প্রমাণ কি 📍 আরও নুতন নুতন নীতি-তত্ত্ব যে ভবিষ্যতে আবিষ্কৃত হইবে না তাহাই বা কে বলিতে পারে। আর সহস্র বৎসর পরে সভ্যতার কিরুপ উন্নতি হইবে, ক্রুনা করিয়া দেখিলে এই উনবিংশতি শতাব্দীর স্পর্দ্ধিত সভাতা যে অসভাতা বলিয়া প্রতীয়মান হইবে তাহারই বা আশ্চর্যা কি। ভাল, তর্কের অমুরোধে আপাততঃ স্বীকার করা গেল যে, নীতি-জ্ঞানের. যতদুর উন্নতি হইতে পারে তাহা একণে হইরাছে। কিন্তু পূর্ব্বেই প্রদর্শিত হইয়াছে যে, নীতি যতক্ষণ ব্যবহারে পরিণত না হয়, ততক্ষণ তাহার সার্থকতা নাই। নীতির উন্নতি ও নীতি-জ্ঞানের উন্নতি সমান कथा नरह। अकबन देश्ताक जाक्याकाल बहिर्दालत अहे छेशामकी গুনিয়া আসিয়াছেন যে "যদি কেহ তোমার বাম গণ্ডে চপেটাবাত করে, তাহা হইলে আর এক চড় থাইবার জন্ম দক্ষিণ গণ্ডটী ফিরাইয়া निर्द"-रकान देश्त्राक कि वहे उपामलात मिक मित्रा वान ? मिकन

গণ্ড ফিরাইয়া দেওয়া দুরে থাক্, তিনি হয়তো এক চড়ের পরিবর্জে দশ চড় সুধ গুদ্ধ ফিরাইয়া দেন। সেই জন্ত বলি, ইংলণ্ডে নীতি-জানের যদিও বা উন্নতি হইয়া থাকে, প্রকৃত নীতির উন্নতি হইতে এখনও অনেক বিলম্ব আছে। অমুর্বর ক্ষেত্রে নীতিজ্ঞানরূপ বীজ্ঞ পতিত হইলে ভাহা অস্কুরিত হইতে সময় লাগে—যদিও বা অস্কুরিত হয়, তাহা বিশ্বাস ও কার্যো পরিণত হয়য়া সাধারণ সমাজ-মধ্যে বদ্ধুন ইতিত অনেক বিলম্ব হয়। মনুষ্যের মানসিক ভাব-সকল পুরুষামুক্রমে সংক্রোমিত ও গাঢ়তা প্রাপ্ত হইয়া ক্রমশঃ বিশ্বাস ও কার্যো পরিণত হয়।

বকল সাহেব বলেন যে "নীতি অপেকা জ্ঞান কেবল বে উন্নতিশীল এমত নহে, ইহার ফলও অপেক্ষাকৃত স্থায়ী। বুদ্ধিদ্বারা বে সভা উপাৰ্জিত হয় তাহা দকল দেশেই মত্বপূৰ্বক লিপিবদ্ধ করা হয় এবং সেই জন্ত তৎসমূদায় মনুষাজাতির সাধারণ সম্পত্তি হইরা পড়েও বংশ পরম্পরা তাহার ফলভোগেও সমর্থ হয় ৷ কিন্তু আমাদের নীতি হইতে দে সকল সৎকার্যা প্রস্ত হয় তাহা তত দুর-প্রবাহী নহে।" এ কথাও যুক্তিনিদ্ধ বলিয়া বোগ হয় না। অতান অপেকা নীতির ফল কোন অংশেই স্বয়স্তায়ী নহে। জ্ঞানের ফল যেরূপ জাজনামান দেখিতে পাওয়া যায়, নীতির ফল সেরপ দেখিতে পাওয়া যায় না বটে, কেননা . উহা অল্ফিভরপে গৃঢ়ভাবে মহুধানমাজে কার্য্য করে। দেরপ কোন একটা পুস্তক পাঠে জ্ঞান লাভ হয়, সেইরপ কোন একজন সাধু লোকের দৃষ্টান্তে, শত শত লোকের জীবনে স্থনীতি গৃঢ়ভাবে সংক্রামিত হটয়া তাহার ফল পুরুষপরম্পরায় প্রবাহিত হয়। বরং পুস্তক-সকল রাষ্ট্রবিপ্লবে ধ্বংস হটরা জ্ঞানের লোপ হটতে পারে, কিন্তু একটী জাতি একেবারে পৃথিবী হইতে বিলুপ্ত না হইলে আর তাহাদের আচার-বাবহারগত স্থনীতি বিলুপ্ত হয় না। আমাদের ভারতবর্ষে অনেক জ্ঞানগর্ভ গ্রন্থ কাল-ক্রোতে বিলীন হইয়া গিরাছে, কিন্তু আমাদের কতকগুলি আচার

বাবহারে যে সকল স্থনীতি বৃদ্ধনূল রহিয়াছে, তাহা বিপ্লবের পর বিপ্লবেও কিছু মাত্র ধ্বংস হয় নাই।

জ্ঞান ও নীতি পরস্পার পরস্পারের উন্নতি-সাপেক্ষ, কিন্তু এই উভয়ের সমগ্র উন্নতি ভিন্ন প্রাকৃত সভ্যতা কখনই সম্পিত হয় না। স্বতম্বভাবে এই উভয়েরই সাধনা আবশ্রক। একটার সাধনা করিলে অপর্টার আপনা আপনি উন্নতি হইবে এরপে মনে করা যুক্তিসঞ্চত নহে। বেমন কোন ব্যক্তি-বিশেষের বৃদ্ধি ও হাদয় উভয়ই সমুন্নত না হইলে কখনই তাহার প্রক্রত মতুষাত্ব লভি হয় না—সেইরূপ সমাজমধ্যে জ্ঞান ও নাতির সমগ্র উন্নতি না হইলে, প্রকৃত সভাতার উদয় হয় না। 🐯 ন অর্জনশীল, নীতিরক্ষণশীল। জ্ঞান পিতার ক্যায় বাহির হইতে নানা সতা আহরণ করিয়া সমাজের পুষ্টি সাধন করে, নীতি মাতার ভায় স্লেহ প্রেম ভক্তি-বন্ধনে সমস্ত সমাজকে একত আবদ্ধ করিয়া রাখে। একটা প্রকৃতি আর একটা পুরুষ। একটা জননী আর একটা জনক। ফ্রানের গতি স্বাধীনতার দিকে, নীতির গতি সম্মিলনের দিকে। একজনের কার্যা আহরণ, আর একজনের কার্যা বিভরণ ৷ জ্ঞানের ফল নীতি দারা পরিশোধিত না হইলে স্বার্থপরতা, স্বেচ্ছাচারিতা ও অহলারে পরিণত হয়, এবং জ্ঞানদ্বারা নীতি নিয়মিত না হইলে নীতির উদ্দেশ্য বিফল হয়, এবং কোন কোন স্থলে ছনীতিতে পরিণত হয়। এই জন্ম নীতি ও জ্ঞানের মধ্যে সামঞ্জন্ম রক্ষানা করিলে সমাজ্বমধ্যে প্রভুত অমঙ্গলের উৎপত্তি হয়; এবং সেই জন্ম প্রকৃত সভাতাও কথন সমূদিত হঠতে পারে না। ইংরাজি সভাতার মধ্যে নীতি অপেক্ষা কানের প্রাধান্ত নিবন্ধন স্বন্ধ-নীতিক কানের যে অবখ্যস্তাবী ফল স্বার্থ-পরতা, স্বেচ্ছাচারিতা ও অহম্বার তাহা বিলক্ষণরূপে ইংরাজ-সমাজমধ্যে প্রবিষ্ট হইয়াছে। ইংরাজ-সমাজ সম্বন্ধে একজন স্থাসিদ ফরাসিদ্ গ্রন্থকার যাহা লিখিয়াছেন তাহা এই প্রস্তাবের উপসংহার-ভাগে উদ্ভুত

করিবার বাসনা রহিল। পাঠকগণ তাহা পাঠ করিয়া দেখিলে বুঝিতে পারিবেন, যাহা এ স্থলে উলিখিত হইয়াছে তাহা কতদুর সতা।

অধুনাতন ইংরাঞ্জি সভাতা জ্ঞান-প্রধান, এবং ভারতবর্ষীয় সভাতা নীতি-প্রধান। এই জন্ম উভয়ই আংশিক ও অঙ্গহীন। ইংরাজ-সমাজ-মধ্যে জ্ঞান, নীতি দারা পরিশোধিত না হওয়ায়, তাহার ফল যেরূপ স্বার্থপরতা, নিষ্ঠুরতা, স্বেচ্ছাচারিতা ও অহম্বারে পরিণত হইয়াচে, সেইরূপ অধুনাতন হিন্দুসমাজে, জান ছারা নীতি নিয়মিত না হওয়ায় নীতির ফল বীর্যাহীনতা, অলসতা ও দাসত্ত্বেপরিণত হইয়া অনেক স্থলে নীতির উদ্দেশ্য বিফল হটয়া গিয়াছে। "দান করিবেক" ইহা একটা নৈতিক উপদেশ; কিন্তু জ্ঞানের কথা না শুনিয়া অপাত্রে দান-প্রথা অন্ধদেশে প্রচলিত থাকায় কত অমঙ্গল হইতেছে, তাহা বোধ হয় मकरलंहे अवशंक आर्फन। आमारमृत रम्प धकान्नवही श्रीत्वात श्रेगानी. ক্ষেহ, প্রেম, পারিবারিক ঐক্য প্রভৃতি নীতির উপকরণে গঠিত হইরাছে; কিন্তুজ্ঞান দারা, নিয়মিত না হওয়াতে তাহা হইতে প্রভূত অভড ফল উৎপন্ন হইতেছে। হিন্দু পরিবার-মধ্যে যিনি কর্ত্তা তিনিই পরিশ্রম-পূর্ব্বক উপার্জ্বন করিয়া থাকেন এবং তাঁহার সেই পরিশ্রমের ফল ভ্রাতা ভ্রাতুপুত্র, অধিক কি স্থানুর জ্ঞাতি পর্যাস্ত ভোগ করিয়া থাকে। এইরূপ জ্ঞানবিরহিত নীতির প্রভাবে আমাদের দেশে দারিক্রা,আলক্ত ও নিরুদাম প্রশ্রম পাইতেছে মাত্র; যদি এই নীতির সহিত জ্ঞান সংযুক্ত হইত, এবং এক পরিবারের অন্তর্গত থাকিয়া সকলেই সমান পরিশ্রমে নিযুক্ত থাকিত, তাহা হইলে পারিবারিক ঐক্য ও শ্রম-বিভাগের ফলে পরি-বারের ধন, শুঝলা ও বল বৃদ্ধি পাইয়া সর্বীক্ষীণ উন্নতি হইত সন্দেহ নাই; এবং নীতি-বিরহিত জ্ঞানে বে কি বিষমর ফল উৎপন্ন হইতে পারে তাহা পাঠকেরা চুক্তি-বিবাহ, স্ত্রী-পরিত্যাগ, ও পিতৃমাতৃ-ভক্তির অভাৰ, পৃথকান্ন-পরিবার-প্রণালী প্রভৃতি ইংলণ্ডের কতকগুলি সামাজিক

কুনীতি ও কুপ্রথার প্রতি দৃষ্টিপাত করিলেই বুঝিতে পারিবেন। অভ্ এব প্রতিপর হইতেছে, জ্ঞান ও নীতির মধ্যে যে পরিমাণে সামঞ্চন্ত রক্ষিত হইবে, দেই পরিমাণে প্রক্ষুত সম্ভাতার উদর হইবে। ভারত-वर्षत देविहारम (य मगत ख्यांविय, श्रीव, तमात्रन, हिकिएमा, कोवा, দাহিতা, বাাকরণ, নীতি প্রভৃতি দকল শাস্ত্রের প্রভৃত অনুশীলনের দকে দকে ধর্মনীতির উন্ধৃতি হইয়াছিল, সেই পুরাকালীন আর্যাসভাতা জ্ঞান ও নীতির সামঞ্জন্ত নিবন্ধন প্রাকৃত সভাতার পথে যে অপ্রসর হইতেছিল তাহাতে আর অণুমাত্র সন্দেহ নাই। এবং দেই স্লোত মনি অবাবে চলিয়া আদিত, তাহা হইলে অধুনতিন ভারতবর্ষীয়-সভাতা যে পৃথিবীর আদর্শ-স্বরূপ হঠত, তাহা আমাদিণের বিলক্ষণ প্রতীতি হয়। জ্ঞানের হীনতা প্রযুক্ত যেরূপ অম্বন্দেশীয় অধুনাতন সভ্যতা, সেইরপ নীতির ন্যানতা প্রযুক্ত ইংরাজি সভাতা অদ্ধান্ধ হইয়া রহিয়াছে। নীতিশিক্ষার জন্ত আমাদিগকে ইংরাজের ম্বারে ভিক্ষা করিতে হইবে না। আমাদের দেশে নাতির অভাব নাই আমরা ইংরাভদিগের নিকট যেরপ জ্ঞান শিক্ষা করিতে পারি, তাঁহারা আমাদিগের নিকট দেইরূপ নীতি শিক্ষা করিতে গারেন। নৈতিক সভাতার আমরা যে তাঁহাদের অপেক্ষা অনেকাংশে শ্রেষ্ঠ তাহাতে আর সন্দেহ নাই। পণ্ডিত মনিবার উইলিয়মন সাহেব একত্বলে তাহা প্রকারাস্তরে স্বীকার করিবাছেন। তিনি বলেন-

"হ্নীতি পরায়ণ ইতর ইয়্রোপীয়গণের হ্রাচার যতদূর অনিষ্টকর, ভারতবর্ষীয়দিগের মধ্যে যাহারা নিক্টতম প্রকৃতির লোক তাহাদিগের হ্রাচার ততদূর অনিষ্টকর কি না সন্দেহস্থল। ভারতবর্ষীয় ভ্তােরা বিশাসী, সৎ, এবং প্রভ্তক। প্রভ্র নিকট হইতে সদ্যবহার প্রাপ্ত হইলে তাহারা ইংরাজ ভ্তাদিগের অপেকা প্রভ্র প্রাণীর প্রতি অধিক বত্ন প্রদর্শন করে। ইয়ুরোপীরদের অপেক্ষা তাহারা স্বভাবতঃ শিষ্টাচারী, অধিকতর মিতাহারী, অধিকতর পিতৃমাতৃভক্ত, এবং উচ্চ-পদস্থ, বৃদ্ধ ও বিদ্বান্ ব্যক্তির প্রতি অধিকতর শ্রহ্ধাবান্। আমি একটী জাহাজের কাপ্তেনকে জিজ্ঞাসা করিয়াছিলাম বে, তিনি ভারতবর্ষীয় ও ইংরাজদের মধ্যে কোন্ জাতীয় নানিক্ পছন্দ করেন ? তিনি ভৎক্ষণাৎ উত্তর করিলেন"—ভারতবর্ষীয় ; কারণ, তাহারা ইংরাজদিগের অপেক্ষা অধিকতর বশু, আজ্ঞাবহ; তাহারা ইংরাজদের স্থায় পশুবং নিষ্ঠ্র ব্যবহার করে না, এবং তাহাদের স্থায় মাতালও হয় না।"

ফলতঃ বাহা দার। সমাজের প্রকৃত ত্বপ বা শুভ বর্দ্ধন এবং প্রকৃত তৃঃথ বা অশুভ নিরাকরণ হয়, তাহাই বলি প্রকৃত সভাতা শকের বাচা হয়, তাহা হইলে জ্ঞান ও নীতির সামঞ্জ বাতীত সে সভাতা কথনই পুথিবীতে সমুদিত হইতে পারে নাঃ

প্রকৃত সভাতা কি তাহা এতকণ বুঝাইতে চেটা করিলাম। একণে ইংরাজা সভাতা কি উপকরণে গঠিত, তাহা একবার আলোচনা করিয়। দেখা বাউক। ইংরাজা সভাতার বাহা চাকচিকা দেখিয়া আমরা একেবারে মুগ্ধ হঁইয়৷ যাই, কিন্তু আমাদের জ্বানা উচিত যে, উহা "বিষকৃত্তং পয়োমুখং"। ইংরাজা সভাতা-প্রভাবে বাহা হুখ-সমৃদ্ধির রদ্ধি ইইয়াচে বটে, কিন্তু মনুবোর আভাত্তরিক প্রকৃতির উল্লাভ হওয়া দূরে থাকু, বংং ক্রমশংই অবনতি হঠতেছে।

ইংরাজী সভাতা-প্রভাবে ইংরাজ-সমাজের উন্নতি কি অংধাগতি হটতেছে তাহা ইংরাজদিগের মুখেই শুনা যাউক। ওয়ার্লড্ নামক ইংলওের একটা প্রসিদ্ধ সংবাদ-পত্র বলেন:—"সমাজে সন্থান্ত-শ্রেণীর মধ্যে যে সকল ভরানক প্রবঞ্চনা ক্রমাগত অনুষ্ঠিত হয়, তাহার ইতিহাস একবার পাঠ করিয়া দেখ—যে সকল জলবিশ্বৎ অন্থান্তী প্রবঞ্চক বাবসায়ি-দল বিশ্বাস-প্রবণ লোকদিগের চক্ষে ধূলি দিয়া তাহাদিগের সর্বা

নাণ ও আপনাদিগের স্বার্থদাধন করে, তাহাদিগের বুত্তান্ত পাঠ করিয়া দেথ। আমাদের কারাগারের প্রতি একবার দৃষ্টিপাত কর—দেখিবে তাহা জ্ঞানশৃত্য নীচ পশুবৎ নিষ্ঠুর আচরণের জ্বত্য দণ্ডিত করেদীদিগের দ্বারা পূর্ণ। আমাদের বিক্রেতাগণ থাদ্য ক্রব্যের সহিত অস্বাস্থ্যকর-ক্রব্য-মিশ্রণ-প্রণালীর কতদুব উন্নতি সাধন করিয়াছে, তাহা সমালোচনা করিয়া (नथ এবং সমৃদ্ধ লণ্ডন নগরের অধিকাংশ স্থান যে সকল জবন্ত কুটারে शूर्व, (प्रत्ने प्रकत कृतीत-निवागीनिर्वत शेन नोठित श्रीठ वक्तात मृष्टिभाठ कत अतः ठारात भत तल तिथि जामातित धत्यांत कल कि रहेशाहि १ আমাদের চা-পানের সভার অভাব নাই-পর্মপ্রচারক সভার অভাব নাই—আমাদের Soup Kitchen আছে—আমাদের বাইবেল বিতরণের সভা আছে—বৃহদায়তন দারবিশিষ্ট স্থদুগু অনেক গির্জ্জা আছে, এবং দেই সকল গির্জ্জার ঘণ্টা সমস্ত দিনই টং টাং, চং চং করিয়া উপাসক-দিগকে ডাকাডাকি করিতেছে সতা, কিন্তু জিক্সাসা করি, লোকের মনের ভাব কি খুরণর্মাত্মগত ? অতীব হুংখের সহিত বলিতে হইবে— না। উচ্ছ্রলতা এখনকার কালের প্রাণ বলিলেও হয়। কেবল তাহার উপরিভাগে ধশ্ম এবং শিষ্টাচারের একটা হর্ডেদা আবরণ আছে মাত্র। আমরা যুদ্ধপ্রিয় মৃত্যু-ভয়-শৃত্য উদারপ্রকৃতি বীর-পুরুষ নহি—আমরা नोह कुछ हिमावी लाक-भग्नमा कुड़ानडे आमानिश्वत कीवत्नत ध्वधान উদেশ্র। আমাদের এ কালে ধর্মোপদেশ অপেকা বিদ্রাপ অধিক কার্যাকরা এবং ভর্ণনা অপেকা বাঙ্গ অধিক প্রয়োজনীয়—আমাদের এ কালে স্থইনবর্ণের কবিতাই প্রণয়-কথার চূড়ান্ত আদর্শ এবং বর্লেস্ক নাটাই প্রকৃত দৃশ্র-কাবারূপে পরিগৃহীত হয়। আমাদের একাল অস্থা-ভাবিকতার কাল, অদারতার কাল ও সন্দিশ্বতার কাল। এই সন্দিশ্বতা অকপট আগ্রহের মৃত্যুস্তরূপ —এই অসারতা ফলণতার বিষ্ণুস্তরূপ এবং এই সন্বাভাবিকতা সত্যের শক্রম্বরূপ। অতএব এই কালের নিকট

হইতে পয়দা কুড়ান ভিন্ন আর কি আশা করা যাইতে পারে ? এখন পয়দারই রাজত্ব, পয়দারই একাধিপতা। সভ্যতা জিনিদটি মন্দ নর, উন্নতিও নিতান্ত প্রেজনীয় বটে—কিন্তু তাহা দত্তেও আমরা ক্ষতিগ্রন্ত হইরাছি—জন-দাধারণের ভাব-গতির অবনতি হইরাছে; বে সকল গুণ না থাকিলে মহুযোর মহত্ত হয় না, দেই অকপট মনের আগ্রহ, সরলতা এবং জলন্ত উৎসাহ আমরা হারাইয়াছি। আমাদের একালে কোন টাদার খাতা খুলিতে গেলে তাহার প্রথমেই বড় বড় নাম থাকা চাই, দাধারণ হিতের জন্ত কোন গৃহ-প্রতিষ্ঠা করিতে হইলে তাহার ভিত্তি সংস্থাপনের জন্ত বড় লোকের উপন্থিতি আবশ্রক, ধর্মোপদেষ্টা খুব নামজাদা না হইলে তাহার বক্তৃতা শোনা হয় না—দান যতই সামান্ত হউক না, তাহার বিজ্ঞাপন মহা আড়ম্বরে চতুর্দিকে ঘোষিত হয়।"

ঐ পত্র আর এক হলে বলেন যে "আমাদের বৃহৎ বৃহৎ নীতি-গ্রন্থ আছে সত্য, কিন্তু এই সকল নীতি-উপদেশ কার্য্যে কতদ্র পরিণত করা হয় ? নীতি ও ধর্ম যতক্ষণ না জীবনের কার্য্য সকল নিয়মিত করে, ততক্ষণ তাহাদের কোন মূলাই নাই। আমাদের কি বিশ্বাস ও আচরণে কোন মিল আছে ? পার্লিরামেণ্টের কার্য্য-প্রণালীর সংস্কার লইয়া এত বৎসর ধরিয়া যে বিবাদ বিসম্বাদ চলিতেছে তাহার কারণ কি ?—
অভ্যের ধন চুরি করা পাপ, এই উপদেশটী এখানকার লোকে বাল্যকাল হইতে শিক্ষা করিয়া আসিতেছেন—কিন্তু অভ্যের নিকট আপনাদের স্বাধীন মত বিক্রেম করা তাহারা দৃষ্য বলিয়া মনে করেন না। এবং এই জ্ব্যু পার্লিরামেণ্টে সংস্কার আবশ্রুক হইয়াছে। উৎকোচ গ্রহণ হইতে ইংরেজজাতিকে বিরত করিবার চেটায় কত পার্লিরামেণ্ট-সভার অধিবেশন স্পরিত হইয়া গেল—কত মন্ত্রিদলের পতন হইল—কত প্রতিভাশালী ব্যক্তির্ব্যা-মাথা খুঁড়িয়া মরিলেন। এ দেশের অপরিমিত পান-দোষ দেশ বিয়েশে রাই হইয়াছে, এবং এখানকার বিচারপতিগণ স্কী-নির্য্যাতক

স্বামীদিগকে এরপ দরার চক্ষে দেখেন যে, তাঁহারা মনে করেন যে ছুই এক মাসের কারাদণ্ড দিলেই স্ত্রীর মাথা গুঁড়া করিবার জন্ম স্বামীর যে দোষ তাহা সম্পূর্ণরূপে ক্ষালিত হয়।"

স্থাটার্ডে-রিভিউ নামক ইংলণ্ডের প্রসিদ্ধ সমালোচনী পত্রিকা এক হলে বলেন—"এই সভ্যকালে আমরা জ্বাজ্ঞলামান দেখিতে পাইতেছি যে, নর্ত্তকী ও বেশ্রাদলের সংখ্যা ক্রমশাই ক্রতগতি বৃদ্ধি পাইতেছে। স্ত্রীলোকের অথথোচিত আধিপতা এবং বিবাহের নিয়মভন্ধ ক্রমশাই বাড়িতেছে—বিলাস ও কোমলতা এত দূর বৃদ্ধি পাইয়াছে যে, জ্বগতের ইতিহাসে তাহার আর সাদৃশ্য নাই, বোধ হয় রোমীয় অবনতির শেষ অবস্থায় যেরূপ ঘটয়াছিল, কেবল তাহারই সহিত তুলনা হইতে পারে। এখনকার কালে যে উপারেই হউক, ধনোপার্জ্জন করিতেই হইবে, এবং লোকের এতদুর অধীরতা বৃদ্ধিত ইইয়াছে যে, তাড়িৎবার্ত্তাবহও তাহা নিসৃত্তি করিতে পারে না। এখনকার সাহিত্য অপদার্থ পুনরুক্তিও বিলাসভাবে আকীর্ণ এবং বাণিক্ষ্য-বারসায় নির্ম্ন্থশ নিষ্ঠুর প্রতারণায় পরিপূর্ণ।"

নিকল্যু সাহেব তাঁহার মানব-শরীরতত্ব গ্রন্থের ৪২ পূর্গার বলেন—
"প্রতি বৎসর লগুন নগরের রাজপথে তিন শতেরও অধিক জন প্রাপ্ত
হওয়া যায়। কেবল অবিবাহিতা স্ত্রীলোকেরাই যে গর্জ নই করে তাহা
নহে—বিবাহিতা স্ত্রীলোকদিগকেও এই ভয়ানক নির্চুর কার্য্যে লিপ্ত দেখা
যায়।" তিনি ঐ গ্রন্থের ৬৩ পূর্গার আরও বলেন যে "ইংলপ্তের জ্বভান্ত
লাম্পট্য এবং অপবিত্রতার গভীর কলঙ্ক সমাজের কোন শ্রেণী বিশেষ,
পদ-বিশেষ বা বয়য়্রক্রম বিশেষে বন্ধ নাই। তবে বিলাসপরায়ণ মধ্যবিভ
এবং উচ্চশ্রেণীর ভল্তলোকের মধ্যে স্থনীতির যেরপ স্পষ্ট ব্যভিচার
দেখিতে পাওয়া যায়, সেরপ অক্স শ্রেণীর মধ্যে দৃষ্ট হয় না।" ঐ গ্রন্থের
৬৯ পূর্গার তিনি বলেন যে "লগুন নগরে ১৮,০০০, এবং সম্প্ত ইংলপ্তে
১০,০০০ বেশ্বার বাস।" ৩৮ পূর্গার বলেন "লগুনের প্রধান প্রধান

রাজপথ সকল বেখালয়ে পূর্ণ—উহার পূর্ব দিকস্থ সেণ্ট জর্জ অঞ্চলে ২০০ বাটার মধ্যে ১২০ বাটা বেখালয়।" ৬৯ পৃষ্ঠায় বলেন "প্রত্যেক হর্পের চতুর্দিকে বেখাগণের উপনিবেশ, প্রত্যেক সৈম্ভ-নিবাস বেখালয়ের মধ্যে সংস্থাপিত।"

স্থবিখ্যাত লেখক হাজ্লিট্ "জন বুলের চরিত্র' নামক প্রবন্ধে এই क्रभ वरलन-"मरक्ष्मभ विल्ड शिरल, अन वृष * धक्रो निरवि मुर्थ, দিখিদিকজ্ঞানশুভা প্রকাণ্ড গোয়ার—শত বৎসরের দাসত্ব ভোগ না করিলে ভাহার আর চৈত্ত হুটবে না। তিনি চান যে লোকে তাহাকে সদেশামুরাগী বলে, কেন না তিনি আর সকল দেশকেই ঘুণা করেন ;— তাঁহাকে বিজ্ঞ বলে, কেন না তিনি আর সকল লোককেই নির্কোণ মনে করেন;—উভাকে সং বলে, কারণ তিনি আর সকল লোককেই জুরাচোর মনে করেন ! বলি সমস্ত জীবন খুঁৎ খুঁৎ করিয়া কাটাইয়া দেওয়াই মানব-চরিত্র-গত উন্নতির পরাকাষ্টা হয়, তবে জন-পুঞ্চব তাহার খুব নিকটে পৌটিয়াছেন সন্দেহ নাই। তিনি তাহার স্ত্রাকে প্রহার করেন, তাঁহার প্রতিবাসীর সহিত বিবাদ করেন, তাঁহার ভূতাগণকে জ্বন্থ গালাগালি দেন, এবং সময় কাটাইতে ও মূনকে চান্ধা করিয়া তুলিতে মাতাল হয়েন—অথচ তাঁহার দৃঢ় বিশ্বাস যে তাঁহার ভার নির্দোষ সর্ব-গুণদম্পর ধর্মশীল ও নীতিপরায়ণ ব্যক্তি সমন্ত খৃষ্টীয়মগুলীর মধ্যে খুঁ জিয়া পা ওয়া ভার। তাঁহার আইনের শ্রেষ্ঠতা বিষয়ে তিনি অত্যস্ত গর্ব্ব করেন, অথচ সমস্ত ইয়ুরোপ অপেকা ইংলণ্ডেই অধিক লোক ফাঁসিকার্চে আরোহণ করে। তিনি স্বদেশীয় মহিলাগণের সতীত্ব লইয়া বড়ই অহঙ্কার করেন, অথচ সমন্ত ইয়ুরোপের রাজধানী একত করিলে যত না হয়, শুদ্ধ লণ্ডনের রাজপথে তাহা অপেক্ষা অধিক বেখার নিবাস। উাহার অনেক স্থথের দ্রব্য আছে বলিয়া তিনি গর্ব্ব করেন,

^{*} ইংরেজ্লাতি জন্বুল অর্থাৎ বৃহ নামে আখ্যাত হয়।

কেন না পৃথিবীর মধ্যে এমন অস্থা মহুষ্য আর দ্বিতীয় নাই। अন-সমাজে তাঁহার কোন আমোদ হয় না, এই নিমিত্ত তিনি নিজ বাটীর বিজন অগ্নিকুণ্ডের পার্যেই আমোদ খোঁজেন—আর সেখানে যে তিনি হতবৃদ্ধি হইয়া থাকিবেন সে তো কথাই আছে, সেখানে যে তিনি মুখ ভার করিয়া থাকিবেন, তাতে তো তাঁর অধিকারই আছে, এবং সেখানে তিনি যত-ইচ্ছা হাস্তাম্পদ হইতে পারেন, কারণ দেখানে কেহ হাসিবার लाक नारे। तुष-मश्रामश अष्ठ-श्रास्त अज्ञल क्या मलय करत्न (य করাসিরা তাঁহাকে "Monsieur God damn me" উপাধি দিয়াছেন। বুষ মহাশয়ের এক দলের উপর স্মাডি থাকিলে, মতের মিল না হইলেও তিনি তাঁহার বিরুদ্ধদলের সহিত সম্পূর্ণরূপে যোগ দেন—তাঁহার শত্রুতা যেমন অমূলক কারণের উপর স্থাপিত, তাহার অন্ধ উৎসাহও তেমনি প্রচণ্ড। ইংলণ্ডের ইতর লোকের ন্তায় অন্তত হাস্তাম্পদ পদার্থ আর জগতে নাই; উহারা যেরূপ নিজ উদ্দেশ্য না জানিয়া কাজ করে এরূপ আর কুতাপি দৃষ্ট হয় না।" বকল সাহেব যিনি ইংরাজী সভাতার বিষম পক্ষপাতী. তিনিও বলেন যে "ইংরাজ-সমাজ বাহারা উত্তমরূপে পর্যাবেক্ষণ করিয়াছেন,—সেই সকল ভিন্ন মতাবলম্বী ও ভিন্ন প্রকৃতির পর্যাবেক্ষকগণ সকলেই একবাকো স্বীকার করেন যে. মিথ্যা-শপথ যাহা ইংলভে সচরাচর উচ্চাব্নিত হইয়া থাকে এবং তত্ত্বস্থাসন-প্রণালী যাহার অব্যবহিত শ্রষ্টা, তাহা সর্বসাধারণের মধ্যে এতদুর প্রচলিত যে উহা জাতীয় ভ্রষ্টাচারের আকর হইয়া দাঁড়াইয়াছে, মানৰ-দাক্ষ্যের মুল্য হ্রাস করিরাছে এবং মুম্বাগণ পরস্পারের উপর স্বভাবতঃ যে বিশ্বাস স্থাপন করে তাহাও বিচলিত করিয়া তুলিয়াছে।" বিষপু বর্ক লি, গ্রেট बिंग्रेटिन इं ध्वर्भ-निवादन नामक खेवत्क. मिथा भेपथ-खेषा देश्ताक-জাতির অবনতির একটা প্রধান কারণ বলিয়া নির্দেশ করিয়াছেন। তিনি বলেন—লোষ্টা আমাদের জাতির মধ্যে প্রচুর পরিমাণে আছে;

পৃথিবীতে এমন কোন জাতি নাই যাহার মধ্যে মিখ্যা-শপখ-প্রথা এতদুর প্রচলিত : এখানে লাকেরা যেমন সহজে আহার বিহার করে, তেমনি সহজে শপথ-ভঙ্গ করে—গভর্ণমেণ্ট যতই কেন উপায় উদ্ভাবন করুন না, যতক্ষণ এই মিখ্যা-শপথ ও উৎকোচ-গ্রহণরূপ মহাপাপের ভার আমাদের কন্ধে থাকিবে তত্দিন আমাদের কথনই মঙ্গল হইবে না।" সর্ উইলিয়ম হামিণ্টন্ তাঁহার দর্শন শাস্তের বাদাহ্যাদ নামক গ্রাহ্ণর ৫৫০ পৃষ্ঠায় বলেন—"কিন্ধু যদি মিখ্যা-শপথ বিষয়ে ইংলপ্ত পৃথিবীর নধ্যে অগ্রগণা হয়, তাহা হইলে ইংরাজী বিশ্ববিদ্যালয়প্তলি, বিশেষতঃ অক্স্ফোর্ডের * বিশ্ববিদ্যালয়টী যে জাবার ইংলপ্তের মধ্যে অগ্রগণা তাহাতে আর সন্দেহ মাত্র নাই। * * * শ শ শ শুর্গ্রেজিক এক্ষণে মিথ্যাশপথের জাতীয় শিক্ষাণয় বলিলেও হয়।"

থ্যাকারে তাঁহার ভানিটি-ফেয়ার অর্গাৎ "ফ্রেক্কারির হাট বাজার"
নামক উপস্থানের ৩০৬ পৃষ্ঠায় নিদেশে তংরাজনিগের ব্যবহার সম্বন্ধে
বলেন—"ফ্রান্স কিম্বা ইটালি দেশের প্রভ্যেক নগরে দেখিতে পাইবে
যে, আমাদের দেশের সম্রান্ত লোকেরা আমাদের স্বভাব-সিদ্ধ সেই
ইতর ধরণের দান্তিকতা-পূর্ণ নবাবি চাল-চোল ও ভড়ং ভাড়ং দেখাইয়া
তত্রন্থ মিরীই সরাই-ওয়ালাদিগকে জুয়াচুরি করিয়া ফাঁকি দিতেছে—
বিশ্বাস-প্রবণ নাছি-অধ্যক্ষদিগের নিকট জাল চেক্ চালাইতেছে; গাড়ীওয়ালাদিগের গাড়ী, সাক্রাদিগের গয়না-পত্র, গোবেচারা পাছদিগের
সহিত তাস থেলিয়া তাহাদিগের পয়না কড়ি—এমন কি সাধারণ পুত্তকালয়ের পুত্তকগুলি আয়ুসাৎ করিতেছে।" এই সকল বিখ্যাত ইংরাজদেখকদিগের মুখেই ইংরাজ সমাজের পরিচয় পাওয়া গোলে। ইংরাজসমাজের বিষয় ইংরাজেরা যেরূপ ভাল করিয়া বলিতে পারেন সেরূপ
আমরা কথনই পারিব না—অতএব ইহার পর ইংরাজ-সমাজ সম্বন্ধে
আমাদের কিছু বলা গুইতা মাত্র।

এই ইংরাজ-সমাজের আদর্শ সভ্যতা আমাদের দেশে প্রবেশ করিরাছে। এক্ষণে আমাদের সাবধান হওয়া উচিত যেন তাহার প্রবল
স্বোতে আমাদের জাতীয় সদ্পুণ এবং আমাদের স্থনীতি-মূলক
আচার-ব্যবহারগুলি ভাসিয়া না যায়। যে সকল গুণ আমাদের জাতীয়
চরিত্রের অলঙ্কার-স্বরূপ, তাহা যেন আমরা এই মহা বিপ্লবের মধ্যে মত্ত্বপূর্বেক রক্ষা করি। ধর্মভাব, আস্মর্ম্যাদা-বোধ, আস্মেৎসর্গ, বিশ্বস্ততা,
মমতা, বন্ধুতা, ক্লতজ্ঞতা, দয়া দাক্ষিণ্য, বদান্ততা, পিতৃমাতৃ-ভক্তি,
এই সকলই হিন্দু-চরিত্রের বিশেষ গুণ। ইংরাজদিগের মধ্যে বাহারা
সত্য-প্রিয়, অপক্ষপাতী ও স্ক্রন্দী তাহারাও ইহা মূক্তকণ্ঠে স্বীকার
করেন।

এদিয়াটিক্ সোদাইটার ভূতপূর্দ্ধ সভাপতি কর্ণেল্ সাইক্স বলেন—
"দদভিমান ও আত্মর্যগাদা-বোধ হিন্দু-চরিত্রের একটা বিশেষ লক্ষণ।
১৭৬৪ খুঁইান্দে লাল-পল্টন্ নানক বন্ধায় দৈঞ্দল, যাহারা পলাদির ক্ষেত্রে যুদ্ধ করিয়াছিল, তাহারা বিদ্যোহা ইইয়া তাহাদিগের ইংরান্ধ্রনার করিয়াছিল, তাহারা বিদ্যোহা ইইয়া তাহাদিগের ইংরান্ধ্রনার করিয়াছিল করে। পরে তাহাদিগকে মুক্ত করিয়া চলিয়া যায়। তাহারা বলে যে, তাহাদিগকে যে পুরস্কার অন্ধানার করা ইইয়াছিল সেই অন্ধানার পালন না করাই তাহাদের বিজ্ঞোহের কারণ।
তৎপরে ইউরোপীয় নাবিক-দৈঞ্জল ও ট্রেয়ালিয়নের সিপাহী-পল্টন বিদ্যোহীদিগের অন্ধ্রনা করিয়া তাহাদিগকে ধৃত করিয়া আনে। সেনুাপতি মেন্ধর-মন্রো তাহাদিগের বধ-দণ্ডের আজ্ঞা প্রচার করেন। আটন্ধনন বিদ্যোহী সিপাহীকে কামানের মুখে বাঁধিয়া উড়াইয়া দেওয়া হয়।
তাহাদিগের মধ্যে গ্রেফ্রাভিয়র-নামক দীর্ঘকার দৈঞ্জলের তিন জন দৈনিক ছিল। তাহারা এই অন্ধরোণ করিল যেন তাহাদিগকে দক্ষিণ দিকস্থ কামানগুলিতে বন্ধন করা হয়। কেননা তাহারা বরাবর দক্ষিণ দিকে থাকিয়াই যুদ্ধ করিয়া আিম্যাছে। তাহারা বলিল ভাহাদিগের

শেষ অমুরোধটী এই—যেন তাহার। মরিবার সময়েও স্থকীয় মর্যাদা রক্ষা করিয়া মরিতে পারে। সেনাপতি তাহাদিগের এই অমুরোধ প্রাঞ্ করিলেন এবং সর্বাগ্রে তাহাদেরই প্রাণদণ্ড হইল।

क्लानतान जिल वरनन एग, ভরতপুর-হর্ল অবরোধের সময় ১৮০¢ খন্তাব্দে আমাদের সৈত্যেরা চারিবার ঐ হর্গ আক্রমণ করে, কিন্তু চারি-বারই তাড়িত হয়; পরে পঞ্চম আক্রমণের আজ্ঞা প্রচার হইল। এই সময় লর্ড-লেকের আর্দালি এক জন হাবেলদার সেই দিন ভাহার গৈয়-দলে যোগ দিবার জ্বন্স ল্রড-লেকের অনুমতি প্রার্থনা করিল। প্রথমে লর্ড-লেক তাহার আবেদন অগ্রাহ্ন করিয়াছিলেন—কিন্তু অত্যন্ত আগ্রহ প্রকাশ করার যাইতে অফুমতি দিলেন। সে বলিল—'যদি আমরা যুদ্ধে জয়লাভ করিতে না পারি তাহা হইলে সাহেব আমার মুখ থার কখনই দেখিতে পাটবেন না'—দেই দৈলদল ছগের প্রাকারে আরোহণ করিয়াছিল; কিন্তু ভাহাদিগের পৃষ্ঠ-রক্ষক কেহ না থাকায় হটিয়া যাইতে বাধা হয়। কিন্তু একমাত্র সেই হাবেলদার অটলভাবে দাঁডাইয়া রহিল। তাহার সঙ্গীগণ তাহাকে চলিয়া আসিবার জ্বন্ত কত অনুরোধ করিল—কিন্তু সে ঐ কথাতে কর্ণপাত্ত করিল না। তাহাদিগকে এই-মাত্র বলিল,—সামাকে কোথায় তোমরা ছাড়িয়া বাইতেছ ভাহা লর্ড লেককে বলিও; এট বলিয়া প্রাকারোপরি ভাটলভাবে দণ্ডায়মান হইয়া বন্দুক গাদিতে লাগিল—পরক্ষণেট বিপক্ষগণের গুলির **আঘাতে** নিহত হটল। (ব্রিগ্ সাহেবের পত্র ৪৫ পৃষ্ঠা)

লর্ড-লেক্ ভরতপুর-তুর্গ অনেকরার আক্রমণ করিয়াও ক্লতকার্য্য ইইতে না পারিয়া আর একবার আক্রমণ করিবার আদেশ প্রচার করি-লেন। তুর্গ-প্রাকার ভেদ করা অসাধ্য এই কথা বলিয়া ইউরোপীয় নৈজদল আক্রমণে অসমত ইটল—কিন্তু সিপাহী-নৈক্ত তুর্গ আক্রমণ করিবার অক্ত নির্গত ইটল। এ আক্রমণেও লর্ড-লেক ক্লতকার্য্য ইইলেন না। তিনি এইরূপ ঘোষণা প্রচার করিলেন,—'যদিও দিপাহী-দৈক্তেরা গত কল্যকার আক্রমণে দাহদ ও অধাবদায়ের জাজল্যমান পরিচর দিয়াছে এবং তিন-তিনবার হুর্গ-প্রাকারে ব্রিটিন্ পতাকা উড্ডীন কররাছে তথাপি ক্ষরণাতের পক্ষে যে সকল বাধা বিশ্ব আছে তাহা হুর্রতিক্রমণীয়।

এই অবস্থায় যখন সেনাপতি লেক্ পণায়নের আজ্ঞা দিলেন, তখন দিপাহীর। প্রথমতঃ কিছুতেই সম্মত হটল না—তাহারা পুনঃ পুনঃ বলিতে লাগিল—"হয় এট স্থান আমরা অধিকার কেরিব নয় মরিব।" এই প্রতিজ্ঞান্ত্যারেই তাহারা কার্য্য করিল—তাহাদিগের মধ্যে অর্কেকেরও অধিক ঐ যুদ্ধে আহত ও নিহত হটল। সেনানায়কগণ পুনঃ পুনঃ পলায়নের আজ্ঞা প্রচার করায় তবে অবশিপ্ত দিপাহী-দৈল্ল পলায়নে স্বীষ্কৃত হটল। পৃথিবীর মধ্যে কি কোনও দৈল্ল-দল কোন কালে স্বীয় মধ্যাদা রক্ষার্থ এই দিপাহী-দৈল্ল অপেক্ষা অধিক মহত্ত্বের।পরিচয় দিয়াছে ?

রাজপুতদিগের মধ্যে তো দেখা যায় তাহারা প্রাণান্তেও শক্রহন্তে আত্ম-সমর্পণ করে না। যথন নিতান্ত নিরূপায় হয়, তথন অসি-হস্তে শক্রগণকে প্রচণ্ড বেগে আক্রমণ করে এবং তাহাদের মধ্যে একজনও জীবিত থাকিতে পরাস্থুখ হয় না। রাজপুত-রাজ্যের সহিত মুসলমান-দিগের যুদ্ধে তো ইহার ভূরি ভূরি দৃষ্টান্ত দেখা গিয়াছে। এইরূপ একটা ঘটনা আমার নিজ জ্ঞানে ঘটিয়াছিল। গাইকবাড়ের করদ, কাটেওয়ার অঞ্চলের চইয়া-প্রদেশের রাজপুত-অধিপতি প্রকাশারূপে বিজ্ঞোহী হয়। গাইকবাড়ের সহিত ইংরাজেরা যে সন্ধি-স্ত্তে আবদ্ধ ছিল তাহারই নির্মান্ত্রারে বিজ্ঞোহী রাজপুতকে বল্লারা বশীভূত করিবার জন্তু গাইকবাড়ে ইংরাজনিগকে অন্বরোধ করেন। এই হেতু ১৮১২ পৃষ্টান্কে ইংরাজনগণ রাজার হুর্গ অবরোধ করিল এবং শীজ্ঞই কামানের গোলার হুর্গ-প্রাক্ষার ভেদ করিল। হুর্গ মধ্যে প্রবেশ করিবার পূর্বেশ—ইংরাজ-গৈন্ত

রাজাকে আত্ম-সমর্পণ করিবার জন্ম অমুরোধ করিল, কিন্তু রাজা ও হুর্গস্থ দৈত্তেরা আপন আপন স্ত্রীপুত্রগণকে বধ করিয়া তাহাদিগের মৃতদেহ কৃপমধ্যে নিক্ষেপ করিল এবং তাহাদের উষ্ণাষ দূরে ছুঁড়িয়া ফেলিয়া এবং মস্তকের শিখা আলুলায়িত করিয়া অসি-হস্তে হুর্গ হইতে নির্গত হওত ইংরাজ্ঞদিগকে আক্রমণ করিল। ভয়ানক গোলযোগ উপস্থিত হুইল। একটা রাজপুতও জাবিত রহিল না –পরে ইংরাজগণ হুর্গমধ্যে প্রবেশ করিল। দেখানে গিয়া ভয়ন্ধর দুখ্য হাহাদের দৃষ্টিপথে পতিত হইল। স্ত্রীলোক ও শিশুদিগের দেহ তথন কৃপমধা হইতে উত্তোলন করা হই-রাছে, কিন্তু কেহট জীবিত নাট। তাহার মধ্যে কেবল রাণী মুমুর্ষ অবস্থায় ছিলেন। উাহার পায়ে একগাছি বৃহৎ সোনার-মল ছিল। যে দৈলাধাক তাঁহাকে প্রথম দেখিতে পান, তিনি তাঁহাকে নিরাপদ মনে করিয়া অন্তান্ত কুপ দেখিবার জন্ত গ্রন করেন। সেখান হইতে প্রত্যা-গমন করিয়া দেখেন যে রাণীও গতাস্ত হতয়াছেন—তাঁহার যে পায়ে মল ছিল দে পাও নাই, দে মলও নাই। দৈতাবাক এই নিষ্ঠুর বাবহারে অতাস্ত ক্রুৱ হুইয়া, অপ্রাধাকে যে কেহু গুতু করিতে পারিবে ভাহাকে পুরস্কার দিবেন এইরূপ ঘোষণা করিলেন। কিছুকাল পরে কাটেওয়ার প্রদেশে নবনগর বথন আক্রমণ করা হয় তথন তুর্গন্ত বিপক্ষ দৈয়গুর্গ আত্মসমর্পণ করিবরে পূর্ব্বে দে শেষ কামান ছুঁড়িয়াছিল সেই কামানের গোলায় আনাদের একজন গোলনাচ্চ নিহত হয়—আমাদের আর একজন গোলনাজ অমনি বলিয়া উঠে—'চইয়াতে ঐ ব্যক্তি যেমন রাণীর পা কাটিয়াছিল তেমনি তাহার ফল ফলিয়াছে।' ইহাকেই কি ধর্মের বিচার বলে না ?

১৮১০ খ্রাবেদ কর্ণেল আড়াম্দের অধীন এক দল দৈগু ভাগলথও প্রাদেশে এন্তরি-তুর্গ আক্রমণ করে,—তুর্গস্থ বিপক্ষ দৈগুর্গণ প্রাণপণে তাহার প্রতিরোধ করে। একজন উপস্থিত দৈগুলাগাক্ষ বলেন—তুর্গমধ্যে ১৫০ জন মাত্র সৈন্ত ছিল; গোলার আঘাতে হুর্গ-প্রাকারে যে রক্ক হইয়াছিল, সেই রক্কদেশ রক্ষা করত চারি ঘণ্টা কালেরও অধিক তাহারা ব্যাছের আয় যুদ্ধ করিয়াছিল। যথন প্রায় সমস্ত স্থানটা ইংরাজ-কর্তৃক অধিকত হইল, তথন তাহারা হুর্গের নানা স্থলে অগ্নি আলাইয়া দিয়া সমস্ত স্থানটাকে একটা বিশাল অগ্নিক্ষেত্রে পরিণত করিল। এই অগ্নিরাশির মধ্যে তাহারা যুদ্ধ করিতে লাগিল এবং যখন রক্ষার আর কোন উপায় নাই, তখন হুগপ্তি পাছে শক্রহন্তে পতিত হয়েন এই আশস্কায়-স্বীয় মর্য্যাদা রক্ষার্থ বারুদে অগ্নি সংবাগ করিয়া স্বীয় দেহকে গগন-মার্গে উড়াইয়া দিলেন।

আত্মোৎসর্গ ও প্রভুভক্তি হিন্দুদিগের চরিত্র-গত আর একটা প্রধান লক্ষণ।

অম্ সাহেব তাঁহার ভারতবর্ষীয় ইতিবৃত্তে ক্লাইব কর্তৃক আর্কটি সংরক্ষণের বর্ণনাকালে যে ছইটী গল্পের উল্লেখ করিয়াছেন তাহা হিন্দু চরিত্রের মহন্ব প্রতিপাদান করে। একবার শত্রুগণ-কর্তৃক এই ছুর্গ আক্রনণ-সময়ে তাহাদিগের সেনাপতি ছুর্গের পরিখার মধ্যে পড়িয়া যায়। ঐ ব্যক্তি আক্রমণ-কালে অসাধারণ বাঁরত্ব প্রকাশ করে, এই হেতৃ তাহার অধীনস্থ গৈন্তেরা তাহার এরপ অন্বক্ত হইয়াছিল যে তাহাদের মধ্যে একজ্বন ৪০টা বন্দুকের গুলি-বৃষ্টির মুখে, পরিখায় নাবিয়া তাহাকে তুলিয়া আনে।

আর একটা ঘটনাও মর্মাপুক্। এই আর্কট-ছর্গ ৫০ দিন পর্যাপ্ত
অবক্ষদাবস্থার থাকে— ছর্গাভাস্তরত্ব ইউরোপীর ও এতদ্দেশীর সৈত্তগণের অল্লাভাবে ভরানক কন্ত উপস্থিত হইরাছিল। অর্ম্ বলেন,
'আমি এই প্রসিদ্ধ অবরোধের ইতিবৃত্তে এমনি একটা বিশ্বাস-যোগ্য
ঘটনার উল্লেখ করিতে পারি, যাহাতে হিন্দু-চরিত্রের বিলক্ষণ
পরিচয় পাওয়া যায়। এই অবরোধের সময় আহার্যা দ্রব্যের এত

জনাটন হটয়া পড়ে যে, সকলের আশঙ্কা ইইয়াছিল পাছে ছর্জিক-প্রশীড়িত হইয়া শত্রুহস্তে আত্মসমর্পণ করিতে হয়। এই সময়ে সিপাহীরা ক্লাইবকে বলিল "আমরা ফেন থাইয়াই থাকিতে পারিব—ইংরাজ্বদির্গের জ্বস্তু ভাত দরকার।" সিপাহীরা অনেক স্থলে জ্বাত্তি-গত স্বার্থপরতা পরিকাগ পূর্বক ইউরোপীয়গণের সহিত ভাতৃভাবে সম্মিলিত হইয়া কতবার ভারতবর্ষীয় ইতিহাসের পৃষ্ঠা সমুজ্জন করিয়াছে! জ্বেলালাবাদে সাহসী সেনাপতি সেলের অদীন ছর্গাভান্তরস্থ কোম্পানির সৈক্তর্গণ যথন অবক্রদ্ধ অবস্থায় অনাহারে কন্ত পাইতেছিল, তথন তাহারা মধ্যে মধ্যে ছর্গ ইইতে বলপূর্বক নির্গত হইয়া, পার্শবর্ত্তী পর্বতে যে সকল মেষ্চরিত তাহাদিগকে ধরিয়া আনিত। ইহার মধ্যে কতকগুলি, সিপাহীদিরের অংশে পড়ে—কিন্ত ভাহারা সর্ব্ব-শ্লাঘ্য আত্মোৎসর্বের পরিচর্ক দিরা বলিল, "আমাদের জীবন ধারণের জন্তু মাংস নিতান্ত আবশ্রুক নহে—মাংসাহার আমাদের অভ্যাসও নহে, অত্রবে ষেপ্তলি আমাদের অংশে পড়িয়াছে সে সকল ইউরোপীয়গণকেই দেওয়া হউক।"

টিপু স্থলতান বেড্নোর অধিকার করিলে ইংরাজ দেনাপতি মাাথুস সদৈক্তে তাঁহাব হস্তে আত্মসমর্পন করিলেন। এই সময় টিপু নিজে সৈন্ত-দলে প্রবিষ্ট করিবার জন্ত সিপাহীদিগকে অনেক প্রলোভন দেখান—কিন্তু কিছুভেই ক্লতকার্যা হইতে পারেন নাই। সিপাহী-দিগকে ইউরোপীর বন্দিগন হইতে পৃথক্ করিয়া রাখা হইয়াছিল— তাহাদের মধ্যে বৃহৎ বৃহৎ পুক্ষিণী প্রভৃতি তুর্লভ্যা ব্যবধান ছিল। কিন্তু একজন বন্দী ইংরাজ-সেনানায়ক পরে প্রকাশ করে যে, প্রতি রাত্রে সিপাহীর। এই সকল বাধা বিদ্ধ অতিক্রম করিয়া, ক্রোশ-ব্যাপী পুক্রিণী সকল সম্ভরণ পূর্বাক, সতর্ক-রক্ষকদিগের চক্ষু এড়াইয়া, টিপু-স্থলতানের নিকট হইতে যৎসামান্ত যে খোরাকি-পয়সা পাইত তাহার মধ্যে ধাহা কিছু বাঁচাইতে পারিয়াছিল তাহা সঙ্গে লইয়া, ইউরোপীয় বন্দিগণের শিবিরে উপস্থিত হইয়। তাহাদিগকে উপহার প্রদান করে।
তাহারা ইংরাজ-সৈম্প্রগণকে বলে—"আমরা যা-তা থাইয়াই জীবন ধারণ
করিতে পারি—কিন্তু তোমাদিগের মাংস আবশ্রক।"

মালিকম্ দিপাহীদিগের সম্বন্ধে আর একটা গল্প বলেন।
দান্ধিণাত্যে নিজামের দৈস্তগণ একটা গ্রাম লুঠ করে এবং গ্রামবাদিগণ
আনাহারে মৃতপ্রায় হয়। ম্যালক্ষ্ তাঁহার দিপাহী-দৈস্তদলের কতকশুলিকে রক্ষক-স্বন্ধপ ঐ গ্রামে প্রেরণ করেন—ঐ দিপাহীরা আপনাদিগের আহার্যা চাউল হউতে কিছু কিছু বাঁচাইয়া অনাহারী গ্রামবাদীদিগকে বিতরণ করে।

১৮০৩ খুষ্টাব্দে লাসোয়ারি যুদ্ধের পর সৈন্তগণের মধ্যে আহত ও পীড়িতের সংখ্যা এত অধিক হটয়াছিল যে, হাঁস্পাতালের দ্বারা আর কোন সাহায্য হটবার সম্ভাবনা ছিল না। এই অবস্থায় সেনাপতি এই আহত ও পীড়িতদিগকে বহন করিয়া লইয়া ঘাটতে সিপাহীদিগকে অনুরোধ করিলেন। সিপাহীয়া প্রাকুলচিত্তে এই অনুরোধ রক্ষা করে।

১৮০৪ খৃষ্টাব্দে সেনাপতি মন্সন্ যথন হোল্কারের সহিত যুদ্ধে পরাভূত হইয়া সদৈত্যে পলায়ন করিতেছিলেন, তখন হোলকার ইংরাজ্বদিগকে পরিতাগি করিয়া তাঁহার পক্ষ অবলম্বন করিবার জ্বস্তু সিপাহীদিগকে বলিয়া পাঠান। সিপাহীরা যদিও সেই সময় ভয়ানক ক্ষু সহ্ম করিতেছিল এবং হোলকারও তাহাদিগকে অনেক ভয় প্রদর্শন করিয়াছিল, তথাপি তাহারা ইংরাজের লবণ খাইয়াছে বলিয়া ইংরাজাদিগের পক্ষ কিছুতেই পরিত্যাগ করে নাই।

১৮১৭ খৃঃ কির্কির যুদ্ধে আমার অধীনে যে সৈন্তদল ছিল, পেবোয়ার চরেরা ভাহাদিগকে ধনদারা বশীভূত করিবার অনেক চেষ্টা করিয়াছিল। কিন্তু তৎক্ষণাৎ সিপাহীরা সেই সর কথা আমার নিকট বলিয়া দেয়। আমার বন্ধুর নিকট হইতে একটা পত্র পাই, তাহার প্রতিলিপি নিমে প্রকাশ করিতেছি—

আমি সেপ্টেম্বরের প্রারম্ভেই বোম্বার্ট নগরে উপনীত হই এবং ঐ মাদের শেষে আমার অধীন দৈক্তদল পার্ভ দেশ হইতে প্রত্যাবৃত্ত হয়। তাহাদের অবিশ্বস্ততা সম্বন্ধে পূর্ব্বে অনেক জনরব উঠিয়াছিল— কিন্তু আমি আনন্দের সহিত বলিতেছি তাহারা যেরূপ সাহস ও সদা-চারের পরিচয় দিয়াছে ভদ্ধারা ভাষাদের বিশ্বস্তৃতা বিশেষক্রপে সপ্রমাণ হইয়াছে। এমন কি মৃত সর্ ধেন্রি হাবেলক্ এই ২৬ সংখাক বোম্বাই সিপাহী **দৈ**ভাদিগকে ভুয়োভূয় প্রশংসা করেন। * * * দাক্ষিণাতা ও খানদেশ প্রদেশে যখন ভীলাদিগের মধ্যে বিদ্রোহ উপস্থিত হয়, তথন এই সৈতাদল তাহাদিগের বিরুদ্ধে যাত্রা করে। এই প্রদেশটা এরপ পর্বতময়, জঙ্গলে পরিপূর্ণ ও খালখনে বিভক্ত, যে এখানে ভীলদিগের সহিত আঁটিয়া উঠা ভার-কিন্ত এই সিপাহী-দৈক্তদল তাহাদিগকে পদে পদে পরাভূত করে। ইহারা ইংরাজ-সেনানায়কদিগকে নিরাপদে রাথিবার জন্ম কত্ত আগ্রহ প্রকাশ করে; যথন আমার পার্ম ঘেঁষিয়া গোলাগুলি ছুটিতেছিল, তথন একজন ব্রাহ্মণ-সিপাহী আমাকে আপনার শরীরের অন্তরালে রাখিবার চেষ্টা করিতেছিল। আর এক সময় একজন মহারাষ্ট্রীয় দৈনিক, ভাহার কাপ্তেনের প্রতি বিপক্ষের একজন বন্দুক লক্ষ্য করিতেছে দেখিতে পাইয়া ওৎক্ষণাৎ তাহার সমুখে আসিয়া দাঁড়াইল—এবং সেইখানে দাঁড়াইবা মাত সেই বন্দুকের গুলি কাপ্তেনের গায়ে না লাগিয়া তাহার শরীরে প্রবেশ कविल।

এইরপ বিশ্বস্ততার ভূরি ভূরি দৃষ্টাস্ত দেওয়া যাইতে পারে।
বাজি-বিশেষের প্রতি অনুরাগ ও ক্বতজ্ঞতা হিন্দু-চরিত্রের আর একটা
লক্ষণ।

মেজর ফলেট্ ২৫ সংখ্যক বোশ্বাই সিপাহি সৈতাদলের নেতাঁ হইয়া আমেদনগর হইতে আদীরগড়ে যাত্রাকালীন ওলাউঠা রোগে আক্রাস্ত হইয়া মৃত্য-মুখে পতিত হয়েন। মেজর ফলেট যদিও একজন কঠোর নিয়ন্তা ছিলেন, কিন্তা তিনি উচ্চার অথও গ্রায়পরতা-নিবন্ধন সৈক্সগণের এতদুর অনুরাগভাজন হইয়াছিলেন দে, রাজপুত ও ব্রাহ্মণ-দৈনিকেরা তাহাদিগের জাতীয় নিয়ম অগ্রাহ্ম করিয়া তাহাদিগের সেনাপতির মৃতদেহ ডুলি হটনে নামাইয়া গোরের মধ্যে স্থাপন করে এবং তাহারা নিজে গোরমধ্যে অবতরণ করিয়া ঐ মৃত শরীরকে তন্মধ্যে উত্তমরূপে প্রদারিত করিয়া তাহার উপর মাট চাপা দেয়। যদিও এই মৃত ফ্রেচ্ছদেহস্পর্শে তাহারা আপনাদিগকে অপবিত্র মনে করিয়া পরে তাহার যথোচিত প্রায়শ্চিত্ত করিতে বাধ্য হয়, তথাপি জাতীয় সংস্কারের অহুরোধে তাহাদিগের মৃত কাপ্তেনের সৎকার করিতে কিছুমাত্র জ্ঞাট করে নাই। সেই দিন অপরাত্তে কতকগুলি ইংরাজ-সেনা-নায়ক সেই স্মাধি-স্থলে শিলা-খণ্ড সংগ্রহ করিয়া রাখিতেছে দেখিয়া সিপাহীরা-তাহাদিগের শিধির হুইতে বেগে নিগত হুইয়া একটা ক্ষুদ্র স্মরণ-স্তম্ভ-নিশাণ-কার্য্যে ইংরাজ দৈগ্রদেগকে যথেষ্ট সাহাব্য করিল।

১৮৫০ খৃষ্টাব্দে দেনানায়ক সিতোয়েল কোহাটের নিকটে যুদ্ধে হত হইলে তাঁহার অধীনস্থ সিপাহীরা তাঁহার মৃত শরীর উদ্ধার করিয়া আনিবার অক্ত অকুন্ধচিত্তে স্বকীয় জীবন উৎসর্গ করে।

আমি যথন গভর্ণমেণ্ট-কর্ত্ব ষ্ট্যাটিষ্টিক্যাল রিপোর্টারের পদে নিরোজিত হইয়াছিলাম তথন প্রায় বৎসরের মধ্যে আট মাদ আমাকে শিবিরে শিবিরে জীবন্যাত্রা নির্বাহ করিতে ছইত।

১৮৩০ খুষ্টান্দে মার্চ মানে একটা ব্যাঘ্র ছইজন ক্নুষককে দম্ভাঘাতে ক্ষত বিক্ষত করে; এই সাজ্বাতিক অবস্থায় তাহারা আমার শিবিরে জানীত হয়। আমি তাহাদিগের, ক্ষতস্থানে প্রতিদিন ঔষধাদি

দিতাম। পরে তাহারা সম্পূর্ণরূপে আরোগ্যলাভ করিলে তাহাদিগকে তাহাদের প্রামে পাঠাইয়। দিলাম। আর যে কখন তাহাদিগের সহিত আমার সাক্ষাৎ হইবে এরপ মনেও করি নাই। মে মাসের শেষে আমি পুণা-অঞ্চলাভিমুখে যাত্রা করিতেছি এমন সময়ে দেখিয়া আশ্চর্যা হইলাম যে সেই তুইজন কৃষক পথপ্রাপ্তে দাঁড়াইয়া আছে। তাহারা আমার গতিবিধির সন্ধান লইয়া ৫ ক্রোশ পথ অতিক্রম করিয়া কতকগুলি পাত্রে মধু, টাট্কা মাখন ও ত্র্যা—অক্ত্রিম ক্রুভজ্ঞতার উপহার-স্কর্প আমার নিকট লইয়া আসিয়াছে।

উপচিকীর্ষা হিন্দচরিত্রের আর একটি লক্ষণ। গত সিপাহী-বিজেহের মধ্যেও বে উপ্চিকার্ষার দৃষ্টান্ত পাওয়া যায় ইহা অল আশ্চর্যোর বিষয় নতে: বংকালে গোয়ালিয়ারে সিদ্ধিরা-সৈত্ত-দলের মধ্যে বিজোহাগ্নি প্রজ্লিত হয়, তথন লেফ্টেনেণ্ট,…সত্তর অংখ আরোহণপুর্বক কাওয়াদের স্থানে যেমন উপস্থিত হুইবেন অমনি সিপাহিদল হইতে গুলি বর্ষণ হইল—জাঁহার অস্ব হত হইল এবং চারিজন দিপাহী দৌডিয়া আদিয়া তাঁহাকে বন্দী করিল। পরে তাহারা উাহাকে ছাউনির বাহিরে লটিয়া নদী পার হটয়া একটা কম্বল দিয়া বলিল "যাও, জীবন লইয়া আগ্রাভিমুখে পলাও।" কিন্তু তিনি তাঁহার স্ত্রীকে রোগ-শবারে পশ্চাতে কেলিয়া আগিয়াছিলেন-স্ত্রীকে ছাড়িয়া গুটতে কিছুতেই স্বীকৃত হইলেন না। উহার মধ্যে ছইজন দিপাহি বলিল "আছা, আমরা তোনার স্ত্রীকে এখানে আনিয়া দিতেছি,'' এই বলিয়া তাহারা প্রস্থান করিল। কিয়ৎকাল পরে সেই রোগরিষ্টা স্ত্রীলোকটীকে তাহারা সঙ্গে করিয়া তথায় উপস্থিত হইল। কিন্তু তিনি তাঁহার রুগা স্ত্রীকে কি করিয়া লইয়া যাইবেন উপায় স্থির করিতে না পারিয়া তাহাদিগকে বলিলেন, আমাদের হৃজনকেই গুলি কর। কিন্তু গুলি করা দুরে থাকুক, তাহারা ক**ম্বলের শ**ব্যা **প্রন্ত**ভ করিয়া তাহার উপর রুগা স্ত্রীলোককে গুয়াইয়া, বন্দুকে ঐ কম্বলের শ্যা ঝুলাইয়া কোন নিরাপদ স্থানে উাহাদিগকে পৌছাইয়া দিল।

কোন বন্ধুর পত্র হইতে নিম্নলিখিতটা উদ্ধৃত করিতেছি--

গত দিপাহী বিজ্ঞোহের গোল্যোগের বিষয় স্মরণ করিবার সময় পঞ্চবিংশতি সিপাহী-দৈক্তদলের মহতের প্রশংসা না করিয়া ক্ষান্ত থাকা যায় না। ২৩ শে তারিখের যুদ্ধে ঐ দৈক্তদলের অত্যন্ত কট হইয়াছিল। তাহারা সর্বপ্রকার আঘাতে আহত হটয়া যুদ্ধক্ষেত্রের হাঁম্পাতালে গমন করে। তাহাদিগের হস্তপদ বৃহৎ গোলার আবাতে চুর্ণবিচুর্ণ হটয়া যার। শরীরের অঙ্গ প্রতাঙ্গ বন্দুকের গুলিম্বারা বিদ্ধান্ধবিদ্ধ হয় এবং শরীরের মাংসেও সাজ্যাতিক আঘাত লাগে। এই সকল লোক আহত হইয়া প্রথর সূর্যোত্রাপে কেহ বা ওইয়া, কেহ বা বসিয়া কল্পনা-তীত অসহা যম্বণা সহা করিতেছিল এবং অম্লান বদনে দেখিতেছিল যে, তাহাদের পূর্বের যে দকল আহত ব্যাক্ত হাঁদপাতালে আদিয়াছে তাহা-দিগকে লইয়াই অন্ত্র-চিকিৎসকেরা বাস্ত আছেন। এই দৃ**শুটি কেমন** মহত্বপূর্ণ! -- তাহারা সকলে এইরূপ বলিতেছে যে "আমাদের কষ্ট কিলের ? আমরা অনেক দিন সরকারের লবণ থাইয়াছি-আমরা মরিলে কি ক্ষতি ? আমরা ভাল কাজ করিয়াছি—আমরা মরিলে সরকার অবশ্র আমাদিগের পরিবারের ভরণ পোষণের ভার গ্রহণ করিবেন। " এক জনের ক্ষান্তি-সন্ধি হইতে অজঅ ধারে রক্ত নির্গত হইতেছিল—রলাধানের জন্ম তাহাকে জল-মিশ্রিত ব্রাণ্ডি প্রদত্ত হয় কিন্তু তাহার পার্শ্বে আর একজন যন্ত্রণায় গোঙরাইতেছিল; পূর্ব্বোক্ত ব্যক্তি উদারতার পরিচয় দিয়া বলিল—"আগে আমার ভাইকে দাও।"—তৎপরে সে তাহা পান করিয়া বলিল "আমি আহত হইয়াছি তাহাতে ক্ষতি নাই, কারণ আমি জানি সরকার আমাকে ভুলিবেন না।" অন্ত্রচিকিৎসক সেই আহত ব্যক্তিগণের মধ্যে কাহারও কাহারও অঙ্গ ছেদনে প্রবৃত্ত হইলে তাহারা

বীরোচিত দৈর্ঘা-সহকারে তাহা সহু করিল। ক্লোরোফরম্ দিয়া তাহাদিগকে অচেতন করা হয় নাই, অথচ যথন সেই ভয়ানক ছুরিকা তাহাদের শরীর হইতে কোন অঙ্গ-বিশেষ বিচ্ছিন্ন করিতেছিল, তথন তাহাদিগের মুখ হইতে একটি হা-ছতাশও নির্গত হয় নাই। তাহারা বুদ্ধের
সময় যেরূপ ধীর সাহ্মী ও নির্ভীক, সেইরূপ অস্ত্রচিকিৎসকের বিষম
সম্ভ্রণাজনক অস্ত্রাঘাতেও তাহারা দৈর্ঘা, দৃঢ়তা ও চিত্তপ্রসাদের বিলক্ষণ

হল্ট মাকেন্জি একটি আশ্চর্যা ঘটনার কথা আমার নিকট উল্লেখ করেন। কোন দাঙ্গায় ছই ল্রা তা দগুনীয় হয়; ইহার মধ্যে একজনের অতি সামান্ত দগু হয়— আর একজনের প্রাণদণ্ডের আজা হয়। যাহার প্রাণদণ্ডের আদেশ হটরাছিল তাহাকে রক্ষা করিবার জন্ত অপর লাতা তাহার নামে পরিচয় দিয়া অয়ং কাশিকার্ছে আরোহণ করিবার চেষ্টা করে।

ম্যাকেনজি বলেন, ইংলভের নিউগেট কারাগারের ইতির্তে বোধ হয় সদৃশ ঘটনা কদাপি দৃষ্ট হয় না।

বদান্ত তা হিন্দুচরিত্রের আর একটি লক্ষণ। ভারতবর্ষে (Poor Law) অর্থাৎ দারিদ্রা নিবারণের জন্ত কোন বিশেষ রাজ-বিধি নাই,—কোন কালে ছিলও না। এদেশে কেহ কথন বাধা হইয়া ক্ষ্বিতকে অর ও উলঙ্গকে ব্রে দান করে নাই। ভূমি মতই ফলবতী হউক না কেন—লোকসমাজের মতই উন্নত অবস্থা হউক না কেন—বিংশতি কোটি লোকের মধ্যে দীন দরিদ্র থাকিবেত থাকিবে। বিশেষতঃ ভারতবর্ষ মেরূপ ছর্জিক মহামারী ও অশেষ মুদ্ধবিপ্লবের রঙ্গভূমি, তাহাতে এথানে দরিদ্রের সংখ্যা তো আরও অধিক হইবারত কথা। তথাপি এখানে যে দারিদ্রাক্ষি নিবারণ ইউতেছে তাহার একমাত্র কারণ এই যে, হিন্দু-সমাজের প্রত্যেক শ্রেণীর মধ্যে উপদেশ ও দৃষ্টান্ত ছারা দানশীলতা একেবারে বজ্ব-

মূল হইয়া গিয়াছে। খুষ্ট জন্মিবার ছয় শতাকী পুর্বের বৌদ্ধর্মের প্রথম অধিষ্ঠান হইতে আৰহমান কাল পৰ্যাস্ত—বৌদ্ধ পুরোহিতেরা কমগুল-হস্তে ভিক্ষার জ্বন্স দ্বারে পরিভ্রমণ করিয়া থাকে । ইউরোপে ভিথারীগণকে যেরপ কঠোর অর্দ্ধ-চক্র থাইতে হয় ভারতবর্ষে সেরপ নহে। এখানে ভিথারীগণের যাক্ষা নিক্ষল হয় না; তাহারা বিশ্বস্ত চিত্রে ভিক্ষা করে— তাহারা বিলক্ষণ জ্ঞানে যে এখানে লোকেরা ধর্মের জ্ঞাই দান করে। সর জন মাালকম বলেন, প্রাসিদ্ধ আলা-বাইয়ের বদান্ততা এতদুর ছিল যে তিনি হোলকার রাজ্যের অনেক স্থানে যে কেবল নিজ হত্তে প্রতিদিন দরিদ্রগণকে দান করিতেন এমত নহে, তিনি পথ-প্রান্তে ত্রিত পথিক-দিগের জন্ম অসংখ্য জল্ভত ও সর্বাই নির্মাণ করিয়া দিয়াভিলেন। উহোর উপচিকীর্ষা মনুষা জাতিতে বদ্ধ ছিল না। বে সকল পক্ষিগণকে ক্লয়কেরা নিজ নিজ ক্ষেত্র ২ইতে তাডাইয়া দিত, তাহাদিগের জ্বন্স তিনি স্বতন্ত্র শস্ত্রময় ক্ষেত্র সকল উন্মুক্ত রাখিতেন। এইরূপ পশুদিগের প্রতি দয়াভাব যে শুধু পক্ষী-জাতিতে বদ্ধ এমত নহে, যাঁহারা ভারতবর্ষে আসিয়াছেন তাঁহারা অবশ্র দেখিয়া থাকিবেন—ধর্মের মাঁড সকল নগরের পথে ঘাটে মুক্তভাবে বিচরণ করিতেছে এবং অবাবে পথপ্রাস্ত-স্থিত দোকানদারের শশু-পূর্ণ চাঙ্গারি মধ্যে মুখ দিতেছে--দোকান-দারগণ তাহাদিগকে প্রহার না করিয়া শুধু ধমকাইয়া তাড়াইয়া দিতেছে। * * *। পুক্রিণী, সরাই, জলছতা, অন্নছত্র প্রভৃতি জনহিত-কারী সাধারণ কার্য্যে কত লোকে কত বায় স্বীকার করিতেছে, তাহার অসংখ্য দৃষ্টান্ত দেওয়া যাইতে পারে।

পিতানাতা ও আত্মীয় কুটুম্বদিগের প্রতি অনুরাগ হিন্দুচরিত্রের আর একটি প্রধান লক্ষণ।

>৭৯৬-৯৭ খৃষ্টাব্দে বঙ্গদেশ হইতে একদল সিপাহী-দৈশ্য হায়ন্তাবাদে প্রেরিত হয়। তাহারা তাহাদিগের বেতন হইতে কিয়দংশ টাকা লইয়া ত্রীপরিবারগণকে দিবার জ্বন্থ নানাবিধ ব্যবস্থা করিয়া যায়। কাণ্ডেন
উইলিয়াম্ন্ বলেন যে, এ বিষয়ে তাহাদিগের চরিত্র ও আচরণ আদর্শস্বরূপ বলা ঘাইতে পারে। তাহারা কেবল যে স্বীয় স্ত্রীপুত্রগণকেই
তাহাদিগের আয়ের অধিকাংশ দেয় এরপ নহে; তাহাদিগকে তো
দিতেই হইবে। * কিন্তু তাহাদিগের মধ্যে অনেকে স্বীয় বৃদ্ধ পিতামাতা ও
দরিত্র আয়ীয় স্ক্রনকেও স্বেক্টাপুর্কক প্রকুল্লচিত্তে সাহায়া করে। তাহারা
পিতামাতা আত্মীয় স্ক্রনকে এত অধিক দান করে যে, বিদেশ-যাত্রাকালে
পাছে তাহারা নিজে অর্গাভাবে কট পায় এই জ্ব্রু গভর্ণমেন্টকে সময়ে
সময়ে তাহাদের আয়-ব্যরে হস্তক্ষেপ করিতে হয়। বঙ্গদেশ, বোদাই,
মাজাজ, এই তিন স্থানের সৈন্তর্গণের মধ্যেই এইরূপ সন্ধাবহার লক্ষিত
হয়।

শিষ্টাচার হিন্দু-চরিত্রের আর একটা প্রধান লক্ষণ। সর্জন ম্যালকম বলেন—ভারতবর্ষীয়গণ সকল জাতি অপেক্ষা অধিক শিষ্টাচারী। তাঁহারা প্রায় কথনই শিষ্টাচারের বাতিক্রন করে না। তাহাদিগের সহিত্ত সাক্ষাৎ করিতে গিয়া প্রথমেই কাজ-কন্মের প্রসঙ্গ উপস্থিত করা শিষ্টাচার-বিক্ষ। পরিবারস্থ স্ত্রীলোকদিগের বিষয়, আভিজ্ঞাতা বা বাক্তিগত কোন বিশেষ অভ্যাস বা রীতি-নীতির কথা ভদ্রের সহিত কথোপ-কথনে উপস্থিত করিতে নাই; পরিক্রের বা কোন কুটুন্থের মুখন্দ্রী লইয়া কোন কথা বলা রাঢ়তা বলিয়া প্রসিদ্ধ। নিজের সন্মুখ্যে অলঙ্কার, অশ্ব, হস্ত্রী, প্রভৃতি বান বাহনের প্রশংশা করিলে বক্তাকে নম্রভাবে নিরস্ত করিয়া দেওরা একটি শিষ্টাচারের নির্মা। কিন্তু আমাদের মধ্য

^{*} প্রধান দেনাপতি সর্ চার্লদ নেপিয়রের কালে কোন্ দৈনিক পুরুষ ভাহার বিলাতত্ত নতাকে আপনার বেতনের কিয়দংশ প্রতিনাদে প্রেরণ করাতে প্রধান দেনাপতি এই আচরণ অনুকরণ-যোগ্য বলিয়া সাধারণ-দৈক্ত-সন্মাপে ঘোষণা করিয়া দিরাছিলেন। কিন্তু এরূপ আচরণ ভারতবর্ষীয়দিগের সম্বব্ধে আশ্চর্যের বিষয় নহে।

অনেকেই জ্বানেন আমরা কেমন উদারতা সহকারে এতদ্দেশীয়দিগের প্রতি 'নিগর' এই ঘুণা-বাঞ্জক শব্দটি অকাতরে প্রয়োগ করিয়া থাকি।

প্রসিদ্ধ পার্দি পোত-নির্মাতা জামদেটজি এই নিগর-শব্দ-প্রয়োগ লইয়া একটি যে তীত্র শ্লেষ-পূর্ণ উত্তর দিয়াছিলেন, জেনেরাল ত্রিগদ তাহার উল্লেখ করেন। জামদেটজি একজন সামান্ত ছুতার মিস্তা হুইতে পোত-নিশ্বাতার পদে আরোহণ করেন। তিনি একমাত্র দেশীর্দিগের কারিক শ্রমের সাহায্যে রয়াল-নেভির জন্ম একটি জাহাজ নিশাণ করিয়াছিলেন। ঐ জাহাজ ভাসাইবার যোগা হইলে, তিনি প্রাদেশিক শাসনকর্ত্তা ও তাঁহার অনুচরগণ এবং নৌ-বিভাগের কর্মচারি-গণকে নিমন্ত্রণ করেন। জ্যামসেটজি নিমন্ত্রিতদিগের জন্ত সমস্ত আয়ো-জন করিতে করিতে জাহাজের চতুর্দিকে ভ্রমণ করিতে লাগিলেন এবং গর্বা ও সম্ভোষ-সহকারে উহা নিরীক্ষণ করিতে লাগিলেন। তৎপরে তিনি তহপরি আরোহণপুর্বক জাহাজের থোলের মধ্যে ধীরে ধীরে প্রবেশ করিয়া এই কথাগুলি খুদিয়া রাখিলেন,—"১৮০০ খুষ্টাব্দে একজন কদাকার নিগর কর্ত্তক এই জাহান্ত নির্মিত হয়।" সে সময় তিনি এ কথা কাহারও নিকট ব্যক্ত করেন নাই, কিন্তু অনেক বৎসর পরে যথন জাহাজ আবার ডকে ফিরিয়া আসিল তথন তিনি সকলকে সেই খোদিত লিপি দেখাইয়া দিলেন এবং তাহার মধ্যে যে একটি গুঢ় ভৎসনা নিহিত ছিল তাহার ব্যখ্যা করিয়া দিলেন।"

উপরোক্ত সমস্তই সাইক্ষের প্রবন্ধ হইতে উদ্ধৃত করিলাম। ভরসা করি, দীর্ঘতা বশত পাঠকের বিরক্তিকর হয় নাই।

আমাদের ভূতপূর্ব্বে গভর্ণর জ্বেনেরল ওয়ারেন্ হেটিংস্ পার্লিয়ামেণ্টে সাক্ষ্য দিবার সময় হিন্দু চরিত্র-সমন্ধে যাহা ব্যক্ত করেন ভাহা নিমে উদ্ধৃত করা যাইতেছে।—

"কেহ কেহ অনেক কষ্ট করিয়া এখানকার সর্ব্বসাধারণের মধ্যে এই-

রূপ একটি সংস্কার জন্মাইয়া দিবার চেষ্টা করিতেছেন যে, ভারতবর্ষবাসী-দিগের মধ্যে নীতিজ্ঞানের অতান্ত হীনাবস্থা এবং যে সকল পাপাচার মহুষ্য-প্রকৃতিকে কলঙ্কিত করে, সেই সমস্ত তাহাদিগের কর্ত্তক অবাধে সচরাচর অমুষ্ঠিত হয় ৷ আনি যে শপথ গ্রাহণ করিয়াছি তাহার উল্লেখ করিয়া পুনর্বার দুঢ়হা-সহকারে বলিতেছি যে, তাহাদিগের সম্বন্ধে এইরূপ বর্ণনা অসত্য এবং সম্পূর্ণরূপে অমূলক। ভারতবর্ষ-বাদীদিগের কথা বলিতে গেলে হিন্দুদিগকে বিশেষ করিয়া উল্লেখ করা আবশুক, যেহেতু ভারত ।র্য-নিবসীদিণের মধ্যে অধিকাংশই হিন্দু; ইহাদিণের মধ্যে মুসল-মানও অনেক আছে, কিন্তু ভাহার: সত্ত্র সমাজে অবস্থান করে। হিন্দুরা অতি ভদ্র, পূর্ব্বোপকারী ব্যক্তি তাহাদিগের প্রতি অন্তায়াচরণ করিলেও তাহারা প্রতিশোধ লইবার জন্ম বাগ্র হয় না বরং কেহ সম্বাবহার করিলে তাহার প্রতি অত্যন্ত ক্বতজ্ঞ হয়। সনুষ্য-হৃদয়ের নিকৃষ্ট প্রবৃত্তি-স্কল পৃথিবার অভাত জাতির মধ্যে বেরূপ দৃষ্ট হ্ব, ইহাদের মধ্যে তদপেকা কিছুমাত্র অধিক দৃষ্ট হয় না। তাহাদিগের মধ্যে কুসংস্কার আছে সতা, কিন্তু তাহাদের ভাষ আমাদের সংস্কার নয় বলিয়া, তাহারা আমাদিগের সম্বন্ধে কিছুই মন্দ মনে করে না। ভাহাদিগের উপাসনা-প্রণালী হীন হইলেও তাহাদিগের ধর্ম-মধ্যে বে সকল উপদেশ আছে তাহা জন-ঁসমাজের উৎক্রষ্টতন উদ্দেশ্য-সাধন-পক্ষে উপযোগী।"

ইংবৃত্তিদিগের মধ্যে বাহারা সতাপ্রেয় তাহারা স্বীয় সমাজ ও
আমাদিগের সমাজ সম্বন্ধে বাহা বলিয়াছেন তাহা স্বতন্ত্র রূপে উদ্ধৃত
করিয়াছি। নাতি-বিষয়ে, তাহাদের সমাজ অপেক্ষা ভারতবর্ষীয় সমাজ
যে অনেকাংশে উৎক্রন্ত তাহা তাহাদের বাক্যেই এক প্রকার সপ্রমাণ
হইতেছে। বৃদ্ধি-জ্ঞান-বিষয়ে আমরা যে এক্ষণে তাহাদিগের অপেক্ষা
অনেক পশ্চামত্রী হইয়া পড়িয়াছি তাহা আমরা অস্বীকার করিনা।
আমরা পুর্বেই বলিয়াছি যে, জ্ঞান ও নীতি যদিও পরস্পর পরস্পরের

উন্নতি-সাপেক্ষ, তথাপি প্রত্যেকের স্বতন্ত্র সাধনা আবশ্রক। জ্ঞানের উন্নতিতে নীতিরও যে কিয়ৎপরিমাণে উন্নতি হয় তাহা আমরা অস্থী-কার করি না! কিন্তু আমাদের বক্তব্য এই, যে পরিমাণে জ্ঞানের উন্নতি হয় সেই পরিমাণেই যে নীতির উন্নতি হইবে. জ্ঞান নীতির মধ্যে এইরূপ কোন বাধ্যবাধক সম্বন্ধ নাই। তাহা যদি থাকিত তাহা হইলে ইংরাজেরা নীতি-বিষয়ে আমাদিগের অপেক্ষা অসংখ্য গুণে শ্রেষ্ঠ হইত সন্দেহ নাই। কারণ তাহারা আমাদিগের অপেক্ষা জ্ঞান-বিষয়ে অনেক পরিমাণে উন্নত। আমাদের বেরূপ প্রকৃতি, তাহাতে শরীর মন হৃদ্য তিনই পরস্পারের উন্নতি-সাপেক্ষ; কারণ এই তিনই পরস্পার পরস্পারের সহিত জ্বডিত হইয়া আছে। শ্রীরের উন্নতিতে মনেরও কিয়ৎপরিমাণে উন্নতি হয় বটে. কিন্তু কেহ যদি মনে করেন যে, ব্যায়াম দ্বারা শরীর স্কুম্ব ও স্বল হইলেই মন সাধনা-বাতীত আপনা হইতেই বৃদ্ধি জ্ঞানে পুষ্ট হইবে. তিনি বেরূপ মহাভ্রমে পতিত হয়েন, সেইরূপ বিনি মনে করেন, যে পরিমাণে বৃদ্ধিবৃত্তি মার্জ্জিত হটবে, সেই পরিমাণে জ্বদয়ের বৃদ্ধি-স্কল্ত উল্লক হইবে, তিনিও তজ্ঞপ মহাল্রমে পতিত হয়েন। নীতির মধ্যে কিয়ৎপরিমাণে জ্ঞানের অংশ আছে সত্য, কিন্তু ভাবই উহার মূল উপ-করণ—ভাবই উহার পত্তন ভূমি, এবং ভাবই উহার প্রাণ। এই জন্মই আমরা সচরাচর দেখিতে পাই যে, একজন লোক হয়তো সর্বাশাস্ত্রবিশারদ তীক্ষ-বৃদ্ধি পণ্ডিত, অথচ সে নীতি-বিষয়ে পণ্ড অপেক্ষাও অধম--আর একজন নিতান্ত নির্বোধ অনক্ষর মূর্থ অথচ সে নীতি-বিষয়ে উপরি উক্ত পঞ্জিত অপেক্ষাও অনেক গুণে শ্রেষ্ঠ। বেকনের ন্যায় অসাধারণ-ধীশক্তি-সম্পন্ন পণ্ডিত বোধ হয় পৃথিবীতে অল্লই জন্মগ্রহণ করিয়াছেন, কিন্ত তাহার ছুর্নীতি ইতিহাসে প্রসিদ্ধ। ইংরাজ-কবি পোপ লিখিয়াছেন ;--

"If parts allure thee think how Bacon shined, The wisest, brightest, the meanest of mankind." ব্যক্তি-বিশেষের মধ্যে যথন এইরূপ বৈষম্য দৃষ্ট হয়, তথন ব্যক্তি-বিশেষের সমষ্টি জাতি-বিশেষের মধ্যেও যে এইরূপ বৈষম্য থাকিতে পারে তাহাতে আর আশ্চর্য্য কি, এবং ইংলতেও ও ভারতবর্ষীয় জনসমাজনমধ্যে যে এইরূপ বৈষম্য আছে তাহাও আমরা এক্প্রকার দেখাইয়াছি।

দয়া, ভক্তি, প্রেম, স্থায়পরতা প্রভৃতি হাদয়ের উৎকৃষ্ট বৃত্তি-সকল দ্বারা পরিচালিত হইয়া মনুষ্য যে সকল কার্যা করে এবং যাহা ভাল বলিয়া ছান্ত্রও আপনা হইতেই সায় দেয়, তাহাই যে স্থনীতিমূলক কার্য্য তাহাতে আর সন্দেহ নাই। হৃদয়ের এই সকল উৎকৃষ্ট ভাব হইতে যে সমস্ত কার্য্য স্বতঃই উৎপন্ন হয় সেই সকল কার্য্যের ফলাফল যথন আমরা আবার বৃদ্ধি-দ্বারা পরীক্ষা করিয়া দেখি যে তদ্মারা জ্ঞান-সমাজের কোন হানি হয় না, প্রত্যুত প্রভূত মঙ্গল হয়, তখন সেই দকল-কার্য্য দে স্থনীতি-মূলক তাহা জ্ঞান-দারা আমরা পরে দৃঢ়ীভূত করিয়া লই মাত্র। মিথ্যা কহিবে না—ইহা একটি নৈতিক উপদেশ: পাৰ্ব্বতা জাতি ও সাঁওতাল প্রভৃতি অসভোৱা যে, মিথা৷ কথা প্রণাস্কেও কহে না—তাহার৷ কি সমাজ্বের ভাবী অনিষ্ট চিন্তা করিয়া ঐরূপ আচরণ করে ?—এরূপ বিচার-শক্তি তাহাদিগের নাই। আবার যথন কোন বুদ্ধি-জ্ঞান-সম্পন্ন স্থসভ্য ব্যক্তি ইহার ফলাফল-বিচারে প্রাবৃত্ত হন, তথন তিনি দেখিতে পান যে, সত্য কথা বলিলে জনসমাজের স্কাংশে মঞ্চল হইবারই স্ভাবনা। অতএব দেখা যাইতেছে, হ্বনয় হইতে যে সকল নীতি সমূভূত হয়, বুদ্ধি তাহাকে পরে দূঢ়ীক্বত করে নাত্র। অতথ্য **শুধু জ্ঞানের উন্নতিতে নী**তির উন্নতি হয় না, সর্বাগ্রে হৃদয়ের উন্নতি আবশুক।

বিষয়-রাশির সহিত সংঘর্ষণে জ্ঞান যেরূপ ক্রমশঃ উদ্বোধিত হয়, হল-যের ভাবও সেইরূপ ক্রমশঃ স্ফূর্ত্তি লাভ করে। সাধনা, অভ্যাস ও অবস্থা-বিশেষে স্মৃতি, তুলনা, ক্রনা প্রভৃতি মহুষ্যের বিশেষ-বিশেষ বুদ্ধি-বৃত্তি-সকলের যেরূপ উন্নতি হয়—হ্লায়ের বৃত্তি-সম্বন্ধেও সেরূপ নিয়ম দৃষ্ট হয়।

वक्न मार्ट्य वर्तन, क्नीिं घरभक्का अस्त्रान श्हेर् सन-मभारमञ् অধিক অনিষ্ট হয়। তিনি বলেন-একজন লোকের অভিপ্রায় সং হইলেও তদ্ধারা এরপ-সকল কার্য্য অনুষ্ঠিত হইতে পারে যাহা জন-সাধারণের পক্ষে অতীব অনিষ্টকর। ইহার দৃষ্টান্ত-স্বরূপ তিনি বলেন, পূর্বতন রোমীয় সম্রাটগণের মধ্যে ধাহারা খুষ্টায় সম্প্রদায়ের প্রতি দারুণ অভ্যাচার করিয়াছিলেন, তাঁহারা প্রায় সকলেই সংপ্রকৃতির লোক ছিলেন: অর্থাৎ উহোরা জনসমাজের মঙ্গল-কামনায় নিঃস্বার্থভাবে ঐরপ পীর্ডন করিয়াছিলেন। সদভিপ্রায়-সত্ত্বেও অজ্ঞানতা-বশতঃ যে অনেক মন্দ কার্যা অনুষ্ঠিত হইতে পারে তাহা আমরা অস্বীকার করি না। কিন্তু আমরা তাঁহাকে জিজাসা করি বে. একজন লোক অজ্ঞান অথচ সং---আর একজন জানবান অথচ অসং---এই উভন্ন লোকের মধ্যে কাহার দ্বারা জগতের অধিক অমঙ্গল হয় ? একজন জ্ঞানবান অসৎ লোক এরূপ কৌশলে আর এক জনের সর্বনাশ করিতে পারে যে, সেই নিপীড়িত ব্যক্তি বুঝিতে পারিবে না যে তাহার সর্বনাশ হইতেছে, কিছা এত বিলম্বে ব্রিবে যে, তথন প্রতিবিধানেরও আর কোন উপায় নাই। ইতিহাস ইহার সাক্ষী। যথন আক্রবর-শা ভারতবর্ষের সিংহাসনে প্রথম অধিক্রট হয়েন, তথ্ন তাঁহার রাজকার্যো বিশেষ অভিজ্ঞতা জন্মে নাই এবং বৃদ্ধিরও তাদৃশ পরিণতি হয় নাই। * এই জন্ম তিনিও প্রথমে আগা-উদ্দান প্রভৃতি অত্যাচারী মুসলমানের স্থায় ধর্মান্ধ হইয়া হিন্দুদিগের মন্দির-সকল চুর্ণ করিয়া সেই সেই স্থানে মদ্যক্রিদ স্থাপনে সচেষ্ট হইয়া-ছিলেন। কিন্তু বৃদ্ধিমান আক্বর আপনার এই ভ্রম শীঘ্রই বৃদ্ধিতে

He was long ranked with Shabudin, Alla, and other instruments of destruction, and with every just claim; and like these, he constructed a Mumba for the Koran from the altars of Eklinga."

Tod's Rajasthan Vol. I—p. 324.

পারিলেন। তিনি দেখিলেন, হিন্দুদিগের ধর্ম্মের উপর স্পষ্টতঃ এরূপ অত্যাচার করিলে স্বীয় রাজত বক্ষা করা কমিন হটয়া উমিবে। এই জ্বত্য তিনি প্রকাশ্রে ধশ্মসম্বন্ধে অপক্ষপাতিতা দেখাইয়া ভিতরে-ভিতরে হিন্দ-ধর্মের বন্ধন শিথিল করিবার চেষ্টায় প্রবৃত্ত হইলেন। * তিনি নানা প্রলোভন দেখাইয়া স্বীয় পরিবার মধ্যে রাজপুত-মহিলাগণের সহিত বিবাহ-প্রথা প্রবর্ত্তিত করিতে লাগিলেন। চতুর আক্বর এই এক রাজ-নীতির বলে রাজ্পতদিগের রাজ্যসম্বন্ধীয় স্বাধীনতা ও ধর্ম্মের উপর অল ক্ষিতভাবে এবং বিনা আডম্বরে জন্ম লাভ করিলেন। কাহার ও স্বাধীনতা হরণ করা যদি বিষম অনিষ্টজনক কার্যামধ্যে গণনায় হয়, তাহা হইলে আক্রর-শা রাজপুত-জনসমাজের যে বিষম অনিষ্ট সাধন করিয়াছিলেন তাহাতে আর সন্দেহ নাই। তাহার পূর্বে কোন মুদলমান সমাট বাছবলে রাজপুতদিগকে সম্পূর্ণক্রপে পরাস্ত করিতে পারে নাই। আক্বর-শা + বৃদ্ধিবলেই তাহাদিগের স্বাধীনতা হরণ করিতে সমর্থ হটয়াছিলেন। তাঁহার বৃদ্ধিবল না থাকিলে তিনি এট অনিষ্ট সাধনে কখনই ক্বতকার্য্য হইতে পারিতেন না। সেকন্দর-শা নেপোলিয়ন প্রভৃতি রাম্বদম্মাগণ থাঁহারা মানব-মঞ্জীর স্বাধীনতা অপ্তরণ করিয়াছিলেন,

* Oodoy—'legros' was the first of his race who gave a daughter in marriage to a Tartar. The bribe for which he bartered his honour was splendid; for four provinces yeilding 200,000£ of annual revenue, were given in exchange for Tod Bae at once doubling the fisc of Marwar. With examples as Amber and Marwar, and with less power to resist the temptation, the minor chiefs of Rajasthan with a brave and numerous vassalage, were transformed inlo Satraps of Deli.

Do-p. 335.

[†] Akbar was the real founder of the empire of the Moguls, the first successful conqueror of Rajpoot independance.

Do-p. 324.

বাছবলের সহিত তাঁহাদিগের বৃদ্ধি-বল না থাকিলে কথনই তাঁহারা কৃতকার্য্য হইতে পারিতেন না।

বকল সাহেব বলেন — জ্ঞানের উন্নতিতেই পৃথিবীর মঙ্গল সাধিত হয়, তাহাতে নীতির প্রায় কোন হস্ত নাই। তাহার দৃষ্টাস্ক-স্বরূপ তিনি এই কথা বলেন যে, ইউরোপে যে এত যুদ্ধ-বিগ্রহ কমিয়াছে তাহার কারণ বারুদের আবিষ্কার, আড়াম-শ্মিথ-কৃত্তৃক বার্তা-শাস্তের মত-পরিবর্ত্তন এবং বাল্পীয় শক্ট ও অর্ণবানের সাহায্যে বিভিন্ন জাতির মধ্যে সংস্রব স্থাপন ভিন্ন আর কিছুই নহে। তাঁহার বলিবার তাৎপর্যা এই—যেহেতু এই সমস্ত ব্যাপার জ্ঞানের ফল, অতএব জ্ঞানের উন্নতিতেই যুদ্ধ-রূপ অমঙ্গল তিরোহিত হইন্নাছে।

বকল যে সময় সভ্যভার ইতিহাস লিখিয়াছিলেন তথন প্রায় চত্বারিংশ বৎসরবাাপী শান্তির পর ইউরোপের মধ্যে অপেক্ষাকৃত অসভা জাতিবর তুর্ক ও রুশীয়দিগের মধ্যে যুদ্ধ বাধিয়াছিল, তাই তিনি মনে করিয়াছিলেন বুঝি জ্ঞানোয়তির সঙ্গে সঙ্গেইউরোপের সভাদেশ হইতে যুদ্ধ-বিগ্রহ চির-কালের জ্বস্তু অন্তর্হিত হইল। কিন্তু বকল সাহেব যদি জ্ঞাবিত থাকিতেন তাহা হইলে তাহার মতের অসারতা অবশুই বুঝিতে পারিতেন। ইউরোপের মধ্যে, যে তুই জ্ঞাতি সর্বাপেক্ষা সভ্যতম, জ্বর্মাণ ও ফ্রাসি, তাহাদিগের মধ্যে সে দিন কি ভয়ানক যুদ্ধই না হইয়া গেল। এক্ষণে তো রুশিয়া তুর্কির মধ্যে যুদ্ধ চলিতেছে। এই যুদ্ধানলে সমস্ত ইউরোপ যে আবার প্রজ্ঞলিত হইবে না তাহাই বা কে বলিতে পারে। গত জ্ব্মাণ-ফ্রাসি, যুদ্ধের নৈতিক কারণ অন্তর্মনান করিলে বিলক্ষণ প্রতিপন্ন হইবে যে, জ্ব্মাণ-জ্ঞাতির প্রতিহিংসা-প্রস্তি এবং ফ্রাসি-জ্ঞাতির অ্বতিবিংসা-প্রস্তি এবং ফ্রাসি-জ্ঞাতির

বাষ্ণীয় শক্ট ও অর্থবযানের প্রভাবে ইউরোপে কি কিছুমাত যুদ্ধ-বিগ্রহের হ্রাস হইয়াছে ? প্রত্যুত এখন এইরূপ বোধ হয় যেন যুদ্ধ- বিগ্রহের জন্মই বান্দীয় শকট প্রভৃতির সৃষ্টি; কারণ প্রায়ই দেখা যায় যেখানে আর কোন প্রয়োজন সাধিত হইতেছে না সেখানে কেবল যুদ্ধবিগ্রহের সৌকার্য্যার্থেই লোহবত্মের জাল বিস্তত হইতেছে। বরং একণে যেরপ জ্ঞানের উন্নতি হইতেছে, সেই উন্নতির সঙ্গে সঙ্গে হত্যা-সাধক নানাবিধ কৌশলময় যন্তেরও সংখ্যা দিন দিন বৃদ্ধি পাইতেছে : যত দিন ইউরোপে স্বার্থপরতার প্রাত্তাব থাকিবে, যতদিন না সেখানে সমগ্র মানব-জাতির প্রতি অক্লব্রিম অনুরাগ ও মমতার উদর হইবে, ভত দিন যে তথা হটতে যুদ্ধ-বিগ্রহ একেবারে তিরোহিত হটবে এরূপ আশা আমরা কখনই করিতে পারি না। এই অমুরাগ, এই মমতা, ধর্ম-নীতিরই অস্তর্ভুত। অতএব বকল সাহেব যে বলেন, জ্ঞানের উন্নতিতেই যদ্ধবিগ্ৰাহ কমিয়াছে তাহা যুক্তি-সঙ্গত নহে। ইহা স্পষ্টই উপলব্ধি হয় যে. কেবল বাষ্ণীয় শক্ট প্রভৃতির বছলতা হইলেই হয় না—জনসাধারণের হৃদয়ের উন্নতি সর্ব্বাহ্যে আবশ্রক। বাপীয় শকট প্রভৃতির দ্বারা বিভিন্ন জাতিদিগের মধ্যে গতিবিধির স্থবিধা হট্যা, পরস্পারের মধ্যে কিয়ৎ-পরিমাণে সৌহাদ্দা বৃদ্ধিত হইতে পারে বটে এবং এইরূপে জ্বন্যাধারণের হৃদয়ের উন্নতি সাধন-পক্ষে সহায়তা হইতে পারে সতা, কিন্তু ইহা অক্সান্ত উপায়ের মধ্যে একটী উপায় মাত্র। যদি এই সকল উপায়ে যুদ্ধবিগ্রহের উপশম হয়, তবে ইহার অব্যবহিত কারণ কি, জ্বানা আবশ্রক ; ধর্ম-নীতিই যে ইহার অবাবহিত কারণ তাহাতে আর সন্দেহ মাত্র নাই। মনুষ্য-সমাজে যে পরিমাণে অমঙ্গল-সকল তিরোহিত হইয়া মঙ্গলের রাজা বিস্তৃত হয়, সেই পরিমাণে জনসমাজে প্রস্কৃত সভাতার উদয় হয়। পুর্বের্ প্রদর্শিত হঠয়াছে, ধর্মনীতি বাতীত কেবল জ্ঞান-ছারা জনসমাজের অমঙ্গল দুরীক্কত হয় না, অতএব প্রতিপন হইতেছে, জ্ঞান ও নীতির সামঞ্জ্ঞ-বাতীত জনসমাজে প্রকৃত সভ্যতারও অভাদয় হয় না।

ফেডিনা-ডে-লেসেপ এবং সুয়েজের খাল।

দামাক্ত ঘটনা হইতে কত অভাবনীয় মহৎ ব্যাপারের জন্ম হয়---স্থয়েবের খাল তাহার দৃষ্টাস্কস্থল। এখন সকলের মুখেই তো স্থয়েব্ধ-থালের কথা শুনা যায়, এবং বাস্তবিকও ইহার নির্মাণে যন্ত্রবিদ শিল্পীদিগের শিল্পদৈগ্রের যে পরাকাঠা প্রদর্শিত হইয়াছে তাহাতে আর সংশয় নাই। কিন্তু কিরুপে এই মহৎ ব্যাপারের প্রথম স্থুত্রপতি হইল এবং ফেডিনা-ডে-লেসেপের মনে ইহার কল্পনা প্রথম কিরূপে উদয় হইল তাহা ঠিক জানিতে হইলে, যে সময় ফরাসিনুরা মিসরদেশ জয় করিতে উদাত হইয়াছিলেন, বর্ত্তমান শতান্দীর সেই প্রাক্তকালীন বর্ষগুলির প্রতি আমাদের মনশ্চক্ষুকে নিয়োগ করিতে হয়। যদিও নেপোলিরান বোনাপার্ট মিসরের জ্বয়দাধনে ক্লতকার্য্য হন নাই তথাপি বোধ হয় কোন রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্ম ঐ দেশের ব্যাপারে তাঁহার বরাবর ঔৎস্কর ছিল। তাহার পররাষ্ট্রবিভাগের মন্ত্রী ট্যালেরার পরামর্শ-অনুসারে নেপোলিয়ান, ডেলেসেপ্ নামক এক ব্যক্তিকে তাঁহার প্রতিনিধি কার্য্যকারকরূপে "কায়রো" নগরে স্থাপন করেন। তাঁহার এই নিয়োগে পৃথিবার একটি ভাবী লভ্যের স্থত্রণাত হইল। লেদেপ অতি कार्यानक विष्ठक्रण लाक हिल्ला। मध्यान-व्यालिक मिमत्त्र भामन-কর্ত্তার পদে অধিরোহণ করিতে সহায়তা করায় তিনি ফ্রান্সের একটি মহৎ উপকার সাধন করিয়াছিলেন। সকলেই জানেন, মহম্মদ-আলি যথন প্রথম মিসরে আইসেন তখন অতি দরিক্ত ছিলেন। তিনি লেখা-পড়া আনে জানিতেন না-কিন্তু তাঁহার স্বভাবিক তীক্ষ বৃদ্ধি ছিল এবং তাঁহার দৈনিক-স্থলভ দুঢ়তা ছিল। এই এই গুণ থাকাতেই মাম্লুক-मिर्लात विनारभेत शतु-िन के छेक शाम अधिक हरावन । अना मार्क ১৪১১ খুষ্টাব্দে ১৬০০ মামলুক "কায়রো" নগরে নিহত হয়—কেবল

তাহাদের মধ্যে একজন অত্থার্চ হুইয়া চুর্গ-প্রাকারের উপর দিয়া লক্ষ প্রদান-পূর্বক পলায়ন করে। লেদেপ কত কাল মিসরে ছিলেন তাহা আমরা বলিতে পারি না। তবে ইহা নিশ্চয় যে তিনি ফ্রান্সের সহিত সংস্ত্রব একেবারে পরি ত্যাগ করেন নাই। ভেস্তি নগরে ১৯শে নবেম্বরে ১৮০৫ খুরীবে তাঁহার একটি পুত্র ভূমিষ্ঠ হয়। এই পুত্রের নাম ফের্ডিনা-ডে লেসেপ। ইনিই স্থয়েজ-খালের অনুষ্ঠান করিয়া জগদিখ্যাত হইয়াছেন। তাঁহার পিতা তাঁহাকে উৎক্লষ্ট শিক্ষা প্রদান করেন। দৌতাকার্যো এবং যন্ত্রবিদায়ে তাঁহার স্বাভাবিক অনুরাগ ছিল। তাঁহার বৃদ্ধির প্রথম বিকাশের সঙ্গে সঙ্গেই তিনি মিসরের বুতান্ত শুনিতে লাগিলেন-এবং ঐ দেশের ব্যাপারে তাঁহার ঔৎস্কুকা দিন দিন বৃদ্ধি পাইতে লাগিল। ক্রমে তিনি ফরাশিদ্ প্রতিনিধি-কার্য্যকারকের পদে তথায় নিযুক্ত হইলেন। ফের্ডিনা-ডে-লেনেপ তাহার পিতার পরিচয়-স্থতে মহম্মদ-আলির নিকট যথোচিত সমাদর প্রাপ্ত হইলেন। মহম্মদ-আলির অনেক ক্রাট-সত্ত্বেও তাঁহাকে মিসরের নবজ্ঞীবনদাতা বলিষা স্বীকার করিতে হয়। আলির মৃত্যুর পর ইব্রাহিম-পাশা তাহার উত্তরাধিকারী হইলেন। ইব্রাহিম-পাশা যুদ্ধব্যাপারের জন্ম প্রথাত।—তাঁহার পর আব্বাস-পাশা। আালেকজ্বাণ্ডিয়া হইতে কায়রো পর্যাস্ত বাষ্পীয় শকটের লৌহপথ নির্দ্মাণ করেন। এই লৌহপথের নির্মাণে মিসরের বাণিজা নব-উদাম প্রাপ্ত. হয়। তাহার পর, মহমাদ আলির পুত্র সায়েদ-পাশা ১৮৫৪ গৃষ্টাকে মিসরের শাসনকর্ত্তার পদে অধিরাত হয়েন। তিনিও মিসরের **অনেক** উন্নতি সাধন কবেন।

সৌভাগ্যক্রমে মিসরের অনেক শাসনকর্ত্তার সহিত লেসেপের ক্রমান্বয়ে আলাপ পরিচয় হয়, এবং এই স্থত্তে তথাকার বাণিজ্ঞা-ব্যবসারের স্থবিধা-সম্বন্ধে তিনি বিলক্ষণ অভিজ্ঞতা লাভ করেন। তিনি যথন সে দেশে ছিলেন, তথন ভূমধ্যসাগর ও লোহিত-সাগরের মধ্যে পরম্পন্ন বোগ করিয়া, জাহাজ চলিবার একটি খাল নির্মাণের কোন স্থবিধা হইতে পারে কি না ভাহাই তিনি ক্রমাণত চিস্তা করিতেন। কিন্তু এই করনাটি একেবারে ন্তন নহে। পূর্বকালে ফ্যারাগুদিগের রাজস্ব-সময়ে নাল নদী এবং লোহিত-সাগর যোগ করিয়া একটি খাল ছিল। যদিও বালুকায় সেই স্থানটি একেবারে আচ্ছন্ন হইয়া গিয়াছে তথাপি ইতস্ততঃ এখনও তাহার চিহ্ন দৃষ্ট হয়। কিন্তু লেসেপ যাহা করনা করিলেন তাহা প্রকাও ব্যাপার। সমুদ্রে সমুদ্রে বরাবর যোগ করিয়া যাহাতে বড় বড় জাহাজ আনায়াসে যাতায়াত করিতে পারে এই সঙ্কলটি তিনি মনোমধ্যে পোষণ করিলেন। নদীর কিন্তা হুদের সহিত যোগ করিয়া খাল প্রস্তুত করা তো সহজ্ব কথা—কিন্তু ছুইটি সমুদ্রের হুইটি মুখ খুলিয়া দিয়া জল আনয়ন করা বড় সহজ্ব ব্যাপার নহে। লেসেপ্ দেখিলেন, যেখানে পাহাড়-পর্বত নাই—এমন স্থল-ব্যতীত এই সঙ্কলটিকে কার্যো পরিণত করা একেবারেই অসাধ্য।

অমুসন্ধান করিয়া তিনি জানিলেন যে, তত্ত্ব মরুভূমির কিয়দংশ এবং লোহিত-সাগরের সংলগ্ধ কিয়দংশ স্থানে সমুদ্রের লবনাক্ত জলরাশি পূর্বে বিদ্যমান ছিল; তাহার চিক্সবর্রপ তিনি দেখিতে পাইলেন, এখানে-ওখানে কতকগুলি গর্ভ বালিতে বুজিয়া গিয়াছে এবং তাহার মধ্যে এখন ও লবণের এক-একটি স্থন্ধ আবরণ পডিয়া আছে।

তবে এত দিন কেন স্থয়েজ-থাল নির্দ্মিত হয় নাই—তাহার কারণ
অন্ধ্যন্ধান করিলে দেখিতে পাওয়া যায়, মিসর দেশের রাজনৈতিক
অবস্থা তত অনুকূল ছিল না; ইউরোপের রাজাদিগের মধ্যে রেষারিষি
প্রবল ছিল, এবং জনসাধারণের এই একটি সংস্কার ছিল যে, লোহিতসাগরের এবং ভূমধ্য-সাগরের সমতল এক নহে। কিন্তু লেসেপ
দেখিলেন, উভয়েরই সমতল সমান—এবং তাঁহার বিলক্ষণ বিশ্বাস হইল
যে, বাষ্পা ও তাড়িৎবার্ত্তাবহের সাহায্যে একটি প্রশস্ত খালের মধ্যদিয়া
বাণিজ্য-ব্যবসায়ের বিলক্ষণ স্থামতা ইইবে।

ইউরোপ ও ভারতবর্ধের মধ্যে বাণিজ্যের স্থবিধা করাই—স্থায়েজ্ব-খাল নির্দ্মাণের প্রধান উদ্দেশ্য । কতিপর শতান্ধী-পর্যান্ত প্রাচ্য-ধণ্ডের সহিত ইউরোপের বাণিজ্যা অধিকাংশই এদিয়ার স্থলপথ দিয়া চলিত । বাণিজ্যা- দ্রবাসকল প্রথমতঃ এদিয়ার স্থলপথ দিয়া আদিয়া পরে জাহাজ্ব করিয়া বিনিশ্-নগরে চালান হইত । পরে বিনিশ্ হইতে ইউরোপের উত্তর প্রদেশে নীত হইত । ১৪৪৬ খুষ্টান্বে উত্তরমাশা-অন্তরীপের আনিফার হইলে পর—এই বিরক্তিজনক ও বহুবায়সাপেক্ষ বাণিজ্যের পথাট বন্ধ হইয়া য়য় । তথন জাহাজ্ব-সকল একেবারে ভারতবর্ষে সোজা মাতায়াত করিতে লাগিল এবং এইরূপে পৃথিবীর বাণিজ্যে মহা পরিবর্ত্তন উপস্থিত হইল । ক্রমে বিনিশ্, মুরোম্বর্গ-ক্রজ্ব প্রভৃতি প্রাচ্য-বাণিজ্যের অধিষ্ঠান নগরগুলির প্রাধান্ত লোপ হইল । এইরূপ চলিতেছিল—এমন সময়ে আর একটি মহা পরিবর্ত্তন উপস্থিত হইল ।

এ-পর্যান্ত, উত্তমাশা-অন্তরীপ প্রদক্ষিণ করিয়া বাণিজ্ঞার জ্ঞাহাজগুলি যাতায়াত করিত—এবং কিয়ৎকাল পূর্ব্বে আলেকজাণ্ডিয়া হইতে কায়রেয় পর্যান্ত লোহপথ স্থাপিত হওয়াতে পর্যান্তকদিগেরও অনেক পরিমাণে স্থবিধা হইয়াছিল। কিন্তু লেসেপের সঙ্কল্লিত প্রস্তাবে প্রাচ্য-বাণিজ্ঞো আর একটি মহা পরিবর্ত্তন সংঘটিত হইবার স্থচনা হইল। উত্তমাশা-অন্তরীপের পথটি একেবারে উঠাইয়া দিয়া, বাণিজ্ঞা-জাহাজ্ঞ-চলাচলের উপযুক্ত খাল নিশ্মাণ করিয়া, আফ্রিকা-খণ্ডকে একটি মহাদ্বীপে পরিণত করা তাঁহার সক্ষর হইল।

দৌ হাকার্য্য হইতে অব্যাহতি পাইয়া লেসেপ ইউরোপ প্রত্যাগমন করিলেন, এবং কিরপে সুরেজের যোজক-দেশ ভেদ করা যায় তাহারই চিস্তার নিমগ্য হইলেন। তিনি ১৮৭০ খুষ্টাব্দে প্যারিসে যে বক্তৃতা করেন তাহাত্তৈ এইরপে বলিয়াছিলেন:—"১৮৪৯ হইতে ১৮৫৪ খুষ্টাব্দ পর্যান্ত প্রাচ্য ও পাশ্চাত্য-খণ্ডের মধ্যে বাণিজ্য ব্যবসায়-সম্বন্ধে বাহা

কিছু জানিবার বিষয় আছে তত্তাবৎই আমি বিশেষরূপে আলোচনা করিয়াছিলাম। আমি দেখিলাম, প্রতি দশবৎসরে বাণিজ্য বিশুণ বুদ্ধি হইতেছে এবং ভাবিলাম যে এই সময় স্থয়েজ-খাল নির্মাণ করিলে ঐ বাণিজ্ঞার আরও শীবৃদ্ধি হইতে পারে।" এই বিশ্বাসটি মনে বন্ধমূল হইলে, ১৮৫৪ খুষ্টাব্দে মহম্মদ-সাএদের শাসনকর্ত্তপদে অধি-রোষণের সময় তিনি মিসর-দেশে যাতা করিলেন। নানা প্রকারে তিনি সায়েদের উপকার সাধন করায় সায়েদের সহিত তাঁহার প্রগাঢ বন্ধু হটল। এত দিনের পর তাহার আশা হটল, তাঁহার সকলটি অমুষ্ঠানে পরিণত করিবার জন্ম সায়েদের নিকট অমুমতি পাইলেও পাইতে পারেন। সায়েদ যথন একবার লিবিয়ান-মরুভূমির উপর দিয়া যুদ্ধবাত্রায় নির্গত হন, তখন লেসেপ তাঁহার সহিত সাক্ষাৎ করিয়া এই প্রস্তাবটি উত্থাপন করেন এবং বলেন, সাধারণের সাহায্যে এই বৃহৎ বাাপারটি সম্পন্ন হইতে পারে। কিন্তু শাসন-কর্ত্তার অনুমতি পাইবার পুর্বে শাসনকর্তার পারিষদবর্গকে অগ্রে সম্ভষ্ট করা আবশুক হইল। তাঁহার পারিষদগণ "মঞ্চিদের চালনা-অপেক্ষা অশ্বের চালনায় অধিকতর দক্ষ ছিলেন।" লেসেপ বলেন-**"আমি কোন সুযোগ পাইয়া শাসনকর্তার তাবু**তে গিয়া উপনীত হইলাম। বন্ধুব শিলাখণ্ডের প্রাচীর দারা বেষ্টিত-কামান রাখিবার স্থান-বিশিষ্ট ছর্গের স্থায় একটি উচ্চ স্থানে ঐ শিবির সন্নিবেশিত ছিল। আমি কথায় কথায় ৰলিয়াছিলাম, ঐ হুর্গের এমন একটি স্থান আছে যেখান হইতে অশ্বান্ধান হইয়া লক্ষ্ণ প্রদান করিলে নীচে একটা বারপ্তার গিয়া পড়া যায়। শাসনকর্তামহাশয় এই কথায় সম্ভূষ্ট হইয়া जामात श्राद्धावि जामात्रत महिल श्राह्म क्रियान এवः विलालन, ঐরপ খোড়ার চড়িয়া তুমি এখনি তোমার তাবুতে গমন কর এবং প্রস্তাবিত খালের সমস্ত বিষয় লিখিয়া আমাকে দেখাও। শাসনকর্ত্তা

তথন মন্ত্রিগণ ও পারিষদগণ-ছারা পরিবেষ্টিত ছিলেন। আমি লক্ষ্ দিয়া অখপর্চে আরোহণ করিলাম-এবং আমার অস্ব এক লক্ষ্য দিয়া প্রাচীর উল্লন্সন করিল এবং ক্রম-নিয়-ভূমি দিয়া ক্রতবেগে আমার তাবতে গিয়া পৌছিল। আমার রিপোর্ট অনেক দিন হইতে প্রস্তুত ছিল, আমি তাহা লইয়া শাসনকর্তার তাবতে পুনরায় উপস্থিত হইলাম। খালের সম্বন্ধে আমার মন্তবা-কথা আমি দেড় পুঠার মধ্যে স্বস্পাষ্টরূপে ব্যক্ত করিয়াছিলাম। তৎপরে যথন ঐ বিবরণ-লিপি শাসনকর্তা তাঁহার পারিষদগণকে পড়িয়া শুনাইলেন এবং তাঁহাদিগের পরামর্শ চাহিলেন, তখন তাহারা সকলেই একবাকো কহিলেন যে. "মহমদ আলির বংশের সহিত থাঁহার চিরকালের বন্ধুত্ব, তাঁহার প্রস্তাব কথনত অনমু-মোদনীয় হঠতে পারে না, অতএব প্রস্তাবটি গ্রাহ্ম করা যাইতে পারে।" ১৮৫৪ খুষ্টাব্দে তিনি থাল কাটিবার অনুমতি প্রাপ্ত হটলেন। এক্ষণে বিধিমতে ডমকুমধ্য-স্থানের (Isthmus) তত্ত্বাসুসন্ধান করিয়া কোন স্থান দিয়া খাল কাটিতে হটবে তাহার পথ নিরূপণ করিবার সময় উপস্থিত হইল। লেদেপ এবং আর তিন জন ফরাশিদ যন্ত্রবিৎ-শিল্পী এই কার্য্যে ব্রতী হইলেন। এই চারি জ্বনের পানীয় জল এবং অক্সান্ত খাদ্য দ্রব্য বহন করিবার জন্ম ৬০টি উষ্ট্র এবং ত্রুপযুক্ত অনুচরগণের প্রয়োজন হইল। জীবন্ত ভেড়া ও মুর্গি অনেক সঙ্গে চলিল। তাহা-দের পথের উল্লেখ করিয়া লেসেপ বলেন যে "তাহাদের সঙ্গে যেসব জন্ত গিয়াছিল তদ্বাতীত এই ভয়ানক মক্সপ্রদেশে একটি মক্ষিকাও নাই।" তিনি বলেন যে "আমরা রাত্তিতে গাঁচা হইতে মুর্গিদিগকে সম্পূর্ণ বিশ্বাস করিয়া ছাড়িয়া দিতাম-কারণ, আমরা বেশ জানিতাম त्य व्यांकश्कान वहेताहे आमारमत कीवळळळांन (यथाताहे थाकुक) আমানের নিকট আসিয়া উপস্থিত হইবে। ঐ বিজ্ঞন প্রাদেশে কেইই পশ্চাতে পড়িয়া থাকিতে চাহিবে না—ওথানে একলা থাকাও যা'

মৃত্যু-মুখে পতিত হওয়াও তা'। আমরা যথন প্রাতঃকালে আমাদের তাঁবু উঠাইতাম, তথন যদি কোন মুর্গি পিছনে পড়িয়া থাকিত—অমনি দে ভীত হইয়া তাড়াতাড়ি তাহার খাঁচায় চুকিবার জ্বন্ত উষ্ট্র-পৃষ্ঠে উড়িয়া আসিত।"—অহসন্ধানের পর্য্যটন শেব করিতে ছইমাস-কাল লাগিয়াছিল। অবশেষে এইরূপ স্থির ইইল যে, খালের পথ নির্ণয় করিবার জ্বন্ত ইউরোপের বিভিন্ন প্রদেশের সমবেত স্থানক যন্ত্রবিৎ-শিল্পীদিগের বিবেচনার উপর নির্ভর করা ষাউক। তাহারাও রীতিমত অহুসন্ধান করিয়া লেসেপের সমভিব্যাহারে আালেকজাপ্তিয়ায় আসিয়া উপস্থিত হইলেন। মিসরের শাসনকর্ত্ত। পুর্বারে আসিয়া তাহাদিগকে অভ্যর্থনা করিলেন। এই সময় একটি চমৎকার দৃশ্য উপস্থিত ইইল। লেসেপ্ বলেন, 'বিথন সায়েদ শুনিলেন যে দেশদেশান্তর ইইতে সমবেত শিল্পীগণ নীল-নদীর জ্বলের সাহাম্য-ব্যতীত থাল ইইতে পারে এইরূপ মত দিয়াছেন তথন দেটিয়া আসিয়া আমাকে আগ্রহের সহিত আলিক্ষন করিলেন এবং অত্যন্ত হর্ধ প্রকাশ করিলেন।''

এই ফরাশিনু বার, থাল কাটিবার অনুমতি প্রাপ্ত হইয়। ইউরোপে প্রত্যাগমন করিলেন এবং এতত্বপলক্ষে একটি সন্ত্যু-সমুখানের দল স্থাপন করিবার জ্বন্ত সাধারণের মনকে উত্তেজিত করিতে লাগিলেন।

তিনি পদে-পদে যেরপ বাধাবির প্রাপ্ত হইতে লাগিলেন তাহাতে আর কেহ হইলে তথনি ঐ সঙ্কর পরিত্যাগ করিত, কিন্তু তিনি কিছুতেই নিরাশ হইলেন না। কতকগুলি প্রতিপত্তিশালী ইংরাজ-যন্ত্রশিল্পী এইরপ মত প্রকাশ করিলেন যে, খাল এবং খালের মুখে আদপে কাদা আসিরা না জমে তাহার উপায় করিতে ও মাটি কাটাইতে এত অধিক ব্যর হইবার সম্ভাবনা যে, উহাতে কিছুমাত্র খর্চ্চা পোষাইবে না। আরও এই আপত্তি ও সন্দেহ উপস্থিত হইল যে, এই ব্যাপারে সাহায্য করিলে, ইংরাজদিগকে ফরাশিস্ পভর্ণমেন্টের হাতে গিয়া পড়িতে হইবে।

পার্লামেণ্টে ঐ সম্বন্ধে যে সব বক্তৃতা হইয়াছিল তাহা পাঠ করিলে আশ্চর্য্য হইতে হয়। ৭ই জুলাই ১৮৫৭ খুষ্টাব্দে লর্ড পামর্টন বলেন—''তুর্কির স্হিত মিস্বের বিচ্ছেদ আরও সহজে সাধন করা এই স্কল্পিত ব্যাপারের রাষ্ট্রনৈতিক পরিণাম হইবে। আরও, ভবিষাতে ভারতবর্ষের আক্রমণ-পক্ষে সুবিধা হুইবে,—এই দুর লক্ষ্যের প্রতি দৃষ্টি রাথিয়া এই ব্যাপারে ফরাসিরা হস্তক্ষেপ করিয়াছে। এ-সম্বন্ধে আমার বিশেষ কিছু বলিবার আবশুক নাই, কেননা, এই বিষয়ে যে বাক্তি কিছুমাত্র মনোযোগ দিয়াছে দেই স্পষ্টরূপে বৃথিতে পারিবে। আমার এই মাত্র বিশ্বর হইতেছে যে, লেসেপ ইংরাজ-মহাজনদিগের বিশ্বাস-প্রবণতার উপর এত দুর নির্ভর করিয়া আছেন যে, তিনি মনে করিয়াছেন, ইংল্ভের বাণিজ্ঞ্য-প্রধান নগরগুলি পরিভ্রমণ করিবামাত্রই ইংরাজদিগের নিকট হইতে অর্থ সংগ্রহ করিয়া সেই সংগৃহীত অর্থে এমন একটি ব্যাপার সাধন করিবেন যাহা ইংরাজাদিগের স্বার্থের সম্পূর্ণ বিরোধী।'' দশ দিন পরে লর্ড পামার্টন আরও এইরূপ বলেন "ইংরাজ-ধনীদিগের নিকট হইতে অর্থসংগ্রহ कतिरात अन्त मर्था मर्था (य नकल कल्युन्युनय रायमारत्त्र मर्लय বাহির হয়—আর যে সকল ব্যবসায়ে হস্তক্ষেপ করিলে আর যাহারট ণাভ হউক ইংরাজদিগকে নিশ্চয় ক্ষতিগ্রন্ত হুইবার কথা--সেই সকল মৎলবের মধ্যে ইহাও একটি।" এই অবোগ্য কঠোর উক্তিগুলি যদিও मर्क्स माधात्र (वेत समय शाही स्त्र नाहे, उथानि कठकी देनता अत कातन হইরাছিল, বিশেষতঃ উহা যে লেসেপের মর্মাছেদ করিরাছিল ভাহাতে আর সন্দেহ নাই। এই খাল কাটিতে ইংরাজদিগের যে কত স্থবিধা হইবার কথা, আশ্চর্য্য তাঁহা পামর্ট্রন বুঝিতে পারেন নাই। ভাঁহার অভিবন্ধকাচরণে এই ব্যাপারের সমস্ত অনুষ্ঠানভার করাশিস্পিরের হাতে আসিরা পড়িল এবং অবশেষে এই স্থারেজ-খালটি ফরাশিস্দিগেরট **हित्रखन** कीर्खि-खवाश-क्राण खवाहिक इंडेन।

লেদেপের প্রথম হইতেই ইচ্ছা ছিল বে, পৃথিবীর সকল জাতিই সমানরপে এই থালের ফল ভোগ করে। এই জন্ম, যে সম্ভয়সমূখান-সম্প্রদায় স্থাপিত হয় তাহার তিনি "মুয়েঞ্চের বাণিজ্য-থালের সর্বজাতি-সাধারণ কোম্পানি" এই নামটি প্রদান করেন। চুক্তিপত্তে এইরূপ সর্স্ত ছিল যে, "কোন ব্যক্তি বিশেষের কিম্বা জাতি-বিশেষের কোনরূপ প্রাধান্ত না দিয়া বাণিজ্ঞা জাহাজ মাত্রেই নির্বিশেষে এই খালে যাতায়াত কবিতে পারিবেক"—আরও, "এই কোম্পানি কোন জাহাজ্বকে—কোন সম্প্র-দায়কে কিম্বা কোন ব্যক্তিকে এরূপ কোন স্থবিধা কিম্বা ক্ষমতা দিবেন না যাহা অক্ত জ্বাহাজদিগকে প্রদত্ত হয় নাই"—মিসরের শাসনকর্তার সহিত এইরূপ বন্দোবন্ত হট্যাছিল যে, খালের ছুইধারে কিরৎ পরিমাণ ভূমি ৯৯ বৎসরের জন্ম ঐ কোম্পানির অধিকারে থাকিবে। এই রূপে কোম্পানি স্থাপিত হইলে এবং ২৫ হাজার ফরাশিদ স্বাক্ষরকারী এবং মিসরের গভর্ণমেণ্ট-কর্ত্তক টাকা সংগ্রহ হইলে পর, ১৮৫৯ খুষ্টাব্দের এপ্রিল মাসে খালের কার্য্য আরম্ভ হয়। এই খালের উদ্দেশে আবার নানা আরুষঙ্গিক কার্য্যের অনুষ্ঠান আরম্ভ হইল। বন্দর, দীপ-মন্দির, সহস্র সহস্র শ্রমজীবীদিগের বাসস্থান-প্রভৃতি অধুনাতন সভ্যতার যাহা কিছু উপকরণ তৎসমস্তই এই মক্ষভূমিতে আনীত হইল—সেই যেখানে পূর্বের একটি ঘাদ কিয়া এক বিন্দু জলও পাওয়া যাইত না। किन्छ नारव्रम व्यवः छाँशांत छेखताधिकाती हेन्मावन यमि वहे दृहद ব্যাপারে যথোচিত সাহায্য না করিতেন, তাহা হটলে কিছুই হইয়া উঠিত না। যেখানে কোম্পানি ইসুমেলিয়া-নামক নগর নির্মাণ করিয়াছিলেন সেই মধ্যবতী স্থানে নীল-নদী হইতে "মিঠে" ৰল আনিবার জন্ত ২৫ ক্রোশ দীর্ঘ আকারের একটি খাল কাটিতে হইয়াছিল। এই খালটি কাটিবার জন্ত, পাশা ৮০ হাজার লোক সংগ্রহ করিয়া দেন। সামৃত্রিক থাল কাটিতে গিয়া আরও এক বৃহৎ কাণ্ড উপস্থিত হইল।

১৮ হাজার অশ্ব-বল-পরিমাণের বাষ্পবলে চালিত হইয়া. প্রতিমাদে ১২ হাজার টন করলা পুড়াইয়া, ২৮৫টা মাটি-কাটিবার যন্ত্র অবিরাম চলিতে লাগিল। এই বৃহৎ ব্যাপারটি সম্পন্ন করিবার জন্ম যে কত শ্রম, কত উদাম, কত অর্থবায় করিতে হইয়াছিল তাহা ভাবিতে গেলে আশ্রহী হইতে হয়। মনে করিরা দেখ, সমুদ্র হইতে সমুদ্র পর্যান্ত ১৯ মাইল দীর্ঘ এবং বৃহৎ জাহাজ চলিতে পারে এরপ প্রশস্ত এবং গভীর একটি থাল, কঠোর বালুমর মরুভূমি হইতে কাটিরা প্রস্তুত করিতে হইবে—এই প্রকাণ্ড ব্যাপারটি ভাবিতে গেলে কি মন স্তম্ভিত হইয়া যায় না ? প্রতিমাদে ইহার যে মাটি কাটাই হইত তাহা পরিমাণে ২৭৬০০০০ Cubic yard হইবে। লেসেপ তাঁহার পাারিসের শ্রোত্যগুলীর নিকট বলিয়াছিলেন-"যে মাটি কাটাই হইত তাহা পরিমাণে এত অধিক যে মাাড্লিন-হইতে বাস্টিই-পর্যান্ত সমন্ত "বুলবার"-স্থিত (Boulevard) বাড়ীর একতালা পর্যান্ত উহার দ্বারা একেবারে আচ্চন্ন হইয়া যাইতে পারে।" তিনি আরও বলেন—"যে সকল সাহসী পুরুষ ও বিজ্ঞানবিৎ পণ্ডিত এই বুহৎ ব্যাপার সম্পন্ন করিবার জ্বন্স শ্রাকার করিয়াছেন তাঁহাদিগের যাহা উচিত প্রাপ্য তাহা যেন আমরা উাহাদিগকে দিই।"

খাল কর্ত্তনে ও তাহার আমুষ্ণিক কার্য্য সকল শেষ করিতে সার্ক্ত দশ বৎসর লাগিয়াছিল। লেসেপ সমস্ত কাল সঙ্গেসজে থাকিয়া, বখন নে বাধাবিদ্ধ উপস্থিত হইয়াছে, কিয়পে তাহা অভিক্রেম করিতে হইবে বরবের তাহার পরামর্শ ও উপদেশ দিয়া আসিয়াছিলেন। অব-শেষে খাল খুলিবার দিন উপস্থিত হইল। ১৮৬৯ খুষ্টাব্দে নবেদ্বর মাসে তৎকালীন ফ্রান্সের সমাজী মুজেনি এবং অন্তান্ত নিমন্ত্রিত ব্যক্তি-গণের সমক্ষে মহাসমারোহ-সহকারে খাল খোলা হইল। এত দিনের পর, জ্বেসেপ্রে মনস্কামনা পূর্ণ হইল —তাঁহার মহাস্থপ্র সফল হইল। যাহাতে জ্বাহাজের অভ্যস্ত ভিড় হইয়া গতিবিধি বন্ধ হইয়ানা যায়

এই আশস্কায় জাহাজের যাতায়াত পক্ষে কতকগুলি কড়াকড় নিয়ম নির্দারিত হইল। তাহার মধ্যে এই একটি নিয়ম হইল যে, ১৬ দটো ধরিয়া জাহাজের গতিবিধি হইবে, তাহার অধিক নহে। ছুই সমুদ্রের সমতল সমান নহে বলিয়া পুর্বেষে আশক্ষ হইয়াছিল, তাহা নিতান্ত অমু-লক। তুই প্রান্তের স্রোত প্রায় সমানরূপে প্রবাহিত হয়; তবে লোহিত সমুদ্র হুইতে যে জল আইদে তাহার একটু স্রোতোবেগ অধিক। কিন্তু উত্তর দিক হঁইতে যে বায়ু প্রবাহিত হয় তাহার বেগে এই স্রোতোবেগ মন্দীভূত হুট্যা যায়; স্কুতুরাং নোচালনের কোন অস্কুবিধা হয় না। বালি ভাসিয়া আসিয়া খালকে বুজাইয়া ফেলিবে—এই যে আর একটি ভয় ছিল, তাহার ও বিশেষ কারণ দেখা যায় না। "মিঠে"-জ্বলের যে খালট কাটা হইয়াছে তাহার ছই ধারে বরাবর বৃক্ষ রোপণ করা হইয়াছে। এট বৃক্ষগুলি বড় ২টলে মেঘকে ঘনীভূত করিয়া বৃষ্টি আকর্ষণ করিয়া আনিবার পক্ষে পরে সহায়তা করিতে পারে। অতএব আমাদের বিলক্ষণ ভরদা হয়, অনতিকাল মধ্যেই এই বিস্তীৰ্ণ মক্ত্মি ফলবতী হটয়া ফলফুলে সুশোভিত হটবে। এই থাল থোলা অবধি এমন একবারও হয় নাই যে জাহাজের যাতায়াত একেবারে স্থগিত হইয়া গিয়াছে। বাণিজ্যের স্থগমতা-পক্ষে পূর্বে যে আশা করা হইয়াছিল ত।হার অধিক ফললাভ হইয়াছে। বণিকেরা এবং পোত-স্বামীরা একণে বুঝিতে পারিয়াছেন তাঁহাদের কত স্থবিধা হঠয়াছে। ভারতবর্ষ ও ইংলত্তের মধ্যে যাতায়াত শীঘ্র হওয়ায় জিনিদের ভাংচুর ও ক্ষর কমিয়াছে, সাধারণ ব্যয়ের লাঘ্য হইয়াছে এবং ইন্স্থারেন্সের সাশ্রয় হইয়াছে। এই সকল স্থবিধার বিনিময়ে কোম্পানিকে জাহাজের মাস্থল এবং অভান্ত থর্চা দিতে হয়। দিন দিন এত জাহাজের গতিবিধি বুদ্ধি হইতেছে যে আর এ খালে সংকুলান হয় কি না সন্দেহ। হয় তো আর কিছু দিন পরে ইহার পরিদর বৃদ্ধি করিবার কথাও উত্থাপিত হইবে।

मभूज निया (পার্ট-দারেদের নিকটবর্ত্তী হইলে দেখা যায় যে, সারি সারি জাহাজ দাঁড়াইয়া আছে, এবং বন্দর ও খালের ভিতর প্রবেশ করিবার কখন তাহাদিগের পালা আইসে-তাহারই জন্ম অপেক্ষা করিতেছে। কোম্পানির নিরমাত্মারে, সকল জাহাজ একত খুলিয়া যাইতে পারে না—এক-একটি করিয়া পর্য্যায়ক্রমে খুলিয়া যায়। আবার বিপরীত দিক হুইতে কোন জাহাজ আসিলে কোন-কোন স্থানে অপর দিকের জাহাজকে কিছুকাল থামিতে হয়। স্থয়েজ-খালের বাণিজ্য-বিবরণে দেখা যায় যে, ৩৩টা জাহাজ এক দিনের মধ্যে খালের মধ্য দিয়া গিয়াছে। २१ जूलांटे ১৮१৫ थृष्टीरक 8०२ है। ज्ञाहाक, थालात इत्र ध-िक, नत्र ণ্ড-দিক হইতে যাতায়াত করিতে দেখা গিয়াছে। যে সকল **জাহাজ** পাল দিয়া যাতায়াত করে তাহার অধিকাংশই ইংরাজদিগের। যদি সর্বশুদ্ধ ২৫টা জাহাজ ধরা যায় তবে তন্মধ্যে ১৮টা ইংরাজদিগের হইবে। ফলত: যে জাতির গভর্ণমেণ্ট, খালের প্রস্তাবটিকে একেবারে ফুঁ-দিয়া উড়াইয়া দিয়াছিলেন, সেই জাতিই এক্ষণে খালের অধিক ব্যবহার করি-তেছেন। ১৮৮৩ খুষ্টাব্দে যে সকল জ্বাহাজ খালের মণো দিয়া যাতায়াত করে তন্মধ্যে ইংরাজদিগের ৮১০, ফরাশিস্দিগের ৮৩৭, ও অষ্ট্রীয়দিগের এবং অস্তান্ত জাতীয়দিগের অপেকাক্কত অনেক কম। এই স্বয়েজের খালে ইংরাজদিগের বাণিজ্যের কত স্থবিধা হইয়াছে তাহা লেসেপ ্চক্ষে অঙ্গুলি দিয়া দেখাইয়া দিয়াছেন। তিনি বলেন "মনে কর একটি জাহাজ বোম্বাই হইতে ছাড়িয়া সুয়েজখাল দিয়া লিবরপুলে আসিয়া উপনীত হইল এবং সেখানে তাহার তুলার বোঝাই নামাইয়া দিল। তৃখনই সেই তৃলা মানচেষ্টারে চালান হইয়া কাপড়ে পরিণত হর্যা আসিল। ৯ দিন পরে সেই একই জাহাজ্ব ঐ কাপড়ের বোঝাই লইয়া স্থাক-খালের পথ দিয়া আবার ভারতবর্ষে প্রত্যাগমন করিল। এইরূপে দেখা গিরাছে, ৭০ দিনের মধ্যে ভারতবর্ষ হইতে তুলা লইরা: তাহাকে কাপড়ের আকারে পরিণত করিয়া আবার ভারতবর্ষে ফিরিয়া পাঠান যায়।" এতদ্বাতীত ইংলণ্ডের কোন বিপদ হইলে এখান হইতে সিপাহিসৈম্ম শীঘ্র চালান করিবার পক্ষে খালের পথ কেমন উপকারী তাহা এইবার বেশ দেখা গিয়াছে।

প্রথমে বখন খালের প্রস্তাব হয় তখন ৪ কোটি টাকা ইহার আমুমানিক বায় নির্দারিত হয়; কিন্তু এক্ষণে ইহার নিয়মিত খরচ দ্বিগুণ পড়িয়া গিয়াছে—এত্বাতীত স্থয়েজ-বন্দর প্রভৃতিতে ইজিপ্টের অনেক বায় হইয়া গিয়াছে। অংশ (share) বিক্রয় এবং কর্জ্জ করিয়া দে মূলধন উঠান হয় তয়াতীত খাল পরিস্কার রাখিবার জন্ত কর্দম উঠাইতে ও খালের পাড় প্রস্তানির দ্বারা বাঁধাইতে বিপুল অর্থ অজ্ঞ বায় হইতেছে। বিশেষতঃ পোর্ট সায়েদে খালের মুখ পরিকার করিয়া রাখিবার জন্ত সর্ব্বাপেক্ষা অধিক বায় হয়। কারণ, নীল-নদ হইতে কর্দম, স্রোতে পরিচালিত হইয়া সমুদ্রের এই ভাগে আসিয়া সঞ্চিত হয়, এবং উত্তরের বাতাসে উহা তীরে নিক্ষিপ্ত হয়। এই সমস্ত কারণে, নিজ খালের বাবসায়ে তেমন লাভ নাই; কিন্তু এই খালের পথটি উন্মুক্ত হওয়ায় সাধারণ বাণিজ্যের যে প্রভৃত উন্নতি হইতেছে তাহাতে আর সন্দেহ নাই; এবং এই মহৎ উপকারের জন্ত, পৃথিবীর তাবৎ জ্বাতিই সেই ফরাশিস্ মহাপুরুষ লেগেপের নিকট চির-ঋণে আবেছ।

ভারতবর্ষীয়দিগের রাজনৈতিক স্বাধীনতা।

পারিস্-নগর-প্রবাসী কোন অধ্যয়ন ও অধ্যাপনশীল শ্রেষ্ঠ কুলোম্ভব হিন্দু যুবক সম্প্রতি আদিব্রাহ্মসমাজের সভাপতি মহাশয়কে যে একথানি পত্র লিখিয়াছিলেন ও সেই পত্র-সম্বলিত রাজনৈতিক স্বাধীনতা ও ভারত-বর্ষীয়দিগের ছারা তৎলাভের বিশিষ্ট উপায়-সম্বন্ধে ইংরাজি ভাষায় যে একটি যুক্তিগর্ভ উৎক্কৃষ্ট প্রবন্ধ প্রেরণ করিয়াছিলেন তাহা গত আশ্বিন মাসের তত্ত্ববোধিনী-পত্রিকায় প্রকটিত হইয়াছে। এই প্রবন্ধটি শিক্ষিত ভারতবাসী মাত্রেরই মনোযোগের সহিত পাঠ করা উচিত। তিনি যাহা বিলিয়াছেন তাহা অতি উপাদেয় ও সময়ের উপ্যোগী।

তিনি বলেন "ইহা অতি স্থথের বিষয় যে, শিক্ষিত ভারতবর্ষীয়দিগের মনে আজকাল একটি স্বাধীনতার ভাব উদ্বোধিত হইতেছে
এবং এই ভাবটি আমরা ইংরাজদিগের নিকট হইতেই শিক্ষা
পাইয়াছি। ইংলণ্ডের সংস্রবে যদি আমরা আর কোনও উপকার
না পাইয়া থাকি, অন্তত এই উপকারটি আমাদের সকলকেই মুক্তকণ্ঠে
স্বীকার করিতে হইবে। কিন্তু এই যে জাতীয় স্বাধীনতার ভাব
ভারতবর্ষীয়দিগের মুধ্যে ক্রমশঃ প্রস্ফুটিত হইতেছে, ইহাতে আমাদের যতই
আহলাদ হউক না—আমাদের আর একটি দিক আলোচনা করিয়া
দেখা উচিত। যে সকল নিয়ম পালন না করিলে রাজনৈতিক স্বাধীনতা
লাভ করা বায় না, সেই সকল নিয়ম পালন পক্ষে আমাদের কভদুর চেটা
হইতেছে
থবনতা কেবল সভা-সমিতিতেই স্বাধীনতা-সম্বন্ধে মহাআড্মারে বক্তৃতা হইতেছে—সংবাদ-পত্রে অনর্গল লেখা চলিতেছে এবং
কবিতা নাটকের ছড়াছড়ি হইতেছে—কিন্তু কান্ধে কি হইতেছে
থবাদিগের স্বদেশ-বৎসলদিগের দেশাত্ররাগ কি শুদ্ধ বাক্ষেই বদ্ধ
বাকিবে
থ বক্তৃতা কবিতা প্রশ্নতির উপকারিতা আছে বটে, কিন্তু উহাই

কি যথেষ্ট १—উহার সঙ্কেশকে কার্য্য চাই। যে সকল উপায়ে স্বাধীনতা লাভ হইতে পারে, তাহা অবলম্বন করা আবশ্রক। স্বাধীনতা লাভের যে সকল নির্দিষ্ট অকাট্য নিয়ম আছে অত্যে তাহার অনুসরণ করা কর্ত্তর।" অবিকল অনুবাদ না করিয়া আমরা তাঁহার প্রাবদ্ধের প্রথমাংশের সুল মর্ম্ম ব্যক্ত করিলাম। এবং এপর্যান্ত তাহার সহিত আমাদের মতের সম্পূর্ণ ঐক্য আছে। কিন্তু তার পরেই তিনি এই মর্ম্মে বলিতেছেন যে "জ্বের যার মূলুক তার" কিম্বা "বল যার অধিকার তার" এই নিয়মটি উদ্ভিদ্-জগতে, জীব-জগতে, এমন কি সমন্ত প্রকৃতির মধ্যে কার্য্য করিতেছে। বলবান্ ছর্বলের স্থান অধিকার করিবেই করিবে। ডার্উইনের প্রাকৃতিক নির্বাচনের নিয়মই এই। এই নিয়মটি বেমন প্রকৃতির মধ্যে, তেমনি মনুব্যসমাজে বিলক্ষণ থাটে। ইতিহাস তাহার সাক্ষ্যস্থল। যাহার বল আছে তাহারই অধিকারের ক্যা মথে আনিবার অধিকার আছে।

"Only he dares speak of right or rights who has might, exclaims she in her book of revelations which we term History"

প্রকৃতি জননী অথবা ইতিহাসের এই শাসন-বাকা যিনি লজ্জ্বন করিতে সাহসী হন তিনি তাহার ফলভোগ করেন--- অবাধা শিশুর স্থায় বেত খাইয়া আবার সিধা পথে ফিরিয়া আইসেন। "কিন্তু আমরা লেথক মহাশরের এই মতের সহিত সম্পূর্ণরূপে সায় দিতে পারি না। "জার যার মূলুক তার'—এই নিয়ম উদ্ভিদ্-জগতে, পশু-জগতে এবং পশুবৎ অপূর্ণ পূর্বতন মানব-সমাজে খাটতে পারে, কিন্তু স্থানত প্রতিষ্ঠ মহুষ্য-সমাজে এ নিয়ম শোভা পায় না। এই নিয়মের নেতৃত্ব ও উচিত্য স্বীকার করিলে সভ্য-সমাজের একেবারে ভিত্তিমূলে আঘাত করা হয়। এই নিয়মানুসারে সম্পূর্ণরূপে চলিতে গেলে অরাক্ষকভা

বিশুঝ্লতা উপস্থিত হইয়া সমাজ-বন্ধন একেবারে ছিল্লবিচ্ছিল হইয়া যার। এ নিরমকে প্রশ্রর দিলে চৌর্যা দক্ষাতা প্রভৃতি সর্বপ্রকার ষ্মত্যাচারকৈ প্রশ্রা দেওয়া হয়। এক জ্বন বলবান দহ্যা এক জ্বন তুর্বলের ধন বলপূর্বক অপহরণ করিলে সেই ধনে কি ঐ দস্থার অধিকার জন্ম ? "বল যার অধিকার তার"—এই নীতি-স্থতটি মানিতে গেলে ঐ দস্থার অপহাত দনে অধিকার আছে বলিয়া স্বীকার করিতে হয়। কিন্তু কোন সহাবয় ব্যক্তি ইহা স্বীকার করিবেন ? সেইরূপ যদি কোন বলবান জাতি কোন হুর্বল জাতির দেশ কাড়িয়া লয়, তাহা হুইলে সেই জাতি কি দস্থাতা-অপরাধে অপরাধী নহে ? এক জন সামান্ত দস্থার সহিত তাহার প্রভেদ কি ? -- সংখ্যায় অধিক এই মাত্র। ব্যক্তিগত সম্পত্তি-অধিকারের যে মূল নিয়ম, জাতিগত সম্পতি-অধিকারেরও যে সেই একই মূল-নিয়ম, তাহাতে আর সন্দেহ নাই। যে দেশের যে অধিবাসী, সেই দেশ সেই অধিবাদীদিগেরই স্বাভাবিক ন্যায্য সম্পত্তি। এইরূপ যদি দেশ-অধিকারের ক্রায়-সঙ্গত একটি স্বাভাবিক নির্দিষ্ট সীমা না থাকে. বলই যদি অধিকারের নিয়ম হয়—ভাহা হইলে পুথিবীতে যুদ্ধ-বিগ্রহের আর অবণি থাকে না। যুদ্ধানল চিরকালই প্রজ্ঞলিত থাকে—"সভ্যতা" বলিয়া একটি শব্দ আর মানব-ইতিহাসে কুত্রাপি স্থান পায় না।

মানব-সমাজের সভাতা বা উন্নতির ইতিহাসকে তিনটি কালে বিভক্ত করা-যাইতে পারে।

প্রথম।—সংগ্রাম-প্রধান কাল।
বিভীয়।—স্বার্থ-প্রধান কাল।
তৃতীয় — ভ্রায়-ধর্ম-প্রধান কাল।
আর এক কথায়:—
প্রথম।—ভামসিক কাল।
বিভীয়।—বাক্সিক কাল।

তৃতীয়।—সাত্ত্বিক কাল।

সাংগ্রামিক কালের বছ পুর্বের যে কাল, সে কাল মহুষ্য-সমাজ্বের ইতিহাসে ধর্ত্তবাই নহে--্যেহেতু সে সময়ে মহুষ্যের সমাঞ্চ-বন্ধন আদৌ হয় নাই। যথনি জনসমাজে রীতিমত যুদ্ধ-বিগ্রহ আরম্ভ হয়, তথনই বুঝা যায় মহুষাদিগের মধ্যে একটি সম্মিলনের ভাবও উৎপন্ন হইয়াছে, কারণ বিনা-সন্মিলনে কোন বৃহৎ যুদ্ধ-ব্যাপার কখনই সংঘটত হইতে পারে না; এবং যখনই মুমুষ্যের মধ্যে এইরূপ সন্মিলন আরম্ভ হর, তখনই বুঝা যায়, সমাজ্ব-বন্ধনের কার্য্যও আরম্ভ হইরাছে। সেই সাংগ্রামিক-কালে যখন কোন জাতির মধ্যে কোন বলবান পুরুষ উত্থিত হইয়া কতকগুলি লোককে আপনার কর্তৃত্বাধীনে আনিয়া শুদ্ধ আপনার প্রভুদ্ধ বিস্তার করিবার জ্বন্ত, কিম্বা কোন নীচ প্রবৃত্তি চরিতার্থ করিবার জ্বন্ত, অন্ত জাতির সহিত সংগ্রামে প্রবৃত্ত হইত, তথন প্রধানত: শারীরিক বলেরই প্রতিযোগিতা ছিল। এই যুদ্ধ-বিগ্রহের দ্বারা সে সময়ে মতুষ্য-সমাজের অনেক উপকার সাধিত হইরাছিল। ইহার ছারী মানৰ-সমাজের বিভিন্ন জাতিদিগের মধ্যে প্রথম সংমিশ্রণ আরম্ভ হইল, বলের প্রতিযোগিতায় বলের বুদ্ধি হইল, পরস্পরের ভাল পরস্পর অমুকরণ করিতে লাগিল, জেতৃজাতি বিজিত জাতির নিকট কতকটা উপকার লাভ করিল এবং বিধিত জাতিও জেতৃশ্বাতির নিকট অনেক বিষয়ে উপক্লত হইল। সংগ্রামে অনেক অশুভ ফল সন্ত্রেও স্কল কালেই বিশেষতঃ অসভাকালে ইহারও যে বিশিষ্ট উপকারিতা আছে তাহা কে না স্বীকার করিবে ? এই যুদ্ধ-বিগ্রহ হইতেই বিভিন্ন জাতি-দিগের মব্যে সম্মিলন আরম্ভ হয়, বাণিজ্যের স্থত্রপাত হয়, জাতীয় স্বার্থভাবের প্রথম সঞ্চার হয়, এবং এইরূপে জনসমাজ সভাতার হিতীয় সোপানে উথিত হয়।

সভ্যতার এই দ্বিতীয় কাল, জাতীয় স্বার্থের কাল। সাংগ্রামিক

কালের লোকে যেঁরপ প্রধানতঃ নীচপ্রবৃত্তির অধীন হইয়াই অশু জাতির সহিত সংগ্রাম করে, যুদ্ধের জন্মই যুদ্ধ করে, রক্তের পিপাস্থ হইয়াই রক্তপাত করে, একালের লোক দেরপ করে না। একালে যুদ্ধ-বিগ্রহ উচ্চতর স্থার্থের অধীন। স্বজাতীয়দিগের জন্ম ধন লাভের পদ্ধা বাহির করিবার নিমিত্ত, বাণিজ্যের স্থারিধার নিমিত্ত, এক-কথায় উচ্চতর স্থার্থের নিমিত্তু যদি যুদ্ধ-বিগ্রহ আবশ্রক হয়, তবেই এই কালের লোক যুদ্ধ-বিগ্রহে প্রবৃত্ত হয়।

ক্রমে পৃথিবীতে যত জ্ঞান ধর্মের উন্নতি হয় তত্ত বাজিগত নীচ প্রবৃত্তি সকল মন্দীভূত হয়, জাতিগত অতিরিক্ত স্বার্থপরতার হ্রাস হয়, তথন এক জাতির স্বার্থ অপর জাতির স্বার্থের সহিত বিরোধী হয় না, প্রভূতে সকল জাতিরই এক স্বার্থ হইয়া উঠে; তথন আয়, ধর্মা, মঙ্গলের অথও রাজত্ব পৃথিবীতে স্থাপিত হয়; তথন আর শারীরিক বলের প্রতিদ্বন্দিতা থাকে না, তথন পৃথিবীর সকল জাতিই পরস্পরের সহিত সৌহার্দ্দা-স্ত্রে আবদ্ধ হইয়া পৃথিবীতে নির্ভয়ে স্কথে সঞ্চরণ করে। কিন্তু এই আয়-ধর্ম-প্রধান কাল, এই স্বাহ্নিক কাল, এই সভাকাল, এই স্বর্গীয় কাল, পৃথিবীতে সম্পূর্ণরূপে আবিভূতি হইতে এখনও বছবিলছ আছে;—এত বিলম্ব যে, সে এখন আমাদের কল্পনাতেও আইসে না। কিন্তু সমস্ত মানব-সমাজের গতি যে ঐ দিকে, তাহার নিদর্শন এখন হইতেই দেখা বাইতেছে।

সমগ্র পৃথিবী যত দিন না সভাতার এক-সমভূমিতে দণ্ডায়মান হইবে, ততদিন এই স্থায়-ধর্মের কাল পৃথিবীতে সম্পূর্ণরূপে আবিভূতি হইবে না। পৃথিবীর একাংশে যদি এই জ্ঞান-দর্ম-কাল আবিভূতি হয়, আর অস্তভাগে যদি সাংগ্রামিক কাল কিছা স্থাপকাল বর্ত্তমান থাকে, তাহা হইলে, ষে অংশে জ্ঞান-ধর্ম-কালের আবিভাব হইয়াছে, সে কালটি সেখানে কখন বছদিন স্থায়ী হইতে পারে না। পুর্বতন ভারতবর্ষ তাহার দৃষ্টাস্কস্থল।

পূর্ব্বতন ভারতবর্ষে ধর্ম-মূলক সভ্যতার প্রথম আভাস, প্রকাশ পাইয়াছিল। তৎকালীন হিন্দুগণ এই সার ব্রিয়াছিলেন বেং "যতোধর্মন্ততোজয়ঃ"। তাঁহারা মনে করিয়াছিলেন আয়-ধর্মের বর্মে তাঁহারা
ম্বর্মিত আছেন, বিদেশীয় লোক আসিয়া যে তাঁহাদিগের দেশ আবার
আক্রমণ করিবে, এ কথা তাঁহাদের মনে আদে) উদয় হর নাই, তাঁহারা
দিব্য নিশ্চিম্ভ ছিলেন, পার্থিব বিষয়ে বড় মনোযোগ দিতেন না, পারুমার্থিক বিষয় লইয়াই বাপ্ত থাকিতেন। বিদেশীয় আক্রমণ প্রক্তিরোধ
কশ্বিবার জন্ম তাঁহারা পূর্ব্ব হইতে রীতিমত প্রস্তুত ছিলেন না, স্থতরাং
তাঁহারা বিদেশীয়দিগের হস্তে সহজে পরাভূত হইলেন। এই আক্রমণের
ফল এই হইল,বৈদেশিকেরা স্থানত্য হিন্দুদিগের সংস্রবে সভ্যতা সোপানের
এক ধাপ উপরে উথিত হইল—এবং স্থান্ডত হইয়া গেল।

সভাতার ইতিহাস পাঠে এই একটি বিষয় শিক্ষা পাওয়া যায় যে, পৃথিবীর কোন অংশের কোন জাতি পৃথিবীর অন্তান্ত জাতিদিগকে বছ পশ্চাতে রাথিয়া আপনি একাকী অত্যন্ত ক্রতগতি উন্নতির পথে অগ্রসর ইইতে পারে না—তাদৃশ ক্রতগতি অগ্রসর ইইতে গেলেই আবার পতন হয়। সমগ্র পৃথিবীকে সভাতার সমভূমিতে আনয়ন করিবার জন্ত প্রকৃতি-দেবীর নিয়ত চেন্তা। গ্রীকেরা যথন সভাতার চূড়ান্ত সীমায় উথিত হয় — রোমকেরা আসিয়া তাহাদিগের দেশ জয় করে এবং গ্রীকদিগের দংশুবে রোমকদিগের সভাতা বৃদ্ধি হয়; আবার যথন রোমকেরা সভাতার চূড়ান্ত সীমায় উথিত হয়—গথ, ভাগুল প্রভৃতি উত্তরপ্রদেশীয় জ্বাতিগণ তাহাদিগকে জয় করে, এবং বিজিত রোমকদিগের সংশ্রবে তাহারা আবার সভ্যতা-পথের পথিক হয়। এইরূপ পৃথিবীর ইতিহাসে এক দিকে পতন, আর এক দিকে অন্তাদর, এক দিকে অবনতি, আর এক দিকে উন্নতি নিয়ত দেখিতে পাওয়া যায়। কোন পাত্রে জল রাথিয়া অয়িতে জাল

দিলে যেমন পাত্রন্থ নিম্ন জলের জ্বলরাশি কিঞ্চিৎ উক্ষ ইইলে উপরিভাগে উপিত হয়—তাহার স্থান আবার অবাবহিত উপরিস্থ অপেক্ষাক্কত শীতল জ্বল্ডবক আদিয়া অধিকার করে—এইরপ প্রক্রিয়ায় যেরপ ক্রমে-ক্রমে সমস্ত জ্বলরাশির উষ্ণতা সমান ইইয়াপড়ে, সেইরূপ সভাতাও ক্রমে-ক্রমে পৃথিবীর সর্বাংশে সমানরূপে বিস্তৃত ইইবার জন্ম নিয়ত চেষ্টা করিতেছে।

"বল বার অধিকার তার" এই নীতিস্তাটির বিষয় আলোচনা করিতে গিয়া আমরা অনেক দূর আসিয়া পড়িয়াছি। যদিও ইদানীস্তন ইউরোপে এই নিয়মটি পূর্বতন সাংগ্রামিক কালের স্থায় প্রবল নহে, তথাপি এই নিয়মটির কার্যা এখনও দেখানে বিলক্ষণ দৃষ্ট হয়। এখন শুদ্ধ যুদ্ধের ক্ষন্তই যুদ্ধ হয় না, জাতীয় স্থার্থের উদ্দীপনায় যুদ্ধানল প্রজ্ঞাব করিয়া-ছিলেন যে, ইউরোপের সকল রাজ্যের নিদিষ্ট সৈক্ত-সংখ্যার লাঘ্ব করা হউক, কিন্তু তাহাতে কেহই সম্মত হয়েন নাই, এবং তাহার অব্যবহিত পরেই ফরাসিন্ জ্মাণ যুদ্ধ বাদিয়া উঠে। অতএব দেখা যাইতেছে বল যার অধিকার তার' এই নিয়ম এখনও মনুষ্য-সমাজ হইতে তিরোহিত হয় নাই।

কিন্তু লেখক মহাশয় তাঁহার প্রবন্ধের স্থানে স্থানে এই নিয়মটি সম্বন্ধে থেরপ ভাবে লিথিয়াছেন তাহাতে হঠাৎ এইরপ প্রতীতি হয় যেন তিনি ঐ নিয়মটির উৎক্রন্ততা ও চিরস্থায়িতা প্রতিপাদন করিবার চেন্তা করিছেনছেন। তিনি এক স্থলে বলিয়াছেন :— * * * * * In these Nature once more asserts her eternal law, once more gives the Hero who reigns not by the so called right of conventional inheritance but of Might which alone gives you the right!"

"And look how the nation blooms and flourishes once more under the sway of its just rightful king, because chosen by Nature on account of his acknowledged might and therefore his inviolable right to rule,"

আমরা এই বলাধিকারের নিয়মকে উৎক্ট নিয়ম বলিতে পারি না-এই নিয়মানুসারে চলিতে কাহাকে উপদেশ দিতে পারি না। মানব-সমাজের অপূর্ণতা-হেতৃই এই নিয়মটির অন্তিত্ব—ইহাকে আমরা কখন স্নাতন (Eternal law) নিয়ম বলিতে পারি না। স্থায়ের নিয়মই সনাতন নির্ম। বলাধিকার-নিয়মের উৎক্রইতা স্বীকার করিলে-আমরা পুর্বেই বলিয়াছি--যুদ্ধ-বিগ্রহের আর অবধি থাকে না, স্কুতরাং मछाठात গতি একেবারে রুদ্ধ হইয়া যায়। বলই যদি অধিকারের নিয়ম হয়, তাহা হইলে কোন রাজ্যেরই শাসন-কার্য্য স্থায়ী পত্তন-ভূমিতে প্রতিষ্ঠিত হইতে পারে না; দণ্ডে দণ্ডে রাজ-শাসনের পরিবর্ত্তন হয় : আজ এক রাজা এক রাজাকে বলপূর্বক সিংহাসনচাত করিল-কল্য আর এক জন প্রবলতর রাজা আসিয়া বলপূর্বক তাহার স্থান আবার অধিকার করিল; প্রত্যেকেই প্রতীক্ষা করিয়া আছে-যখনই তাহার ক্ষমতা হইবে অমনি সে আর এক জনের বস্তু বলপুর্বাক অপহরণ করিবে। এই জন্মই সভাতার উন্নতির সঙ্গে সঙ্গে রাজ্য-শাসন-সম্বন্ধে এই সাধারণ নীতিট প্রবর্ত্তিত হইয়াছে—যে দেশের যে চিরস্কন রীতি, সেই রীতি-অফু-সারে সাধারণ প্রজ্ঞাদিগের ব্যক্ত কিম্বা অব্যক্ত সম্মতি-ক্রমে সেই দেশের রাজা কিম্বা শাসনকর্ত্তা কিম্বা শাসনকর্ত্তগণ সেই দেশের শাসন-ভার প্রাপ্ত হয়েন। যতক্ষণ না তাঁহারা স্থায়ের নির্ম লঙ্ঘন করেন ততক্ষণ তাঁহারা স্বীয় অধিকার হইতে বিচাত হইতে পারেন না—অক্ত দেশের লোক প্রজাদিগের বিনা সম্মতিতে বনি দেই দেশ আক্রমণ করে, তাহা হইকে তাহারা সেই দেশের অন্ধিকারপ্রবেশী শক্ত বলিয়া পরিগণিত হর :

ভাহারা বলপুর্বক ঐ দেশ অধিকার করিলেও ঐ দেশে তাহাদিগের যে ক্সায়া অধিকার, ক্যায়া স্বস্তু বর্তিয়াছে এরপ বলা যাইতে পারে না। রা**জ** নীতি-সম্বন্ধে এইরূপ একটি নিদিষ্ট সীমা নিরূপিত হটয়াছে বলিয়াই পূর্ব-তন সাংগ্রামিককাল অপেক্ষা ইনানিস্তন সভ্যা-সমাজে যুদ্ধ-বিগ্রহের ক্রমশঃ হ্রাস হইতেছে। লেখক মহাশয় এক স্থলে বলিয়াছেন ;-- " Abundant blessings flow to the conquered inspite of the bloody resistance they might offer or curses and imprecations they might heap on their hated conquerors"-অনেক সময় পরাজিত জাতি জেতুজাতির নিকট বছবিশ উপকার প্রাপ্ত হয় সভা, ভাহা আমরাও স্থীকার করি এবং সে বিষয় আমরা পুর্বে উল্লেখ ও করিয়াছি। কিন্তু তাই বলিয়া "বল যার অধিকার তার" এই নিয়মটিকে কখনই উৎক্ট নিয়ম বলিয়া স্বীকার করিতে পারি না। এক জন দ্ব্যু এক জন ত্র্বলের গন অপহরণ করিয়া দীনতঃখীগণকে দান করিতে পারে, তাহা বলিয়া সে যে দফ্যতা-অপরাধে অপরাধী নহে, কিম্বা সে যে সমাজের নিকট দণ্ডনীয় নহে, এ কথা কেহট স্বীকার করিবে না। জ্বাদবিধাতার কার্যাপ্রণালীত এইরূপ যে, তিনি অভভ ঘটনা হইতেও কিঞ্চিৎ শুভ উদ্ধার করেন। তাহা বলিয়া যাহা অক্সায় তাহা কথনই স্থায় হইতে পারে না। যদি লেখক মহাশয়ের বলিবার অভিপ্রায় এই হয় যে, সমস্ত পৃথিবীতে—এমন কি তাহার সভাতম অংশ ইউরোপেও যে নিয়ম এখনও কার্যাতঃ প্রচলিত রহিয়াছে তাহারই কথা তিনি বলিতেছেন, —কোন নিয়মকে মহুষ্য সমাজের নেতৃত্ব পদে অধিষ্ঠিত করা উচিত, দে বিষয় তিনি বলিতেছেন না. তাহা হইলে তাহার মতের সহিত আমাদিগের কিছুমাত্র অমিল নাই। ইহা সত্য যে, সমস্ত পূথিবীতে এখনও 'বল যার অধিকার তার' এই নিয়মটী কার্য্যতঃ প্রচলিত রহিয়াছে। সভ্যতাভিমানী ইউরোপ মুখে এই নিয়মটি স্বীকার

করেন না বটে কিন্তু কার্য্যতঃ এই নিয়মান্ত্র্যারে অনেক সমরে চলিরা থাকেন। তবে অসভাদিগের সহিত তাঁহাদিগের এই প্রভেদ যে, অসভারা পষ্টাপষ্টি এই নিয়মের অন্থবর্তী হয়, আর তাঁহারা তাহার উপর একটি ভায়-ধর্মের আবরণ দিয়া স্বীয় অভিসদ্ধি প্রচহ্ম রাখেন। তাঁহাদিগকে বাধ্য হইষা এই যে একটি ভায়-ধর্মের আবরণ দিতে হয়, ইহাও অপেক্ষাক্রত উন্ধতির লক্ষণ বলিতে হইবে। ইহাতেই বুঝা যাইতেছে বলাদিকারের নিয়ম ক্রমশঃই থর্ম ইইয়া আসিতেছে। ইহা আমরা মুক্তকণ্ঠে বলিতে পারি, যতই মন্ত্র্যা-সমাজে সভ্যতার বাস্তবিক উন্নতি হইবে তওই বল বার অধিকার তার এই নিয়মটির উপর "বতো-ধর্ম্মতাজার" এই নিয়মটি জয়লাভ করিবে। ইউরোপীয় সভ্যতার এক্ষণে এতটুকু উন্নতি হইয়াছে যে, ইউরোপীয়েরা এক্ষণে জ্ঞানতঃ ব্রিয়াছেন যে ভায়ের নিয়মই প্রেষ্ঠ নিয়ম, তবে তাহারা অপূর্ণতাহেতু রাজনৈতিক ব্যাপার-সম্বন্ধে স্বার্থ-অন্ধ হইয়া কার্য্যতঃ প্রায়ই এই নিয়মের ব্যভিচার করেন।

এক্ষণে লেখক-নহাশর ভারতবর্ষীয়দিগের রাজনৈতিক স্বাধীনতালাভ-পক্ষে যে সকল অবশ্য-পালনীয় নিয়মের উল্লেখ করিয়াছেন
তাহার আলোচনায় প্রবন্ত হওয়া যাক্। তিনি বলেন—বাণিজা, শিল্প,
রাজনৈতিক প্রা (political spirit) ও বিজ্ঞান—এই গুলিই ভারতবর্ষীয়দিগের বিশেষ অভাব—রাজনৈতিক স্বাধীনতালাভের এই গুলিই
মুখা নিয়ম ও সাধন—এই গুলিই আমাদের সকল রোগের মহৌষধি।

কিন্তু প্রথমেই এই প্রশ্ন উঠিতে পারে, ভারতবর্ষীয়দিগকে একটি
সমগ্র জাতি বলা যায় কি না ? ভারতবর্ষীয় বলিলে ভারতবর্ষবাসী
মুসলমান ও খৃষ্টান তাহার অন্তর্ভুক্ত হয় কি না ? যদি তাহাদিগকে
ছাড়িয়া ভদ্ধ হিন্দুজাতিকেই ধরা যায়—তাহা ইইলেও এক্ষণে হিন্দুগণের
যেরূপ অবস্থা, তাহাতে তাহাদিগকে কি এক জাতি বলিয়া মনে হয় ?

যে জাতির মধ্যে একতাম্বত্র নিবদ্ধ হইরাছে—যাহার। সকলে এক ভাবে, এক উৎসাহে উত্তেজিত হয়—যে জাতির মধ্যে একজনের বিপদ উপস্থিত হইলে সাধারণ-বিপদ বলিয়া সকলে মনে করে, সেই জাতির জাতীয়তার প্রকৃত পতন-ভূমি প্রতিষ্ঠিত হইয়াছে বলিতে হটবে; যতক্ষণ তাহা না হইবে ততক্ষণ দে জাতি জাতিনামের যোগ্য নহে। সমস্ত হিন্দুজাতির মধ্যে এখন একতা নাই—এখন হিন্দুজাতিকে একটি সমগ্র জ্বাতি বলি-শ্বাই যেন বোধ হয় না। লোকিক আচার বাবহার, ভাষা প্রভৃতিতে ভারতবর্ষের প্রত্যেক প্রদেশ প্রত্যেক প্রদেশ হইতে ভিন্ন। একণে পঞ্জাবী, হিন্দুস্থানী, বাঙ্গালী, মাদ্রাজ্ঞী, মহারাষ্ট্রী প্রত্যেকেই এক একটি স্বতন্ত্র জ্বাতি বলিয়া বোধ হয়। যত দিন না এই বিভিন্ন জ্বাতিদিগের मर्ति। विकाशीय देवसमाधिन पृतीकृष्ठ श्रेता এक श-सूख निवस श्रेरत, তত দিন আমরা স্বাধীনতার উপযুক্ত হুট্ব না, স্বাধীনতার অধিকারী ছইব না; তত দিন আমাদিগের স্বাধীনতার আশা হুরাশা মাত্র। এই একতার অভাবেই আমরা স্বাদীনতা হারাইয়াছি, এবং পৃথিবীর অনেক জ্বাতিই এই একতার অভাবেই স্বাধীনতা হইতে বিচ্যুত হইয়াছে। অতএব সমস্ত ভারতবর্ষের মধ্যে একতার অভাবই প্রধান অভাব। এই একতা-সাধন পক্ষে বিজ্ঞান শিল্প বাণিজ্ঞা প্রভৃতি যে অভীব কার্য্যকারী তাহাতে সন্দেহ নাই—কোন জাতির মধ্যে বিজ্ঞান শিল্প বাণিজ্ঞার রীতিনত উৎকর্ব সাধন হটলে, সে জাতির মধ্যে শুধু সে একতার স্থবিধ। হয় তাহা নহে, কিন্তু একত্র হইয়া সাধারণ স্বার্থ রক্ষার্থ কি করিয়া কার্যা করিতে হয়, কি করিয়া কার্যো সফলতা লাভ করা যায়—তাহার ষথার্থ উপার অবলম্বন করিবারও ফ্রমতা জ্বের।

সহস্র বৎসর দাসত্ব-ভারে প্রাপীড়িত হইয়া স্বাধীনতার স্বাভাবিক ভাব-স্বাভাবিক স্কৃত্তি-স্বাভাবিক স্পৃহা আমরা হারাইয়াছি। আমরা হৃদরের হারা একণে স্বাধীনতার আস্বাদ পাই না-একণে জ্ঞান হারা স্বাধীনতার উপকারিতা ও আবশুকতা আমাদিগকে বুঝিতে হইতেছে।
ছদয়ের স্বাভাবিক উত্তেজনায় একণে আমরা একতা হইতে পারি না—
একণে জ্ঞানদ্বারা একতার উপকারিতা বুঝিয়া তবে আমাদিগকে
ঐক্য-সাধনে চেষ্টা করিতে হয়। অতএব একতা-সাধন পক্ষে একণে
জ্ঞানামুশীলন যে সর্বপ্রথমে প্রয়োজন তাহাতে আর সন্দেহ নাই।

মমুষ্য-প্রকৃতিতে বুদ্ধির সহিত হৃদরের, জ্ঞানের সহিত ভাবের একটি স্বাভাবিক যোগ আছে। ইহারা পরম্পর পরম্পরের সহায়তা করে। আমরা যদি প্রথমে জ্ঞানের কথায় কোন কার্য্যে প্রবৃত্ত হই—আর যদি পুনঃ পুনঃ সেই কার্য্য অনুষ্ঠান করিতে থাকি—ক্রমে তাহা আমাদিগের ভাবের সহিত মিশ্রিত, জনয়ের সহিত জড়িত হট্যা যায়-ট্রাই মানব-প্রকৃতির নিয়ম। আমরা যদি এক্ষণে জ্ঞান দারা একভার উপকারিতা বুঝিয়া তাহার দাধনায় প্রবুত্ত হই—ক্রমে আমরা ভাব দারা চালিত হইয়া একত হইতে সমর্থ হইব। আমরা ভাবের সহজ পথ হারাইয়াছি--এক্ষণে আমাদিগকে হ্রহ জ্ঞানের পথ দিয়া ভাবের পথে উপনীত হইতে হইবে। সাধারণ জ্ঞানামুশীলন ও শিক্ষা এই জন্ম নিতান্ত আৰ-ভাক। উচ্চতর বিজ্ঞান-চর্চাও যে একতা-সাধনের বিলক্ষণ সহায়তা করে, বিজ্ঞান-প্রস্থুত বাষ্পীয় শকট, তাড়িৎ-বার্ত্তাবহ প্রভৃতি তাহার बाजनामान मुद्देश्य । তাহानित्शत माहात्या ভाরতবর্ষের দুরবর্তী প্রদেশ সকলের মধ্যে পরস্পার যাতায়াত কেমন সহজ্ব হইয়া পড়িয়াছে--রাণিজ্ঞা-ব্যাপারের কেমন স্থগমতা হইয়াছে—এইরূপে ভারতবর্ষের বিভিন্ন প্রদেশীয় জাতিদিগের মধ্যে দ্রব্যের বিনিময় ও ভাবের বিনিময় স্বারা একতার পথ কেমন অল্লে অল্লে উনুক্ত হইতেছে। তবে এই সকল বাষ্ণীয় শকট, তাড়িৎ-বার্তাবহ প্রভৃতি যদি আবার আমাদিণের স্বন্ধাতীয় বিজ্ঞানচর্চার ফল হইত-ন্যদি স্বন্ধাতীয় ধনে ও স্বন্ধাতীয় চেষ্টার ঐ সকল ব্যাপার আমাদের দেশে প্রবর্ত্তিত হইত, তাহা হইলে

যদি অধ্যবদায়-দহকারে ব্যায়াম-চর্চা প্রভৃতি উপায়ের অহ্বদরণ কয়েন, তাহা হইলে কেনই বা না বাহ্য প্রকৃতির প্রভাবকে অতিক্রম করিয়া শারীরিক বল-দক্ষরে দমর্থ হইবেন ? কিন্তু এই প্রকার অধ্যবদায়ের পূর্ণকল বাঁহারা অচিরাৎ দেখিতে চাহেন, তাঁহারা নিশ্চয়ই নিরাশ হইবেন—কেন না, যে নিয়মে আমরা পূর্ব্ব-পুক্ষের দোল-গুণের উত্তরাধিকারী হই, দেই কৌলিক নিয়মের প্রভাবেই আমরা আমাদিগের অধ্যবদায়-দত্ত্বেও পূর্ব্বপুক্ষদিগের ছর্বল শারীরিক গঠন ও প্রাকৃতির উত্তরাদিকার হইতে একেবারেই অব্যাহতি পাইব না, পরস্ক ক্রমে ক্রমে ব্যক্তিগত চেষ্টা ও অধ্যবদায়ে কৌলিক-অদিকারের প্রভাবকে অতিক্রম করিতে আমরা সমর্থ হইব।

প্রত্যেক ব্যক্তি কিম্বা জাতির উন্নতির মুলে—এনন কি সমন্ত প্রক্তির মধ্যে, প্রধানতঃ হুইটি মূল নিয়ম দৃষ্ট হয়। একটি কৌলিক গুণ-প্রবাহের নিয়ম, আর একটি উপযোগিতার নিয়ম; এই হুইটি নিয়মই মহম্য-সমাজে একত্র কার্য্য করিতেছে। প্রথমোক্ত নিয়মটির প্রভাবে আমরা পূর্বাপুরুষদিগের দোষগুণের উত্তরাধিকারী হুই, এবং শেষোক্ত নিয়মটির অফ্রায়ী আমরা কিন্ধ চেষ্টায় আপনাদিগকে অবস্থা ও ঘটনার উপযোগী করিয়া লইতে সমর্গ হুই। যাহা বরাবর হুইয়া আদিয়াছে তাহাই রক্ষা করিবার জক্ত এবং তাহারই স্থায়িত্ব সম্পাদনের জক্ত একটি নিয়ম সতত চেষ্টা করে; অপর নিয়মটি দেশ-কাল-পাত্র-ভেদে অবস্থা ও ঘটনার উপযোগী করিয়া আমাদিগকে অলে অলে পরিবর্ত্তনের দিকে—উন্নতির দিকে লইয়া যায়; এক কথায় একটি রক্ষণশীল—আর একটি পরিবর্ত্তন-শীল বা উন্নতিশীল। এই ছুই নিয়মে সমাজের শ্রেণীগত সাদৃশ্র ক্ষিত্ত হয় ও ব্যক্তিগত বিভিন্নতা সম্পাদিত হয়। নৃতন নৃতন ঘটনা ও অবস্থা-জ্যোতে আমরা একেবারে ভাসিয়া না বাই, কৌলিক নিয়ম আদিয়া তাহার প্রতিরোধ-চেষ্টা করে এবং কৌলিক নিয়ম আদিয়া তাহার প্রতিরোধ-চেষ্টা করে এবং কৌলিক নিয়ম আদিয়া

প্রবাহ বংশপরস্পরাক্রমে প্রবাহিত হইবার কথা, উপযোগিতার নির্ম আসিয়া তাহার পরিশোধন-চেষ্টা করে; এইরূপে এই ছই নিরমের ঘাত-প্রতিঘাতে মমুষ্য-সমাজ উত্তরোত্তর উন্নতির পথে অপ্রসর হয়।

আমরা বাঙ্গালী-জ্বাভি বেমন একদিকে আমাদিণের পূর্বপুরুষদিণের নিকট ইইতে দরা, ধর্ম, তীক্ষুবৃদ্ধি প্রভৃতি সদ্পুণের উত্তরাধিকার প্রাপ্ত ইইরাছি, সেইরূপ আর এক দিকে তাঁহাদিণের ভীরুতা, নিক্রীর্যাতা প্রভৃতি দোষেরও উত্তরাধিকারী ইইরাছি। এইক্ষণে এই দোষগুলি আমাদিগের চরিত্র ইইতে অপনীত করিবার জ্বন্ত বাহিরের ঘটনাবলী ও অবস্থা কতদূর অনুকৃল ও উপযোগী দেখা আবশ্রক। বলির্গ্ন সাহসী ইংরাজ জ্বাতির সংশ্রম ও দৃষ্টান্ত একদিকে যেমন এই উদ্দেশ্ত সাধন পক্ষে উপযোগী, সেইরূপ আর এক দিকে ইংরাজি সভাতা তাহার প্রতিকৃত্ব কি না—তাহা আমাদিগের আলোচনা করা কর্ত্তব্য। মিল্ Mill) তাহার সভ্যতা নামক প্রবন্ধে এই মর্ম্মে বলেন বে, ইংরাজি সভ্যতার প্রভাবে ইংরাজদিগের বীর্য্য দিন দিন হাস ইইতেছে। তিনি বলেন :—

"There has crept over the refined classes, over the whole class of gentlemen in England, a moral effeminacy, an inaptitude for every kind of struggle. They shrink from all effort, from everything which is trouble-some and disagreeable. The same causes which render them sluggish and unenterprising, make them, it is true for the most part, stoical under inevitable evils. But heroism is an active, not a passive quality, and when it is necessary not to bear pain but to seek it, little needs be epected from the men of the present day. They cannot undergo labour, they cannot brook

ridicule, they cannot brave evil tongues. They have not hardihood to say an unpleasant thing to any one whom they are in the habit of seeing, or to face, even with a nation at their back, the coldness of some little coterie which surrounds them "-- যদি বলিষ্ঠ ইংবাজজাতিকেও ইংরাজি সভাতা ছর্মল করিয়া ফেলিতে পারে, তাহা হটলে চির-ছর্ম্মল বাঙ্গাল জাতি তো উহার ছার। আরও ছর্বল হুইবার কথা। এখনও ইংরাজদিণের প্রকৃতিতে কুল-পরস্পরাগত এতথানি সার সঞ্চিত আছে, আালোভাক্সন্ রক্তের এত অধিক তেজ আছে যে, তাহারই বলে তাহার৷ ইংরাজি সভাতার দৌর্বলাজনক প্রভাব কথঞিৎ অতিক্রম করিতে সমর্থ হটয়াছে। কিন্তু বাঙ্গালীছাতির সে সারও নাই, সে তেজও নাই, অথচ সেই ইংরাজি সভাতার সমস্ত ভার তাহাদিগের ছকল ক্ষকে চাপানো হটয়াছে। বাঙ্গালীজাতির পুরুষ-পরম্পরায় অর্জিত অন্তরের সারবতা ও শারীরিক বল নাই বলিয়াই তাহারা কোনও বিদেশীয় জাতির প্রভাব এ পর্যাস্ত অতিক্রম করিতে সমর্থ হয় নাই। যথন মুসলমানদিগের আধিপত্য ছিল, তথন আমরা মুসলমান দিগের সভাতার অভিভূত হটরা পড়িরাছিলাম, এক্ষণে আবার ইংরাজি সভ্যতার সম্পূর্ণরূপে অভিভূত হইরা পড়িরাছি। মুসলমানদিগের আমলে তাহাদিগের অনুকরণে চাপকান কাবা পরিয়াছিলাম, একণে আবার একেবারেট হাটিকোট পেণ্ট্রলুন পরিতে আরম্ভ করিয়াছি।

কিন্তু ইহা স্বীকার করিতে হয় বে, মুসলমানি সভ্যতা ইংরাজি সভ্যতা অপেক্ষা আরও দৌর্বলাজনক। মুসলমানদিগের তুলনায় ইংরাজের সংস্রব আমাদের পক্ষে নে অনেক উপকারী তাহাতে আর সন্দেহ নাই। মুসলমান সভ্যতার সহিত আলস্ত ও বিলাসের মুর্ত্তিমান্ প্রতিরূপ—আতর গোলাব তাকিয়া গদি প্রভৃতি যেন একেবারে জড়িত, এবং ইংরাজি

সভাতা-গত বিলাস সামগ্রীর মধ্যেও অপেক্ষাকুত কার্য্যতৎপরতা ও উদ্য-মের ভাব লক্ষিত হয়। ইহা কে না স্বাকার করিবে যে, ইংরাজদিগের সংসর্গে, শিক্ষায় ও দৃষ্টান্তে আমাদিগের কার্য্য-তৎপরতা ও শ্রমশীলতা मिन मिन तुष्कि **र्वेट** एह। किन्तु देश आमामिर्गत चांडाविक नरह, ন্থতরাং ইহার উপর নির্ভর করা যায় না। শারীরিক বল ও শৃষ্ঠি হইতে স্বাভাবিক ভাবে যে উদ্যম-তৎপরতা প্রস্থুত হয়, তাহাই অপেক্ষা-ক্কৃত অধিক ফলপ্রাদ ও স্থায়ী। ইংরাজি সভ্যতার প্রভাবে আমাদের এত অভাব বুদ্ধি হইয়াছে যে, আর অল্পে সম্ভষ্ট হইবার যো নাই। জীবিকার উপায় করিবার জন্ম আকুল হইয়া সকলকে ইতস্ততঃ বেড়াইতে হইতেছে। এমন কি, উহার জন্ম আমাদিগের যুবকদিগকে সাত সমুদ্র পার হইয়া দূর দেশে যাইতে হইতেছে। এত উদ্বেগ ও এত চিস্তা বাঙ্গালীর তুর্বল শরীরে কি সহা ২ইবে ? এক্ষণে ইংরাঞ্চদিগের শাসনে আমাদিগের মধ্যে যেরূপ একদিকে কার্যা-তৎপরতা, উদাম ও স্বাধীন-তার শ্রুর্ত্তি পাইতেছে—দেইরূপ আর একদিকে আমাদিগের দৈহিক বল সঞ্চয়ের প্রতি লোকের কি সেরপে যত্ন ও মনোযোগ দেখা যায় ? মুসলমানদিগের আমলে তেমন স্থাসন ছিল না—দস্লাদিগের প্রাত্তাব ছিল, স্মতরাং দকলকে দায়ে পড়িয়া শারীরিক বল ও দাহদ অর্জনের চেষ্টা করিতে হইত। তথন লেখা পড়ারও এত চাপ ছিল না, স্বতরাং শরীরের প্রতি অনেকটা লোকের দৃষ্টি থাকিত। বিপদের সহিত সংগ্রাম না করিলে কখনই সাহস ও আত্মনির্ভরের শিক্ষা হয় না। কিন্তু এক্ষণে আমাদের বিপদের লেশমাত্র আশকা নাই। আমরা শান্তির ক্রোডে मिता आतारम छेरेबा आहि। ताक्षशुक्यमित्वत উপत ममस निर्छत्, আপনার উপর কিছুই নির্ভর করিতে হয় না। পুলিদের এমনি শাসন, জীবন-সম্পত্তি রক্ষার জ্বন্ত আমাদিগের নিজের কোন চেষ্টা পাইতে হয় না। এই জন্ম শারীরিক বল ও সাহস অর্জ্জনের নিমিত আমাদিপের

কোন প্রয়োজনই বোধ হয় না। তাতে আবার বেখা পড়ার এত চাপ যে. এতদ্দেশীয় যুবকেরা শুরীরের প্রতি মনোযোগ দিতে অবকাশ পান না वदः ताक्षश्वक्यिमित्रत (मित्क मृष्टि नारे। आगता व कथा विन ना (म, অরাজকতা হউক, অশান্তি হউক, লেখা-পড়া দেশ হইতে উঠিয়া ষাউক, কেবল শারীরিক বল অর্জনে লোকের চেষ্টা ইউক। তাহা আমাদিগের ৰলিবার অভিপ্রায় নহে। আমরা বিলক্ষণ জ্ঞানি যে, জ্ঞান-বিরহিত শারীরিক বল পশুতেই শোভা পায়—তাহা মহুযোর উপযুক্ত নহে, এবং ইহাও বিলক্ষণ জানি যে, যদি কোন জনসমাজে অৱাজকতা অশান্তি থাকে, জীবন-সম্পত্তি রক্ষার নিমিত্ত সকলকে আকুল হইতে হয়, তাহা হইলে সে সমাজের অন্তর্ভ কোন বাক্তি শিল্প বাণিজ্ঞা বিজ্ঞান সাহিত্য প্রভৃতি বিষয়ে মনোযোগ দিতে পারে না, স্কুতরাং সভ্যতা ও উন্নতির পথ রুদ্ধ হইয়া যায়। কিন্তু আমাদিগের বলিবার অভিপ্রায় এই বে, বেহেতু আমাদিগের দামাজিক ও রাজনৈতিক অবস্থা শারীরিক বল ও সাহস অর্জনের অনুকুল নহে, সেই ছাত্ত আরও, দেশের লোক ও রাজপুরুষদিগের এই বিষয়ে অধিক মনোযোগী হওয়া উচিত। আমরা একণে যে শাস্তি উপভোগ করিতেচি তাহা নির্জীবের শাস্তি— তাহা মৃতদেহের শান্তি—ভাহা বলবান জ্ঞাবস্তপুরুষের শান্তি নহে। শাস্তিকে রক্ষা করিবার জন্মও বলের প্রয়োজন। যদি আমাদিগের নিজের বল না থাকে, তাহা হটলে শান্তিরক্ষার জন্ত চিরকালই পরের উপর নির্ভর করিতে হটবে। যে শাস্তিরক্ষার ম্বন্স পরের উপর নির্ভর করিতে হয়, সে শান্তির স্থায়িত্ব কোথায় ? আজ বদি ইংলও আমাদিগকে ভাগ করিয়া যান, আমাদিগের এভটুকুও কি বল-দঞ্চর হ^টয়াছে যে, আমরা নিজ বলে আপনাদিগের মধ্যে শাস্তিরক্ষা করিতে পারি ? সত্য, ইংলণ্ডের প্রসাদে আমরা তাড়িৎ-বার্দ্ধাবহ পাইয়াছি, বাঙ্গীয় শকট পাইয়াছি, বাঙ্গীয় আলোক লাভ করিয়াছি,

কিছা ইংলগু যদি আজা আমাদিগকে ত্যাগ করিয়া যান, তাহা হইলে উহার অবশিষ্ট আর কি থাকে ? তাড়িৎ-বার্ত্তাবহ প্রভৃতি কি তাড়িতের তার তিরোহিত হর না ? এবং বাষ্পীয় শকট প্রভৃতি কি বাষ্পের তার বায়ুতে বিলীন হইয়া যায় না ? ইংলগুর কামান বন্দুক বেয়নেট, শক্রর আক্রমণ হইতে আমাদিগকে রক্ষা করিতেছে সত্য—কিন্তু ইংলগু আমাদিগকে পরিত্যাগ করিয়া গেলে কি আমরা শিশুর তার একেবারে অসহায় ও নিরুপায় হইরা পড়ি না ?

আমরা ইংল্ণের নিকট আর কিছু চাহি না—আমাদিগের বাছ স্থ-সমুদ্ধি হোক বা না হোক তাহাতে ক্ষতি নাই, তিনি যদি আমা-দিগের মুত্রৎ নির্দ্ধীব দেহে এতটুকু বল-সঞ্চার করিতে পারেন বে আমরা আপনার উপর নির্ভর করিতে পারি, আপনাকে আপনি রক্ষা করিতে পারি, আপনার উন্নতি আপনারাই সাধন করিতে পারি, ভাহা হইলেই আমরা তাঁহার নিকট প্রকৃত উপকার লাভ করিব, এবং তজ্জ্ঞ তাঁহার নিকট চিরক্লতজ্ঞতা-পাশে আবদ্ধ হইব। তিনি যদি আমাদিগের অন্ত্রশন্ত্র কাড়িয়া লন, তিনি যদি উপযুক্ত দেশীয় লোকদিগকে রাজ্ঞার উচ্চ পদে অভিষিক্ত করিতে কুপণতা করেন, তিনি যদি ভারতবর্ষের श्रामा श्राम श्राम श्राम का निका निका करता. जिनि यमि एमनीय नान-জ্যের প্রতি বিশ্বেষ-কটাক্ষ নিক্ষেপ করেন, তিনি যদি দেশীয় সংবাদ-পত্রের মুখবন্ধ করেন, তিনি বদি দেশীয়দিগকে পদে পদে অবিখান করেন, তিনি যদি আমাদিগকে চিরকাল শৈশব-দশায় রাখিতে চেষ্টা করেন, তাহা হইলে আমরা কি কথন স্বাধীনতা-লাভের, উপযুক্ত ছইতে পারি ? স্বীকার করি আমানিগের নিজের চেষ্টা, নিজের অবারসায়ের উপর অনেকটা নিজের উন্নতি নির্ভর করে, কিন্তু আমরা সহস্র বৎসরের অধীনতার একেবারে চিররোগীর ন্তার চর্বল হইরা পড়িরাছি- আমাদের হর্মল চেষ্টার কত দুর হইতে পারে ? তাহাতে যদি আবার কোন উচ্চতর প্রভূ-শক্তি আদিয়া আমাদিগের উন্নতির পথে সহায়তা করা দুরে থাকুক, প্রভাৃত তাহাতে কণ্টক রোপণ করেন, তাহা হইলে কি আমরা একপদন্ত অগ্রসর হইতে পারি ? লেখক মহাশয় একস্থলে বলিয়াছেন :—
"Do you think if we deserve liberty, that is to say, if we have slowly but surely developed those conditions which alone entitle a nation to that grand golden privilege, England would be willing to withold us from it—England, the land of noble heroic hatriots?"

লেখক-মহাশয়ের স্থায়, স্বাধীনতার জন্মভূমি ইংলণ্ডও অনেক সময়ে তোমাদিগকে এই আখাস দিয়া থাকেন যে, অগ্রে উপযুক্ত হও, তবে আমাদিগকে আমি উচ্চ অধিকার প্রদান করিব; কিন্তু উপযুক্ত হইবার অবসর না দিলে কেহ কি কখন উপযুক্ত হইতে পারে ? পিতা যদি তাঁর হর্বল সন্তানকে অত্তে-পূর্চ্চ বন্ধন করিয়া রাখিয়া তাহাকে বলেন যে, অগ্রে ভূমি উপযুক্ত হও তবে তোমাকে আমি পদচারণা করিতে দিব—সে যেরপ আখাস-বাক্য ইহাও তক্ষপ। শিশুকে পদন্যারণা শিক্ষা দিবার সময় শিশু পদেপদে অলিত-পদ হয়, কিন্তু এইরপ পদত্যালনের ওজার করিয়া যদি তাহাকে বলা হয়—তোমার এখনও উপযুক্ত বল হয় নাই, যখন বল হইবে তখন পদচারণা করিও—এ যেরপ কথা উহাও সেইরপ। সমস্ত হিন্দুজাতি জেতৃজাতির ইচ্ছামাত্র ধ্বংদ হইয়া যাইতে পারে—লেখক মহাশয় এইরপ বিতীষিকা দেখাইয়াছেন, কিন্তু চিরকাল শৈশব দশায় থাকা অপেক্ষা একেবারে পৃথিবা হইতে বিল্প্ত হওয়াই কি প্রার্থনীয় নহে ?

ইংলণ্ডের একবার ভাবা উচিত, কি মহান্ ভার বিধাতা তাঁহার স্বন্ধে অর্পণ করিয়াছেন—বিংশতি কোটি মানবের স্থ্থ-শাস্তি-স্থাধীনতা তাঁহার উপর নির্ভর করিতেছে। তিনি প্রথমে জ্বয় করিবার উদ্দেশে এখানে

আসেন নাই, বাণিজ্যের জন্মই আসিয়াছিলেন; মুসলমানের অত্যাচারে উৎপীড়িত হইরা আমরা তাঁহাকে আহ্বান করিয়া আনিয়া তাঁহার হস্তে আমাদিগের যথাসর্বস্থ সমর্পণ করিয়াছি বলিলেও হয়। একবার তিনি অরণ করিয়া দেখুন, যে পলাশির যুদ্ধে, সমস্ত ভারতবর্ষ তাঁহার করায়ত্ত হইল, সে যুদ্ধে কাহার সাহায্যে তিনি জয়লাভ করিলেন? আমরা দাসন্থ-অত্যাচারে প্রপীড়িত হইবার জন্ম তাঁহাকে আহ্বান করিয়াছিলাম— এই মহৎ সঙ্কল্প দিদ্ধ করিবার জন্মই তাঁহাকে আহ্বান করিয়াছিলাম— এই মহৎ সঙ্কল্প দিদ্ধ করিবার জন্মই বিধাতা ভারতবর্ষকে তাঁহার হস্তে সমর্পণ করিয়াছেন। অতএব ইংলপ্ত আমাদিগের মনে স্বাধীনতার স্পৃহা ও আশা উদ্দীপিত করিয়া দেন তাহা আবার কঠোর তুৎকারে নির্বাণ করিতে চেষ্টা না পান; এখন তিনি যেন না বলেন যে, অগ্রে উপযুক্ত হও, পরে ভোমাদিগকে স্বাধীনতার অবসর দিন—স্বাধীনতার শিক্ষা দিন—তাহার পরে বলুন "অগ্রে স্বাধীনতার জন্ম উপযুক্ত হও, পরে তাহার আকাজ্ঞা করিও।"

জীব-জগতের ক্রমাভিব্যক্তি।

ক্রমাভিব্যক্তির মত্বাদটি আমাদের দেশে নুত্ন নহে। সাংখা ৪ বেদাস্তদর্শন এই ক্রমাভিব্যক্তি-মতেরই বিভিন্ন ব্যাথা মাত্র। ঈশ্বর ৬ দিনে সমস্ত সৃষ্টিকার্য্য সম্পন্ন করিয়া সপ্তম দিনে বিশ্রাম করিলেন—এইরূপ যাঁহাদিগের বিশ্বাস-এইরূপ বাঁহাদিগের অপূর্ণ শ্রম-কাতর ঈশ্বরের কল্পনা— সেই খুষ্টান সম্প্রদায় এই মতটির প্রচারে যে তটস্থ হইবেন তাহাতে আশ্চর্যা কি। যাহারা মনে করেন, এই ছয় দিনের স্ষ্টিট ঈশ্বরের পূর্ণ সৃষ্টি--কিম্বা ঈশ্বর মধ্যো-মধ্যে যদক্ষাক্রমে এক একটা স্বতন্ত্র স্ষ্টে করিতেছেন, তাঁহারা যে ঈশ্বরের শক্তিকে বস্তুতঃ থর্ক করিয়া কল্পনা করেন তাহা বলা বাছলা। ঈশবের স্থাষ্ট অপূর্ণ, কিন্তু উত্তরোত্তর পূর্ণতার দিকেই অগ্রসর হইতেছে। "পূর্ণ হওরা এবং একেবারেই না হওয়া স্ট-বস্তুর পক্ষে উভয়ই সনান। পূর্ণ যিনি তিনি চিরকালই পূর্ণ আছেন এবং পূর্ণ থাকিবেন—স্ট-বস্ত অপূর্ণ না হটলে হটচেই পাবে না—স্ষ্ট-বস্তুর অন্তিত্বট অপূর্ণতা-নিবন্ধন—এবং তাহা অপূর্ণ বলিয়াই তাহার উর্নাতর প্রয়োজন।"—(ভারতী, ফাস্কুন) ঈশ্বরের স্থাষ্ট স্বন্ধ-জ্ঞান মন্ত্র্যা-কার্য্যের ভায় হঠতে পারে না। আমাদিগের দৃষ্টি-পরিসর` অতি পরিমিত। আঁমরা কোন অতীব দূর উদ্দেশ্য সিদ্ধ করিব বলিয়া भरन क्रिंटल रमंडे डेप्क्थ-गांधन-डेलरांशी नगर आहा छन এक्वारत পূর্ব্ব হটতেই স্থির করিতে পারি না, যেমন-যেমন কার্য্য উপস্থিত হয়, বেমন-বেমন প্রয়োজন ব্রিতে পারি, তদকুসারে উপস্থিত মতে তাহার বিধান করিয়া থাকি; কিন্তু নদি ঈশ্বরের কার্য্য-প্রণালী আমাদিণের কার্য্য-প্রণালীর ভাষ মনে করি, ভাহা হইলে কি ঈশ্বরের পূর্ণভাকে খর্ক করা হয় না ? সৃষ্টির ক্রমোল্লভিই যদি ঈশ্বরের উদ্দেশ্র হয়, ভাহা হইলে তিনি,এই উদ্দেশ্য-সাধন জন্ম বত কিছু আয়োজনের প্রয়োজন—তৎ-

সমুদায় একেবারেই পূর্ব্ব হইতে স্কাষ্ট-বীজ মধ্যে নিহিত করিরা রাখিয়া, সেই বিশ্ব-বীজ নির্দিষ্ট নিয়মান্ত্র্যারে উন্নতি হইতে উন্নতিতে ক্রমশঃ প্রস্থিত—ক্রমশঃ অভিব্যক্ত করিতেছেন—ইহাই কি সঙ্গত অন্ত্রমান নহে? এবং এই অন্ত্রমানটি শুদ্ধ অন্ত্রমান মাত্র নহে, ইহার প্রমাণ ও স্কাষ্ট-ব্যাপারের পদে পদে দৃষ্ট হয়।

এই অভিবাক্তি-মত আমাদের দেশে বহু পুরাকালে প্রচারিত হয়, কিন্তু বলিতে গেলে মুরোপে সে দিন মাত্র ইহার প্রথম স্থ্রপাত হইরাছে। (Wolff) উল্ফ্ নামক পণ্ডিত ১৭৫৯ খুষ্টান্দে এই মতটি উপজনন-বাদ (Theory of Epigonesis) নামে প্রথম প্রচার করেন। অধুনাতন মুরোপের অভিবাক্তিবাদিগণের মধ্যে যদিও উল্ফ্কে এই মতের প্রথম প্রবর্ত্তক বলিয়া গণ্য করিতে হয়, কিন্তু Robinet, Bonnet, Geoffrey S. Hilaire, Weekel, "স্টি-চিহ্ন" নামক গ্রন্থের গ্রন্থকার Lamarck, এবং অধুনাতন জ্বীবন্তু বিখ্যাত গ্রন্থকারম্বর Darwin ও Wallace প্রভৃতি পণ্ডিতগণ এই মতটিকে দৃঢ় বৈজ্ঞানিক পতন-ভূমিতে প্রতিষ্ঠিত করিবার পক্ষে যে বছল সাহায্য করিয়াছেন, তাহা মুক্তকণ্ঠে স্বীকার করিতে হয়।

১৭৬৬ খুইান্দে F. B. Robinet কর্ত্তৃক Amsterdam নগরে De la nature নামক একটি গ্রন্থ প্রকাশিত হয়। এই গ্রন্থখানি দে সময় এতদ্ব লোক-প্রিয় হইয়াছিল যে, অনতিকাল-মধ্যে উহার তিন "সংস্কার" উঠিয়া যায়। তাঁহার প্রকাশিত গ্রন্থের স্থুল মর্ম্ম এই ই—
ফগতের সমস্তই একটি- অথগু জীব-শৃত্থল ভিন্ন আর কিছুই নহে—
ফর্পাৎ ফ্রগতের সকল পদার্থেরই জীবন আছে, পৃথিবী প্রস্তুর গ্রহ
তারা বৃক্ষ লতা পশু পক্ষী সকলই এক শ্রেণীর অন্তর্ভুক্ত, সকলই জীবনবিশিষ্ট, সকলেরই বোধ-শক্তি আছে, সকলই বর্দ্ধিত হয়, সকলেরই
প্রবৃত্তি বাসনা আছে, সকলেই বংশ-বিস্তার করিতে সমর্থ। তিনি

বলেনঃ—অর্থি অতীব বৃভুক্ষ ও সর্বভুক্ (আমাদের ভাষার অ্থির আর এক নাম সর্বভুক্)—নাযুই ইহার খাদ্য—বায়ুর অভাবে অ্থি মৃত্যুগ্রাদে পতিত হয়। আবার বায়ুর ভক্ষা জল—জলের ভক্ষা অস্তাস্ত পদার্থ টেন বলেন,— শাত্-উৎস-জলে লবণ, লোহ প্রভুতি অনেক প্রকার ধাতু পাওয়া যায়। তিনি বলেন,—"আমি প্রস্তর-সকলের এবং প্রস্তর-আধার-সকলের অন্ধর দৃষ্টি করিবার জন্ত অনেক অ্রেষণ করিয়াছি, আমার অনুসন্ধানও তৎসম্বন্ধে বিকল হয় নাই, এমন কি প্রস্তর ও ধাতু-সকল কি প্রকারে স্বীয় স্বীয় শ্রীর হৃততে অন্ধর নিংস্ত করে, তাহা প্র্যান্ত আমি দেখিতে পাইয়াছি। আমি তাহাদিগের স্ত্রী-পুক্ষ-ভেদ নির্ণয় করিতে পারি নাই বটে, কিন্ত ভাহাতে কি ?—অনেক জন্ত ও বৃক্ষেরও তো এ পর্যান্ত স্ত্রী পুক্ষ-ভেদ নির্ণয় হয় নাই। অসম্পোব্য অম্বর্গ প্রস্তর ও পাতু-গত্তে আবরণ-বিশিষ্ট অসংখ্যা প্রস্তর ও ধাতুর জ্ঞান-সকল নিহিত থাকে, তাহারা জন্তুদিগের স্তায় পরিবর্দ্ধিত ও পরিপোষ্টিত হয়।

এইরপ বিশ্বাস-অন্থারে Robinet বলেন দে, সকল পদার্গন্ত শরীর-যন্ত্র-বিশিষ্ট। তাহার নতে, প্রত্যেক ক্ষৃতিক-খণ্ড, অসংখ্য আণবিক ক্ষৃতিক-শরীরের সমষ্টি মাত্র এবং সমস্ত ক্ষৃতিক-খণ্ডের যে আকার ও গুণ-সকল দৃষ্ট হয়, তংসমৃদায়ই সমানরূপে প্রত্যেক ক্ষৃতিক-শরীরে আছে, এবং এই প্রকারে জীব মাত্রেই অসংখ্য ক্ষৃত্র আণবিক জীবের সমষ্টি,—প্রত্যেক ক্কৃর আণবিক ক্কৃরের সমষ্টি, প্রত্যেক মন্ধ্য আণবিক মন্ত্রের সমষ্টি!

আবার তিনি আরও বলেন,—বেমন ন্যাঙ্গাচি ক্রমশঃ ভেক-আকারে অভিব্যক্ত হয়, সেইরূপ ভেক পুনরায় অধােগতি প্রাপ্ত হইয়া আবার মংশু-আকার ধারণ করে। কিন্তু বর্ত্তমান বিজ্ঞান এই প্রকার অভিব্যক্তি-বাদের পােষকভা করেন না। বিজ্ঞানের উন্নতির সঙ্গে সঙ্গে অভিব্যক্তি-

বাদের অনেক পরিবর্ত্তন ঘটরাছে। এককালে মুরোপে আর একটি মতের প্রাছভাব ছিল। তাহার নাম "বাক্স-বন্দি" কিম্বা "কোটা-বন্দি"-মতবাদ (The theory of Emboitement:)। এই মতের মর্ম্ম এই, কাশীর কোটাতে, একটা কোটার মধ্যে যেমন অনেকগুলি কোটা থাকে, সেইরূপ জীব জন্তুর অন্তর্গত প্রত্যেক জাতির মূলবীজের মধ্যে সেই জাতির ভাবী বংগ-পরম্পরা গুঢ়ভাবে নিহিত থাকে।

এক সময়, এই মতাবলম্বী অনেক লোক ছিল। এমন কি, বিখাত প্রাকৃতিক বিজ্ঞান-বেত্ত Cuvier এই মতের পক্ষপাতী বলিয়া প্রতীয়মান হয়। কিন্তু আবার সময়-ক্রমে এই মতটিও ধরাশায়ী ইইয়া ইহার স্থানে Wolff-প্রবর্ত্তিত উপজনন-বাদ সম্থিত হয়। এই Wolff-প্রবৃত্তিত অভিবাক্তি-বাদের সহিত অধুনাতন মতের কতকটা সাদৃশ্য দেখিতে পাওয়া বায়; এই জ্নাই Wolff মুরোপের আধুনিক অভিব্যক্তি-বাদের প্রথম পথ-প্রদর্শক বলিয়া স্থাব্যরূপে অভিহিত ইইতে পারেন।

Wolff এই প্রকার মত প্রকাশ করিলেন যে, কোন শরীর-যক্তের প্রথম উৎপত্তিকালে, একটি শরীর হইতে সম্পূর্ণ আর একটি শরীর একেবারেই উৎপর হয় না, পরস্ত এ শরীর-যক্তের প্রত্যেক অঙ্গ একাদিক্রেনে ক্রমশঃ নিঃস্ত হইয়া একটি স্বর্লাঙ্গীণ নৃতন শরীরে পরিণত হয়। ফলিতার্গে এই মতটি এইরূপ দাঁড়াইতেছে যে, কোন জ্বস্তু কিস্থা রক্ষের প্রত্যেক অংশই, পূর্ববর্ত্তী অংশের ফলস্বরূপ—এবং সেই অংশটি আবার নিজে পরবর্ত্তী আর একটি নৃতন অংশের কারণ স্বরূপ। অতএব ইহা হইতে স্পষ্টই অনুমান হয়, যে-অবশ্রন্তানী প্রক্রিয়া-অনুসারে পরম্পরাক্রনে শরীরী জাবের অঙ্গ-প্রতাঙ্গ অভিবাক্ত হয়, তাহারই নাম উপজ্বন-প্রক্রিয়া (Epigenesis) এবং প্রত্যেক শরীর-যক্ত্র-বিশিষ্ট জাবের শরীরস্থ সমস্ত্র অঙ্গই সেই জীব-বিশেষের অন্তর্নিহিত স্থাভাবিক শক্তি হইতে নিঃস্ত হয়। এই তো গেল উল্ফের মত।

ইহার পরে Lamarck ১৮০৯ খৃষ্টাব্দে আর একটি নৃতন মত প্রকাশ করেন।

শরীর-যন্ত্রের কোন অঙ্গ ব্যবহার করিলে পরিপুষ্ট হয়, এবং ব্যবহার না করিলে ক্ষাণ হটয়া যায়, এবং কি জীবজ্বন্ধ, কি বৃক্ষলতা, উহাদের বাহ্য অবস্থার পরিবর্ত্তন-অনুসারে উহাদের প্রত্যেকের শরীরে পরিবর্ত্তন উপস্থিত হয়—এট যে সর্বজ্ঞন-পরীক্ষিত সতাটি, ইহারই উপর Lamarck স্বকীয় মত স্থাপন করিয়াছিলেন।

কোন প্রাণী যদি স্থলাতির অন্তিত্ব স্থায়ী করিতে চাহে, তাহা হইলে তাহার চতুঃপার্স্থ প্রত্যেক পরিবর্তনে যে কোন নৃতন স্থভাবের উৎপত্তি হয়, সেই স্থভাবের কোন প্রকার প্রতিবিধান না করিলে চলে না। এবং এই সকল নৃতন স্থভাব সেই প্রাণীকে নৃতন কার্য্যদাধনে এবং নৃতন অভ্যাস স্থবলম্বনে উত্তেজিত করে। এই রূপে যে সকল অঙ্গ পূর্ব্ব-স্থব্যায় বড় একটা বাবহারে আইসে নাই—সেই সকল অঙ্গের প্রয়োজন বর্দ্ধিত হওয়ায় উহাদিগের সমধিক চালনাও হইয়া থাকে, এবং উহা হইতেই নৃতন অঞ্ব-সকল পরিফাটিত বা অভিব্যক্ত হয়। প্রকাজরে, যে সকল অজ্ স্থবাবহৃত থাকে, তাহারা ক্ষীণ এবং থর্ব্ব কিম্বা একেবারেই বিল্পা হুইয়া যায়।

কোন প্রাণীর বাফ অবস্থার পরিবর্ত্তনে তাহার কতকগুলি অঙ্গ অস্তর্হিত এবং কতকগুলি নৃতন অঙ্গ পরিস্ফুট বা অভিব্যক্ত হইতে পারে, এই কথাটি মানিরা লইরা ল্যামার্ক এই প্রকার মত প্রকাশ করিলেন যে, কোন জন্তুর অঙ্গ-প্রত্যান্ধের গঠন-বৈলক্ষণা-অনুসারে তাহার অভ্যাস-সকল নির্দিষ্ট হয় না, পরস্ত তাহার অভ্যাস-অনুসারেই তাহার শারীরিক আকার গঠিত হয়। শত্রুগণের নিকট হইতে পলায়ন করিবার উদ্দেশে হরিণদিগের অঙ্গ-প্রত্যান্ধে চটুলতা উৎপন্ন হয় নাই, পরস্ত তাহারা হিংজ্ঞ জন্ত্রগণের সন্মুখে পড়িয়া, তাহাদিগের কবল হইতে রক্ষা পাইবার নিমিন্ত ক্রতপদক্ষেপে পলাইতে বাধ্য হওরাতেই তাহাদের শরীরও ক্রমশঃ
তত্বপ্রোগী হইরাছে। এই অভ্যাস-প্রভাবে তাহাদিগের শরীরে শুদ্ধ
যে অপরিসীম চটুলতা জন্মিরাছে তাহা নহে, পরস্ত যে সকল লঘু অব্দের
উপর তাহাদিগের গতি-চাপল্য নির্ভর করে, সেই সকল অঙ্গও এই
অভ্যাস-নিবন্ধন গঠিত হয়। এই মতামুসারে, জীব জন্ত রক্ষ লতাদি,
সামান্ত হইতে জাটল, জাটল হইতে জাটলতর অবস্থায় ক্রমশঃ উন্নতি
লাভ করিয়াছে। ইহার মধ্যে, সামুশ্রেক ও ভৌমিক জীব সকল
উদ্ভিদ্গণের পূর্ববর্ত্তী এবং উহাদের শারীরিক আকারও উদ্ভিদের
শারীরিক আকার-অপেক্ষা উন্নত।

তাঁহার মতে, সকল পদার্থের মধ্যেই ক্রেমোরতির নিয়ম অন্তর্নিহিত।
এই নিয়মান্দারে অচল জড়-পদার্থ হইতেই প্রাণ উৎপন্ন হইল, এবং
তৎপরে প্রাণ হইতে ইন্দ্রিয়-বোধ অভিব্যক্ত হইল; অবশেষে এই
প্রক্রিয়া-অন্তর্দারেই বুদ্ধিহীন জীব বুদ্ধি-সমন্থিত হইল।

কিন্ত যথন ল্যামার্ক দেখিলেন বে, নানা শ্রেণীর অসংখ্য জীব এখনও একই অবস্থায় আছে, তাহাদিগের মধ্যে উন্নতি-প্রবণতা কিছুমাত্র লক্ষিত হয় না, তথন এই আপত্তিটি খণ্ডন করিবার জন্ম তিনি আর একটি অমুমানের আশ্রয় লইলেন। সে অমুমানটি এই—প্রকৃতি একটি য়য় বিশেষ; ঈশ্বর প্রকৃতির উপর যে সকল নিয়ম মুদ্রিত করিয়া দিয়াছেন, প্রকৃতি বাধ্য হইয়া সেই নিয়মান্থুসারেই কার্য্য করে, এবং এইরূপে প্রকৃতিদেবী স্বতঃ-প্রজ্গনন-প্রণালী-অমুসারে (Spontaneous generation) জীব ও উদ্ভিদের অসংখ্য বীজ্ঞাঙ্কর ক্রমাগত অবিশ্রামে উৎপাদন করিতেছেন। তাঁহার মতে (Monad) এই সকল প্রাণবীজ অহরহ স্বতঃ উৎপন্ন হইয়া, যুগযুগাস্তরে উন্নত হইতে উন্নততর জীবরূপে ক্রমণঃ অভিব্যক্ত হইতেছে।

ল্যামার্ক-প্রচারিত মতের এই ত স্থুল মর্ম। সর্বশেষে তিনি এই

দিদ্ধান্তে উপনীত হইয়াছেন যে, উরাং-উটাং-জাতীয় বানর হইতে মনুষ্য-জাতি অভিব্যক্ত হইয়াছে। অতএব দেখা যাইতেছে, মনুষ্যের উৎপত্তি-বিষয়ক এই মতটি সর্বপ্রথমে ল্যামার্ক্ট প্রচার করেন। În fusoria কীট প্রভৃতি অতি নিম্নশ্রেণীর জীব-সকল কেন অদ্যাবিধি পৃথিনীতে বর্ত্তমান, তাহারই একটা সঙ্গত কারণ দাঁড় করাইবার জ্বন্ত এবং উহার প্রচারিত মতের সহিত এই ঘটনার সমন্বয় করিবার নিমিত্তই তিনি প্রকৃতির এই স্বতঃ-প্রজননী প্রক্রিয়ার কল্পনা করিয়াছিলেন। প্রাকালের Lucretius বলিতেন যে, প্রকৃতি-দেবীয় কতকগুলি স্বাভাবিক গর্ভস্থলী ভূতলের সহিত স্বত্তম্বারা আবদ্ধ আছে, সেই গর্ভেজীব জ্বন্তর অহরহ জন্ম হয়। এই অনুমানটি বেরূপ অপ্রামাণ্য, তক্রপ Lamarck-ক্রত অনুমানটিরও এ পর্যান্ত বিশিষ্ট কোন প্রমাণ পাওয়া যায় নাই। কিন্তু স্বত-প্রজননী-প্রক্রিয়া লইয়া অধুনাতন পণ্ডিতগণের মধ্যে এথনও বাদাহাবাদ চলিতেছে।

পৃথিবীতে অদ্যাবধি বত প্রকার জীব জন্তর উৎপত্তি হটয়াছে, বোধ হয় তাহাদের প্রত্যেকেরট অন্তর্ভূত অপেক্ষাক্কত নিয় শ্রেণীর জীব এখনও পর্যান্ত পৃথিবীতে বিদামান। অতএব পরিবর্ত্তন-নিয়মে বেরূপ নৃতন নৃতন জীব ক্রমশঃ অভিব্যক্ত হটতেছে, সেটরূপ স্থায়িত-নিয়মে কতকগুলি জীবজন্ত চিরকালই পৃথিবীতে রহিয়া যাইতেছে। য়ুরোপীয় পপ্তিত্রগণ এই নিয়মটির নাম (persistence of Type) "মূল-আদর্শের নির্কল্পাতিশয়" রাথিয়াছেন। এই নিয়মান্ত্র্সাহের দেখা যায়, জীব-ইতিবৃত্তের অতি-পূর্বতন মুগ হইতে অদ্যাবধি, কোন জাতীয় জীবের বংশাবলী-মধ্যে কিছুমাত্র পরিবর্ত্তন ঘটে নাই।

অভিব্যক্তি-বিষয়ক ল্যামার্কের এই মতটিও কালক্রমে লুগু-প্রতিষ্ঠ হয়, এবং ইহার স্থলে ৫০ বৎদর পরে Darwin-প্রচারিত "প্রাকৃতিক-নির্বাচন"-নামক আর একটি নুতন মত সদর্পে মন্তক উদ্ভোলন করে। আন্ধ-কাল এই মতটির রাজত্ব চলিতেছে, কিন্তু ইহারও সিংহাসন ষে
আটল নহে, এখনই তাহার কিছু কিছু নিদর্শন দেখা যাইতেছে।
এই মতটি এই:—ইহা একটি অ্সিদ্ধান্ত সত্য যে, জীব জন্ত ও
বৃক্ষ লতা প্রায়েই এত অধিক সংখ্যায় সন্তান-সন্ততি উৎপাদন করে
যে, তাহারা সকলই সমানরূপে পরিপুষ্ট হইতে না পারিয়া বিনষ্ট হয়।
তাহাদের মধ্যে, যে যত নিম্প্রেণীস্থ, তাহাদের সন্তান-সন্ততিও তত
অধিক পরিমাণে জন্মগ্রহণ করে। সেই সন্তান-সন্ততি মধ্যে যাহারা
যভাবতঃ অপেকাক্বত বলিষ্ঠ, কিন্তা অন্ত কোন উৎকৃষ্ট-গুণসম্পন্ন
তাহারাই আত্ম-জীবন-রক্ষণে সমর্থ হয়, অবশিষ্টগুলি মৃত্যু-গ্রামে পতিত
হয়। ইহাও একটি সর্বাজন-বিদিত বিষয় যে, পিতা মাতার সহিত
সন্তান-সন্ততির যেরূপ এক দিকে কত্রকটা সাদৃগু,—সেইরূপ পক্ষান্তরে
কত্রকটা প্রভেদও থাকে।

সতএব সন্তান-সন্ততির মধ্যে বাহারা "সর্কাংশে উপযুক্ত" (best fitted) তাহারাই পৃথিবীতে টিকিয়া থাকে। এই সন্তান-সন্ততির মধ্যে বাহার যে-কোন উপকারী গঠন-বৈলক্ষণ্য উৎপন্ন হয়, তাহাই কুল-পরম্পরায় প্রবাহিত হয়য়া আরও বলবৎ হইয়া উঠে এবং তাহারই আমুষন্সিক অন্তান্ত গঠন-বৈলক্ষণ্য আপনা হইতেই অভিব্যক্ত হয়। যে পরিবর্ত্তনে বাহ্ম অবস্থার সহিত শরীর-যন্ত্রের সামঞ্জন্ম রক্ষা হইতে পারে, সেইরূপ পরিবর্ত্তনই জীব-শরীরে সংঘটিত হয় এবং এইরূপে অল্লে অল্লে বংশপরম্পরা-ক্রমে সেই সকল জ্বাবের আকার এতদুর পরিবর্ত্তিত হয় যে অবশেষে তাহাদিগকে আমরা নুতন জাতীয় জীব বলিয়া নির্দেশ করি:

এই জাতির উৎপত্তি লইয়া যুরোপীয় প্রাক্কৃতিক ইতিবৃত্তবেতা পণ্ডিত-গণের মধ্যে অনেক দিন ধরিয়া বাদামুবাদ চলিতেছে। এক দলের মত এই যে, জীব জন্তু উদ্ভিদ্দিগের মধ্যে যে-সকল বিশেষ-বিশেষ

জাতির উৎপত্তি হইয়াছে, তাহারা প্রত্যেকেই ঈশ্বরের স্বতন্ত্র সৃষ্টি—পূর্ব্ব-স্ষ্ট জীব ও উদ্ভিদগণের সহিত তাহাদের কোন যোগ নাই। আর এক দলের মত এই যে, এক জাতি হইতেই আর এক জাতি অভিবাক্তি-নিয়মে ক্রমশঃ উৎপন্ন হইয়াছে। কোন ছই জ্বাতি সম্পূর্ণক্রপে পৃথক আপাততঃ প্রতীয়মান হইলেও উহাদিগের উৎপত্তি-মূল একই। উহারা উভয়ই একটি শুঝালের অংশ মাত্র। আজ কাল ডাক্লইন এই শেষোক্ত মতটির অণিনেতা হট্যা দাঁডাট্যাছেন। এই মতের প্রথম প্রবর্ত্তক না হউন, কিন্তু তাহা-কৰ্ত্তকট যে এট মতটি (Origin of Species) **"জা**তির উৎপত্তি মূল" নামক গ্রন্থে পরিস্ফুটরূপে ব্যক্ত এবং দৃঢ় পত্তন-ভূমিতে প্রতিষ্ঠিত হইয়াছে তাহাতে আর সন্দেহ নাই। পুর্বেই বলিয়াছি যে, ফরাসিস দেশীয় Lamarck, Geoffroy Saint Hilaire প্রভৃতি পণ্ডিতগণ এই মতের প্রথম স্ত্রপাত করেন। ইহারা সকলেই অভি-ব্যক্তি-বাদী। তবে, এই অভিব্যক্তি যে নিয়মে, যে প্রণালীতে সম্পাদিত इत, त्रहे नित्रम-त्रहे खनाली लहेताहे ठाहानित्रत मत्या महत्कन नष्टे হয়। ডারুইনই "প্রাক্তিক নির্বাচন"-মতটির প্রথম প্রবর্ত্তক। এই মতটির আজ কাল এতদূর প্রাত্তাব হইয়াছে যে, যাতে-তাতে এই নিয়মটি খাটানো হইয়া থাকে। এমন কি ঔষধের মধ্যে যেরূপ হলে। য়ের বটকা, তথালোচনার পক্ষেও "প্রাকৃতিক নির্বাচনের" মতটি ভজ্জপ দাঁড়াইয়াছে। বস্তুতঃ "প্রাক্তিক নির্বাচন" এই নামটি কি শুভক্ষণেই নিৰ্কাচিত হুইয়াছিল।

প্রকৃতিদেবী নির্বাচন করিতেছেন— এইরূপ কবিতার ভাষায় বৈজ্ঞানিক তব্ বাক্ত হওয়ায়, যেরূপ একদিকে লোকের চক্ষেধুলি প্রয়োগ
করিবার নিনিত্ত জ্ঞানাভিমানী পণ্ডিতদিগের একটি উপার 'হইয়াছে,
দেইরূপ আর এক দিকে আদল কথাটিও দৈব-যোগে প্রকাশ হইয়া
পড়িয়াছে। এই মতের আশ্রেয় লইরা ডারুইনের কোন কোন শিষ্য

নান্তিকতা সমর্থন করেন। কিন্তু বস্তুতঃ ইহার সহিত নান্তিকতার কোন যোগ নাই। "প্রত্যেক জাবের পক্ষে বে-কোন পরিবর্ত্তন মঙ্গল-জনক তাহাই প্রক্রতিদেবী নির্বাচন করেন এবং তাহাই বংশপরম্পরা-ক্রমে প্রবাহিত হয় এবং যাহা অনিষ্টকর তাহা স্থায়ী হইতে পারে না" এই যে তাহাদিগের মল মত, ইহার মধ্যে ভস্মাচ্ছাদিত অগ্নির স্থায় আস্তিকতাই নির্বাচন-শক্তি অন্ধ জড়ের হইতে পারে না। গুড়রূপে বিদ্যমান। অতএব যে শক্তি-দারা এইরূপ নির্বাচন-ক্রিয়া সম্পাদিত হয়, তাহা अन्ध कानस्त्रप এবং गृहा উপকারो, यहा मञ्चलक्रनक, এक्माज ভাহাই নির্বাচিত হওয়া কোন অমঙ্গল পুরুষের কার্য্য হইতে পারে না-অত্তত্ত্ব যে শক্তি দাবা এইরপ নির্বাচিত হয় তিনি অবশ্র মঙ্গল-স্বরূপ। সৃষ্টি-কার্য্যের অপূর্ণতা দেখাইয়া যাঁহারা ঈশ্বরের অপূর্ণতা প্রতিপন্ন করিতে চাহেন তাঁহারা যদি Darwin-মতাবলম্বী হয়েন এবং ক্রমোন্নতি নিয়মে বিশ্বাস করেন, তাহা হটলে তাঁহাদিগের ওকথা বলিবার আর অধিকার থাকে না। মেহেতু, যদি সমস্ত সৃষ্টি চিরকাল সমান ভাবেই থাকিত, যদি বর্ত্তমান অবস্থাই ভাহার উন্নতির শেষ সীমা হইত, তাহা হঠলেই বলা যাইতে পারিত, ঈশ্বরের শক্তি সীমাবদ্ধ। কিন্তু যথন উন্নতি হইতে উন্নতিতে ক্রমাগতই সৃষ্টির গতি দেখা ঘাইতেছে. তখন কি করিয়া এ কথা বলা যাইতে পারে। ভবে, সৃষ্টি একেবারেই পূর্ণ হইতে পারে না—বেহেতু ছইটি সম্পূর্ণরূপে পূর্ণবস্তু একত্রে থাকা অসম্ভব। আবার, যিনি মঙ্গলস্বরূপ ও পূর্ণস্বরূপ, তাঁহার সৃষ্টি কথন চিরকাল সমানরূপে অপূর্ণ থাকিতে পারে না। ঈশ্বর পূর্ণস্বরূপ এবং মঙ্গলম্বরূপ বলিয়াই স্ষ্টির অপূর্ণতা ক্রমশঃ হ্রাদ হইবারই কথা, এবং যে সৃষ্টি ক্রমাগত উন্নতি হইতে উন্নতিতে,—মঙ্গল হইতে মঞ্গলের দিকে অগ্রসর হইতেছে, তাহার কারণ কোন পূর্ণস্বরূপ এবং মঙ্গলস্বরূপ পুরুষ इटेबाइटे कथा। अञ्जब य फिक मित्राटे एम्थ, मटे अर्केट मिकार्स

উপনীত হইতে হয়। যদি আমরা প্রথমে ঈশ্বরের স্বরূপ মানিয়া লইয়া স্টিতত্ত্বের আলোচনায় প্রবৃত্ত হই—তাহা হইলেও দেখিতে পাই স্টির ক্রমাভিবাক্তি-ভিন্ন স্টির পূর্ণতা কখনই হইতে পারে না; আবার যদি স্টির প্রকৃতি এবং নির্মের আলোচনা করিয়া ঈশ্বর-স্বরূপের সিদ্ধান্ত করিতে প্রবৃত্ত হই, তাহা হইলেও দেখিতে পাই—প্র্ণিস্বরূপ ঈশ্বর মূলকারণ না হইলে স্টির ক্রমোন্নতি বা ক্রমাভিবাক্তি সম্ভবে না। স্বত্রব আরোহ ও অবরেহে উভয় প্রণালী-সন্স্বারেই স্টে এবং ঈশ্বরত্ত্ব-সম্বন্ধে মুখার্থ সিদ্ধান্তে উপনীত হওয়া যাইতে পারে!

সৌন্দর্য্যতত্ত্ব।

<u>দৌলব্যার কোন একটি অপরিবর্ত্তনীয় আদর্শ মানব-মনে নিহিত</u> আছে কি না ত্র্বিয়ে নান। পণ্ডিতের নানা মত। একটি বস্তুকে আমরা কেনই বা স্থন্ত্র বলি, আর একটিকে কেনই বা কুৎসিত বলি তাহার कि क्लान कावन नांड ? त्रोन्हर्याव कि कान निर्मिष्ठ गुल नियम नांडे ? কালিদাস বলিয়াছেন "ভি: ক্রচিঠি লোকঃ"—এ বচনটির সভাতা বিষয়ে কে অস্বাকার করিতে পারে ? কিন্তু আমাদিগের অক্তান্ত তাবৎ মান-গিক বৃত্তির ভাষ এই সৌন্দর্যা-ক্রচিও কি উন্নতি-সাপেক্ষ নহে **?** সমস্ত স্ষ্টি-ব্যাপারই যে, ক্রমোরতি ও ক্রমাভিব্যক্তির নির্মাধীন, এই সৌন্দর্যা-রুচিই একমাত্র কি সেহানয়মের ব্যক্তিচারস্থল হইবে ? সমস্ত স্ষ্টিই কোন একটি পূর্ণ-আদর্শের স্মাপ্রতী হইবার জন্ম জ্মাগত যুঝায়ঝি করিতেছে এবং যতথানি সেই আদর্শের সমীপবর্তী হইতে সমর্গ হইতেছে ততথানিই তাহার উল্লিত। এই য্ঝাযু্ঝির বিশুশ্বল অবস্থা দেখিয়া সহসা মনে হইতে পারে যে উহা নিভাস্ত উদ্দেশ্য-বিহীন ও সকল প্রকার নিয়মের বহিভূতি। কিন্তু সকল যুদ্ধ-ব্যাপারই যে অন্তিম চিরস্থায়ী শান্তি ও স্বশৃত্থলা স্থাপনের সোপান মাত্র এবং দকল যুদ্ধের মধ্যেই যে শাস্তির বীজ নিহিত আছে তাহা আমরা সহসা উপলব্ধি করিতে পারি না। মানব-জাতির সৌন্দর্যা-ক্রচি-সম্বন্ধেও এইরূপ বলা গাইতে পারে। বিচিত্র মনুষ্য-জাতির মধ্যে ক্লচিও যে বিচিত্র, এ কথা প্রমাণ করিবার क्य अधिक প্রয়াস পাইতে হয় না, ইহার নিদর্শন সর্ব্রেট দুষ্ট হয়। কিন্ত এই ক্রচি-গত বিচিত্রতার অন্তর্নিহিত কোন প্রকার জ্বন্তের নিয়ম লক্ষিত হয় কি না তাহাই বিবেচ্য।

সৌন্দর্য্য-লাল্যা সমস্ত মানবজাতির মধ্যেই দৃষ্ট হয়, কিন্তু এই সৌন্দর্যোর আদর্শ সকল দেশে সমান দেখা যায় না। অতীব অসভ্য বস্তু জাতিদিগকেও শারীরিক শোভা-বর্দ্ধনের প্রতি বিশেষ মনোষোগী হইতে দেখা যার, বেশভ্যা অলঙ্কারের প্রতি তাহাদের অত্যন্ত অন্তরাগ। কোন একজন ইংরাজ পণ্ডিত এতদুর পর্যান্ত মত প্রকাশ করিয়াছেন যে, শোভাবর্দ্ধনের জন্তুই কাপড়-পরার রীতি প্রথম প্রবর্ত্তিত হয়, শরীরের তাপ রক্ষার জন্তু নহে। Proffessor Waitz বলেন "একজন মামুষ যতই দরিজে ও ছর্দ্দশাগ্রন্ত হোক না কেন, আপনার শোভাবর্দ্ধনে তাহার স্থখনোধ হয়।" 'রেন-ডিয়ার' নামক হরিণের সমকালবর্ত্তী যুরোপীর অসত্য লোকেরা কোন উজ্জ্বল বস্তু পাইবামাত্রই তাহা সংগ্রহ করিয়া তাহাদের গহরর-মধ্যে আনিত। বর্ত্তমান কালের বস্তু-জাতীয়েরাও সর্বত্রই পালক, কণ্ঠহার, বাজুবন্দ, কাণবালা প্রভৃতি অলঙ্কার দারা আপননার শরীর বিভ্যিত এবং বিচিত্র রক্ষে রঞ্জিত করে। Humboldt বলেন "পরিছেদগারী জাতিদিগের স্থায় যদি রঞ্জিত জাতীয়গণের প্রতি সমধিক মনোযোগ দেওয়া হইত, তাহা হইলে দেখা ঘাইত—কি রক্ষের বিচিত্রতা, কি কাপড়ের চং—উভয়্রই এক ফলবতী কল্পনা ও ক্ষণপরির্ব্তনশীল খেয়াল হইতে প্রস্তু।"

আফ্রিকার কোন অংশের অধিবাসিগণ চণের পাতা কালো রং দিয়া এবং কোন অংশের অধিবাসিগণ পীত কিম্বা বেগুনি রং দিয়া নথ রঞ্জিত করে। অনেক স্থানে কেশও নানা প্রকার রঙে রঞ্জিত হয়। ভিয়্ন ভিয়-দেশে দাঁতে কালো, লাল, নীল প্রভৃতি নানা প্রকার রং দিবার রীতি আছে, এবং মালাই-দ্বীপপৃঞ্জ-নিবাসিগণ কুকুরের ভায় দাঁত সম্পূর্ণ সাদা হওয়া অত্যন্ত লজ্জার বিষয় মনে করে। অনেক দেশের অসভা জাতীয়েরা যত্নপূর্ণকি কেশ বিভাস করে, আবার কোন কোন দেশের লোক মন্তক একেবারে মৃগুন করিয়া ফেলে। এমন কি, দক্ষিণ আমেরিকা ও আফ্রিকা দেশের লোকেয়া ত্র পর্যান্ত উৎপাটন করিয়া ফেলে। উপরিতন নীল-নদী-কুলছ প্রদেশ-নিবাসী মন্ত্রগণ সম্মুথের চারিটা

দাঁত ভাঙ্কিয়া ফেলে। তাহারা বলে যে, সাম্নের দাঁত রাথিয়া তাহার। পশু-তুল্য হইতে ইচ্ছা করে না। আরও দক্ষিণে, লিভিংপ্টোন সাহেব বলেন, বোটোকা নামে এক জাতি আছে, তাহারা সাম্নের উপরকার পাটির ছইটা দাঁত ভাঙ্গিয়া ফেলে; তৎপ্রযুক্ত তাহাদিগের নিম্ন চোয়াল বৰ্দ্ধিত হটয়া তাহাদিগকে অত্যস্ত কদাকার দেখায়, কিন্তু তাহারা মনে করে যে ঐ স্থানের দাঁত থাকিলেই বরং আরও বিশ্রী দেখিতে হয়। তাহারা কতকগুলি মুরোপীয়কে দেখিয়া বলিয়া উঠিয়াছিল, "দেখ দেখ— বড় বড় দাঁতগুলা দেখ।" আফ্রিকার বিভিন্ন প্রদেশের এবং মালাইদ্বীপ-পুঞ্জের লোকেরা সামনের দাঁত দ্সিয়া করাতের মত ছুঁচাল করে. অথবা ছিদ্রিত করিয়া তাহার মধ্যে গোঁজ পুরিয়া রাখে। উত্তর এবং দক্ষিণ আমেরিকার কোন কোন জাতি, উপরের কিম্বা নিমের ওঠ ছিদ্রিত করে। বোটোকুডো জাতীয়েরা নিম-ওঠে ছিদ্র করিয়া তন্মণ্যে ৪ ইঞ্চি পরিধি-পরিমাণ কাঠের গোঁজ পুরিয়া রাথে। মধা-আফ্রিকার স্ত্রীলোকেরা নিম-ওষ্ট ফুঁড়িয়া তাহাতে একটি ক্ষটিকখণ্ড পুরিয়া রাখে। লাটকা প্রদেশের সন্দারের স্ত্রী বেকর-সাহেবকে বলিয়াছিল যে.—"যদি ভোমার স্ত্রী সামনেকার নিম্নপাটির দাঁতগুলি তুলিয়া তাঁহার ওষ্টে সূচ্যপ্রথৎ মস্থী-ক্লত ক্ষটিকখণ্ড ধারণ করেন, তাহা হইলে তাঁহার অনেকটা শ্রী ফিরিয়া যায়।" আরও দক্ষিণে আলকোলো জাতীয়েরা উপরকার ঠোঁট ফুঁড়িয়া তাহাতে একটি বুহৎ গাতৃথণ্ড এবং বংশের বলয় পরিধান করে। ইহাকে जाशां '(भारत' वरत । (वकत मार्ट्य वरतन, देशत मक्न खीरतारकत ওর্ছ, নাদিকার অগ্রভাগ হটতে ত্-ইঞ্চি পরিমাণ ঝুঁকিয়া পড়ে; যথন কোন রমণী মৃহ মধুর হাস্ত করে, তথন তাহার মাংদপেশী কুঞ্চিত হওরার হঠটি চকু ছাড়িরা উর্দ্ধে উঠিরাপড়ে। তিনি জিজ্ঞাসা করি-लन-" जामारमुद औरनारक त्कन अहे मकन तक शतिशान करत ?" তাহাদের প্রধান সন্দার চিনম্বর্দি এই প্রশ্নটি নিতাস্ত নির্বোধের প্রশ্ন

মনে করিয়া বিশ্বিত হইয়া উত্তর করিল—"কেন, সৌন্দর্য্যের জন্ত :--क्वीत्नाकरम्ब के या क्रमाक रिनमर्या-मार्थक वश्च चाइ । शूक्वरम्ब माष्ट्रि আছে—স্ত্রীলোকদের তো কিছুই নাই। এই 'পেলে' না থাকিলে স্ত্রীলোকদের কি অন্তত্ত দেখতেই হয়; দাড়িনেই অথচ পুরুষের মতু मुथ-एम खीलांक खीलांक नय।" Hearne यिन आप्मितिक ইণ্ডিয়ানদিগের সহিত অনেকবার বাস করিয়াছিলেন তিনি বলেন, "একজন উত্তর প্রদেশস্থ ইণ্ডিয়ানকে জিজ্ঞাদা কর, সৌন্দর্য্য কাহাকে বলে ? সে উত্তর করিবে—চতুড়া-পারা সমতল মুখ, খুদে-খুদে চৌখ, উঁছু উঁচ চোয়ালের হাড়, প্রত্যেক গালে তিন চার্টে করে' চওড়া-চওড়া काटना त्रथा, (छांठे कशाल, त्रश्९ छअछ। छितूक, शाविमा-भगविमा **"হুকের"** মত নাক, পিঙ্গল-বর্ণের চামড়া, এবং আ-কটি লম্বিত স্তন— ইহাকেট বলে মৌন্দর্য।" Palles যিনি চীন রাজ্যের উত্তরাংশে গমন করিয়াছিলেন তিনি বলেন "বাহাদের চওডা মুখ, উচ্চ চোয়াল-খুব চণ্ডা নাক এবং প্রকাণ্ড কাণ-সেই সকল স্ত্রীলোককেই লোকে পছন্দ করে; Bogt বলেন যে, চীন ও জাপানবাদীগণের এমনই তো " চোথ উপর-দিকে টানা, ভারা যথন আবার ছবি আঁকে তথন ছবিতে সৌন্দর্য্য বাড়াইবার জন্ম চোথ আরও উপর-টানা করিয়া আঁকে। পান্তি Huc সাহেব পুনঃ পুনঃ অনেক স্থলে বলিয়াছেন যে, আভ্যন্তর প্রদে-শের চীনেরা মুরোপীয়দিগের সাদা চর্ম এবং উন্নত নাসা থাকা-প্রযুক্ত তাহাদিগকে অতি কদাকার বিষয়া মনে করে। সিংহলবাসীগণের নাক এমনিইতো বসা-বসা, কিন্তু সপ্তম শতাব্দির চীনাগণের, মোগল জাতি-স্থলভ সমতল মুধশ্ৰী দেখাই অভ্যাস থাকায় তাহারা সিংহল-বাদীগণের অত্যানত নামিকা দেখিয়া বিশ্বিত হইয়াছিল। Thsang বর্ণনা ক্রুরেন যে তাহারা "মহধোর ভার শরীর-বিশিষ্ট কিন্তু তাহাতে পাথীর ঠোঁট সংযুক্ত।" প্রসিদ্ধ পর্য্যটক মঙ্গোপার্কের সাদা রং ও উন্নত

নাগিকা দেখিরা নিগ্রোরা তাঁহাকে উপহাদ করিরাছিল। আফ্রিকাবাসী মুর-জাতীরেরাও তাঁহার সাদা রং দেখিরা "ভ্রাযুগল কুঞ্চিত করিরা একেবারে শিহরিয়া উঠিয়াছিল।" পূর্ব্ব-উপকৃলে, বর্টন সাহেবকে দেখিয়া **মিগ্রো** বালকেরা বলিয়া উঠিয়াছিল, "দেখ দেখ একটা সাদা মামুষ---ওকে একটা সাদা বানরের মত ঠিক দেখাছে না ?" রীড সাহেব বলেন. নিগ্রোরা কালো রং খুব পছন্দ করে; আবার কাফির জাতীয়েরা কাঞ্জি-দিগের স্থায় অত কালো নয়—কালো ও লাল রঙে মিশ্রিত, তাহারা এই জ্ঞামল বর্ণ সর্কাপেকা পছন্দ করে। তাহাদের মধ্যে একজনের রং হুর্ভাগ্যক্রমে ফর্সা হওয়ায় কোন স্ত্রীলোক তাহাকে বিবাহ করিতে রাজি হয় নাই। কোচিন চানের একজন মহুষ্য একজন ইংরাজ দূতের স্তার রূপ-সম্বন্ধে এইরূপ ঘুণাবাঞ্চক মত প্রকাশ করিয়াছিল—"ওর দাঁত কুকুরের মত সাদা, আর ওর রং আলু ফুলের মত গোলাপি।" ডারুয়িন বলেন— এই একটি বড আশ্চর্য্য দেখিতে পাওয়া যায়, যে দেশের লোকেরা স্বভাবতঃ শাশ্র-বিহীন তাহারাই মুখ ও শরীরের লোম রাখিতে ভালবাদে না—যদি কোথাও ছ-এক গাছা লোম থাকে তো তাহারা যত্নপূর্ব্বক উৎ-পাটিত ফরিয়া ফেলে। কালমক জাতীয়েরা শুশ্রুবিহীন, তাহারা শরীরের লোম উন্নূলিত করে। মালাই ও খ্রাম-জ্বাতীয় কিন্দংশ লোকের মধ্যেও এই রীতি প্রচলিত আছে। নব-জিলাও-নিবাসীরা শাশ্রুহীন, ভাহারাও মুখের লোম উৎপাটিত করে; তাহাদিণের মধ্যে এই একটি কর্ম প্রচলিত আছে যে, "লোমশ পুরুষের ভাগ্যে কোন ত্রী নাই।"

পক্ষান্তরে শাশ্র-বিশিষ্ট জাতীয়গণ শাশ্রর প্রতি ষত্ন ও আদর প্রদর্শন করে। আাংলো-ভাক্সনদিগের আইন-অন্নসারে মন্ত্র্য-শরীরের প্রত্যেক অংশের এক একটা মূল্য নির্দিষ্ট ছিল—"শাশ্রর ক্ষতিপূরণ হিসাবে ১০ টাকা, এবং জামু-অন্থি-ভঙ্কের ক্ষতিপূরণ হিসাবে ৬ টাকা মাত্র নির্দিষ্ট ছিল"। প্রাচ্য দেশ-সমূর্যে এক স্পর্শ করিয়া শপথ করিবার রীতি শৃষ্ট

হয়। প্রশাস্ত সমৃদ্রের ফিজি জাতীরদিগের শাশ্রু প্রচুর ও ঝাঁক্ড়া-ঝাঁক্ড়া, এবং উহাই তাহাদের একটা অহঙ্কারের বিষয়। আবার এ দিকে তাহাদের পার্যন্ত দ্বীপপুঞ্জনিবাসী টাঙ্গা ও স্থামোয়ো-জাতীয়েরা স্বভাবতঃ শাশ্রুইন, সেই জন্ত শাশ্রুর প্রতি তাহাদিগের অত্যন্ত বিষেষ।

ডাক্রিন বলেন "এই সমস্ত বিষয় আলোচনা করিয়া দেখিলে Humboldt যে নিয়ম অনেক দিন হইল বাক্ত করিয়াছিলেন সেই নিয়মই खातको। यथार्थ विवया উপलक्षि रहा ।" তিনি विवशा हिल्ले — "श्राहर । মামুষকে যে সকল বিশেষ লক্ষণ প্রদান করেন, মামুষ সেই সকল বিষয়কেই প্রশংসা ও আদর করে এবং অনেক সময় তাহারই বাডাবাড়ি করিতে চেষ্টা করে।" শাশ্রহীন জাতীয়দিগের মধ্যে শাশ্রুর চিহ্ন পর্যান্ত বিলোপ ও শরীরের সমস্ত লোম উৎপাটন করিবার রীতি এই নিয়মের একটি দুষ্টাস্তত্ত্ব। ভারুয়িন আরও বলেন—"সাধারণতঃ এই পর্যান্ত বলা যাইতে পারে যে, আমাদিগের বোধ-শক্তি বাছ-ন্যাপারের সহিত এ প্রকার উপযোগী করিয়া নির্দ্মিত যে, কতকগুলি বিশেষ আকার, উচ্ছল রং, সম্বিভক্ত ছন্দোবদ্ধ শব্দ প্রভৃতিতে আমাদিগের স্থুখবোধ হয়. এবং তাহাদিগকেই আমরা স্থানর বুলিয়া থাকি। আগুনে হাত দিলে শ্রীরে কেন বন্ত্রণা উপস্থিত হয় কিম্বা স্থুখন্সপর্শ মলয়-সমীরণে কেন্ট বা আমাদিগের স্থেবোধ হয়— छेशा रायक्र आमता कात्र विवार পারি না. কোন কোন আকার কেনই বা আমাদিগের ভাল লাগে অর্গাৎ স্থানর বণিয়া বোধ হয়, এবং কোন কোন আকার কেনই বা আমাদের খারাপ লাগে অর্থাৎ কুৎসিত বলিয়া বোধ হয়, ভাহারও আমরা কোন কারণ নির্ণয় করিতে পারি না।" অতএব, যদি প্রত্যেকের ভাল-লাগার উপরেই সৌন্দর্য্য নির্ভর করে, তাহা হইলে ধার বাতে ভাল লাগে, তার নিকটে তাহাই স্থনর। তবে কি, সৌন্দর্য্য-জ্ঞানের মূলে কোন প্রকার বিশ্ব-জনীন মূলতত্ত্ব নাই ?

কিন্তু এই একটি বিষয় আমরা স্থল্পইরূপে দেখিতে পাই যে, পৃথিবীতে সাধারণ সভ্যতার যতই উরতি হইতেছে, সেই সঙ্গে সৌন্দর্য্যের আদর্শপ্ত ক্রমশ: একতার দিকে অগ্রসর হইতেছে। এই জ্বন্তই আমাদের প্রাকৃতিক অবস্থা সম্পূর্ণরূপে বিভিন্ন হইলেও সেক্সপিররের সৌন্দর্য্য আমরা অনেকটা হৃদরক্রম করিতে পারি, আবার যুরোপীরগণও শকুস্তুলার সৌন্দর্য্য অনেক পরিমাণে অন্থতন করিতে সমর্থ। আমরা রোমের Saint Peter কিন্বা রুসিরার Kremlin দেখিয়া যেরূপ আমরা হই, আমাদের দেশের তাজমহল দেখিয়া যুরোপীরেরাও তেমনি আবার বিমোহিত হয়েন। যদি সৌন্দর্য্য-জ্ঞানের মূলে কতকগুলি সাধারণ মূলতত্ত্ব না থাকিবে তবে এ প্রকার ঘটনা কেন হয় ?

আমরা স্থলর পদার্থ সকলকে বিশ্লেষণ করিয়া দেখিলে তাহার মূলে ছইটি মূল-উপকরণ দেখিতে পাই। সমতা ও বিচিত্রতা। এই সমতা ও বিচিত্রতার সামঞ্জন্তের নাম সৌন্দর্যা। সৌন্দর্য্য আপেক্ষিক—তুলনা-সাপেক্ষ। যদি সমস্তই একাকার হইত, কোন প্রকার ভিন্নতা না থাকিত, তাহা হইলে সৌন্দর্যা আমরা আদে অমুভব করিতে পারিতাম না। কিন্তু এই বিভিন্নতা—এই বিচিত্রতার মধ্যে যতক্ষণ না আমরা সমতা উপলব্ধি করিতে পারি ততক্ষণ আমাদিগের সৌন্দর্য্য-বোধের উদ্রেক হয় না।

কোন পদার্থের সহিত কোন পদার্থের মিল দেখিতে যেমন আমরা ভালবাদি, দেইরূপ ভিন্নতা দেখিতেও ভালবাদি। বস্ততঃ, এক ৰক্তর সহিত আর এক বস্তর মিল আছে, এই কথা বলিলে ইহাই বুঝার বে, কোন-কোন সম্বন্ধে উভয়ের মধ্যে মিল আছে এবং কোন-কোন সম্বন্ধে অমিলও আছে। কেন না, যদি উভয়ের মধ্যে সম্পূর্ণরূপে অর্থাৎ সর্ব্বাংশে ও সর্ব্ব-সম্বন্ধে মিল থাকে, তাহা হইলে আর উভয় শব্দ ব্যবহার করা ঘাইতে পারে না, তাহা হইলে দে একই বস্তু হইয়া দাঁড়ায়। সৌন্দর্য্য কি ? না—সাম্য ও বৈষমের সামঞ্জ্ঞ। উহাতে সাম্যও থাকা চাই

এবং বৈষ্মাও থাকা চাই এবং এই দামা বৈষ্ম্যের মধ্যে আবার সামঞ্জন্ত থাকা চাই। এক্ষণে মনে কর, একটি সমচতুষ্কোণ আর একটি সম্পূর্ণ অসমরেথা-বিশিষ্ট আকার তোমার সম্মুখে আছে। এই উভয়ের মধ্যে কোন আকারটি তোমার স্থন্দর বলিয়া বোধ হয় ? সম-চতুকোণ আকারটিই যে অপেক্ষাক্বত স্থলর তাহা ৰোধ হর সকলেই একবাকো श्रीकात कतिता । किन श्रमत ताथ रत्र ? त्यत्रकु छेशामत मत्था পরস্পর সৌসাদৃশ্র আছে; সাদৃশ্র আছে বলিয়াই বুঝার যে তাহা-দিগের মধ্যে ভিন্নতাও আছে। কোন পদার্থের বা কোন আকারের সম-বিষম অংশগুলি বখন এ প্রকার কৌশলে যোগাযোগ করা হয় যে তাহাদিগের পরস্পার-সামঞ্জন্ম সহজ্বেই আমাদিগের চক্ষে প্রতিভাত হয়—তখনই আমরা তাহাকে স্থলর বলিয়া উপলব্ধি করি। অতএব দেখা যাইতেছে, কেবলমাত্র ভিন্নতা কিম্বা বিচিত্রতাতে আমাদিগের সৌন্দর্য্য-বোধ তৃপ্ত হয় না; বিচিত্রতার মধ্যেও যতক্ষণ না আমরা সমতা দেখিতে পাই, ততক্ষণ আমাদিগের সৌন্দর্য-জানের উদ্ভেক হয় না। অতএব দেখা যাইতেছে সমতাই সৌন্দর্য্যের মুখ্য উপকরণ এবং বিচিত্রতা গৌণ উপুকরণ। কোন নিতাস্ত বাঁকা-চোরা রেখা অপেক্ষা একটি সরল রেখা যে স্থলর তাহাতে সন্দেহ নাই। বাঁকা-চোরা রেখার মধ্যে বিচিত্রতা অনেক আছে; কিন্তু সে বিচিত্রতায় ज्यामामिरशत रमोन्सर्या-रवारशत छेरसक इत्र मा-किस सम्हे धकाँ वैकि-চোরা রেখার সঙ্গে আর একটি ঠিক তদ্রূপ বাঁকা-চোরা রেখা যদি এরূপ कोमाल मश्रयाद्विक कवा यात्र य जाशामिरभव वैकिन केंग्रिक किन তার মধ্যে আবার একটি সমতা আমরা উপলব্ধি করিতে পারি, তথন ভাহাই আবার স্থলর হইয়া দীড়ায়। অতএব সমতাই সৌন্দর্য্য-জ্ঞানের অন্ত্র— এবং বিচিত্রতাই তাহার ব্যক্তন-স্বরূপ। সৌন্দর্ব্যের পক্ষে উভয়ই व्यक्तीय ।

ক্রমাগত একবেরে সাম্যরস আত্মাদন করিরা-করিরা আমাদের সৌন্দর্য্য রুচির পাছে অরুচি উপস্থিত হর, এই জয়ুই বিচিত্র সাম্যের প্ররোজন। ইহার সঙ্গে উহার মিল—এইরূপ মিলের বিচিত্রতা আমরা ভালবাসি।

সোন্দর্য্য ছই প্রকার;—সাদাসিধা সৌন্দর্য্য ও বিচিত্র সৌন্দর্য্য।
সমচতুক্ষোণ, সমত্রিকোণ প্রভৃতি আকার সাদাসিধা সৌন্দর্য্যের দৃষ্টাস্ক—
সাদাসিধা আকারের মধ্যে চক্র-আকারই সর্ব্বাপেক্ষা স্থলর। তাহার
কারণ এই যে, চক্র-আকারে—সাম্য ও বৈচিত্র্যের সামঞ্জস্ত অতি
স্থলররূপে রক্ষিত হইয়াছে। চক্রাকারের প্রত্যেক অংশ পৃথক্ করিষা
ধরিতে গেলে প্রত্যেক অংশ প্রত্যেক অংশ হইতে ভিন্ন—অথচ সেই
সকল অংশগুলি এরূপ অল্পে অল্পে ক্রমশঃ ভিন্ন হইয়া বেমাল্ম
পরস্পারের সহিত মিলিয়া গিয়াছে যে তাহা হইতে একটি সমগ্র সামঞ্জের
ভাব ক্রিপ্তি পাইর। আমাদিগের সৌন্দর্য্য-বৃত্তিকে তৃপ্ত করে।

একটি সমচতৃকোণ আকার অপেকাও চক্রাকার এই জন্ম অধিক স্থলর। এই জন্ম প্রকৃতিতে যাহা সর্বাপেকা স্থলর তাহা সমস্তই প্রায় গোলাকারের দিকে উদ্বর্ধ। চন্দ্র, সূর্য্য, গ্রহ, নক্ষত্র, পূপা, ফল প্রভৃতি স্থলর পদার্থ-সকল এইজন্ম ন্যানিধিক গোলাকার।

ফল অপেক্ষা প্রক্টিত পুপের সৌন্দর্যা অধিক জ্বম্কাল কেন ? না— বেহেতু ফল অপেক্ষা পুলের বৈচিত্রা অধিক।

বে সকল স্থানর পদার্থ আমাদের দর্শনেক্রিয়ের বিষয়ীভূত তাহাদের সৌক্ষর্যগত আর একটি উপকরণ—রং। বিচিত্রতা-সম্পাদনই রঙের প্রধান উক্ষেশ্র এবং রঙের সাম্য-বৈষম্যের মৃধ্যে সামঞ্জশু-বিধানেই রঙের সৌক্ষর্য বৃদ্ধি পায়।

দর্শনেন্দ্রিয়-গত সৌন্দর্য্যের আর একটি উপকরণ উচ্ছলতা। কোন দ্রব্যে উচ্ছলতা-ভিন্ন আর কোন সৌন্দর্য্যের উপকরণ না থাকিলেও সেই উচ্ছলতার শুক্তই আমরা তাহাকে স্থন্দর বলি। তবে, আকার-গত সাম্য-বৈষম্যের ;সামঞ্জন্তের সঙ্গে যদি আবার কোন পদার্থের উজ্জ্বলতা-গুণ থাকে—তাহা হইলে তাহা বে কেবলমাত্র-উজ্জ্বলতা-বিশিষ্ট পদার্থ-অপেকা স্থন্দর তাহাতে সন্দেহ নাই।

সচরাচর, ফল অপেক্ষা ফুলে রং ফলানো অধিক, আকার-গত বৈচিত্র্যন্ত অধিক; এই জন্ম ফল-অপেক্ষা ফুলের সৌন্দর্য্য অধিক মনো-মুশ্বকর। পূর্ণচক্রকে কেন আমরা এত স্থন্দর বলি ? গোলাকার ও উজ্জ্বলতা—এই যে ছুইটি সৌন্দর্য্যের উপকরণ—ইহা পূর্ণচক্রে আছে বলিয়াই এইরূপ বলি। এ-ছাড়া পূর্ণচেক্রর সৌন্দর্য্যের আর কি কোন উপকরণ নাই ? আর একটি আন্থর্যাঙ্গক উপকরণ আছে, তাহা বৈপরীত্য। অনস্ত নীলাম্বরে পূর্ণচক্র উদিত হয় বলিয়াই উহার সৌন্দর্য্য আর ও ফুটিয়া উঠে।

নীল আকাশে পূর্ণচক্র যথন উদিত হয়, কিয়া শ্রামল সরোবর-সলিলে যথন পদ্ম বিকশিত হয়, উহাদিগের নিজের সৌন্দর্যা ছাড়া রঙের বৈপরীত্যে আর একটি অভিনব আর্হ্যক্ষিক সৌন্দর্য্য উদ্রাসিত হইয়া উঠে। উজ্জ্বলতা সৌন্দর্য্যের একটি সামাক্ত উপকরণ নহে। অক্তাক্ত গুণের অভাব অনেক সময়ে উজ্জ্বলতায় ঢাকিয়া যায়। বিকশিত পদ্ম ও সমুদিত পূর্ণচক্রমা এই উভয়ের মধ্যে কে অধিক স্থন্দর, নির্ণয় করা স্থক্তিন। চক্র অপেকা পদ্মের বৈচিত্র্য অনেক গুণে অধিক; যদি চক্রের উজ্জ্বলতা গুণ না থাকিত, তাহা হইলে নিশ্চয়ই বলা যাইতে পারিত চক্র অপেকা পদ্ম স্থন্দর। কিন্তু এক উজ্জ্বলতার গুরুছে পদ্ম-অপেকা চক্রের সৌন্দর্য্য, তুলাদণ্ডে অধিক হইয়া পড়িয়াছে।

শহা এতক্ষণ বলিলাম তৎসমস্তই দর্শনেজিয়-বিষয়ীভূত সৌন্দর্য্যের দৃষ্টান্ত। আমাদিগের যত ইজিয় আছে, তাহার বিষয়ীভূত ততপ্রকার সৌন্দর্যাও আছে। তন্মধ্যে দর্শন ও প্রবণেজিয়ের বিষয়ীভূত সৌন্দর্যাই প্রেষ্ঠ। সঙ্গীতই শেষোক্ত সৌন্দর্যার বিষয়।

দর্শনের বিষয়ীভূত সৌন্দর্য্যের মূল-উপকরণ যেরপে আকার ও রং, প্রবণের বিষয়ীভূত সৌন্দর্য্যের মূল-উপকরণ সেইরূপ স্থর ও তাল। এই স্থর-তাল লইরাই সঙ্গীত। প্রথমতঃ, সঙ্গীতে ধ্বনিরই নানা প্রকার মনোরম বিচিত্র তা দৃষ্ট হয়—মধুর ধ্বনি, গস্তীর ধ্বনি, ক্রম-বর্দ্ধনান ও ক্রম-দ্রামান এইরূপ নানা প্রকার ধ্বনি, তৎপরে সাদাসিধা গানের স্থর ও পরিশেষে নির্দ্দিন্ত ভাগ পরিমাণের নিয়মাত্র সাহিত্য স্থরের সামঞ্জ্য।

কোন সমান- গুজনের ধ্বনি অর্থাৎ যে ধ্বনিতে প্রতি সেকেণ্ডে কতকগুলি নির্দিষ্ট সংখ্যক স্পন্দন হয় তাহাকে সাঙ্গীতিক ধ্বনি অর্থাৎ স্বর বলে। এই স্পন্দনের সমতা হইতে আমাদিগের মনে এক প্রকার স্থুখ উৎপন্ন হয়। শক্ষের জানিয়মিত স্পন্দন অপেকা নির্মিত স্পন্দন আমাদিগেব নিকট অধিক স্থুপ্রাদ। স্বর-সামঞ্জুস্থ (Harmony) কি ? না—কোন সরল ভাগ পরিমাণের নির্মান্ত্সারে ছই কিছা অধিক স্থাদী স্বরের মধ্যে সাম্য ভাব। তাহার দৃষ্টান্ত, থরজ, গান্ধার, কোমল গান্ধার, এবং পঞ্চম, এই সন্থাদী স্বরগুলি বিভিন্ন হইলেও—ইহাদের মধ্যে পরস্পার একটি মিল আছে, এবং এই প্রত্যেক স্বরের স্পন্দনের সংখ্যা সমান না হইলেও ইহাদের মধ্যে একটি ভাগের নির্দিষ্ট সরল পরিমাণ আছে। যে সকল স্থরে এই ভাগের নির্মাট যত সরল, সেই সকল স্থরের মধ্যে সেই পরিমাণে মিল দৃষ্ট হয় এবং আমাদিগের নিকট উহা ত ১ই শ্রুভিক্স্থকর বলিয়া অন্তুভূত হয়। * কোন গান্ধে যত

^{* &}quot;If we sound together two notes whose vibration-ratio is exspressed by two terms of the series of natural numbers 1, 2, 3, 4, 5, 6, &c., we shall have a musical concord more or less perfect or pleasing according to the simplicity of the numerical ratio and more or less displeasing as the ratio is more or less complex—the whole series of such notes is known in music as harmonic sound" by John Cook, M. A.—Sound.

উচ্চ নীচ নানাবিণ স্বরের সামঞ্জ থাকে, সেই গান সেই পরিমাণে স্থর-বিষয়ে সুন্তর, এবং কোন গানে যে পরিমাণে সম বিষম নানা তালের সামঞ্জু থাকে. সেই গান সেই পরিমাণে তাল-বিষয়ে স্থুন্দর। সরল রেখার ছারা যে সকল আকার নির্দ্মিত হয়, সেই সকল আকারের প্রতিরূপ—যুরোপীয় সঙ্গীতঃ এবং ক্রমবক্র রেখার দ্বারা যে সকল স্থাকার গঠিত হয় তাহার প্রতিরূপ আমাদিগের দেশীর সঙ্গীত। ক্রমবক্র-রেখা-গঠিত আকারে যেরপ খোঁচা-খুঁচি থাকে না, পরস্ত এক অংশের সহিত আর এক অংশ আন্তে আন্তে বেমালুম মিশিয়া যায়, আমাদিগের সঙ্গীত অনেকটা তাহারই প্রতিরূপ। ইংরাজদের সঙ্গীত আমাদিগের অপেকা বোধ হয় অধিক খোচা-খু চি-বিশিষ্ট - অর্থাৎ একটা স্থয় হইতে আর একটা হার ক্রমশঃ নাগড়াইয়া একটা হার হাইতে আর একটা হার অকস্মাৎ উত্থিত হয়। এই জন্ত ইংরাজি খোঁচা-খুঁচি স্থরে আমাদিগকে জাগ্রত করিয়া তোলে এবং আমাদের গড়ানে-স্করে ইংরাজদিগের নিদ্রা আকর্ষণ করে। ইংরাজদিগের অপেক্ষা আমাদিগের সঙ্গীতের সাদাসিধা স্থবগুলি যে অধিক স্থন্দর তাহাতে সন্দেহ নাই। মূল-স্থর হইতে যদি তাহার আমুষঙ্গিক বিচিত্র স্থর-সন্মিলন Harmony অপসারিত করা যায়, তাহাঁ হইলে উহা অত্যম্ভ সাদাসিধা হইয়া পড়ে; অনেক সময়ে তাহাদিগের মূল-স্থরের দারিদ্রা আত্ম্যদিক স্থর-বৈচিত্রে ঢাকিয়া যায়। Captain Willard সাহেব তাঁহার প্রণীত "ভারতবর্ষীয় সঙ্গীত" নামক গ্ৰন্থে বলেন :---

"The modern melody has not the merit of the ancient and that harmony is used with the view of compensating for its poorness, and diverting the attention of the audience from perceiving the barrenness of genius"

যদিও আমাদের মূল-ম্বরের স্বাভাবিক সৌন্দর্য্য এত অধিক বে

ভাহার সৌন্দর্য্য রৃদ্ধি করিবার অন্ত Harmony-রূপ অলঙ্কারের তত প্রায়েজন হর না, তথাপি আর একটু আমুবঙ্গিক - সুর-বিচিত্রতা প্রবর্ত্তিত করিতে পারিলে বোধ হর আমাদিগের সঙ্গীতের অপেক্ষাকৃত উন্নতি হয়; কিন্তু মূল-রাগ-রাগিণীর ভাব রক্ষা করিয়া Harmony প্রয়োগ করা বড় সহজ্ব ব্যাপার নহে। বিচিত্রতার থাতিরে আমরা রাগ-রাগিণী কিন্বা ভাবের বিশুদ্ধতা নষ্ট করিতে ইচ্ছা করি না। Harmonyর দক্ষণ অনেক সময় যে গানের ভাব নষ্ট হয় তাহা কোন কোন বিচক্ষণ ইংরাজ গ্রন্থকারও স্বীকার করেন। Dr. Burney বলেন:—

"It may indeed happen from the number of performers, and the complication of the harmony, that meaning and sentiment may be lost in the multiplicity of sounds; but this, though it may be harmony, loses the name of music."

সঙ্গীতের আবার ছুইটি অংশ আছে, একটি ঐক্সিরিক, আর একটি মানসিক। গানের বেরূপ হ্বর ও তাল, সেইরূপ ভাবও একটি প্রধান উপকরণ। কিন্তু এই ভাবকে যদি হ্বর-তাল হইতে পৃথক্ করিয়া দেখি, তাহা হইলে তাহা ক্বিতার অধিকারের মধ্যে আসিয়া পড়ে। কিন্তু এই ভাবকে যথন হ্বর-তালের সম্বন্ধে আলোচনা করিয়া দেখি, তথনই সঙ্গীত-শান্তের অধিকারের মধ্যে আসিয়া পড়ে।

স্থরের ভাব-সৌন্দর্যা কাহাকে বলি, না—যথন কোন মানসিক্ ভাবের সহিত স্থর-তালের ঐক্য কিয়া সামঞ্জ্য হর। আমাদিগের ভৈরব ও পূরবী প্রভৃতি রাগ ভাব-সৌন্দর্য্যের আজ্বল্যমান দৃষ্টাভ্তস্থল। এই ছই রাগ প্রাত্তঃকাল ও সন্ধার ভাব মনোমধ্যে বেরূপ উদয় করিয়া দিতে পারে, এরূপ আর কোন রাগ পারে না। প্রাতঃকাল ও সন্ধার বেরূপ চুলু দুলু মুমন্ত ভাব—কড়ি কোমল প্রভৃতি অর্ধ স্থর প্ররোগ করিয়া, স্থারের গড়ান-ভাব বিধান করিয়া, প্রাতঃ সন্ধার ভাবটিকে কেমন স্থানরক্রপে ফুটাইয়া তোলা হয়। এইরূপ বিশেষ বিশেষ স্থারে আমাদের বিশেষ বিশেষ হৃদয়ের ভাব যে উদ্দীপিত হয়, তাহা অমুষদ্ধ-নিয়মেই হয়া থাকে।

কিন্তু এই বিষয়ে Alison-সাহেবের মতের সহিত আমাদিগের সম্পূর্ণ ঐকা হয় না। তিনি বলেন, ধ্বনি-বিশেষের কোন নিজস্ব মনো-হাারতা নাই; ধ্বনির সহিত হাদয়-ভাবের আমুষঙ্গিকতা না ঘটিলে কেবল মাত্র ধ্বনির সেইত হাদয়-ভাবের আমুষঙ্গিকতা না ঘটিলে কেবল মাত্র ধ্বনির সেইত হাময়া উপলব্ধি করিতে পারি না। তিনি বলেন—উচ্চ নীচ, গন্তীর তীক্ষ্ণ, দীর্ঘ হয় প্রভৃতি বিভিন্ন স্বরের সহিত বিশেষ বিশেষ হাদয়ভাবকে উদ্রেক করে বলিয়াই ঐ সকল স্বরের সোন্দর্য্য আমরা উপলব্ধি করি। আমরা স্বীকার করি, বিশেষ-বিশেষ হ্বর বিশেষ-বিশেষ হাদয়ভাবের উদ্রেক করিয়া থাকে, কিন্তু ভাবকে ছাড়িয়া শুদ্ধ কি আমরা ধ্বনির সৌন্দর্য্য অনুভব করিতে পারি না ? কোন কর্কশ ধ্বনি শুনিলে স্বভাবতঃই নেরূপ আমাদের বিরক্তি নোধ হয়, কোন মধুর ধ্বনি শুনিলে, আমরা শুধু সেই ধ্বনি-গত মাধুর্যেই বিমোহিত হই; তবে, যতক্ষণ না ঐ ধ্বনি কোন আমুষঙ্গিক মধুর হ্বদয়-ভাবকে উদ্রেক করিতে পারে, ততক্ষণ অবশ্ব আমাদিগের হ্বদয়ে সঙ্গীতের পূর্ণ-সৌন্দর্য্য প্রতিভাত হয় না।

এইরপ প্রত্যেক ইন্দ্রিরের সম্বৃথে পৃথক্ পৃথক্ সৌন্দর্যাক্ষেত্র বিস্তৃত রহিরাছে। আর একটি উচ্চতর সৌন্দর্য্য-রাজ্য আছে—তাহা আভ্যস্তরিক সৌন্দর্য্য। সামক্ষত্র ও বিচিত্রতা আভ্যস্তরিক সৌন্দর্য্যেরও মূল-উপকরণ। দরা প্রেম ভাক্ত সৌহার্দ্ধ,বাৎসল্য সরলতা—এ সমস্ত এক একটি বিশেষ বিশেষ আভ্যস্তরিক সৌন্দর্য্য। পিতা ভিন্ন ব্যক্তি, পুত্র ভিন্ন ব্যক্তি, কিন্তু স্লেহ-ভক্তির বন্ধনে উভরের মধ্যে যে যোগ নিবন্ধ হন্ন তাহা হইতেই একটি বিশেষ সৌন্দর্য্য স্কৃটিয়া উঠে। এইরূপ পিতা পুত্র, ভ্রাতা

ভগিনী, স্বামী স্ত্রী, বন্ধু বান্ধব প্রভৃতি বিচিত্র হইয়াও তাহাদিগের মধ্যে কেমন একটি স্থানর বােগ আছে। যে পরিবারের মধ্যে, এই বিচিত্র-তার মধ্য হইতে সাম্য-ভাব স্কৃত্তি পায়, সেই পরিবারের মধ্যেই একটি অমুপম গার্হস্থা-সৌন্দর্য্যও বিকসিত হইয়া উঠে। যার প্রতি ষেরূপ সম্বন্ধ তাহার প্রতি সেইরূপ উপযুক্ত ব্যবহার করিলে যে সৌন্দর্য্য প্রকাশ পায়, তাহাকে আর এক কথায় নৈতিক সৌন্দর্য্য বলা যাইতে পারে। প্রজ্ঞার সহিত রাজার যে সম্বন্ধ তাহাকে রাজনৈতিক সম্বন্ধ বলা যায়—এই সম্বন্ধের সামপ্তস্থা হইতে পারে।

প্রত্যেক প্রকার সৌন্দর্য্যের বিষয়ীভূত এক একটি শিল্প আছে।
আভাস্তরিক সৌন্দর্য্যের শিল্প কি ?—না কবিতা; ইহাই অন্থলক-নিরমের
অব্যবহিত অধীন। বাহু গৌন্দর্যোর সহিত যথন হ্রদয়-সৌন্দর্য্যের মিল
হয়, তথনই তাহা কবিতার বিষয় হটয়া পড়ে। যথন উষার বাহ্য-সৌন্দর্যা
কবির আভাস্তরিক সৌন্দর্যাকে উদ্বোধিত করে, তথনই কবি উষাকে
পৰিত্র-মূর্ত্তি স্লেহময়ী দেবীক্রপে কল্পনা করিয়া এইক্রপে বর্ণনা করেন ঃ—

"ঐ কে অমরবালা—দাড়ায়ে উদয়াচলে,

যুমন্ত প্রকৃতি-পানে চেষে আছে কুতৃহলে!"

অতএব প্রতিপন্ন হইতেছে বিচিত্রতা ও সামঞ্জন্ম সর্ব্ধ প্রকার সৌন্দর্যোরই মৃলে অবস্থিত। সৌন্দর্যোর কোন একটি ধ্রুব আদর্শ না থাকিলেও তাহার মূলে কতকগুলি বিশ্বজ্বনীন মূলতত্ত্ব নিহিত আছে, এবং অক্সান্ত মনোবৃত্তির ন্থায় সৌন্দর্যা-ক্লচিও উন্নতিসাপেক্ষ। সভাতার সঙ্গে সঙ্গে সৌন্দর্য্য-ক্লচিও যে উন্নতি-লাভ করে তাহাতে আর সন্দেহ নাই।

অসভ্য জাতিদিগের মধ্যে কথন কথন বে সম্পূর্ণ বিপরীত সৌন্দর্য্য-ক্লচির পরিচর পাওরা বায় তাহার কারণ আছে।

দৌন্দর্য্য হাদয়ক্ষম করা এক কথা এবং সৌন্দর্য্য-ভাব বাহিরে প্রকাশ

করা স্বতন্ত্র কথা। কোন শ্রেষ্ঠ কবিকে জিজ্ঞাসা কর—তিনি বতথানি জ্বদরে অক্তরত্ব করেন, তার শতাংশের একাংশও কবিতার প্রকাশ করিতে পারেন কি না। বার যে পরিমাণে এই প্রকাশ করিবার শক্তি আছে, তিনি সেই পরিমাণে শ্রেষ্ঠ কবি। কোন ব্যক্তি সঙ্গীতের সমজ্জার হইতে পারেন, কিন্তু নিজে গান করিতে গেলে হর তো সকলের সমজ্জে তাঁহাকে হাস্তাম্পদ হইতে হয়। Darwin যে বলেন:—

"The idea also of beauty in natural scenery has arisen only within modern times."—এ কথা কতদুর সভ্য সন্দেহস্থল। এ কথা স্বীকার করি—আমাদিগের অক্তান্ত সকল বৃত্তির ন্থার সৌন্দর্য্য-বৃত্তিও উন্নতি-সাপেক্ষ, কিন্তু অসভোরা বে প্রাক্ততিক तोन्पर्या अक्कवादार अञ्चल कतिएल भारत ना—अ कथा विश्वाम रह ना । Darwin নিজেই বলিয়াছেন যে, অতীব অসভা জাতিদিগের মধ্যেও नाना क्षेकात जनकात वावशत क्षेत्रिक (मर्था यात्र । (महे जनकाद क्षेत्रिक পরীক্ষা করিয়া দেখিলে নিশ্চয় প্রতীতি হইবে, উহা ফুল ও ফলের অসম্পূর্ণ অমুক্কতি মাত্র। কোন ফুলের অবিকল সৌন্দর্য্য অমুকরণ করা উৎক্রন্ত শিল্পের কার্য্য। অসভ্যেরা ফুলের কিম্বা ফলের সৌন্দর্য্য অমুভব করিতে পারিলেও তাহা শিল্পে প্রকাশ করা তাহাদের পক্ষে সহজ নহে। এই সৌন্দর্যা-জ্ঞান শিল্পে প্রারোগ করিবার সময়েই তাহাদিগের নানা প্রকার ভ্রম হইয়া পড়ে। তাহাদিগের অলভারের আকার যে व्योत्रहे (शांनाकात हत्र, हेशांटाई वृक्षा यात्र (य, शांनाकारतत मोन्नर्य) তাহারা বুঝিতে পারিয়াছিল এবং এই আকারটি অপেকাক্কত সাদাসিধা বলিয়া উহা তাহারা শিল্পকার্যা-ছারা প্রকাশ করিতে সমর্থ হইয়াছিল। ছুল ও ফলের আকার-গত সামাক্ত সৌন্দর্য্য বে গোল আফুডি, সেইট্রু পর্য্যন্ত প্রকাশ করাই তাহাদিগের শিরের দৌড়; মুলের পাপড়ি প্রভৃতি বিচিত্র সৌন্দর্য্যের অত্তকরণ করা তাহাদিগের সাধ্যারত নহে। প্রক্ষৃটিত কুষ্মের সৌন্দর্য্যে মোহিত হইয়া প্রথমতঃ হয়তো তাহারা সেই সকল কুল অলে ধারণ করিতে প্রবৃত্ত হয়; পরে, যখন সভ্যতার উন্নতির সঙ্গে সন্দে শিল্পের অপেক্ষাক্বত উন্নতি হইল, তখন বোধ হয় উহারা এই সকল প্রাকৃতিক অলঙ্কার চিরস্থায়ী করিবার জ্বন্ত তাহারই অমুকরণে ধাতৃ-নির্দ্মিত অলঙ্কার-সকল রচনা করিতে প্রথম প্রবৃত্ত হয়। বৃক্ষেরাশি রাশি পৃষ্প-ফল লম্বিত দেখিয়া তাহারই অমুকরণে নাক কাণ ঠোঁট ফুঁড়িয়া পৃষ্প ও ফলামুক্কত অলঙ্কার-সকল পরিবার রীতি বোধ হয় প্রথম আরম্ভ হয়।

বে অসভ্য মনুষ্য প্রথম এইরূপ অলম্ভার পরিধান করিয়াছিল, বোধ হয় তাহার মনে এই প্রকার কোন যুক্তি উপস্থিত হইয়া থাকিবে ;—ঐ পুষ্ণানমূহে যখন বুক্ষের শোভা বৃদ্ধিত হইতেছে, তথন তাহার অনুকরণে এই সকল ক্রত্রিম অল্কার সর্বাঞ্চে পরিধান করিলে অবশ্র শরীরেরও শোভার্দ্ধি হইবে। এইরূপ একবার বিশ্বাস ও সংস্কার উৎপন্ন হইলে, ওর ফুঁড়িয়া "পেলে" নামক বলয় পরিধান করা কুরুচির বিষয় মনে হওয়া দুরে থাকৃ—বরং তাহাই সৌন্দর্য্য-সাধক বলিয়া সেই অসভ্যদিগের মনে হইবে, এবং তাহার দৃষ্টাম্ভ ও অত্মকরণে তাহার স্বজাতীয়দিগের मर्रा वर्भ-भवन्भवाकरम এই श्रेकाव अनुकाव भविधारनव श्रेथा श्रेष्ठिन हरेशा धरे व्यकात किछ जाशांमिरागत मस्या वस्त्रम्ण हरेवात कथा। সৌন্দর্যা-জ্ঞান মূলে থাকা সত্তেও তাহার প্রয়োগে এই প্রকার ভ্রম হইরা স্থকটিকেও ক্রমে কুরুটিতে পরিণত করিতে পারে। এই জ্ঞা সকল দেশেই সৌন্দর্য্য-ক্রচি যেরূপ শিরের উপর প্রভাব বিস্তার করে, শিরুও ষ্মাবার সৌন্দর্য্য-ক্ষৃচির উপর সেইরূপ প্রভাব প্রতিফলিত করে। অফু-কংশ, অভ্যাস ও দুষ্টাম্বের প্রভাব মানব-প্রকৃতিতে অত্যম্ভ বলবৎ; কুৎসিত বস্তুকে যদি আমরা স্থান্তর বলিয়া প্রতি দিন দেখি, ক্রমে সেই বাস্তবিক কুৎসিত পদার্থও আমাদের চক্ষে স্থলর হইরা দাঁড়ার। আমা-

দিগের বাজারে শিশুদের জন্ম যে সব পুতুল বিক্রয় হয়, তাহা অতি জ্বন্ম; এই বিশ্রী শিল্পকার্যা ছেলেবেলা হইতে দেখিরা-দেখিরা আমাদের শিল্প-ক্রচি বিক্রত হইবারই সম্ভাবনা। * গুপ্ত ব্রাদার্স-কর্ত্তক এখন যে সচিত্র পঞ্জিক। প্রকাশিত হইতেছে তাহার চিত্রসকল অপেক্ষাক্রত উৎক্রষ্ট হওয়ায়, সাক্ষাৎভাবে না হউক, আনুষঙ্গিক ভাবেও সাধারণের সৌন্দর্য্য-ক্রচির উন্নতির পক্ষে যে সহায়তা করিবে তাহাতে সন্দেহ নাই।

অসভাদিগের অনেকগুলি বেশভ্বা গোড়ার সৌন্দর্যা-ম্পৃহা হইতে উৎপন্ন না হঠতেও পারে। সে বিষয়ে বিদেশীয় পর্যাটকদিগের বুঝিবার ভান হইবার বিলক্ষণ সম্ভাবনা আছে। মালাইদ্বাপপুঞ্জনিবাসী লোকেরা যে, কুকুরের স্থায় দাঁত সম্পূর্ণ সাদা হওয়া লজ্জার বিষয় মনে করে, কিছা উপরিতন নীলনদক্লস্থ প্রদেশনিবাসী মনুষ্যগণ পাছে পশুর মত দেখিতে হয় বলিয়া যে সম্মুখভাগের দাঁত ভাঙ্গিয়া ফেলে, তাহাতে কি প্রকাশ পায় ? তাহারা কি সৌন্দর্যোর জন্ম এইরূপ করে ?—না, তাহারা পশুর হীনতা উপলব্ধি করিয়া, যাহাতে কোন প্রকারে পশুদ্দগের মত দেখিতে না হয়, এই উদ্দেশেই এই প্রকার আচরণ করে ? যে সকল লক্ষণকে প্রশুর বিশেষ লক্ষণ বলিয়া তাহাদিগের ধারণা, আপনাদিগের শরীক্ষে নই সকল লক্ষণের কিছুমাত্র আভাস দেখিলেই তাহা সমূলে উৎপাইনাক্ষেরতে উহারা প্রবৃত্ত হয়।

অনেক সময় কৌন পদার্থ আমরা স্থন্দর বলিয়া অন্থভব করিতে পারি, কিন্তু কেন স্থনার দেখাইতেছে তাহার কারণ নির্ণর করিতে পারি না। অনেক সময় সমন্ত অংশের সামঞ্জ্য হইতে যে সৌন্দর্যা উৎপন্ন হয়, তাহা আমরা ব্রিতে না পারিয়া, তাহার কোন একটি অংশকে সৌন্দর্যোর কারণ খুলিয়া ছির করি এবং এইরূপে ভ্রমে পত্তিত

কে সময়ে এই প্রবন্ধ লিখিত হয় তথন "প্রবাদী" প্রভৃতি উৎকৃষ্ট সচিত্র পত্রিকাদি
 প্রকাশিত হয় নাই। তথন আমাদিশ্যে চিত্রকলার বড়ই শোচনীয় অবস্থা ছিল।

হই। মনে কর, একজনের মুখনী আমাদিগের নিকট স্থলর বলিয়া মনে হইল: কেন স্থলর দেখাইতেছে, আমি তাহার কারণ অফুনুদ্ধান করিতে প্রবৃত্ত হইলাম। কি বিশেষ লক্ষণ থাকার অন্ত মুখন্সী-অপেক্ষা তাহার মুখন্ত্রী স্থলার হইয়াছে, তাহা বৃদ্ধি-ছারা নির্ণয় করিতে গিয়া হয়তো ভ্রমে পতিত হইলাম। আমার হয়তো মনে হইল, স্থবক ওক-চঞ্-নাসিকাই তাহার মুখঞীর বিশেষ লক্ষণ। ইহা হইতে আমি এই স্থির বিদ্ধান্ত করিলাম, শুক্চঞ্ছ-বিনিন্দিত নাদিকাই তবে দৌন্দর্য্যের বিশ্বজনীন আদর্শস্থল। এই দিদ্ধান্ত-অনুসারে যেখানে সেখানে পাত্রাপাত্র ভেদ ना करिया धेरे नियम्बद्ध खर्याण करिएक लाणिलाम, कारक्रे मोन्नर्या-বিষয়ে আমার পদে পদে ভ্রম হইতে লাগিল। একজনের মুখপ্রীতে চোথ মুখ ঠোঁট প্রভৃতির মেরূপ গঠন, "শুক-চঞ্-নাদা" তাহারই মানানসই হওয়াতেই সেই মুখে স্থলর দেখহিতেছে, কিন্তু তাই বলিয়া সকল মুখ্ত্রীতেই যে সেই "শুক-চঞ্চু-নাসা" স্থন্দর দেখাইবে তাহার কোন অর্থ নাই। একজনের অস্তান্ত অংশের তুলনায় হয়তো তাহার ছোট ৰূপাল মানাইতে পারে-্কিস্ত সেই ছোট কপাল ভাই বলিয়া সৌন্দর্য্যের বিশ্বস্কনীন আদর্শ হইতে পারে না। অতএব প্রতিপন্ন হইতেছে, সৌন্দর্য্যের মূলতত্ত্ব গ্রুণ হইলেও সৌন্দর্য্যের আদর্শ গ্রুণ হইতে পারে না। সকল সৌন্দর্য্যই আপেক্ষিক, তুলনা-সাপেক। প্রত্যেক স্থলর পদার্থের বিভিন্ন সৌল্দর্য্য, সেই পদার্থ-গত অংশ-সমূহের বিভিন্ন প্রকার সংস্থানের উপর নির্ভর করে; যে কোন স্থলর পদার্থের যেরূপ অবর্ব-সংস্থান-তদ্মুসারেই তাহার সামঞ্জ বিধান হইয়া থাকে। এই জন্ম পাত্রাপাত্র অবস্থা বিবেচনা না করিয়া একজনের কিম্বা এক পদার্থের দৌন্দর্য্য আর একজনে কিম্বা আর এক পদার্থে আরোপ করিলেই ভ্রমে পতিত হইতে হয়। স্থুল কথা--কোন জীব-শরীরের অবয়ব-সংস্থানের নানা প্রকার প্রণালী হইতে পারে, কিন্তু তাহাদিগের

প্রত্যেকেরই এক একটি বিশেষ সৌন্দর্যা আছে। এই ক্রন্থ যদি আমাকে কেই ক্রিক্সানা করে—ছোড়া স্থন্দর—না, কুকুর স্থন্দর ?— আর আমি বদি উৎক্রষ্ট-আদর্শের ঘোড়া ও উৎক্রষ্ট-আদর্শের কুকুর উভরই দেখিরা থাকি, তাহা হইলে আমি কখনই বলিতে পারি না যে, ঘোড়া কুকুর-অপেক্ষা স্থন্দর, কিন্ধা কুকুর ঘোড়া-অপেক্ষা স্থন্দর; তাহাদের প্রত্যেকেরই সৌন্দর্য্য-আদর্শ স্থতন্ত্র। ঘোড়া ঘোড়ার হিসাবে স্থন্দর—কুকুর কুকুরের হিসাবে স্থন্দর। তাহার অর্থ এই, উহাদের মধ্যে বাহার যেররপ শরীরের অবয়ব-সংস্থান-প্রণালী তদমুসারেই তাহাদের প্রত্যেকের অবয়ব-সম্হের মধ্যে সামঞ্জন্ম রক্ষিত হইয়াছে। যাহার যে পরিমাণে এইরূপ সামঞ্জন্ত থাকে, তাহাকে সেই পরিমাণে আমরা স্থন্দর বলি।

আরব দেশীর খোড়াকে এই জন্ম আমরা খোটক-জাতির মধ্যে সর্বাপেক্ষা স্থলর বলিয়া থাকি। যদি কেই জিজ্ঞাসা করেন, আরব দেশীর খোড়া স্থলর না গাধা স্থলর ? গাধা অপেক্ষা আরব ঘোড়া যে অসংখ্য-শুণে স্থলর ভাহাতে বোদ হয় কাহারো দ্বিরুক্তি ইইবে না। কেন স্থলর ? না—যেহেতু গাধা অপেক্ষা আরব-ঘোড়ার অবয়ব-সংস্থানের অধিক সামঞ্জম্ম আছে। পশু-সাধারণের মধ্যে শুকর গাধা প্রভৃতির কোন কোন অঙ্গ-প্রভালের নিতান্ত অসামঞ্জম থাকা প্রযুক্তই তাহারা জন্তর মধ্যে কুৎসিত বলিয়া পরিগণিত হয়। যাহা বিবৃত ইইল তাহাতে বোধ হয় য়থেষ্ট প্রমাণ ইইয়াছে যে, সমতা ও সামঞ্জম্মই সৌন্দর্য্যের মূল-উপাদান। কোন পদার্থ কিছা বিষরের সমতা কিছা সামঞ্জম দেখিয়া আমাদিগের মনে যে স্থেগদের হয়, তাহারই নাম সৌন্দর্য্য। যেহেতু সৌন্দর্য্য তুলনা-সাপেক্ষ—সেই হেতু তুলনা-বৃদ্ধি ও সাধারণ বৃদ্ধির্যন্তির উন্নতির সঙ্গে সক্ষে আমাদের সৌন্দর্য্য-কৃচিরও উন্নতি ইয়া থাকে।

নিদ্রা, স্বপ্ন, মস্তিক ও আত্মা।

নিজার সময় শারীরিক অবস্থার কিরূপ পরিবর্ত্তন হয় তথিবয়ে নানা পণ্ডিতের নানা প্রকার মত শুনিতে পাণ্যা যার। কেহ বা ফ্রদয়ে কেহ বা মন্তকে নিজার উৎপত্তিস্থান নির্ণয় করেন। কিছু দিন পূর্ব্বে এই মতটি বলবৎ ছিল যে, হৃৎপিণ্ডের-ক্রিয়া শিথিল হইয়া তথা হইতে রক্তরাশি মন্তিক্ষে গিয়া রক্ত-রোধ উপস্থিত করে এবং এই রক্ত-রোধের চাপে মন্তিক্ষ অসাড়ও অচেতন হইয়া পড়ে। ইহাকেই নিজা বলে।

কিন্তু পূর্ব্বোক্ত মতটি-অপেকা আধুনিক মতটি উৎক্কাই বলিয়া সহজেই উপলব্ধি হয়। সে মতটি এই,—মান্তিক হইতে রক্তরাশি আক্কাই হইয়া যথন অক্তম্বানে প্রবাহিত হয় এবং এই রক্ত-শৃক্ততা হেতু মন্তিক-স্ত্রগুলি শিথিল হইয়া পড়ে, তখনই নিদ্রা উপস্থিত হয় ' অতএব মন্তিকে রক্তাধিকা নিদ্রার কারণ না হইয়া রক্তের অভাবই তাহার কারণ বলিয়া আক্ষ কাল অবধারিত হইতেছে।

এই মতটি পরীক্ষার দারাও সপ্রমাণ হইরাছে। এজত জীবস্ত মন্থারে মন্তিক পরীক্ষা করিয়া দেখা হইরাছিল যে, নিদ্রার সময় তাহার মন্তিকের পাক্-গুলি শিথিল হইয়া পড়িত, এবং জাগ্রত হইলেই আবার সে-সকল পূর্বাবস্থা প্রাপ্ত হইত; মনের চালনা হইলেই মন্তিকের পাক্-শুলি ফুলিয়া উঠিত।

নিজা হইতে যদি কেহ আমাদিগকে হঠাৎ জাগাইয়া দেয়, মন্তিজের মধ্যে বেগে রক্ত প্রবাহিত হওয়া প্রযুক্ত উহাতে কেমন এক প্রকার প্রসারণ উপলব্ধি হয়; রক্তাগমে শিথিল মন্তিক-স্ত্রগুলি দাঁড়াইয়া উঠে, এই জন্মই বোধ হয় ঐ প্রকার ভাব আমাদের মনে অনুভব হয়।

এই মতটির সভ্যতা বিষয়ে আরও অনেক প্রমাণ পাওয়া যায়।

শারীরিক কিম্বা মানসিক কোন প্রকার উত্তেজনায় হৃৎ পিণ্ডের ক্রিয়া বেগবান্ হইলে, কিছুতেই আমাদের চক্ষে নিদ্রা আইসে না। মস্তিক যতক্ষণ সক্রিয় থাকে ততক্ষণ নিদ্রাকর্ষণের সকল চেষ্টাই বিকল হইয়া যায়। নিদ্রাকর্ষণ করিবার জ্বস্তু আমরা সচরাচর কি উপায় অবলম্বন করি ?—বে ইয়ধে বা যে উপায়ে মস্তিক হইতে রক্তরাশি চালিত হইয়া হস্তপদাদি অক্ষ-প্রতাক্ষে আনীত হয়, তাহাই প্রয়োগ করিয়া থাকি। উদর পূর্ণ করিয়া আহার করিলে কি জ্বস্তু নিদ্রাকর্ষণ হয় ?—মস্তিক হইতে রক্ত আকৃষ্ট হইয়া পাকাশয়ে প্রবাহিত হওয়া প্রযুক্ত মস্তিক্ষের রক্তাভাবই সেই সময়ে নিদ্রাকর্ষণের একনাত্র কারণ।

নিজা আদিবার সময় আনাদিগের মানসিক অবস্থা কিরপ হয় ?—
নানঃ প্রকার কল্লনা-ছবি আমাদের মনে অনাসূত প্রবেশ করে, বাহ্য
বস্তু-সকল নেত্র-সমকে অপ্পষ্ট ইইয়া বায়, এবং শক্ষ সকল অতি মৃত্রুভাবে কর্ণকুহরে প্রবেশ করে। আমরা বেশ উপলব্ধি করিতে পারি বে
আমাদের ইচ্ছা-শক্তি শিথিল ইইয়া পড়িয়াছে। হয় তো আমরা সেই
ইচ্ছাকে পুনব্বার আয়ত করিবার জ্বল্প চেষ্টা করি, হয়তো সেই ইচ্ছা
কণকালের জ্বল্প আমাদের বশে আইসে, যে কর্ম্মে আমরা নিযুক্ত
ভিলাম ভাহাতে পুনব্বার মনঃসমাধান করিতে হয়তো ক্ষণকালের জ্বল্প
সমর্থ ইই, কিন্তু পরক্ষণেই আবার চিন্তা সকল বিক্ষিপ্ত ইইয়া পড়ে—
মনুশ্চকুর সমক্ষে আবার নানা প্রকার অনাস্ত ছবি আসিয়া চলা-ফেরা
করিতে থাকে, আমরা ব্রিতে পারি শরীরের অঙ্গ-প্রভাঙ্গ শিথিল ইইয়া
আসিতেছে, চক্ষের পত্র নিমীলিত ইইয়া আসিতেছে—পরক্ষণেই বাহ্য
অন্তিত্ব আমাদের অগোচর ইইয়া পড়ে, আমরা নিজিত ইই।

আনরা নিজাকালে স্বপ্লাবস্থায় যে সকল ব্যাপার দেখিতে পাই, মানসতত্ত্ব কি আত্মতত্ত্ব-ক্ষেত্রে তদ্পেক্ষা অধিক আশ্চর্য্যজ্ঞনক ব্যাপার আর কিছুই নাই; কিন্তু নিতান্ত পরিচিত বলিয়াই সেই সকল ব্যাপারে আমরা বিশ্বিত হই না। সেই সকল ব্যাপার প্রতিদিন দেখিতে পাই বলিয়াই তাথার কারণ অনুসন্ধানের জন্ম আমাদের কৌতৃহল হয় না।

জাগ্রৎ অবস্থা ও নিদ্রাবস্থার মধ্যে ষেটুকু ব্যবধান তাহা অতি ক্ষণিক ও সঙ্কীর্ণ, অতি সুক্ষ আয়দ্দীরাও তাহা উপলব্ধি করিতে পারেন না। কিন্তু ঐ এক মুহুর্ত্তের মধ্যে কি আ শচর্য্য পারবর্ত্তন সজ্বটিত হয়, কি বিষম মানসিক বিপ্লব উপস্থিত হয়। মনুষা মেন আর সে মনুষা থাকে না। তাঁকে আর বুদ্ধি-বিবেচনা-সম্বিত উন্নত জীব বলিয়া বোধ হয় না, বাহা জগতের সহিত তাহার সম্পূর্ণ বিচ্ছেদ উপস্থিত হয়, তাঁহার নিকট যেন বাছ জগতের অন্তিত্বই থাকে না, তাঁহার ইচ্ছা-- যাহা চেতনাবান আত্মার বাহ্য বিকাশের শক্তি মাত্র,—সে ইচ্ছা-শক্তিও অসাড় ও নিস্পন্দ হটয়া পড়ে, তাঁহার চিন্তা ও ভাবের উপর তাঁহার আর কোন কর্ত্তত্ব থাকে না, উাহার শরীরের অঙ্গ প্রতাঙ্গ-দকল তাঁহার আর বশে থাকে না। কিন্তু তাঁধার প্রাণ-ক্রিয়া পূর্ব্ববৎ অবিক্রভাবে ও স্থশুখল-রূপে সমান চলিতে থাকে, তাহার কোন বাতিক্রম হয় না, ইন্দ্রিয়গণ স্বন্ধ কার্য্য হটতে নিরস্ত হয়, কিন্তু সম্পূর্ণরূপে নহে—আমরা গুনিতে পাই, কিন্তু অতি অস্পষ্টরূপে, — আমরা শব্দের পরিমাণ উপলব্ধি করিতে পারি না। অনেক সময় হয়তো উচ্চ শব্দ ৭ আমাদের কর্ণগোচর হয় না, আবার এক এক সময় সামান্ত তুদুকুদু শব্দেই জাগিয়া উঠি, কিয়া অতি মৃত্র শব্দকেও কথন কথন কামানের উচ্চ আওয়াজ বলিয়া বোধ হয়। দর্শনেক্রিয়ের জিয়াও যে একেবারে স্থগিত হয় তাহাও ঠিক বলা যায় না; আস্বাদন ও ঘাণ্শক্তি মনীভূত হয় বটে, কিন্তু একেবারে অপনীত হয় না। এই সকল তথা আলোচনা করিয়া এই সিদ্ধান্তে উপনীত হওয়া ষাইতে পারে যে, ইক্রিয়-সকল ষখন আংশিকরপে অসাড় হইয়া পড়ে, বাহ্য জগতের সহিত আমাদিগের মনের যে অব্যবহিত যোগাযোগ—দেই সকল যোগাযোগের হুল সে সময় একেবারে অসাড় হয় না, পরস্ত ইন্দ্রিয় সায়ু-সমূহের প্রান্ত গীনা এবং মন্তিক — এই উভরের কোন মধ্যদেশে, কিষা যেথানে চেতনাবান্ আত্মার সহিত মন্তিক্ষের অব্যবহিত যোগ আছে সেই স্থলেই অসাড়তা উপস্থিত হয়। কি জাগ্রৎ অবস্থা কি নিজাবস্থা সকল অবস্থাতেই সায়ুর উপরেই যে বাহ্য জগতের প্রতিবিদ্ধ সকল প্রকিটিত হয় তাহাতে আর সংশয়, নাই। এবং এই বাহ্য জগতের প্রতিবিদ্ধ-সকল মন্তিক্ষ মণ্ডলের তলদেশস্থ সংস্ক্রম-স্থানে (Ganglion) ইন্দ্রিস-সায়ু কর্তৃক যে নাত হয় তাহার কতকটা প্রমাণ ইর্মাছে যে, ইন্দ্রিস-সায়ু কর্তৃক যে নাত হয় তাহার কতকটা প্রমাণ ইর্মাছে যে, ইন্দ্রিস-সায়ু-সকল যেথানে গিয়া সম্মিলিত হয়, সেই মন্তিক্ষ-তল-দেশস্থ সায়ু-সঙ্গম-স্থানই এই কেন্দ্রপ্র। এই কেন্দ্রপ্রল প্রথমে বাহ্য জগতের প্রতিবিদ্ধ-সকল প্রবাহিত হয়—পরে, সেথানাইইতে মন্তিক্ষ-মণ্ডলে নীত হইলে তথ্য আত্মা তাহাদিগের অন্তিক্ষ উপলব্ধিক করে।

মন্তিক নিজাবস্থায় শরীরের উপর হকুম চালাইতে পারে:না; স্নায়ুসকল তাহার হকুম মানে না। কোন একটি পদার্থ—যাহা মন্তিষ্ক এবং
স্নায়ু-সমুহের মধাবর্তী হইয়া কার্যা করে এবং যাহা জার্ত্র অবস্থায় সক্রিয়
থাকে—সেই পদার্গটি নিজ্রিয় হইয়া পড়ে; সেই পদার্গটি কি ?—না
ইচ্ছা-শক্তি। এই ইচ্ছার কার্যা স্থগিত হয়, এই জন্তই শরীরের উপর
মনের আর কোন কর্তৃত্ব থাকে না। এই প্রাণালী-অনুসারেই শরীরের
প্ররোজনীয় বিরাম-কার্যা সংসাধিত হয়।

এইখানে এই প্রাণ্ডি উপস্থিত হুইতেছে, এই যে ইচ্ছা-শক্তির কার্যা স্থানি হয়—এই পরিবর্ত্তনটি মানসিক বল্পের কোন্ স্থানে সংঘটিত হয় ? নিজা ছারা এই নহান্ বিশ্লব কিরুপে সাধিত হয় ? যদি সমুদায় যন্ত্র নিজা করার এই নহান্ বিশ্লব কিরুপে সাধিত হয় ? যদি সমুদায় যন্ত্র নিজা করার নিজ্ঞির থাকে তাহা হুইলে সহজ্ঞেই তো এই প্রাণ্ডের উত্তর দেওরা যাইতে পারে। তাহা হুইলে বলা যাইতে পারে যে, "সমস্ত মস্তিক্ষ নিজিত থাকা প্রযুক্তই সমস্ত মানসিক যন্ত্রের কার্য্য স্থগিত থাকে, জাগ্রদবস্থায়

ঐ যন্ত্র যে সকল শক্তি-ছারা পরিচালিত হয়, নিজাবস্থায় সেই সকল শক্তিষ্টার স্বীয় কার্য্য ইইতে কিরৎকালের জ্বন্থ বিরত হয় বলিয়াই সমস্ত যন্ত্র স্থানত হয়।" কিন্তু তাহা তো প্রকৃত ঘটনা নহে। নিজাবস্থায় সকল শক্তিই তো স্বীয় স্বায় কার্য্য হইতে বিরত হয় না। জীবনী-শক্তি দে সময় সম্পূর্ণরূপে কার্য্য করিতে থাকে; মনও একেবারে নিজ্ঞিয় হয় না, যেহেতু মনে নানা প্রকার স্থপের উদয় হয়; তবে বদি মন্তিক্ষমণ্ডল উপরিভাগে জাগ্রথ থাকে এবং অবশিষ্ট সমস্ত শরীর নিম্নভাগে নিজিত থাকে, তাহা হইলে নিজার সময় তাহাদিগের যোগটি ঠিক্ কোন্ স্থলের বোনই হয় ?—মে মন্তিক্ষমণ্ডল বুদ্ধির যন্ত্রস্বরূপ, সেই মন্তিক্ষ-মণ্ডলের কোন নিম্নভাগে অবশ্র সেই যোগের স্থান; অর্থাৎ যে বিন্তৃতে মন্তিক্ষের শাথা-প্রশাথা সায়্-মণ্ডলের সহিত সন্মিলিত হইয়াছে। এই বিন্তু দিয়া আমাদের ইচ্ছা-শক্তি শরীরের উপর অব্যবহিত্রপ্রপে কর্ত্ত্ব করে।

Professor Ferrier সপ্রমাণ করিয়াছেন, যে মন্তিক-মণ্ডল বৃদ্ধির ইন্দ্রিয়য়য়য়প, দেই মন্তিক-মণ্ডলেই ইচ্ছা-শক্তি পরিচালিত হয়। জ্ঞাগ্রৎ ও অবিক্বত অবস্থায় ইচ্ছা-শক্তিই শরীরের উপর কর্তৃত্ব করে। নিজিত অবস্থায় কিছা শরীরের বিক্বত অবস্থায় ইচ্ছার আর দে কর্তৃত্ব-শক্তি থাকে না। মন্তিক-মণ্ডল এবং শরীর-পরিচালক স্লায়ু সমূহ—এই উভয়ের মধ্যবর্ত্তী সম্ভবতঃ এমন কোন একটি স্থল আছে, যেথানে নিজাবস্থায় ইচ্ছা-শক্তির কার্য্য অসাড় হইয়। পড়ে, কিছা ইচ্ছা-শক্তি যে সকল আজ্ঞা শরীরের উপর প্রচার করে, দেই আজ্ঞা-সকল দেখান-দিয়া বহন করিতে নিরস্ত হয়। দে অংশটি কি । শারীরবিধান-বিদ্যার সাহাযো আমরা তুইটি স্লায়ু-সঙ্গমের বিষয় অবগত হই! ইহার মধ্যে একটি ইক্রিয়-সায়ু-সমূহের সঙ্কম-কেন্দ্র।

আমরা ইহাও অবগত আছি যে, নিদ্রাবস্থার ইন্দ্রিরগণ বাহ্ন প্রতি-

বিশ্ব সকল বহন করিতে একেবারেই ক্ষান্ত হয়, কিশ্বা অতি অস্পঠিরপে বহন করে। ইহা হটতে এইরপ প্রতিপন্ন হয়, এই স্নায়ু-দঙ্গন স্থলটিই নিদ্রার আধারতান। এইটি নিদ্রিত হটয়া পড়ে বলিয়াই ইচ্ছার আজ্ঞা সকল মন্তিক হটতে শরীর পর্যান্ত প্রবাহিত হটতে পারে না এবং ইন্দ্রিয়-প্রেরিত সংবাদ সকলও মন্তিক মধ্যে নীত হয় না।

সমস্ত মন্তিদ-যন্ত্র, না ভাহার কতকগুলি অংশ-মাত্র নিজাবন্তা প্রাপ্ত হয় ৪ আরু যদি সংশ্যাত্রই নিজিও হয় তাহা হইলে সে কোন কোন অংশ--ইহাই সমস্তা-স্থল। কিন্তু সে গাহাই হউক, উপরে যে সকল তথা বিবৃত হটল তাহাতে প্রতীতি হয়, মন্তিকের নিয়তলক্ত স্নায়ু সঙ্গমট নিদ্রার আধারস্থান। ইহা নিশ্চিত যে, সমস্ত মন্তিফ-মণ্ডল কখনই নিদ্রিত হয় না—তাহা যদি ১ইত তাহা হইলে স্বপ্ন কথনত হইত না। মন্তিক-কেন্দ্র এবং শিরীর এই উভয়ের মধাবক্তী যে স্বায়-সঙ্গমটি অবস্থিত--শেখান হইতে লায়ু-গগৃহ সমস্ত শ্রীবে প্রবাহিত হয়; উহা নিদ্রাভিত্ত হয় কি না, আমরা নিশ্চিতরপে অবগৃত নহি। নিদ্রিত হয় না বলিয়াট সহজে অনুমান হয়; কারণ, জীবনীশক্তি-গত টক্তিরগুলির ক্রিয়াকে যে সকল মারু পোষণ করে, সেই সকল সায়ুকে কখনই নিদ্রিত হইতে দেখা যায় না! সন্তিম-যন্ত্রের অক্তান্ত অংশে কেন্ট বা বিশ্রামের প্রয়োজন হয় ভার সেই সকল স্নায়ুর বিশ্রামের কেনই বা প্রয়োজন হয় না, তাহা আমরা অবগত নহি। মস্তিক-যন্তের যে ভাগটি ইচ্ছা-শক্তির অধীন সেইখানেই বিশ্রামের প্রয়োজন আছে ব্লিয়া প্রভীয়মান হয়।

মন্তিক ও শরীর যে সকল বন্ধনে পরস্পার আবন্ধ, নিদ্রাকালে সেই সকল বন্ধন শিথিল হইয়া পড়ে। তাহাদের উপর ইচ্ছা-শক্তির কর্তৃত্ব তিরোহিত হয়। জড়-শরীর বিশ্রান করে। ইচ্ছা-নিরপেক্ষ যে সকল শারীরিক ক্রিয়া, তৎসমুদায়ের কিছুমাত্র ব্যাঘাত হয় না, বরং ইচ্ছা- শক্তির বাধা-বহিভূতি বলিয়াই উহারা আরও নিয়মিতরূপে ও স্থচারুরূপে চলিতে থাকে।

কিন্তু এট যে ইচ্ছা-শক্তি—ইহা কি ?

চেতনাবান্ আত্মার বহিঃপ্রকটন-শক্তি ভিন্ন ইহা আর কিছুই নছে। এট ইচ্ছা-শক্তির দারা আত্মা জড়-পরীরের উপর এবং জড়-পরীর-দিয়া বাস্থ জড়-জগতের উপর স্বায় প্রভাব বিস্তার করে।

কোন নিজিত ব্যক্তিকে- দেখিলে মনে হয় বুঝি সে একেবারে মৃত-প্রায়, কিন্তু সেই নিজিত বাক্তির সমক্ষে বহির্জগতের অন্তিত্ব যদিও লুপ্ত হয়, ত্র্পাপি সেই হতচেত্রন নিদ্রিত ব্যক্তি, সেই সময়ে আপনার অস্তরের মধ্যে একটি নুতন জ্বগৎ নিশ্মাণ করিয়া তাহাতেই বিচরণ করে; শরীর নিজিত হয় বটে, কিজ তাহার মন নিজিত হয় না। বরং জাগুৎ অবস্থা অপেক্ষা নিদ্রাবস্থাতেই মনফে আরও অধিক ক্রিয়াণীল বলিয়া বোধ হয়। শেই সময় মন কত প্রকার নাটক রচনা করে, কত নুতন ব্যাপারের স্ষ্টি করে. আত্মস্ট জগতের মধ্যে ভ্রমণ করিয়া বেডায়, বংসরব্যাপী ঘটনা সকল এক ঘণ্টার মধ্যে একতা করে, কত কি দেখে, কত কি শোনে, কত কি অনুভব করে, জাগ্রাং অবস্থায় তাহার শতাংশের একাংশও দেখিতে, শুনিতে বা অকুত্র করিতে পারে না। এই সমস্ত ভাবিয়া দেখিলে কি আমাদের বিশাষ উপস্থিত হয় না ? স্বপ্ন যদি আমাদের সকলেরই পরিচিত বিষয় না হইত, তাহা হইলে কি আমরা উহাকে অবিশ্বাস্ত অসম্ভৱ ঘটনা বলিয়া মনে করিতাম না ? যদি কেহ আমাদের নিকট আসিয়া বলিত ্য আমি নিদ্রাকালে এই প্রকার ব্যাপার-সকল নেথিয়াছি, তাহা হটলে কি আমরা তাহাকে প্রবঞ্চক প্রতারক মিথ্যা-বাদী কিম্বা আভ-বিম্বাদী ৰাতৃণ বলিয়া স্থির করিতাম না? স্বপ্ন-ব্যাপারের তত্ত্বামুদদ্ধান করিবার পূর্বে, যে জড়-যন্ত্র তাহার উৎপাদনে সাহাষ্য করে তাহা প্রথমে বিবৃত করা আবশুক।

মেকুগুছির উপরিতন সীমান্তে প্রসারিত হইয়া যে স্নায়্ সঙ্গমটি মন্তিকের সহিত মিলিত হইয়াছে —সেই স্নায়্-সঙ্গমকে "লম্বাক্কৃতি মেত্র" Medulla oblongata বলে।

এই স্থলে আসিয়া মন্তিক শেষ হয় এবং সায়ু-প্রণালীর আরম্ভ হয়।
কিন্তু মন্তিক ও সায়ু-জাল এই উভয়ের কাহার কোথায় আরম্ভ বা শেষ
তাহা উপলব্ধি করা স্ফাঠন। সমস্ত সায়ু-জাল মন্তিকের বিন্তৃতি ও
অফুবৃত্তি ভিন্ন আর কিছুই নহে; অঙ্গুলির অগ্রভাগে যদি কোন সায়ুর
ঈষৎ উত্তেজ্ঞনা হয়, তাহা হইলে সেই সায়ুর সঙ্গে মন্তিকও
উত্তেজ্ঞিত হইয়া উঠে। সায়ু ঐ বোধ-ক্রিয়াকে মন্তিক মধ্যে বহন করিয়া
লাইয়া গোলে মন তাহা অফুভব করে।

মের-গ্রন্থিতে যে সায়্রাশি জড়ান আছে সেই স্নায়্-সমূহ এই
সায়্-সঙ্গাটির প্রাপ্ত সীমায় পরস্পরের উপর দিয়া ট্যার্চা ভাবে চলিয়া
গিয়া মন্তিক এবং শরীরের পরস্পর-বিপরীত দিকে প্রবাহিত হইয়াছে।
যে সকল স্নায়্ শরীরের বাম ভাগকে চালিত করে তাহারা মন্তিকের
দক্ষিণ ভাগে চলিয়া গিয়াছে এবং সে সকল স্নায়্ শরীরের দক্ষিণ ভাগকে
চালিত করে তাহারা মৃত্তিকের বাম ভাগে চলিয়া গিয়াছে। এই প্রকার
বৈপরীত্যের ফল এই ইইয়াছে যে, মন্তিকের দক্ষিণ ভাগ, শরীরের দক্ষিণ
ভাগের উপর কর্তৃত্ব করে এবং মন্তিকের বাম ভাগ, শরীরের দক্ষিণ
ভাগকে চালনা করে।

মন্তিক্ষের তলদেশস্থ এই সায়ু-সঙ্গনের উপরে এবং সংলগ্ধ আর একটি সায়ু-সঙ্গম আছে—শারীর-বিধান-বিৎ পণ্ডিতেরা তাহাকে ছই ভাগে বিভক্ত করিয়াছেন, কিন্তু আপাততঃ সমস্ত এক করিয়া ধরিয়া নিলে বুঝিবার স্থবিধা হইবে। এই তলস্থ বৃহৎ স্পায়ু-সঙ্গমটি হইতে ছোট ছোট সাদা সাদা স্ত্রসকল মন্তিক্ষ-মণ্ডলে প্রসারিত হইয়াছে। এই তলদেশর স্নায়ু-সঙ্গমের উপরিভাগে আর একটি বৃহৎ স্নায়ু-সঙ্গম আছে, তাহাকে Ceribellum অর্থাৎ উপমস্তিষ্ক বলে। এই উপমস্তক আবার তলস্থ স্নায়ু-সঙ্গমের সহিত একটি বন্ধন-দ্বারা সংযোজিত; এবং পুরো-মস্তিক-মগুলেরও সহিত হুইটি বন্ধনে আবদ্ধ। কেন্দ্রস্থ সায়ু-সঙ্গমেরও সহিত উপমস্তিকটি একটি ফুল্গ চর্মান্থারা সংযুক্ত; এই স্কল্প চর্মাটি অক্তান্ত স্নায়ু-সঙ্গম পর্য্যন্ত বিস্তৃত। এইরূপে ইক্তির-কেন্দ্রে এবং গতি-কেন্দ্রের সহিত সকল সায়ু-সঙ্গমেরই যোগ রক্ষিত ইইরাছে।

এই সকল স্নায়ু-সঙ্গমের উপরে এবং পুরোভাগে Cerebrum
অর্থাৎ পুরো-মস্তিক অবস্থিত। এই পুরো-মস্তিকই বৃদ্ধির ইন্দ্রিরস্করপ।
এই পুরো-মস্তিক আবার তুইটি মগুলার্দ্ধে বিভক্ত।

এই তুই বৃহৎ মগুলার্দ্ধের প্রত্যেক মগুলার্দ্ধ স্বতন্ত্র ও স্বসম্পূর্ণ হইরা গঠিত; অথচ একার্দ্ধ হইতে স্ত্র সকল অপরার্দ্ধে সঞ্চারিত হইরা উভয় সন্ধাকে একত্র সংযুক্ত রাখিয়াছে এবং এইরূপে উভয়ের কার্যাগত একতা সম্পাদিত হইয়াছে।

পূর্বেক, মন্তিকের যে কেন্দ্রগত সায়ু-সঙ্গমের কথা বলা হইরাছে, সেই সায়ু-সঙ্গমট এই পূরো-মন্তিকের মণ্ডলার্ক্রগণের ঠিক নিম্নদেশে সংলগ্ন। যাবতীর ইন্দ্রির-সায়ু এইথানে আসিরা মিলিত হইরাছে। এই সায়ু-সঙ্গমের প্রত্যেক অংশ প্রত্যেক ইন্দ্রিরের জন্ম নির্দিষ্ট। দেরূপ পুরো-মন্তিকের মণ্ডলার্কের বিভিন্ন অংশ বিভিন্ন মান্দিক ক্রিয়ার আখার বলিরা এক্ষণে সপ্রমাণ হইরাছে অথচ সমন্ত মণ্ডলার্কি বেরূপ একটি সমগ্র পদার্গ, সেইরূপ এই সায়ু-সঙ্গমের বিভিন্ন অংশ বিভিন্ন ক্রিয়ার জন্ম নির্দিষ্ট ইইলেও উহা একটি সমগ্র পদার্থ বলিয়াই প্রতিপন্ন হয়।

এই পুরোমস্কিকের মণ্ডলার্দ্ধর গোটানো স্থতার বাণ্ডিল-সমূহের মত প্রতীয়মান হয়—এবং এই সমস্ক মস্কিক একপ্রকার অসাধারণ-বোধবাহী সৃক্ষ সায়বীয় আবরণ-দ্বারা আছোদিত। অনেকে এইরপ অনুমান করেন, এই সৃক্ষ আবরণ থাকা-প্রাযুক্তই বিভিন্ন অংশের মধ্যে যোগ স্থাপিত হুইয়া সমস্ত মন্তিদ্ধ-যন্তের একতা রক্ষিত হুইয়াছে।

মন্তিদ-পদার্থ শরীরিক স্থ-ছুংথের আধার বলিয়া অনুমিত হইলেও উহা স্বয়ং অচেতন। এস্থলে শরীর না বলিয়া সারু বলাই অধিক সঙ্গত, বেহেতু সায়ুতেই অস্তব-ক্রিয়া উৎপন্ন হয়, অস্থি মাংসে কিছুমাত্র অস্তব শাক্ত নাই। যে সকল জড়বাদীরা বলেন, চৈতন্ত মন্তিদ্ধ কিছা জড়-পদার্থের অবস্থা মাত্র, উাহাদিগের নিকট ইহা জিজ্ঞাসা করা ঘাইতে পারে—মন্তিদ্ধের কোন ফতি হইলে কিছা বিনাশ হইলে মন্তিদ্ধ বথন গাহা উপলাল্প করিতে পারে না, তথন মন্তিদ্ধ কিরপে চেতনাবান্ পদার্থ ইউতে পারে ? কিন্তু এই মন্তিদের স্ক্র সায়নায় আবরণ অতীব স্পর্শ-বোধনাহী—উহাই "নাথা-ধরা"—"মদা-বিকার"—মন্তিদ্ধ জর এবং অন্তান্ত বোগের আধার-স্বরূপ। এ সকল রোগ আমরা মন্তিদ্ধ-পদার্থের প্রতি আরোপ করিয়া থাকি।

"আমরা" আরোপ করি—"কে" আরোপ করে ?—"কি" আরোপ করে ?—মস্তিক মন্তিকের প্রতি আরোপ করে ? কিম্বা মন্তিকের এক অংশ অন্ত অংশের প্রতি আরোপ করে ? জড়বাদিগণ কি ইহা অন্ত-গ্রহপুক্তক বুরাইয়া দিবেন ?

তহা সম্ভব যে এই সায়নীয় আবরণ-দ্বারা মস্তিক্ষের সকল অংশের মধ্যে পরস্পর যোগ রক্ষিত হইয়া সমস্ত মস্তিক্ষের কার্যাগত একতা ও সহকারিতা সম্পাদিত হইয়াছে। কিন্তু কোন দ্বোর অন্ধ-বিশ্বাসী জড়বাদীও কথন একথা স্বাকার করিবেন না যে এই স্নায়নীয় আবরণই সচেতন আ্যা।

Professor Ferrier ভূরি-ভূরি কৃত্ম পরীক্ষা-সমূহের ছারা সঞ্চামাণ করিয়াছেন যে, প্রত্যেক স্নায়্-সন্থানেরই যে এক একটি স্বতন্ত্র কার্য্য আছে শুদ্ধ কাহা নহে, কিন্তু প্রত্যেক সায়ু-সঙ্গমের প্রত্যেক অংশেরও স্বতন্ত্র কার্যা নির্দিষ্ট আছে। অতএন বাহারা বলেন, কোন মানসিক ক্রিয়া সমগ্র অথও মন্তিক্ষের কার্যা উহিনিদেশের মত ইহার দ্বারা সম্পূর্ণরূপে থণ্ডিত হইতেছে। ইহাতে এই অনুমানটি দিদ্ধ হয় সে, মন্তিক্ষ মনের বাহা ইক্রিয় ভিন্ন আর কিছুই নহে; মন্তিক্ষের স্বতন্ত্র স্বংগ্রু সংগ্রু স্বতন্ত্র মানসিক ক্রিয়ার সন্ত্র-স্বরূপ। কিন্তু আমরা বাহাকে "আমি" বলি হাহাকে আমরা কথনই খণ্ডভাবে ভাবিতে পারি না—সে "আমি" একটি অথও পদার্থ দেই আমিই আ্যা। অতএব মন্তিক কথন আ্যা হইতে পারে না।

এই প্রাচির মামাংস্:-প্রে Professor Ferrier অনেক সাহাব্য করিরাছেন। মস্তিকের নিম্মগ্রন্থ বে সায়ু-সঙ্গমটি বুদ্ধির্ভির আধার নহে, সেই সায়ু-সঙ্গনের কি কি কার্য। তাহা তাহার পরীকা-দারা আবিদ্ধত হইরাছে।

মন্তিকের বিভিন্ন অংশের বিভিন্ন কার্য্য-সম্বন্ধে Professer Ferrier কি বলিয়াছেন শোনা যাউক। তিনি বলেন ঃ—"মতিক্ষণ মনের ইন্দ্রির ও যন্ত্র-স্বরূপ এবং মন্তিক্ষ-দারা এবং মন্তিকের মধ্যের মানসিক ক্রিয়াসকল সম্পাদিত হয়। এই যে মতাট ইহা একণে এতদূর স্বপ্রতিষ্ঠ ও সর্ব্বমাধারণের প্রাক্ত হইয়াছে যে, এত মৃত্বত্বে আর কোন প্রায় উত্থাপন না করিয়া এই স্থাসিদ্ধান্ত সভাট হইতেই আমরা স্থাপত করিব।" তারপর তিনি বলিতেছেন, "যাহা হউক, মন্তিক্ষের শরীর-তত্ত্ব ঘটত ক্রিয়া-শীলতা উহার মনস্তত্ত্ব ঘটত ক্রিয়া-সমূহের সহিত সমব্যাপক নহে। গতি ও ইন্দ্রিয়বোধ-ঘটত প্রত্যক্ষ-জ্ঞানের যন্ত্র বলিয়া দেখিতে গোলে, উহাকে ত্রত-মর্ক্ন-বিশিষ্ট একটি সমগ্র যন্ত্র বলিয়া উপলব্ধি হয় এবং মনন-ক্রেয়রে যন্ত্র বলিয়া দেখিতে গোলে, অর্থাৎ পরোক্ষজ্ঞানের যন্ত্র বলিয়া দেখিতে গোলে উহাকে দ্বিহাকে দ্বিত্রত গোলে উহাকে দ্বিহাকে দ্বিত্রত গোলে উহাকে দ্বিহাকে দ্বিহাক স্বন্ধ বলিয়া উপলব্ধি হয় বলিয়া দেখিতে গোলে উহাকে দ্বিহাক স্বন্ধ বলিয়া উপলব্ধি হয় বলিয়া দেখিতে গোলে

অর্থাৎ উহার প্রত্যেক মণ্ডণার্দ্ধ আপনাতে আপনি সম্পূর্ণ এইরূপ প্রতীতি হয়।

যদি কোন রোগ-বশতঃ মস্তিকের এক মণ্ডলার্দ্ধ অপসারিত বা একেবারে বিনষ্ট হয়, তাহা হইলে একদিককার গতি ও বোধ-ক্রিয়া সেই সক্ষে বিনষ্ট হয় বটে, কিন্তু অপর মণ্ডলার্দ্ধের সাহাযো মানসিক ক্রিয়া-সকল সম্পূর্ণরূপে সম্পাদিত হইতে পারে। বিপরীত দিকের মস্তিকের (মনে কর দক্ষিণ দিকের) কোন রোগ উৎপর হইয়া যদি কোন ব্যক্তির ইন্দ্রির-বোধ এবং গতি-শক্তি পক্ষাঘাতগ্রস্ত হয়, তাহা হইলে তাহার মনও সেই সক্ষে অসাড় ও অকশ্বণা হইয়া পড়ে না—কারণ সেই বাক্তি অপর মণ্ডলার্দ্রের সাহাযো অক্সভব করিতে পারে, ইচ্ছা করিতে গারে, চিন্তা করিতে পারে, ব্রিগতে পারে। এই সকল ক্রিয়া পুর্বেকার স্থায় ততদুর বলবৎভাবে না চলুক কিন্তু তাহাদিগের সমগ্রতা সম্বন্ধে কোন ক্ষতি লক্ষিত হয় না।"

মন্তিকের বিভিন্ন অংশের বিভিন্ন কার্য্য-অনুসারে মন্তিককে তিন ভাগে বিভক্ত করা যাইতে পারে।

মস্তিক্রে তল্পেশস্থ সংযু-সঙ্গম শরীরের কার্য্য সকলকে নিয়মিত করে।

মস্তিকের কেন্দ্রত্ব স্থায়ু-সঙ্গম ইন্দ্রির-প্রতিভাত বোধ-প্রতিবিশ্ব-সকলের আধার-স্বরূপ হট্যা বাহা জগতের সহিত আমাদের যোগ নিবদ্ধ করে।

'মস্তিদের চূড়াদেশস্থ মগুলার্দ্বর বৃদ্ধির যন্ত্রস্বরূপ। প্রতি মানসিক ক্রিরার, সমস্ত মস্তিক কার্যা করে, ইংাই ডাক্তার কার্পেন্টরের মত। এবং মস্তিক্ষের বিভিন্ন অংশের বিভিন্ন ক্রিয়া নির্দিষ্ট, ইংাই ফ্রেনলাক্সিষ্ট পণ্ডিত-সম্প্রাধারের মত। এই ছই মতের মধ্যে কোন্টি সত্য তাহাই অবধারিত করিবার জন্ম ডাক্তার ফেরিয়র পরীক্ষা করিতে প্রবৃত্ত হরেন।

এই সকল পরীক্ষা প্রধানতঃ বানর ও কুকুরের উপর প্রযুক্ত হই-রাছিল। বানরের উপর দিয়া যে পরীক্ষা হইয়াছিল তাহা অপেক্ষাক্তত অধিক প্রানাণ্য বলিতে হটবে, যেহেতু মনুষ্য-মস্তিজ-গঠনের সহিত, বানর-মস্তিজ-গঠনের বিলক্ষণ সাদৃশু আছে।

ঐ সকল অন্তর্কে ক্লরফরম্ দ্বারা অচেতন করিয়া মন্তিক্ষের কোন কোন অংশ মন্তিক্ষ হইতে বাহির করিয়া, কিন্বা দহন-ক্রিয়ায় তাহাকে বিনষ্ট করিয়া এই সকল পরীক্ষা-কার্য্য নির্বাহ ইইয়াছিল। ঐ সকল অংশে Electrode নামক তাড়িৎ-যন্ত্র প্রয়োগ করিয়া উহাদিগের ক্রিয়া-ফল অতি সাবধানে পর্যাবেক্ষিত ইইয়াছিল।

এই সকল পরীক্ষার তন্ন তন্ন বিবরণের উল্লেখ না করিয়া কেবল তাহা-দের কতকগুলি স্থুল সিদ্ধান্ত এখানে উল্লেখ করিলেই যথেষ্ট হইবে।

তিনি পরীক্ষা করিয়া দেখিয়াছিলেন যে, সমস্ত মন্তিকট বেণীবন্ধন প্রাণালী অনুসারে সায়ু-সমূহের সহিত সংযুক্ত।

শরীরের বাম ভাগ দার। মন্তিক্ষের দক্ষিণ ভাগের এবং শরীরের দক্ষিণ ভাগ দারা মন্তিক্ষের বাম ভাগের উত্তেজনা-ক্রিয়া সম্পাদিত হয়। এই প্রকার প্রণাণী-অনুসারে বুদ্দিগন্ত্রগত মন্তিক্ষের ক্রিয়াও নিয়মিত হয় কি না ভাহা তিনি অবধারণ করিতে পারেন নাই—বেহেতু, জন্তু-দিগের উপর এই সকল পরীক্ষা হওয়ায়, তাহাদিগের মন্তিক্ষের কোন্ অবস্থায় ভাহাদের মনে কিরূপ ভাব উত্তেজিত হয় ভাহা জানিবার সম্ভাবনা ছিল না। কিন্তু তাহার বিশ্বাস এই বে, বুদ্ধি-যন্ত্রগত মন্তিক্ষ-মণ্ডলার্দ্ধ-যুগলেও এইরূপ প্রণালী-অনুসারেই কার্য্য হইয়া গাকে।

মন্তিক্ষের তগদেশস্থ বৃহৎ স্নায়্-সঙ্গম বা উপমন্তিক তাড়িৎ দ্বারা বিনষ্ট করিয়া, পরীক্ষা-দ্বারা উহার সম্বন্ধেও এই একই সিদ্ধান্তে তিনি উপনীত হইয়াছিলেন। তাঁহার পরীক্ষাতে এইরূপ সপ্রমাণ হইয়াছে যে এই স্নায়্-সঙ্গম হইটি অসদৃশ ও অতক্স অন্ধাংশে বিভক্ত হইলেও পরস্পার সংযুক্ত-ভাবে থাকা-প্রযুক্ত উহাদের কার্যাগত সমানত। রক্ষিত হয় এবং শরীরের গতি-সমূহকে নির্মিত করাই এই উপমন্তিক্ষের

বিশেষ কার্যা। আমাদের শরীর ছুই ভাগে বিভক্ত; এই ছুই ভাগের অন্ধ প্রভালের থেরপ প্রতাকের স্বতন্ত্র গতি-ক্রিয়া আছে, সেইরপ তাহাদের উভয়ের মধ্যে একটা যোগের নিয়্ম—একটা পরস্পর-সাপেক্ষিতার নিয়ম আছে; তদত্বসারেই তাহাদিগের গতি-সকল নিয়মিত হ্য; এবং এই উপমস্তিকের প্রত্যেক অন্ধাংশের স্বতন্ত্র ক্রিয়া এবং ছুই অংশের সন্মিলিত ক্রিয়া থাকা প্রযুক্তই পূর্বেক্তির প্রকার নিয়মে অন্ধপ্রতান্তের গনি-সকল নিয়মিত হয়। এই তলস্থ সায়ু-সঙ্গম-সন্ত্রেকোন প্রকার প্রতিবন্ধকতা উপাস্থত হইলে শারীরিক গতি-ক্রিয়ার প্রতিক্রম উপরি করিয়া দেখা হইয়াছিল সে শির্ষা চলিবার" শক্তি তাহার একেবারে অপস্ত হওয়ায় সে চক্রাকারে মুরিয়া বেড়াইতে লাগিল।

মন্তিকের নেটি দ্বিতীয় ভাগ—ঘাহা সমস্ত মন্তিকের কেল্রনেশে অবস্থিত এবং নাহার উপরিভাগে বুদ্ধি-গন্ত্রগত মন্তিকে-মণ্ডল আনিপতা করিতেছে,—সেই মন্তিক-বিভাগের উপর ইন্দ্রির-সায়ুগুলি আসিয়া পুঞ্জীভূত ইইয়াছিল। এই দ্বিতীয় সায়ু-সঙ্গমটি বাহ্য জ্বগৎ-প্রেরিত প্রতিবিশ্ব-সকলের কেল্রন্থল—এখান ইইতেই ঐ সকল প্রতিবিশ্বের সংবাদ বুদ্ধিনন্ত্রগত মন্তিকে নীত হয়। পরীক্ষা দ্বারা এইরূপ আরও আভাষ পাওয়া যায় যে, এই সায়ু-সঙ্গম-স্থিত প্রত্যেক সংশ এক একটি স্বতন্ত্র ইন্দ্রিয়ের কার্য্য-নাশ কিল্পা কার্য্য-লাঘ্র উপস্থিত হয়। এই মন্তিক-বিভাগ দ্বিগুণাত্মক—নেহেতু এই সায়ু-পুঞ্জীভূত উপমন্তিক্ষের দক্ষিণ দিক বিনম্ভ ইইলে শরীরের বাম ভাগ হিন্দ্র সকলের পক্ষাঘাত উপস্থিত হয় এবং এই উপমন্তিকের বাম ভাগ বিনম্ভ ইইলে শরীরের দক্ষিণ ভাগস্থ ইন্দ্রিয়-সকল অসাড় ইইল্লা পড়ে।

এইখানে একটি প্রশ্ন উপস্থিত হ'ইতেছে। মুস্তিক্ষের এই ইক্রিয়-

বোধগাহী অংশটির প্রকৃত কার্য্য কি ? যে সকল প্রতিবিশ্ব উহার নিকট আনীত হয়, উহা নিজেই কি ঐ সকল প্রতিবিশ্বের বোধ-প্রাহী না উপরিস্থ মস্তিক্ষমগুলে ঐ সকল প্রতিবিশ্বের সংবাদ বহন করিবার দূত-মাত্র ? স্বস্থ অবস্থায় বহির্জগৎ হইতে বে সকল প্রতিবিশ্ব উহার নিকট উপস্থিত হয়, উহা যে ঐ সকল প্রতিবিশ্বের অবিকল সংবাদ উপরিস্থ মস্তিকমগুলে বহন করে তাহাতে সন্দেহ নাই। কারণ, প্রত্যেক মানসিক ক্রিয়াতে তাহা আমরা উপলব্ধি করিতে পারি। ইহাও আমরা অবগত আছি বে, মস্তিক বিক্বত হটলে নানা প্রকার মিথাা সংবাদ বৃদ্ধির নিকট আনীত হয়। এই মস্তিক-হংশটি স্বয়ং কর্ত্তা—না ক্রিয়ার আধার মাত্র, ইহা অবধারিত করিতে পারিলে, নিদ্রা ও স্বপ্রবিষয়ক মানসিক তত্ত্বামুদ্যান-পক্ষে অনেকটা স্থাবিধা হয়।

আচার্য কেরিয়রের পরীক্ষা-ন্মৃত্ দ্বারা এই প্রশ্নটির এক প্রকার চূড়ান্ত মামাংসা ইইয়া গিয়াছে। তিনি একবার একটা বানর ও একটা কুকুরের পুরোমন্তিক্ষ-মপ্রলার্ক্তর অপসারিত করিয়া পরীক্ষা করিয়া-ছিলেন। তাহাতে তাহাদের জীবনের কিন্তা স্বাস্থ্যের কিছুমান্ত বাাঘাত বা নৈলক্ষণ্য হয় নাই, কেবল তাহাদের বুদ্ধি নপ্ত ইইয়াছিল মাত্র। তাহাদিগের ইন্দ্রিয়-বোগ লোপ হয় নাই—ইন্দ্রিয়-মায়ু-আনীত প্রতিষ্ঠিক কর যে তাহারা উপল'ন্ধ করিতে পারিতেছে তাহা স্পষ্ট দেখা গিল'ছিল। বুদ্ধির য়য় অপনারিত করিবার পুর্বের বাছজগং নং নিমিন্তই, উপলব্ধি করিত, এখনও সেইয়প করিতে লাগিল নিন্তাবস্থায় তাহার উপমন্তিক্ষ শারীরের পৈশিক গতিকে নিয়নির্গাৎ থাকে—কারণ স্বশ্নাভির যখন তাহার মন্তিক্রের আর কোলত পারি; কিন্তু শারীরের তথন ইন্দ্রিয় বন্ধ হইয়ার ইচ্ছার আন্তা শারীর পালন তথনও থাকা প্রাক্তর অক্সপ্রতাক্রের গতি

ইক্সিয়-বোধ-ক্রিয়ার আধার-স্বরূপ^র কেক্সস্থ ও তলদেশস্থ বিভাগই গ্ইলে আমরা নিজিত হই না। উপর যে ছইটি মস্তিক-মণ্ডলার্দ্ধ অবস্থিত, তাহাই বুদ্ধির যন্ত্রস্করপ। এই ছই মণ্ডলার্দ্ধের প্রত্যেক অর্দ্ধই স্বতন্ত্র ও স্বসম্পূর্ণ। প্রত্যেক অর্দ্ধই অপরার্দ্ধের সাহাযা-স্ত্রতীত কার্য্য করিতে সমর্থ। উচ্চত্র মানসিক ক্রিয়াই এই ছই মণ্ডলার্দ্ধের বিশেষ কার্য্য। উহাদের সাহাযোই আমরা চিস্তা করি, বিচার করি, এবং অন্ত্রত্ব করি। এই মস্তিস্ক-মণ্ডলার্দ্ধের কোন অংশ নপ্ত ইইলে মনেরও কিরদংশ অর্থাৎ কোন-কোন মানসিক বৃত্তি নপ্ত হয়—সমস্ত মনের ক্রিয়াশক্তি নপ্ত হয় না।

এই মান্তক্ষমগুলার্দ্ধিয়ের সমস্তই নষ্ট হইয়া গোলে বুদ্ধি বিলুপ্ত হয়,
কিন্তু মৃত্যু হয় না। পাঠকগণের এইটি যেন স্মরণ থাকে যে, সমস্ত
মান্তক্ষের তিনটি প্রাধান বিভাগ। বুদ্ধির সন্ত্র-স্বরূপ বিভাগটি চূড়ায়
অবস্থিত—ইন্দ্রিয়ের সন্ত্র স্বরূপ বিভাগটি কেন্দ্র-দেশে অবস্থিত—এবং
শানীরিক গতিক্রিয়ার যন্ত্রস্বরূপ বিভাগটি হলদেশে অবস্থিত।

- ১। প্রোম্ডিক।
- ২। কেন্দ্র উপমস্তিক।
- ৩। তলস্থ উপম্ভিদ।

এই তিন্টি প্রধান বিভাগের আবার অক্সান্ত উপবিভাগ আছে— এ প্রসঙ্গে তাদের আলোচনা অনাবশুক।

শা দাগ্ৎ অবস্থায় কিষা প্রকৃতিস্থ অবস্থায় সমস্ত মস্তিক্ষই জাগ্রৎ
একটি স্বতন্ত্র সাকল অংশই একত্র মিলিয়া পরস্পরাপেক্ষী হটরা
বিভিন্ন ইন্দ্রিরের কা সন্তি-সকল ইন্দ্রিরেবাধদিগকে সংশোধন করে;
মন্তিক-বিভাগ দ্বিগুণাত্মক বন্তিকে সংশোধন করে; জ্বদর-গত ভাবের
দক্ষিণ দিক বিনষ্ট হটলে শরী দেরের ভাব-সকল ইচ্ছা-শক্তির বলবিধান
উপস্থিত হয় এবং এই উপমাণ্পের কর্তৃত্ব বিস্তার করিয়া বৃদ্ধি এবং
দক্ষিণ ভাগস্থ ইন্দ্রির-সকল অনাধাৎ যাহাকে আমন্য সচরাচর শমন বিল এইখানে একটি প্রশ্ন উপস্থিত্র নিকট প্রকৃতিত করে। নিজ্ঞাবস্থার এই পারস্পরিক সম্বন্ধটি ভালিয়া যায়। বুদ্ধবৃত্তি সকল ইন্দ্রিরবোধদিগকে আর সংশোধন করে না—ইন্দ্রিরবোধ-সকল কল্পনাবৃত্তিকে আর সংশোধন করে না—স্থান্তর-ভাব-সকল ইচ্ছা-শক্তিকে আর উত্তেজিত করিতে পারে না—শরীর ও মনের উপর ইচ্ছা-শক্তির ও কর্তৃত্ব আর বলবৎ থাকে না। স্বপ্লহীন স্বয়ৃত্তির সময় যাই হোক্ না কেন, কিন্তু স্বপ্লাবস্থায় সমস্ত মন্তিক্ষ-যন্ত্র যে নিজিত হয় না তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই। উহার কিয়দংশ অবশ্র জাগ্রৎ ও সিক্রের থাকে—সেই জাগ্রৎ অংশটি কোন অংশ ?

ইহা নিশ্চিত যে, স্বপ্লাবস্থায় মন্তিক-মণ্ডলার্দ্ধর সম্পূর্ণরূপে কিংবা আংশিকরপে জাগ্রৎ থাকে। গভীর নিদ্যাবস্থায়, ইন্দ্রিরবাধের আধার—কেন্দ্রস্থ সায়ু সঙ্গম সম্পূর্ণরূপে নিদ্রিত হয়। নিদ্রার সকল অবস্থাতেই ইন্দ্রিরগণ নিদ্রিত থাকে—তবে, কখন কখন ততটা গভীর-রূপে নিদ্রিত হয় না যাহাতে-করিয়া ইন্দ্রিয়-বাহিত প্রতিবিশ্ব-সকল চেতনাবান্ আত্মার একেনারেই অগোচর হইয়া পড়ে। মন্তিক্ষের যে অংশটি শারীরিক গভিক্রিয়াকে নিয়মিত করে সেই তলস্থ উপমন্তিক্ষণ্ড নিদ্রার আয়ারভাধীন। এইরূপেই নিদ্রার প্রধান উদ্দেশ্ত সিদ্ধ হয়। শরীরের জড়-বন্ধকে বিশ্রাম দিবার নিমিত্ত—তাহার পরিবর্দ্ধন ও নবীকরণার্থ অবসর দিবার নিমিত্তই প্রধানতঃ নিদ্রার প্রয়োজন। এই নিমিত্তই, ইচ্ছা-শক্তি জাগ্রৎ-অবস্থায় শরীরকে চালিত করে, নিদ্রাবস্থার তাহার কর্ত্ত্ব স্থানিত হইয়া যায়। স্বয়ং ইচ্ছা-শক্তি জাগ্রৎ থাকে—কারণ স্বপ্নাবস্থাতেও আমাদিগের ইচ্ছা অকুভব করিতে পারি; কিন্তু শরীরের জড়বন্ধ নিদ্রিত থাকে বলিয়াই আমাদিণের ইচ্ছার আজ্ঞা শরীর পালন করে না এই মাত্র।

অতএব প্রতিপন্ন হইতেছে—মন্তিকের কেক্সস্থ ও তলদেশস্থ বিভাগই নিদ্রার আধার। তাহারা নিদ্রিত না হইলে আমরা নিদ্রিত হই না। পুরোমন্তিক-মণ্ডলন্বয় সেই সময় সম্পূর্ণক্রপে জাগ্রৎ থাকিলেও, উক্ত উপম্বিক্তমন্বয় নিজিত হইলেই আমরা নিজিত হই।

আমাদের মনের প্রকৃতি এই বে, একটি ভাবের সংসর্গ বা সংস্রবে আর একটি ভাব পরম্পরাক্রমে উদ্বোধিত হয়। আমাদের মানসিক ভাব-প্রতিবিশ্ব সকল পরম্পর এরপ শৃঞ্জালাবদ্ধ ইইয়া আছে যে, উহার একটির উদয় ইইলে, ভার কতকগুলি ভাব-প্রতিবিশ্ব তাহার সঙ্গে সঙ্গের উদয় হয়। অনেক সময় আমাদের মনে এমন অনেক ভাবের উদয় হয়, যাহার হুত্র আমরা ধরিতে পারি না, কি প্রকার অমুবঙ্গ-নিয়মে তাহাদের উদয় ইইল তাহা আমরা বুঝিতে পারি না। কিন্তু ইহা বিলক্ষণ সম্ভব বলিয়া বোধ হয় যে ইক্রিয়োপনীত কোন বাহা প্রতিবিশ্ব আমাদের মনে অজ্ঞাতসারে প্রবেশ করিয়া ঐ সকল ভাব কিংবা চিন্তা-শ্রেণীর প্রথম হত্রপাত করিয়া দেয়।

আমাদের জাগ্রৎ-অবস্থায় মনোমধ্যে ইন্দ্রিরোপনীত অসংখা বাহ্য প্রতিবিদ্ধ চারিদিক্ হইতে অসিয়া উপস্থিত হয়; নিজ্ঞাবস্থাতেও ইন্দ্রির সমস্ত কার্য্য যে একেবারে নিবৃত্ত হয় না, তাহা পাঠক মাত্রেই নিজ্ঞানিজ পরীক্ষায় অবগত আছেন। তবে, সে সময় যে-সকল বাহ্য প্রতিবিদ্ধ ইন্দ্রির-দারা মনে উপনীত হয়, তাহার সংখ্যা অতি অল্প। নিজ্ঞার সময় কখন-কখন কোন সামান্ত মৃত্ব শব্দ কর্ণে পতিত হইলে মনে হয় বুঝি কামানের আওয়াজ্ঞ হইল।

এইরপে একবার কোন স্তুত্তে কোন-একটি মানসিক প্রতিবিশ্ব মনোমধ্যে উদ্বোধিত হইলেই তাহার আত্ময়ন্ত্রক অন্তান্ত নানা প্রকার মানসিক প্রতিবিশ্বের উদর হয়। এবং ঐ সকল প্রতিবিশ্বের উদরে জাগ্রথকালে স্বদরে যে সকল ভাব অনুভূত হয়—স্বপ্রাবস্থাতেও ঠিক সেই সকল ভাব উত্তেজিত হইরা থাকে। অতএব ঐ পর্যান্ত জ্বানা ঘাইতেছে বে, নিজাকালে স্বপ্রাবস্থায় মন ও হৃদয়ের ভাব-সকল নিজিত হয় না;— সকল না হউক, কতকগুলি ভাব বে জাগ্রৎকালের ক্সায় সমানরূপে সক্রিয় ও ব্যস্ত থাকে তাহাতে আর সন্দেহ নাই।

ইচ্ছা ও নিজিত হর না, কেবল ইচ্ছার কর্তৃত্ব-শক্তিই তিরোহিত হয়।
স্থাবস্থার আমরা যে নানা প্রকার কার্য্য করিতে ইচ্ছা করি তাহাতে
কোন সন্দেহ নাই, তবে আমাদের ইচ্ছার আদেশ শরীর পালন করে
না এইমাত্র। আমরা অনেক সমরে স্বপ্ন দেখি যেন আমরা কোন
বিপদে পতিত ইইয়াছি—নেই বিপদ হইতে উদ্ধার পাইবার জ্ঞ্য, সেই
বিপদের স্থল হইতে পলাইবার নিমিত্ত, আমরা আমাদিগের শরীরের
অঙ্গ-প্রত্যঙ্গ-সকলকে চালিত করিবার জ্ঞা কত চেষ্টা করি এবং আমাদের চেষ্টার বিফলতা উপলব্ধি করিতে পারিয়া স্বপ্লাবস্থাতেই কত সময়
কষ্ট অনুভব করিয়া থাকি। নিজাবস্থায় মন্তিজ-নগুল্ছয় জাত্রৎ থাকে,
আর কেন্দ্রস্থ ও তলস্থ উপমন্তিক্ষয় নিজিত হয়,—এই বে মত্রটি ইহার
সহিত স্বপ্ন ব্যাপারের কোন বিরোদ দেখা যায় না, প্রত্যুত স্বপ্ন-ব্যাপার
দ্বার্য উহা সপ্রমাণ হয়। তবে এই উপমন্তিক্ষ-মপ্তলের মধ্যেও কতক
অংশ নিজিত ও কতক অংশ জাত্রৎ থাকে কি না, তাহা আর একটি
সমস্থার বিষয়।

আচার্যা ফেরিয়র পরীক্ষা করিয়। দেখিয়াছেন যে প্রত্যেক উপমন্তিক্ষেরই যে স্বতন্ত্র কার্যা শুদ্ধ তাহা নহে, প্রত্যেক উপমন্তিক্ষের বিভিন্ন
অংশের প্রথার স্বতন্ত্র স্বতন্ত্র কার্যা নির্দিষ্ট আছে। যদি উপমন্তিকগুলির
প্রত্যেক অংশের স্বতন্ত্র কার্যা থাকা সতা হর, তাহা হইলে মৃথামন্তিদ্ধনগুলম্বরের প্রত্যেক অংশেরও যে স্বতন্ত্র কার্যা নির্দিষ্ট থাকিতে
পারে তাহাতে আর আশ্চর্যা কি। কিন্তু আমরা অবগত আছি যে উহার
অংশসকল বেণীক্ষন-প্রণালীর অন্তন্ধপ প্রস্পার সংজ্ঞাতভাবে না
থাকুক, পরস্পার অতি শ্নিষ্ঠভাবে এফত্র আবদ্ধ আছে। এই জন্ত
সহসা অনুভব করিতে পারা যায় না বে, কি করিয়া উহার এক অংশ

নিদ্রিত ও তৎসংলগ্ন অপর অংশটি জাগ্রৎ থাকিবে। বিশেষতঃ আমরা আরও অবগত আছি বে, নিদ্রাবস্থায় রক্ত-রাশি মস্তিজ্বের অংশমাত্র হইতে নহে—পরস্ত সমস্ত মস্তিজ্ব-মগুলার্জি হইতেই অপস্ত হইয়া যায়।

কিন্তু সে যাহাই হউক, স্বপ্নের প্রক্লাতগত কোন-কোন লক্ষণ দেখিয়া কেহ-কেহ অনুমান করেন যে, স্বপ্লাবস্থায় বুদ্ধি-যন্ত্র-গত কোন কোন অংশের ক্রিয়াও স্থগিত হইয়া যায়। আমরা যাহা স্বপ্ল দেখি তাহা যে অবাস্তব ইহা স্বপ্লাবস্থায় আমরা কিছুতেই বুঝিতে পারি না। যাহা অসঙ্গত ও অসম্ভব বলিয়া আমরা উপলব্ধি করিতে সমর্থ হই না। অনেকদিনকার মৃত ব্যক্তি স্বপ্লাবস্থায় যথন আমাদিগের নিকট উপস্থিত হন, তথন আমরা অনেক সময় বিশ্বিত হই না। গভীর জলের উপর দিয়া আমরা হাঁটিয়া যাই, শৃত্তে উড়িয়া বেড়াই, তাহাতে অনেক সময় আশ্চর্যা হই না। যতই কেন অসাধ্য, যতই কেন অসম্ভব ব্যাপার হউক না—তাহাতে আমাদের দৃঢ় প্রত্যায় জন্মে।

মনস্তত্ত্বিৎ পণ্ডিতদিগের সাধারণ মতটি এই যে, নিজাকালে ইন্দ্রিয়-গণের কার্য্য স্থগিত হর বুলিয়া তাহারা অস্তাস্ত মানসিক ক্রিয়ার ভ্রম সংশোধন করিতে পারে না।

মন, স্বস্থ ব্যাপারের সহিত কোন বাহ্ন বস্তর তুলনা করিতে পারে না বলিরাই সেই সকল ব্যাপারকে বাস্তব বলিরা গ্রহণ করে। জাগ্রৎ অবস্থার ঘটনা-সকল মন যেরূপ অসন্দিগ্ধ ভাবে বিশ্বাস করে—স্বশ্ব-গত ঘটনা-সকলের অন্তিত্বেও তেমনি তাহার দৃঢ় প্রতার জন্মে; যেহেতু, সেসমগ্ধ এই উভয়বিধ ঘটনার মধ্যে কি প্রভেদ তাহা উপলব্ধি করিবার কোন উপায় থাকে না।

কিন্তু Cox নামক কোন পণ্ডিত এইরূপ আপত্তি করেন— "ভাল, মানিলাম, মনের মধ্যে ঐ সকল অসম্ভব ঘটনার অক্তিত্ব উপলক্ষি করি বলিয়াই উহাদের বাহ্য অন্তিজ্বেও আমাদের বিশ্বাস জ্বন্মে; কিন্তু
যথন মৃত ব্যক্তিকে সজীব দেখি, দূরকে নিকটে দেখি, অসম্ভব
অসাধ্য ব্যাপারকে অনায়াসে সম্পন্ন করি, তথন আমরা বিশ্বিত হই
না কেন ?"

প্রথমত: এরপ স্থলে যে বিশ্বর কথনই উদর হয় না, তাহা কি সত্য প স্বপ্রবাপার সকলেরই প্রীক্ষাধীন। আমি নিজ্ব প্রীক্ষার কথা বলিতেছি— আমি কোন অসম্ভব ঘটনার স্বপ্ন দেখিয়া কখন বা বিশ্বিত হইয়াছি, কখনও বা বিশ্বিত হই নাই। যথন মৃত ব্যক্তিকে স্বপ্নে সন্ধীব দেখিয়াছি-কিংবা শুন্তে উড়িতেছি, তখন কথন বা আশ্চর্য্য হইয়াছি. কখন বা হই নাই। অধিকাংশ সময়ে যে আমরা আশ্চর্য্য হই না, তাহার কারণ এই যে, হাজার অসম্ভব ঘটনা হউক না কেন, ষথন আমি মনের স্বচকে দেখিয়াছি, তখন অবশু উহা অসম্ভব নহে— উহা তো হুইতেই পারে, উহা অবিশ্বাস করিবার কোন কারণ নাই— এইরপ যুক্তি-পরম্পরা ক্রতগতি মনোমধা দিয়া চলিয়া যায়। জাগ্রৎ অবস্থায় যদি কোন অসম্ভব ব্যাপারের কল্পনা আমাদের মনোমধ্যে উদয় হয়—আর যদি দেই কল্পনা এতদুর দুঢ়রূপে মনকে অধিকার করে যে, আমাদিগের বাহুজ্ঞান পর্যান্ত কিয়ৎকালের জন্ম তিরোহিত হয়, তাহা হটলে কিয়ৎক্ষণের জন্ম সেই কল্পনা-গত ব্যাপারকে জাগ্রৎ অব-স্থাতেও বাস্তব বলিয়া বিশ্বাস হয়, কিন্তু যথনি আবার আমাদের বাহ্যজ্ঞান ফিরিয়া আইদে, তথনি কল্পনাগত বিষয়কে বাহাপদার্থের স্হিত তুলনা করিয়া সে ভ্রম দূর হইয়া যায়। স্বপ্লবস্থায় যে আমাদের বিচার-শক্তি, তুলনা-শক্তি একেবারে তিরোহিত হইয়া যায়-এ কথা সত্য নছে। মনের মধ্যে যে সকল প্রতিবিম্ব বিচারের মূল-উপকরণ স্থ্যস্প বিদ্যমান থাকে সেই উপকরণগুলি লইয়াই তখন মন বিচার ক্রিতে প্রবৃত্ত হয় এবং সেই মূল-উপকরণগুলিকে পত্তনভূমি করিয়া

যুক্তি-পরম্পরা-অনুসারে যেরূপ সিদ্ধান্ত হইতে পারে, মন সেইরূপ সিদ্ধাস্তেই উপনীত হয়। বিচারের উপস্থিত মূল-উপকরণ ধরিতে গেলে—সে হিদাবে বিচারের সিদ্ধান্ত অনেক সময় যুক্তিসিদ্ধ হয় বটে. কিন্তু আসলে সভা নাও হটতে পারে। সে সিদ্ধান্ত যে সভা হয় না, তাহা অনেক স্থলে বিচারের দোষ নহে, পরস্ক উপস্থিত মূল-উপকরণের অসম্পূর্ণ নাই তাহার হেতু। মন, মানসিক বিষয়গুলির সহিত বা**হ্ন বিষয়ে**র তুলনা করিতে পারে না বলিয়াই অনেক সময়ে স্বপ্লাবস্থার সিদ্ধান্ত সত্য হয় না। কিন্তু (য-সকল স্থলে বাহ্য-বস্তুর সহিত তুলনার আবশ্রক হয় না--- দে-দকল স্থলে মন স্বপাবস্থায় অনেক সময়ে সত্য দিল্ধান্তে উপ-নীত হয়। এরপ তো অনেক শোনা গিয়াছে যে কোন-কোন গণিত-শান্তবিৎ পণ্ডিত যে-সকল সমস্তা জাগ্রাদবস্থায় সিদ্ধান্ত করিতে পারেন নাই, স্বপ্লাবস্থায় তাহার যথার্থ সিদ্ধান্ত করিতে সমর্গ হইয়াছেন। অনেক সময় আমরা স্বগ্নে বক্তৃতা করি-প্রবন্ধ লিখি; সেই সকল বক্তৃতা ও প্রবন্ধ অনেক সময় বেশ যুক্তিগর্ভ হয়। যুক্তিগর্ভ হইয়াছে বলিরা যে ৩ধু আমরা স্বপ্ন দেখি তাহা নহে—কাগ্রৎ হইরা যথন সে স্বথ-গত বক্ত তা কিংবা প্রবন্ধ আমাদের স্মরণে আইসে, তাছাতে বাস্ত-বিকই কোন প্রকার যুক্তির দোষ দেখিতে পাই না।

অতএব প্রতিপর ইইতেচে, আমাদের মস্তিকের তলস্থ উপমস্তিক, বারা শরীরের গতিক্রিয়াকে নিয়মিত করে, সেই তলস্থ উপমস্তিকের উপরেই নিজার অধিক প্রভাব, তাহার নীচে ইন্দ্রির-প্রতিবিদ্ধ-প্রাহী উপমস্তিকের উপর—তাহার নীচে বুদ্ধির বন্ধ-স্বরূপ চূড়ান্ত মস্তিক-মগুলের উপর। যথন আমাদিগের মস্তিকের অক্তান্ত অংশগুলি নিজিত হয়, কেবল এই বৃদ্ধিক্রগত চূড়ান্ত মস্তিকেটি ক্রান্তাৎ থাকে—তথনই আমরা স্বপ্ন দেখি, এই স্বন্ধ-ব্যাপার পরীক্ষা করিয়া আমরা মন ও আন্ধার প্রকৃতি অনেক পরিমাণে নিরূপণ করিতে পারি। আর একটি স্থ্রিধার

বিষয় এই ষে, স্বপ্ন-ব্যাপার পরীক্ষা করা সকলেরই আয়ন্তাধীন। আর, কি অভ্নাদী কি প্রত্যক্ষপ্রমাণবাদী-সম্প্রদায়, এ প্রকার পরীক্ষা কাহারই অবজ্ঞার বিষয় নহে। কারণ স্বপ্র-ব্যাপারের অন্তিম্বকে কেইই অস্থীকার করিতে পারে না। এই স্বপ্রাবস্থায় মন ও আত্মার কোন্ কোন্ বৃত্তিই বা নিজ্ঞির থাকে তাহা আলোচনা করিয়া দেখা যাউক।

সেমর কি আমাদের অহংবোধ তিরোহিত হয় १—না; স্বপ্নের সময় আমাদের অহংবোধ বিলক্ষণ থাকে। স্বপ্নদর্শী ব্যক্তি কথন মনে করে না যে সে অক্স ব্যক্তি। সে এরপ স্বপ্ন দেখিতে পারে, যেন সেরাজা কিংবা ভিখারী কিংবা অন্ত কোন ব্যক্তির ছম্মবেশ ধারণ করি-রাছে, কিন্ত সে রাজাই হোক্, ভিখারীই হোক্,—বা অন্ত যে কেইই হোক্ —তাহার নিজম্ব-বোধ যে লুগু হয় না, তাহাতে আর কোন সন্দেহ নাই, সে কেবল অন্তের চরিত্র অভিনয় করে এই মাত্র।

আমাদের ইচ্ছা কি সে সময় একেবারে তিরোহিত হয় ?—না, তাহাও হয় না। অপ্রদর্শী মন, সে সময় উপলব্ধি করিতে পারে যে, সে তার ইচ্ছাকে চালনা করিতেছে, এবং সে বিশ্বাস করে, সে সেরূপ ইচ্ছাকরিতেছে তাহাই সম্পন্ন হইতেছে। তাহার ইচ্ছা-শক্তি সে সময় সম্পূর্ণ থাকে, তবে তাহার ইচ্ছার আজ্ঞা শরীর বাস্তবিকপক্ষে পালন করে না। জাগ্রৎ অবস্থায় আমরা কথা কহিতে ইচ্ছা করি, দৌড়িতে ইচ্ছা করি, কিংবা অক্ত কোন প্রকার কার্য্য করিতে ইচ্ছা করি, অপ্রাবস্থাতেও আমরা ঠিক সেইরূপ করিরা থাকি। তবে প্রভেদ এই, আমাদের শরীরের সায়ুবন্ধ সে-সকল ইচ্ছাকে সে সময়ে বাস্তবিক কার্য্যে পরিণ্ড করে না।

কল্পনা-শক্তি তো জাগ্রৎ অবস্থা-অপেকা স্বপ্লাবস্থাতেই আরও অধিক বলবঁ ও সাঁক্রি ইইন্না উঠে। বুদ্ধিবৃত্তি-সকলও সে সময় নিক্রিয় হয় না— কারণ, স্বপ্লাবস্থার আমরা বেশ বিচার করিতে পারি। তবে, যে পূর্ব্ধপক্ষ- সমূহকে পত্তনভূমি করিয়া আমরা বিচার করিতে প্রবৃত্ত হই—সেই পূর্ব্ব-পক্ষপ্তলি ঠিক না হইতে পারে, তৎপ্রযুক্তই আমাদিগের সিদ্ধান্ত ও অনেক সময় মিথা৷ ইইয়া যায়। আমাদের অহংজ্ঞানের সমক্ষে যে কোন প্রতিবিশ্ব উপস্থিত হয়, তাহাই আমরা সত্য বলিয়া গ্রহণ করি এবং সেই সকল প্রতিবিশ্ব-রূপ উপকরণ লইয়াই আমরা বিচার করিতে প্রবৃত্ত হই।

স্থানভার ভাব-সকল প্রথানভার অস্তর্হিত হয় না। স্থানকলিত ঘটনাগুলি সতা হইলে জাগ্রৎ অবস্থার আমাদের হৃদয়ের ভাব যেরূপ উত্তেজিত হয়। স্থানকলিত ঘটনাগুলি আমরা সতা বলিয়া বিশ্বাস করি কেন ?—না যেহেতু শ্বিতাহাদিগের সতা আমরা মনোমধো উপলব্ধি করি।

বাহু জগৎ হইতে বিচ্ছিন্ন হইরা মন যখন কার্য্য করে—মনের এই বিচ্ছিন্ন অবস্থার ক্রিয়া-সকল পর্যাবেক্ষণ করিয়া সর্ব্ধপ্রথমে এই সভাটি আমাদের মনে প্রতিভাত হয় যে, মনোমধ্যে এমন কোন একটি পদার্থ আছে যাহা বাহু জগৎ হইতে সম্পূর্ণরূপে স্বতন্ত্র ও স্বাধীন—বাহু জগতের অনস্থিত্বে তাহার অন্তিত্বে লোপ হয় না—সে আপনার অভ্যন্তরে আর একটি নুতন জগৎ নিশ্বাণ করিয়া তাহার মধ্যে থাকিতে পারে।

শুদ্ধ তাহ। নহে। বে পদার্থ নিজার সময় বাহ্য জগৎ হইতে বিচ্ছিন্ন
হইরা আপনাতেই আপনি অবস্থিতি করে, শরীর নিজিত হইলেও যে
পদার্থ নিজিত হয় না, যাহার নিজ অন্তিত্ব-জ্ঞান বরাবর সমান থাকে,
যাহার স্মরণ-শক্তি আছে, যাহার স্থতঃখের জ্ঞান আছে, সে যে
জড়ীয় মন্তিক লহে, সে যে মন্তিকরূপ জড়-পদার্থ ইইতে স্বতন্ত্র ও সম্পূর্ণরূপে ভিন্ন,—এই অনুমান কি নিতান্ত অমূলক ? নিজার সময় শরীর
স্বতবৎ হইলেও যে পদার্থটি জীবিত থাকিয়া কার্য্য করে—এই নিজারপ
ক্ষণিক বিচ্ছেদের স্থলে যথন মৃত্যু আদিয়া শরীরের সহিত চিরবিচ্ছেদ

ঘটাইরা দের, তথনও কি সেই পদার্থ নৃতন জীবনের উপযোগী অক্সাক্ত নৃতন শক্তি লাভ করিয়া জীবিত থাকিতে পারে না ?

স্থা-কলিত বিষয় সকলের অন্তিত্বে আমরা অসন্দিগুচিতে বিশাস করি কেন ? বুজির্ভি-সকলের অন্তর্ধান তাহার হেতু নহে, যেহেতু বুজি-রভি-সকল সম্পূর্ণরূপে সে সময় কার্য্য করে। ইহার কারণ আর কিছুই নহে, স্থপ্ন-কলিত ছবিগুলিকে ইন্দ্রিয়োপনীত প্রতিবিম্ব বলিয়া আমরা বিশাস করি, এই জন্মই তাহাদিগকে বাস্তবিক বলিয়া আমাদের মনে হয়। আমরা সমস্ত বাহ্য পদার্গই ইন্দ্রিয়-দারা উপলব্ধি করি, কিম্বা মনের মধ্যে কোন প্রতিবিদ্ধ উদিত হইলে সেই প্রতিবিদ্ধকে উপলব্ধি করি। আমাদের সকল প্রকার বোধক্রিয়াই মানসিক। বাহ্য বস্তকে আমরা অবাবহিত-ক্রপে দেখিতে পাই না—বাহ্য বস্তর প্রতিবিদ্ধ মনোমধ্যে দেখিয়া তবে আমরা বাহ্য বস্তর অন্তিম্ব উপলব্ধি করি। অতএব মানসিক প্রতিবিদ্ধ-শুলির সহিত্রই আমাদিগের অবাবহিত সম্বন্ধ।

কিন্তু জাগ্রং অবস্থায় আমরা এই অন্তর-উৎপন্ন প্রতিবিশ্ব এবং ইন্দ্রিরোপনীত বাহ্ন প্রতিবিশ্বগুলির মধ্যে কি প্রকারে প্রভেদ নিরূপণ করিতে সমর্গ হই ? বাহ্ন প্রতিবিশ্বগুলিকে নান্তব ও অন্তরোৎপন্ন প্রতিবিশ্বগুলিকে কান্তব ও অন্তরোৎপন্ন প্রতিবিশ্বগুলিকে আবান্তব বলিয়া কি প্রকারে চিনিতে পারি ? তাহার দৃষ্টান্ত;—
মনে কর কোন অন্পৃথিতি বন্ধুকে তোমার কল্পনা-চক্ষে দেখিতেছ, উাহার একটি ছবি তোমার মনোমধ্যে উদয় হইল—এই ছবিটি সম্পূর্ণ-রূপে তোমার বন্ধুর অন্তর্জন নাও হইতে পারে, এক আধ-টুকু তফাৎ ছইতেও পারে। তার পর মনে কর, সেই বন্ধুকে আবার চর্মা-চক্ষে ত্রমিপ্রত্যক্ষ দর্শন করিলে, তাহার মূর্ত্তির ইন্দ্রিয়-বাহিত আর একটি প্রতিবিশ্ব, আর একটি ছবি, আবার তোমার মনোদর্শণে পতিত হইল; এই কাল্পনিক ছবি এবং এই ইন্দ্রিয়-বাহিত ছবি উভয়ই তোমার মনো-মধ্যেই প্রতিবিশ্বিত হওয়া প্রযুক্ত উভয়কেই মান্সিক প্রতিবিশ্ব বলিতে

হটবে। এ উভয়ই মানসিক প্রতিবিদ্ধ, অথচ তুমি একটিকে কার্রনিক এবং আর একটিকে বাস্তবিক বলিয়া জানিতেছ—তাহার অর্থ এট, একটির বাহ্য অন্তিত্ব উপলব্ধি করিতে পারিতেছ না—আর একটি তোমার মনের বাহিরে অবস্থিতি করিতেছে বলিয়া তুমি জানিতে পারিতেছ।

কি প্রণালী-অমুসারে এইরপ াসদ্ধান্তে তুমি উপনীত হইলে— উহাদের প্রভেদ নিরূপণ করিতে কিরূপে সমর্থ হইলে ?

আর কছুই নহে—তোমার ইন্দ্রিয় ক্রিয়াকে তুমি উপলক্তি করিতে পারিতেছ বলিয়াই তুমি তাহাদের প্রভেদ্ নিরূপণ করিতে সমর্থ হই-তেছ। তুমি অমুভব করিতে পারিতেছ যে গোমার চক্ষু তোমার বক্ষুর মৃত্তি দশনে নিযুক্ত হুইয়াছে, আর ভ্রোদর্শনেও তোমার এই জ্ঞানটি জন্মিয়াছে যে, ইন্দ্রিয়কর্তৃক বাহ্য বস্তুর সংবাদ আসিলে তবেই তাহা বাস্তব বলিয়া তোমার প্রাহ্ম, নচেৎ নয়। আমাদিগের জাগ্রৎ অবস্থায় এই প্রণালী-অমুসারেই ইন্দ্রিয়গণ মানসিক ক্রিয়াকে সংশোধন করে এবং ইন্দ্রিয়-প্রেরিত সংবাদ অবগত হুইয়াই আমরা বাস্তব ও কার্মনিকের মধ্যে প্রভেদ নিরূপণ করিতে সমর্থ হুই।

অতএব স্বপ্নাবস্থার কার্ন্নিককে কেন আমরা বাস্তবিক বিশ্বরা গ্রহণ করি, তাহার কারণ এক্ষণে স্থাপ্টরূপে উপলব্ধি হইতেছে। মন জাগ্রদবস্থার যাহার সাহায্যে অবাস্তব ও বাস্তবের প্রভেদ নিরূপণ করিতে পারে, নিদ্রাবস্থার গেই ইন্দ্রিরগণ হইতে বিচ্ছির হওরা প্রযুক্ত তাহা আর পারে না। ইহার অবশ্রস্তাবী ফল এই হয় যে, যত কিছু প্রতিবিদ্ধ মনে পতিত হয়, সমস্তাই এক প্রকার বলিয়া মনের নিকট প্রতীরমান হয়। অতএব যেহেতু, মনের যত কিছু প্রতিবিদ্ধ সমস্ত গোড়ার ইন্দ্রিরকর্ত্ত্বই আনীত, সেই জন্ম যথন কোন প্রতিবিদ্ধ মনোমধ্যে আসিয়া উদর হয়, তথন মন নিরূপণ করিতে পারে না যে, ঐ

প্রতিবিষ্টি সদ্য বাহির হইতে মনোমধ্যে প্রবেশ করিল, না পুর্বেষে প্রতিবিষ্ক আসিয়া অবস্থান করিতেছিল তাহাই উদ্বোধিত হইল মাত্র।

এই জন্মই মন স্বপ্নাবস্থায় স্বস্থ কল্পনাগুলিকে বাস্তব বলিয়া না ভাবিয়া থাকিতে পারে না এবং এই খণ্ড থণ্ড কল্পনাগুলি গখন আবার সংস্থিত হয়, তখন মন ভাবে যে, এই নাটকবং স্বপ্ন-গত ঘটনাগুলি বাস্তবিক জগতে বুঝি সতাই সংঘটিত ইইতেছে।

ইহা হইতে এইরূপ সিদ্ধান্ত হইতেছে যে আমাদের অন্তরে এমন একটি পদার্থ বিদামান আছে, যাহা মন্তিক-ক্রিয়া সকলের সমালোচক ও সাক্ষী-স্বরূপ,—স্বতরাং মন্তিক হইতে ভিন্ন ও স্বতন্ত্র। সেই পদার্থটিই আত্মা।

স্টির আণবিক জড়-অংশের সহিত বোগ স্থাপন করিবার উদ্দেশেই ইহলোকে,—-আমাদের উন্নতির এই বর্ত্তমান অবস্থায়, আমাদের আত্মা জড়যন্ত্র-মারা আচ্ছাদিত হইয়াছে মাত্র।

স্বপ্ন-ব্যাপার পরীক্ষা করিয়া আরও এই একটি বিষয় আমরা জানিতে পারি, যে সময় শরীরের সহিত মনের যোগ শিথিল হয় সেই স্বপ্না-বস্থায় আমাদের মানাসক বৃত্তি-সকল নিস্তেজ হওয়া দূরে থাকুক, জাগ্রাদবস্থা অপেক্ষা অসংখাগুণে কৃত্তি লাভ করে। রচনাশক্তি কয়না-শক্তি সে সময় অভ্যন্ত প্রবল হয়। যে ব্যক্তি অভ্যন্ত মূর্থ ও নির্বেশ্বাধ, সেও স্বপ্নাবস্থায় যেরূপ কয়নাশক্তির পরিচয় দেয়—জাগ্রৎ অবস্থায়—
যে সময় সকল মানাসিক বৃত্তিই সম্পূর্ণরূপে আমাদের আয়ত্ত থাকে—
তথন সেরূপ পারে না। প্রত্যেক স্বপ্নই এক একটি গয় বিশেষ।
অনেক স্বপ্ন আবার নাটকের ক্সায়—ভাহাতে শুদ্ধ যে একটি গয় মাক্র
থাকে ভাহা নহে—বাত্তবিক জীবন-রক্ত্মিতে যেরূপ বিভিন্ন প্রকার
চরিত্র দৃষ্ট হয়, ভাহাতেও সেইরূপ নানা প্রকার চরিত্র অভিনীত হয়।

অত্তব স্বপ্নদর্শী মন শুদ্ধ যে একটি গল্পমাত রচনা করে তাহা নহে, ভন্মধ্যস্থিত পাত্রগণের চরিত্র পর্যাস্ত রচনা করে। যে পাত্রের মুখে যে কথা শোভা পায়, তাহার মুখে সেই কথাই বসাইয়া দেয়। স্বপ্নে আর একটি আশ্রুষ্ঠা ব্যাপার এই দেখা যায় যে, মানসিক ক্রিয়ার বেগ সে সময় আশ্চর্যারূপ দ্রুত হয়। জড্-শ্রীরের জড়বৎ গতির বন্ধন হইতে মুক্ত হট্য়া স্বপ্নদর্শী মন জাগ্রাদবস্থার কাল-পরিমাণকে অনেকগুণে অতিক্রম করে। যে ঘটনা পরম্পরা বাস্তাবিক জ্বাবনে সঙ্ঘটিত ইইতে অনেক দিন লাগিবার কথা, স্বপ্লাবস্থায় হুই চারি মুহুর্ত্তের মধ্যেই তাহা সংঘটিত হয়। স্বপ্লাবস্থার কাল-পরিমাণের সহিত জাগ্রাদবস্থার কাল-পরিমাণের অনেক প্রভেদ দৃষ্ট হয়। স্বপ্লাবস্তায় আমাদের মানসিক শক্তি-সকল জাগ্ৰদবস্থা-অপেক্ষা যে অনেকগুণে সতেজ হয়, তাহা বোধ হয় সকলেই নিজ নিজ পরীক্ষায় অবগত আছেন। আমরা স্বপ্লে কথন কখন এমন স্থন্তর বক্তৃতা করিতে পারি, প্রবন্ধ কিংবা গান রচনা করিতে পারি, যাহা জাগ্রাদবস্থায় বোধ হয় আমাদের সাধাতীত। এরপ স্বপ্ল-রচনার অনেক দৃষ্টান্ত পাওয়া যায়। কোল্রিজের কুব্লাই খাঁ নামক কাব্যের খণ্ডাংশটি এইকপ স্বগ্ন-রচিত বলিয়া প্রাসিদ্ধ। তিনি স্বপ্লাবস্থায় সমস্ত কাব্যটি রচনা করেন। সেই স্বপ্লটি এত উচ্ছালুরূপে তার মান্দ-পটে অঙ্কিত হইয়াছিল যে, তার নিজাভঙ্ক হইবামাত্র তিনি তাড়াতাড়ি একটা কলম ধরিয়া সেই দীর্ঘ কাব্যটি লিখিতে বসিলেন। এই "কুব্লাই খাঁ"-কাবোর যে স্থন্দর অংশটি মাত্র ইংরাজি সাহিত্যে রহিয়া গিয়াছে, তাহা লেখা শেষ করিয়াছেন, এমন সময় তাঁর নিকট সহসা কোন বিষয়কশ্ম উপস্থিত হওয়ায় লেখার ব্যাঘাত হঠল। বিষয়কশ্ম শেষ করিয়া আবার যথন লিখিতে বদিলেন, তথন দেখেন, অবশিষ্ট **সমস্ত**ই তাঁর শ্বতিপট হইতে বিলুপ্ত হইরাছে।

মিশৃকব্ এইরূপ স্বপ্ল-রচিত আর একটি ফরাসিশ্ কবিতার উল্লেখ

করিয়াছেন তাহাও অতি স্থন্দর। তাহার অনুবাদ আমরা নিম্নে দিতেছি—

۶

পুরাতন ত্রগের প্রাকার উপরে
দাঁড়ায়ে প্রহরী প্রাতে উত্তুক্স চূড়ায়,
হাঁকিতেছে মাঝে-মাঝে উচ্চ কণ্ঠস্বরে—
'কে যায় পথিক নীচে, কে যায় কে যার গ

₹

শুনি সে উত্তর সব—আশা-ভরপুর, '' উপজিল মনে মোর অনির্দেশ্য ভর, আশা হ'তে নৈরাশ্য জানি নহে দুর, দিবা-পিছু রাত্রি যথা আইসে নিশ্চয়।

9

"কে যায় কে যায় ?"—
স্থান যুবক এক অশ্ব আরোহিয়া
বাকমকি অসি হস্তে—উড়ায়ে পতাকা
যাইতেছে রণক্ষেত্রে আনন্দিত-হিয়া,
গাইতে গাইতে পথে গৌরব-গীতিকা।

"কে যায় কে যায় ?"—
স্থানর বালিক। এক, যুবার পিছনে,
সাদা অশ্ব'পরে চড়ি যোদ্ধ-দাস-বেশে,
"চোথে চোথে রাখি দিব নোর প্রাণংনে"
বলিয়া মুচকি হাসি চলে অনিমিষে।

4

"কে যায় কে যায় ?"—
ভলবেশ বৃদ্ধ এক থলি হস্তে যায়,
ভার মধ্যে স্বর্ণমূলা ঝক্মক্ করে,
কাঁপিতে কাঁপিতে তাহা যতনে লুকায়,
বলে আরু, মহাধনী হউব সম্বরে।

ø

"কে যার কে যায় ?"—
স্থানর যুবক এক, ভগিনীরৈ লয়ে
স্থান ভূলিবার ভরে চলে মাঠ দিয়া,
"ভোরে মা এ সব দেব মোরা বাড়ী গিয়ে"
এই বলি হ্রনায় উঠিল হাসিয়া।

٩

পুরাণ হরগ পরে উভরিলা রাত্তি, আবার প্রহরী দেখা উচ্চে হাঁক দ্যায়, হুরগের নীচে দিয়া যায় যত যাত্তী, দ্বারে ডাকিয়া বলে 'কে যায় কে যায় ?'

1

রক্ত-মাথা সেই অশ্ব তেজে গীবা-বাঁকা শৃত্য-জীন টানি লয়ে চলে বীরবরে, মুমূর্ সে বীর ধরে সাপটি পতাকা, প্রাণ-বায়ু বহির্গত হইবে সন্ধরে। ۵

"কে বার কে বার ?"—

স্থানরী বালিকা সেই অশ্ব-আরোহণে
বান্ধ্-সেবকের বেশ পরিধান করি,
আকুল হইয়া চলে পিছনে পিছনে,
হাহাকার করে ঘোর গগন বিদরি।

37

"কে বার কে বার ?"—
স্থবিষর বৃদ্ধ সেই অতি শুত্র কেশ,
শৃষ্ঠ-থলি লয়ে হাতে আাসিতেছে ধীরে,
কাঁপিতে কাঁপিতে বলে "কি বিষম ক্লেশ!
সরবস্থ ধন মোর হরিল তন্ধরে।"

>>

"কে বার কে বার ?"—
স্থানর বালক দেই—ভগিনীটি কোলে,
ভূজকো দংশিল তারে মাঠের মাঝার,
নিরশ্র নরনে বালা ঘুমার অকালে,
ফেলিতে হবে না তারে অঞা কভু আর!

আর একটি স্বপ্নদৃষ্ট ইংরাজি কবিতার অমুবাদ নিমে দিতেছি-

ক্লান্ত আত্মা মোর নাথ চাহিছে সভত, পশিবারে তার সেই বিশ্রামের ছরে, সেই দিকে মোর দৃষ্টি বয়েছে নিয়ত পুণা-আত্মা-সবে বেথা আনন্দে বিচরে।

2

এখনো হয়নি শেষ ভবের সংগ্রাম, বাহিরের অস্তরের ভীম শত্রুগণ আক্রমিয়া পথমাঝে মোরে অবিরাম দেখাইতেছে কত শত পাপ-প্রলোভন।

0

হয়ে এই রণ-মাঝে হুর্বল আহত, সকাতরে ডাকি তোমা হাত যোড় করি, রক্ষা কর রক্ষা কর জিভুবন-পিতঃ, রক্ষা কর মোরে নাথ নতুবা যে মরি।

8

হেনকালে ধীরে ধীরে মধুর বচন ভয়-হর শাস্তিপ্রাদ পশে শ্রুতি-পটে, অবসর মৃত আত্মা পাইল জীবন— "ভয় নাই সাধুবর, ঈখর নিকটে।"

æ

সে বাক্য-অমৃত-পানে হয়ে বলীয়ান্ আবার সেই সে পথে হয়ে অগ্রসর, উর্দ্ধদিকে শান্তি-ধামে রাখিয়া নয়ান চলিলাম তার পরে করিয়া নির্ভর।

Ŀ

লও নাথ, লও মোরে, ডাকি করবোড়ে, শান্তি-নিকেতন-হার থোল' আমা প্রতি, লও নাথ সেই তব প্রেমময় ক্রোড়ে, পাপ তাপ হতে প্রভু দাও গো নিষ্কৃতি।

ডাক্তার কার্পেন্টরকে অফুসরণ করিয়া মিদকব বলেন—"আমাদের কার্যা-সকল ইচ্ছাশক্তি-সম্বন্ধে তিন ভাগে বিভক্ত করা যাইতে পারে। Involuntary ইচ্ছা-নিরপেক (যথা হ্রৎম্পন্দন-পরিপাক-ক্রিয়া ইত্যাদি)—Voluntary ইচ্ছা-সাপেক এবং Volitional ইচ্ছা-চালিত। ইচ্ছা-সাপেক্ষ এবং ইচ্ছা-চালিত এই উভয় জ্বাতীয় কার্যোর মধ্যে প্রভেদ এই যে, প্রথমোক্ত কার্যাগুলি সম্পাদন করিবার নিমিছ ইচ্ছার অনুমতি অপেক্ষা করে, এবং ইচ্ছা-শক্তিপ্ররোগে তাহা আবার স্থগিত করা যাইতে পারে, তাহাতে ইচ্ছা-শক্তির অবিরত উদ্যম আবশ্রক হয় না। কিন্তু ইচ্ছা-চালিত কার্য্যগুলি সম্পাদন করিবার জন্ম ইচ্ছার অব্যবহিত ও অবিরত উদাম আবশুক হয়। একণে এই তিন শ্রেণীর কার্য্যের মধ্যে দেখা যায়, ইচ্ছা-সাপেক্ষ কার্যাগুলি চৈতক্ত-বহিভুতি মক্তিকক্রিন।দ্বারা সম্পাদিত হইরা থাকে। তাহার দৃষ্টান্ত বেমন পদচারণা। এই পদচারণা-ক্রিয়াকে বিশ্লেষণ করিয়া দেখা যাউক। মনে কর আমরা এখানে কিম্বা ওখানে যাইতে ইচ্ছা করিতেছি; এবম্বি ব্যাপারে ''উদ্দেশ্য-বিষয়টিকে ইচ্চা করা, আর উদ্দেশ্য সাধনের উপায়কে ইচ্ছা করা একই কথা"। আমরা প্রতিপদক্ষেপে তো এরূপ ভাবিয়া কাজ করি না যে "এইবার দক্ষিণ পদটি—এইবার বাম পদটি অমুক স্থলে স্থাপন করিব।" আমাদের মাংসপেশীর যেন কোন অপরিক্ষাত নেতা এই সকল খুজরা কাজগুলি সম্পাদন করে। আমরা যথন চলিতে থাকি, তথন আমাদিগের পদম্বকে কোন্ দিকে চালাইতে हरेटन-- (म विवदा आमता ८०१ निम्ब्डि थोकि। त पर्थ आमता চলিতেছি यनि তাহা আমাদের জানা-শুনা পথ হয়, তাহা হইলে দে পথের প্রত্যেক যোর-ফেরে, আমাদের চির-অভ্যান বশতঃ, ঠিক মোড়টি লই, অথচ সেই সমন্ত সমত্তকণ অহা কোন বিষয়ের চিন্তাতে হয় তো ব্যাপুত থাকি। এ-ছাড়া পঠন, সীবন, লিখন, সঙ্গীত-বন্ধ বাদন

প্রভৃতি কার্য্যেও একবার শিক্ষালাভ করিলে—সে সকল কার্য্যের যান্ত্রিক অংশগুলি, শীঘ্রই আমরা সম্ভান উদাম-বাত্রীত সম্পাদন করিতে সমর্থ হই।" ডাক্তার কার্পেণ্টর ও মিন্-কব্, জ্ঞান-নিরপেক্ষ মন্তিক-ক্রিরার **ब**हे (य मुष्टोच्ड क्षानर्गन कतियाहिन, छेटा क्षायमञः मिखक-किया विनया গণ্য হইতে পারে কি না, তাহাই সন্দেহস্থল। Professor Ferrier সাহেবের পরীক্ষায় সম্প্রমাণ হইয়াছে যে. শারীরিক গতি-বিধি, তলম্ব উপমস্তিক্ষের উপর নির্ভর করে; তাহার উপর চূড়াস্ত-মস্তিক্ষের অব্য-বহিত আধিপত্য নাই। সচুড়ান্ত-মন্তিক-যন্ত্ৰ দিয়া ইচ্ছা-**শক্তি প্ৰবাহি**ত হইরা, ঐ উপমান্তম্ককে চালিত করিলে তবে আমাদিগের শারীরিক গতিক্রিয়া সম্পাদিত হয়। প্রথম-প্রথম, যতদিন না অভ্যাস ছারা সহজ হইয়া আদে, ততদিন কোন গতিক্রিয়ার সময়, ইচ্ছাশক্তিকে তাহাতেই সমস্তক্ষণ প্রযুক্ত রাখিতে হয়। কিন্তু অভ্যাস-নিয়মে উপ-মস্তিফ যখন কার্য্যান্থ্র ও পুনরাবৃত্তিপ্রবণ হইয়া পড়ে, তখন ইচ্ছা-শক্তি# উপমন্তিদ্ধকে একবার চালিত করিয়াই ক্ষান্ত হয়, তাহার পর যন্ত্রের ফ্রায় আপনা-আপনিই গতিক্রিয়া হইতে থাকে; সেই গতিক্রিয়া বন্ধ করিবার প্রয়োজন হইলে তথন আবার ইচ্ছাশক্তিকে প্রয়োগ করিতে হয়। অতএব দেখা যাইতেছে পদচারণা প্রভৃতি অভান্ত গতিক্রিয়া-সকল প্রবর্ত্তিত করিবার সময় ও বন্ধ করিবার সময়, ইচ্ছাশক্তির স্ক্রান উদ্বাম আবিশ্রক হয়;

Unconscious cerebration—এই বাকাটি অতি অস্পষ্ট। বে
সকল দৃষ্টান্ত মিশ্-কব দিয়াছেন তাহাতে ইহার অর্থ কথন-কথন জ্ঞাননির্পেক্ষ-মতিকজিয়া ব্যায়। সমস্ত অপ্ন-ব্যাপারই যে জ্ঞান-সাপেক্ষ
ভাষাতে সন্দেহ নাই, তবে উহার সমস্তই ইচ্ছা-সাপেক্ষ কি না ভাহাই
বিবেচা। Unconscious cerebration এর অর্থ বদি জ্ঞান-বহিতুতি না
হটরা ইচ্ছা-নিরপেক্ষ মতিক-ক্রিয়া হয়—ভাহা ছইলে জ্ঞাঞ্জনবন্তাতেও

আমাদিগৈর মঞ্জেত প্রকার ভাবোদর হয়, তৎসম্দরই তো Unconscious cerebration এর মধ্যে গণ্য হইতে পারে।

কোন-কোন জড়বাদী বলেন বে, অচেতন অবস্থায় আমাদের অজ্ঞাতসারে কোন মানসিক ক্রিয়া হইতেছে,—এরপ যদি পরিচয় পাই, আমাদের অজ্ঞাতসারে আমাদের মন্তিক, মনন-ক্রিয়া সম্পাদন করিতে স্মর্থ এরূপ যদি সপ্রমাণ হয়, তাহা হইলে আত্মার অন্তিত্ব স্বীকার করিবার প্ররোজন কি ?

আমাদের অক্টাতসারে যে সকল মনন-ক্রিয়া হয় তাহার নাম ডাক্তার কার্পেন্টর "Unconscious cerebration" অর্থাৎ "ক্রান-বহিন্ত অন্তিক্ষক্রিয়া" রাখিয়াছেন। Miss Cobbe এই জ্ঞান-বহিন্ত ত মস্তিক-ক্রিয়ার কতকগুলি দুষ্টাস্ত দিয়াছেন। দুষ্টাস্ত-প্রদর্শিত ক্রিয়া-সকল वास्त्रिक क्कान-विष्णुं कि ना, जारा क्षेत्रप्त व्यात्नाहना कतिया (तथा যাউক। মিদ কব বলেন—"ইহা তো আমাদিগের সকলেরই সচরাচর ুষ্টিয়া থাকে যে, কোন একটি বিশেষ কথা, কবিতার কোন একটি চরণ, আমরা ভলিরা গিরাছি-কিয়ৎকাল পরে যথন জাতসারে কিয়া ইচ্ছাপুর্বক তাহা আর খু জিতে চেষ্টা না করি, তখন হঠাৎ এক সময়ে আমাদের ম্বরণে আইসে। আমরা প্রথমে হয়তো তাহাদিগকে মনে আনিবার জন্ত অত্যক্ত ব্যস্ত হই, কিন্তু কিছুতেই মনে আনিতে পারি না; মাথা খোঁডাখ'ডি করিরাও যখন তাহাতে ক্লতকার্য্য হই না, বধন আমরা अञ्च विषय मानानित्न कति, कारम यथन आमारमत ममन मन व्यक्त दिवास निमग्न हत. ज्थन वामता हराए विनम किंक-"मतन পড়েছে—লৈ কথাটি কিছা কবিতার চরণটি এই"। এই প্রকার ঘটনা এত স্ট্রাচর ও স্ক্রেন-পরিচিত বে ক্লামরা এইরূপ অবস্থায় প্রায় विश्वा थाकि - दिंख नाथ, यथन खर्ख जात मत्नारगांग निव ना. ज्यन जानमा जानाव क्यांचे मत्न जानित ।"

কিন্তু এই মানসিক ক্রিয়াট যে সম্পূর্ণরূপে জ্ঞান-বহিভূতি, তাহা **ब**रे मुद्रोरक मध्यमां रम्न ना। ध्ययमञः बक्ता क्या হইতেছে না বলিয়া মনে উদ্বেগ উপস্থিত হইলে, তাহা শীঘ্ৰ স্মার্মণ আইসে না। অনুষলের নিয়মামুসারেই আমাদিগের স্থারণ-জিয়া সম্পাদিত হয়-একটি কোন কথার স্থার ধরিয়া, আর-একটি কোন कथा आंभारतत भरन छेनत्र हत्र। यथन आंभत्र। रकांन कथा भरन করিবার জন্ম বাস্ত হই, তথন আমাদের মন বিক্ষিপ্ত হইয়া পড়ে বলিয়াই যথার্থ স্তুত্রটি ধরিতে সমর্থ হই না-স্কুতরাং সে কথাটি সে সময় किছতেই মনে আইদে না। यथन আমরা অন্ত বিষয়ে মনোনিবেশ করি, তখন আমাদিগের উদ্বেগ অনেকটা প্রশমিত হয়! কিন্ত অক্স বিষয়ে আমরা বতই মগ্ন হইয়া যাই না কেন, এক-এক বার মুহুর্তের জন্মও পূর্ব্ব-বিষয়ে মন ধাবিত হয়,—এত অল কালের জন্ম যে, পরে তাহা আমাদিগের আর স্থরণ থাকে না; পূর্ব্ব-বিষয়ে মন যে আবার ক্ষণমাত্রও ধাবিত হইরাছিল, তাহা আমাদের আর মনে পড়ে না। আমরা মনে করি, বিনা চেষ্টাতেই বুঝি কথাটা আমাদিগের মনে পড়িল, কিন্তু মনের বাস্ত অবস্থায়, ছই ঘণ্টা ধরিয়া চেষ্টা করিয়া, যে বিশ্বত কথার প্রক্লত স্তাট আমরা ধরিতে পারি নাই, মনের অপেক্ষাক্ষত শাস্ত অবস্থায়, এক সুহুর্ত্তের মধ্যেই আমরা সেই স্ত্রটি ধরিতে পারিলাম এইমাত্র। অতএব এই মানসিক ক্রিয়াটি আমাদিগের অজ্ঞাতসারে হয় কি না, তাহার কোন विभिद्धे खेशांव नाहे।

কিন্ত ইহা অবশ্র স্বীকার করিতে হইবে, আমাদিগের মনে যত প্রকার ব্যাপার উপস্থিত হয়, তাহা কতকটা আমাদিগের আয়ত্তের মধ্যে এবং কডকটা আমাদিগের আয়ত্তের প্রকৃতি পুরুষ উভয়ই বর্তমান। আমাদের মানসিক ক্রিয়া-সকল কডকটা অবশ্রস্তাবী নিয়মামুসারে বন্তবৎ সম্পাদিত হয়—ইহাই প্রকৃতির কার্য্য

এবং কতকটা আমাদিগের ইচ্ছা-ছারা নির্মিত ও চালিত হর—ইহাই
পুরুষের কার্যা। আমাদিগের মনে যত প্রকার ভাব ও চিন্তার উদয় হয়,
তাহার অধিকাংশই একটি বিশেষ নিয়মান্ত্রপারে ইইয়া থাকে। তাহার
নাম "অনুষদ্দের নিয়ম।" বাহা হউক, বদিও ইহা সপ্রমাণ হয় য়ে
Unconscious cerebration বলিয়া কোন ব্যাপারের অন্তিত্ব আছে,
তাহাতেই বা কি ? তাহার সঙ্গে ইহাও তো প্রতিপন্ন ইইতেছে য়ে,
আর একটি জ্ঞান-সাপেক্ষ, ইচ্ছা-সাপেক্ষ মন্তিক্ষিত্রিয়ারও অন্তিত্ব আছে।
এক দিকে বয়, আর এদিকে মল্লের নিয়ন্তা—একদিকে প্রকৃষ্ট আর
একদিকে পুরুষ—একদিকে মন, আর একদিকে আয়া।

কেবল "মস্তিষ্ক ক্রিয়া"-দ্বারা আমাদিগের সমস্ত আভান্তরিক ব্যাপারের ব্যাখ্যা করা যাইতে পারে না। ডাক্রার ফেরিয়ার মঞ্জিফ-ব্যাপারের তন্ত্র তন্ন পরীকা করিয়া যে চরম দিদ্ধান্তে উপনীত হইয়াছেন, তাহা আমরা নিম্নে উদ্ধৃত করিতেছি। "শারীরতত্ত্বের দিকু দিয়া দেখিতে গেলে মস্তিকের এইরূপ ব্যাখ্যা করা যাইতে পারে:--মস্তিদ্ধ কি ?--না গতিকেন্দ্র-ममूर ७ (वांधरकक्त-ममूरश्त अंग्रिन यज्ञ-विराम्ध । मनखरवृत विषय ७ মানসিক ক্রিয়া-এ একই কথা; মানসিক ক্রিয়া-সকলের আলোচনা মনস্তত্ত্বেই অধিকারের মধ্যে আইনে। মানসিক ক্রিয়ার তত্তামুসন্ধান-थ्येगाली, भादीद्रञ्ख्द अञ्चनकान-थ्येगाली श्रेट अञ्च। क्वलमाख শারীরতত্ত্বের অনুসন্ধান-প্রশালী-অনুসারে কোন ক্রমেই অহং-জ্ঞানের. ব্যাখ্যা করা যাইতে পারে না। * * * " মস্তিফ-কোষ-সমূহে ষে সকল আণ্ডিক পরিবর্ত্তন উপস্থিত হয়, সেই সকল পরিবর্ত্তনের অমুরূপ পরিবর্ত্তন কি করিয়া মনন-ক্রিয়াতেও আবার উপস্থিত হয়, তাহা ৰুঝা অ্কঠিন। যথা, নেত্রনিপতিত আলোকের কম্পনে, দৃষ্টি-বোধ-রূপ জ্ঞানের পরিবর্ত্তন কিরুপে সংঘটিত হয়, তাঁহা সিদ্ধান্ত করা অতীব ছরুছ। क्तान हे क्रियाची भरनाभाषा अञ्चल हरेला, मखिक-कांच-भाषा एव न्कन

আণবিক পরিবর্ত্তন উপস্থিত হয়, তাহা হয় তো ঠিক নির্ধন্ন করা য়াইতে পারে, কিন্তু তন্থারা সেই অন্তর্ভব-ব্যাপারের আসল প্রকৃতি-বিষয়ে।আমা-দের কিছুমাত্র আন-বৃদ্ধি হয় না। উহার- মধ্যে একটি—বহিমু খী-(Objective) এবং আর-একটি অন্তর্মুখী (Subjective); বহিমুখী-ব্যাপার-ঘটিত পরিভাষায়, অন্তর্মুখী-ব্যাপার-সকল ঠিক প্রকাশ করা য়াইতে পারে না। আমরা একথা কখন বলিতে পারি না য়ে, একটি আর একটিতে বেমালুম মিশিরা য়ায়। তবে, Laycockএর ভাষায় অন্তর্ভঃ এই পর্যান্ত বলিতে পারি য়ে, মন্তিক ও মন উভয়ই উভয়ের অমুবন্ধী (correlated) কিছা Bain-এর ভাষায় বলিতে পারি য়ে, শারীরিক পরিবর্ত্তন ও মানসিক পরিবর্ত্তন-সকল "ছিমুখী একতার" (double-faced unity) বহিমুখী ও অন্তর্মুখী দিক্ মাত্র।"

স্থা কথা, আত্মা ইন্সিরের প্রান্থ নয় বলিয়াই যে ইহা একেবারে অপরিজ্ঞের জড়বালীদিগের এই মতটি আমর! স্বীকার করিতে পারি না। আত্ম-প্রতারই আত্মার মুখ্য প্রমাণ। অড়বালিগণ বলি দে প্রমাণ প্রান্থ না করেন, তবে তাহাদিগের মনস্কৃত্তির জন্ত বলা বাইতে পারে, চুম্বাকর্ষণ এবং উত্তাপ প্রভৃতি সৃত্ম পদার্থের সন্তা যে প্রকারে সপ্রমাণ হয় না ? চুম্বাকর্ষণ প্রভৃতি পদার্থ ইন্সির-অগ্রান্থ হইলেও অপরিজ্ঞের নহে, আমাদের ইন্সিরগ্রান্থ জড়জগতের উপর ঐ সকল পদার্থ যে ক্রিরা প্রকৃতিত করে, তাহার হারাই ঐ সকল পদার্থের সন্ধা ও গুণ আমরা উপলব্ধি করি। প্রমাণের প্রশালী উভর পক্ষেই সমান। বলি ঐ সকল স্থাপরিক্রের প্রাণ্ড প্রকৃত্তির প্রমাণ প্রান্থ হর, তবে অত্যীক্রির আত্মান প্রান্থ কর্তন্তর প্রমাণ প্রান্থ হর, তবে অত্যীক্রির আত্মান প্রান্থ কর্তন্তর প্রমাণ প্রান্থ হর, তবে অত্যীক্রির আত্মান প্রান্থ কর্তন্তর প্রমাণ হাতে পারে তাহা অবশ্র আন্তান্তর বিষর; ক্রির অমাণ হইতে পারে তাহা অবশ্র আন্তান্তর বিষর; ক্রির জ্বাণীরা বে বলেন, ষেত্রেকু আত্মা ইন্সিরের অগ্রান্ত, ক্রতন্তর ব্যাণ ক্রতনের আত্মান, ক্রতন্তর আত্মান ক্রেক্র অর্থান্ত, ক্রতন্তর ব্যাণ ক্রতনের আত্মান, ক্রতন্তর আত্মান, ক্রতনের আত্মান, ক্রতনের আত্মান, ক্রতনের আত্মান, ক্রতনের ক্রেরের অর্থান্ত, ক্রতনের ক্রির স্থান্তর ক্রান্তর ক্রেরের অর্থান্ত, ক্রতনের ক্রির স্থান্তর ক্রেরের অর্থান্ত, ক্রতনের ক্রির ক্রান্তর ক্রের ক্রির স্থান্তর ক্রান্তর ক্রের আ্রান্তর ক্রতনের ক্রির স্থান্তর ক্রের আত্মান, ক্রতনের ক্রিরার বিষর স্থানিক ক্রির ক্রেরির স্থানিক ক্রতনের ক্রিরার বিষর স্থানিক ক্রের আন্তির ক্রের অর্থান্তর ক্রের ক্রিরার বির্বির স্থানিক ক্রের আন্তির ক্রের আর্থান ক্রির ক্রের আরান্তর ক্রের আরান্তর ক্রের ক্রির ক্রের ক্রির ক্রির

ইন্দ্রিরের বারা উহার অন্তিত্ব আদৌ সপ্রমাণ হইতে পারে না, স্ক্রাং উহা অপরিজ্ঞের ও চিরকাল অপরিজ্ঞের থাকিবে, উহাকে বিজ্ঞান-রাজ্য হইতে বহিন্ধত করা কর্ত্তব্য—এই যে জড়বাদিগণের অন্ধ মত, ইহা আমরা কথনই গ্রাহ্ম করিতে পারি না।

গাঙ্গেয় ব-দ্বীপ ও কলিকাতার ভূতত্ত্ব।

ব-দ্বীপ কাহাকে বলেও কিন্ধপে তাহা সংগঠিত হয় সংক্ষেপে তাহা বিব্ৰুত করিয়া আমরা প্রক্লুত প্রস্তাবে অবতরণ করিব।

সমুদ্র কিম্বা হ্রদে প্রবেশ করিবার সময়, যথন কোন নদীর স্রোভ কোন প্রকার বাধা প্রাপ্ত হইয়া মন্দীভূত হয়, তথন তৎপ্রবাহিত বালুকা ও কর্দম-রাশি নদীর তলদেশে নিমগ্ন হয়। ক্রমে-ক্রমে এই তলদেশের কিয়দংশ হইতে নদীর উপরিভাগ-পর্যান্ত বালুকা ও কর্দমে ভরাট হইয়া গিয়া মূল-স্রোত্ত্বিনীর উভয় পার্বে, বিস্তৃত সমতল জ্বলা-ভূমি-সকল গঠিত করে। জলপ্লাবনের সময়, এই সকল ভূমি কর্দমময় জলে প্লাবিত হওয়ায়, মৃত্তিকা কিম্বা বালুকার একটি স্থন্ম আবরণ তাহার উপর সঞ্চিত হয়, এবং এটরপে ক্রমশঃ সঞ্চিত হইয়া, অল্লে আল্লে নদীর সাধারণ সমতলকে ছাড়াইয়া উঠে, এবং ঐ সকল ভূমির মধা-দিয়া ঐ নদীর অসংখ্য শাখা প্রশাখা বিস্তৃত হয়। ক্রমে এই সকল সম-তল জলাভূমির উপর নানাবিধ উদ্ভিদ উৎপন্ন হয়; ক্রমে জীব-জন্তবাও সেখানে আহার ও আশ্রয় লাভ করে; এইরূপে, নদীর ক্রিয়া-প্রভাবে একটি নূতন রাজ্য স্পষ্ট হয়। নদী-সংগঠিত এই সমতল-ভূমিকে ইংগ্নাজি ভাষায় Delta বলে। নীল-নদী-সংগঠিত এই প্রকার ভূমির আকার, প্রাক-ভাষার Delta অক্ষরের ন্তার প্রাচীন গ্রীকদিগের নিকট প্রতীরমান হওয়ার, তাহারাই প্রথম উহার Delta নাম দেয়। এই Delta অক্ষরের সঙ্গে আমাদিগের বাঙ্গালা ব-অক্ষরের সাদৃশ্য থাকার Deltaর অমুবাদে ব-দীপ আমাদের ভাষার ব্যবস্থুত হইতে আরম্ভ रहेंग्रोडि । नमी-मूर्थ मृजिका मक्षित्र हहेंग्रा य मकल स्त्री उर्शन हन, সাধারণতঃ তাহাদের আকার প্রায় ব-অক্ষরের মত, কারণ এই সমভূমি

ব-দ্বীপশুলি প্রথমে সংকীর্ণভাবে আরম্ভ হয়; পরে সমুদ্রের দিকে ষতই অগ্রসর হয় ততই বিস্তৃত আকার ধারণ করে।

সাধারণতঃ ব-ছাপ কিরুপে উৎপন্ন হয় তাহা বলা হইল. এক্ষণে গালের ব-ছাপের বুত্তান্ত সংক্ষেপে বিবৃত করা যাক। বঙ্গদেশের অধিকাংশই যে এই প্রকার গন্ধা ও ব্রহ্মপুত্র নদীর স্রোভোগতিতে উৎপন্ন হইরাছে, তাহাতে আর সন্দেহ নাই, এবং এই জন্মই বঙ্গদেশ অসাধারণ উর্ব্বিতা লাভ করিয়াছে। ব-দীপের বেথান হইতে প্রথম স্ত্রপাত হর, তাহাকে ব-দ্বীপের স্ত্রস্থান কহে। বঙ্গদেশীয় মহা ব-দ্বীপের তুইটি স্ত্রস্থান আছে, সমুদ্র হইতে উভয়ই প্রায় সমদুর। প্রথমটি গঙ্গানদী-সমুৎপন্ন;--রাজমহলের ১৫ ক্রোশ নিম্নে তাহার আরম্ভ এবং তাহা সমুদ্র হইতে ১০৮ ক্রোশ দুরে। দ্বিতীয়টি ব্রহ্মপুত্র-সমুদ্ধত,—চিরা-পঞ্জীর নিম্নদেশ হইতে তাহার আরম্ভ, এবং বঙ্গ-উপদাগর হইতে ১১২ কোশ पूरत । यथन नमोत कल निम्न थारक, उथन ममुख्यत खांगात ব-দ্বীপের স্ত্রন্থান পর্যান্ত বিস্তৃত হয়। কিন্তু যথন বর্ধাকালীন বৃষ্টিজ্বলে নদা সকল ফাঁপিয়া উঠে, তথন তাহাদের জ্বরাশি ও স্রোতোবেগ সমুদ্রের স্রোতকে বাধা দেয়, এই জন্ত সমুদ্রের নিকটবন্ত্রী স্থান-ব্যতীত জোয়ারের স্রোত তখন আর বড় অনুভব করা যায় না। অতএব এই সময়ে ব-দ্বাপে সমুদ্রের গতিক্রিয়া, নদীর গতি-ক্রিয়ার অধীন হইয়া পড়ে, স্থতরাং নদার কার্য্যে স্মতি অল্লই ব্যাঘাত দিতে সমর্থ হয়। এই বার্ষিক ৰুলপ্লাবনকালেই ব-দ্বাপ উচ্চতা ও বিস্তৃতিতে অত্যন্ত বৃদ্ধি লাভ করে। বৎসরের অন্ত সময়ে আবার সমুদ্র স্বায় স্রোতোবেগে জল-পথ-সকল খনন করিয়া এবং কখন-কখন উর্বর পলি-গঠিত ক্ষেত্র-সকল গ্রাস করিয়া ভাহার প্রতিশোধ লইয়া থাকে।

Major Colebrooke তাঁহার গঙ্গানদীর স্রোতোগতিবিষয়ক বিবরণে বলেন :—উক্ত নদীর কত শাখাপ্রশাথা ভরাট হইয়া গিয়াছে ও

কত বর্গকোশ-পরিমাণ ভূমি অক্সকাল মধ্যে অপসারিত ইইয়া নৃতন बन्धनानी-नकन श्राप्त श्रेषाक, जितित आफरी। इटेंटि इत्। তিনি বলেন একস্থানে ৪০ বর্গমাইল মৃত্তিকা করেক বৎসরের মর্বে অপ্যারিত হয়। একজন মহুব্যের জীবনকাল অপেকাও কম সমরে, গঙ্গা ও ব্রহ্মপুত্র-নদীর শাখা-প্রশাখার মধ্যে, কত বড় বড় দীপ স্ট হইরা থাকে। ইহাতেই বুঝা যার বে, কত রাশি-রাশি মুদ্ভিকা উল্জ नमीष्ट्रात थ्रवाहिक हत्र। देशंत्र मध्या, नमीत वैक्कित क्लाप वानुहत्त পড়িয়া কতকগুলি ক্রোশ-ব্যাপী দ্বাপ স্বষ্ট হয়; তৎপরে কোন-কোন স্থলে শ্রোতের গতি ফিরিয়া যাওয়ায়, সেই চরগুলির চারিদিকে জল জমিয়া উহা ৰীপাকারে পরিণত হয়। নদীর তলদেশে কোন প্রকার প্রতিবন্ধক থাকা-প্রযুক্ত আর কতকগুলি দ্বীপ উদ্ভূত হয়। একটা বৃহৎ বৃক্ষ কিন্তা কোন বাত্যাহত নৌকা জলগর্ত্তে থাকায়, নদীর স্রোত আটকিয়া গিয়া वानुतामि जनामा थि जित्र। পড़ে, এবং এই वानुतानि स्रिया नमौत অনেকটা অংশ ভরাট করিয়া দের। এই সমর সমস্ত নদীর তলদেশ সমানরূপে পুরণ করিবার জন্ম নদীর প্রত্যেক দিকের তট ভাঙ্গিতে আরম্ভ रत, এবং প্রত্যেক বার্ষিক জলপ্লাবনের সময়ে, আবার নৃতন মৃত্তিকারাশি সঞ্চিত হইরা, এই সকল দ্বীপ পরে আরও বর্দ্ধিত হয়।

রেণেল বলেন, লক্ষাপুরের নিম্নে গঙ্গা ও মেখনা নদীর সঙ্গম-মৃথেপ কতকগুলি দ্বীপ আছে,—বাহা উর্ব্যরতা ও আয়তনে ওয়াইট-দ্বীপের সমকক্ষ। এই নদীর কোন-কোন অংশে ন্তন দ্বীপ সকল সংগঠিত ইইতেছে, এবং অপরাংশে আবার পুরাতন দ্বীপ সকল ধ্বংস ইইয়া সাইতেছে। এই সকল নৃতন দ্বীপ, শীঘ্রই কুশ-কাশ এবং অক্সান্ত ভূগগুলে আফাদিত ইইয়া হুর্গম অরণো পরিণত হয়, এবং ব্যান্ত-গণ্ডার মহিব-হর্মিণ এবং অক্সান্ত বন্ধ পার্বা আর্থা কিন্তা বন্ধ পার্বা আর্থা কিন্তা বন্ধ পার্বা আর্থা কিন্তা বন্ধ পার্বা ক্ষম ও উদ্ভিজ্জর দেহাবশের কথন-কথন নদীর স্লোভে নিন্ধিত হউন্ধার

ব-বীপ-প্রেদেশে যে মৃত্তিকা থিতিরা পড়ে, তন্মধ্যে সেই সকল দেহাবশেষ
সমাবদ্ধ দেখিতে পাওরা রায়। কখন কখন এরূপ ঘটিয়া থাকে,—যে
সমূরে বার্ষিক জলপ্পাবনের চূড়ান্ত প্রকোপ, সেই সমর প্রবল রাটকা
উথিত হয়, এবং তৎসঙ্গে সমৃদ্রের প্রবল প্রোতের প্রান্নর্ভাব হয়; এই
উভর এক বোগে সন্মিলিত হইয়া নদার নিমবহমান স্রোভকে কখন
কখন ঠেলিয়া রাখে, এবং এই কারণে ভয়ানক সর্বস্ঞাসী জলপ্পাবনসকল সংঘটিত হয়। সামৃদ্রিক ব-বীপ মাত্রেরই অধিবাসীগণ বিশেষক্রপে
এই প্রকার হর্ষটনার আয়য়্রাধান, এবং ইহা এক প্রকার নিশ্তিতক্রপে বলা যাইতে পারে, যে অরধি মহুষ্যের বসতি হইয়াছে সেই
অরধি এই প্রকার শোচনীয় হ্র্মটনা গাঙ্কেয় ব-বীপে বার্ম্বার সংঘটিত
হইয়াছে।

এই কারণবশতঃ, ১৭৬৩ খৃষ্টাব্দে লক্ষ্মীপুরে, নদীর জ্বলাসচরাচর সমতল হইতে ৬ ফীট উর্ব্ধে উল্লিভ হইরা, পশু মহুব্য খুরবড়ৌর সহিত সমস্ত একটি প্রদেশকে একবার ভাসাইরা লইয়া বায়।

বে মুদ্ভিকারাশি, গঙ্গা ও ব্রহ্মপুত্রের জলে আটক থাকিতে দেখা যার, তাহা পরিমাণে পৃথিবীর আর সকল নদীর অপেক্ষা অধিক। তাহার কারণ, প্রথমতঃ তাহাদিগের শাখা-সকল উচ্চতম পর্বাত হইতে প্রবাহিতে এবং বেরূপ রাইন-নদী কন্দ্টান্দ্ নামক ছদে ও সোন-নদ জেনিবা-ছদে পড়িরা পরিন্ধত হয়, ইহাদের সেরূপ পরিন্ধত হইবার কোন উপার নাই। দিতীরতঃ উক্ত নদীঘর মিসিসিপি প্রভৃত্তি নদী আপেক্ষা বিষুব্-রেখার অধিক নিক্টবর্ত্তী। এতদ্বাতীত হিমালরের যে প্রথম পর্বাত-শ্রেণী ভারতবর্ষের সমভ্নি-হইতে উথিত হইরাছে তাহার দক্ষিণ ধারে অভ্যন্ত বৃষ্টি হয়।

্ব-বীপের প্রান্তদেশ হইতে বন্ধ-উপদাগরে ৫০ জোশ পর্যান্ত ব্যক্তি অপ্রদার হওয়া বার, ততই কারে অরে এই উপদাগরের গভীরতা ৪০ হইতে ৬০ বাউ বৃদ্ধি হইতে দেখা যায়। কোন কোন স্থলে ৭০ কিছা ১০০ বাউ পৰ্যাস্ত গভীর।

কিন্তু এই সমতল-নিয়মের একটি বিশেষ ব্যতিক্রেম দেখিতে পাওয়া যার। ব-দ্বাপের মধ্যদেশের সমূথে, উপকূল হইতে ১৫ কিন্তা ২০ ক্রোশ দ্রে, একটি সাম্ক্রিক থাত আছে—তাহার নাম "অতলম্পর্ন"; তাহার পরিসর ৭॥ ক্রোশ। সেথানে ১৮০ হইতে ৩০০ বাঁউ পর্যান্ত তলমান-যন্ত্র ফেলিরাও তাহার তল পাওয়া যায় নাই। উপকূলস্থ চড়ার ৫ মাইল ব্যবধান হইতে ঐ থাদের চালু আরম্ভ হইয়াছে; নদীর কর্দম-ভারাক্রান্ত জল যে ভধু ইহার উপর দিয়া সর্বাদাই প্রবাহিত হয় এরপ নহে, কিন্তু বাণিজ্য-বায়ু-প্রবাহ কালে, কর্দ্ম ও বালুকা-ভার বহন করত সমৃত্র আবার-ব-দ্বীপ-ছভিমুথে প্রধাবিত হয়; এইরপ অবস্থায় এই অতলম্পর্শ খাত-কির্পে যে উৎপন্ন হইল ইহাই স্বাশ্র্যা।

যথন উপসাগরের আর ৪০ ক্রোশ পর্যান্ত কর্দন-রাশি বিস্তৃত বলিরা জানা আছে—তথন এই অতলম্পর্শে বে অত্যন্ত-গাঢ় কর্দন-রাশি সঞ্চিত হইরাছিল তাহাতে সন্দেহ নাই। ইহা হইতে এই সিদ্ধান্তে উপনীত হওরা বার বে, হর বন্ধীর উপসাগরের এই অংশের আদিম গভীরতা অত্যন্ত অধিক ছিল, নর ইদানীন্তম কালে, মধ্যে মধ্যে ভূমি বসিরা গিরা এইরূপ ঘটনা হইরাছে। এই শেষোক্ত অনুমানটি অধিকতর সম্ভব বলিরা বোধ হর। বেহেতু ব-বীপের সংগঠনকালে, কলিকাতার নিকটন্ত ব-বীপ যে বসিরা যাইতেছিল তাহার নিশ্চিত প্রমাণ পাওয়া গিরাছে। অধিকন্ত, পুরাকালে ভূমিকম্প-প্রভাবে বঙ্গদেশের কিয়দংশ এবং চট্টগ্রামের পার্ম্ববর্ত্তী উপক্লের অনেকাংশ যে বসিরা বার, তাহাতে সন্দেহ নাই।

Fergusson-সাহেব অত্মান করেন, ঐ অতলম্পর্লে ১৮০০ ফীট পর্বাস্ত তলমান-যন্ত্র নিংক্ষেপ করিয়াও তল পাওয়া যায় নাই; উহা আর কিছুই নর—উহা একটি-জল-পথ মাত্র,—সামৃত্রিক স্রোতের প্রবল বেগে প্রস্তুত হইরাছে, কিছা স্রোতোবেগে ঐ স্থানে কোন মৃত্তিকারাশি সঞ্চিত হইতে পারে নাই।

এই প্রকার অন্থান সপ্রমাণ করিবার জন্ম তিনি উল্লেখ করেন কে, গলা নদীর জোরারকালে স্রোচ্চের গতি ঘূর্ণায়মান দৃষ্ট হয়। কিন্তু ভূতত্ত্ববিৎ লায়েল সাহেব বলেন—যদি Fergusson সাহেব ঠিক করিয়া বলিতে পারিতেন যে, সেই গজির বেগ-পরিমাণ কিরূপ, তাহা হইলে সেই বেগ-প্রভাবে এরূপ অতলম্পর্শ থাত প্রস্তুত হইতে পারে কি না অন্থান করা বাইতে পারিত। লায়েল সাহেব বলেন তাঁহার মতে এই অন্থানটি আরও সহল্প যে, পূর্ম হইতেই ২০০০ ফিট কিল্পা ততােধিক গভীর একটি সামৃদ্রিক থাত বর্ত্তমান ছিল—দেইটি হয়তাে বল্প-উপসাগ্রের আদিম আধার-স্থানের একটি অংশ মাত্র। গলা ও ব্রহ্মপুত্র এই ছই বৃহৎ-নদী, বল্পীয় উপসাগরের এই গভীর ও মধ্যবর্ত্তী অংশটিতে পৌছিবার পূর্মেই, সামৃদ্রিক স্লোতের সহিত মিলিত হওয়ায়, তাহাদিগের স্লোভ মন্দীভূত হইয়া যায়, এবং তৎপ্রযুক্তই তাহাদিগের কর্দম সেই স্থানেই থিতিয়া পড়ে; স্ক্তরাং "অতলম্পর্শ থাত" পর্যান্ত সেই কর্দম প্রবাহিত হইয়া ঐ স্থানটিকে ভরাট করিতে অবসর পায় নাই।

গঙ্গা ও ব্রহ্মপুত্র নদীগত ব-দ্বীপের কোন অংশে, কিম্বা সমুদ্রের ২০০ ক্রোশ অপেক্ষা কম নিকটে, কর্করের ন্থার কোন স্কুল পদার্গ প্রাপ্ত হওরা যার না। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, কলিকাতা-সমীপস্থ ফোর্ট উইলিরামে ১৮০৫।১৮৪০ খুটান্দে যে কৃপ খনন করা হইরাছিল, তাহাতে ১২০ ফীট নিয়ে কর্দমের সহিত উপলখণ্ড বাহির হয়। কলিকাতার সমতলভূমির ৪৮১ ফীট-পর্যান্ত নীচে খনন হইরাছিল এবং তংকালে তত্রস্থ ভূত্র-সম্বন্ধীয় যে অবস্থা প্রাকাশ পার, তাহাও লিপিবছ করা হইরাছিল। ভাহাতে দেখা যার, কলিকাতার উপরকার মাটির প্রায়

১০ ফীট নীচে, প্রায় ৪০ ফীট পুরু একপ্রকার নীল মৃত্তিকা ছিল; তাহার নীচে বেলেমাটি, এই বেলেমাটির অব্যবহিত নিম্নে জীর্ণ উদ্ভিদ-রালি, এবং তরিয়ে ২ ফীট পুরু ক্ষুষ্ণবর্ণ জীর্ণ উদ্ভিদে একপ্রকার মৃত্তিকাল্ডর অবস্থিত। পোর্টল্যাণ্ডের "জন্ধাল-স্তরের" (Dirt-bed) স্থার, এই জার্ণ উদ্ভিদের মৃত্তিকারালি দেখিরা এইরূপ অসুমান হয়, উহা স্থল্পরবনের কোন প্রাচীন ভূখণ্ডের স্থশ্পন্ত নিদর্শন। রক্তবর্ণ কার্চের গুঁড়ি ও শাখা-প্রশাখা-সকল এই মৃত্তিকান্তরের উপরে এবং অব্যবহিত নীচে, এরপ অবিকৃতভাবে ছিল যে তদ্ধন্তৈ Dr. Wallich স্থান্থির কাঠ বলিয়া স্পষ্ট চিনিতে পারিয়াছিলেন। Dr. Falconer বলেন, কলিকাতার চতুর্দ্দিকস্থ অক্তান্ত স্থানেও ৯ কিম্বা ২৫ ফীট নিম্নে এই প্রকার মৃত্তিকা-স্তর আরও দেখিতে পাওয়া গিয়াছে।

ইহাতেই প্রতীয়মান হয় যে, এই প্রাদেশে প্রথমে যে ভূমি ছিল, তাহা অন্যন ৭০ ফীট বিদিয়া গিয়াছে; কারণ, সমুদ্রের সমতল হইতে কলিকাতা কতিপয় ফীট মাত্র উচ্চ, এবং এই সকল উদ্ভিদ-ক্ষতি মৃত্তিকা-ন্তর থাকাতেই বোধ হয় এই ভূমি ক্রমশঃ অল্লে অল্লে বিদিয়া গিয়াছে।

এই উদ্ভিদ-ন্তরের নিমে, ১০ ফাট পুরু ঈবৎ হরিদ্রা-বর্ণের আর একটি
সৃত্তিকা-ন্তর প্রাপ্ত হওয়া যায়, তন্মণো বিস্তর কর্করের ন্তবক দৃষ্ট হয়।
এই কর্করমধ্যে কিরদংশ অতি অরদিনের বলিয়া বোধ হয়; সাহারণ-পুরের নিকট নদীপ্লাবনে যে কর্কর সঞ্চিত হইয়াছিল, তাহা হইতেই
ইহার উৎপত্তি। তৎপরে ১২০ ফীট নিমে প্রবেশ করিয়া কোমল
সৃত্তিকা পাওয়া বায়, তাহাতে অত্র, শ্লেট, এবং অফ্লাম্ভ প্রস্তরের জীর্ণ
অংশ সক্ষল দৃষ্ট হয়; দে সকল অংশ গলার প্রোতে প্রবাহিত হইয়া দে
হানে আসিবার কোনই সন্তাবনা নাই। এই সমস্ত স্তরে কোন মুক্ত সামু-

গিয়াছিল সমন্তই নদী-জাত ও স্থলজাত জীবের দেহাবশেষ। তাহার পর

০ ফীট নিয়ে আর একটি জীণ উদ্ভিদ-স্তরের উপর কর্দম-স্থর সিয়িবেশিত।
ইহাতে এইরপ বুঝা যার, আবার কিরৎকালের জন্ম একটি বিরামকাল
উপস্থিত হইরা, ঐ অরণাচ্ছাদিত ভূমি ৩০০ ফীট বিরামকাল
ইহাতে অনেকে অনুমান করেন যে, উপরি-উক্ত অধোগত ভূমিখণ্ডের
উপর রখন বুজাদি ছিল, তখন এখনকার অপেক্ষা বলভূমির আয়তন
সমুদ্রের দিকে অধিক বিস্তৃত ছিল সন্দেহ নাই; এবং ইদানীস্কন কালে
গলার স্রোতঃ-ক্রিরা-প্রভাবে ব-দ্বীপের আয়তন যাহা কিছু বৃদ্ধি হইতেছে
তাহা আসলে বৃদ্ধি নয়—সমুদ্ধ-অপন্তত ভূমি গলাদেবী অরে অরে পুনরুদ্ধার
করিতেছেন এই মাত্র। তৎপরে, ৪০০ ফীট নিয় স্তর-সন্ধিবেশে একটি
আকস্মিকপ্রাক্তিক পরিবর্ত্তন লক্ষিত হয়—এই স্থানের স্থরটা বালুকা ও
স্থুল উপল্থতে নির্ম্মিত। তাহার পর, খনন-যন্ত্রে কোন দৈব-ব্যাদাত
উপস্থিত হওয়ার, খনন-ক্রিয়া এই খানেই স্থগিত হয়।

১২০ এবং ৪০০ ফাট নিমে উপলথগু দৃষ্ট হওয়ায় এইরপ বুঝাইতেছে
যে, ঐ সময়ে কলিকাতার নিকটস্থ কিম্বা চতুঃপার্শন্থ স্থানের ভৌগোলিক
অবস্থায় একটি গুরুতর পরিবর্ত্তন উপস্থিত হইয়াছিল। নদী-প্রপাত কিম্বা
পলিময় ভূক্ষেত্রের সাধারণ ঢালু হয় তো পূর্ব্বে অধিক মাত্রায় ছিল,
কিম্বা ভূমির সাধারণ অধোগমনের পূর্বে যে সকল কৃত্ত পর্বত,
ব-ম্বাপের বর্ত্তমান তল-প্রেদেশের নিকটতর স্থানে ছিল, তাহারা হয়তা
করেক শত ফাট উর্দ্ধে উথিত হইয়া, বঙ্গ-উপসাগরে দ্বীপাকারে পরিণত
হয়, এবং সেই সকল দ্বীপ হয়তো ক্রমে বসিয়া গিয়া, নদীগত সঞ্চিত
কর্দ্দমন্যধ্যে নিময় হইয়া যায়।

গন্ধা ও ব্রহ্মপুত্রের প্রোতে, প্রতি বৎসর গড়ে কত পরিমাণ মৃত্তিকা প্রবাহিত হইয়া সমুদ্রে গিয়া পতিত হর, তাহা যদি পরীকা করিয়া কিরৎ-পরিমাণে নিরূপণ করা যায়, ভাহা হইলে এই গালের ব-মাপ কত দিনে নির্ম্মিত হইরাছে, তাহার কিঞ্চিৎ আভাস পাওরা যাইতে পারে। গন্ধার লোতে কত পরিমাণ মৃত্তিকা আনীত হয়, সে বিষয়ে Rev. Mr. Everest ১৮০১।২ খৃষ্টাব্দে, সমৃদ্র হইতে ২৫০ ক্রোশ দুরে, গান্ধিপুর নগরে পরীক্ষা-পরস্পর। প্রবর্তিত করিয়াছিলেন। তিনি দেখিয়াছিলেন বে তাহার পরিমাণ—

গড়ে প্রার ৫০০,০০০ ঘনফীট জ্বলরাশি, বর্ষাকালের ছয় মাস, এবং ৫৫,০০০ ফীট জ্বলরাশি বাকি ৮ মাস, প্রতি সেকেণ্ডে প্রবাহিত হয়। এবং এক বৎসরের মৃত্তিকা-সমষ্টি ৬,৩৬৪,০৭৭,৪৪০ ঘনফীট।

এই মৃত্তিকারাশি, এক বৎসর কাল মধ্যে ১১৪ট বর্গ ক্রোশ পরিমাণ ভূমি উঠাইতে সমর্থ।

একণে দেখা বার, ১২ই ঘনফীট প্রাানীট-প্রস্তর ওজনে এক টন্; এবং ইহাও গণনার নিরূপিত হইরাছে যে, মিশর দেশের বৃহৎ পীরামিড্ যদি নীরেট্ গ্র্যানীট-প্রস্তর হইত, তাহা হইলে তাহা ওজনে ৬,০০০,০০০ টন্ হইত সন্দেহ নাই। অতএব, এই গণনামুসারে প্রতি বৎসরে গঙ্গায় যে কর্দমরাশি প্রবাহিত হয় তাহা ওজনে ও আয়তনে ৪২টা পীরামিড্ অপেক্ষাও অধিক এবং বর্ষাকালে ৪ মাসে যে কর্দমরাশি প্রবাহিত হয় ভাহার পরিমাণ ৪০টা পীরামিডের সমান হইবে।

মিশরদেশের বৃহৎ পীরামিডের তলদেশের আয়তন ১১ acres এবং ইহার থাড়াই উচ্চতা প্রায় ৫০০ ফীট। অতএব গঙ্গা নদীতে শাস্ত ভাবে ও অলক্ষিতভাবে কি প্রকাশু ব্যাপার চলিতেছে, তাহা এই পীরামিডের সহিত তুলনা করিয়া দেখিলেই ক্রনার কিয়ৎপরিমাণে ধারণা করা যাইতে পারে।

১৬৬৯ খুষ্টাব্দে এট্না নামক আগ্নের-গিরি হইতে যত ধাতুপিও নিঃদারিত হর, তত অধিক পরিমাণে ঐতিহাদিক কাল মধ্যে আর কথনই নিঃস্ত হর নাই। Ferrara গণনা করিয়া দেখিয়াছেন যে এট্না হইতে ঐ কালে ১৪০,০০০,০০০ ঘনগন্ধ পরিমাণ ধাড়ু-নিঃস্ত হইয়াছিল, এই হিসাব অন্ধসারে গান্ধিপুর দিয়া, প্রতি বৎসরে গঙ্গা নদীতে বে কর্দ্দমরাশি প্রবাহিত হয়, ভাহার পঞ্চম অংশের এক অংশের সমান হয় না; স্কৃতরাং পরিমাণে ইহার সমান হইতে গেলে, এট্না গিরির এইরূপ ৫টা অগ্যুৎপাত বা মহাধাতু-নিঃস্রব আবশ্রক হয়।

পণ্ডিতবর Lyell বলেন, বঙ্গ-উপদাগরে এক বৎসরে যে কর্দমরাশি প্রবাহিত হয় তাহার পরিমাণ ৪০,০০০,০০০ ঘনফীট কিম্বা গাজিপুরের কৰ্দম-প্ৰবাহ অপেক্ষা প্ৰায় ৬'৭ গুণ অণিক। Colonel Strachey গণনা করিয়া বলেন, বঙ্গীয় বদ্বীপের যতথানি অংশ প্রতি বৎসর প্লাবিত হয় তাহা দীর্ঘে ১২৫ ক্রোশ এবং প্রস্তে ৪০ ক্রোশ—সর্বশুদ্ধ আয়তনে ১০,০০০ বর্গ ক্রোশ। ইহার দক্ষিণে, উপদাগর-মধ্যে যতথানি স্থান ব্যাপিয়া কর্দ্দ প্রক্রিপ্ত হয় তাহার আয়তন ২২,৫০০ বর্গ কোশ-এই ছুইটি অঙ্ক যোগ করিলে ৩২,৫০০ বর্গ ক্রোশ প্রাপ্ত হওয়া যায়। অতএব এই ৩২,৫০০ বর্গ ক্রোশ স্থান ব্যাপিয়া উক্ত মহা-নদীদ্বরের কর্দমরাশি প্রদারিত হয়। মনে কর যদি এই কর্দমরাশির নিরেট অংশ ৪০০.০০০ ঘনফীট হয়, তাহা হইলে এই সমস্ত ভূমির মায়তন একফুট উর্চ্চে উঠাইবার জন্ম-৪৫% বৎসর কাল, কিম্বা ৩০০ ফীট ভূমি উঠাইবার জ্জা ১৩,৬০০ ৰৎসর ক্রমাগত মৃত্তিকা-সঞ্চয় করা আবশুক। কিন্ত ইতিপুর্বে আমরা দেখিয়াছি যে, কলিকাতায় নদীস্তর ষতদুর পর্যাস্ত বাস্তবিক খনন করা হইয়াছিল তাহার গভীরতা ৩০০ ফীট অপেক্ষা ज्ञतिक जिथक।

যাহা হউক, এই বদ্বীপ ভবিষ্যতে কি পরিমাণে অগ্রসর হইবে, তাহা কথনই উপরোক্ত তথ্যগুলি হইতে নিরূপণ করা যায় না—এবং এই সমস্ত ভূমি সমস্ভাবে থাকিবে কিম্বা কালে সমুদ্রের স্থান অধিকার করিবে তাহাও নিশ্চিতরূপে বলা যায় না। ইদানীস্থন ভূত্যবিৎ পণ্ডিতগণের

প্রাবেক্ষণে এই আশ্চর্যা সভাট প্রকাশ পাইয়াছে যে, দক্ষিণ আমে-রিকার পশ্চিম উপকৃল, Scandinavia দেশ এবং প্রশাস্ত সমুদ্রের দ্বীপপুঞ্জ যেরূপ একদিকে ধীরে ধীরে অলক্ষিতভাবে উন্নত হইতেছে— সেইরপ পক্ষাস্তরে গ্রীন্ল্যাণ্ড প্রভৃতি অন্তান্ত দেশ ক্রমশঃ অধোগত হইতেছে। গ্রীনলাণ্ডের ক্সায় যদি আমাদের এই প্রদেশেও অধোগতি-ক্রিয়া চলিতে থাকে, তাহা হইলে ১৩,০০০ বৎসর পরে বঙ্গ-উপসাগর এখনকার অপেক্ষা গভীর হইলেও হইতে পারে। Lyell বলেন, যদি প্রতি শতাব্দীতে বঙ্গীয় বদ্বীপ ২ ফীট ও ইঞ্চ করিয়া বসিয়া যায়—(এত অল্ল পরিমাণ যে বঙ্গবাসীরা তাহা উপলব্ধি করিতেও পারিবে না)—তাহা হইলে উক্ত মহা-নদীদ্বয় তদীয় বদ্বীপের সীমা-পরিবর্দ্ধনের যতই চেষ্টা করুক না কেন, ঐ পরিমাণ ভূমি বদিয়া গিয়া উহার ষথেষ্ট প্রতিবিধান করিবে সন্দেহ নাই। এই বঙ্গীয় ব-দ্বীপে. नमीत मृखिका-वारनमंकि जालका, ज्ञात जार्यातमत्रान विद्यांधी मंकि ষে অধিকতর প্রবল, "অতলম্পর্শের" অন্তিছেই তাহার নিদর্শন, এবং কলিকাতার খনন-ক্রিয়াতেও তাহা সপ্রমাণ হইয়াছে। এই জন্মই বঙ্গভূমি উন্নত 'হইতে সমর্থ হয় না, এবং এই জন্তুই বঙ্গউপসাগরের অধিকাংশ স্থান কর্দমরাশিতে পূর্ণ হইতে পারে না। কিন্তু কালে উল্লমন কি অধোগমন—কোন্ শক্তিটি বঙ্গদেশে প্রবল হইবে, তাহা কে বলিতে পারে १

রামিয়াড্

অথবা

ডাক্তার বাল্মীকি এল্ এল্ ডি, এফ্ আর্ সি এস্-কৃত উনবিংশ শতাব্দীয় রামায়ণ।

পুণাতীর্থ তম্পা নদীর তীরে ডাক্তার বাল্মীকির তপোবন। তার-ক্সী কুকুট-কুকুটী বিহঙ্গের। মনের উল্লাসে গান করিতেছে; কোথাও ৰা আশ্রম-মুগ কুকুরগণ স্থথে অস্থি-দুর্ব্বা রোমস্থ করিতেছে। ডাক্তার বাল্মীকি আশ্রম-কুটীরে হোমাগি প্রজালত করিয়া ফায়ার-সাইড অগ্নি-কুণ্ডের পার্ষে ঈজিচেয়ার-বেদীতে হেলান দিয়া ম্যানিলা-পত্তের ধুমপান করিতেছেন; চুরট-প্রাস্ত হইতে ঘন ধূমরাশি কুগুলী পাকাইয়া উর্দ্ধে উথিত হইতেছে, সেই ধুপধুনার পুণা গন্ধে আশ্রম-কুটার আমোদিত। মধ্যে মধ্যে মুনিবর পার্শ্বিতে বোতল-কমগুলু হইতে শ্রাম-পেনের সোম-পান করিতেছেন; এমন সময়ে কুটার-ছারে ঘা পড়িল। মুনি-কুমার মাষ্টার ভর্মাজ, ডাক্রার বাল্মীকির নিকট আসিয়া সমাচার দিল—"রেবরেও মিষ্টর নারদ আদিয়াছেন।" ধ্যানমগ্র বাল্মাকির চটক ভাঙ্গিয়া গেল, অমনি তিনি শশবান্তে উঠিয়া দারদেশে উপস্থিত হইলেন এবং হাইচার্চ-মিসনরি-সোসাইটির পরিব্রাজক-মিসনরি, সঙ্গীতের অধ্যাপক, সহস্র চুরট-ভস্মকারী, গোথাদকদিগের অগ্রগণা, রেবরেণ্ড নারদের সহিত চটুল-ভাবে হস্তালোড়নপূর্বক "কেমন করিতেছ" বলিয়া কুশল-সংবাদ किकाना कतित्तन। नातन छेठत कतित्तन, "नम्पूर्व ভान-धश्रवान তোমাকে।" অতঃপর বালাকি নারদকে আহ্বান-পূর্বক কুটীরের মধ্যে লইয়া গিয়া বদিতে অমুরোধ করিলেন। মহামুনি, ধুচুনি-উষ্ণীৰ মস্তক হইতে অবতারণ পূর্ব্বক চেয়ারে উপবেশন করিলেন, পরে চেয়ারের নিমে

উষ্ণীব স্থাপন করিয়া বলিলেন "বাল্মীকি! তোমায় আজ এত ভাবিত দেখিতেছি কেন ?" বাল্মাকি উত্তর করিলেন, "প্রিয় খুড়া, সতা বলিয়াছ, আমি কিছু ভাবিত আছি; অনেক দিন হইতে আমি মনে করিতেছি একটি মহাকাব্য লিখিব-কে নায়ক হইবার উপযুক্ত তাহাই এতক্ষণ আমি এই অগ্নিকুণ্ডের পার্ষে বসিয়া ধান করিতেছিলাম। বৃদ্ধিকে সতেজ করিবার জন্ম গ্যালন-গ্যালন "খ্রাম্পেন"-সোমপান করিয়াছি তথাপি তাহার কোন সিদ্ধান্ত করিতে পারি নাই। এক্ষণে খুড়া, তুমি কি এত দরালু হইবে যে, ইহার একটা সৎপরামর্শ দিয়া আমাকে বাধিত করিবে ?" স্থবিজ্ঞ নারদ আজাত্মলম্বিত পাকা দাড়ি বুলাইতে বুলাইতে উত্তর कतित्तन-"(पर्थ वाश्र वालोकि । महाकावा, ভाষায় याहादक "এপিক পোরেম" বলে, তাহা অতি ছুত্রহ ব্যাপার, তাহা লেখা তোমার আমার কর্ম নহে। এক-যা লিখিয়াছিলেন মহর্ষি হোমর—তেমন এ পর্যাস্ত পৃথিবীতে আর কেহই লিখিতে পারে নাই —পারিবেও না; তুমি দে ছরাশা পরিত্যাগ কর।" বাল্মীকি বলিলেন "খুড়ো অমন আশীর্কাদ করিও না—মতুষা যাহা করিয়াছে মতুষা তাহা করিতে পারে। হোমর ইলিয়াড লিখিয়াছেন-সামি কি কিছুই লিখিতে পারি না ? হোমর ইলিয়াড লিথিয়াছিলেন, আমি রামিয়াড লিথিব ! আমার ইন্স্পিরেষণ আসি-রাছে, তোমার হার্পটা আমাকে দাও, আমি রামিয়াড গান করি।" এই কথা বলিয়া বাল্মীকি হার্প বাদনপূর্ব্বক গর্দভ-বিনিন্দিত স্থমধুর স্বরে উনবিংশ-শতাস্বীয় রামায়ণ গান আরম্ভ করিলেন। বাল্মীকির স্বহন্ত-পালিত আশ্রম-মুগ কুরুরগণ প্রভু-প্রদাদ গো-অন্থি রোমস্থ করিতেছিল-গীত-মাধুর্য্যে আক্কষ্ট হইয়া নিকটে আগমন পূর্বক ভেউ ভেউ করিয়া চীৎকার করিতে লাগিল। উভয় স্বর মিলিয়া একটি মধুর সদীত-লহরী গগনতলে সমুখিত হইল:-

রাম নামে একজন দোর্দগু-প্রভাপ নরপতি ছিলেন। তাঁহার দেহ

মধামাকার, হকু लिদের ভাষ দৃঢ়-গঠন, নাসিকা রোমীয় ছাঁদের, ওষ্ঠাধর কিঞ্চিৎ চাপা, ইহাতে দৃঢ় প্রতিজ্ঞা স্থৃচিত হইতেছে। তাঁহার কুঞ্চিত कुछन, आवनुष - कार्छ-विनिन्धि अपन ननाटि अनिया পिছ्याट । (वाध হইতেছে যেন বিশাল ওকগাছে আইভি-লতা বেষ্টন করিয়া রহিয়াছে। দেই লোকপৃঞ্জিত রাম গাঞ্জীর্যো নেষ্টরের ফ্রায়, বৈর্যো আল্ল-গিরির স্থায়, সৌন্দর্য্যে ক্যুপিডের ভাষ, ক্ষমায় যীশু খ্রীষ্টের ভাষ, ধনে রথচাইলডের প্রায়, শাস্ত্রজ্ঞানে মোক্ষমুলারের স্থায় অসাধারণ ছিলেন। তিনি রাজ্ঞা দশরথের প্রিদ্দ-অফ্-ওয়েলদ্। একদিন রাম মুগয়ার্থ মিথিলা-সন্ত্রিছিত কোন অরণ্যে খাঁ।কশেয়ালী শীকার করিতে গিয়াছিলেন। তাঁহার পরিচ্ছদ অতি পরিপাটী। নীলাভ উৎকৃষ্ট বনাতের কোট্ও নব্যতম ঢপের চোত্ত পেন্টলুন পরিধান, মন্তকোপরি সোলার **হুটি, পদহ**য়ে শীকারোপযোগী ওয়েলিংটন-বুট আজাত্ম-সমূখিত, এবং উইঙ্কির বোতল্ ও কাট্লেট-সম্বলিত চথাঝুলি চর্মোপরীতে আলম্বিত রহিয়াছে। শিক্ষার নিনাদে, কুরুরের চীৎকারে, শিকারীগণের ভ্রুরে-রবে, অশ্বের ছেষা-ধ্বনিতে কানন-প্রদেশ ধ্বনিত হইতে লাগিল। রামচক্র বল্লম উদ্যুত করিয়া শুগালের পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইয়া, একেবারে কাননের প্রাস্ত-দেশে উপস্থিত হইলেন। শৃগাল দৃষ্টিবহির্ভ হইল। রাম নিরাশ হইরা একটি বুক্ষে ঠেদু দিয়া দাঁড়ইলেন এবং পকেট হইতে রুমাল বাহির করিয়া ঘন-ঘন মুথ পুঁছিতে লাগিলেন। সহসা রমণী-কণ্ঠ-নিঃস্ত কাতর চীৎকার-ধ্বনি তাঁহার কর্ণ-কুহরে প্রবিষ্ট হইল। রাম একজন গ্যালা**ন্ট** লোক, তিনি তৎক্ষণাৎ সেই ধ্বনির অভিমূখে ধাবিত হইলেন।

কিয়দ্ধ র গিয়া দেখিলেন, একটি চন্ধারিংশংবর্ষীয়া-বালিকা মৃচ্ছিতা। রাম অত্যন্ত ব্যাকুল হইলেন, তাঁহার ব্যাগের মধ্যে আদ্রাণ-লবণ-খুঁজি-লেন কিন্তু পাইলেন না। পরে উইন্ধির বোতলে যে মৃতসঞ্জীবনী ঔষধ ছিল তাহার এক ডোজ বালিকাটির মুখে ঢালিয়া দিলেন—দিবামাত্রই সমস্ত শরীর নড়িয়৷ উঠিল—ক্রমে ক্রমে চক্ষ্ উন্মীলিত হইল, চক্ষ্ মেলিতেই সম্ব্রেরামকে দেখিতে পাইলেন—অমনি "O my!" বলিয়া ছই হাতে পুনর্বার চক্ষ্ আচ্ছাদন করিলেন। রাম বলিলেন "ভয় নাই — আমি আপনার রক্ষা হেতু আদিয়াছি। কি জ্বল্ল আপনি ভয় পাইয়াছিলেন জ্বিজ্ঞানা করিতে পারি ? চত্বারিংশবর্ষীয়া বালিকা উত্তর করি-লেন "আমি আরণ্যক দৃশ্রের ক্ষেচ তুলিতেছিলাম, এমন সময়ে আমার গাউনের আঁচল ঘেঁদিয়া মেন একটা জ্বন্ত —বোধ হয় শৃগাল—দৌড়িয়া চলিয়া গেল, তাহা দেখিয়া অমি অতান্ত ভয় পাইয়াছি।

রাম।—হাত দিয়া মুখ ঢাকিয়া আছেন কেন ?

বালিকা।—আমার ভর হইতেছে পাছে আবার শৃগালটা আসে— আমাকে যদি কেউ, এই অরণ্য-পথের রক্ষক হইরা, আমার বাড়ী পর্যাস্ত পৌছাইরা দেন, তবে আমি তাঁহাকে ধক্সবাদ দিই।

রাম : -- তার জন্ম চিস্তা কি ?

এই বলিয়া বালিকাকে উঠাইয়া তাঁহাকে বলিলেন, "আমি কি আপনাকে বাছদান করিতে পারি ?" সীতা বলিলেন, "ধন্তবাদ আপ-নাকে।" রাম হস্ত বাড়াইয়া দিলেন; বালিকা ঈষৎ ব্লষ্ করিয়া তাহা গ্রহণ করিলেন এবং বলিলেন "আপনি যে আমাকে এই মহা বিপদ হইতে উদ্ধার করিলেন তাহার ঋণ আমি কিরূপে পরিশোধ করিব ?"

্রাম।—আমি যে উপকার করিলাম তাহা অতি সামান্ত।

বালিকা।—ওকথা বলিবেন না—আপনার স্থায় বীরপুরুষ উপস্থিত না থাকিলে, নিশ্চয়ই আন্ধ্র শুগালের হন্তে প্রাণ হারাইতাম।

রাম। — আমি থাকিতে আপনার কোন ভর নাই। এক্ষণে পরস্পরের নিকট আর অপরিচিত থাকা কর্ত্তব্য নর। আমার নাম রাম— আপনার নাম-জিজ্ঞাসার স্পর্কা কি মার্জ্জনা করিবেন ?

বালিকা।--আমার নাম মিনু দীতা জনক।

রাম।—ও! আপনি হিছ-ম্যাজেষ্টা জনকের কন্সা ? তিনি খুব একজন এন্লাইটেণ্ড লোক। আমার বলিতে সাহস হইতেছে না— প্রথম দৃষ্টিতেই আপনাকে আমি ভালবাসিয়াছি। এ ভক্ত কিম্বর কি আপনার পাণি গ্রহণের আশা করিতে পারে ?

মীতা।—(দলজ্জ ভাবে) দে পিতা জানেন।

রাম ।—তাঁর কাছে কি আনি প্রস্তাব করিতে পারি ? তিনি সম্মত হইলে আপনার ত কোন আপত্তি থাকিবেনা ? সীতা ব্লষ্ট্র করিয়া নিক্লন্তর হইলেন ।

এইরূপ কথোপকথন করিতে করিতে উভয়ে জনক রাজার প্রাাসাদে পৌছিলেন।

রাম, জনক রাজার নিকট গমনপূর্ব্বক আপনার কুলের পরিচয় দিয়া বলিলেন, "আপনার কস্থার হস্তের নিমিত্ত আমি উমেদার।" জনক রাজা বলিলেন, "অতি উত্তম! কিন্তু আমার একটি বন্দুক-ভঙ্গ পণ আছে, তাহার আমি অস্থা করিতে! পারি না। আমি টাইম্দু-সংবাদপত্রে দেখিয়াছিলাম যে, কোন পর্যাটক আফ্রিকাবাসী গরিনা নামক বীর-চূড়ামণিকে বন্দুক মারিতে যাওয়ায় তিনি তাঁহার বন্দুক কাড়িয়া লইয়া এক মোচড়ে দ্বিখণ্ড করিয়া ভাঙ্গিয়া ফেলিলেন। এইরপ অসাধারণ বীরত্বের বৃত্তান্ত পাঠ করিয়া আমি আর নীরব থাকিতে পারিলাম না। আমি দেশ বিদেশে প্রচার করিলাম, গরিনা-বীরকে আদর্শ মানিয়া, তাঁহার স্থায় যিনি বন্দুক-ভঙ্গ করিতে পারিবেন তাঁহাকে আমি কস্তা-সম্প্রদান করিব।" রাম বলিলেন, "আছে৷, আমি প্রস্তুত্ত আছি।" অমনি একজন তৈয়ার ভূত্য ক্রতগতি একটা মাটিনি-রাইফেল্ আনিয়া রামের সম্মুথে ধরিল। রাম তাহা ছই হস্তে ধরিয়া একটি মোচড়েই কর্ম্ম নিকাশ করিয়া, সদর্পে বুক ফুলাইয়া দাঁড়াইলেন। জনক রাজা এবং তাঁহার পারিষদগণের তাক্ লাগিয়া!গেল। জনক

রাজা আনন্দে পুলকিত হইয়া বলিলেন, "তুমি যেরূপ অসামান্ত বলবীর্যা দেখাইলে, ক্সা-সম্প্রদানের আগে, তাহার উপযুক্ত একটি উপাধি তোমাকে আমি প্রদান করিতে অভিলাষ করি। অনেকের অনেক উপাধি আছে, যথা নর-ব্যান্ত্র, নর-পুক্ষব, নরর্মভ, কিন্তু দে সমস্তই পুরা-তন হইয়া গিয়াছে, আজ হইতে তুমি নর-লোকে নর-গরিল্লা নামে খ্যাত হইবে। এক্ষণে মিদ জনকের সম্মতির কেবল অপেক্ষা, অতএব যাও তাঁহাকে রাজি কর গিয়া। রাম সদাসদাই কোর্টসিপ্ স্থক করিয়া দিলেন। সীতা যদিও চম্বারিংশবর্ষীয়া বালিকা বট নয়, কিন্তু তিনি সকল গুণেট গুণবতী ছিলেন। জনক রাজা একজন এন্লাইটেও লোক।—তিনি বাল্যবিবাহ, বিধবাবিবাহ প্রভৃতি বিষয়ে অনেক অনেক সভায় বক্তৃতা দিতেন। তিনি আপন ক্যাকে বিবিধ বিদা শিক্ষা দিয়াছিলেন। সীতা তাঁহার যত্নে সর্ব্বগুণে বিভূষিতা হইয়াছিলেন। তিনি কার্পেট-বুনানি কার্য্যে অতিশয় নিপুণা ছিলেন। ফরাশীশ্ ভাষায় নবেল পাঠ ক্রিতেন। পদ্ধা এবং ওয়াল্ট্সু ধরণে নাচিতেন। প্যারিস নগরের নব্যতম ফেনিয়ানের গাউন পরিতেন—সহজে ব্লষ্করিতে পারিতেন এবং ইচ্ছা করিলেই মুর্চ্ছা যাইতে পরিতেন। এমন রূপ-গুণে বিভূষিতা চন্ধারিংশ-বৰীয়া বালিকাকে দেখিয়া রাম যে মুগ্ধ হটবেন তাহাতে জার বিচিত্র কি! তিনি শীঘ্রই কোর্ট্ সিপ্ শেষ করিয়া ফেলিলেন এবং বিবাহের পর এক্ষণে তিনি মনের স্থাথে মধুচন্দ্র ভোগ করিতেছেন। ইতি সাত ক্যাণ্টো রামিয়াডের মধ্যে হনি-মুন-নামকোহয়ং প্রথম: ক্যাণ্ট: সমাপ্ত:।

জাপানের বর্ত্তমান উন্নতির মূল-পত্তন।

জাপানের উপর একণে শিক্ষিত ব্যক্তি মাত্রেরই দৃষ্টি পড়িয়াছে। কি করিয়া এত অল্লকালের মধে। জাপানীরা স্বীয় সামাজিক ও রাজ-নৈতিক অবস্থার উন্নতি সাধন করিল ভাবিলে আশ্চর্য্য হইতে হয়। যে উন্নতি এক শত বৎসরের কার্য্য ভাহা তাহারা দশ বৎসরের মধ্যে সাধন করিয়াছে। ১২।১৩ বংসর পূর্ব্বে জাপানে "শোগুন"-আধিপত্য অর্থাৎ সেনাপতিবংশের আধিপতা বলবৎ ছিল। "শোগুনই" দেশের হর্ত্তাকর্ত্তা-বিধাতা ছিলেন। সমাট কেবল সাক্ষী-গোপাল। সমাটের শুমান অক্ষু রাখিয়া শোগুন তার নামে সমস্ত রাজকার্য্য নির্কাহ করি-তেন। ১৬০০ শতাকীতে শোগুন-আধিপতা দুচ্রপে স্থাপিত হয়। জাপানে বরাবর উপরাজ-নাম্তরাজ্বর প্রচলিত ছিল। 'মিকাডো'র অর্থাৎ সম্রাটের অব্যবহিত অধীনে অনেকগুলি সামস্ত রাজা ছিলেন,— তাঁহাদের নাম "ডেমিও।" ইহাঁরাই দেশের অভিজাত-বর্গ; ইহাঁরা স্বাধীনভাবে আপন আপন অধীনত্ব প্রদেশ শাসন করিতেন। এই ডেমিওদিগের অবাবহিত অধীনে "সমরাই।" সংগ্রাম উপস্থিত হইলে ডেমিগুদিগের হইয়া সমরাইগণ যুদ্ধ করিত, এবং এই সামরিক দাদবের বিনিময়ে ইহার৷ ডেমিওদিগের নিকট হইতে জায়গীর প্রাপ্ত হইত। ইহারাই দেশের সামরিক শ্রেণী। ইহারাই দেশের মধ্যবিত্ত শিক্ষিত সম্প্রদার। "সমরাইগণ" আবার তাহাদিগের অমুচরদিগের সহিত নিজ নিজ অধিকারস্থ ভূমি পত্তনি-বন্দোবস্ত করিত। "শেশগুন" যদিও নামতঃ ডেমিও-সম্প্রদায়ের সম-পদবীস্থ, কিন্তু কার্যাতঃ তিনি তাহাদিগের অধিপতি। শোগুনের রাজধানী "বেদো"—বর্ত্তমান "टोक्सिं" नगत ; धरः मञ्जारदेत ताक्यांनी "किरवाटि।" नगरत हिन ।

শোগুন আপনার অনেকগুলি অনুচরকে ডেমিও-পদে অভিষিক্ত করিয়াছিলেন এবং স্বায় অমুগত লোকদিগকে প্রধান প্রধান রাজ-কার্য্যে নিয়োগ করিতেন। তাঁহার যথেচছাচারী প্রভুত্ব ছিল। "ঘোসিউ" সামন্ত-রাজের অধিকারে ১০টা প্রদেশ ছিল, শোগুন তাহার মধ্যে ৮টা প্রদেশ নিজ অধিকারভুক্ত করিয়াছিলেন। "সাৎস্কমা" সামস্করাজের অধিকারে ৮টা প্রদেশ ছিল, শোগুন তাহার নিকট হইতে ৫টা কাড়িয়া লইয়াছিলেন। এই অত্যাচার-নিবন্ধন, এই ছুই রাজ-বংশ "শোগুনের" বিষম শত্রু হইয়া দাঁডাইলেন। শোগুনের প্রভুত্ব ধ্বংস করিয়া কিরূপে দেশের প্রকৃত সমাটের আধিপতা পুন:-প্রতিষ্ঠিত করিবেন ইহাই তাঁহাদের একমাত্র ব্রত হইল। এ দিকে আবার বিদ্যা ও সাহিত্যের পুনরাবির্ভাবে, দেশের প্রক্লুত অবস্থা-সম্বন্ধে लात्कत (ठाथ कृष्टिक नाजिन। किन्दु देश सौकात कतित्व इत्र (त. "শোগুন"দিগেরই যত্নে জাপানে বিদ্যা ও সাহিত্যের উন্নতি হইয়াছিল। স্থাদশ শতাব্দীতে "মিতো"র রাজকুমার, "দাই নিহনশি" নামক জাপানের একটি বিস্তৃত ইতিহাসে লেখেন; সেই ইতিহাস পাঠ করিয়া সমাটের প্রক্রত অবস্থা-সম্বন্ধে সাধারণ লোকের চেতনা হয়। তাহার পর হইতে আরও অস্তান্ত বিদ্বজ্জন ও গ্রন্থকার মধ্যে-মধ্যে সমুদিত হইয়া জাপানের প্রাচীন ধর্ম ও ইতিহাস-বিষয়ে লোকের কৌতৃহল উদ্দীপিত করিয়া দিয়াছিল এবং দেশের প্রকৃত সমাট "মিকাডোর" স্বন্ধ ও অধিকার-সকল লোকের স্মরণ-পথে জাজলারূপে আনম্বন করিয়া-ছিল। ১৮২৭ খুষ্টাব্দে আর একটি জাপানের ইতিহাস প্রকাশিত হয়। যে সকল সেনাপতি-বংশ অবৈধরপে সমাটের ক্ষমতা অধিকার করিয়া-ছিল, সেই সকল বংশের ইতিবৃত্ত এ প্রন্থে প্রস্থকার লিপিবদ্ধ করিয়া-ছিলেন। সমস্ত গ্রন্থের সার মর্ম্ম এই যে—"মিকাডোই" জাপানের একমাত্র প্রকৃত শাসনকর্ত্তা, তাঁহার নিকটেই প্রত্যেক জ্বাপানীর নতশির হওয়া উচিত এবং শোগুনেরা সমাটের ক্ষমতা অস্তায়রূপে অধিকার করিয়াছে। "মেদোর" কর্ত্বপক্ষীয়গণ ও মুদ্রা-যন্ত্র-শাসকগণ এই গ্রন্থ তন্নতন্ত্ররূপে আলোচনা করিয়া এবং উহার আপত্তি-জনক অংশ সকল উঠাইয়া দিয়া তবে গ্রন্থকারকে ঐ গ্রন্থ প্রকাশ করিতে সম্মতি দেন। শোগুনেরা বংশপরম্পরাক্রমে যে সাহিত্যের উৎসাহ দিয়া আসিয়াছিলেন সেই সাহিত্যই অবশেষে তাঁহাদিগের আদিপত্যের মূলোচ্ছেদ করিল।

একদিকে যেরূপ নানা প্রকার আভ্যন্তরিক কারণে শোগুনের আধিপতা ক্রুমশঃ ক্ষয় হইতেছিল, পদিকে আবার কতকপ্রাল অপরিহার্ঘ্য বাস্থ ঘটনা উপস্থিত হইয়া সেই ধ্বংস-কার্য্যে বিশেষ সহায়তা করিল। মধ্যে মধ্যে বৈদেশিকেরা জাপানের বন্দরে উপস্থিত হইয়া বাণিজ্য-ছার উপ্রটিন করিবার জ্বন্থ বারংবার প্রার্থনা করায়, শোগুন ইয়েনোরি বিরক্ত হইয়া এই আদেশ ঘোষণা করিয়া দিলেন, জাপানের উপকূলে যে কোন বৈদেশিক জাহাল অগ্রসর হইবে, তাহার উপর গুলি বর্ষণ করা হইবে। এবং জাপানের উপকূল সংরক্ষণের বিবিধ ব্যবস্থা করিবার জ্বন্থ "ডেমিও"গণের প্রতি আদেশ প্রচার করিলেন।

সাৎস্মা ও মিতোর রাজকুমার নিজ বাবে ইয়ুরোপীয় প্রণালীর জাহাজ প্রস্তুত করিয়া শোগুনকে উপহার দিলেন। ইয়ুরোপীয় সামরিক প্রণালী-অমুসারে সৈক্তদিগকে শিক্ষা দেওয়া হইতে লাগিল। অস্তালয় সকল স্থাপিত হইতে আরম্ভ হইল। এই সময়ে ১৮৫০ খৃষ্টাকে আমেরিকা ইইতে কমোডোর পেরি (Commodore Perry) ৪টা জাহাজের নেতা হইয়া জাপান-উপকৃলে উপস্থিত হইলেন, এবং বয়ুত্ব ও বাণিজ্যের সদ্ধি স্থাপন করিবার জন্ত প্রার্থনা করিলেন। শোগুন তাঁহাকে বুঝাইয়া বলিলেন, সমস্ত জাতি-সাধারণের মত না লইয়া তিনি এ বিষয়ে কোন উত্তর দিতে পারেন না। পেরি বলিলেন, "আচ্ছা তবে আমি আর এক বৎসর পরে জাসিব"—এই বলিয়া প্রস্থান করিলেন। এক মাস

পরেই এইরূপ সৃদ্ধিস্থাপনের প্রার্থনা করিয়া একটি রুষীয় জাহাজ উপস্থিত হইল। শোগুন দেশের সংরক্ষণ-কার্য্য ও যুদ্ধ-আয়োজ্বন-সকল সমাধা করিতে আরও তৎপর হটলেন। যুদ্ধের জাহাজ, কামান, ও ছুর্গ চারিদিকে নির্দ্মিত হইতে লাগিল। ১৮৫৪ খুষ্টাব্দে পেরি আবার যুদ্ধ-জাহাজ্ব-সমভিব্যাহারে জাপান-উপকৃলে উপস্থিত হইলেন এবং আবার সন্ধির প্রার্থনা করিলেন। তিন মাস বিলম্ব করিয়া শোগুন একটি স্দ্ধিপত্র স্বাক্ষর করিতে সম্মত হুইলেন। সেই সন্ধির মর্ম এই—পোত-ভগ্न नाविकिमिरणत প্রতি সদয় বাবহার করিতে হঠবে; কার্ছ, জল, খাদ্য ও জাহাজের অক্তান্ত আবশুকীয় সামগ্রী আহরণ করিবার এবং "শিমোদা" "হাকোদাতের" বন্দরে জাহাজ নোঙ্গর করিবার অনুমতি দিতে হুটবে। কিছুকাল পরেই রুষীয় ওলন্দাঞ্জদিগকেও এই সকল অধিকার প্রদত্ত হইল। বিদেশীয়দিগের প্রতি জাপানের দার রুদ্ধ রাখা দেশের প্রচলিত প্রথা ছিল, এবং বিদেশীয়গণেরা প্রবেশ-নিষেধ-বিধি জাপানের মুখ-শাস্তি-স্বাধীনতার পক্ষে নিতাস্তই আবশুক-এইরূপ জাপানের বিশিষ্ট সম্রাস্ত লোকদিগের দৃঢ় মত ছিল। কিন্তু শোগুন বৈদেশিক-দিগের সহিত এইরূপ সন্ধিবন্ধন করায়, একটা মস্ত ঝুঁকি আপনার ক্তমে লইলেন। খোসিউ, দাৎস্থমা ও মিতোর প্রভৃতি প্রভাবানিত সামন্ত রাজ্বগা—বাঁহারা বরাবর এই প্রকার রাজনীতির দারুণ বিষেষী ছিলেন এবং প্রকৃত সমাটের রাজকীয় ক্ষমতা পুনঃপ্রতিষ্ঠিত করা বাঁহাদের গুঢ় ত্রত ছিল-তাহার। এই উপলক্ষে বিলক্ষণ একটা স্থাগে পাইলেন। আমেরিকানদিগের বরাবর এই ধার্ণা ছিল, জাপানের প্রকৃত সম্রাটেরই সহিত তাহাদিগের কথাবার্ত্তা চলিতেছে: কিন্তু পরে তাঁহারা জানিতে পারিলেন যে, শোগুন সম্রাট নহেন, এবং বৈদেশিকদিগের সহিত সন্ধিস্থাপন করিবার তাঁহার কোন অধিকার নাই। শোগুন যদিও मिक्शिशन क्रिलन, किंदु गुक्त-आताक्रान मिथिन-खायप्र इंहेलन ना ।

এই সময়ে ইংরাজেরা আসিয়া জাপানে আরও গোলমাল বাধাইরা দিল। * তাহাদিগেরও সহিত একটি সন্ধি হইল, কিন্তু তথন তাহা দৃঢ়ীকৃত হয় নাই। ১৮৫৫ খৃষ্টান্ধে Rear Admiral Sterling জাপানে পুনরাগমন করিলেন, এবং পর বৎসরে Mr. Townsend Harris আমেরিকার শাসন-কর্ত্গণের নিকট হইতে, জাপানে বাস করিবার অনুমতি-প্রার্থনায়, জাপান-সম্রাটের নিকট অনুরোধ-পত্র লইয়া উপস্থিত হইলেন।

এইরূপ বৈদেশিকেরা ক্রমাগত জ্বাপানে আসিয়া উপস্থিত হণ্যায় শোগুন ভারি মুদ্ধিলে পড়িলেন। কি করিবেন কিছুই স্থির করিতে পারিলেন না। যদিও তিনি বৈদেশিকদিগের কতকগুলি দাবী মঞ্জুর করিরাছিলেন, কিন্তু জ্বপানে বৈদেশিকদিগের প্রবেশ-নিষেধ বিষয়ক পুরাতন বিধিটি যতদুর পারেন এতদিন বজায় রাখিতে চেন্তা করিয়া-ছিলেন, কিন্তু এক্ষণে তাহা রক্ষা করা তাঁহার পক্ষে অসাধা হইয়া উঠিল। তিনি বুঝিলেন, সে রাজ্বনীতি অমুসারে চলিলে বিপুল পরাক্রান্ত বৈদেশিকদিগের সহিত নিশ্চয়ই যুদ্ধ বাধিবে এবং সে যুদ্ধে জ্বাপানেরই পরাভব সন্তাবনা। নাগাসাকিন্ত ওলন্দান্ধ বাণিজ্যস্থানের কর্ত্তা, তাঁহার এই মতের পোষকতা করিলেন। তিনি শোগুনকে এইরূপ পত্র লিখিলেন:—"আমি আপনাকে সাবধান ইইতে পরামর্শ দিতেছি,

^{*} While troubles internal and external, were thus preparing, the English made their appearance upon the scene, and those who know what sort of men we are abroad, and how we generally bear ourselves in the East (and one may say in the West, North, South too) to people weaker in ships and arms than ourselves, may well imagine that our appearance did not greatly contribute to the tranquility of the Government of Japan. Japan: by Sir Edward Reed, K. C. B. F. R. S. M. P.

रेतानिक मिर्गत महिल मध्यत घरिता, लात वलात मृतत थाकूक, অতি কুদ্র কুদ্র বিষয় লইয়া প্রায়ই বিবাদ উপস্থিত হয়। ইহা নিশ্চয়, নিজ চুর্বলতা বিষয়ে অনভিজ্ঞ থাকা, স্বদেশকে বিপদ হইতে রক্ষা করিবার উপায় নহে। এই কারণেই দশ বৎসর পূর্বের, অহিফেন-সংক্রাম্ভ যুদ্ধের পর, চান-রাজ্যের কিয়দংশ চীন-রাজের হস্ত হটতে বিচ্যুত হয়, এবং ক্যাণ্টন-প্রদেশ এক্ষণে মরুভূমিতে পরিণত হইয়াছে।" এই কথা শোগুন-মন্ত্রিগণের হাদয়ক্ষম হইল। তাঁহারা স্থির করিলেন, শাস্তি-রক্ষার জন্ম ১৬৩৯ খুষ্টাব্দের বৈদেশিক প্রবেশ-নিমেধ-বিধির কর্থাঞ্চৎ পরিবর্ত্তন আবশুক। আমেরিকান দুও হারিদের পুনঃপুনঃ অন্নরোধে অভিভূত হটয়া শোগুন অবশেষে তাহার সহিত সাক্ষাৎ করিবার জন্ত বেদে। নগরে প্রবেশ করিতে অনুমতি দিলেন। ইহাতে প্রধান প্রধান সামস্করাজগণ অভাস্ত 'বরক্ত ও রুষ্ট হইলেন। তাঁহারা ইহার প্রতিবাদ করিয়া পাঠাইলেন। কিন্তু শোগুনের মত ফিরিল না। শোগুন বেদো রাজ্বপানীতে হ্যারিসকে প্রকাশ্ররূপে নিজ দরবারগৃহে অভ্যর্থনা করিলেন, স্থারিস তাঁহার প্রার্থনাগুলি মন্ত্রীদিগের নিকট বুঝাইয়া বলিলেন। তাঁহার প্রার্থনাগুলি এচঃ—স্বর্ণ ও শস্ত ব্যতীত অক্সান্ত দ্রব্যের উভয় দেশের মধ্যে বাধা-বিমুক্ত ও রাজকর্মচারিগণের হস্তক্ষেপ-বহিভূতি বাণিজ্ঞা সংস্থাপন ; শিমোদা-বন্দর রুদ্ধ করিয়া, কানাগাবা ও অশক বন্দরের ছার উদ্যাটন; বেদো নগরে, একজন আমেরিকান মন্ত্রি-দূতের নিয়ত বাদ এবং সবিস্তারে-লিখিত একটি সন্ধিপত্রের দৃঢ় অনুমোদন। শোগুন এক্ষণে সম্রাটের উপর বিচার-ভার সমর্পণ করিলেন এবং দেশের সঙ্কটাপর অবস্থা তাঁহাকে বুঝাইয়া দিবার জন্ত এবং এই দল্ধি স্থাপন বিষয়ে সন্মতি আনাইবার জক্ত তাঁহার মন্ত্রিগণকে "মিকাডোর" দরবারে পাঠাইলেন। কিন্তু দরবারের অমুগত অভিজ্বাতবর্গ ("কুন্তে") এই বিষয়ে ভয়ানক আপত্তি উত্থাপন করিলেন। স্থারিস

এক্ষণে বুঝিতে পারিলেন যে প্রকৃত সমাটের সহিত তাঁহার কথাবার্তা চলিতেছে না—শোগুনের উপরেও আর এক জন কর্ত্তা আছে। কার্য্যানির জনেক বিলম্ব দেখিয়া সমাটের দরবারে নিজে গিয়া উপনীত হইবেন—এই বলিয়া শোগুনকে শাসাইলেন। এই সময়ে লী (Li) শোগুনের প্রধান মিয়পদে অভিষক্ত হইয়াছিলেন। ১৮৫৮ খৃষ্টাব্দের জুলাই মাসে আমেরিকান ও রুষীয় যুদ্ধ-জাহাজ-সকল য়োকোহামা বন্দরে আসিয়া উপস্থিত হইল। তাহারা কর্ত্তৃপক্ষগণকে অবগত করিল যে, আর কিছু দিনের মগেই ইংরাজি ও ফরাসি যুদ্ধ-জাহাজ সকলও আসিয়া পৌছিবে। এবং তাহারা সকলেই এই প্রতিজ্ঞা করিয়াছেন যে, যদি সহজে না হয় তবে তলোয়ার, বন্দুক ও কামানের বলে তাহারা জাপানের সহিত সন্ধি স্থাপন করিবেন।

মন্ত্রিণর লী এই শাসন-বাক্যে ভাঁত হঠয়া সম্রাট-দরবারের মত না লইয়াই তাড়াতাড়ি আমেরিকানদিগের সন্ধিপত্রে নিজ্ব মোহর মুদ্রিত করিলেন এবং পরে এই নিষয় সমাটকে অবগত করাইলেন। ইহার অবাবহিত পরেই রুষীয়, ইংরাজ ও করাসিগণ জ্বাপানে প্রবেশ করিয়া আমেরিকার সন্ধিপত্রের আদশে সন্ধিস্থাপন করিলেন। অতএব দেখা যাইতেছে, জ্বাপানের সহিত ইয়ুরোপ ও আমেরিকা যে সন্ধিস্থাপন করিয়াছিলেন তাহা বৈধন্ধপে হয় নাই—তাহা কামানের মুথে হইয়াছিল। বৈদেশিকদিগের সহিত এইয়প সন্ধি হওয়ায়, সমস্ত জ্বাপানী জ্বাতি, বিশেষতঃ সামরিক-শ্রেণী ভয়ানক উত্তেজিত হইয়া উঠিল। তাহারা ইংরাজ, ফরাসি, রুষজাতীয়া দৌত্য-সংক্রাপ্ত কর্ম্মচারীগণকে পথিমধ্যে আক্রমণ করিয়া নিহত করিতে লাগিল। তাহার প্রতিবিধান করা শোগুনের অসাধ্য হইয়া উঠিল। এই বিজ্ঞোহীদিগের দল ক্রমশঃই বৃদ্ধি হইতে লাগিল। সম্রাট রাজ্যের এইয়প অবস্থা অবগত হইয়া শোগুনের

প্রতি এই ছকুম প্রচার করিলেন যে, শোশুন সমস্ত ডেমিওর্গণ-সমভিব্যাহারে কিরোটো রাজধানীতে উপস্থিত হইয়া সমস্ত জাপানী-জাতির
অভিপ্রায় অবধারণ করুন এবং তৎপরে বৈদেশিক বর্ম্বরদিগকে দেশ
হইতে দুরীভূত করিয়া সম্রাটের স্বর্গীয় পূর্ম্বপুরুষদিগের কোপ শাস্তি
করুন। আরও, রাজকার্যো পরামর্শ করিবার জন্ম পাঁচজন প্রধান সামস্তরাজ লইয়া একটি মন্ত্রিসভা স্থাপন করিবার বিষয় এবং রাজ্ঞা-সংক্রোস্ত
অন্যান্থ বিষয়েও উপদেশ দিলেন।

২৩০ বৎসর ধরিয়া সমাট সাক্ষীগোপাল এবং শোগুনই সর্বেবর্বা ছিলেন। এত দিনের পর সমাটকে স্বীয় অধিকার সমর্থন করিতে দেখিয়া লোকেরা আশ্চর্য্য হইল এবং এই লইয়া জাপানী সমাজে ত্লুস্থল পডিয়া গেল। শোগুন, সমাটের সমস্ত আজ্ঞাপালন করিবেন বলিয়া দুঢ়-সংকল্প হইলেন। ১৮৬৩ খুষ্টাব্দে মিকাডো, শোগুনের প্রতি পুনর্বার আদেশ করিলেন যে তাঁহার দরবারে যে সকল পুরাতন কুপ্রথা আছে দে সমুদয় সংশোধন করিতে হইবে—এবং কিয়োটো রাজধানীতে আদিরা সমস্ত দামন্ত-দলের প্রতি ছুকুম প্রচার করিরা অবিলম্বে বর্বর-দিগকে দেশ হইতে দুরীভূত করিতে হইবে। অনেক ইতস্ততঃ করিয়া অবশেষে আর বিলম্ব করিতে না পারিয়া শোগুন তাঁহার উচ্চপদস্থ কর্মচারিগণ-সমভিব্যাহারে সম্রাটের দরবারে উপস্থিত হইলেন এবং বর্ব্বরদিগকে দুরীভূত করিবার দিন ২৫শে জুন স্থিরীকৃত হইল। এই বিজ্ঞাপন সমস্ত সামস্তদলের নিকট প্রচার করিবার জন্ম শোগুনের প্রতি সমাট আদেশ করিলেন। শোগুন আজ্ঞাপালনের ভাণ করিরা ও-বিষয়ে সম্পূর্ণরূপে নিষ্টেষ্ট থাকিলেন। তাহার পর মিকাডো প্রস্তাব করিলেন ষে একটি প্রসিদ্ধ বৃদ্ধ-দেবের মন্দিরে গিরা তিনি বর্বর-বিধবংদী তলো-রার তাঁহার হত্তে সমর্পণ করিবেন। শোগুন, পীড়ার ছল করিয়া নির্দিষ্ট দিনে তথার উপস্থিত হইলেন না। সামরিকগণ ভরানক উত্তেজিত ও

ক্ষু হইরা উঠিল, সমাট স্বরং যুদ্ধধাত্রা করুন এই বলিরা সকলে চীৎকার করিতে লাগিল, অনেক কৌশলে ও শাসনে মন্ত্রিগণ তাহাদিগকে শাস্ত করিলেন। এ দিকে, উত্তেজিত ইতর লোকেরা বৈদেশিকদিগকে মধ্যে মধ্যে হত্যা করায়, ক্ষতিপুরণ-স্বরূপ বিস্তর টাকা দিতে হইল।

সাধারণের মতপ্রভাবে অভিভূত হইরা, শোগুন সন্ধির নিয়ম অতিক্রম করিরা, বৈদেশিকদিগের বিক্লে কতকগুলি বাণিছ্য-বন্দর ক্ল করিতে প্রবৃত্ত হইলেন। এই লইরা খোসিউ সামস্ত-রাজ-দলের যুদ্ধ-জাহাজের সহিত, যুরোপ ও আমেরিকার যুদ্ধ-জাহাজের সংগ্রাম উপস্থিত হইল। গোলাগুলি বর্ধণে উভয় পক্ষেরই ন্নাগিক ক্ষতি হইল।

খোসিউ দলের লোকেরা শোগুনের অভিপ্রায়ের বিরুদ্ধে বৈদেশিক জাহাজের উপর গুলিবর্ষণ করায়, গোগুন তাহাদিগকে ভর্মনা করি লেন। এই লইয়া শেগুনের সহিত তাহাদিগের মনান্তর উপাত্ত হটল। সাৎস্থ্যাত খোসিউ দলকে স্মাটের প্রাসাদ রক্ষণের জ্ঞ নিযুক্ত করা হইয়াছিল। কিন্তু সাৎস্থনা দলকে ঐ কার্যা হইতে অবসর দেওয়ায়, কার্যোর সমস্ত ভার খেলিউ দলের উপর পতিত হঠল। খোসিউ দলের উত্তেজনায় সমাট স্বয়ং বৈদেশিকদিগের বিরুদ্ধে যুদ্ধবাতা করিতে সম্বন্ধ করিয়াছিলেন। কিন্ত দরবারের অভিজাতবর্গের এ বিষয়ে মত ছিল না। এই কারণে স্ফ্রাটের দরবার ও শোগুন উভয়েই সন্মি-লিত হইয়া, থোসিউ দলের বিরুদ্ধে কুচক্র আরম্ভ করিল। রাজজোহ-অপরাধে অপরাধী করিয়া, থোদিউ দলের প্রধান ব্যক্তিদিগকে বধ করা হুইল। খোসিউ দলের অনুচরগণ এক্ষণে বাস্তবিকই রাজ্ঞোহী হুইয়া উঠিল। এবং বৈদেশিকদিগকে দুরীভূত করিতে বিলম্ব দেখিয়া অস্তান্ত বিদেশীয়-বিদ্বেষী লোকেরাও তাহাদিগের দলভুক্ত হইল। এই সময়ে সম্রাটের সহিত শোগুনের মিলন হইয়া গেল। যে সম্রাট এতদিন বৈদে-শিক বর্ধরদিগকে দুরীভূত করিবার জন্ম ক্রতসংকল হইয়াছিলেন, তিনিই

এক্ষণে বৈদেশিক-বিদ্বেষি-প্রাধান-দিগকে শাস্তি দিবার জন্ম শোগুনকে আদেশ করিলেন। শোগুন ও তাঁহার অমুচরগণ, এই আদেশে অতীব তৃষ্ট হইয়া সমাটের প্রতি যারপরনাই রাজভক্তি প্রদর্শন করিতে লাগিল, সমাট পুনর্বার শোগুনের হল্তে রাজ্যের সমস্ত ভার সমর্পণ করিলেন এবং খোসিউ দলের বিজেছি-প্রধানদিগের প্রতি দণ্ড বিধানের আদেশ করিলেন। সাৎস্থমা প্রভৃতি দলের সাহায্যে, অনেক যুদ্ধের পর শোগুন, খোসিউদিগকে পরাভূত করিলেন। ১৮৬৫ খুষ্টাব্দে মুরোপ ও আমেরিকা ভাহাদিগের সন্ধিপতে মিকাডোর নিকট হইতে বল-পূর্বক সন্মতি বাহির করিলেন। ইংরাজি, ফরাসি, ও ওলন্দাজি যুদ্ধ-জাহাজ-সকল মিকা-ডোর রাজধানীর অনতিদুরে আদিয়া নোঙ্গর করিল। কিছুতেই তাঁহারা বিমুখ হইলেন না—সন্ধির নিয়মে অনুমোদন করিবার জন্ম সমাটকে পত্র লিখিলেন। সন্মিলিত যুদ্ধ-জাহাজের বিরুদ্ধে যুদ্ধ করা অসম্ভব বিবেচনা क्तिया, भन्नीमिटशत প्रतामर्भ-अञ्चलादत न्यां निक्त-नियरम नाधात्रवाडः সম্মতি দিলেন। জাপানীদিগের এক্ষণে বিশেষরূপে হাদয়কম হইল, বিভক্ত প্রভূত্বই তাহাদিগের সকল হর্দশার মূল। এই কারণে যাহাতে সমাটের একাধিপতা হয় তজ্জন্ত সকলেই লালায়িত হইল। টোসার সামস্ত-রাজ শোগুনকে পত্র -লিখিয়া এই প্রকার অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন "সম্রাটের হস্তে শাসন-ক্ষমতা প্রতার্পণ করা আপনার নিতান্ত কর্ত্তব্য। তাহা হইলে এমন একটি প্রুন-ভূমি স্থাপিত হইবে বাহার উপর দশুরমান হইরা জাপান অভাভ সমস্ত দেশের সমকক হইতে পারিবে। এই সময়কার ইহাই অপরিহার্যা কর্ত্তব্য কর্মা।" শোগুন এই विषय अञ्चल्यानन कतिलनन, अवर ১৮७१ श्रृष्टीत्क अल्म-विज्कामी হইয়া শোগুন মিকাডোর নিকট স্বীয় কর্ম্মে ইস্তফা দিলেন। সম্রাট এই ইম্বকা গ্রহণ করিতে প্রথমে একট ইতন্তত: করিয়াছিলেন-পরে এই খোষণা প্রচার করিলেন যে শোগুন স্বীর কর্ম্মে ইক্সা দিরাছেন, এবং

১৮৬৮ খুটাব্দে এই রাজবিধি প্রচারিত হইল বে এখন হইতে দেশের শাসন-ভার সমাটের হস্তে বিশ্বস্ত হইবে। যে দিনে শোগুনের পদ রহিত হইরা গেল, সেই দিনেই সমাট শোগুনের অফুগত সৈম্ভদলকে বিদায় দিয়া প্রাসাদ-রক্ষণ-ভার "সাৎস্থমা"-দলভুক্ত সৈন্তের প্রতি অর্পণ করিলেন। শোগুনের সহিত কোন প্রকার পরামর্শ না করিয়া এই কাজটী করায়, শোগুন অবমানিত বোধ করিয়া তাঁহার অফুগত দলবলকে সমাটের বিরুদ্ধে উত্তেজিত করিলেন। এই স্থতে অনেক যুদ্ধ বিগ্রহ উপস্থিত হইল; অবশেষে সমাট জায়লাভ করিয়া দেশে শাস্তি স্থাপন করিলেন।

জাপানের বর্ত্তমান উন্নতি।

শোগুনের প্রভুষ বিলুপ্ত হইরা কিরুপে সমাটের আনিপতা জাপানে পুনঃ প্রতিষ্ঠিত হইল তাহা আমরা ইতিপুর্ব্বে বিবৃত করিয়াছি। এক্ষণে সমাট একাধিপতা লাভ করিয়া কিরুপে জাপানের উন্নতি সাধনে প্রবৃত্ত হইলেন, কি কি বিষয়ে সংস্কার করিলেন তাহাই এই প্রবন্ধের আলোচ্য।

शुर्व्स मञ्जाटित ताक्यांनी किरवाटिंग नगत अनः भाष्यत्वत ताक्यांनी যেদো নগর ছিল। এক্ষণে তিনি কিয়োটো নগর পরিতাগ করিয়া যেদো নগরেই উহার রাজধানী ভাপন করিলেন। এবং যেদোর পরিবর্তে তাহার নাম টোকিয়ো রাখিলেন। টোকিয়োর অর্থ "প্রতীচ্য রাজধানী।" ওকুবো নামে তাহার একজন মন্ত্রী, সমাটের চির-প্রচলিত অবরোধ-নিবা-সের বিরুদ্ধে এবং রাজধানীর পক্ষে কিয়েটো নগরের অযোগতো-সম্বন্ধে সমাটের নিকট আবেদন করেন। সেই আবেদন পাঠ করিয়াই সমাটের রাজধানী পরিবর্তনের সঙ্কল হয়। সেই আবেদনটি এই— "মধ্যযগ হইতে বরাবর আমাদের সম্রাট ববনিকার অন্তরালে বাস করিয়া আসিয়া-ছেন। পৃথিবীর মৃত্তিকায় কথন তাঁহার পদক্ষেপ হয় নাই; সেই যবনিকার বাহিরে যাহা কিছু ঘটিত, তাহা তাঁহার কর্ণে আগিয়া পৌছিত না; স্মাটের আবাদ সম্পূর্ণরূপে অবরুদ্ধ থাকিত, স্কুতরাং বহির্জগতের সহিত তাহার কোন সম্পর্ক ছিল না। কতকগুলি সম্রান্ত দরবারের লোক ছাড়া কেহট দিংহাদনের সমীপবর্ত্তী হটতে পারিত না। এই প্রথাট ঈশ্বরের নিয়মের সম্পূর্ণ বিরোধী। উপরিতন ব্যক্তিকে মান্ত করা যদিও মুমুষ্যের প্রথম কর্ত্তবা, কিন্তু আবার অতিরিক্ত মান্ত করিলে কর্ত্তব্যের অবহেলা হয়. এবং প্রজাগণও স্বীয় অভাব-সকল তাঁহার নিকট জ্ঞাপন কিরতে পারে না, স্বতরাং রাজা প্রজার মধ্যে একটা বিচ্ছেদ উপস্থিত

হয়। সকল যুগেই এই পাপজনক প্রথা প্রচলিত ছিল। কিন্তু এখন এই আড়মরপূর্ণ আদব-কায়দা যেন পরিত্যাগ করা হয়, এবং সরল আচার বাবহারট যেন আমাদের মুখা নিয়ম হয়। কিয়োটো একটা স্টিছাড়। স্থান, উহা রাজ্বণানীর অযোগ্য।" টোকিয়ো নগরে রাজ্বণানী স্থাপন করিয়া সমাট্ নানা প্রকার সংস্কার সাধনে প্রবৃত্ত হইলেন। শাসন-সংক্রান্ত রাজাজ্ঞা-সকল সর্বসাধারণের নিকট জ্ঞাপন করিবার নিমিত্র একটি রাজকীয় সংবাদপত্র প্রকাশ করিলেন, আয়ের অতিরিক্ত ব্যয়ের সংকুলান জন্ম কাগজ-মূদ্রা প্রস্তুত হঠল এবং ইংরাজ-তত্তাবধানে দীপ-মন্দির-সকল (Light house) নিঞ্চিত হটতে লাগিল। জায়গিরদারি-প্রণালী এখনও সম্পূর্ণরূপে বিলুপ্ত হয় নাই। এই প্রণালীর মুলোচ্ছেদ করিবার জন্ম সমাটি ক্লুত্রমন্ত্র হুইলেন। সাৎস্থ্যা খোসিউ, হিন্দেব, ভোগা প্রভৃতি প্রধান প্রধান সামন্ত-রাজগণ একতা হইয়া ভাহাদের নিজ্ঞ নিজ রাজা ০ প্রজাদিগকে সমাটের হত্তে সমর্পণ করিবার অনুমতি প্রার্থনার স্থাটের নিকট আবেদন করিলেন। ক্রমে সভাভ সমস্ত রাজাও তাঁহাদের দুষ্টান্ত অনুসরণ করিল। গ্রাট এই আবেদন প্রাহ্ম করিলেন। কিন্তু সামন্ত-রাজগণের সহিত প্রজাদিগের যে অবাবহিত সম্বন্ধ-সূত্র নিবন্ধ ছিল সেই সূত্র হঠাৎ একেবারে ছিল্ল করিলে নানা প্রকার অনিষ্ট হইবার সম্ভাবনা দেখিয়া, হাহা নিবারণ করিবার জন্ম তিনি সেই সকল সামস্ত-গোষ্ঠার নামগুলি বজার রাখিলেন এবং সেই সকল সামন্ত-রাজের নাম "চিহাঞ্জি" অর্গাৎ গোষ্ঠীপতি রাখিলেন। ঐ সকল প্রধানেরা প্রত্যেকে তাহাদের নিজ নিজ রাজ্য হইতে পূর্বের যে রাজস্ব লাভ করিতেন তাহারই দশনাংশ পরিমাণ প্রত্যেকের বৃত্তিরূপে নির্দিষ্ট হইল। এইরপে জায়গিরদারি-প্রণালী একেবারে উচ্ছিন ইইয়া তাহার স্থানে সমাটের একাধিপতা দুচ্রূপে প্রতিষ্ঠিত হইল।

শাসন-প্রণালীর পরিবর্তনের সঙ্গেসঙ্গে দৈত্ত-প্রণালীর পরিবর্তন

আবশুক হইরা উঠিল। পূর্ব্ব-প্রণালী অমুদারে দামরিকগণ (samurai) প্রধানদিগের দাসত্বপাশে বদ্ধ ছিল-কিন্ত প্রধানদিগের স্থানিক প্রভুত্ব বিলুপ্ত হওয়ায়, তাহারাও দে দাসত্ব হইতে মুক্ত হইল। স্মৃতরাং এক্ষণে সম্পূর্ণ একটি নৃতন সৈক্তদল প্রস্তুত করা আবশুক লইল**া স্বেচ্ছা-নিরপেক্ষ** দৈক্তদংগ্রহ বিধি-অফুদারে ১৭ হইতে ৪০ বৎদর বয়স্ক অবধি প্রত্যেক পুরুষকে দৈক্তদলভুক্ত করা হইল। তাহারা নিত্যকর্মী দৈক্তদলের সহিত ৩ বৎসর, পৃথক্-রক্ষিত (Reserve)) দৈক্ত-দলের প্রথম বিভাগের সহিত ২ বৎসর, ও তাহার দ্বিতীয় বিভাগের সহিত ২ বৎসর, এবং স্থানিয়মিত সাধারণ (militia) দৈক্ত-দলের সহিত অবশিষ্ট সময় কার্য্য করিতে বাধা। নিয়মিত দৈল্ল-শ্রেণীর মধ্যে পদখালি ইটলে, উপরোক্ত বছ সংখ্যক লোক হইতে অভিনব দৈয়া সংগ্রহ করিয়া সেই শুক্ত পুরণ করা হইয়া থাকে। * শান্তির সময়, নিয়মিত সৈত্য-সংখ্যা ৩৫, ৫৬০ এবং যুদ্ধের সময় ৫০,২৩০। প্রথমে ফরাসি সৈত্ত-নেতাদিগের অধীনে এই জাপানী সৈত্ত উৎক্রন্ত শিক্ষালাভ করে। কিন্তু এক্ষণে তাহারা ছাত্র-দশা প্রায় অভিক্রম করিয়াছে ৷ সমাটের যে রক্ষিবর্গ অতি উৎক্রষ্ট সৈন্সদল বলিয়া পরিগণিত —যাহারা প্রধানতঃ সামুরাই শ্রেণী হইতে নির্বাচিত—তাহারাই সৈঞ্জের শ্রেষ্ঠাংশ। দৈন্যদিগের যুরোপীয় পরিচ্ছদ। কার্য্যকালে যদিও তাহা পূর্বাপেক্ষা স্থবিধাজনক হইয়াছে, কিন্তু মদম্যান বলেন,পূর্বেকার পরিচ্ছদ উহা অপেকা চিত্রবৎ স্থশোভন ছিল। জাপানী সৈনিকগণ প্রায়ই থৰ্বাক্বতি। সেই জন্ম কাওয়াজের সময় আঁট-সাঁট কাপড়ে তাহাদিগকে বালকের মত দেখায়-তাহাদিগের জাতীয় লম্বমান পরিচ্ছদেই তাহা-দিগকে আদলে ভাল দেখিতে হয়। কুচ্ করিবার সময় তাহারা কেমন একটু বেঁস্ডিয়া-বেঁস্ডিয়া চলে-পূর্বকার কুশিকা এখনও সম্পূর্ণরূপে

^{*} কিন্তু সামুরেল মসমান বলেন অনিয়মিত সৈক্তদল বাতীত জাপানের নিয়মিত
- সৈক্ত সংখ্যা ১৩০০০০০।

তাহারা অতিক্রম করিতে পারে নাই। কিন্তু যুদ্ধের সময় ওসব-কিছুই লক্ষ্য হয় না—দে সময় ভাহারা যেরূপ উৎসাহভরে সবেগে চলে (elan) সেরূপ ভাবে চলিতে যুরোপীয় সৈহাদিগকেও দেখা যায় না।

প্রথমে তাহাদিগের ফরাসিস শিক্ষক ছিল, কিন্তু জ্বাপানা দূত যুরোপে গিরা দেখিতে পাইল যে, সৈত্য-সংগঠন ও শিক্ষা-বিষয়ে প্রদারীয় প্রণালীই জ্বাপানী-সৈত্যের অধিক উপযোগী। সেই জ্বন্ত কোন কোন রেজিমেন্টের মধ্যে ফরাসি পরিচ্ছদ, কোন কোন রেজিমেন্টের মধ্যে ফরাসি পরিচ্ছদ, কোন কোন রেজিমেন্টের মধ্যে প্রদার পরিচ্ছদ দৃষ্ট হয়। এইরূপ সঙ্কর-পরিচ্ছদ দেখিয়া যুরোপীয়গণ একএক বার হাস্ত সন্থরণ করিতে পারেন না। এই সকল সৈত্যগণ যুরোপের নব-উদ্ভাবিত উৎকৃষ্ট অস্ত্রশস্ত্রে স্থাজিত। সমাট নিজে জ্বরির-কাজকরা যুরোপীয় সেনপিতির পরিচ্ছদ সচরাচর পরিধান করিয়া থাকেন। তাহার চূল যুরোপীয়দিগের স্থায় ছোট করিয়া ছাটা—এবং তাহার গুল্ফ ও নেপোলীয়ান ক্যাসিয়ানের দাড়িতে তাহার চেহারায় সামরিক ভাব প্রকৃতিত হয়। সমাটের খুরুতাত রাজকুমার "রিতা শিয়াকোভা" প্রদীয় "দ্রাগন"-সৈক্তদলের কাপ্তেন। তিনি বর্লিন নগরে গিয়া সামরিক কৌশলসকল শিক্ষা করিয়া আইসেন। সমাট ইহাকেই জ্বাপানী-সৈত্যের সেনাপতি-পদে নিযুক্ত করেন। ইনিই প্রণীয় প্রণালী-অনুসারে সৈত্য-গণকে শিক্ষিত ও সজ্জিত করিয়াছেন।

দৈশ্য-নিবাস ব্যতীত সামরিক বিদ্যালয়-সকল প্রতিষ্ঠিত হইরাছে।
সেখানে, সৈশুনেতা-পদের উপযুক্ত করিবার জ্বস্থা, পতাকাধারী দৈশুদিগকে
(ensign) যুদ্ধশিকা দেওয়া হয়। ভদ্র যুবকদিগকে, সম্রান্ত ব্যক্তিগণের
পুত্রদিগকে প্রদীয় সেনাপতিদিগের অধীনে শিক্ষা দেওয়া হয়। ঠিক
প্রদীয়-প্রণালী-অন্ধুসারেই তাহাদিগের মধ্য ইইতে কাপ্তেন, লেফটেনেন্ট
এবং অন্থান্থ উপনেত্বর্গ নির্বাচিত হয়। তাহাদিগের সেনাপতি একজন
জাপানী মেজ্ব কিছা কর্ণেল, তাহারা জ্ব্মান ভাষা কিছু কিছু বুঝিতে

পারে। যুদ্ধ-সংক্রাপ্ত আদেশ-সকল জ্বর্মান ভাষাতেই প্রাদক্ত হয়। সেই মেজর কিশ্বা কর্ণেল সামরিক কৌশল, ছুর্গ-নিশ্মাণ, কামানের ফেরাঘোরা-সম্বন্ধে বক্তৃতা দেন—ছুর্গস্থ প্রায় সমস্ত উপনায়কবর্গই মেই বক্তৃতায় উপস্থিত থাকেন। একএক সময় প্রায় ৫০০ প্রোতা একত্রিত হয়।

জল-বদ্ধ সম্বন্ধেও জাপানীর। উন্নতি সাধন করিয়াছে। যুরোপীয় প্রণালী-অনুসারে লোহ-আবরণ-বিশিষ্ট ক্রপ-কামান-স্ক্রসজ্ঞিত সমর-পোতের সংখ্যা ক্রমশঃই বর্দ্ধিত হুইতেছে। টোকিয়ো নগরে একটি নাবিক-বিদ্যালয় স্থাপিত হইয়াছে। সেখানে ২৩ জন ইংৱাজ শিক্ষক নিযুক্ত হটয়াছে। গড়ে ৫০০জন ছাত্র টংরাজি প্রণালী-অনুসারে নাবি-কতা, বন্ধবিদ্যা ও তাহার শাখা-বিদ্যা-সকল "হাতে কলমে" শিক্ষা করে। শিক্ষাকালে ইংরাজি নাবিকভার প্রস্তুত সকল বাবহাত হয়। গ্রণমেণ্টের সর্ব্যপ্রকার অনুষ্ঠান ক্লেত্রেই এফণে ইংরাজি ভাষার প্রান্তর্ভাব। ইংলণ্ডের নাবিক-বিদ্যালয়ে যেরূপ পাঠপ্রণালী—যেরূপ অনুশাসনপ্রণালী প্রচলিত তাহাই অবিকল অবল্যতে হইবাছে। এনন কি. ইংবাজি নাবিকদিগেব পরিজ্ব পর্যান্ত অনুকৃত হইরাছে। জাহাজ-নিশাণের উপযোগী সামগ্রী প্রস্তুত কবিবার কারখানা-জাহাজ-নিন্মাণ ও সংস্থারের স্থান-সকল প্রতিষ্ঠিত হুইয়াছে। সেখানে ছোট-ছোট যুদ্ধ-পোত নির্দ্দিত হুইয়া থাকে। কিন্তু বড় বড় লৌহাবুত জাহাজ ইংগণ্ড হইতে তৈয়ারী হইয়া আসে। ত্লোরার, সঙ্গিন ও অপেগাকৃত কৃত্র আয়তনের কামান জাপানেট নিৰ্দ্মিত হয় -- কিন্তু :২ হুইতে ৩৬ টনের Armstrong-কামান ইংল্ভ ২ইতে এবং গুরুভার কুপ-কামান জার্মানি হইতে প্রস্তুত হইয়া আইসে। একণে বড় বড় জাপানী যুদ্ধ-জাহাজের সংখ্যা প্রায় ৩০ টা-- এত্রাতী আ মুৰ্যাঙ্গক ক্ষুদ্ৰ কুদ্ৰ নানা প্ৰকার জাহাজ আছে। একণে জাপানের যেরপ পোত-বল, ভাহাতে ভীষণ পোত-বল-সম্পন্ন বড় বড় যুরোপীয় জাতির সুহিত সংগ্রামে জাপান সাহসপূর্ব্বক অগ্রসর হটতে পারে।

জাপানী নাবিকগণ অন্তান্ত সামুদ্রিক জাতির ন্তায় কার্যাদক্ষ। কিন্তু একণে বেরূপ ভারি-ভারি কামান লইরা নাড়াচাড়া করিতে হয়, তাহাতে তাহাদিগের পক্ষে একটু কষ্টনাধ্য হইরা পড়িয়াছে। জাপানী নাবিকদিগের
মধ্যে অল্প লোকই দৃষ্ট হয় যাহারা শারীরিক বলে ইংরাজ নাবিকদিগের
সমকক্ষ। ইংরাজদিগের তুলনায় ভাহাদিগের শরীর ক্ষুদ্র ক্লশ এবং
তাহারা কামান নাড়াচাড়া করিতে গিরা শীঘ্র ক্লান্ত হইরা পড়ে। এই জন্ত ইংরাজ নাবিকদিগের অপেক্ষা তাহাদিগের মধ্যে শীঘ্র শীঘ্র হাত-বদ্লি
করিতে হয়। বাহাই ইউক, তাহারা সাহস ও সমর-উৎসাহে মুরোপীরগণের অপেক্ষা কোন অংশে ন্যুন নহে।

রাজবিপ্লবের পর হৃহতে জাপানী আইনেও অনেক পরিবর্ত্তন হই-ষাছে। ১৮৭১ খুষ্টাবেদ স্কুমংস্কৃত বাৰস্থা-সংহিতা প্ৰথম প্ৰচাৱিত হয়। তাহার নাম "অভিনৰ মূল-বাৰস্থার মূখা অংশ" এবং ১৮৭০ খুটাকৈ আৰ একটি বাবস্তা-সংহিতা প্রচারিত হয়। তাহার নাম "মূল-গত ও শাখা-গত পরিশোধিত ব্যবস্থানলী।" শোগুনাদগের আমলে, চীন-ব্যবস্থারূপ পত্তন ভূমির উপর, জাপোনী আইন স্থাপিত ছিল; এবং ভিন্ন ভিন্ন ডেমি গুদিগের কর্ত্ত্বাধীনে, দেশের ভিন্ন ভিন্ন ভাংশে, এই সকল আহনের প্রয়োগে কিছু ইতর-বিশেষ হঠত। ১৮৭১ খুটাকে যে অসংস্কৃত বাবস্থার প্রচার হয়, তাহাও প্রধানতঃ চান-আইনের উপর স্থাপিত। তবে, তাহার মধ্যে কতকগুলি পরিবর্ত্তন, দেশের পরিবর্তিত অবস্থার উপযোগী করিয়া প্রব-র্ত্তিত হটয়াছিল। তাহার পর ১৮৭৩ খৃষ্টান্দে যে বাবস্থা-সংহিতা প্রচার হয়, তাহাতে যুরোপীয় ব্যবস্থাবলীর আদর্শে আরও অনেকগুলি পরিবর্ত্তন সংসাধিত হয়। এই সকল নূতন আইনে, অপরাধীদিগকে উৎকট শারীরিক ষন্ত্রণা দিবার প্রথা ও অনেক সামাত্র অপরামে মৃত্যুদণ্ড বিধান-প্রথা রহিত করিয়া দেওয়া হয়। এমন কি শারীরিক আঘাতের শান্তি জাপানী আইন হইতে এক্ষণে প্রায় একেবারেই উঠিয়া গিয়াছে।

এক্ষণে তত্ত্বস্থ কারাগারে যুরোপীর নিরমামুদারে করেদিদিগকে নানা প্রকার ব্যবসায় এবং চিত্রকর্ম প্রভৃতি সৌখীন শিল্প-সম্বন্ধে শিক্ষা দেওরা হয়।

দেশের মুদ্রা-প্রচলন-প্রণালীতেও জনেক পরিবর্ত্তন ইইয়াছে। বথন মুরোপীয় ও আমেরিকান বিদেশীয়েরা প্রথম জ্ঞাপানে প্রবেশ করে, তথন জ্ঞাপানীরা স্বর্ণ রৌপাের বিশেষ কোন তারতম্য করিত না। এক ভরি রৌপাের বিনিময়ে এক ভরি স্বর্ণ তাহারা জনায়াদে বিক্রেম্ন করিত। এইরূপে বিনেময়েরা রূপার বদলে জ্ঞাপানের প্রায় সমস্ত সোনা ফাঁকি দিয়া ক্রেম্ন করে। কিন্তু এক্ষণে তাহারা যে মুদ্রা-প্রচলন-প্রণালী প্রবর্ত্তিত করিয়াছে তাহাতে স্বর্ণত আর সমস্ত ধাতুর মুল্যা-পরিমাপকরূপে প্রতিষ্ঠিত এবং মুদ্রা-নির্দ্রাণ-কারথানায় এক্ষণে স্বর্ণ-মুদ্রা, রৌপামুদ্রা এবং ব্রন্জ-ধাতৃর মুদ্রা-সকল মুদ্রিত ইইয়া থাকে। শোগুনের আমলে কাগজ্ঞ-মুদ্রা প্রচলনের প্রথা ছিল। প্রত্যেক ডেমিণর পৃথক্ কাগজ্ঞ-মুদ্রা ছিল—প্রত্যেকের অধিকারের মধ্যেই তাহার প্রচলন ছিল। কিন্তু বর্ত্তমান শাসনাধীনে একটি জ্ঞাতিসাধারণ কাগজ্ঞ-মুদ্রা প্রচলিত ইইয়াছে। তাহাতে কারবার ও বাণিজ্যের জনেক স্বরিধা ইইয়াছে।

জাপানের নৃতন গবর্ণমেণ্ট যে প্রকার ডাক-পত্র বিতরণ-প্রণালী প্রবৃত্তিত করিয়াছেন তাহা দেখিয়া য়ুরোপীয়েরাও অবাক্। পূর্বে জাতি-সাধারণ পত্র-বিতরণ-প্রণালী জাপানে আদৌ ছিল না। পত্র-বিতরণ করা ব্যক্তি বিশেষের ব্যবসায় ছিল। ১৮৭১ খৃষ্টাব্দে গবর্ণ-মেণ্টীয় ডাক-পত্র-বিতরণ-প্রণালী প্রথম আরম্ভ হয়, এক্ষণে তাহার অসাধারণ উন্নতি ও ব্যাপ্তি হটয়াছে। ৬৯১ ডাকঘর, ১২৪ Receiving agencies, ৮০৬ Stamp agencies এবং ৭০০ রাজ্পথস্থ ডাকচিটির বাক্স স্থাপিত হটয়াছে। ১৮৭৬ খুষ্টাব্দে প্রায় ৩০ লক্ষ পত্র বিতরিত

হয়। এবং এই পত্ৰ-বিভরণের সংখ্যা ক্রমেই রুদ্ধি ইইভেছে। বড় বড় নগরে সামাক্ত পত্রের ডাক স্থান্তির নৃত্য (\frac{1}{2}d.) এবং অবশিষ্ট সমস্ত রাজ্যের জক্ত (r d.) মূল্য। এবং পোষ্টকার্ডে ইহার অর্ক্ষেক মূল্য ধৃত হয়। ১৮৭৫ খৃষ্টাব্দে Money order প্রণালী প্রবর্ত্তিত হয়। এবং ডাক-আফিন-সংক্রান্ত Savings Bank-সকল স্থাপিত হয়। একংণ তাড়িত-বার্তাবহের তার চতুর্দ্ধিকে প্রসারিত। এবং বাল্যীর শকটের লোহবত্ম আশাক্ষরপ না হউক ক্রমশংই বিস্তৃত হইতেছে।

ন্তন শাসনাধীনে, শিক্ষা-বিভাগেই সর্বাপেক্ষা অধিক উন্নতি হইরাছে। শোগুনদিগের আমলে, অভিজ্ঞাতবর্গ ও তাহাদিগের অমুচর "সামুরাই" দিগের জ্ঞাই সরকারি পাঠশালা ও বিদ্যালয়-সকল উন্মুক্ত ছিল। সওদাগর, ক্কাৰক, দোকানদার, কারিকর ও মজুরদিগের সন্তানেরা ঐ সকল বিদ্যালয়ে পাঠ করিতে পাইত না।

কিন্তু ন্তন শাসনাণীনে, শিক্ষাবিষয়ক ক্ল-ছারিত। একেবারে তিরোহিত হইল। বিদ্যাশিক্ষা-রূপ মহারত্ব জাতি-সাধারণের পৈতৃক সম্পত্তি বলিয়া. পরিগণিত হইল। সর্বপ্রথমেই শিক্ষার উন্নতি ও বিন্তৃতির জন্ত একটি শিক্ষাবিষয়ক অধ্যক্ষ-সমিতি স্থাপিত হইল (Education board)। এই অধ্যক্ষ-সমিতি কর্ভৃক বৈদেশিক ভাষার শিক্ষালয় ও পূর্ব্বতন কংফুটীয় বিদ্যালয় পুন: প্রতিষ্ঠিত হইল। চিকিৎসাবিদ্যালয় ও চিকিৎসালয়-সকল এই সমিতির অব্যবহিত অধীনে আনীত হইল। বিদেশীয় ভাষা হইতে জ্বাপানীদিগের জন্ত পাঠ্যপুত্তক-সকল সংগ্রহ ও অমুবাদ করিবার নিমিত্ত একটি অমুবাদ-সমিতি স্থাপিত হইল। প্রাথমিক পাঠশালা, উচ্চ পাঠশালা এবং বিদ্যালয়-সকলের পত্তন ও বন্দোবস্ত-বিষয়ে অমুকৃল আইন জারি হইল। বৈদেশিক ভাষার শিক্ষালয়ে, সরকারি ব্যয়ে শিক্ষা দিবার জন্ত, ভাল ভাল ছাত্র নির্বাচিত করিয়া পাঠাইবার নিমিত্ব, রাজ্যের উপবিভাগীয় শাসনকর্তৃপক্ষগণের প্রতি

আদেশ প্রচারিত হটল। এবং পাশ্চাত্য সাহিত্য, বিজ্ঞান ও চিকিৎসা-বিদ্যা শেখাইবার জ্বস্ত ছার্জাদগকে বিদেশে পাঠান হইতে লাগিল।

মিকাডো, টোকিয়ো নগরে পাঠশালা ও উচ্চ বিদ্যালয়-সকল স্থাপন করিবার সঙ্কল করিয়া, পূর্বভন ডেমিগুগণকে নিজ্ঞ দরবার-গৃহে একত্র করিয়া, জাতীয় শিক্ষা-সংক্রান্ত সংস্থারের আবগুকতা প্রতিপাদন করিয়া, গহাদিগের নিকট নিজ্ঞ অভিপ্রায় প্রকাশ করিলেন। তিনি বলিলেনঃ—

'শ্রম ও অধাবসায়ের ফল হস্তগত করিবার নিমিত্ত আর কিছুই করিবার আব্রাক নাই, কেবল জ্ঞানকে পরিক্ষট ও সদ্প্রণ-সকলকে পরিমাজ্জিত করা আবেশ্রক। আর কছট করিবার আবশ্রক নাট, কেবল সমস্ত পৃথিবীর সভাতার অবস্থার প্রতি দৃষ্টি স্থির রাখিতে ইইবে, বাস্তবিক প্রয়োজনায় বিষয়-সকলের অনুশালন করিতে ২০বে, শিক্ষার উদ্দেশে বিদেশে গমন করিতে হওবে, এবং সমস্তই হাতে কলমে শিখিতে হইবে। বাডীতে শিক্ষা করিবার বয়স বাহার অতীত হইয়াছে তাহা-দিগের পক্ষে বিদেশ-ভ্রমণ্ট যথেষ্ট। দেখিয়া-শুনিয়া তাহাদিগের জ্ঞান-চক্র প্রদারিত হুটবে এবং তাহাদিগের বৃদ্ধি উন্নত হুটবে। আমাদের দেশে জী-শিক্ষার কোন পদাতি ন∤ই। সে কারণেও তাহাদের অনেকের মধ্যে বুদ্ধির অভাব লাক্ষত হয়। এতদাতীত, শিশুদিগের শিক্ষার সহিত তাহাদিগের মাতাদিগের শিক্ষার একটা ঘনিষ্ঠ সম্বন্ধ আছে। এ বিষয়ট নিতান্ত গুরুতর বিষয়। নেই জ্বন্ত যাহারা আপন-আপন স্ত্রী, ক্সা, ভগিনাগণকে সঙ্গে করিয়া বিদেশে গমন করে, তাঁহাদিগের আচরণে তিলমাত আপত্তি হইতে পারে না। বিদেশে স্ত্রী-শিকার উৎক্লষ্ট পত্তন-ভূমি কিরূপ এবং শিশুদিগকে শিক্ষা দিবার প্রকৃত পদ্ধতি কি—এই সমস্ত তাহারা অবগত হটতে পারে। তোমরা সকলেই যদি এই বিষয়ে মনোযোগী হও, তাহা হঠলে সভ্যতা-পথে অগ্রসর হওয়া

আমাদের পক্ষে কিছুমাত্র কঠিন হইবে না। আমরা সহজেই অর্থ ও বলের মূল পদ্তন করিতে সমর্থ হইব এবং অনায়াসেই পৃথিবার অস্থান্ত জাতির সহিত সমান-ভাবে টক্কর দিতে পারিব। অতএব তোমরা আমাদের এই সকল বাসনাকে হৃদয়মধ্যে ভাল করিয়া স্থান দাও। বাহাতে আমাদের এই মনস্কামনা পূর্ণ হয়, তদ্বিষয়ে সাহাষ্য করিতে ভোমরা প্রতিতাকে যথাসাধা চেষ্টা কর।"

এট অভিপ্রায়-অন্তসারে জাপানী শিক্ষা-দান-প্রণালীর প্রসর নির্দেশ করিয়া একটি রাজাদেশ প্রচারিত হটল ;—সমস্ত দেশের শিক্ষা-সংক্রাস্ত বন্দোবস্ত-ভাব একমাত্র শিক্ষা-বিভাগের হস্তে থাকিবে। এবং সমস্ত জাপানদ্বীপকে সাতটি চক্রে বিভক্ত করা হইবে। সেই প্রত্যেক চক্রে এক একটি উচ্চ পঠিশালা স্থাপিত হটবে। এই সকল বিভাগে পরিদর্শক নিযুক্ত হটবে, প্রত্যেক পরিদশকের অধানে ২০ কিছা ৩০ট করিয়া পঠিশালা নির্দ্দিষ্ট হটবে। সমস্ত প্রেজা—কি অভিজাতবর্গ, কি সম্নান্তগণ, কি ক্লযক, যাহারা পাঠশালায় পাঠ করিবে, এই বিষয় পরিদর্শককে ভাহাদিগের জ্বানাইতে হইবে এবং কোন পরিবারের বালকেরা যদি পাঠশালার গমন না করে, তাহা হটলে পরিদর্শককে বথারীতি তাহার কারণ জানাইতে হইবে। ছয় মাদ ক।ল, দিনের মধ্যে ৫ ঘণ্ট। করিয়া পাঠের সময় নির্দ্দিষ্ট এবং শিক্ষা-অণিষ্ঠানগুলি, উচ্চ, মধাম, প্রথম এই তিন প্রকার পাঠশালায় বিভক্ত হইবে। টোকিয়ো বিশ্ববিদ্যালয়ের উপাধিধারী যোগ্য বাক্তিগণ ঐ সকল পাঠশালার শিক্ষকরূপে নিযুক্ত হুইবে। এই প্রকার স্বদেশে শিক্ষা-লাভের উৎক্কষ্ট বিধান ব্যতীত, কতকগুলি ছাত্রকে শিক্ষা দিবার জ্বন্ত সরকারি ব্যয়ে বিদেশেও পাঠাইতে হইবে। এই শিক্ষা-সংক্রাস্ত বিধি এত শীঘ্র কার্যো পরিণ্ত হটয়াছিল যে উহা প্রচারিত হইবার ১৮ মাস পরে সাধারণ শিক্ষার প্রতিনিধি মন্ত্রী এইরূপ বিবরণ প্রকাশ করেন যে, ১৭৯৯টি অসরকারি ও ৩৬৩০টি সরকারি পাঠশালা স্থাপিত হইরাছে। ঐ সকল পাঠশালার ৩০৮,৪৬০ পুরুব ছাত্র, ও ১০৯,৬০৭ ছাত্রী—এবং উচ্চ পাঠশালার ৩০,০০০ ছাত্র, সর্বান্তন্ধ ৪৮০,০০০ ছাত্র। অর্থাৎ সমস্ত লোক-সংখ্যা ধরিতে গেলে প্রতি ৬৮ ব্যক্তির মধ্যে একজন করিয়া ছাত্র। ১৮৭২ খৃষ্টাব্দ হইতে এই ছাত্রসংখ্যা ক্রমশঃই বৃদ্ধি হইতেছে। সমস্ত ছাত্রের সংখ্যা ক্রমণে প্রায় ৭০০,০০০। ভাষা-বিদ্যালয়ে ইংরাজি, জর্মাণ, ফরাসিন্, রুশীর এবং চীন ভাষা শিক্ষা দেওয়া হয়। ইংরাজি ভাষা-শিক্ষার কিছু প্রাধান্ত দেখা যায়। ৪০০০ ছাত্র, ফরাসিন্ ও জর্মাণ ভাষা শিক্ষা করে, ৮০০০ ছাত্র, ইংরাজি শিক্ষা করে। ছাত্রেরা প্রায়ই শিষ্টাচারী, শিক্ষামূরক্ত এবং প্রক্তন সভাব। আমাদের কালেজের ছাত্রদিগের ন্তায় ভাহারাও অনেকে চক্কুকে অতিরিক্তরূপে থাটাইয়া চন্মা পরিতে বাধা হইয়াছে— এবং অনেকে পরীক্ষায় উত্তীর্ণ হইবার উৎসাহ ও উরেগে আপনার স্বাস্থ্য বিসর্জন করিয়া থাকে—এমন কি, কেহ কেহ উন্মাদগ্রন্তও হয়।

বিদ্যালয়ে কোন বিশেষ ধর্ম্মের শিক্ষা দেওয়া হয় না। ধর্ম-শিক্ষার ভার বৃদ্ধ ও সিন্ত-ধর্মের পুরোহিতদিগের প্রতি ক্রস্ত । একণে সিন্ত-ধর্মাই জ্ঞাপানের রাজপালিত ধর্ম । উহাই জ্ঞাপানের প্রাচীন ধর্ম । যে সকল দেবতা সিন্ত-ধর্ম-প্রাণের অন্তর্গত, তাহাদের মধ্যে সকলের পূজা হয় না। কেবল তেন-সিরোদাই-জ্ঞিন-নামক এক দেবী আছেন—তিনি জ্ঞাপানের অধিষ্ঠাতী দেবী—তাঁহারই পূজা হয় । কিন্তু তিনি এত উচ্চ ও শক্তিমতী যে অব্যবহিতরূপে তাঁহার উপাসনা হইতে পারে না। কামী নামক যে সকল উপদেবতা ও মানব-দেবতা আছে তাহাদিগকে মধ্যবর্ত্তী করিয়া তাঁহার উপাসনা করিতে হয় । ইহাদিগের মধ্যে বিনি শেষ মন্ত্র্যা-পূক্ত রাধিয়া যান, তাঁহার নাম জ্ঞিক্ম্ম্ —ইহা হইতেই জ্ঞাপানের মিকাডো সমাটবংশ প্রস্ত হইয়াছে। এই জ্ঞাই সমাট সিন্ত্র্ধর্মাবলম্বা। প্রাচীন

অভিজ্ঞাতবর্গ ও মন্ত্রিবর্গের অনেকেই সিস্তু-বর্মাবলম্বী—অনেকে আবার অভিনব পাশ্চাত্য সভ্যতার আলোকে অন্ধ হইয়া, আমাদের দেশের স্থায় সন্দেহবাদী হইয়া পড়িয়াছে—তাহারা কোন ধর্মাই মানে না।

অক্তান্ত উন্নতির দঙ্গে, জাপানী ভাষা ও সাহিত্যেরও উন্নতি হইয়াছে। Mossman বলেন পূৰ্বাঞ্চলে যত ভাষা আছে তন্মধ্যে জাপানী ভাষায় কথোপকথন শুনিতে দ্রবাপেকা মিষ্ট লাগে। সাধারণ লোকে যে ভাষায় কথা কহে তাহাই কেবল মিষ্ট, কিন্তু উচ্চ শ্রেণীর লোকেরা যে ভাষার কথা কহে তাহা অনুমা কঠোর, কদর্য্য ও গম্ভীর ধরণের। ইহাই কেতাবী ভাষা। ইহাতে চানীয় শব্দের প্রাচুর্য্য দৃষ্ট হয়। অভিজ্ঞাত-বর্গ ও পণ্ডিতমণ্ডলী তাহাদের ভাষায় অধিক পরিমাণে চীনীয় শব্দ প্রায়োগ করিতে ভালবাসিতেন। অন্যান্ত পরিবর্তনের ন্যায়, এই ভাষা-গত রুদ্ধ-দ্বারিতাও ক্রমশঃ চলিয়া যাইতেছে, সাধারণ লোকের কথিত ভাষা সমাজে ক্রমশ: পদোরতি লাভ করিতেছে। এই চলিত ভাষার বিদেশীয় ভাষার পুত্তক-সকল যেরপ অনায়াসে অমুবাদিত হইতে পারি-তেছে সেরূপ পূর্বে হইতে পারিত না। চীনের স্থায় জাপানের ভিন্ন ভিন্ন প্রদেশে ভিন্ন ভিন্ন ভাষা উপভাষা প্রচলিত নাই। উহাও জাতীয় সাহিত্যের পক্ষে কম স্থবিধা নয়। এক্ষণে সচরাচর কথাবার্দ্রায় ও পুস্তকে চীনীয় বাকা সকল পরিতাক্ত হইয়াছে, কিন্তু তাহার পরিবর্তে অক্সান্ত বিদেশীয় শব্দ ও ধরণ (বিশেষতঃ ইংরাজি) প্রচলিত হইতেছে। ইংরাজ্বিরই অধিক প্রাধান্ত, কারণ বিদেশীয় দুতদিগের সহিত রাজ-কার্য্য-সংক্রাম্ব যে কথোপকথন হয় তাহা ইংরাজি ভাষাতেই হইরা থাকে। এতহাতীত, প্রথম পাঠাপুত্তক-সকল হাহা দেশীর্মদণের জন্ম প্রকাশিত হয় তাহাতে স্বাপানী ও চীনীয় অক্ষরের পরিবর্ত্তে রোম্যান অক্ষর ব্যবহৃত হইতে আরম্ভ হইয়াছে। কিন্তু প্রথাটি কতদুর কাতীয় সাহিত্যের উন্নতি-পক্ষে সহকারী সে বিষয়ে বিলক্ষণ সন্দেহ আছে।

জাপানে সপ্ত শতাব্দীতে কাগজ উদ্ভাবিত হয়। এই কাগজ উদ্ভাবনের পর হইতেই জাপানের লিখিত ভাষার প্রভূত উন্ধতি হয়। যুরোপে মুদ্রাযন্ত্র উদ্ভাবিত হইবার ২৫০০বংশর পূর্বের, ১২০৬ খুঠাকে জাপানে চীন-প্রণালী-অমুশারে মুদ্রাহ্বন-প্রথা প্রচলিত হয়। জাপানী সাহিত্যে অনেক কবিতা ও দর্শন-বিষয়ক গ্রন্থ আছে। এই সকল উচ্চ শ্রেণীর পুস্তক, উচ্চ শ্রেণীর লোকেরাই পাঠ করে। সাধারণের পড়িবার জন্ম অনেক গল্পের বই আছে। কিন্তু তাহার নীতি সেরপ বিশুদ্ধ নহে। নীতিতত্ব-বিদ্যা, ইতিহাস, এবং প্রাকৃতিক বিজ্ঞানের পুস্তক-সকল কার্চ-থোদিত রঙ্গিন চিত্রদ্বারা বিচিত্রিত। এবং তাহাদিগের অনেক শিক্ষ-সংক্রান্ত গ্রন্থ আছে। জাপানের ইতিহাসও অনেক। জাপানী সাহিত্যে নাটক অধিক নাই— যাহা আছে তাহা প্রায়ই ঐতিহাসিক। অনেকগুলি নাটক কবিতা-পূর্ণ ভাষায় লিখিত এবং একএক জারগায় বেশ লগ্ধ-মাফিক উত্তর-প্রভূত্তর। জাপানী সাহিত্যে নাটক অপেকা কবিতার অধিক প্রাচুর্য্য বড় বড় কবিতা খুর কম। ছোট ছোট কবিতা ও গীতের ভাগই অধিক। একটি খুর হুংথের গান নিয়ে অনুবাদ করিয়া দেওয়া হুইতেছেঃ—

বাতাসে অশথপাতা পড়িছে খসিরা,
বাতাসেতে দেবদাক উঠিছে খসিরা!
দিবসের পরে বসি রাত্রি মুদে আঁথি,
নীড়েতে বসিরা যথা পাহাড়ের পাখী।
শ্রাস্ত পদে ভ্রমিতেছি নগরে নগরে,
বিজ্বন অরণ্য দিরা পর্বত সাগরে।
উড়িয়া গিরাছে সেই পাখীট আমার,
খ্রীরা বেড়াই তারে সমস্ত সংশার॥
দিন রাত্রি চলিয়াছি—শুধু চলিয়াছি,
ভুলে বেতে আমি যে গো ভূলিয়া গিরাছি।

আমি যত চলিতেছি রৌদ্র বৃষ্টি বারে,
হুদর আবার তত যেতেছে পিছারে;
হুদর রে, ছাড়াছাড়ি হ'ল তোর সাথে,
এক ভাব রহিল না তোমাতে আমাতে।
নীড় বেঁধেছিফু যেথা, বা রে সেইখানে,
একবার ডাক গিয়ে আকুল পরাণে;
কে জানে, হ'তেও পারে, সে নীড়ের কাছে
হরতো পাথীটি মোর লুকাইয়া আছে।
কেঁদে কেঁদে বৃষ্টি-জলে আমি ভ্রমিতেছি,
ভুলে যেতে আমি যে গো ভুলিয়া গিয়াছি।

দেশের স্বাই জানে কাহিনী আমার,
বলে তারা—"এত প্রেম আছে বা কাহার ?
পাখী সে পলায়ে গেছে কথাটি না ব'লে,
এমন তো সব পাখী উড়ে যায় চ'লে।
চির দিন তারা কতু থাকে না সমান,
এমন তো শত শত রয়েছে প্রমাণ।
ডাকে আর গায় আর উড়ে যায় পরে,
ইহা ছাড়া বল তারা আর কিবা করে!
পাখী গেল যার, তার এক হঃখ আছে,
ভূলে মেতে তারে দে যে ভূলিয়া গিয়াছে।"

সারাদিন দেখি আমি, উড়িতেছে কাক, সারারাত শুনি আমি পেচকের ডাক। চক্র উঠে অস্ত বায় পশ্চিম সাগরে, পুরবে তপন উঠে, জলদের স্তরে। পাতা ঝরে, শুল্র রেণু উড়ে চারিধার, বসস্ত মুকুল একি, অথবা তুষার ? জ্বান্য, বিদায় লই এবে তোর কাছে, বিলম্ব হইয়া গেল, সময় কি আছে ? শাস্ত হরে, একদিন স্থা হ'বি তবু, মরণ সে ভূলে যেতে ভূলে নাক' কভু।

বিশ্ববিদ্যালয়ের ছাত্রগণ জ্বাপানী ভাষায় প্রথম সংবাদপত্র প্রকাশ করে। তাহার পর হইতে অনেকগুলি সংবাদ পত্রের বৃদ্ধি হইয়াছে। কোনটা ০ দিন অস্তর, কোনটা ০ দিন অস্তর প্রকাশিত হয়। একটির নাম "বান্কোকু সাংস্থমা" অর্গাৎ সকল দেশের সংবাদ। "বান্কোকু ওমনা" নামে মহিলাদিগের জ্বন্থ একটি বিশেষ সংবাদপত্রও আছে। সংবাদপত্র-সকল সত্রেজ ভাষায় লিখিত হওয়ায় অত্যন্ত লোকপ্রিয় হইয়াছিল—ক্রমে উৎসাহ পাইয়া উহারা রাজ্ব-সরকারের নামে স্পষ্ট নিন্দাবাদ আরম্ভ করিল। স্মাট, মুদ্রাযন্ত্র-সংক্রান্ত একটি আইন প্রচারিত করিলেন এবং সেই আইন-অনুসারে কোন কোন সম্পাদকের দণ্ড হইল। কিন্তু তাহাতেও বিশেষ কোন ফল হইল না। স্মাট একণে আর একটি উপায় অবলম্বন করিলেন—উহার মধ্যে একটি সংবাদপত্রকে নিজ্ব আশ্রমাধীনে আনিয়া তাহাকেই আপনার মুখ্পাত্র করিয়া তুলিলেন।

দীপ-মন্দির নির্মাণ, রাজপথ ও সেতুর উন্নতি সাধন, জ্বাপানীদিগের বাণিজ্য-সাহদ ও ব্যবসায়-উদ্যম উত্তেজিত করিবার জ্বন্ত লোহকারথানা, রেশম ও কাগজ্বের কারথানা-সকল স্থাপন করিয়া, বর্ত্তমান সমাট জ্বাপা-নের অলেব উন্নতি সাধন করিয়াছেন। জ্বাপানে অনেকগুলি থনি আছে —সেই সকল খনির কার্য্য, যুরোপীয় তন্ত্বাবধানে নির্বাহ হয়। তাহাতে, দেশের অনেক মজুর প্রতিপালিত হইয়া থাকে। বে সকল ক্বব্য বিদেশে চালান হর তাহার মধ্যে চাও রেশমই প্রধান। প্রতি বৎসর প্রায় ৭ কোটি টাকার বাণিজ্ঞা হয়। জাপানের ভূমি অত্যন্ত ফলবতী, জলবামুও স্বাস্থ্যপ্রাদ। তবে, ভূমিকম্প জ্ঞলাবন প্রভৃতি কতকগুলি প্রাকৃতিক উপদ্রব আছে। জ্ঞাপানীদিগের প্রধান খাদ্য ভাত ও তাহারা বাঙ্গালীর ক্রায় মংস্থাপ্রিয়। অত্রব দেখা যাইতেছে, খাদ্যের প্রকৃতির উপর জাতার মহত্ব ততটা নির্ভর করে না। ইহা হইতে, মংস্থের কাঙ্গালী ভেতো বাঙ্গালীর ক্রকটা আশার উদ্রেক হইতে পারে। যাহা হউক, এই সকল উন্নতির পরিচয় পাইরা, আমাদের বাঙ্গালী কবি কি জ্ঞাপানকে এখনও "অগভা জ্ঞাপান" বলিতে সাহসী হইবেন ?

কি করিয়া এত শীঘ্র জাপানের উন্নতি হইল তাহার মূল অনুসন্ধান করিতে গেলে দেখা যায়, রাজা হইতে সামাত প্রজা পর্যান্ত সকলেরই হাৰ বে প্ৰগাঢ় নিঃস্বাৰ্গ দেশহিতৈ যিত। বিদ্যমান। জ্বাপানী ইতিহাসে অনেক সময়ে তাহার পরিচয় পাওয়া গিয়াছে। আমাদের ক্সায় তাহারা বাক দর্বস্থ দেশামুরাগী নহে। কিনে জাপানের উন্নতি হয়, কিনে দমন্ত সভা জাতিদিগের সহিত জাপান একাদনে উপবেশন করিতে পারে --ইহাই জাতিদাধারণের ও সমাটের জপমালা। এককালে জাপান সমস্ত এদিয়ার মধ্যে যে প্রবলতম জাতি হইবে তাহার আভাদ এখন হইতেই দেখা যাইতেছে। চীন হয়তো সর্বাপেক। প্রবলতম জাতি হইতে পারিত। কারণ জাপান অপেকা চীনের উদ্রাবনী শক্তি অধিক। কিন্ত তাহার অভাদরের পক্ষে অনেকগুলি প্রতিবন্ধক আছে, প্রথমতঃ এখন ও চীনে কৃত্ধ-দ্বাব নীতির প্রাত্রভাব। ষতই উন্নতিঙ্গনক হউক না, বিদেশীয় বিষ্ণাতীয় অনুষ্ঠান চীন কোন ক্রমেই স্বদেশে প্রবর্ত্তিত করিবে না; ষাহা চিরকাল চলিয়া আসিতেছে তাহাই রক্ষা করিবে। দ্বিতীয়তঃ, চীন-দেশ এত বুহৎ ও তাহার বিভিন্ন প্রদেশে এত বিভিন্ন ভাষা প্রচলিত যে সম্পূর্ণ একতার পক্ষে বিলক্ষণ ব্যাঘাত হইবার সম্ভাবনা। তৃতীয়তঃ, চীনে বে

অহিফেনের বিষ প্রবেশ করিয়াছে তাহাতে ও জাতি-সাধারণের বলবীর্য্য ক্রমশই স্থাস হইবার কথা। জ্ঞাপানীরা অহিফেন সেবন করে না, এবং অহিফেন-বাণিজ্য জ্ঞাপানে রাজবিধি-ছারা নিষিদ্ধ। কিন্তু কুন্তুকর্ণের স্থায় চীনের যদি একবার নিদ্রাভঙ্গ হয়, তাহা হইলে এসিয়ার কোন জ্ঞাতিই তাহার সহিত আঁটিয়া উঠিতে পারিবে না—এমন কি য়ুরোপকে পর্যান্ত সাশক হইতে হইবে। কিন্তু সে ঘুম শীঘ্র ভাঙ্গিবার নহে। তাহাতে আবার, অহিফেনরূপ ঘুম-পাড়াইবার ঔষণ তাহারা অপর্য্যাপ্ত ব্যবহার করিতে আরম্ভ করিয়াছে। অভএব, চারিদিককার যেরূপ ভাবগত্তিক ও স্ফানা দেখা যায়, তাহাতে বলা যাইতে পারে যে এক সময়ে, জ্ঞাপানীরা ইংলণ্ডের স্থায় একটি কুদ্র দ্বীপে অরিষ্টিত হইয়া, সমস্ত এসিয়ার অদ্ট নির্মিত করিবে—কে বলিতে পারে হয় তো আমরাই চিরপরাধীন ভারতবাসী এক দিন আবার জ্ঞাপানের কর-কবলে পতিত হইব। *

ইংলণ্ডে স্বাধীনতার উন্নতি।

আজকাল আমাদিগের মধ্যে স্বাধীনতার একটা ধ্রা উঠিরাছে,।
পুত্র পিতার অবাধ্য হইয়া স্বাধীন হইতে চাহে, শিষা গুরুকে অগ্রাস্থ
করিরা স্বাধীন হইতে চাহে, স্ত্রী স্বামীর শাসন কঠোর মনে করিরা স্বাধীন
হইতে চাহে। বাঙ্গালী জাতি "নাকে মুখে গুঁজে হুটো আলু ভাতে ভাত" সভার সমর-অঙ্গনে, কথার তোপে ইংরাজদিগকে উড়াইরা ভারত-উদ্ধার করেন। তাঁদের যুক্তিপ্রণালী এইরপ—

> ইংরাজ মানুষ ইংরাজ স্বাধীন বাঙ্গালী মানুষ

অত্ত্ৰুৰ ৰাঙ্গালী কেন না স্বাধীন ?—

কিন্ত ইংরাজেরা যে কত যুগ্যুগান্তর হইতে যুঝাযুঝি করিয়া, কত রক্তপাতের পর অলে-অলে দোপান-পরম্পরা অবলম্বন করিয়া তবে স্বাধীনতা-শিখরে আরোহণ করিয়াছেন তাহা আমরা অনুধাবন করিয়া দেখি না—আমরা বালকের স্থায়, বাতুলের স্থায় একলন্দে তহুপরি আরোহণ করিতে আকাজ্জা করি, স্কতরাং জগতের সমক্ষে হাস্থাস্পদ হইয়া পড়ি। ইংরাজদিগের স্থায় আমরাও স্থানীন হইব এই উচ্চ আশা অন্তরে পোষণ করিবার পূর্বের, কি করিয়া তাহারা স্বাধীনতা অর্জ্ঞন করিলেন তাহা আমাদিগের আলোচনা করা স্বাধিতা কর্ত্তর।

অধুনা ফ্রান্স-দেশের ইতিহাস, ইতর-লোক্দিগের অপরিমিত আধিপত্যেরই ইতিহাস;—উহা স্বাধীনতার ইতিহাস নহে। পক্ষান্তরে, ইংলত্তের ইতিহাস প্রকৃতরূপে স্বাধীনতারই ইতিহাস;—ইতরলোক্দিগের ব্যেচ্ছাচারের ইতিহাস নহে। রাজ্যের প্রাচীনতার উচ্ছিন্ন না ক্রিয়া

কিরূপে সাধারণ প্রজাগণ নিজস্ব অধিকার ক্রমণঃ অর্জন, রক্ষণ ও বর্দ্ধন করিয়াছে তাহাই ইংলণ্ডের ইতিহাসে স্পষ্টরূপে প্রকাশ পায়। ইংলণ্ডের ইতিহাস সংস্কারের ইতিহাস, তাহা বিপ্লবের ইতিহাস নহে। * ইংলণ্ডের ইতিহাস এক-নারক হল্লের ইতিহাস, কিন্তু এই এক-নারক ভল্লের অধীনে প্রজাবর্গ সাধারণ-তন্ত্র-স্থলত সমস্ত স্বাধীনতাই অর্জন করিয়াছে। † যে দেশে একরাজ্বতন্ত্র, অভিজ্ঞাত্তন্ত্র ও সাধারণ-তন্ত্রের।অপূর্ব্ব সম্মিলন, সেই দেশের ইতিহাসের নামই ইংলণ্ডের ইতিহাস। ‡

স্বরং প্রক্কৃতিই ইংলপ্তকে বণিক ও নাবিকের আবাসভূমি করিয়া নির্মাণ করিয়াছেন। ইংলপ্ত-দ্বীপে এই জ্বন্ত উহার অধিবাসিগণের মধ্যে অধিকাংশ ব্যক্তিই সমৃদ্রের দহিত পরিচিত এবং উহার উপকৃলে এত ক্ষুদ্র ক্ষুদ্র উপসাগর, খাড়ি ও স্বাভাবিক বন্দর-দকল অবস্থিত, যে উহা নাবিকতার পক্ষে অতীব অমুকৃল। ভূগোল-মধ্যে ইংলপ্তের যেরূপ

- * Il en est de meme dans tout le cours de l'histoire d' Angleterre: Jamais aucun element ancient ne fait completement, Jamais ancient element nouveau ne triomphe tout-a-fait, Jamais ancun principe special ne parvient a une domination exclusive. Il y a toujours developpement semultane des desserentes forces, transactions entre leurs pretentions et leurs interets—Guizot, Hist. de la Civ. 335.
- † M. Thiers, speaking in the National Assembly, at Merseilles, on June 8.1871, declared that he found greater liberty existing in London than in Washington.—Times, June 10, 1871. In a recent political satire, the constitutional monarchy has been irreverently described as a democratic republic tempered by snobbism and corruption—Prince Florestan.
- † M. le Play says, England is patriarchal in the home, demorcratic in the parish, aristocratic in the country, and monarchical in the state—La constitution d'Angleterre. 1876.

স্থান-সন্ধিবেশ তাহাতে অনেক জাতির সহিত বিষ্ণৃত ৰাণিজ্ঞা-স্থ আবদ্ধ হইবার পক্ষে উহার স্থানতা আছে। ইংলণ্ডের পূর্বাদিকে নেদর্লাণ্ড ও উত্তরদিকে উত্তর-মুরোপ; দক্ষিণদিকে ফ্রান্স ও স্পোন-দেশীয় উপকৃল উহার নিকটবর্তী; পশ্চিমদিকে বিশাল আটলাণ্টিক-মহাসাগর। পৃথিবীর বাণিজ্ঞা-পথ ইংলণ্ডের জন্ম চারিদিকে উনুক্র।

ইংলণ্ডের বায়ু যদিও ফ্রান্সের ন্থায় তত স্থমধুর নয়, কিন্তু উহা নাতিশীতোক্ষ, স্বাস্থ্যকর ও বলপ্রদ যদিও ইংলণ্ডের বায়ু পরিবর্ত্তনশীল,
আর্দ্র এবং অনেক সময় দারুণ কইপ্রদ, কিন্তু তথাপি অতিরিক্ত শীত,
অতিরিক্ত গ্রীয় হইতে একেবারে বিবর্জ্জিত। যে সকল বলবান্ জাতি
বিভিন্ন সময়ে এদেশে আসিয়া বাস করিয়াছে, তত্তাবতেরই বল শক্তি
উদাম উহার আবহাওয়া-গুণে বর্দ্ধিত হইয়াছে; এই উত্তরদেশীয় দ্বীপটি
আরাম ও বিলাসের আবাস-ভূমিরূপে সঙ্কল্লিত হয় নাই; উহা যুদ্ধ,
মৃগয়া, সাহস, কই, বলবিক্রম, মহ্বা ও প্রক্রেতির সহিত যুঝাযুঝি, দৃঢ়
প্রতিক্রা, অটল বিশ্বাস, ও পুরুষোচিত স্বাধীন ভাবের আবাস-রূপে
স্থাই হইয়াছে।

ইংলণ্ডের মৃত্তিকা সাধারণতঃ উর্জ্বরা। ফ্রান্সের ভার ইহার ক্ষেত্র-সকল বিচিত্র প্রাচ্থ্য-সম্পদের আম্পদ না হইলেও, পশুপালনের জন্ত — বিশেষতঃ অশ্বকুলের বর্জন ও উন্নতির জন্ত ইহা চির-প্রাসিদ্ধ। ইংরাজ-ক্লমকের পরিশ্রম ও পটুতার দিব্য ফদল উৎপন্ন হয় বটে, কিন্তু আমাদের দেশের ভার প্রকৃতির বদান্ততার উপর উহারা সম্পূর্ণ নির্ভ্র করিতে পারে না। মাথার ঘাম পারে ফেলিয়া তবে সেখানকার ক্লমকেরা কিঞ্চিৎ ফললাভ করিতে পারে। তত্রস্থ পরীগ্রামের প্রাকৃতিক দৃশ্য অতীব বিচিত্র। স্বদৃষ্ঠ ক্রে পর্বত, উপত্যকা, বনভূমি, ছোট ছোট আকা-বাকা নদী, বিচিত্র মাঠ-ময়দান, এই সকল সেখানকার বিশেষ লক্ষণ। যে জাতি গ্রাম্য জীবনের আরাম উপভোগে সমর্থ, প্রকৃতিদেবী সেই জাতির উপযুক্ত

আবাসরপেই যেন ইংলগুকে সৃষ্টি করিয়াছেন। এক জন ফরাসী, নগরে থাকিয়া যেরপ সুখী হয়, আর কোথাও থাকিয়া সেরপ সুখী হইতে পারে না। একজন ইংরাজ রাস্তায় মুমূর্ব্ ইইয়া পড়ে, কিন্তু পর্বত-পার্মে, নদীতট ও সমুদ্র-উপকূলের মুক্ত বায়ুতে সে যেন নৃতন জীবন পার; এবং ইংরাজদিগের এই. স্বাভাবিক চিরস্তন পল্লী-প্রেম, ইংলগ্রের সমাজ ও রাজনৈতিক অবস্থার উপর বিলক্ষণ প্রভাব বিস্তার করিয়াছে।

ইংলপ্তের আর একটি বিশেষ প্রাক্কৃতিক লক্ষণ তাহার থনিজ্ঞাত-ঐশ্বর্য।
মৃদক্ষার, লৌহ, টিন্, দস্তা, তাঁনা প্রভৃতি ইংলপ্তে যেরপ প্রচুর, এরপ
মুরোপের আর কোন দেশেই দৃষ্ট হয় না। প্রকৃতিদেবী ইংলপ্তকে যেমন
একদিকে সমুদ্র-বাণিজ্যের জন্ম নির্মাণ করিয়াছেন, তেমনি আবার
তাহাকে সর্বপ্রকার শিল্পের আধার করিয়া স্বষ্টি করিয়াছেন। কিন্তু বিনা
পরিপ্রমে, বিনা কষ্টে, নিরাপদে এই খনিজ্ঞাত-ঐশ্বর্যা লাভ করিবার উপায়
নাই। যেরূপ সমুদ্র-গর্ভে সেইরূপ খনিগর্ভেও নানা প্রকার ভয়ানক
বিপদের সন্তাবনা; কি সমুদ্রে, কি ভূগর্ভে, বাবসায়ের উদ্দেশে তাহাদিগকে কতই পরিশ্রম স্বীকার করিতে হয়, কতই কষ্ট সন্থ করিতে হয়,
এমন কি সময়ে সময়ে স্বাস্থ্য ও প্রাণ পর্যান্ত অকাতরে বিসর্জন
করিতে হয়। আরও দেখা যায়, স্বাভাবিক শারীরিক বল ও দৃঢ্তাপ্রযুক্তই উহারা মুরোপীয় সমস্ত শ্রমজীবীদিগের মধ্যে প্রাণান্ম লাভ
করিয়াছে। এই প্রকার শারীরিক ও নৈতিক বল-প্রভাবেই রুটিস জ্বাভি
সভ্যতা, সামাজিক উন্নতি ও রাজ্ঞনৈতিক স্বাধীনতার দিকে স্থিরভাবে

রোমীরদিগের রাজত্বকাল হইতে, ইংলগু কি করিয়া ক্রমশঃ স্বধীনতাশিখরে ক্ষারোহণ করিল তাহা সবিস্তরে বর্ণনা করিতে গেলে একটি
বৃহৎ গ্রন্থ শিখিতে হয়, এই স্বল্লায়তন প্রবন্ধ তাহার উপযোগী নছে।
এই উনবিংশতি শতাব্দির মধ্যে ইংলগু কি কি অন্দোলন উপস্থিত

হইয়াছে ও তাহার ফল কি হইয়াছে তাহাই এই প্রবন্ধে সংক্ষেপে বির্ত করা যাইতেছে। আমাদিগেরও এক্ষণে আন্দোলনের কাল উপস্থিত। নানা বিষয়ের আন্দোলন করিয়া ইংলণ্ডে কিরূপ উন্নতি সাধিত হইয়াছে, তাহা আলোচনা করিবার ঠিক এই সময়।

তৃতীয় অর্জের রাজ্যকাল হইতেই ইংলণ্ড ক্রতগতি উন্নতি-পথে আগ্রার ইইয়াছে। আমেরিকার উপনিবেশ-স্থাপন ও নেদর্ল্যাণ্ডের বাণিজ্য স্থাস হওয়া-অববি, নাবিকতা, বাণজ্য ও শিল্পকার্য্যে ইংলণ্ড উন্নতি-পথে ক্রমাণত অগ্রাসর হইতেছিল বটে, কিন্তু এই উনবিংশতি শতাব্দীর আরম্ভ হইতেই, এই উন্নতি আরণ্ড বিশেষরূপে পরিলক্ষিত হয়। এই সময়ে লোকসংখ্যা অত্যন্ত বৃদ্ধি হইল। * (প্রধানতঃ নগর ও উপনগরে); ক্রমিবিদ্যা প্রোৎসাহিত হইল এবং ক্রমিকার্য্য উন্নতি ও বিস্তৃতি লাভ করিল। কিন্তু বাণিজ্য ও শিল্প, ক্রমিকার্য্যকেও ছাড়াইয়া উঠিল। † পুর্বে ভূমিই ধনাগমের প্রধান উপায় এবং প্রজ্ঞাবর্গের প্রধান উপজীবিকা ছিল, একণে ভূমির আদর অনেকটা থব্ব হইল। অল্পনারের মধ্যেই বিস্তৃত নগর-উপনগর-সকল সমুখিত হইতে লাগিল। লণ্ডনের লোকসংখ্যা সমস্ত স্বটলণ্ডের সমান হইয়া উঠিল। Liverpool, Manchester, Bermingham, Leeds, Sheffield এবং Glasgow প্রভৃতি নগর, বড় বড় রাজ্যের রাজ্যানীর স্থায় প্রাধান্য

^{*} In 1801 the population of Great Britain was 10,942,854, in 1831, it had increased to 16,539,378. Population Return of 180131801; Porter, Progress of the nation. Chap I.

^{† 1}u 811,1895, 998 fomilies were employed in agriculture in Great Britain, and 129,049 in trade and manufactures; in 1831, 967,134 families were employed in the former and 1,434,873 in the latter. In 1841, 1480,785 persons were employed in agriculture and 3,092,787 in trade and manufactures.—Porter, Chap 1.

লাভ করিল। স্থতাকাটার কল এবং বাষ্পীয় যন্ত্রের আবির্ভাবে, পশম ও তৃলাব্ধাত দ্রবার কারখানা-সকল প্রভূত উদ্যম ও উত্তেব্ধনা লাভ করিল এবং সেই সকল দ্রব্য সমস্ত পৃথিবীকে ইংলগু যোগাইতে লাগিল। লোহ প্রভৃতি ধাতু এবং যন্ত্রের কারখানায় খুব কাব্ধ চলিতে লাগিল। এই সকল প্রমন্ধ শিল্পের উন্নতির সঙ্গে সঙ্গে খনি-খনন-কার্য্যেরও উন্নতি হইল।

থাল খনন-দারা নাব্য নদীর উন্নতি সাধন ও উৎক্কৃষ্ট রাজ্পথ নির্মাণ এবং বাষ্পীয় শকট ও বাষ্পীয় পোতের আবির্ভাবে, আভ্যস্তরিক গতি-বিধি ও বৈদেশিক বাণিজ্যেরও যৎপরোনাস্তি স্ক্রিধা হইল।

Arkwright Watt এবং Stephenson ইংল্ড ও পৃথিবীর শিল্পরাজ্যে মহাবিপ্লব আনয়ন করিয়া সমাজকে সম্পূর্ণরূপে পরিবর্ত্তিত করিষা তুলিলেন। ধনী সদাগর, পোতাধিকারী ও কারখানাওয়ালারা ঐশ্বর্যোও মানমর্যাদায় জ্ঞামদারদিগের প্রতিদ্বন্দী হইয়া উঠিল। সহস্র সহস্র ব্যবসাদার, উন্নতিশীল প্রজাগণের বিবিধ অভাব মোচন করিয়া ধনী হইয়া উঠিল এবং ক্লবকের সংখ্যা-অপেক্ষা শিল্পীর সংখ্যা বৃদ্ধি হুটতে লাগিল। সামাজিক পরিবর্তনের ইহাই শেষ সীমা নহে। মূলধন ক্রমাগত বৃদ্ধি প্রাপ্ত হওয়ায়, একদল স্বাধীন সন্ত্রান্ত লোক এবং আর একদল নৃতন মধ্যম শ্রেণীয় ভদ্রলোকের উৎপত্তি হইল। ইহারা জমি-দারও নহে, বণিকও নহে; অথচ রাজনৈতিক ক্ষমতা হটতে ইহাদিগকে বঞ্চিত করাও চলে না। Bath, Cheltenham, Leamington, Brighton, Hastings, अवर नुखुन्त डिश्नग्र-मक्न, हेश्निश्त्रहे সংখ্যা ও ঐশ্বর্যোব সাক্ষা প্রদান করিতেছে। দেশের সাধারণ উন্নতিতে জমিদারগণও পূর্বাপেক্ষা আরও ধনী হইয়া উঠিল এবং তাহাদিগের পদোটিত কর্ত্তবা সাধন করিয়া স্বকীয় চিরাগত স্থানিক আধিপতা বজায় রাখিল। কিন্তু পূর্বের স্থায় তাহাদিগের আর অবিস্থাদিত প্রাধান্ত

রহিল না। এই সকল সামাজ্ঞিক পরিবর্ত্তন ৪র্থ জর্জের রাজ্ঞান্ধকালে বিশেষরূপে লক্ষিত হয়, এবং সেই অবধি এই পরিবর্ত্তনের কার্য্য অবিরাম চলিয়াছে। এই সময়ে, সামাজ্ঞিক উন্নতি অপেক্ষা রাজ্ঞানৈতিক উন্নতি আরও স্কম্পন্টরূপে লক্ষিত হয়।

रयमन একদিকে বণিকদলের এীবৃদ্ধি হইয়া জমিদারদিগের ক্ষমতা হাস হইতে লাগিল, তেমনি আবার রাজাশ্রিত ধর্ম-সম্প্রদায়ের আর একাধিপতা রহিল না। Restoration-এব পর Puritan-সম্প্রদায় একেবারে পদদলিত ও নির্ম্মলিত হয়, এবং ১৯শ শতাব্দীর প্রাক্কালে, Churchmen দিবের স্থায় Non-conformists রাও নিদ্রাভিভূত হুইয়া পড়ে। পূর্বকালের ভীষণ ধর্মবিনাদের পর, কিয়ৎকালের জন্ম শান্তির আবির্ভাব হয়। পরে আবার Wesley এবং Whitfield একটি নতন ধর্ম-আন্দোলন উপস্থিত করিলেন। প্রতিবাদী-সম্প্রদায় (Dissenters) দেশময় ছডাইয়া পড়িল। Wales-রাজ্যের রাজাশ্রিত সম্প্রদায় প্রায় একেবারে অধিকার-চাত হঠল; কারখানা ওয়ালা নগরের অসংখ্য অধিবাসিগণ প্রতিবাদী সম্প্রদায়ের দলভুক্ত হইতে লাগিল। এইরূপে রাজ্বাশ্রিত-সম্প্রদারের ধর্ম্ম-মন্দির-অপেক্ষা প্রতিবাদী-সম্প্রদারের ধর্ম্ম-মন্দির সংখ্যায় বৃদ্ধি হইতে লাগিল। যদিও রাজাশ্রিত-সম্প্রদায় স্বকীয় চিরাগত বৈধ অধিকার ও নির্দিষ্ট বুদ্ভি হইতে বঞ্চিত হয় নাই, তথাপি সাধারণ প্রফাদিনের উপর তাহার আর একাধিপতা রহিল না। তাহার পর, Presbyterian-সম্প্রদায়-দলভুক্ত Scotland, এবং ক্যাথলিক সম্প্রদায়ভুক্ত Ireland-এর যথন সম্মিলন হঠল, তথন রাজাশ্রিত-সম্প্রদায়ের পদবী আরও বিচলিত হইয়া উঠিল।

ভূম্যাধকারী ও রাজাশ্রিত ধর্মসম্প্রদার ইহারা উভরই উভরের চির-সহার—এই উভরেরই আধিপত্যের হ্রাস হইল। বিধর্মীর অধিকারচ্যুতি, সংকীর্ণ নির্বাচন-প্রণাশী,ভরানক কঠোর ফৌজদারী দণ্ডবিধি,অসমান ও

তুর্বাহ করস্থাপন, বাণিজ্ঞা ও সাধারণ প্রজ্ঞাবর্গের খাদ্যসামগ্রী ও শ্রম-বিষয়ে নানা প্রকার হানিজনক ও বাধাজনক নিয়ম স্থাপন---এই সকল অত্যাচার ও কুনিয়ম, এই উভয় পক্ষেরই পরস্পার-সহায়তায়, বরাবর অবাধে চলিয়া আসিতেছিল। এক্ষণে সমাক্ষের রক্ষণশীল ও পরিবর্ত্তনশীল এই ছই দলের মধ্যে বিবাদ আরম্ভ হইল। পল্লীগ্রাম. নগরের বিরোধী পক্ষ অবলম্বন করিল এবং ক্যাথলিক-সম্প্রদায়ত সর্ব্ব-প্রকার প্রতিবাদী খুষ্ট-সম্প্রদায়ের বিরুদ্ধে, রাজাপ্রিত ধর্মসম্প্রদায়ের বিরুদ্ধে বিদ্ধপরিকর হইল। বাহা স্থথ-সমৃদ্ধি ও সমাজের উন্নতির সঙ্গে সঙ্গে জাতিসাধারণের রাজনৈ তক শিক্ষারও উন্নতি হইতে লাগিল। পার্লা-মেণ্ট-সভার বাদামুবাদ, সর্বসাধারণের নিকট মুক্তভাবে প্রকাশ করাই তাহার একটি প্রধান কারণ বলিতে হঠবে। জন-সাধারণ, সেই বাদামুবাদের ভাষ-অভাষ-ধরিয়া বিচার করিবে—এই ভর্মায়, যাহারা সংখ্যায় হীন এক্লপ সভাদলও সাহসপূর্বক মন খুলিয়া তর্ক বিতর্ক করিতে প্রবৃত্ত হটল। এইরূপে সার্কজনিক মতের একটি স্বতন্ত্র প্রভাব ও আধিপতা স্ট হইল। এই সাধারণ-মতের নিকট রাজ্যের কর্ত্তপক্ষ-দলকেও নতশির হটতে হটল। যদি মুদ্রা-যন্তের ছারা সাধারণ-শিক্ষা-সম্বন্ধে আর কোনও উপকার না হইয়া থাকে. অন্ততঃ এই উপকারটি যে হইয়াছে তাহা মুক্তকণ্ঠে স্বীকার করিতে হইবে। প্রজ্ঞা-সাধারণের ক্ষমতা-বৃদ্ধি-সম্বন্ধে মৃদ্রা-যন্ত্রের দ্বারা আরও অনেক উন্নতি সাধিত হই-য়াছে : নানা প্রকার কঠোর নিয়মে মুদ্রাযন্ত্র আবদ্ধ থাকিলেও, উহার প্রভাব ক্রমশঃই বিস্তৃত হইতে লাগিল। সাধারণ-সমাজ থেমন জানামু-শীলনে উন্নত হইতে লাগিল, সেই সঙ্গে সাময়িক-সাহিত্যপত্ৰ-ক্ষেত্ৰেও উচ্চদরের লোক আরুষ্ট হইতে লাগিল। *

^{*} এই সময় Edinburgh Review, Quarterly Review এবং Westminster Review প্রকাশিত হয়—ক্রম, বেস্থাম, মিল প্রভৃতি বড় বড় লোক ইহার লেণক ছিলেন।

চতুর্থ কর্জের রাজস্বকালের আরম্ভ হইতে, মুদ্রায়ন্ত্রের উপর সাধারণ লোকের এতনুর বিশ্বাস ও অমুরাগ ক্ষান্ত্রিয়াছিল, যে কর্তৃপক্ষণণ তাহার প্রতি কঠোর অত্যাচার করিতে আর সাহস পাইলেন না, ক্রমে উহা সম্পূর্ণ স্বাণীনতা লাভ করিল। দশ বৎসর পরে অর্থাৎ ১৮০০।০১ খুষ্টাব্দে, কর্তৃপক্ষণণ মুদ্রা-যন্ত্রের লোকদিগের নামে যে সকল অভিযোগ আনয়ন করেন, সেই অভিযোগই শেষ অভিযোগ। তাহার পর হইতেই ইংলণ্ডের রাজসরকার প্রজাদিগকে রাজনৈতিক-বিষয়ে বাদামুবাদ করিবার অসংযত স্বাণীনতা প্রদান করিলেন। এই মুদ্রাযন্ত্রের স্বাণীনতা স্থাপনের পরেই ১৮৫০ খুষ্টাব্দে, বিজ্ঞাপনের শুল্ক ও সংবাদপত্রের মাশুল, এবং ১৮৬১ খুষ্টাব্দে, কাগজ্বের শুল্ক রহিত হইল। উপ্যুগ্রির এই কয়েকটি বাধা অপসারিত হওয়ার, মুদ্রাযন্ত্র আবার স্বায় স্বাভাবিক উদাম লাভ করিল। এইরূপে মতের স্বাণীনতা উন্মুক্ত হওয়ায়, সমাজের সকল শ্রেণীর লোকই রাজনৈতিক বিষয়-সকল মুক্তভাবে বিচার করিতে প্রয়ন্ত হইল।

এই প্রকার রাজনৈতিক স্বাধানতা এবং মুদ্রাযন্তের উদ্যম-রৃদ্ধির সঞ্চে সমাজের সাধারণ শিক্ষারও উন্নতি হটল। কেবল যে রাজনৈতিক বিষয়ের প্রবন্ধ মুদ্রাযন্তে প্রকাশ হটত এরূপ নহে; বিজ্ঞান সাহিত্য ও শিক্ষবিদ্যা যাহাতে সধারণ পাঠক-মগুলীর স্থপাঠ্য বোধগমা ও স্থলভ হয়, এই প্রকার প্রস্থ-সকলও প্রচারিত হটতে লাগিল। সাধারণ মানবমগুলী অবাধে বিশ্বান্দিগের ঐশ্বর্য্যের অংশভাগী হটল। "প্রয়োজনীয় জ্ঞান-প্রচারিণী" সভার অধ্যক্ষগণ—Lord Brougham Mr. Mathew, Devenport Hill এবং Mr. Charles Knight—এই হিতকর কার্য্যে সর্ব্বাপেক্ষা অগ্রসর ছিলেন—তাহাদিগের পর "খৃষ্টীয় জ্ঞানোয়তিসাধিনী সভা।" পরে Messrs Chambers এই মহৎ ব্যুতে ব্রুতী হয়েন। প্রথমে, বিদ্যালয়ের শ্বারাই জ্ঞান ও শিক্ষার পত্ন-ভূমি

স্থাপিত হয় সত্য, কিন্তু মুদ্রাযন্ত্রের প্রভাবেই সাধারণের মধ্যে শিক্ষা ও ক্যানালোক প্রসার লাভ করে।

মুদ্রাযন্ত্র-ব্যক্তীত সাধারণ-মত প্রকাশের আর একটি পথ ক্রমশঃ প্রসানিরত হইল; রাজনৈতিক সন্মিলনা ও সাধারণ জ্বন-সভার সংখ্যা দিন দিন বর্দ্ধিত হইতে লাগিল। তৃতীয় জ্বর্জের রাজ্বত্বের প্রাক্তাল হইতেই আন্দোলনের এই সকল ভাষণ যন্ত্র সঞ্চালিত হইতে আরম্ভ হয়। এই সকল সভার আন্দোলন-প্রভাবেই লোকপ্রিয় Wilkesএর পক্ষ সম্পর্তিত হয়, পার্লামেণ্টের সংস্কার সাধিত হয়, Lord George Gorden এবং তাহার সহচরদিগের উন্মন্ত প্রোটেষ্টাণ্ট্-ধর্মায়ি প্রজ্ঞালিত হয়, এবং দাস-বাবশায় রহিত হয়। কিন্তু তৎপূর্ব্ববর্ত্তী শতাব্দীর শেষাশেষি যে রাষ্ট্র-বিপ্লবের আন্দোলন বদ্ধ হইয়া গেল। শান্তির সময় যে সকল সাধারণ লোকের আন্দোলন বদ্ধ হইয়া গেল। শান্তির সময় যে সকল সভার অধিবেশনে আপত্তি উত্থাপিত হয় নাই, তাহা এক্ষণে কর্ত্বপক্ষগণ-কর্ত্বক নিরুৎসাহিত ও প্রতিরুদ্ধ হইল। বিপ্লব বিশৃজ্ঞালা, রাজন্তোহ ও ষড়যন্ত্র নিবারণ করিবার উদ্দেশে কিয়ৎকালের জ্বন্তু সাধারণের স্বাধীনতা অপত্রত হইল।

কিন্তু এ অবস্থা চিরস্থায়ী হইবার নহে। সাধারণের মত, আবার শাসন-কর্তৃপক্ষগণের মত অপেক্ষা প্রবল হইরা উঠিল। মুদ্রাযন্ত্রের শক্তি ও স্বাধীনতার উন্নতির সঙ্গে সঙ্গে সভার প্রভাবও বর্দ্ধিত হইতে লাগিল। সাধারণ-মতের উপর মুদ্রাযন্ত্র যে প্রভাব প্রকটিত করিয়া থাকে, অদপেক্ষা সাধারণ সন্মিলনের প্রভাব অনেকগুণে অধিক সন্দেহ নাই। সভাস্থলে শুদ্ধ মতের বল নয়, শারীরিক শক্তি ও সংখ্যার বলও নেত্র-সমক্ষে স্ক্রম্পার্ক লোকের সন্মিলিত উৎসাহের বলও প্রকাশ পার। মন্থ্যের সহিত মন্থ্রের সংস্পর্লের সংস্পর্লেই উৎসাহ-অগ্নি প্রজ্ঞানত হইরা উঠে। নিভ্ত শান্ত্রা-

লোচনায় নুতন নুতন ভাব ও মতের স্পষ্ট হইতে পারে বটে, কিন্তু সাধারণ সন্মিলনের বাদামুবাদ, সংক্রামিত উৎসাহ ও নেতৃগণের জ্বলস্ত বক্তৃতা-ব্যতীত জ্বাতিসাধারণের শিরায় শিরায় ঐ সকল ভাব ও মত প্রবিষ্ট ক্রিয়া দিবার জ্বার অত্য উপায় নাই।

সাধারণ লোকের আন্দোলনের একমাত্র ফল মতপ্রচার নহে। কোন এক বিষয়ের জ্বন্ত বছসংখ্যক লোক একত্র সন্মিলিত হইলে भारीतिक वरलत विकृत्क भारीतिक वल श्रामिंग हुए। এই करण মারামারি দাঙ্গা উপস্থিত হইবারও আটক নাই। বিশেষতঃ গ্রেট-ব্রিটেনের লোকারণা নগরগুলির মধ্যে এই প্রকার বছসংখ্যক লোকের সন্মিলনে জীবন-সম্পত্তি ও রাজা পর্যাস্ত বিপন্ন হটবার আশস্তা আছে। সাধারণ লোক, যুক্তিবলে দস্তুষ্ট না হইয়া অবশেষে বাছবলের আত্রয় লইয়া থাকে। ইতর লোকক্ষত বিপ্লবের বীদ্ধ এই স্কল সাধারণ সন্মিলনের মূলে নিহিত, এবং এইরূপেই অস্তান্ত দেশে—বিশেষতঃ ফ্রান্সে, **এই সকল বীজ হঠতেই দারুণ বিপ্লবকান্ত উৎপন্ন হয়। প্রজাবর্গের কট্ট,** উগ্রচণ্ড অন্ধ-উৎসাহী নেতৃগণের বক্তৃতা, লোকবিদ্বিষ্ট রাজ-শাসন, এবং কর্ত্তপক্ষদিগের তুর্বলতাই যে আকস্মিক রাষ্ট্রবিপ্লবের কারণ তাহাতে আর সন্দেহ নাই। বে রাজ্যে যে পরিমাণে রাজশাসন উৎক্লষ্ট, সেই রাজো সেই পরিমাণে বিপ্লবের আশস্কা কম। যে রাজ্যেব রাজশাসন ও বিচারকার্য্যে প্রজাবর্গের বিশ্বাস আছে—সেখানে অধিক সংখ্যক লোকে কর্ত্তপক্ষদিগকে সাহায্য করিতে প্রস্তুত; যে রাজ্যের জাতীয় সভায়, বিজ্ঞতা স্থবিচার ও মিত-ব্যবহারের আধিপত্য, সে রাজ্ঞা বিপ্লবের আশঙ্কা সর্ব্বাপেক্ষা কম সন্দেহ নাই। গত পঞ্চাশৎ বৎসরের ইংল্ডীয় ইতিহাসে এই সকল সত্যের জলস্ত দৃষ্টান্ত প্রাপ্ত বিশ্ব হওয়া যায়। রাজ-নৈতিক আন্দোলন-দারা কি করিয়া বৃহৎ বৃহৎ ব্যাপারে কুভকার্য্য হওয়া যায়, এবং রাজশাসনে বিশ্বাস ও রাজনিয়মে প্রজাদিগের ভক্তি

অবিচল থাকিলে, বৈপ্লবিক শক্তি-সকল কিরূপে দমনে থাকে, তাহা ইংলণ্ডের ইতিহাসে স্পষ্টরূপে প্রদর্শিত হইয়াছে।

রাজনৈতিক আন্দোলনের কতদুর বল ও তাহাতে কি প্রকার বিপদের সম্ভাবনা তাহা আমরা বলিয়াছি—এক্ষণে তৎসংক্রাস্ত ইংলণ্ডের আধুনিক ইতিহাস সংক্ষেপে বিবৃত করিব। যদিও সমস্ত বিজ্ঞ রাজ্বনীতিজ্ঞেরাই, ক্যাথলিক-সম্প্রদায়ের বিক্লমে কতকগুলি বিশেষ ফৌজ্লদারি আইন স্থাপন করা নীতিবিক্ষ বলিয়া মুখে স্বীকার করিতেন, কিন্তু কার্যাত: অনেকদিন পর্যান্ত সেই সকল আইন জারি ছিল। এবং সেই সকল আইন রহিত করিবার জন্ম কয়েক বৎসর ধরিয়া পার্ল্যামেন্টেও সংবাদপত্রে আন্দোলন চলিতেছিল। কিন্তু পার্ল্যামেন্টের অধিকাংশ সভা চিরাগত সংকীর্ণ নীতির পক্ষাবলম্বী থাকায়, তাহা রহিত হইতে পারে নাই। অবশেষে ১৮২৩ খুটান্দে, ক্যাথলিকদিগকে অত্যাচার হইতে মুক্ত করিবার জন্ম একটি দলবন্ধন ইইল—এই দল সমস্ত আয়লান্ডে ছাইয়া পড়িল।

ভাহাদিগের প্ররোচনায়, সমস্ত ক্যাথলিক অধিবাসিগণ সমস্বরে স্বীয় সন্থ প্রাপ্তির জন্ম প্রাপনা করিতে লাগিল। ডব্লিন নগরে একটি বৃহৎ প্রতিনিধি-সভা স্থাপিত হইল। তাহারা পার্লেমেন্টের অন্তকরণে কার্য্য করিতে লাগিল। পল্লীতে পল্লীতে তাহাদিগের সংকল-উদ্দেশে চাঁদা সংগ্রহ হইতে লাগিল, সংবাদপত্র-সকল সাধারণ প্রজাবর্গকে উত্তেজিত করিয়া দিতে লাগিল, ক্যাথলিক ধর্ম-মন্দির-সকল পার্দ্রিদিগের জলস্ত বক্তৃতায় প্রতিধ্বনিত হইতে লাগিল। যেমন একদিকে ক্যাথলিকগণ এইরূপে আন্দোলন করিতেছিল, ওদিকে আবার প্রটেষ্টান্ট-সম্প্রদায় নানা সন্তা স্থাপন করিয়া, উৎসাহের সহিত তাহাদিগের প্রতিবদ্ধ-কভাচরণে প্রবৃত্ত হইল। এই সময়ে একটি ধর্ম্মযুদ্ধ আসন্ন বলিয়া প্রতীয়দান হইল। পাছে শান্তিভঙ্গ হয় এই আশন্ধায় পার্দ্যানেন্ট, কি

প্রটেষ্টাণ্ট কি ক্যাথলিক উভয় সম্প্রদায়েরই সভার অধিবেশন বন্ধ করিয়া मित्न । किन्न धरे छेशारा विश्वम निवातन इहेन ना । चाहेन क तकना क्रिया, ছলে कोशल मভाর অধিবেশন হইতে লাগিল এবং তিন বৎদরের মধ্যে ঐ আইন অকশ্বণাহ ইয়া পড়িল। এক্ষণে বিপদের চ্ডাস্ত সময় উপস্থিত। উত্তেজিত প্রজাবর্গের উৎসাহ বর্জিত হইতে লাগিল, মভা-সমিতি আরও উগ্রচণ্ড হট্য়া উঠিল-এবং বছসংখ্যক ক্যার্থলিকদিগের একতা সন্মিলন ভইতে লাগিল; ভাহাদিগের মধ্যে যুদ্ধ-শাস্তাত্মযায়ী দলবন্ধন ও ইঙ্গিত প্রবর্তিত হইয়াছিল। মত প্রকাশ অপেকা বাত্বল প্রদর্শনই এই সকল সভার বিশেষ উদ্দেশ্য ভিল। যদি এই উত্তেজিত প্রজাবর্গের পথে কোন প্রতিবন্ধক না দেওয়া হয় তাহা হইলে সাধারণ শান্তির ব্যাঘাত হইবার সম্ভাবনা এবং গ্রণ্মেণ্ট ও ক্যাথলিক সম্প্রদায়কে সর্ব্রদাই ভয়ে ভয়ে থকিতে হয় ; আর যদি ভাহা-দিগকে সৈক্ত-বল দারা দমন করিতে হয়, তাহা হইলেও সৈনিকদিগের সহিত সাধারণ প্রজামগুলীর যুদ্ধ বাধিরা উঠে। উভর দিকেই সঙ্কট। নাহাট হউক, অবশেষে কর্ত্রপক্ষণণ, পাছে শাস্তি-ভক্ত প্রজাবর্গের মধ্যে ত্রাস উপস্থিত হয়, এইজ্জু ক্যাথলিক্দিগের ঐ সভা বন্ধ করিয়া দিলেন। গবর্ণমেন্টের সহিত 1ল-পরীক্ষা করিতে অনিচ্ছু হইয়া এবং অধিকাংশ লোকের মত গবর্ণমেন্টের অমুকুল বুঝিতে পারিয়া, ঐ ক্যাথলিক সভা শাসন-কর্ত্তপক্ষগণের আদেশ শিরোধার্য্য করিলেন।

এইরপে, কর্তৃপক্ষ-দলের দৃঢ়ত। ও ক্যাথলিক্ নেতাদিণের বিজ্ঞতা-নিবন্ধন, রক্তপাত পূর্ব্ব হইতেই নিবারিত হটল। কিন্তু ক্যাথলিক্দিগকে মত্যাচার হটতে মুক্ত করিবার জন্ম, অধিকতর উদ্যম-সহকারে আন্দোলন চলিতে লাগিল।

পার্লেনেন্টের অধিকাংশ সভ্য ও মন্ত্রিদল প্রটেষ্টাণ্ট-ধর্ম-সম্প্রদায়-ভূক্ত হওয়ায়, ক্যাথলিক্দিগের প্রার্থনা-বিক্লন্ধে দৃঢ়রূপে প্রতিবাদ করিতে তাঁহারা প্রস্তুত ছিলেন, কিন্তু সাধারণের মণ্যে এরপ খোরতর আন্দোলন উপস্থিত হইল যে তাহার প্রতিরোধ করিতে আর তাঁহারা সাহদ পাইলেন না। সাধারণ প্রজাবর্গ রাজ্ঞার কর্তৃপক্ষীয়দিগের উপর জয় লাভ করিল। ১৮২৯ খুটান্দে ক্যাথলিকগণ রাজনৈতিক অত্যাচার হইতে মুক্তি লাভ করিল। স্থায়ের পক্ষ, ধর্মের পক্ষই জয় লাভ করিল। সংকীর্ণ রাজনীতি এবং ধর্ম-সম্বন্ধীয় কুসংস্কার অনেক দিন পর্যাস্তু উহার প্রতিবন্ধকতাচরণ করিয়া আদিয়াছিল। কিন্তু পার্লেমেন্ট ও দেশের প্রাক্ত ও উদার ব্যক্তিগণ ঐ পক্ষের সহায় ছিলেন। এই সকল ঘটনার মধ্যে এইটি দেখা যায় যে, কর্ভূপক্ষীয়ণণ সাধারণ-মতের উপর নির্ভর করিয়াই বিশৃদ্ধলা নিবারণ করিলেন এবং বিনা রক্তপাতে কেবল সাধারণের আন্দোলন ছারাই স্থায়ের পক্ষ জয়লাভ করিল।

ইহার পর, পার্লেনেণ্টের সংস্কার লইয়া আর একটি খোরতর জাতীয় আন্দোলন উপস্থিত হয়। ফ্রান্সের অভিনব বিপ্লবকাণ্ডে ইতর সাধারণ প্রজাবর্গের অতাস্ত উৎসাহ হইয়াছিল, এবং তৎকালীন ইংলণ্ডের অবস্থাও সেই উৎসাহানল প্রজালত করিবার পক্ষে অমুকূল ছিল। সাধারণ প্রজাবর্গকে রাজনৈতিক অনধিকার হইতে মুক্তি দিবার জন্ত তৎকালীন লোক-প্রিয় মন্ত্রিদল একটি আইন প্রস্তুত্ত করিতে প্রয়ত্ত হইলেন; কিন্তু সে পুরাতন দল, প্রতিনিধি-নির্বাচনের সংকীর্গ প্রণালী অমুসারে মুখাপেক্ষী পার্লেনেণ্টের দারাই এতদিন ইংল্ডকে শাস্ন করিয়া, আসিয়াছিলেন তাঁহারা উহার প্রতিকৃলে দণ্ডায়মান হইলেন। এই প্রস্তানিত আইনের সম্বন্ধে একদল লোক এতদুর প্রতিকৃলতাচরণ করিতে লাগিলেন যে ঐ আইন বিধিবদ্ধ হইবার পক্ষে বিলক্ষণ সন্দেহ উপস্থিত হইল। কিন্তু সাধারণ প্রজাবর্গ অতিমাত্র আগ্রহ ও উৎসাহসহকারে তৎসমর্থনার্থ অন্ত্রাসর হইল। সংবাদপত্র-সকল উপ্রভাব ধারণ করিল, রাজনৈতিক সন্মিলনী সংগঠনের উদ্যোগ হইতে লাগিল—

অঞ্তপুর্ব বিরাট অন-সভার অধিবেশন আরম্ভ হইল ! রাষ্ট্র-বিপ্লব त्रामन् । अंग्रे नगरत्र शंखेन-व्यव-लर्ड म्बद होति मन, कर्कमनीत्र माधातन মতের নিকট অবশেষে মস্তক অবনত করিলেন। এইরূপে বিপ্লব নিবারিত হইল। সম্ভান্তদল পরাভূত ও নতশির হুইলেন, সাধারণের মানোলন আবার প্রবল হইয়া উঠিল। কিন্তু এই পরাজ্য, প্রকৃতরূপে কর্ত্রপক্ষণলের পরাজ্য নহে। কেননা রাজ্যের মন্ত্রিদল, হোস-অফ-কমনদের অধিকাংশ সভ্য এবং পার্লেসেণ্টের অভিজ্ঞাত-বিভাগেরও किय़न्त्भ म्हा, প্রস্তাবিত সংস্কার-আইনের পক্ষাবলম্বী ছিলেন। এই বাবস্থার কল্পনা, বিপ্লব-প্রিয় ইতর লোকদিগের উষ্ণ মস্তিদ্ধ হইতে প্রস্ত হয় নাই ;--দায়িত্ববোধবিশিষ্ঠ প্রাক্ত রাজনীতিজ্ঞেরা, বাঁহাদিগের উপর সাধারণ প্রজাবর্গের সম্পূর্ণ বিশ্বাস, তাহারাই উহার প্রবর্ত্তক। মভিন্ধাতবৰ্গ ও ভদ্ৰলোকেরাই এই আন্দোলনের নেতা; এবং মধাবিত্ত ও শ্রমজীবী লোকেরাও এই আন্দোলনের সহযোগী ছিল। ইহার দ্বারা কোন বৈপ্লবিক পরিবর্ত্তন সংঘটিত হয় নাই। সর্ক্রসাধারণ প্রজাবর্গ প্রতিনিধিছের অধিকারী, এই মতটি এতদিন মুখে-মুখেই চলিয়া মাসিতেছিল, এক্ষণে উহা কার্য্যে পরিণত হইল। যদি অভিজ্ঞাতবর্গ **अत्नक मिन ध**तिया अधावनाय-महकात्त छेहात প্রতিরোধী ना हहेएउन, তাহা হইলে সাধারণের মধ্যে এরপ ঘোরতর আন্দোলন উত্তেজিত হইত না-পার্লেমেণ্টের মধ্যেই তর্কবিতর্ক হইয়া যাহয়-একটা নিপাত্তি হইয়া যাইত। অতএর এবারও দেখা ঘাইতেছে যে. বৈধ উপায় অবলম্বন করিয়াই ক্যায়ের পক্ষ জ্বর্যাভ করিল।

যৎকালে ইংলপ্তে এই সংকটাবহ আন্দোলন চলিতেছিল, সেই একই
সময়ে ইংলপ্ত ও আয়র্লাপ্তের ব্যবস্থা-সম্বন্ধীয় সন্মিল্নী (Legislative
union) রহিত করিবার জন্ম আর একটি ঘোরতর আন্দোলন আয়র্লপ্তে
প্রবর্তিত হয়! ক্যাথলিক্ পক্ষের সহায় ও নেতা Mr. O'Connel

অনতিপুর্ব্বে ক্যাথলিক্দিগের অধিকার সমর্থনপুর্ব্বক জয়লাভ করিয়া,
এক্ষণে আবার এই স্মিলনের বিরুদ্ধে বদ্ধপরিকর ইইলেন। কিন্তু
এবার তিনি যে পক্ষ অবলম্বন করিলেন তাহা পূর্ব্বাবলম্বিত পক্ষ ইইতে
অনেক ভিন্ন। এ পক্ষের কোন প্রাক্ত নেতা ছিল না, কেবল কতকগুলি নির্ব্বোধ ইতর দলপতি মাত্র ছিল—সকল দলের রাজ্বনীতিজ্ঞেরাই
এই জন্ম প্রস্তাবটিকে অগ্রান্থ করিলেন এবং সমস্ত রাজ্বোর লোক
এই প্রস্তাবের দোষ দেখাইতে লাগিল। রহিতকারী দল নানা প্রকার
বাহ্য কোলাহল আরম্ভ করিলেন, কিন্তু পার্লেমেণ্ট ও সমস্ত দেশের
সহায়তার উপর নির্ভ্র করিয়া কর্ভ্রপক্ষগণ অনায়াসে তাহাদিগকে
দমন করিতে সমর্থ হুইলেন।

করেক বৎসর পরে ভাবার এই বিষয় লইয়া আন্দোলন উপস্থিত হইল। এবাব আরও বিস্তৃত ভাবে দল প্রস্তুত হইল, এরপ প্রকাণ্ড প্রকাণ্ড বিরাট-সভার অধিবেশন হইতে লাগিল যে সাধারণের শাস্তিভঙ্গ হইবার বিলক্ষণ সম্ভাবনা হইয়া উঠিল। কিন্তু শাসনকর্তৃপক্ষগণ পুনর্বার এই আন্দোলনকে দমন করিতে সুমর্গ হইলেন। ভারসঙ্গত নহে বিলিয়া উহা সর্বাসাধারণের রুচিজনক হয় নাই;—স্কৃতরাং সম্পূর্ণরূপে অক্নতকার্য্য হইল।

এইরপে Orang Lodges দিগেরও দলকে অনায়াসেই দমন করা হইল। ধর্মসম্বন্ধীয় বিদ্বেষ ও দলাদলীর উগ্রভাব এই দলের পশুন-ভূমি হওয়ায়, শীঘই সাধারণের শাস্তিভঙ্গ ও রাজকার্য্যের ব্যাঘাত হইবার উপক্রেম হইল; সাধারণের মতও ঐ দলের পোষক ছিল না—স্কুতরাং উহাও অচিরাৎ ধরাশায়ী হইল।

্বেমন একদিকে কতকগুলি অযোগ্য বিষয়ের আন্দোলন নিফল হুইল—তেমনি আর[া] এক দিকে "দাস্থ-বিরোধী-সভা" শাস্ত-ভাবে স্থাদেশীয় লোকদিগের উচ্চভাব জাগরুক করিয়া, কেমন আন্তে আন্তে স্বীয় সাধু সন্ধল সিদ্ধ করিলেন—সমস্ত ব্রিটিদ রাজ্যের দাদদিগকে মুক্তি-দান করিলেন।

যৎকালে আয়র্লণ্ডের স্ক্রিলন রহিত করিবার আন্দোলন চলিতেছিল, সেই সময়ে ইংলণ্ডে Chartistsদিগের দল ক্রমশঃ জাঁকিয়া উঠিতেছিল। সমস্ত শ্রমজীবীরাই প্রায় এই দলভুক্ত। তাহারা আন্দোলনের পাঁচটি বিষয় মনোনীত করিয়াছিল;—প্রতিনিধিছের সার্বজনিক অধিকার (Universal suffrage)—Ballot দ্বারা সম্মতিদান '(vote) পার্লেমেন্টের বাৎসরিক অধিশোশ—সভাদিগের বেতন-নির্দেশ এবং সম্পত্তি-অমুসারে প্রতিনিধির অধিকার-নির্দেশ রহিত করা। সম্রান্ত ও মধ্যবিত্ত শ্রেণী বাঁহারা প্রতিনিধি নির্বাচনের হাল-বন্দোবন্তে সম্ভূষ্ট ছিলেন, বিশেষতঃ বাঁহারা প্রতিনিধি নির্বাচনের হাল-বন্দোবন্তে সম্ভূষ্ট ছিলেন, বিশেষতঃ বাঁহারা প্রাভানি ক্রিল নিয়োকর্ত্তা, তাঁহাদিগের নিকট এই প্রস্তাবটি আদে। আদ্রণীয় ইইল না। কিন্তু অসন্তুষ্ট শ্রমজাবিগণ আইনের দ্বারা স্বীয় হীন অবস্থার উন্নতি কবিতে উৎস্ক হইয়া, এবং অন্তান্ত আন্দোলনের সক্লতার উৎসাহিত হইয়া, বড় বড় সভা করা—বড়বড় দর্থান্ত দ্বিশ্বত করা প্রভৃতি চিরপরিচিত উপায় সকল অবলম্বন করিতে প্রবৃত্ত হইল।

অনেক সময় তাহাদিগের উদ্যম উৎসাহ দাঙ্গার পরিণত হইত, এবং
তজ্ঞ্য তাহারা ম্যাজিপ্টেট কর্ত্ক শাসিত হইত। তাহাদিগের সংখ্যা কম
ছিল না—কয়েক বৎসর ধরিয়া তাহাদিগের দল অটুটভাবে রক্ষিত হইয়াছিল। ১৮৪৮ খুটাল্বে যথন ফ্রান্সে রাষ্ট্রবিপ্লব বাদিয়া উঠে, দেই সময়
এই "চাটিন্ত" দল তাহাদিগের "চার্টারের" অর্থাৎ স্বর্রচিত অধিকারপত্রের অমুক্লে বৈপ্লবিক আন্দোলন পুনরায় উপস্থিত করিবার জ্ঞা সচেষ্ট
হইল। তাহাদিগের আবেদন-সকল অনাদৃত হওয়ায়, তাহারা আর
এক দরখান্ত পাঁচ লক্ষ লোক দারা স্বাক্তর করাইয়া, দলবল-সমভিব্যাহারে
হাউদ্-অক্-ক্মন্সে যাত্রা করিবার জ্ঞা স্থির করিল। এই উদ্দেশে

Kensington Common-এ ১০ই আপ্রিলে একটি বৃহৎ সভা আহুত হুইল। সেই স্থান হুইতে সকলের একত যাত্রা করিবার কথা ছিল।

প্যারিদ নগরে এ প্রকার বছদংখ্যক লোকের সমাগম হইলে, রাষ্ট্রবিপ্লব উপস্থিত হয়। কিন্তু লগুনে, সাধারণ-মত-বিরোণী বৈপ্লবিক
আন্দোলন-সকল কি প্রকারে সমাজ্ঞ ও কর্তৃপক্ষগণের বলবৎ শাসনে
নিবারিত হইয়া থাকে তাহার জাজলামান প্রমাণ সেই দিনকার ব্যাপারে
প্রাপ্ত হওয়া যায়। ঐ আহুত সভা অবৈধ বলিয়া লোষণা-পত্র ছারা সর্বাত্র
প্রচারিত হইল। শান্তিরক্ষার জন্ত এই উপলক্ষে নৃতন ১৭০,০০০
চৌকিদার নিযুক্ত হইল। Westminister Bridge এবং পার্লেমেন্ট্রাটীর সন্নিকটবর্তী স্থান-সকলের চতুর্দ্দিকে, কামান ও পদাতিক সৈত্র
প্রস্কলাবে স্থাপিত হইল এবং এই উপায়ে সভার কার্য্য বার্থ করা
হইল;—Westminister Bridge-দিয়া যাত্রা নিষিদ্ধ হইল; সমাগত
লোকেরা কোন প্রকার উৎপাত না করিয়া, হতাশ হইয়া আপন আপন
গৃহে প্রস্থান করিল।

এই চাটিষ্ট দলের কার্য্য-প্রণালী অপরিপক ছিল। তাহাদিগের
নেতৃগণের তেমন আন্তরিক উৎসাহ ছিল না এবং তাহারা অক্ষম ও জীর
ছিল। উৎকৃষ্ট নেতা থাকিলেও তাহাদিগের সঙ্কর নিফল হইবার কথা।
তাহাদিগের সহিত অন্ত শ্রেণীর সন্থারতা ছিল না, পার্লেমেণ্টের কোন
সভাদলই তাহাদিগের সহায় ছিল না; তাহারা সংখ্যায় প্রবল হইলেও
সমাজ ও রাজ্যের সমবেত বল তাহাদিগের বিরুদ্ধে নিয়োজ্রত হইয়াছিল;
তাহারা ইচ্ছা করিলে কিয়ৎকালের জন্ত শান্তিভঙ্গ করিতে পারিত এই
মাত্র, কিন্তু কখনই স্বীয় সঙ্কর সিদ্ধ করিতে পারিত না। ইতিমধ্যে আর
শ্রেকটি আন্দোলন উপন্থিত হইয়া পরিণামে জ্বয় লাভ করিল। উহা শস্তআইন-বিরোধী সন্মিলনের (Anticorn Law League) আন্দোলন।
বে প্রস্তাব সমর্থনার্থ এই আন্দোলন উপন্থিত হইয়াছিল তাহা ক্সান্ত

সঙ্গত ও জাতিসাধারণের-মতাতুলায়ী—মুতরাং উহাও সম্পূর্ণরূপে স্থাসিদ্ধ इंटेल । এই विषय अब निर्याणी ९ अबकी वी छेल्य मरलुब स्मान खार्थ হওরীয়, উহারা একত্র সন্মিলিত হটয়াছিল। এই আন্দোলনের নেতা Mr. Cobden 9 Mr. Bright উভয়েই স্বযোগ্য লোকপ্রিয় বক্তা—ইহারা বার্ত্তা-শাস্ত্রের সত্য-সকল পরিষ্কাররূপে ব্যাখ্যা করিতে যেরূপ সক্ষম, লোকদিগের মনকে উত্তেজ্ঞত করিতেও তেমনি সমর্থ। এবং অনেক নিন হইতে, দেশের প্রথাত ব্যক্তিগণ এবং পার্লেমেন্টের একদল সভা তাঁহাদিগের মত পোষণ করিয়া আসিয়াছিলেন। ইহাদের মধ্যে Mr Charles Villiersই প্রধান। কিন্ত উচ্চাদের বিরুদ্ধ মতের লোকও অসংখ্য ছিল। বিদেশীয় বাণিজ্যে গুল্কস্থাপন করিয়া দেশীয় বাণিজা সংরক্ষণ (Protection) অনেক দিন পর্যাস্ত ইংলগুর বাণিজ্ঞা-নীতির একটি স্থির মত ছিল। স্থামিদার ও ধনী কুষকগণ (Farmers) মনে করিত, বিদেশ হইতে ইংলতে শস্তা আমদানি হইবার পথে প্রতিবন্ধক প্রয়োগ করাই ব্রিটিশ ক্লবিকার্য্যের উন্নতিপক্ষে নিভাস্ত প্রয়োজনীয়। স্বাধীন বাণিজ্ঞা কত দুর সুফলপ্রাদ, তাহা কারখানার অধ্যক্ষেরা প্রথমে তেমন বুঝিতে পারেন নাই। পার্লেমেণ্টের বছসংখ্যক সভা উহার প্রতিকৃলে দগুরমান হইয়াছিলেন। কিন্তু এই প্রস্তাবের অনুকুলে প্রভূত উদ্যাম ও অধ্যবসায়-সহকারে আন্দোলন চলিতে লাগিল। তৎকালীন সামাজিক ও রাজনৈতিক অবস্থাও এই আনোলনের অমুকুল ছিল্—বিশেষতঃ আয়র্লণ্ডের ছর্ভিক্ষের আলোচনার, স্বাধীন বাণিজ্যের উপকারিতা লোকে উপলব্ধি করিতে আরম্ভ করিয়াছিল। ৮ বৎসরের মধ্যে সাধারণের মত ফিরিয়া গেল। পরম্পর-প্রতিহ্বন্দী রাজনীতিজ্ঞেরা, এমন কি পার্লেমেণ্ট পর্যান্ত অবশেষে স্বাধীন বাণিজ্যের মতে দীক্ষিত হইলেন।

এই আন্দোলনে, সাধারণ লোকের বল যেরূপ প্রকাশ পায়, স্বাধীন রাজ্যে বুদ্ধিজ্ঞানের কতদুর প্রভাব তাহাও বিলক্ষণ উপলব্ধি হয়। দেশের সমস্ত প্রজাবর্গ ও কর্ত্পক্ষণণ বিচার করিয়া যে সত্যে বিশ্বাস স্থাপন করিলেন সেই স্তাটি এক্লে বাছবলে নহে, জ্ঞানবলেই জয়লাভ করিল।

ইহার পরে অনেক দিন পর্যান্ত প্রজাসাধারণের মধ্যে আন্দোলন উপস্থিত হয় নাই। অবশেষে ১৮৬৬ খুষ্টান্দে, আইন-সম্বন্ধে পার্লেমেণ্টের সংস্থারের প্রস্তাব পুনরুদ্দীপিত হওয়ায়, সর্বসাধারণের মধ্যে একটা (ব্টাট পড়িয়া গেল। "সংস্কার-সম্মিলন-সভা" (Reform League) ছোষণা করিয়া দিলেন, ২৩এ জুলাই মাসে Hyde Park নামক স্থানে উহ্ন-দিগের একটি অধিবৈশন হ**ঠবে। কর্তুপক্ষগণ তাহা নিষেধ ক**রিয়া দিলেন। কিন্তু নিষেধ-আজ্ঞা বলবং রাখিবার জন্ম পূর্ব্ব হুইতে যে সকল উপায় অবলম্বন করা উচিত ছিল, তাহার প্রতি মনোধোগী না হওয়ায় Hyde Parkua রেলিং ভগ করিয়া ইতর লোকেরা কিরুপে ঐ প্রথাত উদ্যান অধিকার করিয়াছিল তাহা সংবাদপত্তের পাঠক মাত্রেই অবগত আছেন। তাহার পর বংগরে, সভার আর একটি অধিবেশন নিষিদ্ধ হয়, কিন্তু কর্ত্তপক্ষগণের নিষেধদত্ত্বেও ঐ সভা বসিয়াছিল। এই হুই বারেই সাধারণ প্রজাবর্গ কর্ত্তপক্ষগণের উপর জয়লাভ করে। রাজ-শাসনকে সাধারণ প্রজাবর্গ যে এইরূপে অবজ্ঞা করিতে সমর্গ হইল, তাহার প্রক্লত কারণ কর্ত্তপক্ষগণের হর্কলতা ও দুঢ়সঙ্কলহীনতা বাতীত আর কিছুই নহে। সেই অবধি হাইড-পার্কে সভার উদ্দেশে লোকসমাগম একেবারে নিষিদ্ধ হয় নাই বটে—কিন্তু তৎসম্বন্ধে কতকগুলি বিশেষ নিয়ম স্থাপিত হইরাছে .

কিরৎ বৎসর পরে, আর একটি ছোট খাটো আন্দোলন উপস্থিত হয়। ১৮৭১ খৃষ্টাব্বে, Chancellor of the Exchequer উপস্থিত বৎসরের আয় বারের আত্মানিক হিদাবে, দেশলাইরের উপর কর স্থাপন করিবার প্রস্তাব করায়, দেশলাইয়ের প্রধান কারখানাওয়ালারা হঠাৎ তাহাদিগের লোকদিগকে কর্মচ্যুত করিলেন; এই শ্রমঞ্জীবিগণ একত্র সমবেত হইয়া এই টাাক্সের প্রতিবাদ করিবার জক্ত West Minister

পর্যাস্ত ষাত্রা করিল। এই সামাত্র কর, একটি বিশেষ শিল্পের উপর স্থাপিত হওয়ায়, সর্বাদারবের মধ্যে ও হাউদ-অফ্-কমন্সে এই করের প্রস্তাব, আদরের সহিত গৃহীত হইল না—গরিব দেশ্লাইওয়ালাদিগের প্রতি সাধারণ লোকের মমতা উপস্থিত হইল। এবং এই প্রস্তাব অচিরাহ পরিত্যক্ত হইল।

ইংলণ্ডের আইন ও ব্যবস্থার উপর সাধারণ লোকের কতদুর প্রভাব তাহা এই সকল আন্দোলন হইতে আমরা বেশ বুঝিতে পারি। ইতর লোক-সমাগমে অনেক সময় শান্তিভঙ্গ হইবার উপক্রম হয়। লোকাকীণ নগরে বহুসংখাক ইতর লোকের একত্র সমাগম যে সঙ্কটাবহ তাহাতে কোন।সন্দেহ নাই। কিন্তু ইংলণ্ডের রাজনৈতিক আন্দোলন হইতে অরাজকতা ও বিশৃত্যলতা উপস্থিত হইয়াছে এরপ দৃষ্টান্ত অতি বিরল। ইংলণ্ডের ইতিহাসে দেখা বায়, বে সকল বুহং বুহং প্রস্তাবের আন্দোলন স্থায়ের উপর স্থাপিত, পার্লেমেন্টের কোন দল বিশেষ বাহার সহায়, আনেকটা সাধারণ মত যাহার পরিপোষক—এবিষধ প্রস্তাব-সকলই পরিণামে জরযুক্ত হইয়াছে। এইরূপে, সাধারণ লোকের ইচ্ছাক্রমে অনেক সময়ে কর্ত্বপক্ষীয়গণ, হিতকর প্রস্তাব-সকল গ্রাহ্ম করিতে বাধা হইয়াছেন এবং যে সকল প্রস্তাব অন্থায়সূলক, তাহার জন্ম লোকে যতই চীৎকার কর্কক—গ্রর্থমেন্ট ও পার্লেমেন্ট তাহা দৃঢ়তা-সহকারে অগ্রাহ্ম করিয়া আসিয়াছেন।

জাতি ও বংশের উৎকর্ষ-সাধন।

জীব-জ্বগৎ ও উদ্ভিজ্জ-জগতের পরিবর্ত্তন ও উন্নতি যে অনেক পরি-মাণে সভাতার উপর নির্ভর করে তাহা বোধ হয় কেহই অস্বীকার করিবেন না। যে জীবের অভাব যে পরিমাণে পূর্ণ হয়, তাহার স্বাভাবিক শক্তি-দকল যে পরিমাণে যথোচিতরূপে পরিচালিত হয়, এবং তাহার স্বাভাবিক হীনতা ও অপকারী গুণ-সকল যে পরিমাণে অপসারিত হয়, দেই পরিমাণে দে দেই জীব তাহার জাতিগত পূর্ণতা ও উৎকর্ষ লাভ করে তাহা সহজেই উপলব্ধি হয়। উল্ভিজ্জ-জগতে চাবের স্বারা যে অনেক উন্নতি হইয়াছে ভাহা কে না জ্বানে। কার্পেন্টর বলেন চাষের দ্বারা অনেক সময়ে কোন ফুলের কেশরগুলিকে পাপড়িতে পরি-ণত করিয়া, কিম্বা যে পাপড়িগুলি ভাল করিয়া বিকাশ পায় না ভাহা-দিগকে পরিপুষ্ট করিয়া, দেই পুষ্পটিকে দ্বিগুণাত্মক পুষ্পে পরিণত করা যার। চাষের দারা অনেক গাছের কাঁটাও অপ্যারিত করা যায়; এই প্রক্রিয়াকে Linneus "বুনো ফুলকে পোষ মানান" বলেন। "ডালিয়া" ফুলের স্থায় আপেল ও কপি, চাষের দারা পরিবর্ত্তিত হইয়াছে। কিস্ত ইহাদের বীজ যদি আবার অনুর্বরা মৃত্তিকায় নিক্ষিপ্ত হয়, তাহা হটলে ঐ জাতীয় উদ্ভিজ-সকল আবার স্ব স্ব জাতিগত আদিম আদর্শের কাছাকাচি হট্যা আইসে।

কি শেট্লাণ্ড টাষ্ট্ৰ, কি আরব বোড়া, সকল অখেরই আদি একই; কি নিউফোওল্যাণ্ড কুকুর, কি ইটালীয় গ্রেহাউণ্ড, সকল কুকুরই একই জাতি হইতে প্রস্থত এবং ভাহাদের মধ্যে যে সকল বিশেষত্ব আছে তাহা . কেবল বিভিন্ন বাহ্য অবস্থা হইতে উৎপন্ন। কারণ, দেখা গিয়াছে, তাহারা যদি আবার বহা অবস্থা প্রাপ্ত হয়, তাহা হইলে তাহাদিগের দেই বিশেষত্ব- গুলিও বিলুপ্ত হইরা যায়। তাহার দৃষ্টান্ত, যে সকল কুকুর স্পেনীরেরা কুবাতে আনিয়াছিল এবং যে সকল বুনো ঘোড়া ও গোমেষাদি এক্ষণে দক্ষিণ-আমেরিকার ছড়াইরা পড়িয়াছে, তাহাদের প্রত্যেকের জ্বাতিগত বিশেষত্বগুলি এক্ষণে বিলুপ্ত হইরা গিরা সমস্ত একাকারে পরিণত হইরাছে।

অসভা জাতি যাহারা শীত গ্রীম প্রভৃতি শত্র অত্যাচারে প্রশীড়িত, যাহাদিগের থাদাসামগ্রী ত্র্লভ ও অস্বাস্থ্যজনক, তাহারা সাধারণ ই ক্লেখবর্ণ এবং তাহাদিগের গঠনে অনেকটা পশুর সাদৃশু লক্ষিত হয়; পক্ষাস্তরে, যাহারা যে পরিমাণে সভাতার প্রসাদ উপভোগ করে, অর্থাৎ বাহারা ভাল থায়, ভাল পরে—যাহারা বুদ্ধির্ত্তি চালনা করিয়া মানসিক স্থথ সন্তোগ করে, তাহারা সেই পরিমাণে ককেসীয় জ্ঞাতির লক্ষণ-সকল প্রাপ্ত হয়। ভাজার শ্মিথ বলেন, "সভাতার তারতম্যে কির্মণ কৌলিক উন্ধতির তারতমা হয় তাহা সেই সকল দেশেই স্থাপ্তরূরেশ পায় যেথানে ব্যবস্থার হারা সামাজিক পদমর্য্যাদার চিরস্থায়ী বিভাগ পূর্ণরূপে সাধিত হইয়াছে। স্কটল্যাণ্ডের প্রধানদিগের সহিত্ত স্কটল্যাণ্ডের সাধারণ লোকের কত প্রভেদ ! যদি কোন পর্যাটক তাহা-দিগকে ভিন্ন ভিন্ন দেশে পৃথক্রপে দেখিতে পাইতেন, তাহা হঠলে তিনি তাহাদিগকৈ স্বত্ত্ব জ্ঞাতি বলিয়া নির্দেশ করিতেন সন্দেহ নাই ক্রাজ স্পেন ক্রম্মণি প্রভৃতি দেশের ক্রমক ও সন্ত্রাম্ব কুলীন সম্প্রদারের মধ্যে এইরূপ প্রভেদ লক্ষিত হয়।"

আমাদিগের দেশে ব্রাহ্মণ শুদ্রের মধ্যে পুর্বের কত প্রভেদ ছিল, এথনও যে দে প্রভেদ সম্পূর্ণরূপে চলিয়। গিয়াছে তাহা বলা যার না, তবে চাষ করিলে কি না হয়; এখন যেরপে নির্বিশেষরূপে সাধারণের মধ্যে জ্ঞানের চাষ চলিতেছে, তাহাতে কালে সে প্রভেদ যে অনেকাংশে বিল্পু হইবে তাহার চিহ্ন এখন হইতেই দেখা ঘাইতেছে। Buffon বলেন—"ফ্রান্সে মুখের চেহারা দেখিবামাত্র স্থপু যে চাষা ও সম্ভ্রান্ত লোককে চেনা যায় তাহা নহে, উচ্চশ্রেণীর সম্ভ্রান্ত দিগকেও নিমন্ত্রেণীর সম্ভ্রান্ত হইতে, নির্বাচিত করা যায়; উহাদিগের সহিত নাগরিকদিগের প্রভেদ, আবার নাগরিকদিগের সহিত চাষাদিগেরও প্রভেদ বুঝা যায়।" ডাক্তার শ্বীথ বলেন—

"আমেরিকার ক্রযক-দাদেরা ভাল খাইতে পায় না, ভাল পরিতে পার না, ভাল বাদায় থাকিতে পায় না, তাহারা ক্ষেত্রমধ্যে ক্ষুদ্র কুটীরে বাস করে -- তাহাদিগের প্রভুর দৃষ্টাস্ত ও সংসর্গ হইতে তাহারা বছদুরে অবস্থিতি করে। স্বতন্ত্র থাকে বলিয়াই ভাহারা ভাহাদের পুর্বপুরুষের অনেকগুলি আচার-বাবহার এখনও পর্যান্ত বন্ধায় রাখিয়াছে। পক্ষাস্তরে, যে সকল দাস তাহাদিগের প্রভার বার্টীতে থাকিয়া কাজ করে এবং তাহাদিগের সঙ্গে সঙ্গে থাকে, তাহাদিগের প্রতি প্রভুরা অতাস্ত সদয় ব্যবহার করেন। তাহাদিগের কার্যাভারও ল্বু, তাহা-দিগের খাওয়া-পরা তাহাদিগের প্রভুদিগেরট ভাায়, তাহারা প্রভুর আচার ব্যবহার সর্বাদ। দেখিতে পায়, তাহাদিগেরট অভ্যাস-দকল অবলম্বন করে এবং প্রভুর দৌন্দর্য্য ও পারিপাটাজ্ঞান তাহারা অজ্ঞাত সারে প্রহণ করে। ক্ষেত্র-দাসদিগের উন্নতি তত গাঁঘ হওয়া সম্ভব নহে। গার্হ্য কাজে নিযুক্ত দাদেরা তাহাদিণের অপেক্ষা অনেক পরিমাণে অগ্রসর, তাহাদিগের মুখন্ত্রী অপেকাকৃত প্রীতিজনক, সোষ্ঠবযুক্ত ও সভাসমাঞ্জের উপযোগী ভাববাঞ্কক। প্রথমোক্ত দাসেরা কদাকার; তাহারা অনেক পরিমাণে আফ্রিকাদেশস্থলভ ওষ্ঠ নাসিকাও কেশ বন্ধায় রাথিয়াছে। তাহাদিগের প্রতিভা অতীব মর্লিন এবং তাহাদিগের মুখে কেমন এক রকম ঘুমস্তভাব ও বৃদ্ধির অভাব লক্ষিত হয়।"

আমাদের দেশেও ইহার একটা দৃষ্টান্ত পাওয়া যায় ৷ কাঞকুজ হইতে যে পঞ্চ আহ্মণ গৌড় দেশে আইসেন তাঁহাদিগের সঙ্গে তাঁহাদের পাঁচ জন সেবক আসিয়াছিল; এই ব্রাহ্মণ-সেবকদিগেরই বংশ-প্রস্ত্ত এখনকার অধিকাংশ বঙ্গীয় কারস্থ। ভিন্ন বর্ণের হইলেও, ব্রাহ্মণ-সংসর্গ-প্রভাবে তাঁহারা প্রায় ব্রাহ্মণের ন্তায় উৎকর্ম লাভ করিয়াছেন। এই জন্ত আমাদের দেশে, গণনার সময়, কারস্থ ব্রাহ্মণকে একত্র ধরা হয়। কাবণ, উভয়ের মধ্যে স্বভাব-চরিত্রে অনেকটা সৌদাদৃশ্য আছে।

আনেরিকার পর্যাটক ডাক্তার হালকক বলেন—"বিজ্ঞাতিগত বিবাহ না হইয়াও, কয়েক পুরুষব্যাপী কালমধ্যেই কোন জাতির মধ্যে স্কুম্পষ্ট পুরিবর্ত্তন সংঘটিত হয়। নিজ্যোদিগের মধ্যে দেখা যায়, যাহারা অনেক-দিন হইতে গৌরাঙ্গ প্রভূদিগের ভূতা হইয়া তাহাদিগের সহিত একত্র বাস্ করিয়াছে, তাহাদিগের উত্তর বংশে স্থূল ওঠ, চ্যাপটা নাসিকা প্রভৃতি কাফ্রিস্কুলভ মুখনী তত্টা স্কুম্পষ্টরূপে আর লক্ষিত হয় না, ক্রমশঃ ভাহাদিগের মুখাবয়ব অনেকটা যুরোপীয়দিগের ভায় হইয়া আইসে।"

দক্ষিণ-সমুদ্র দ্বীপবাসিগণ যাহাদের সকলকেই একবংশোদ্ভব বলিরা মনে হয়, ভাহাদিগের মধ্যে যাহাদিগের যতটুকু সভাতার চাষ হইয়াছে, সেই পরিমাণে তাহাদিগের মধ্যেও প্রভেদ লক্ষিত হয়। তাহার দৃষ্টাস্ত, নিউজিলাগুবাসীরা নিতাস্ত অসভা ও অধিকাংশ ক্লফবর্গ, নিউহল্যাগু-বাসীরা অর্দ্ধনত্য ও কপিশবর্গ, ফ্রেগুলী দ্বীপবাসীরা অপেক্ষাকৃত অগ্রসর ও তত্তী কালো নহে—তাহাদিগের মধ্যে অনেকে উজ্জ্বল শ্রামবর্গ এবং অনেকেরই মুরোপীর ধরণের মুখ দেখিতে পাওয়া যায়।

পিতা মাতার কোন বৃত্তি বা শক্তি উৎকর্ষ লাভ করিলে, তাহা যে অনেক সময় তাহার সন্তানে আসিয়া বর্ত্তি তাহাতে সন্দেহ নাই। জন্তদিবের মধ্যে ইহার দৃষ্টাস্ত সচরাচর দেখিতে পাওয়া যায়। Pointer জাতীয় কুকুর বে প্রণালীতে শীকার করে তাহার বাচচা কোন শিক্ষানা পাইয়াও স্বভাবতঃ সেই সংস্কারটি প্রাপ্ত হয়। কুকুর ব্যতীত অভ্যাভ্ত পশুর মধ্যেও এইরপ অজ্ঞিত অভ্যাদের কৌলিক অসুবৃত্তি দৃষ্ট হয়।

ইংলভের মাঠে তুণের প্রচুরতা হেতু, সেখানকার মেষগণ একতা দল বাধিয়া চরিয়া বেড়ায় ; কিন্তু স্কটলণ্ডের পার্ব্বতীয় প্রদেশে ভূণের বিরলতা হেত, সেখানকার মেষ-সকল আহারের অ্যেষ্ণে ইতস্তঃ ছড়াইয়া পড়ে। তথাপি, ইংলণ্ডের মেষদিগকে যদি স্কটলণ্ডে লইয়া যা ওয়া যায়, দে দেশের পক্ষে উপযোগী না হইলেও সেখানে তাহারা তাহাদিগের কৌলিক সংস্কার বশতঃ একত্র দল বাঁধিয়া চরিয়া বেড়ায়। এক একটি বিশেষ অর্জ্জিত অভ্যাস কির্নপে জ্বন্তদিগের মধ্যে কুলপ্রপাহী হয় তাহার দৃষ্টাস্থস্থরূপ Night বলেন:-"একটি টেরিয়র কুকুরের বাচ্চ। যাহার বাপ-মা গন্ধ-মাৰ্জ্জার শীকার করিত এবং একটি Springing Spaniel কুকুরের বাচচা যাহার পূর্ব্বপুরুষেরা বক্ত-কুকুট শীকার করিত, এই উভয়জাতীয় কুকুর একতা পালিত হটয়াছিল। টেরিয়র বাচচাকে গন্ধ-মার্জ্জার কর্থন দেখিতে দেওয়া হয় নাই এবং স্পেনিয়েল বাচচাকে বক্ত-কৃত্রুট কখন দেখিতে দেওয়া হয় নাই। কিন্তু সেই টেরিয়র বাচচা নথনট প্রথম গন্ধ-মার্জ্জার দেখিতে পাইল, তথনি ভাহার পূর্বপুরুষ-দিগের সংস্থার-অনুসারে ভীষণভাবে তাহাকে আক্রমণ করিল; কিন্তু স্পেনিয়েল শিশু উদাসীনভাবে বসিয়া রহিল। আবার স্পেনিয়েল শিশু সর্বপ্রথমে যথন বক্ত-কুকুট দেখিতে পাইল, অম্নি তাহাকে উৎসাহ ও আনন্দের সহিত আক্রমণ করিল; কিন্তু টেরিয়র উহাতে উৎসাহ ও আনন্দ প্রকাশ করিল না।" মনুষ্যের মধ্যেও এইরূপ বিশেষ বিশেষ অভাসের কৌলিক অনুবৃত্তি কথন কথন দেখিতে পুওয়া যায় ! Knight বলেন "একজন প্রাসিদ্ধ ফরাসিদ্ সিভিল ইঞ্জিনিয়র M. Polonceau করেক বৎদর হটল আমার সহিত দেখা করিতে আসিয়াছিলেন, তিনি একটি ফরাসী যুবককে তাঁহার দঙ্গে আনিয়াছিলেন-এই যুবক অনর্গল ইংক্লাজের স্থায় ভাল ইংরাজিতে কথা কহিতে লাগিল। ঐ যুবক ঘট বৎসর মাত্র ইংলওে ছিলেন। তাহার পূর্বে ইংরাজি ভাষ।

আদপে জানিতেন না—ইংরাজি কথা কহিতেও কখন শুনেন নাই। আমি তাহাকে জিজাসা করিলাম, তুমি ইংরাজি নাম Thisslethwaite উচ্চারণ করিতে পার কি না-ভিনি তৎক্ষণাৎ স্পষ্টরূপে ও বিশ্বদ্ধ-কপে ঐ নাম উচ্চারণ করিলেন। তার পর দিন, কথায়-কথায় জানা গেল যে তাঁহার কতকগুলি আয়র্লগুীয় আত্মায় আছে; আরও জানা গেল, তার মাত্রমহী, থাঁকে তিনি আদপে দেখেন নাই তিনি আয়লগুৰীয় ছিলেন। এই জন্মই বোধাহয়, তিনি ঐ কথাটা অভ সহজে উচ্চারণ করিতে পারিয়াছিলেন। পাারিস নগরে, একজন ফরাসী আমার নিকট জাঁক করিয়া বলিয়াছিলেন, তিনি যে-কোন ইংবাজি কথা বিশুদ্ধরূপে উচ্চারণ করিতে পারেন, আমি Thisslethwaite এই নামটি উচ্চারণ করিতে বলিলাম, তিনি চেষ্টা করা দরে থাকুক. একেবারে বলিরা উঠিলেন, "Ah barbare" অর্থাৎ আ বর্বর।-

কোন দেশের জলবায় শীতাতপ প্রভৃতি বাছ অবস্থার উপর কিলৎ পরিমাণে যে দেই দেশের জীবজন্ত মহুষোর শারীরিক ও মানসিক প্রক্রতি নির্ভর করে তাহা স্পষ্ট দেখা নায়। যে দেশে স্থারে প্রথরতা কম সে দেশের লোকের রং অনেকট। ফিঁকে, সমভূমির লোকদিগের অপেক্ষা পার্বত্য প্রদেশের লোকদিগের রং অনেকটা সাফ্; আবার. মুরোপ ও অসিয়ার উত্তরাংশের লোকেরা দক্ষিণাংশের লোকদের অপেকা গৌরবর্ণ। উত্তর দেশে জন্তদিগেরও রং সাদা দেখা যায়---এবং বিষুবরেখার নিকটবর্তী প্রদেশের জীবজন্তদিগের বর্ণ বিমিশ্র বলিয়া মনে হয়। লোকে বলে, অন্ধকার-স্থানে এক যোড়া শ্রামবর্ণ খৃষিককে রাখিলে তাহাদিগের শাবকের রং সাদা হয়। Blumenback বলেন, একটা ঘরে ভোট ছোট পাখীদের রাথিয়া তাহাদিগকে শণের বীজ খাওয়াইলে তাহারা কালো হটয়া শায়।

New South Wales-এর বিবরণ বেরূপ শোনা ধার ভাহাতে মনে

হয়, সেখানকার আবহাওয়ার প্রভাব অতান্ত প্রবল। অন্তান্ত দেশ হইতে আদিয়া, New South Wales এ ভূমি গ্রহণ করিলে, কি উদ্ভিজ্জ কি জীব সকলেরই শারীরিক প্রকৃতিতে আশ্চর্যান্ত্রনক পরিবর্ত্তন উপস্থিত হয়। অনেক দিন হইতে ইহা লক্ষিত হইয়াছে, যে সকল বেশ্চারা পূর্বের একেবারে বন্ধা ছিল তাহারা ঐ দেশে আদিয়া বহু সন্তান প্রসাব করে, এবং যে সকল বিবাহিত স্ত্রীলোকের অধিক বয়সে সন্তান হওয়া বন্ধ হইয়া গিয়াছিল তাহারাও ঐ প্রদেশে অল্ল দিন আদিয়াই সন্তানবতী হয়। স্থ্র মন্ত্রাভাতিক কথা নহে, যে সকল জীবজন্ত অন্ত প্রদেশ হইতে ঐ প্রদেশে আনীত হয় তাহাদেরও জাতিগত উৎকর্ষ সাধিত হয় এবং আকারও অনেক পরিমাণে বৃদ্ধি পায়।

ভারতবর্ষের বিষয় বলিতে গিয়া বিষপ হিবর এক স্থলে বলিয়াছেনঃ—
"ইহা স্পষ্ট দেখা যায়, এই সকল শ্রেণীর মন্তব্যেরা (গৌরবর্গ, পারসীক,
গ্রীক, তাতার, তুর্ক, আরব) হিন্দুদিগের সহিত বিবাহ না করিয়াও,
কয়েক পুরুষমধ্যেই ভারতবর্ষীয় আব-হাওয়া-স্থলভ গাঢ় জলপাই-ফলের
বর্গ প্রাপ্ত হয়—এই বর্গ নিগ্রোর অপেক্ষা কিছু কম কালো। পোটুগিজেরা ভারতবর্ষে তিন শত বৎসর বাস করিয়াই কাফ্রির মত কালো
ইইয়া গিয়াছে। কেহ কেহ রে বলেন, কেবল আব-হাওয়ার তারতমো
নির্বোও অপ্রমাণিত হইতেছে। ইহা সতা, নির্বোত্ত অস্তান্ত কতকগুলি
বিশেষ লক্ষণ আছে যাহা ভারতবর্ষীয়ের মধ্যে নাই এবং যাহা ভারতবর্ষনিবাসী পোটু গীজের মধ্যেও দেখা যায় না; এই সকল বিশেষ লক্ষণ
আবহাওয়া ঘটিত নহে বটে, কিন্তু রে একমাত্র বিষয়ে যুরোপীয় ও
হিন্দুর মধ্যে প্রভেদ সেই শ্রামবর্গ বে আবহাওয়ার ফল তাহাতে কোন
সন্দেহ নাই। যদি উত্তাপে কোন একটি গরিবর্তন স্মাধিত হয়, তাহা
হইলে আবহাওয়ার অন্তান্ত বিশেষজ্ হইতে অন্তান্ত আরও কতকগুলি

পরিবর্ত্তনপত যে ঘটিতে পারে তাছাতে আর বিচিত্র কি। বিশেষতঃ ঐ সকল বিশেষত্ব যখন তিন চারি হাজার বৎসর হইতে স্বীর প্রভাব প্রকটিত করিয়া আসিতেছে, তখন উহা হইতে যে কত দ্ব পরিবর্ত্তন ঘটতে পারে তাহার সীমা নিরপণ করা সহজ নহে। আমার মনে হয়, আমাদের য়ুরোপীয় গর্কের আতিশনে। আমরা এই ভ্রমে পতিত হই যে আমাদিগের দেহের রংই বুঝি ময়ুষা জাতির আদিম রং—কিন্তু আমার বরং মনে হয় ভারতবর্ষীয়দিগের যেরপে রং তাহাই ময়ুষাজাতির আদিম রং—কেননা উহাই ছই অতিরিক্ত সীমার মাঝামাঝি এবং উহাই চক্ষুর ভৃথিকর। ময়ুষাজাতির অধিকাংশের মধ্যে ঐরপ রংই দৃষ্ট হয়। শীতপ্রভাবে ও পরিজ্ঞেদের নিতা বাবহারে যেমন একদিকে চর্মা সাদা হইয়া যাইবার কথা, সেইরপ অন্ত পক্ষে জনগুর স্র্যোত্তাপ ও দেহের নগ্নাবন্তা-প্রকৃত্ত চর্মা কালো হইয়া বাইবার কথা। এইরপে উত্তাপ প্রভৃতি নানা প্রকার বাক্স মরস্থার পতিত হইয়া, হিন্দু অধ্যাতি প্রাপ্ত হইয়া নিগ্রোতে পরিবৃত্ত হইয়া ঘাইতে পারে এবং বিপরীত কারণ বিদ্যমান থাকিলে, ঐ হিন্দুই হয়তে। চীন, পারসীক, তুর্ক, রুষ ও ইংরাজের রং প্রাপ্ত হয়।"

Dr Prichard বলেন;—আফ্রিকার পার্নতা প্রদেশের অধি-বাসিগণ, নিমন্থ জলা ভূমির অধিবাদী অপেক্ষা শারীরিক বল ও মানসিক শক্তি-বিষয়ে অনেকগুণে উৎক্রন্ত।

শারীরিক বলের উপর সভাতার কিরুপ প্রভাব তাহা Peron দেখাইরাছেন। তিনি Regnier-কৃত Dynamometer যন্ত্রের সাহায়ে অবধারণ করিয়াছিলেন যে, Van Diemensland-বাসী বহা লোকের। অংশকাকৃত-উন্নত New Holland-বাসীদের অংশকার শারীরিক বলে নিকৃত্তঃ আবার New Holland-বাসীরা অংশকানকৃত-উন্নত Limor কাতি অংশকা নিকৃত্তঃ আবার Timor-বাসীগণ, মুরোপীয়দিগের অংশকা অনেকাংশে নিকৃত্ত।

ক্সাতির উৎকর্ষ-সাধনই প্রকৃতির উদ্দেশ্য, কিন্তু এই উদ্দেশ্য অতি অরে অরে গীরে গীরে সাধিত হয়। উৎকৃত্ত-জাতীয় জীব কিন্তা উদ্ভিজ্জের উন্নতি, নিকৃত্ত জাতীয় জীব কিন্তা উদ্ভিজ্জের অপেক্ষা বিলম্বে সাধিত হয়। জন্মাইবার পূর্বের, জীব ও উদ্ভিজ্জিদিগকে একটি নির্দিষ্ট কাল অতিক্রম করিতে হয় এবং তাহাদিগের পূর্ণ শক্তিও পরিমাণ লাভ করিবার পূর্বেও তাহাদিগকে আবার কিছুকাল অপেক্ষা করিয়া থাকিতে হয়। মন্ত্রা সর্বাপেক্ষা উৎকৃত্ত, এই জন্ম তাহার চরম উৎকর্ষ আরও বিলম্বে সাধিত হয়।

পিতা মাতার উপর, অনুকৃল অবত। ও ঘটনার প্রভাব প্রকটিত হইলে তাহাদিগের সস্তান সন্ততিরও উন্নতি হইরা থাকে; এই নিয়মটি থাকার, মুম্বাজ্ঞাতির উৎকর্ষ-দাধনে আমরা একেবারে নিরাশ হই না। কোন জাতির মধ্যে, তুই এক পুরুষের ভিতরে, আমাদিগের আশাসুরূপ চরম উন্নতির লক্ষণ দেখিতে পাইলাম না বলিয়া আমরা ভয়োদাম হই না। কেননা আমাদিগের উদান চেষ্টার যদি একজন ব্যক্তিরও অলপরিমাণ উন্নতি হয়, তাহা হইলেও সে উদাম ও চেষ্টা একেবারে নিক্ষল হয় না। সচবাচৰ শিক্ষাৰ ছাবা কোন ব্যক্তিবিশেষেৰ কিষৎপৰিমাণে উন্নতি হইতে পারে। কিন্তু দে উন্নতির-একটা সীমা আছে। সেই সীমাটিতে পৌছিলেই তাহার আর উন্নতি হইবার সম্ভাবনা থাকে না। কিন্তু এই ব্যক্তিবিশেষের তিল-পরিমাণ উন্নতিগুলি কৌলিক নিয়মে সস্তান সন্ততির মধ্যে বৃদ্ধিত হইয়া কালক্রমে তাল-পরিমাণ হইয়া উঠিতে পারে। যে সকল সমাজ-সংস্কারকেরা তাঁহাদিগের জীবদ্দশায় কোন জাতির উন্নতির পরাকার্মা দেখিতে চান, তাহারা নিশ্চয়ই নিরাশ হইবেন,—কিন্তু উাহাদের জানা উচিত, তাহাদের উদাম ও চেষ্টায় যদি সমাজের তিলমাত্র উন্নতি সাধিত হয়, তাহা হইলেই তাহাদের পরিশ্রম সার্থক হইল।

ূ উদ্ভিচ্জ ও পশুদিগের মধ্যে দেখা যায়, বাস্থ অবস্থার অমুকৃলতায় যে

কোন উন্নতি সাধিত হয়, সেই অমুকুলতা চলিয়া গেলেই তাহারা আবার ্য-কে-সেই পূর্ববিস্থা প্রাপ্ত হয়। এই জন্ম ক্রমাগত চাষ ও উৎকর্ষ সাধনের চেষ্টা আবশ্রক। উদ্ভিজ্ঞ ও পশুদিগের মধ্যে বেরূপ, মনুষোর মধ্যেও দেইরপ একই নিয়ম দৃষ্ট হয়। শারীরিক ও মানসিক উন্নতির উপার-সকলের প্রতি ওঁদাস্থা করিলে মহাযোর সন্তান সন্ততি ক্রমশঃই হীনাবস্থা প্রাপ্ত হয়; কারণ, বাহ্য অবস্থার প্রভাব যতই প্রবল হউক না, গোড়ার আভান্তরিক প্রভাব আরও বলবং। এই জ্বন্স বিবাহার্থী ব্যক্তিদিগের জাতি-কুল-গোত্রের প্রতি বিশেষ মনোযোগী হওয়া আবশ্রক। আমাদের শাস্ত্রে এক গোত্রে বিবাহ নিষিদ্ধ। এই নিষেধটা অযৌক্তিক নহে। যদি কোন ব্যক্তির শারীরিক প্রকৃতি বা গঠনে কোন প্রকার হীনতা বা বিক্লতি উপস্থিত হইয়া তাঁহার সন্তান সন্ততিতে সংক্রামিত হয়—আর, তাঁহার বংশের মধ্যে যদি স্বজ্ঞানি-বিবাহ-প্রথা প্রচলিত থাকে, তাছা হটলে তাঁহার বংশে সেট হীনতা বা বিক্কৃতি আরও দ্বিগুণ পরিমাণে বদ্ধনূল হইরাপড়ে। কিন্তু যদি অভা বংশের সহিত বিবাহ-সম্বন্ধ ঘটে, তাহা হটলে এট হীনতা বা বিক্লতি ক্রমশঃ তিরোহিত হইতে পারে। এই প্রকার স্বজ্ঞাতি-বিবাহে শ্রীরের অক্তান্ত অঙ্গ অপেকা মাস্তক্ষেত্রই বেশী হানি দৃষ্ট হয়। স্বজ্ঞাতি-বিবাহের যে কি বিষময় ফল তাহা যুরোপীয় রাজবংশে সপ্রমাণ হয়। যুরোপের প্রায় প্রত্যেক রাজ্ববংশে নির্ক্ষিতা বা বাতুলতা ন্যানাধিক পরিমাণে দৃষ্ট হয়। ইংলপ্তের ইছদিদিগের মধ্যে খুড়ত্বতো ভগিনীকে বিবাহ করিবার কুপ্রথা প্রচলিত আছে। এই জন্ম তাহাদিগের মধ্যে তোত্লামো, টেরা-দৃষ্টি, বাতুলতা ও সকল প্রকার সায়বীয় পীড়ার আধিক্য। আসল কথা, বিবাহের গঞা যত বড হয়, তত্ত নির্বাচনের স্থবিধা। অভ গোত্রে বিবাহ করিলেই যে ভাল ফল হইবার কথা এরপ নহে। আমার গোতে যে হौनजा आছে, সেই হীনতা यদি অন্ত বংশে থাকে और

वित्वहमा ना कतिता यपि त्महे वश्यमत महिल विवाह-मध्यक निवक्ष हहे. তাহা হইলে সেই একই বিষময় ফল উৎপন্ন হয়। তবে সমর্গোত্র অপেক্ষা অসমগোত্রে বিবাহে এট প্রকার ঘটনার সম্ভাবনা কম। এমন বংশ বা গোত্র অভি বিরল যাহার মধ্যে কোন না কোন শারীরিক দোষ না আছে এবং সেই গোত্র বা বংশমধ্যে যদি অন্তর্বিবাহ প্রচলিত থাকে, তাহা হইলে সেই সকল দোষ আরও পরিপুষ্ট ও তীব্রতর হইবার কথা। কোন কোন পণ্ডিত বলেন, ভিন্ন গোত্র ও ভিন্ন বর্ণের মধ্যে বিবাহ যেমন গুভজনক, ভিন্ন জাতির মধ্যেও বিবাহ সেইরূপ গুভজনক। তুই ভিন্ন জাতির মধ্যে বিবাহ হইরা যে সম্ভান উৎপন্ন হয় তাহা উভয় অপেক্ষা উৎক্রপ্ত হুইয়া থাকে। কোন নিক্রপ্ত জাতির সহিত উৎক্রপ্ত জাতির সন্মিলন ঘটলে নিরুষ্ট জাতি যে উন্নত হয় তাহার দ্বীস্ত স্বরূপ তাঁহাবা বলেন, পারসীক জাতি পূর্বে অতান্ত কদাকার ছিল, জর্জীয় ও সর্কেসীয় জাতির সংমিশ্রণে একণে তাহারা স্থ্রশ্রী হইয়াছে। কিন্তু আমাদের দেশে হিন্দু ও য়ুরোপীয়ের সংমিশ্রণে যে ফিরিন্দি জাতি উৎপন্ন হুইয়াছে, সে ফিরিঙ্গি জাতিতে উন্নতির কোন লক্ষণ কি দেখা যায় ? ফিরিঙ্গিদের মধ্যেতো আমরা কোন উৎক্লপ্ত গুণ দেখিতে পাই না। কি ইংরাজ, কি দেশীয়, তাহারা সকলেরই মুণার পাত্র,' আমার বোধ হয়, নিতান্ত ভিন্ন জাতীয়দিগের মধ্যে বিবাহ হইলে তাহার সন্তান সন্ততি ভাল হয় না। পারসিক ও জজীয়দিগের মধ্যে ব্যবদান অধিক নহে। সেই জঞ বেশ মিশ থাইয়াছে। ইংরাজে বাঙ্গালিতে কথনই সেরপ মিশ থাইতে পাবে না ৷ আমাদিগের সহিত বিহারীদিগের হয়তো ভালরপ সংমিশ্রণ হইতে পারে—কিন্তু পঞ্চাবীদিগের সহিত হইতে পারে কি না ভাহাও मत्महन्द्रव ।

ক্ষামাদিগের বিবাহের সম্বন্ধ স্থির করা উচিত। কেবল কটা

পাশু করিয়াছে কিম্বা কত টাক। আছে ইহাই বেন পাত্র-নির্ব্বাচনের একমাত্র চরম নিয়ম না হয়। অন্তাক্ত বিষয়ও অনুসন্ধান করা উচিত।

শশু উৎপাদন করিবার সময় আমরা সর্ব্বোৎকৃষ্ট বীজ দেখিরা বপন করি—গোরু বা ভেড়ার জাতি ভাল করিতে গেলে আমরা উৎকৃষ্ট জাতার গোরু ও ভেড়ার অনুসন্ধান করি। ভাল কুকুরের বাচ্ছা পাইবার জ্ঞু আমরা ভাল ভাল কুকুর বাচিয়া আনি। কিন্তু কেবল মানুবের বেলার আমাদের কেন এরূপ উদাশু ? বিবাহের সময় আমরা ভাল করিয়া পাত্র নির্ব্বাচন করি না বলিয়াই নানাপ্রকার কৌলিক রোগ আমাদিগের মধ্যে সংক্রামিত হয়। পাত্র যদি সম্পত্তিশালী বা কুলীন বা পাশ-করা হয় তাহা হইলেই আমরা যথেষ্ট মনে করি। তার পরে সে চিররোগী হোক, মাতাল হোক্, কাপুরুষ হোক্ তাহাতে কিছুই আমাদের আসিয়া যায় না। বাজালি জাতিকে যদি উন্নত করিতে হয়, তাহা হইলে, এই সকল বিষয়ে বিশেষ মনোযোগী হওয়া আবগুক।

সমাজ-বিজ্ঞান

9

ম্যাল্থদের মত।

(প্রতিবাদ)

সমাজতর লইয়া য়ুরোপে অনেক দিন হইতে আলোচনা ও আন্দোলন চলিতেছে। কিন্তু এখনও সমাজের রীতিমত বিজ্ঞান হইয়াছে কি.না সন্দেহ। অস্তান্ত সকল বিজ্ঞান অপেক্ষা সমাজ-বিজ্ঞান হরহ ও জটিল; কারণ, সমাজ-বিজ্ঞান সকল বিজ্ঞানের চরম পরিণাম। মামুষ লইয়া সমাজ। মানুষের সমাজকে বুঝিতে গোলে মানুষকে ভাল করিয়া বুঝিতে হয়। মানুষকে ভাল করিয়া বুঝিতে গোলে, তাহার শরীর, তাহার মন, তাহার বাহ্ অবস্থা, তাহার বাসন্থান পৃথিবী, অস্তান্ত জীবজন্ত, উদ্ভিজ্জ, এমন কি সমস্ত স্প্তিকে ভাল করিয়া বুঝিতে হয়। কাজে কাজেই সকল বিজ্ঞানের চরম উয়তি না হইলে রীতিমত সমাজ-বিজ্ঞান ইইতে পারে না। শারীরতন্ত্ব, মনস্তন্ত্ব, প্রাক্ত তিব্জান, সকলই এখন শৈশবাবস্থায় —কাজেই সমাজ-বিজ্ঞান এখনও ভবিষাতের গার্ভে নিহিত।

এই অবস্থায় যদি কেহ সমাজ বিজ্ঞানের দোহাই দিয়া কোন মত জারি করিতে প্রাবৃত্ত হন এবং উহা অকাট্য বলিয়া দাঁড় করাইতে চেষ্টা করেন, তাহা হইলে কি তাঁহার কথা সন্দেহের সহিত আমরা গ্রাহণ করিব না ? এ প্রাকার সন্দেহ করিবার আমাদের অধিকার আছে।

আমর। ছেলেবেলা হঁইতে শুনিয়া আসিতেছি, ম্যাল্থস প্রমাণ করিয়াছেন, পৃথিবীর খাদ্যের পরিমাণ অপেক্ষা লোকসংখ্যা বৃদ্ধি ইইতেছে। অর্থাৎ যে পরিমাণে লোকসংখ্যা বৃদ্ধি হইতেছে, সেরূপ वां फिट ज रशत श्रीयेवी आमामिशतक (थात्राक खां शाहर अपित्र ना । অতএব লোকদংখ্যা বাহাতে কমে তাহারই চেষ্টা করা উচিত। আমরা যদিও তাঁহার মূল গ্রন্থ পাঠ করি নাই (অতি অল্ল লোকেট বোগ হয় পাঠ করিয়াছে) তবু সহজ বুদ্ধিতে এরূপ মনে হয়, তিনি যে এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন, তাহার বিশিষ্ট কোন প্রমাণ নাই। সে সকল তথা অবলম্বন করিয়া তিনি এই সিদ্ধান্তে আসিয়াছেন, সেই ত্যাগুলি ক গুরু প্রামাণিক ও বিশ্বাস্যোগ্য সে বিষয়ে সন্দেহ হয়। এক খণ্ড ভূমির উর্বরতা-শক্তি ও ফগলের পরিমাণ ঠিক করাই যথন কঠিন এবং একটা নগরের লোকসংখা স্থির করিতে যখন এত ভুল হয়, তথন যে তিনি সমস্ত পৃথিবীর লোকসংখ্যা ও থাদ্যের পরিমাণ অকাট্যরূপে স্থির করিতে পারিবেন ইহা এক প্রকার অসম্ভব। তাঁহার কথা যদি সভা হইত, সে সময় হঠতে গণনা করিলে এতদিনে পুথিবী উজ্বাড হইয়া যাইত। তর্কের স্থলে যদি বা তাহার কথাই ঠিক বলিয়া মানা যায়-তবু লোকসংখা। কমাইবার জন্ম ক্রতিম উপায়ের কেনে আবশুক্তা দেখা যায় না। মহামারী, জলপ্লাবন, যুদ্ধবিগ্রহ প্রভৃতি অবশ্রস্তাবী উৎপাত এত আছে যে তাহার উপর যদি ইচ্ছা করিয়া প্রত্যেক মনুষ্য কুত্রিম উপায়ে প্রজারুদ্ধি নিবারণ করে তাহা হটলে তো মতুষ্য-সমাজ একেবারে উচ্চিন্ন হইবার কথা। কেহ এ কথা বলিতে পারেন, মনুষ্য-সমাজে যতই সভাতার বৃদ্ধি হয়, ততই দৈব উৎপাতে জীবননাশের কম সম্ভাবনা থাকে—জীবন-রক্ষার অনেক উপায় উদ্ভা-বিত হয়; এ কথা সতা, কিন্তু এখন ও সে অবস্থা আইসে নাই। সভা যুরোপ এখনও জলপ্লাবন, মারীভয়, যুদ্ধবিগ্রহের হাত হইতে একেবারে অব্যাহতি পান নাই। সভাতর মুরোপেই যথন লোকসংখ্যা নিবারণের ক্লতিম উপায় অবলম্বন করিবার সময় আইসে নাই, তথন আমাদের দেশের তো কথাই নাই। এত সামাক্ত ও অল আহারে আমাদের

শরীর রক্ষা হয় যে লোকসংখ্যা বৃদ্ধির জন্ম আমাদের কোন ভয় পাইবার প্রয়োজন নাই। বিশেষ কোন দৈব উৎপাত না হইলে, সচরাচর
আমাদের দেশে অতি অল্প লোকেই অনাহারে মরে। লোকসংখ্যা
নিবারণের চেষ্টা না করিয়া ভূমির উর্বর লা-শক্তি বৃদ্ধি করিবার চেষ্টা কর
না কেন ? যদি আমরা ক্লমি-বিদ্যার প্রতি মনোযোগী হই—যদি আমরা
উৎক্লষ্ট লাক্ষল বাবহার করি ও চাষের উন্নত প্রণালী অবলম্বন করি,
তাহা হইলে আমাদের খাদ্যের পরিমাণ হয়তো আরও বৃদ্ধি হইতে পারে।
ইহার উপর যদি আমরা মিতব্যয়িতা শ্রমশীলতা অভ্যাস করি ভাহা
হইলে আমাদের খাদ্যের অভাব কি ? Lewis একস্থলে বলিয়াছেন,
"অসম্পূর্ণ সভ্যতার অবস্থায় জীবিকার উপায় বৃদ্ধি করা অপেক্ষা অধিক
ক্ষেত্রেগে লোকসংখ্যা বৃদ্ধি করিবার দিকে মানবজ্বাতির স্বাভাবিক
গতি। কিন্তু কোন বিশেষ দেশে ও বিশেষ সময়ে সহর্কতা, শ্রমশীলতা, অর্জ্জনম্পৃহা এবং উৎক্লম্ট রাজনৈতিক ও গার্ছস্কা বন্দোবন্তের
প্রভাবে কার্যাতঃ এই গতির প্রতিবিধান হইতে পারে।"

লোকসংখ্যার র্দ্ধি না হইলে সমাজ সংগঠন হয় না—সমাজের উন্নতি হয় না—সভাতার বিস্তার হয় না। সমাজ যত দিন অসম্পূর্ণ অবস্থায় থাকিবে তছদিন হংখ হর্দশার হাত হইতে কথনই এড়াইতে পারিবে না। প্রকৃত সভাতা, প্রকৃত উন্নতির দিকে সমাজ যতই অগ্রান্ত ইততেছে ততই উহার হংখ হর্গতির হ্রাস হইতেছে সতা, কিন্তু এই কন্ট নিবারণের জন্ত কন্টসাধনই একমাত্র উপায়। জল দিয়া যেমন জল বাহির করিতে হয়, তেমনি কন্টের ধারাই কন্ট দ্ব হয়। আমাদিগের অপূর্ণপ্রেক্তি, কাজেই কন্ট আমাদের জীবমের অবশুদ্ধাবী নিয়ম; অভএব, পাছে আমার হুটি সস্তানের পর আর হুটি সন্তান হইলে তাহারা কন্ট পায় এ আশত্বা করা কাপুক্ষের কথা, স্বার্থপরের ক্থা। কাজ করিবার জন্তুই আমরা পৃথিবীতে আসিরাছি। স্থুখ যতটা আসে ভাল;

কিন্ত কষ্টই আমাদের জীবনের নিরম; এইরপ মনে করা উচিত, প্রকৃতির মহান্ উদ্দেশ্য পূর্ণ করাই আমাদের কাজ। যে উদ্দেশ্য কি ?
— না অধিকতম লোকের অধিকতম হংখ—পূর্ণ হংখ নহে। আমরা পূর্ণ হংখের অধিকারী নহি। আপনার হংখের প্রতি মুখ্য দৃষ্টি থাকিলে সে উদ্দেশ্যের বাাঘাত হয়। প্রজাবৃদ্ধি হইলে যদি সাধারণতঃ জ্বগৎসংসারের উপকার হয়, তাহা হইলে ব্যক্তি বিশেষের কষ্টকে গণনার মধ্যে আনা উচিত নহে।

"মনুষা সৃষ্টির উদ্দেশ্র কি ? যদি জুনিয়া কট্টই প্রতি হইল তবে মুম্বাজ্ব প্রহণ করিবার ফল কি ১ এ সকল ধরণের কথা ঘাঁহার। বলেন, তাঁহারা তো প্রকৃতির বিদ্রোহী প্রজা। উদ্দেশ্য যাহাই হউক. তোমার ভাবিয়া কোন ফল নাই। এই পর্যান্ত জান, ইহাই প্রকৃতির সম্বর। যদি প্রকৃতির স্থপ্রজা হও, যদি প্রকৃতির ভক্ত ২ও, তাহা হইলে এই সঙ্কল্পে অবিতর্কচিত্তে তোমাকে যোগ দিতেই ইইবে: প্রাকৃতির সকলই এই, প্রত্যেক মনুষাকে ছঃখ ছদশার মধো জনা গ্রহণ করিতে হটনে, কণ্টের ভাগী হটতে হটবে এবং ভবিষা উন্নতসমাজ্ঞ নির্ম্মাণের জন্ম সহায়তা করিতে হটবে—এক কথায়, মজুরের মত খাটিতে হটবে। পৃথিবীতে জন্ম গ্রহণ করা যদি সমুষোর ইচ্ছাধীন হইত এবং যদি অজাত মনুষাগণ বলিত যে, পৃথিবীর সমস্ত তৃঃখ তুর্দ্ধশা একেবারে তিরোহিত না হটলে আছরা জনমগ্রহণ করিব না, তাহা হটলে কি পৃথিবীর উন্নতি হইতে পারিত ? সমাজ টেঁকিতে পারিত ? একেবারে পূর্ণ সমাজ স্থাপন করা যথন প্রকৃতির উদ্দেশ্য নয়, তখন একেবারে কষ্ট হইতে অব্যাহতি পাইবার আশা করা রুথা। বাঁহারা বলেন, এই পরিমাণ কষ্ট সক্ষ করা ষাইতে পারে, তাহার অধিক নহে—তাহার অধিক কষ্ট হইবার সম্ভাবন। থাকিলে সম্ভানোৎপত্তি নিবারণ করা উচিত, তাহার উত্তরে বলা যাইতে পারে, কষ্ট আপেক্ষিক—এক জনের পক্ষে যাহা কষ্ট, আর এক জনের

পক্ষে তাহা কষ্ট নহে, যে পরিমাণ কষ্ট একজনের সম্ভ হয়, সে পরিমাণ কষ্ট আর এক্জনের পক্ষে অসহ। অতএব কটের কোন ধ্রুব পরিমাপক নাই। তা ছাড়া, অনেক সময়ে, যাহা আপাততঃ কষ্ট বলিয়া মনে হয় তাহা ভবিষা মঙ্গল—ভবিষা স্থাখের সোপান। আমাদের দেশের মধাবিত্ত লোকদিগের মধ্যে খা ওয়া পরার কন্ত হইয়াছে বলিয়া কেহ কেহ অতান্ত আক্ষেপ করেন। কিন্তু আমার মতে ইহা একটি শুভ লক্ষণ। কষ্টের সঙ্গেদকে লেণকের উদাম ও বাড়িতেছে। উদামের অবশ্রস্থাবী ফল উন্নতি। আমাদের সমাজে যতই যুঝাযুঝি চলিবে ততই আমরা বলকীযা অর্জন করিতে পারিব, বৈর্ঘা, দুঢ়তা, অধাবসায় প্রভৃতি পৌরুষিকগুণ —্যাহাতে জাতীয় চরিত্র উন্নত হয় সেই সকল গুণ আমরা লাভ করিতে পারিব। ক্রমে আমরা বাঙ্গালি জাতি পৃথিবীর উন্নত জাতির মধ্যে গণা হইব। পারের উপর পা দিয়া নিশ্চিন্তভাবে আরামে বসিয়া থাকার অবস্থা কোন জাতির পক্ষেও ভাল নয়, কোন বংশের পক্ষেও ভাল নয়, কোন ব্যক্তির পক্ষেত্ত ভাল নয় ! Walker তাহার 'অন্তর্বিবাহ' নামক গ্রন্থের একস্থলে বাহা বলিয়াছেন তাহা অতি সতা। তিনি বলেন :--"প্রতিভা, যাহা ত্র্দ্রণায় শাণিত হয় তাহা আরামের ক্রোড়ে গিয়া শীঘ্রই ভোতা হঠয়া পড়ে। এবং মধাবিৎ গুণবত্তা, এইরূপ অবস্থায় পড়িয়া একেবারে নির্ব্যদ্ধিতার পরিণত হয়। যে মনুষ্য জন্ম-ঘটনার বলে মান-সম্ভ্রম, স্থুখ সৌভাগোর অধিকারী হয়, তাহার ঐ সকল বিষয় লাভ করি-বার জ্জার কোন চেষ্টা করিতে হয় না। চেষ্টা করা আবিশ্রক বোধ হয় না। স্থুতরাং বুদ্ধি-শক্তি ক্রমশঃ অপহাত হয় এবং সেই মনুষ্য একেবারে অধোগতি প্রাপ্ত হয় ।"

বে ভবিষ্য সমাজমন্দির নির্মাণে প্রকৃতি ব্যস্ত, সে মন্দির এত বড় এবং এত কাজ তাহার বাকী ষে, মজুরের যোগান কম করিলে কিছুতেই চলে না। সজুরমাত্রেই একটা না একটা কাজে লাগিবে। কিছু কি কাজে লাগিবে তাহা আমরা জানিনা, তাহা বিশ্বকর্মাই জানেন। আমাদের মুখা কর্ত্তবা, যত পারি মজুরের যোগান্দের য়া এবং গৌণ কর্ত্তবা এই যে, সেই মজুর-সকল যাহাতে সবল হয়, চিররোগী না হয়, তাহাদিগের শরীর মনের শক্তি যাহাতে বথাযথরূপে নিয়োগ করিতে পারে অর্গাৎ যাহাতে তাহাদিগকে শসিয়া থাকিতে না হয়—যাহাতে তাহারা পুরা খাটুনি খাটিতে পারে, তাহার প্রতি দৃষ্টি রাখা। কিন্তু গৌণ কর্ত্তব্যের অন্তরোধে মুখ্য কর্ত্তব্যকে বিসর্জ্জন দেওয়া উচিত নহে। আমরা গণনা করিয়া কিছুই স্থির করিতে পারি না। প্রকৃতি কোথায় কোন্ অভাব কাহার দ্বারা পূবণ করিবেন আমর তাহা কিছুই জানি না।

কেহ কেহ দারিদ্রোর আশস্কায় সন্তান বৃদ্ধি নিবারণের উপদেশ দেন। কিন্তু কত দরিক্র সন্তান পৃথিবার কত যে উপকার করিয়াছে তাহা বলা যায় না। দরিদের ঘরে অনেক বড় লোকের জন্ম হইয়াছে। কলম্বন, হানিমান, জোয়ান অফ আর্ক, স্থামুয়েল জন্মন, (क्श्नुब, इलिनियम, त्रिश्टेत, अर्ब्ब ष्टिक्नमन, आर्कवाइटे, ফ্যারাডে প্রভৃতি অনেক দৃষ্টাস্ত আছে। প্রথাত উদ্ভিদনেতা নিনিয়সের পিতা এত দরিন্ত ছিলেন যে তিনি তাহার পুত্রের শিক্ষাভার বহন করিতে না পারিয়া কোন জুতাওয়ালা মুচির দোকানে তাহাকে শিক্ষানবীশ করিয়া রাখিতে ইচ্ছা করিয়াছিলেন। কিন্তু সেই পুত্র, । কছুকাল পরে আপনার প্রতিভাবলে নোবলগান শ্রেণীভুক্ত হয়েন। রেল ওয়ে আবিষ্কার-কর্ত্তা ভ্রম্ভ ষ্টিফেন্সনের পিতাও তাঁহার পুত্রকে ভালরূপ শিক্ষা দিয়া যাইতে পারেন নাই। শিক্ষার জ্বন্ত তাঁহার নিজ্ঞ সম্বলের উপর নির্ভর করিতে হইয়াছিল। শালগম কুড়াইয়া তিনি প্রতিদিন এই পেন্স করিয়া পাইতেন। এই কাজ হইতে আরম্ভ করিয়া তিনি নিজ অবস্থার ক্রমশঃ উন্নতি সাধন করেন। স্থাকাটা কলের উদ্ভাবক সার্করাইটের পিতাও অত্যন্ত গরীব ছিলেন! তাহার ১০টি পুত্র,

তন্মধ্যে আর্করাইট সর্বাকনিষ্ঠ। তিনিও স্বীয় প্রতিভাবলে নিচ্চ উন্নতি সাধন করেন ↓

এই সকল বড লোক যদি না জন্মাইতেন তাহা হইলে কি হইত বল দেখি ? তাহা হটলে এই পুথিবীৰ সভাতা কি যুগযুগাস্কর পিছাইয়া পড়িত না ? যদি আর্করাইটের দরিদ্র পিতার ১২টি সম্ভান জন্মাইবার পর, আর্করাইট্ পৃথিবীতে না আসিতেন তাহা হইলে ইংলভের কি এতদুর উন্নতি হইতে পারিত ? কোন কোন রুগ্ন সম্ভান জন্ম গ্রহণ করিয়াও পুথিনীর মহৎ উপকার সাধন করিয়াছে। তাহার দুষ্টাস্ক, প্রাথাত জ্যোতির্বেতা কেপলর ও বাষ্পীয়-যন্ত্র উদ্ভাবক ওয়াট্। ওয়াটের জীবনী-লেথক বলে:--"অসাধারণ পরিশ্রম সহকারে স্বীয় বুদ্ধিবৃত্তির উৎকর্ষ-সাধনে তাঁহার অস্কুতাই তাঁহাকে প্রবুত্ত করে। ` অতএব কাহার ছারা কি কাজ হইতে পারে তাহা পূর্ব হইতে নিরূপণ করা মনুষোর অসাধা। একেবারে অনাহারে মরিবেই মরিবে. এরপ নিশ্চিত না জানিতে পারিলে সম্ভান উৎপাদনে বাধা দেওয়া কর্ত্তব্য নহে —ইহা ধর্মের বিরোধী, ইহা প্রকৃতির বিরোধী। আমাদের শাস্ত্রে এই জন্ম পুত্র না হইলে নরকত্ত হুইতে হয়। যাহাতে লোকসংখ্যা বৃদ্ধি হয়, যাহাতে সম্ভান সকল অধিক পরিমাণে রক্ষা পায়, এই জান্তই বিবাহের সৃষ্টি হইয়াছে, এই জান্তই স্বগোত্র-বিবাহ ও ব্যভিচার নিষিদ্ধ। এই সকল স্থানিয়ম পরীক্ষার ফল।

ইন্দ্রিয়-বিভ্রম।

সচরাচর লোকে মনে করিয়া থাকে যে, মন্তিকরোগাক্রাস্ত বাতুলদিগেরই ইন্দ্রিয়-বিভ্রম উপস্থিত হয়—প্রাক্রতিস্থ বুদ্ধিমান লোকের ওরূপ
ভ্রম কলাপি হয় না। জর-রোগী য়খন বিকারের ছোরে নানা প্রকার
কায়নিক মুর্ভি দর্শন করে কিম্বা ভয়প্রস্ত ব্যক্তি একটা বৃক্ষকে ভূত বলিয়া
বিশ্বাস করে, তখন তাহা সম্ভব বালয়া আমরা মনে করি, কিন্তু আমরা
যে প্রাকৃতিস্থ অবস্থাতেও আমাদের জীবনের সামাস্ত কাজ কন্মে, অপ্ত
প্রহর, প্রতিমূহ্র্ভ, এইরূপ ভ্রমে পতিত হইতেছি তাহা আমরা মনে
করি না।

ভ্রমই অপূর্ণ মনুষ্টোর স্বাভাবিক অবস্থা। যে যতই বুদ্ধিমান হোক না, ভ্রমের হাত হঠতে কেহই এড়াইতে পারেন না। সায়ু-মণ্ডল ক্ষণ-কালের জন্ম ক্লান্ত চইলে, মনোযোগের একটু শৈথিলা হঠলে আমর্র ঠিক স্তাটি আর দেখিতে পাই না।

এই প্রস্তাবে আমরা সকল প্রকার ভ্রমের বিষয় আলোচনা করিব না—সাক্ষাৎ যুক্তির বাভিচারে যে ভ্রম উৎপন্ন হয় তাহা এই প্রবন্ধের আলোচা বিষয় নহে। অবাবাহত স্বতঃসিদ্ধ সহজ জ্ঞানের ছন্মবেশ ধারণ করিয়া যে ভ্রম আমাদের মনোমধ্যে প্রবেশ করে—তাহাই আমরা আলোচনা করিব। আর কিছু হইতে সিদ্ধান্ত না করিয়া যখন কোন পদার্থকে আমরা তাহার নিজের প্রমাণেই বিশ্বাস করি এবং পরে এই বিশ্বাস যখন ভ্রম বলিয়া সপ্রমাণ হয়—তখন এই যে ভ্রম হয়, তাহাকে ব্রিবার স্ক্রিধার জন্ত আমরা বিভ্রম বলিব।

ভ্রম কাহাকে বলে, এই প্রাণ্ড জিজ্ঞাদা করিলে, ইহার সঙ্গে দক্ষে সভ্য কাহাকে বলে এই প্রাণ্ডি আপনা হইভেই উথিত হয়। এ প্রাণ্ডি মীমাংস। করা সহজ নহে। সকল কালের ও সকল দেশের

দার্শনিক পণ্ডিতেরা এই প্রশ্ন মীমাংসা করিবার জন্ম আবহমান কাল পর্যান্ত মন্তিষ্ক আলোড়ন করিয়া আদিতেছেন, কিন্তু কোন অকাট্য সিদ্ধান্তে এ পর্যান্ত উপনীত হটতে পারেন নাই। বহির্জগৎ বাহা আমাদের ইন্দিয়দর্পণে প্রতিভাত হইতেছে তাহা বাস্তবিক সতা কি না ? আমাদের বাহিরে ভাহার বাস্তবিক অস্তিত্ব আছে—না, তাহা কেবল আমাদের মনের কল্পনা মাত্র ও দর্শনশাস্ত একটা না একটা মীমাং সা করিতে চেষ্টা করিরাছেন। আমাদের বেদাস্তদর্শন সিদ্ধান্ত করিয়া-্ছন—বাহিরে যাহা কিছু আমরা উপলব্ধি করি—সমস্তই মায়া, সমস্তই স্বপ্ন.—তাহার বাস্তবিক অস্তিত্ব নাই। বিজ্ঞানের যে এক মহা গর্কা আছে যে তিনি বিনা প্রমাণে কাহার ও ক্থা গ্রাহ্য করিবেন না, তাঁহার ও গর্ব্ব এইখানে থব্ব হইয়াছে। তিনি বাহ্য জ্বগতের অস্তিত্ব সম্বন্ধে কি প্রমাণ পাইয়াছেন ? ইন্দ্রিয়ের প্রমাণে আমরা দীর্ঘ প্রস্ত কাঠিন্ত প্রভৃতি বস্তুর গুণুমাত্রই উপলব্ধি করি, হাহাতে বস্তুর বাস্তবিক সত্তা দপ্রমাণ হয় না। অথচ বিজ্ঞান তাহা মানিয়া লইতে বাধা হইয়াছেন। তিনি বলেন—বহির্নিষয়ই আমাদের সর্বপ্রেকার ইন্তিয়বোধের কারণ। বিজ্ঞান কোনরপেট মুল সভোর আদর্শ নিরপণ করিতে পারেন না। মিল এই জন্ত বাহ্ জগৎকে ই ল্রন্নোনের স্থানী সম্ভাবাতা Permanent possibilities of sensation আখা দিয়াছেন।

কোন বাহ্য বস্তু সতা কি অসতা তাহা কিরুপণ করিবার জন্ম বিজ্ঞান হয়, তথন কেবল নেত্রের প্রমাণের উপর নির্ভর না করিয়া সকল ইন্দ্রি-মের দ্বরা তাহা পরীক্ষা করিয়া দেখা উচিত—সকল ইন্দ্রিয়ের সাক্ষা গ্রহণ করিলেই আসল সতাটি ধরা পড়িবে। সকল ইন্দ্রির একবাক্যে যাহা বলে তাহাই সক্ত্য, তদিপরীত অসতা। কিন্তু কোন বস্তুকে বস্তু বলিয়া আমাদের ধে প্রতীতি হয়, তাহা কোন্ ইন্দ্রিরের সাহাধ্যে ? বস্তুজ্ঞান আমাদের

কোন ইন্দ্রিরের হারাই উৎপন্ন হয় না। ইন্দ্রিরের হারা আমরা কেবল গুণরাশির প্রমাণ পাই। আবার হয়তো বিজ্ঞান, সতাকে এই ভাবে নির্দেশ করিবেন যে, পৃথিবীর অধিকাংশ জ্ঞানবান লোকে যাহা সভা বলিয়া বিশ্বাস করে তাহাই সতা। তাহাও হইতে পারে না। সূর্য্য পৃথি-বীকে প্রদক্ষিণ করে, এক সময়ে মুরোপের সাধারণ লোকের ও পণ্ডিত-দিগের মত ছিল; গ্যালিলিও তাহার বিপরীত মত প্রচার করিয়া কিরূপ নির্যাতিন স্থা করিয়াছিলেন তাহা স্কলেই জ্বানেন। James sully স্ত্র নির্দ্ধেশ করিবার আর সকল পথ রুদ্ধ দেখিয়া এইরূপ ব্যাখ্যা করিতে চেষ্টা করিয়াছেন;—"বে পরিমাণে মহাবাদিগের মন জ্ঞানদীপ্ত হইতে থাকে, সেই পরিমাণে তাহারা যাহা অবিচলিত ও চিরস্থায়ারূপে সূত্য বলিয়া বিশ্বাস করে তাহাট সভা।" কিন্ত ইহাও কোন কাজের কথা নছে। আমাদের জ্ঞানের উন্নতি আপেক্ষিক! গালিলিয়োর সময়ের পণ্ডিতের: মনে করিত যে তাহারা জ্ঞানের প্রাকাষ্ঠা প্রাপ্ত হঠয়াছে, তাহাদের সিদ্ধান্ত ভ্রান্ত হটতে পারে না। আমরাও এই জ্ঞানদীপ্ত উনবিংশতি শতাব্দীতে মনে করিতেছি, আমরা যাহা গিদ্ধান্ত করিতেছি তাহা অকাটা, কিন্তু কে বলিতে পারে এখনকার বিজ্ঞানের কোন সিদ্ধান্ত দুর ভবিষাতে উণ্টাইয়া যাইবে না ? যাহাই হউক, বহিৰ্জগৎ বাস্তবিক থাকুক বা না থাকুক—তাহার অন্তিত্বে আমরা না বিশ্বাস করিয়। থাকিতে পারি না-ইহা একটি স্বতঃসিদ্ধ স্তা। আমি আছি, এই জ্ঞান একটি স্বত:সিদ্ধ স্তা। স্তা আছে ইহা আমাদের সহজ জ্ঞানের বিশ্বাস। বখনইআমরা ভ্রম আছে বলিয়া স্বীকার করি, তখনই সভ্যেরও একটি ঞ্জব আদর্শ আছে বলিয়া স্বীকার করিতে বাধা হট। এই স্বতঃসিদ্ধ বিশ্বাসট আমাদের সভ্যের নেতা। টহা গোড়াতেই সানিয়া লট্য। বিভ্রমের কারণামুসদ্ধানে আমরা এক্ষণে প্রবৃত্ত হুইব। বাস্তবিক সতা আছে কি না, দর্শন-শাস্ত্রের এই কূট-তর্কের মধ্যে প্রবেশ না

করিয়া সহজ জ্ঞানে যাহা সত্য ও যাহা বিজ্ঞম বলিয়া মনে হয় তাহারই জ্ঞালোচনা করিব।

আমরা পুর্বেই বলিয়াছি—য়াহা অবাবহিত জ্ঞানের ভাণ করিয়া আমাদের মনোমধ্যে প্রবেশ করে তাহাই বিভ্রম। এই সকল বিভ্রমকে শ্রেণীবদ্ধ করিতে হইলে তাহারা বে, সকল বিভিন্ন জ্ঞানের ছন্মবেশ ধারণ করিয়া আইনে, তাহাদিগকেও শ্রেণীবদ্ধ করিতে হয়।

আমাদিগের যুক্তি-নিরপেক্ষ জ্ঞানের মধ্যে তুইটি জ্ঞানের নাম কাহারও প্রায় অবিদিত নাই। একটি বহিজ্ঞান (Perception) আর একটি স্মৃতি। যখন আমরা আমাদের সমুখে কোন পদার্থকে দেখিতে পাই, কিম্বা, আমাদের অতাত জীবনের কোন ঘটনাকে মনে আনি, তথন আমাদের যে জ্ঞানক্রিয়া হয়, তাহাকে অব্যবহিত বলা যায়—তাহার মধ্যে আর কোন কিছুরই ব্যবধান নাই।

তথাপি এই ছুই প্রকার জ্ঞান-ক্রিয়ার মধ্যে প্রভেদ আছে। প্রথম স্থলে আমরা যে প্রধানীতে জানি তাহাকে আবির্ভাবের প্রক্রিয়া করে (Presentative process) তাহাই ঐদ্রিক বহিজ্ঞান (Sense perception)। দ্বিতীয় স্থলে আমরা যে প্রধানীতে জ্ঞানি তাহা পুনরাবির্ভাবের প্রক্রিয়া (Representative process) অর্থাৎ তাহাই স্থতি। একটি স্থলে, আমাদের (জ্ঞায়-বিষয় জ্ঞান বৃদ্ধির সন্মুখে সাক্ষাৎরূপে আবিভূতি হয়, আর এক স্থলে আমরা তাহাকে স্থতির বলে সেখানে পুনরানীত করি।

বে সকল জ্ঞান অবাবহিত, প্রত্যক্ষ, কিছা সতঃসিদ্ধ বলিয়া আমাদের*
মনে হয়, তৎসমন্তকে চারিটি প্রাণান বিভাগে বিভক্ত করা যাইতে পারে,
যথা ক্রেঅন্তর্দ ষ্টি—বা অমুভব, প্রত্যক্ষ বহিজ্ঞান, স্মৃতি ও বিশ্বাস।
দার্শনিক তীক্ষ দৃষ্টিক্ষে দেখিতে গেলে যদিও তাহাদের কাহাকেও একেশুরুরে অব্যবহিত বলা যায় না, তথাপি আমাদের স্থবিধার জ্ঞা সহজ্ঞভাবে

এইরপ শ্রেণীবর্কই করা গেল। এই চারি প্রকার জ্ঞানের অস্কুরণ চারি প্রকার বিভ্রম আছে। এক্ষণে ঐক্রিয়িক বহিজ্ঞান-ঘটিত বিভ্রমের বিষয় আলোচনা করা যাউক। ইন্সিয়িক বহিজ্ঞানের ভ্রম নিরূপশ করিবার পূর্বে উহার প্রকৃতি কি তাহা আমাদের জ্ঞানা আবশ্রক।

গ্রীম্মকালে যখন কোন বাক্তি একটা প্রবহমানা স্রোভিম্বিনার প্রতি দৃষ্টিপাত করিয়া তাহার মধুর মিগ্নতা উপলান্ধ করেন, তখন তিনি বাস্ত্র-বিক কি করেন ?—তিনি যাহা বাস্তবিক দেখেন তাহার উপর কর্মনার কিছু যোগাযোগ করিয়া আর একটা কিছু গড়িয়া তোলেন। জাঁহার চক্ষে যে ছবি প্রতিভাত হয়—তাহাতে তিনি তাহার পূর্বসঞ্চিত অভিজ্ঞতা যোগ করিয়া দেন। প্রতাক্ষ-জ্ঞানক্রিয়ায়, মন থানিকটা ইন্দ্রিয়-বোধের উপকরণের উপর কল্পে করেয়া নদীতে অবগাহন করিয়া নদী-সম্বন্ধে যে সকল ভাব তাহার মনে সঞ্চিত ছিল, নদীর দর্শনমাত্রেই তিনি সেই সকল ভাব, ইন্দ্রিয়-আনীত উপকরণের সহিত যোগ করিয়া দিলেন—তিনি নদীর মধুর মিগ্নতা উপলান্ধি করিলেন।

আমাদের মনে যথন কোন ইন্দ্রিয়-বোধ উপস্থিত হয়, তথন তাহার প্রতি আমরা যদি মনোযোগ না দিই, তাহা হইলে সেই বোধ স্পষ্ট ফানে পরিণত হয় না। কোন ইন্দ্রিয় বোধের উপর যথন মনোযোগের তীক্ষ দৃষ্টি পতিত হয়, তথনই সেই বোধ বলবৎ ও স্পষ্ট হইয়া উঠে। কোন একটি ইন্দ্রিয়বোধের প্রতি মনোযোগ দিয়া আমরা অস্তান্ত বর্ত্তমান ও "অতীত ইন্দ্রিয়বোধের সহিত তাহার প্রভেদ নিরূপণ করি, এবং পূর্ব্বোপলক তৎসদৃশ ইন্দ্রিয়বোধেন সমূহের সহিত এক শ্রেণীতে উহাকে শ্রেণীবদ্ধ করি। যথা, যথন আমাদের নেত্রে নারাক্ষিলেবুর রং প্রতিভাত হয়—তথন সেই রঙের প্রতি মনোযোগ দিয়া আমরা ক্ষি করি ?—না, লাল সীত প্রভৃতি অন্তান্ত পূর্বায়্তুত রং ইইতে তাহাকে পৃথক করি, এবং

यथन এই दक्षित विश्लिषक छिनलिक कतिया हैशारक नांताकि आधा প্রদান করি, তথন স্পষ্টতঃ দেখা যাইতেছে বে আমরা পূর্বামুভূত নারাঙ্গি-পটিত অনুভাব-সকলের সহিত ইহার যোগ সম্পাদন করি মাত্র। আমরা যথন কোন ইন্দ্রিরে দ্বারা কোন পদার্থ প্রত্যক্ষ করি, তখন দেই ইন্দ্রিয়-বোধের সহিত সেই বস্তু-ঘটিত পূর্ব্বোশলব্ধ অতীত ইন্দ্রিয়বোধের ছবিগুলি সংমিশ্রিত করি, আমাদের পূর্বাজ্জিত অভিজ্ঞতা-সকল তাহাতে যোগ করিয়া দিই। যথন দৃষ্টিমাত্র কোন বস্তুর আকৃতি ও দূরত্ব আমরা উপ-লব্ধি করি, তথন পূর্ব্বে সেই বস্তুকে নাড়িয়া চাড়িয়া, সেই বস্তু-সময়ে যে অভিজ্ঞতা লাভ করিয়াছিলাম, দেই অভিজ্ঞতা আমাদের নেত্র-প্রতি-ভাত ছবিতে যোগ করিয়া দিই মাত্র। পূর্বার্জিত ইন্দ্রিয়-বোধ-সমূহের সংযোগের উপর যদি আমাদের প্রতাক্ষ জ্ঞান নির্ভর করে, তাহা হইলে যুক্তিপ্রণালী হঠতে এই জ্ঞান-ক্রিয়ার এমনই কি প্রভেদ ? সেই জ্বতুই Helmholtz স্পষ্ট বলিয়াছেন যে, দুরত্বের জ্ঞান কি ?—না, উহা আমা-দের অ-জ্ঞানকত অভুমান কিংবা বন্ধবৎ-পরিচালিত বিচারক্রিয়ামাত। (an unconscious inference or a mechanically performed act of judgment)

যখন আমরা কোন বস্তকে দেখিয়া চিনি, তখন এই দৃষ্টি-জ্ঞানক্রিয়াটিতে কিরপ ভ্রম-পরস্পরা দৃষ্ট হয় ? প্রথমতঃ, কোন বিশেষ আকারপ্রকার-বিশিষ্ট এবং কিয়দুরে অবস্থিত কোন জ্ঞ-পদার্থের গঠন
আমরা দেখিতে পাই; অর্থাৎ আকাশ ঘটিত ।গুণবিশিষ্ট কোন একটি
সামাভ্য স্পৃত্য পদার্থকে আমরা উপলব্ধি করি। ইহাই সাদাসিধা দৃষ্টিগত
প্রতাক্ষ জ্ঞানক্রিয়া। এই ক্রিয়াটি সর্বাপেক্ষা যাস্ত্রিক ও চকিতোৎপর;
আমাদের অভিজ্ঞতার মধ্যে ইহা সর্বাপেক্ষা বদ্ধমূল।

প্রতাক্ষস্থানের বিঁতীয় ক্রম কি १—না, যথন কোন পদার্থকে, কোন এক পদার্থ-শ্রেণীর অস্তর্ভূ ত বলিয়া চিনিতে পারি। কোন একটি লেবুকে আমরা যথন নারাঙ্গি লেবু বলিয়া চিনি, তথন তাহার আস্বাদ প্রভৃতি আরও কতকগুলি বিশেষ গুণ আমরা উপলব্ধি করি। দ্রশ্ব আকার প্রভৃতি যত সহজে আমাদের মনে আইসে, এই শ্রেণীগত বিশেষ গুণ আমরা তত সহজে নির্বাচন করিতে পারি না—এই প্রক্রিয়াতে বুদ্ধি বিবেচনার একটু যেন বেশী আৰুশুক বোধ হয়। কোন একটা রং কিছা শুদ্ধ একটা আকার চেনা অপেক্ষা এই প্রক্রিয়াটিতে অধিকতর জাটিলতা আছে।

• তাহার পর, যখন আমরা কোন বস্তবিশেষ বা ব্যক্তিবিশেষকে চিনিতে যাই, তখন এই প্রক্রিয়াতে সর্বাপেকা কম যান্ত্রিকতা ও অধিক বৃদ্ধি-বিবেচনার কার্যা লক্ষিত হয়। আমরা যখন আমাদের অত্যন্ত পরিচিত বন্ধু রাম কিংবা শ্রামকে চিনি,তখন আমরা তাড়াতাড়ি তাহাদের বিশেষ চিহ্নগুলি আমাদের মনোমধ্যে শ্রেণীবদ্ধ করিয়া লই।

এই প্রত্যক্ষজানের ক্রিয়া-ভেদ আর একরপে নির্দারিত করা যাইতে পারে। এই জ্ঞানক্রিয়ার প্রণানীটকে ছই দোপানে বিভক্ত করা যায়—একটি ভোক্তভাবাত্মক (Passive) আর একটি কর্তৃভাবাত্মক (Active); একটি দোপানকে পূর্বপ্রতাক্ষজান এবং অপর সোপানটকে শুদ্ধ প্রত্যক্ষজান বলা যাইতে পারে। প্রথমটিতে মনের কর্তৃভাব ততটা দৃষ্ট হয় না—অনুষঙ্গের প্রসিদ্ধ নিয়মান্নসারে পূর্বোপলক্ষজানের অনুরূপ প্রতিমা-সকল মনোমধ্যে আপনা হইতে জাগিয়া উঠে মাত্র। এইরূপে চিৎ-প্রতিমাণ্ডলি একবার উদ্বোধিত হইলে তাহার উপর মনের কর্তৃ-প্রভাব প্রযুক্ত হয়। এই প্রভাবের বলে ঐ প্রতিমাণ্ডলি আরও স্কুম্পন্ত ও উজ্জ্বল হয়; যাহা পুনরাবির্ভাবিক অবস্থায় ছিল তাহাকে আবার সাক্ষাৎ আবির্ভাবিক অবস্থায় পরিণত করা হয়। আমাদের অনেকগুলি চকিতোৎপন্ন প্রত্যক্ষ জ্ঞানক্রিয়ায় এই ছই সোপানের প্রভেদ বড় একটা লক্ষ্য হয় না। অনেক স্থলে কোন বস্তুর

আকার ও দূরত্ব এত শীল্ল আমরা উপলব্ধি করি যে, এই চুই সোপানের ক্রম নিরূপণ করা একেবারে অসাধ্য হইয়া উঠে। কিন্তু কোন পদার্থকে যখন আমরা শ্রেণীবদ্ধ করি, কিংবা কোন বস্তুবিশেষকে সেই বস্তু বলিয়া নির্দ্ধারণ করি, তথন তদ্বিষয়ক জ্ঞানের প্রথম আভাস ও তৎসন্ধনীয় সম্পূর্ণ জ্ঞান—এই উভয়ের মধ্যে একটা কাল-ব্যবধান দৃষ্ট হয়। প্রথমে উদ্বোধনের (Suggestion) প্রক্রিয়ায় কতকগুলি চিৎ-প্রতিমার আভাস আমাদের মনোমধ্যে উপস্থিত হয়—এবং শেষে সেই আভাসসকল হঠাৎ যেন বিত্যাৎপ্রভায় আলোকিত হইয়া একটা নির্দ্ধিষ্ট স্কুম্পষ্ট আকার ধারণ করে।

প্রতাক্ষজানের ভ্রম সম্বন্ধে আলোচনা করিবার পূর্ব্বে প্রতাক্ষজান কি. তাহাই আমরা আলোচনা করিলাম।

ইন্দ্রিয়-বিভ্রম কাহাকে বলে এবং প্রাত্যক্ষ জ্ঞানের প্রকৃতি কি, তাহাও ইতিপুর্বে বিবৃত হইয়াছে। এক্ষণে, কি কারণে এই সকল ইন্দ্রিয়-বিভ্রম উপস্থিত হয় তাহার আলোচনায় প্রবৃত্ত হওয়া যাক।

প্রথমতঃ দেখা যায়, বহির্কিষয় প্রতাক্ষ করিবার সময় যদি আমাদের মনোযোগের অভাব হয়, তাহা হইলে সেই বাছা বিষয়ের প্রতিবিশ্ব আমাদের ইন্দ্রিয়-মুকুরে অতি অম্পষ্টরূপে প্রতিভাত হয়—এবং এই অম্পষ্টতা-নিবন্ধন আমরা কখন কখন ইন্দ্রিয়-বিভ্রমে পতিত হই। এই কারণ বশতঃ একজন ভীক ব্যক্তি, একটা কিছু হঠাৎ দেখিয়া "ভূত" বলিয়া মনে করে, কারণ সে তাহার ভয়-বিহ্বলভা-প্রযুক্ত সেই বাছা বিষয়ের প্রতি যথেষ্ট মনোযোগ দিতে পারে না। কিন্তু যে ব্যক্তি স্নিয়ন্মস্তিদ্ধ ও ধীর-প্রকৃতি সে এরপ ভ্রমে সহজে পতিত হয় না। অনেক সময়ে, আমাদের ইন্দ্রিয়-প্রতিবিশ্ব-সকলের (Sense impression) যথার্থ শ্রেণী নিরূপণ করিতে পারি না বলিয়াই—তাহাদিগকে ঠিক চিনিতে পারি না বলিয়াই আমরা ভ্রমে পতিত হই। যাহার সহিত

আমরা বিশেষরূপে পরিচিত নই—এরূপ নূতন কোন ইক্সিয় বোধ আমাদের উপস্থিত হইলে আমরা দেই বোধটিকে কল্পনায় অনেক সময় অত্যন্ত বাড়াইয়া তুলি। আমাদের পূর্বামুভূত কোন ইন্দ্রিয়-বোধের সহিত এই নবাতুভূত ইক্সিয়-বোণটিকে এক শ্রেণীতে শ্রেণীবদ্ধ করিতে পারি না বলিয়াই আমরা স্বভাবতঃ ইহার তীব্রতা ও পরিমাণকে আমা-দের কল্পনার অতিরঞ্জিত করি। তাহার দৃষ্টান্ত, আমাদের শরীরের এমন কোন অংশে যদি আমরা কোন লঘু বন্ধন পরিধান করি, যে অংশে সচ্যাচর কোন বাধা বন্ধন থাকে না—তাহা হটলে সে বন্ধন অত্যস্ত লযু হুইলেও, আমাদিগের নিকট অত্যন্ত গুরুভার বলিয়া মনে হয়। আমা-দের একটি দাঁত পড়িয়া গেলে মুখমধ্যে যেন একটা বৃহৎ গহরর হইয়াছে বলিয়া আমাদের মনে যে একটা অন্তুত ভাব অনুভূত হয়, ইহাও তাহার আর এক দৃষ্টাস্ত। আমাদের ভাষার যে একটি চলিত কথা আছে—"অনভ্যাদের ফোঁটায় কপাল চচ্চড় করে"—তাহার মূলেও উপরিউক্ত ভবুটি নিহিত। কখন কখন স্বপ্নে যাহা বাস্তবিক তাহা অপেক্ষা বেশী মাত্রায় কেন আমরা অনুভব করি তাহাও কতকটা এই তত্ত্বামুসারে ব্যাখ্যা করা যাইতে পারে।

যাহা হউক, ইহা নিশ্চিত বে, যে সকল ইন্দ্রিয়-প্রতিবিম্ব অস্পষ্টরূপে আমাদের মনোমণ্যে প্রতিভাত হয়, তাহাদিগকে প্রায়ই আমরা অযথারূপে শ্রেণীবদ্ধ করি। কোন একটি বিশেষ বর্ণঘটিত কিংবা আকারঘটিত আমাদের কোন ইন্দ্রিয়নোধ যদি অস্পষ্ট হয়, তাহা হইলে অহা ইন্দ্রিয়নোধের সহিত তাহা অনায়াসে মিশিয়া যায় এবং এইরূপে স্বভাবতই ভ্রমের দ্বার উন্মুক্ত হয়। এইরূপে দুরস্থিত বস্তু-সকলের যে সকল প্রতিবিম্ব আমাদের ইন্দ্রিয়ের উপর প্রতিভাত হয়, প্রায়ই আমরা তাহাদের অযথা ব্যাখা করিয়া থাকি।

' আমাদের চকু কোন একটি পদার্থের প্রতি স্থিরভাবে প্রযুক্ত না

হইলেও যদি তাহাতে সেই পদার্থের প্রতিবিশ্ব পতিত হয়, তাহা হইলে সেই প্রতিবিদ্ধ অপেক্ষাক্বত অস্পষ্ট হুইয়া থাকে। বিশেষতঃ যদি সেই পদার্থটি দৃষ্টিপথের কিঞ্চিৎ অনুপ্রোগী দুরে অবস্থিত হয়, তাহা হইলে এই অস্পষ্টতা আরও বৃদ্ধি হইয়া থাকে। এই অবস্থায় যদি ঐ অস্পষ্ট প্রতিবিশ্বের প্রতি আমরা সহসা মনোযোগ দি. তাহা হইলে আমরা ঐ পদার্থকে ঠিক বুঝিতে পারি না, সহজেই ভ্রমে পতিত হই। Sir David Browster তাহার "Letters on natural magic" গ্রন্থ বলিয়াছেন যে, যথন আমরা জানালার মধ্য দিয়া কোন বাহিরের ব্স্তর প্রতি দৃষ্টিপাত করি, তথন যদি সেই জ্বানেলার শাশির উপর কোন মাছি দেখিতে পাই, তথন সেই মাছিকে বাস্তবিক অপেক্ষা অনেক বড় विनियां आभारितत्र भरत इयु-भरत इयु आरत्क पूरत (यन এक है शिथी রহিয়াছে। Weber পরীকা করিয়া দেখিয়াছেন যে, কম্পাস নামক পরিমাপ-যন্ত্রের হুইটি শলাকা একটু ফাঁক করিয়া ধরিয়া তাহাদের অগ্র-বিন্দুষয় শরীরের কোন অংশে সংলগ্ন করিলে হুইটি শলাকাই পৃথক্রপে অনুভব করা যায়-জাবার শরীরের আর কোন অংশবিশেষে সংলগ্ন করিলে একটি শলাকা বলিয়াই অন্তভ্য হয়। ইহার কারণ কি ? এরপ কি বলা যায় না বে-আসরা তথন ছুইটি শলাকারই স্পর্শ আসলে অমুভব করি, কিন্তু ঐ অমুভবন্ধর এত এক রকমের যে, উহাদের পার্থকা আমরা উপলব্ধি করিতে পারি না,—ত্নইটি অমুভব পরস্পরের সহিত মিশিয় যায়, ক্মাগত মনোযোগ দিতে দিতে আবার হুইটি শলাকার পার্থকা আমরা অনুভব করি। এক্ষণে এই প্রশ্ন উপস্থিত হইতেছে, আমাদিগের এই যে ইন্দ্রিয়বোধ ইহার কতথানিই বা বিশেষ প্রকারের সায়বীয় উত্তেজনার ফল, এবং কতখানিই বা মনোযোগ, বিচার-শক্তি প্রভৃতি উচ্চতর মনোবৃত্তির ক্রিয়া? পূর্ব্বোক্ত কম্পা-সের শলাকাদ্বরের পার্থক্য যদি খুব মনোযোগ দিলেও আমরা উপলব্ধি করিতে না পারি, তাহা হইলে এইরপ বুঝিতে হইবে যে, ছইটি শলাকার স্পর্শ-জনিত ছইটি অরুভব একরকমের বলিয়া যে পরস্পার মিলিয়া যায় এবং দেই জন্মই যে আমাদের ভ্রম হয় এরপ নহে, প্রত্যুত স্থানীয় স্পর্শ-শক্তির সীমার প্রতি লক্ষ্য না করায়, আমরা ঐ অরুভবের অযথা বাাখ্যা করিয়া এই ভ্রমে পতিত হই। স্পর্শ-শক্তির সীমা কি এইখানে তাহার একটু ব্যাখ্যা করা আবশুক । শরীরিক কোন অংশের অল্প পরিসরের মধ্যে কোন ছইটি বস্তু একসঙ্গে প্র্টু ইইলে, সেই বস্তুদ্ধ এক বলিয়া আমাদের অরুভব হয়। ত্বকের এক একটি অংশ-বিশেষের নির্দিষ্ট পরিসর আছে, তাহার মধ্যে বছ বস্তু স্পৃষ্ট ইইলেও আমরা একটি স্পর্শ মাত্র অরুভব করি। কোন একটি নির্দিষ্ট ব্যবধানের মধ্যে সেই বস্তুদ্ধ আমাদের ত্বকে স্পৃষ্ট ইইলে তবে আমরা তাহাদের পার্থক্য অনুভব করি। ইহা আমাদের স্বায়ুর একটি বিশেষ ধর্ম।

ইন্দ্রির-প্রতিবিশ্ব-সকলের এইরূপ অযথা ব্যাথ্যা করিয়া আমরা যে-সমস্ত ভ্রমে পতিত হই শাহাদিগকে ছুইভাগে বিভক্ত করা যাইতে পারে। প্রথমতঃ কোন একটি বাহা বিষয় ইন্দ্রিয়ে প্রতিভাত হইলে, হয়

অমুষঙ্গ-নিয়মের সাহাব্যে তাহার একটি প্রতিমা আমাদের মনোমধ্যে উদিত হয়—নয় পূর্বপ্রতাক্ষ-জানের (Preperception) প্রক্রিয়াঅমুসারে একটি প্রতিমা আমরা মনোমধ্যে স্ক্রন করি। কাহাকে
উচৈঃশ্বরে ডাকিলে যদি কখন প্রতিধ্বনি উপস্থিত হয়, তখন হঠাৎ
আমাদের এইরূপ মনে হয় যেন আর একজনের কণ্ঠশ্বর আমরা শুনিতে
পাইতেছি; কারণ আমাদের প্রবণিক্রিয়ের উপর দ্বিতীয় বার শব্দ আহত
হওয়ায়, অমুষ্বেদের নিয়মানুসারে কোন দ্বিতীয় ব্যক্তির কণ্ঠশ্বরের প্রতিমা
আমাদের কয়নায় আপনা হইতেই উদিত হয়। পক্ষাস্তরে, য়খন ভূতের
গয় শুনিয়া কোন ব্যক্তির কয়না অতিমাত্র উত্তেজ্ঞিত হইয়া উঠে, তখন
হয়তা সে অতি পরিচিত দ্বাসামগ্রীকেও ভূত মনে করিয়া ভ্রমে পতিত

হয়; কারণ সেই সময়ে এই প্রকার কার্যনিক প্রতিষা স্কান করিবার দিকে তাহার মনের গতি স্থানত ই প্রবল হইয়া উঠে। প্রথম শ্রেণীর বিভ্রমগুলি যাহা বাহির হইতে উৎপন্ন হয়—ইক্রিয়-প্রতিবিশ্বই তাহাদের স্বত্যান। এই প্রক্রিয়ার, সাক্ষাৎ ইক্রিয়বোধই সর্কেসর্কা, পূর্ক-প্রত্যাক্ষ-ক্ষান ইহার শাসনাধীন। দিতীয় শ্রেণীর বিভ্রমগুলি অস্তর হইতে—কর্মনার অস্তঃ-স্কৃত্ত নিজ্ম উদ্যম হইতে উৎপন্ন হয়। প্রথমোক্ত স্থলে মন অপেক্ষাক্কত ভোক্ত ভাবাপন্ন এবং দিতীয়োক্ত স্থলে মন অপেক্ষাক্কত কর্তৃভাবাপন্ন অবস্থায় থাকে; এই দিতীয়োক্ত স্থলটিতে ইক্রিয়-প্রতিবিশ্বের উপর মন সাক্ষাৎভাবে কার্য্য করে।

এক্ষণে ভোক্তৃভাবগত বিভ্রমের বিষয় আলোচনা করা যাউক। প্রথমতঃ আমাদের স্নায়বীয় গঠনপ্রণালীর বিশেষত্ব-অনুসারে আমাদের ইক্সিয়-চেতনার (sensibility) কিন্নপ তারতমা উপস্থিত হয় ও সেই চেতনা-শক্তির কতদুর সীমা তাহাই এখানে বিবৃত করা যাইতেছে।

ইহা জ্ঞানা কথা বে, বাহ্ন উত্তেজকের যতথানি তীব্রতা ও পরিমাণ ঠিক তাহারই অন্পরপ উত্তেজিত ইন্দ্রির-বোধের তীব্রতা ও পরিমাণ সকল সময়ে দৃষ্ট হয় না। কোন ইন্দ্রিয়বোধ জ্ঞানার পূর্ব্বে কতকটা উত্তেজনার আবশুক হয়। অনেক সময়ে আমাদের মনোযোগের অভাবে ক্ষুদ্র কুদ্র উত্তেজনাগুলির অন্তিম্ব আমরা উপলব্ধি করিতে পারি না, এবং ইহা হইতেই এক শ্রেণীর বিভ্রম উৎপন্ন হয়। ট্রেণ ছাড়িবার সময়, কখন্ ট্রেণ ছাড়িবে বলিয়া ঔৎস্কক্রের সহিত য়খন আমরা নিরাক্ষণ করি, তখন উহা চলিতে আরম্ভ করিয়াছে বলিয়া কখন কখন আমাদের ভ্রম উপস্থিত হয়। তাহার কারণ এই য়ে, যে সময়ে আমরা ঔৎস্কক্রের সহিত উহার গতিপথ নিরীক্ষণ করিতে থাকি, তখন আমাদের অজ্ঞাতসারে আমাদের চক্ষ্র পেশী-সকল ঈষৎ সঞ্চালিত হয়, এবং এইরাপে অজ্ঞাতসারে আমাদের চক্ষ্র পেশী-সকল ঈষৎ সঞ্চালিত

হওয়ায়, আমাদিপের ওৎস্কাজনিত কলনা উত্তেজিত হয় এবং আমাদের
মনে হয় বেন সতাই টেুণটি চলিতেছে। এই প্রকার বিভ্রম গুধু ইন্দ্রিয়ঘটত নহে, ইহাতে কল্পনারও উপাদান আছে। স্পিরিচ্য়ালিষ্টগণ
বৈ উপায়ে টেবিল সঞ্চালিন করেন, নোধ হয় তাহার মুলে এই তত্ত্বটি
নিহিত। টেবিল-সঞ্চালকগণ প্রতিক্ষণ মনে করেন বে এইবার টেবিল
চলিবে এবং একটু একটু করিয়া কতকটা পৈশিকশক্তি তাহার উপর
অক্তাতসারে প্রয়োগ করেন।

আমাদের হুইটি স্বতম্ব ইক্রিয়বোধ অনেক সময়ে মিশিয়া গিয়া আমাদের নিকট একটি বলিয়া মনে হয়। কম্পাদের দৃষ্টান্ত ইতিপুর্বে দেওয়া হইয়াছে। অনেকে বোধ হয় পরীক্ষা করিয়া দেখিয়াছেন, স্নান করিয়া গামছা দিয়। মাথা রগ্ড়াইবার পর চুলে জল না থাকিলেও অনেকক্ষণ পর্যান্ত ভিজ্ঞা-ভিজ্ঞা বলিয়া মনে হয়। ইহাব কারণ কি ? Helmholtz ইহার এইরূপ ব্যাখ্যা করেন। আমরা যাহাকে আর্দ্র কিছা ভিজ্ঞাভাব।বলি তাহা মিশ্রভাব। শীতাতপ-বোগওপ্রক্লত স্পর্ণবোধ এই উভয় বোধই উহার মধ্যে জড়িত। এই হুইটি বোধ, প্রায় একত্রে উপস্থিত হয় বলিয়া আমরা উহাদিগকে মিশাইয়া এক করিয়া ফেলি। আমরা যে, ছই চক্ষু দিয়া এক বস্তু দর্শন করি ইহাও এই সংমিশ্রণের অক্তর দৃষ্টান্ত। ইন্দ্রির উত্তেজনার আর একটি নিরম এই যে, কোন উত্তেজকের ক্রিয়া স্থগিত হইলেও তাহার আভাদ কিছু কালের জয় আমাদের অমুভবে থাকিয়া যায়। এইরপ "পশ্চাৎ-অনুভব"-নিবন্ধন আমাদের কথন কথন বিভ্রম উপস্থিত হয়। আমাদের মনে হয় যেন সেই উত্তেজক পদার্থ এখনও কার্যা করিতেছে। কোন শিশুর ক্রন্দন थांभित्न अवामात्मत मत्न इत्र (यन तम अथन ? कांमित्वरक् । जानक দিন পর্যান্ত আঙ্গুলে আংটি পরিয়া তাহার পর যদি খুলিয়া ফেলা যায় তখনও দেই আকুলে আংটি আছে বলিয়া অনেক সময়ে আমাদের

ভ্রম হয়। কোন উত্তেজক পদার্থ অপস্ত হইবার পরেও যে আমাদের কোন সায়বীয় গঠনে পূর্ব-উত্তেজন-জনিত কম্পন কিছু কালের জন্ত স্থায়ী হয়, এই তথাটি হইতে আর একটি বিষয়ের তথা জানা যায়। যথন হুইটি বিচ্ছিন্ন উত্তেজনা একটির পর আর একটি ক্রমান্বরে ক্রত উপস্থিত হয়, তথন এই হুইটি উত্তেজনা স্বতম্ব হুইলেও আমাদের নিকট অবিচ্ছিন্ন বলিয়া প্রতীয়মান হয়। এই তথাটি হইতে অনেক প্রকার দৃষ্টিবিভ্রম উৎপন্ন হয়। বিভিন্ন রঙের বের-দেওয়া একটি লাঠিম যথন খুব ঘুরিতে থাকে, তখন এই কারণেই উহার বিভিন্ন রংগুলি এক বলিয়া মনে হয়; একটি জ্বলম্ভ চালা-কাঠ যথন জ্বত ঘুরানো হয় তথন তাহাকে একটি আলোক-চক্র বলিয়া আমাদের মনে হয়। বাজিকরেরা যে অনেক প্রকার হাতের চালাকি দেখায় ভাহার অনেকগুলি, এই তথ্যাত্মপারে কতকটা ব্যাখ্যা করা যাইতে পারে। কোন ছইটি কার্য্য কিংবা ছইটি ঘটনা-শ্রেণী,—বাহার প্রতি বাজিকর দর্শকের মনকে বিশেষ রূপে আরুষ্ট করে.—সেই চুইটি কার্য্য কিম্বা ঘটনা-শ্রেণী যদি একটির পর স্থার একটি দ্রুত উপস্থিত হয়, তাহা হইলে তাহাদের মধ্যে অত্যন্ন ব্যবধান থাকা হেতৃ তাহাদিগকে অবিচ্ছিন্ন বলিয়া দর্শকের ভ্রম হয়—দে কিছুতেই মনে করিতে পারে না যে, ঐ উভয় ক্রিয়ার মধ্যে আর কোন তৃতীয় ক্রিয়া প্রবর্ত্তিত হইয়াছে।

আমাদের ইন্দ্রির-চেতনাশক্তির আর একটি সীমা আছে—ইহা উপরোলিখিত তথ্যটির সম্পূর্ণ বিপরীত। আমাদিগের স্নায়বীয় উত্তে-জনার আর একটি নিয়ম এই বে, কোন সায়বীয় গঠন ক্রমাগত উত্তে-জিত হইলে, আমাদের মনের উপর তাহার ফল ক্রমেই ক্ষীণতর হইতে থাকে এবং যদি কোন উত্তেজকের ক্রিয়া সর্বাদাই চলিতে থাকে, তাহা হইলে কালক্রমে আমরা তাহা আর উপলব্ধি করিতে পারি না। তাহার মৃষ্টাস্ক, একটা ঘানি-কলের কাছে যদি আমাদের বসতি হয়, আর তাহার শব্দ যদি আমরা ক্রমাগত শুনি, তাহা হইলে ঐ শব্দ ক্রমে আমাদের শ্রবণেক্রিয়ের অগোচর হইয়া পড়ে। এই তথাটি হইতে আমাদের কোন কোন বিভ্রমের স্ত্রপাত হয়। কতকটা শব্দপ্রবাহ-সত্ত্বেও আমরা কখন কখন মনে করি—বেন চতুদ্দিকে সম্পূর্ণ নীরবতা বিরাজ করিতেছে।

আমাদের ইন্দ্রির-চেতনাশক্তির আর একটি সীমার বিষয় এখানে বলা আবশ্রুক। আমাদিগের সায়ু-সমূহের এক একটি বৈশেষিক শক্তি আছে। উত্তেজকের প্রাকৃতি বাহাই হউক না কেন, কোন-একটি বিশেষ সায়ু কোন একটি নির্দিষ্ট নিরমে সকল সময়ে একইরূপে কার্য্য করে। আমাদের নেত্রসায়ু, আলোকদারাই হউক, চাপের দ্বারাই হউক, কি বৈছাতিক প্রবাহের দ্বারাই হউক, যে কোন প্রকারেই উত্তেজিত হউক না—সেই একই ফল উৎপন্ন হয়, অর্থাৎ আলোক দেখিতেছি বনিয়া আমাদের অমুভব হয়। সাধারণতঃ আমাদের এক একটি সায়ুর এক একটি বিশেষ উত্তেজক আছে। সচরাচর আমাদের চক্ষুর সায়ু আলোক দ্বারাই উত্তেজিত হয় বলিয়া আমাদের শারীরিক প্রকৃতিতে এমনি একটি অভ্যাস বদ্ধুন হইয়া গিয়াছে যে, চক্ষুসায়ু আর কোনরূপে উত্তেজিত হইলেও আমাদের মনে হয় আলোকের দ্বারাই বুঝি উত্তেজিত হইতেছে। এই হেতু, আমাদের চক্ষুগোলকের পশ্চান্তাগ টিপিয়া ধরিলে আমরা আলোক-চক্র দেখিতে পাই; উহা আমাদের মনের একটা অমুভব মাত্র —বাহ্য আলোক তাহার উৎপাদক নহে।

नौत्लत्र-वाणिका।

নীল বাণিজ্যের ইতিহাস আলোচনা করিয়া দেখিলে আমাদের একটি বিশেষ শিক্ষা লাভ হয়। উদ্ভিজ্ঞ হইতে যে স্কল দ্রুবা উৎপন্ন হয় তাহা ভাল করিয়া প্রস্তুত করিতে হইলে এবং তাহার বাণিজ্য-ব্যবসায়ে সফ-লতা লাভ করিতে হইলে শুধু যে জল-রায়ুর উপযোগিতা দেখিতে হইবে এরপ নহে, রুষক ও কারখানা- ওয়ালাদিগের উদ্যম ও নৈপুণ্যের উপ-রেও অনেকটা নির্ভর করে। চাউল, তুলা, চিনি প্রভৃতির স্থায় নীলও আমাদের দেশের একটি প্রাক্তিক দ্রবাজাত—ভারতবর্ষই উহার আদিম উৎপত্তি-স্থান। অতি প্রাচীনকালে আমাদের দেশ হইতে নীল যে অন্ত দেশে যাইভ তাহার প্রমাণ, Pliny, Arrian প্রভৃতির গ্রন্থে নীলের নাম Indicum বলিয়া উল্লেখ আছে; এই ইণ্ডিকম হইতে ক্রমে ইণ্ডিকো এই কথাটি চলিত হয়—এক্ষণে যুরোপীয় বাণিজো ঐ দ্রব্য ইণ্ডিগো নামে খ্যাত। পূর্বে মুরোপে Woad নামক একপ্রকার নীলোৎপাদক উদ্ভিজ্জ স্রব্যের বাণিজ্য প্রচলিত ছিল। কিন্তু সপ্রদশ শতাব্দীতে, যুরোপে ভারত-বর্ষীয় নীলের এত কাটিৎ হয় যে তাহাতে য়ুরোপ-জাত "ওয়োডের" বাণিজ্ঞা অনেকটা কমিয়া যায়— এবং এই হেতু ১৬৫৪ খ্রীষ্টাব্দে নীলের বাণিজ্ঞা নিষিদ্ধ করিয়া এক রাজাজ্ঞা প্রচার হয়। তথন নীলকে ভূতুড়ে রং (Devil's dye) বলা হইত।

ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি তাহাদিগের বাণিজ্যের প্রথম শতান্ধীতে যে সকল দ্রব্য আমাদের দেশ হইতে মুরোপে চালান করিতেন, তাহার মধ্যে নীল একটি প্রধান বাণিজ্য দ্রব্য ছিল। ভারতবর্ষের অস্তান্ত দ্রব্য জাতের স্থায় নীল বস্তুতঃ উৎক্লপ্ত হইলেও প্রস্তুত করিবার সময়ে ও বাক্সবন্দি করিবার সময়ে অযত্ন ও অনবধানতা-প্রযুক্ত তাহার মুলোর হ্রাস হইত। নীলবড়ির বহির্ভাগে বালি ও ময়লা না থাকে তজ্জ্যু কোম্পানীর

কর্ত্পক্ষীয়ের। তাঁহাদিগের কর্মাকর্তাদিগকে পুনঃপুনঃ সতর্ক করিয়া পাঠাইতেন।

ক্রমে ওয়েষ্ট ইণ্ডিস ও উত্তর আমেরিকার দক্ষিণ অংশের ব্রিটেশ উপনিবেশিকেরা সেই সেই দেশে নীলের চায় ও কারখানাকার্য্যের প্রতি বিশেষরূপে মনোযোগ দেওয়ায় তত্রতা নীল ভারতবর্ষীয় নীল অপেক্ষা উৎক্রষ্ট হটয়া উঠিল । স্ক্তরাং ট্রুট ইণ্ডিয়া-কোম্পানী ভারতবর্ষ হইতে নীল আমদানী বন্ধ করিয়া দিলেন।

পক্ষান্তরে, ফরাসিরা তাহাদিগের নিজ উপনিবেশ সেণ্ট ডোমি-কোতে নালের চাষ ও কারখানা-কার্য্য প্রবর্ত্তিত করিয়া তাহার বিশেষ উন্নতি করিয়াছিল। তৎকালে পোটু গীজেরা সেই নীল ব্রেজিলে এবং স্পেনীয়েরা মেক্সিকোতে লইয়া যাইত। ১৭৪৭ খ্রীষ্টাব্দে, ব্রিটিশ ওয়েষ্ট ইণ্ডিয়ার প্রায় সমস্ত নালকরেরা নীলের চাষ পরিতাগে করে। সেই অবধি, গ্রেটব্রিটেন ও অবশিষ্ট সমস্ত মুরোপে, স্পেনীয় ও ফরাসিরা নীলের যোগান দিত। উহারা তৎকালে সর্ব্বাপেকা উৎক্লষ্ট নীল প্রস্তুত করিত।

কিন্তু ১৭৭৯-৮০ খ্রীষ্টাব্দে, ইষ্ট-ইণ্ডিয়া-কোম্পানীর কর্ত্পক্ষীয়েরা
যাহাতে ভারতবর্ষীয় নীল অধিক পরিমাণে জন্ম ও উৎকৃষ্ট হয় তাহার
প্রতি আবার বিশেষরূপে মনোবোগ দিলেন। প্রিম্পেপ সাহেব প্রভৃতি
চ্বক্রিদারগণ তাঁহাদিগকে নীল যোগাইবেন বলিয়া তাঁহাদিগের সহিত
একটা চ্বুক্তি করেন। কিন্তু যে সকল নীলভারতবর্ষ হইতে চালান হইত
তাহাতে লাভ না হইয়া গড়ে প্রায় আশি হাজার টাকা ক্ষতি হইল। কিন্তু
এই ক্ষতিতেও তাঁহারা নিরুৎসাহ হইলেন না। বরং ইহা হইতে তাঁহাদের
ভবিষ্যৎ লাভের পথ উন্মৃক্ত হইল। ওয়েষ্ট-ইণ্ডিয়া-প্রণালী-মভ্জ্ঞ
য়ুরোপীয়েরা বঙ্গদেশে আসায়, নীল-কারখানা-কার্যের প্রভৃত উয়তি
হইয়াছিল। এমন কি Boyce সাহেব ১৭৪৭ খ্রীষ্টাব্দে ভারতবর্ষ হইতে

যে নীল পাঠাইয়াছিলেন তাহা স্পেনীয় নীলের সমান হয়। কোম্পানী দেখিলেন, ভারতবর্ষে যে উৎকৃষ্ট নীল উৎপন্ন হইতে পারে না এমন নহে। তাঁহারা সঙ্কল্ল করিলেন, তিন বৎসরের জন্ম তাঁহারা নীল ক্রয় করিতে ক্ষান্ত থাকিবেন। তাঁহারা মনে করিলেন, ইহার ফল এই হইবে যে, কোম্পানীর প্রতিযোগিতা উঠিয়া গেলে ব্যক্তি-বিশেষদিগের মধ্যে প্রতিযোগিতা উপদ্বিত হইবে এবং "ইহার দারা এই দ্রব্য যতদূর সম্ভব পূর্ণতায় আনীত হইবে;" সেই সঙ্গে, কত কম মূলো নীল প্রস্তুত হইতে পারে তাহাও নির্দ্ধারিত হইতে পারিবে।

উৎক্ক পদ্ধতি-অনুসারে কিরপে নীল প্রস্তুত করিতে হয় কোম্পানী তাঁহাদিগের কর্মকর্জাদিগের প্রতি ভূয়োভূয়ঃ উপদেশ পাঠাইয়া দিতে লাগিলেন, এবং অন্ত দেশের উৎক্ত নমুনা এবং ভারতবর্ষ-প্রেরিত নীলসম্বন্ধে বিলাতী দালালদিগের রিপোর্ট তাঁহাদিগের নিকট প্রেরণ করিতে লাগিলেন। এতম্বাতীত ১৭৮৯ ও ১৭৯০ এই তুই বৎসরের জন্ত শুল রহিত করিলেন এবং জাহাজভাড়াও কমাইয়া দিলেন। আরও কোম্পানী কতকগুলি নীল কার্থানাওয়ালাদিগকে বেশি বেশি করিয়া টাকা দাদন দিতে লাগিলেন।

এই সকল উপায় অবল্যন করিবার পরে, অতি অল্প কালের মধ্যেই ভারতবর্ষীয় নীল সর্ব্বোৎকৃষ্ট হটয়া উঠিল। মার্কিন, ফরাসি ও স্পেনীয় নীল—সমস্তট ভারতবর্ষীয় নীলের নিকটনতমুখ হটল। ক্রমশঃ ভারতবর্ষীয় নীলের বাণিজ্য বিস্তৃত হটয়া একাধিপত্য লাভ করিল।

নীলের উন্নতি-সাধনে যুরোপীয়েরা এখনও পর্যাস্ত ক্ষাস্ত নছেন।
সম্প্রতি Mons. P. J. Michea নীল তৈয়ারীর যে একটি নৃতন পদ্ধতি
উদ্ভাবিত করিয়াছেন এবং তাহার পেটেণ্ট লইয়াছেন তাহা যশোহর
ক্ষমনগর প্রভৃতি স্থানের যুরোপীয় কারখানায় প্রবর্তিত হইয়াছে। এই
নৃত্তন পদ্ধতিটি আশ্চর্যা সফলতা লাভ করিয়াছে—যে যে কারখানার এই

পদ্ধতি প্রবর্ত্তিত হইয়াছে সেখানকার মাল কোন কোন স্থলে শতকরা ৩০ কিম্বা ৪০ ভাগ পরিমাণ বৃদ্ধি হইতে দেখা গিয়াছে। সেই পদ্ধতিটির স্থল মর্ম্মগুলি নিয়ে প্রদর্শিত হইতেছেঃ—

- >। চারা হইতে রঙ্গাণ পদার্থ বাহির করিবার নিমিত্ত নীল-জ্বল আলোড়ন করিয়া যে গাঁজ বাহির করা হয়, সেই গাঁজ আরও উত্তেজিত ও বৃদ্ধি করিবার নিমিত্ত এক প্রকার গাঁজ-পদার্থ (Yeast) ব্যবস্থাত হইরা থাকে—(এই পদ্ধতি অনুসারে শতকরা ১০ হইতে ১৫ ভাগ অধিক মাল উৎপন্ন হয়।)
- ২। পচন-হাউজ হইতে গাজ্নি-হাউজে নীল-জল প্রবাহিত্ হই-বার পরেও নীলের ছিবড়ায় যে কিছু রস অবশিষ্ট থাকে তাহাও কোন উপায়ে পুনর্কার বাহির করিয়া লওয়া হয়। ইহাতেও প্রায় শতকরা ৫ ভাগ পরিমাণ মালের বৃদ্ধি হয়।
- ৩। গান্ধন-হোজে গান্ধনের পর যাহাতে নীলের রঙ্গীণ পদার্থ তলায় সহজে থিতিরা পড়ে তাহার স্থবিধার নিমিত্ত Neutral alum salt অল্পরিমানে বাবস্থত হয়। জল নির্গমনের সঙ্গে যে কতকটা মাল বাহির হইয়া গিয়া নষ্ট হয়—সেই মাল আর বাহির হইতে পারে না— স্থতরাং শতকরা ৮ হইতে ১০ ভাগ আন্দান্ধ মাল বাঁচিয়া যায়।
- ৪। হাওয়া ঠাওা হইলে "মুরির" জল ষ্টীম দারা উত্তপ্ত করিয়া আবশ্রক পরিমাণে তাপ রক্ষা করা যায়। ইহাতে নীলকরদিগের আব-হাওয়ার উপর বড় নির্ভর করিতে হয় না; এমন কি, নবেম্বর মাদ আদিয়া পড়িলেও নীল. তৈয়ারির কার্যা বন্ধ করিবার আবশ্রক হয় না।

কিন্তু নীলের বাণিজ্য বোধ হয় আর থাকে না। সম্প্রতি একজন স্বর্দ্ধাণ পণ্ডিত রসায়ন-বিদ্যার সাহায্যে এক প্রকার নীল রঙের স্থাষ্ট করিয়াছেন। শোনা গিয়াছিল, তাহা প্রস্তুত করিতে যেরূপ অধিক থর্চা পড়ে তাহাতে আমাদের দেশের উদ্ভিজ্জ-নীলের স্থান তাহার দারা-

অধিক্কত হইবে এরপ সম্ভাবনা নাই। কিন্তু আবার ফেব্রায়ারি মাসের Nature নামক বিজ্ঞান বিষয়ক পত্রে সেদিন দেখিলাম যে খর্চার প্রতি-বন্ধকও দুর হইয়াছে। অতএব নাল-করদিগের একণে সমূহ আশন্ধার কারণ উপস্থিত। *

এই বাণিজ্যের ইতিহাস পর্যালোচনা করিয়া দেখা যায় বে, যেইমাত্র মুরোপীয়েরা ওয়েই-ইণ্ডিস ও উত্তর আমেরিকার দক্ষিণ অংশে নীলের চাষ ও তাহার কারখানাকার্যো মনোবোগী হইলেন অমনি ভারতবর্ষীয় নীল হীনপ্রভ হইয়া পড়িল, আবার বখনই মুরোপীয়েরা এখানে আসিয়া উাহাদিগের উদ্যম ও নৈপুণা নিয়োগ করিলেন, অমনি আবার আমাদের নীল পৃথিবীর মধ্যে সর্বোৎক্ষণ্ট হইয়া উঠিল। অতএব দেখা যাইতেছে, মুরোপীয় উদ্যম ও নৈপুণায় নিকট আমরা অনেক বিষয়ে ঋণী। অনেকে ক্রমাগত এই বলিয়া আক্রেপ করেন যে, ইংরাজেরা আমাদের দেশ হইতে অজ্য ধনরত্ব লৃটিয়া লইয়া যাইতেছেন, কিস্কু উাহাদের জানা উচিত যে উদ্যোগী পুরুষকেই লক্ষ্মী আগ্রম করেন। আমাদের লক্ষ্মী আমাদিগকে ত্যাগ করিয়া যে বিদেশীয়দিগকে আশ্রম করিতেছেন, তাহার কারণই এই যে আমরা ভাঁহার অবেগাগা, আমাদের নিজের দোহেই

^{*} Prof, Baeyer succeeded, some years ago, in preparing indigo artificially, but the process was so expensive that it was not likely to be of much practical importance. He has now, however succeeded in effecting the synthesis in another way, by which he can not only produce the iudigo much more cheaply but can produce it within the fibre of the material to be dyed. The artificial production of olizarin has already wrought a great change in the commercial relations of the south of France, and if indigo be produced synthetically at a lower price than it can be grown, similar alterations may result in some parts of our Indian Empire.—Nature.

আমরা তাঁহার প্রদাদ হইতে বঞ্চিত হইয়ছি। তার জ্ञা আক্ষেপ করা র্থা। যতই কেন য়ুরোপীয়েরা আমাদের দেশ হইতে ধন লুট করুন না, ইহা কিন্ত মুক্তকণ্ঠে স্বীকার করিতে হইবে যে তাঁহাদের উদাম ও নিপুণতা-গুণে আমাদের দেশে নৃতন নৃতন কারথানা খোলা হইতেছে; ধনাগমের নৃতন নৃতন পথ আবিষ্কৃত হইতেছে, বাণিজ্ঞা-বাবসায়ের উন্নতি হইতেছে।

জাতীয়তা ও বিজাতীয়তার উপদ্রব।

আমাদের মধ্যে এক দল আছেন বাঁহারা জাতীয় ভাবের একান্ত পক্ষপাতী ও বিদেশীয় ভাবের দারুণ বিদেষী। তাঁহাদের মত এই, ষাহা কিছু আমাদের দেশের তাহাই ভাল, যাহা কিছু বিদেশ হইতে আনীত তাহাই মন্দ। তাঁহারা মনে করেন জাতীয়তা ও দেশহিতৈষিতা একই পদার্থ। বাস্তবিক ধরিতে গেলে, প্রকৃত জাতীয়তা ও দেশ-হিঠৈতিষিতা একই পদার্থ বটে। কিন্তু এক দল যেরূপ অন্ধভাবে ও বিক্লতভাবে জাতীয়তার (Nationality) অর্থ করেন, তাহা অনেক অনর্গের মূল। এই জাতীয়তাটি যে কি পদার্থ তাহা সেই জয়ত স্কারণে বিশ্লেষণ করিয়া দেখা উচিত। অনেক সময় একটা কথা হুইয়া অনেক গোলযোগ উপস্থিত হয়। সেই কথার প্রক্রুত অর্থ নির্ণীয় করিলে তাহার অর্কেক গোলযোগ নিম্পত্তি হইয়া যায়। যেমন সভাত। একটি কথা। এই কথা লইয়াও নানা গোলবোগ উপস্থিত হয়। এই কথার দোহাই দিয়া পরস্পর-বিরোধী মত সকল অনায়াদে পার পাইয়া যায়। · কেহ হয়ভো বলিবেন "যতই সভাতার বৃদ্ধি হইতেছে, ততই দেশের কুনীতি বাড়িতেছে," আর একজন বলিলেন "যতই সভাতা বুদ্ধি হইতেছে, ততই দেশে জ্ঞানগর্মের উন্নতি হইতেছে,"—ইহার মধ্যে কোন্মতটি ঠিক, নির্ণয় করিতে হটলে, প্রাক্তত সভাতা কাহাকে বলে নির্ণয় করা আব-খক। এবং ক্রাহা একবার নিরূপিত হইলে ঐ কথা লইয়া আর কখন গোলযোগ হয় না । জাতীয়ভাব, এই কথাটি এক্ষণে অতি সন্ধীৰ্ণভাৱে ব্যবহাত হয়। আহার, পরিচ্ছদ, আচার বাবহার লইয়াই জাতীয়তা: কোন জাতির বাহ্য নিদর্শন ও অনুষ্ঠানের বিশেষত্বকেই আমরা এক্ষণে জাতীয়তা বলি। কোন জাতির আন্তরিক বিশেষত্বের প্রতি আমরা

তত লক্ষ্য করি না, কেবল তাহাদিগের বাস্থ বিশেষদ্বের প্রতিই আমা-দের লক্ষ্য। আমরা একটি ফলের খোসা দেখিরাই তাহার ভালমন্দ বিবেচনা করিতে যাই, তাহার অভ্যন্তরস্থ শাঁস দেখি না। এই জ্ঞাই আমাদের জাতীরতা এক-দেশ-দর্শী অন্ধ জাতীরতা। বাস্তবিক ধরিতে গেলে, কোন জাতির আভ্যন্তরিক বিশেষ ভাব ও তাহার বাহ্যপ্রকাশ উভ্যন লইরাই তাহার জাতীরতা।

আচার ব্যবহার প্রভৃতি সেই আভ্যন্তরিক ভাবের বাহ্য নিদর্শন মাত্রে। এন্থলে আভ্যন্তরিক ভাবই মুখ্য বিষয়, বাহ্ আচার ব্যবহার অমুষ্ঠান সকল তাহার আমুষ্পিক মাত্র।

দেশ, কাল, জল, বায়ু প্রভৃতি বাহু ঘটনা ও প্রাকৃতিক অবস্থার বিশেষত্ব অমুসারে কোন জাতির চরিত গত বিশেষত্ব উৎপন্ন হয়। সেই চ্রিত্রগত আভাস্তরিক ভাবের উপগোগী হইয়া সেই জাতির আচার ব্যবহার প্রভৃতি বাহ্য অনুষ্ঠান সকল আপনা আপনিই সমুদ্রত হয়। বাহ্ ঘটনা-সকলের পরিবর্ত্তনে কালক্রমে যদি সেই জাতির আভান্তরিক ভাবের পরিবর্ত্তন হয়, তাহা হইলে সেই দঙ্গে তাহার আচার ব্যবহার সকলও যে আপনা আপনিই পরিবৃত্তিত হইবে তাহা কে অস্বীকার করিবে ? এই প্রকার স্বাভাবিক অবশ্রস্তাবী পরিবর্তনের গতি বাঁহারা অস্বাভাবিক উপায়ে রোধ করিতে যান তাঁহারা বাতুলের স্থায় কার্য্য করেন। তাঁহাদিগের উদাম কখনই সফল হয় না। এই উনাম উৎ-সাহ এই প্রকারে নষ্ট না করিয়া যদি তাঁহারা উপযুক্ত বিষয়ে তাহা নিয়োগ করেন তাহা হইলে তাঁহাদের দারা দেশের অনেক কল্যাণ শাধিত হইতে পারে। যে ঘটনা-স্রোতে কোন জাতির চরিত্র-গত পরিবর্ত্তন প্রথম আরম্ভ হয় দেই প্রারম্ভকালে বাধা দিলে বরং কিছৎ-কালের অক্সন্ত সেই শ্রোভের গতিরোধ হইতে পারে কিন্তু একবারে চরিত্র পরিবর্ত্তিত হইলে, তাহার উপযোগী ও আহুযদ্দিক যে একটি বাহ্য

অমুষ্ঠানের স্রোত স্বভাবতঃ প্রবাহিত হইতে থাকে, তাহার গতিরোধ করা একেবারেই অসম্ভব।

মনে কর, আলতা ও নিরুদাম বঙ্গবাসীর একটি জাতীয় ভাব। এই ভাবের উপযোগী করিয়াই আমাদের আহার পরিচ্ছদ কিয়ৎ পরিমাণে প্রস্তুত হইয়াছে। যাহারা পরিশ্রমী তাহারাই গুরুপাক দ্রব্য হল্পম করিতে পারে, এবং যাহারা কর্মাঠ লোক তাহাদেরই আট-সাট কাপড় পরা আবতাক হয়। ললুপাক ভাত, আর লম্বা-কোঁচা ধুতি উভয়ই আমাদের জাতীয় অলসতার পরিচয় দেয়। একণে ইংরাজ্বদিগের সংশ্রবে আমাদের মধ্যে একটা উদ্যমের ভাব আসিয়ছে। এই ভাব পরিবর্ত্ত-নের সঙ্গে সঙ্গে উলয়ের ভাব আসিয়ছে। এই ভাব পরিবর্ত্ত-নের সঙ্গে সঙ্গের বল সঞ্চয়ের জন্ত অল্পরিমাণে মাংস আহার করিতে বাধ্য ইইতেছেন, হয়তো কেহ কেহ কালোর স্ববিধার জন্ত আভুমি-লম্বমান চাপকানের পরিবর্ত্তে খাটো চাপকান পরিতে আরম্ভ করিয়াছেন।

কিন্তু একজন "জাতীয়" পতাকাধারী মহাত্মা আসিয়া হয়তো বলিবেন "কি! তুমি মাংস থাণ, তুমি জাতীয় ভাবের বিরুদ্ধাচারী, তোমার সঙ্গে আমাদের কোন সংশ্রব রাখা উচিত নয়—তোমার পিতৃপিতামহ চিরকাল ভাত খাইয়া আসিয়াছেন, আর তুমি কিনা আজু মাংস খাইতেছ।"

সে ব্যক্তি হয়তো উত্তর করিল "নহাশর আমি সাধ করিয়া ভাত ছাড়ি নাই—আমার যেরপ ভূতগত পরিশ্রম করিতে হয় তাহাতে একটু মাংদ না খাইলৈ চলে না।' "জাতীয়-ভাব"গ্রস্ত ব্যক্তি মহা কুদ্ধ হইয়া বলিবেন—"না খাইলে চলে না—তার মানে কি? তোমার পিতৃপিতা-মহের কিরপে চলিত ?—একবার ভাত খাইয়া তুমি যদি শরীরে বল না পাও, তাহা হইলে একবার ভাত খাও, ত্ইবার ভাত খাও, তিনবার ভাত খাও। আর, তিনবার ভাত খাইয়াও যদি তুমি শরীরে বল না পাও,

তাহলে তোমার পক্ষে মরাই ভাল।" কিছা তিনি হয়তো কাহাকেও থাটো চাপকান পরিতে দেখিয়া মহা কুদ্ধ হইয়া এইরূপ বলিবেন, "একি রকম ফেসিয়ান ? ছোট চাপকান তো আমাদের জাতীয় পোষাক নয়— তুমি দেখছি জাতীয় ভাব একেবারে বিসর্জ্জন করেছ। যার জাতীয় ভাব নাই সে কিনা করিতে পারে—সে খুনও করিতে পারে।" খাটো চাপকানধারী বেচারা তো অবাক—সে দেখে, খাটো চাপকান পরিয়া সে খুনের দায়ে দায়ী হয়। সে আআসমর্থনে ছই একটা কথা বলিল। সে বলিল কালকর্মের সময়ে ছোট চাপকানে অনেক স্থবিধা হয়—পা পর্যান্ত ঝোলা চাপকানগুলা কেমন জবড়জির, কাজের হড়াছড়ি দৌড়াদৌড়িতে হোঁচট খাইবার সন্তাবনা—কাপড় শীঘ্র শীঘ্র ছিড়িয়াও যায়। জাতীয়ভাব-প্রত্তের বিক্রত মন্তিক্ষে এ সকল যুক্তি প্রবেশ করিল না। তিনি বলিলেন, "স্থবিধা অস্থবিধা আবার কি ? যা বরাবর চলিয়া আসিতেছে তাই করিতে হইবে—মস্থবিধা হয় বলিয়া তুমি একটা স্টে-ছাড়া কাজ করিবে না কি ? দৌড়িতে গেলেই পড়িতে হয়, তার জন্ত কি আবার কাপড় বদ্লাইতে হইবে ?"

অতি জাতীয় মহাত্মাদিগের যুক্তির কত দুর দৌড় তাই দেখাইবার জ্বস্তু উলিথিত দৃষ্টান্ত প্রদর্শিত হইল। তাহাদিগের যুক্তির নাড়ী এত স্ক্রম যে নাই বলিলেও হয়। মাংস থাওয়া বাস্তবিক এদেশের পক্ষে ভাল, কিয়া ছোট চাপকান পরা বাস্তবিক স্ববিধাজনক কিনা সে বিষয়ে মত প্রকাশ করা আমার উদ্দেশু নয়। ওবিষয়ে অনেক মতামত আছে। কেহ বাধা রাস্তার এদিক ওদিক গেলে জাতীয়ভাব-প্রস্ত মহাত্মাগণ কিরপ তাহাকে যুক্তিহীন মুখ-থাবড়া দেন তাই দেখাইবার জ্বস্তুই উলিথিত উত্তর প্রত্যুত্তরের অবতারণা করা হইয়াছে। যদি তিনি বলিতেন, "এদেশে যেরপ গরম, তাহাতে মাংসের স্থায় তাপজনক পদার্থ-সকল আহার করা আমাদের পক্ষে ভাল নয়"—কিয়া যদি বলিতেন "থাটো

চাপকানগুলা লম্বা চাপকানের স্থায় স্থান্থ স্থানোভন নহে" ভাহা ইইলেও থানিকটা যুক্তির আভাল থাকিত। কিন্তু তাঁহার সমস্ত যুক্তির সার মর্ম এই—সকল কথার এই একমাত্র ধ্যা যে "বরাবর যাহা চলিরা আসিতিছে তাহার ব্যতিক্রম করা উচিত নহে"—যাহা পুরাতন, যাহা ভূতিকালের, তাহাই ভাল। তাহা বর্ত্তমান কালের পক্ষেও ভাল, ভবিষ্যৎ কালের পক্ষেও ভাল! যাহারা কেবল ভূতকাল লইয়াই বাস্ত তাঁহারা নিশ্রেই ভূত-গ্রস্ত মন্থ্যা—রোজা ডাকাইয়া অচিরাৎ তাঁহাদিগের চিকিৎসা স্থক্ষ করিয়া দেওয়া উচিত।

জাতীয়তা-ভূতগ্রন্ত ব্যক্তিদের যুক্তিপ্রণালীতে যেরূপ স্থান্সতি নাই, তাঁহাদের বাহিরের আচার ব্যবহারেও সেইরূপ কিছুমাত্র স্থসন্ধতি নাই। তাঁহারা জীবনে এমন অনেক কার্জ করেন যাহা তাহাদিগের মতের मम्पूर्ण विद्यांशी। यिष ७ ठाँश्वा किছु एउँ ठाँश श्रीकांत्र कंत्रियन ना। বিজ্ঞাতীয় দ্রবা যে তাঁহার! বাবহার করেন না এরপ নহে। তবে হয়তো তাঁহারা স্বয়ং তাহা প্রবর্তন করেন নাই এই নাত। যাহা দশজনে করি-তেছে তাহাই জাঁহারা করিতেছেন। যে সকল বিদ্ধাতীর আচার তাঁহারা অবলম্বন করিতেছেন, কিম্না যে সকল বিন্ধাতীয় দ্রব্য তাঁহারা বাবহার করিতেছেন, অর্থাৎ বিজ্ঞাতীয় যাহা কিছু তাঁহাদের অভ্যস্ত হইয়া গিরাছে —তাঁহাদের সহিয়া গিয়াছে, তাহাতে আর কোন দোধ নাই। ছোট চাপকান পরিতেই দোষ, কিন্তু লম্বা চাপকান বিজ্ঞাতীয় হইলেও তাহাতে দোষ নাই; যেতেতু তাঁহারা তাহা ব্যবহার করেন। যাঁহাদিগের মোজা পরা সহিয়া গিয়াছে তাঁহারা হয়তো বুট পরাকে বিজাতীয় প্রথা বলিবেন; ধাঁহাদিগের চৌকিতে বসা অভ্যাস হইয়াছে, তাঁহারা হয়তো টেবিল ব্যবহার করাকেই বিজাতীয় বলিবেন। এই জন্মই যাহারা 'জাতীয় ভাব' 'জাতীর ভাব' করিরা ক্রমাগত চীৎকার করেন তাঁহারা স্থাশক্ষিত লোকের ্নিকট ক্লীভাপদ হয়েন। তাঁহারা আদলে লোক ভাল, তাঁহাদের কোন

কু-মৎলব নাই; তবে তাঁহাদিগের একটু মন্তিক্ষের অভাব আছে।
কাতীয়তা যে কি পদার্থ তাহা তাঁহারা কথন তলাইয়া বুঝিতে চেষ্টা
করেন নাই; জাতীয়তা সম্বন্ধে অফুট, অনির্দেশ্য, কুজ্বটকাচ্ছন, অপরিপক্ষ কতকগুলি ভাব তাঁহাদের মন্তিক্ষের মধ্যে ইলি-বিলি করিয়া বেড়াইতেছে মাত্র। এবং তদ্বারা আক্রাস্ত হইয়া তিনি সময়ে সময়ে ভূত-এস্কের
স্থায় দিখিদিকজ্ঞানশ্য হইয়া হাত পা ছুড়িতে থাকেন।

কেই নামনে করেন আমরা জাতীয় তাবের বিরোধী পক্ষ। আমরা প্রকৃত, গোঁড়ামীশুন্ত জাতীয়তার ভক্ত। অন্ধ বিকৃত জাতীয়তার ভক্ত নহিন। জাতীয়তা কেবল কি একটি হানয়ের অক্ট্র অনির্দেশ্র ভাব মাত্র ?
—তাহার কি কোন জ্ঞানমূলক স্থান্চ পত্তনভূমি নাই ? তাহাই এই প্রবন্ধের আলোচ্য।

বিচিত্রতার মধ্যে একতা, ইহাই প্রক্কৃতির মূল নিয়ম, এবং এই নিয়মটি অবলম্বন করিয়া প্রকৃতি উন্নতিপথে অগ্রসর ইইতেছে। প্রকৃতির সমস্ত পদার্থের মণ্যেই একটি সাধারণ যোগ আছে— সেইটি একতার বন্ধন, এবং তদস্তর্গত প্রত্যেক পদার্থের আবার কিছু কিছু বিশেষত্ব আছে—ইহাই বিচিত্রতার মূল। এই বিচিত্রতা যে কেবল স্থাইর শোভা সম্পাদনের জন্ম তাহা নহে, তাহার কার্যাকারিতাও আছে। প্রকৃতির প্রত্যেক পদার্থের, প্রত্যেক জীবের থেরূপ বিশেষ বিশেষ গুণ আছে, সেইরূপ তাহাদের বিশেষ বিশেষ নির্দিষ্ট কার্য্যও আছে। একের কার্য্য অপরে পূর্ণ করিতে পারে না। কাহারও এক বিষয়ে অভাব। পরম্পরে মিলিয়া পরস্পরের অভাব পূরণ করিতেছে। প্রকৃতির মধ্যে এইরূপে একটা গুছু বাণিজ্য চলিতেছে। এবং এই বাণিজ্যের ফল—উন্নতি। বিশেষ অভাব ক্রেরার জন্ম একটি বিশেষ আভাব পূরণ করিবার জন্ম আছি

স্প্ত হটয়াছে। বিশেষত্বকে আমরা বিশেষত্বের জ্বন্ত আদর করি না, তাহার বিশেষ কার্য্যোপযোগিতার জ্বন্তই তাহার আদর।

মমুষা সমাজ্বও এই নিয়মের ব্যতিক্রমস্থল নহে। একতা ও বিচিত্র-তার নিয়মানুসারেই ইহার শ্রেণী-বিভাগ হইরাছে। সমাজের প্রথম উপকরণ—ব্যক্তি, তাহার পর—পরিবার, তাহার পর—গোষ্ঠী, তাহার পর-বংশ, তাহার পর-স্বন্ধাতি, তাহার পর-স্বদেশ, অবশেষে-মহুষ্য-জ্বাতি। বাজিই এই মানব-সমাজরপ বৃহৎ চক্রের কেন্দ্র এবং সমস্ত মনুষ্য-জ্বাতি ইহার পরিধি। এই বৃহৎ চক্রের অন্তর্গত আরও অনেকগুলি সম-কেন্দ্রিক ক্রমশঃ ক্ষুদ্রতর চক্র আছে। এইরূপে প্রত্যেক ব্যক্তির সহিত সমস্ত মুম্বা-জাতির একটা যোগ নিবন্ধ রহিয়াছে—এবং যে চক্র এই ব্যক্তিরূপ কেন্দ্রের যত নিক্টবর্ত্তী, সেই চক্রের সহিত তাহার সেই পরিমাণে অধিকতর ঘনিষ্ঠ সম্বন্ধ। এবং এই সম্বন্ধের ঘনিষ্ঠতা অনুসারে আমাদিগের কর্তবোর মুখা গৌণতা নির্দ্ধারিত হয়। সর্কা প্রথমে আপনি। আপনার উন্নতি সাধন সর্ব্বপ্রথমে কর্ত্বর। 'Charity begins at home' বদিও এই ইংরাজি প্রবচনটি হঠাৎ শুনিতে খারাপ লাগে, কিন্তু বাস্তবিক ইহা অপেক্ষা সত্য আরু কিছুই নাই। 🕢 ব্যক্তি আপনার উন্নতি সাধনে, প্রকৃত স্বার্থ সাধনে অবহেলা করে, সে স্বীয় পরিবারের উন্নতিসাধন করিতে পারে না ;—যে স্থীয় পরিবারের উন্নতি-সাধনে অবহেলা করে, ভাহা কর্ত্তক স্বন্ধাতির উন্নতিসাধন বিভূমনামাত্র; এবং স্বন্ধাতির উন্নতিসাধনে যে ব্যক্তি পরাধ্যুথ ভাহা কর্ত্তক সমস্ত মমুষা-জাতির উন্নতি-চেষ্টা নিতাস্তই হাস্তাম্পদ। বস্তুতঃ, ব্যক্তিগত উন্নতির সমষ্টিই পারিবারিক উন্নতি,—পারিবারিক উন্নতির সমষ্টিই জাতীয় উন্নতি,—জাতীয় উন্নতির সমষ্টিই মানব-সমাজের উন্নতি। মনুষ্য যেক্সপ ত্বৰ্ম 🕊 প্ৰিমিত-শক্তি-বিশিষ্ট জীব তাহাতে এই রূপ প্রতিই তাহার প্রক্রে স্বাভাবিক ও ফলপ্রদ। বার্তা-শাস্তে বে শ্রম-বিভাগের এত

শুণ বর্ণনা শুনা বার, উহা সেই শ্রম-বিভাগেরই একটি দৃষ্টাস্ত স্থল।
প্রত্যেকে বদি প্রাপন আপন ক্ষুদ্র চক্রের মধ্যেই আপন আপন উদাম
উৎসাহ মুখ্যরূপে নিরোগ করেন, তাহাতে সমস্ত মহুষ্য-সমাজের
যতথানি উন্নতি হইবার সম্ভাবনা তাহা কদাপি অন্ত প্রণালীতে হইতে
পারে না। ইহা স্পষ্টই পড়িয়া আছে। এই লইয়া বেশী বাকারায়
করিবার প্রয়োজন নাই। অতএব দেখা বাইতেছে আমাদের সামাজিক
কর্ত্তব্যের মুখ্য গৌণতা যথেক্ছরীপে নির্দারিত হয় নাই—উপযোগিতারপ
স্কৃদ্ পত্তন-ভূমিতে উহা সংস্থাপিত।

উল্লিখিত কর্ত্তনা সকল যাহাতে যথোপযুক্তরূপে সাধিত হইতে পারে তজ্জ্ঞ প্রকৃতি তাহার অনুরূপ প্রবৃত্তি, প্রেম, অনুরাগ, মানব-অন্তঃকরণে নিহিত করিয়া রাখিয়াছেন। সেই স্বাভাবিক প্রবৃত্তি, প্রেম, অনুরাগ, কর্ত্তবার উত্তেজক ও প্রবর্ত্তক। সর্ব্বপ্রথমে আত্মপ্রেম বা আত্মহিতৈধিতা। প্রকৃতির নিয়মানুসারে ইহাই সকল প্রেমের কেল্ডছল। তাহার পর পারিবারিক প্রেম—তাহার পর স্ক্রাতি প্রেম—তাহার পর মানবানুরাগ।

এখানে বলা আবশ্যক, প্রম ও হি হৈ বিতায় অনেক প্রভেদ আছে।
প্রেম করুকটা অন্ধ, হি হৈ বিতা দ্রদর্শী। পুত্রের প্রতি মাতার অন্ধ
প্রেম, পিতার প্রেম হি হৈ বিতায় পরিণত। অন্ধ প্রেম হইতে অনেক
অনর্থ উপস্থিত হইতে পারে, কিন্তু হি হৈ বিতা হইতে ভাল বই মন্দ
হইতে পারে না। যতই জ্ঞানের উন্নতি হয়, ততই এই প্রেম হি হৈ বিতায়
পরিণত হয়। বস্ততঃ অন্ধ প্রেম অপেক্ষা জ্ঞান-দীপ্ত হি হৈ বিতা যে
উন্নত তাহা বোধ হয় কেহই অস্বীকার করিবেন না। আপনার উপর
যাহার অন্ধ প্রেম, সে আপনার কিছুই মন্দ দেখিতে পায় না, স্কুতরাং
আপনার উন্নতি পথের আপনিই কণ্টক হইয়া পড়ে। সেইরপ স্বজাতির
উপর যাহার অন্ধ প্রেম, সেও স্বজাতির কিছুই মন্দ দেখিতে পায় না,
স্কুতরাং তাহার বারা স্বজাতির উন্নতি সাধন অসম্ভব।

প্রত্যেক ব্যক্তি বেরূপ বিশেষ বিশেষ দোষ গুণ লইরা জন্মগ্রহণ করে, সেইরূপ প্রত্যেক জাতিও বিশেষ বিশেষ দোষগুণের আধার। বিনি আত্মহিতৈষা তাঁহার কর্ত্তব্য নিজ চরিত্রের দোষগুলি অপনীত করিরা গুণের উরত্রিত সাধন করা, বিনি অজাতি-হিতৈষী তাঁহার কর্ত্তব্য জাতার চরিত্রের দোষগুলি দুরাক্ত্রত করিরা অজাতি-স্থলত গুণগুলিকে পরিপোষণ করা। আমরা যথন বলি আমাদের জাতীয় ভাব রক্ষা করা কর্ত্তব্য তথন আমরা কথন এরূপ মনে করিয়া বলি না-যে আমাদিগের জাতীর চরিত্রের দোষগুলিও রক্ষা করিতে হইবে। কিন্তু এক্ষণে জাতীর ভাব সচরাচর বেরূপ অর্থে ব্যবহৃত হইয়া থাকে, তাহার সহিত্ত মীতিমূলক দোষগুণের সাক্ষাৎ সম্পর্ক নাই। এক্ষণে জাতীরভাব অর্থে কোন জাতির বাহ্ন আচার ব্যবহার আহার পরিচ্ছদের বিশেষগুর্বায় মাত্র। জল বায়ু, শীতাতপ, ভূমির উর্ব্রেহা, বৈদেশিক আক্রমণ প্রভৃতি বিশেষ বিশেষ প্রাকৃতিক অবস্থা ও বাহ্ন ঘটনা সকল অনেক সময় কোন জাতির আচার ব্যবহার প্রভৃতির উপর বিলক্ষণ প্রভাব বিস্তার করে— এমন কি ঐ সকলের প্রভাবে জাতীয় চ্রিত্র অনেকাংশে সংগঠিত হয়।

জননায়্ প্রভৃতি প্রাকৃতিক শক্তি-সকল জাতীয় চরিত্রের, উপর বে প্রভাব প্রকটিত করে, তাহার ফল বে সকল সমরেই শুভ হয় তাহা নহে। তাহা হইতে অশুভ ফলও উৎপন্ন হইতে পারে। শারীরিক ফর্মকলতা, আলস্ত, নিরুদাম, হীন অসার গর্ম প্রভৃতি আমাদিগের জাতীয় চরিত্রের বে সকল দোষ, তাহা যে অনেক পরিমাণে জলবায়ু ভূমি প্রভৃতি প্রাকৃতিক প্রভাবের ফল তাহা কে অস্বীকার করিবে ? বছবিবাহ প্রভৃতি আমাদের দেশে যে সকল কুপ্রথা প্রচলিত আছে তাহাও বোধ হয় কিয়ৎপরিমাণে প্রাকৃতিক প্রভাবের ফল। আবার এই প্রাকৃতিক প্রভাবেই দয়া ধৈর্য্য ভক্তি ক্ষমা প্রভৃতি সদ্ভণে আমাদের জাতীয় চরিত্র অলক্কত হইরাছে। অনেক বাছ্ প্রথা এই সকল চরিত্র-গত দোষগুণের ফল। কতকগুলি এরপ প্রথাও আছে বাহার সহিত সাক্ষাৎসম্বন্ধে নীতির কোন সংশ্রব নাই—তাহা কেবল মাত্র স্থবিধা ও উপযোগিতামূলক। বেমন, ভাত থাওরা প্রথা কিংবা ধূতি প্রভৃতি চিলাচালা কাপড়-পরা প্রথা এতদ্দৈশের জ্বলবায়ুর উপযোগী বলিয়াই প্রচলিত হইয়াছে; তেমনি আবার কতকগুলি এরপ প্রথাও আছে বাহার সহিত নীতি, ছনীতি, স্থবিধা, অস্থবিধার কোন যোগ নাই। তাহা নিতাস্কই বদ্চ্ছিনিস্তৃত ও আগস্ত । বেমন আমাদের দেশের প্রণাম, মুসলমানদিগের সেলাম—ইংবাজদিগের সেক্স্রাণ্ড।

অতএব কোন দেশের প্রথাকে এই তিন ভাগে বিভক্ত করা যাইতে পারে—

- ১। চরিত্র-মূলক।
- ২। স্থবিধা বা উপযোগিতা-মূলক।
- ৩। যদৃচ্ছা-সম্ভূত কিম্বা আগস্তু।

চরিত্র-সম্ভূত প্রথা সকলের মধ্যে বাহা স্থনীতি-মূলক তাহার পরিব পোষণ করিতেই হইবে, বাহা ত্রনীতি-মূলক তাহা পরিবর্জন করিতেই হইবে । তাহা দেশ-কাল-পাত্রের উপর তত্তী নির্ভর করে না । নীতি সংশোধন মহুষ্য মাত্রেরই কর্ত্তব্য ।

স্থবিধা বা উপযোগিতা-মূলক প্রথা-সকল দেশ কাল-পাত্রের উপর
খুবই নির্জির করে। ইংরাজের আগমনে আমাদিগের বেরপ উদাম
বাড়িয়াছে তাহাতে লম্বা-কোঁচা ধুতি এক্ষণে স্থবিধাজনক বা উপযোগী
নাও হইতে পারে। বাস্থ অবস্থার পরিবর্ত্তনের সঙ্গে এই সকল প্রথার
পরিবর্ত্তন স্থাভাবিক। উপযোগিতাই এই সকল প্রথার পত্তনভূমি।
অতএব যতক্ষণ উপযোগী ততক্ষণই এই সকল প্রথাকে আমরা আদর
করিব। বরাবর চলিয়া আসিতেছে বলিয়াই যে রাখিতে হইবে তাহার
কোন অর্থ নাই। তা ছাড়া, বরাবর এ পর্যান্ত কিছুই চুলিয়া আসে নাই।

যে সকল প্রথা যদুচ্ছা-সম্ভূত— যাহার সহিত নীতি, তুর্নীতি, স্কুবিধা, অমুবিধার কোন সংশ্রব নাই তাহার পরিবর্ত্তে বিদেশীয়-প্রথা অবলম্বন করিবার কোনই প্রয়োজন দেখা যায় না। বাঁহাদিগের অনুকরণ-ম্পহা. অসার জাঁকের ভাব অতিমাত্র প্রবল, তাঁহারাই এরপ করিয়া থাকেন। তুঃখের বিষয় কোন কোন ইঙ্গ-বঙ্গের এই রোগটি আছে। তাঁহাদিগের অনুকরণের কোন অর্থ নাই—যাহা আমাদিগের অভাব আছে তাহা পুরণ করিবার হুন্ত কোন বিষয়ে অন্ত জাতির অন্তকরণ করা ঘাইতে পারে—কিন্তু কেবল অনুকরণের জ্বভাট অনুকরণ অভিশয় হৈয়, অসার, হাস্তাম্পদ,—তাহা হুরুকরণ নামেরই যোগ্য। এই "হুরু" শব্দ তাহাদিগের সম্বন্ধে অনেক বিষয়ে খাটে। "হতুর" অর্থ বর্ত্তমানকাল-বাঞ্জক--"হই-লাম।" ভবিষাতে কি পরিণাম হটবে তাহার প্রতি তাঁহাদিগের আদৌ লক্ষ্য নাই—উনবিংশতি শতাক্ষিরপ বর্ত্তমান কালের কোন সভ্য জাতির যাহা কিছু প্রথা, তাহা দেশ-কাল-পাত্র বিবেচনা না করিয়াই তাহা হণুকরণ করিতেই হইবে। তাহাদিগের লক্ষ্য ন ভূত ন ভবিষাৎ— তাহারা বর্ত্তমানকাল লইয়াই সম্ভষ্ট। একদল বেমন, "আমরা হান ছিতু, আমরা ত্যান ছিনু" করিয়। ভূতগ্রস্ত হটয়াছেন, আর একদল তেমনি, "আমরা হান হলু, আমরা তানে হলু" এই বলিয়া সদর্পে চীৎকার করি-তেছেন। এই 'হরু'তে যে মান আছে তাহা তাহারা চিরকাল উপভোগ করুন, সে মান হইতে আমরা তাঁহাদিগকে বঞ্চিত করিতে চাহি না। তবে এই এক কথা, "ভূতের" উপদ্রব ও "হতুর" উৎপাত আর আমাদের সম্ভাহর না। কেবল লেখকের এখন এই ভর হইতেছে, পাছে উভয়ের মাঝে পডিয়া একের কিল ও অপরের চর্ড থাইয়া প্রাণ সংশয় হয়।

জাতীয়তার নিবেদনে অনতিজাতীয়তার ক্রব্য।

"জাতীরতা ও বিজ্ঞাতীরতার উপদ্রব" নামক প্রবন্ধের উপসংহারে আমি এই আশক্ষা করিরাছিলাম পাছে "ভূত" ও "হত্তর" মাঝে পড়িরা একের কিল অপরের চড় খাইরা প্রাণ-সংশয় উপস্থিত হয়। এখন দেখি-তেছিঁ আমার আশক্ষা নিতান্ত অমূলক নহে। ইহারই মধ্যে একজন ভূতের উকীল কিল উচাইয়া "সামাল সামাল" রবে ধাবমান হইয়াছেন। বাহা হউক আখাসের মধ্যে এই, কিলটি তেমন জোরালো নহে।

উকীল মহাশর বলেন:— "জ্ঞান অনেক দুরের বস্তু দেখিতে পার, অমুরাগের দৃষ্টির বিশেষ গুণ এই যে, সে ছোট ছোট জিনিসকে অতি স্পষ্ট ও বড় করিয়া দেখিতে পার। অমুরাগ প্রত্যেককে আলাদা আলাদা করিয়া দেখিতে পার, জ্ঞান অনেককে একত্র করিয়া দেখে। আমাদের লেখক মহাশয় বঙ্গসমাজের প্রতি জ্ঞানের দূরবীণ করিয়াছেন, দূর ভবিষ্যতে কিসে কি হইতে পারে তাহারই প্রতি তাঁহার দৃষ্টি, দূর-দেশে কি কি ভাল জিনিস আছে তাহা তাঁহার নজ্পরে পড়ে। একবার অমুরাগের অমুরাকণ কিসরা যদি দেখেন, তবে কাছাকাছির অনেক জিনিস, এমন কি কাপড়টা ছোপড়টা পর্যান্ত বড় করিয়া তাঁহার চোখে পড়িবে। কেবলমাত্র উপবোগিতার চক্ষে ঘরের জিনিস দেখা ঘরের লোকের পক্ষে সকল সময়ে ভাল নহে। সঙ্গে অমুরাগের দৃষ্টিও থাকা চাই, নহিলে হাদয়হীনতা প্রকাশ পার। একটা চূড়ান্ত সীমার দৃষ্টান্ত দেখানো যাউক। ত্রী সংসারের পক্ষে নিতান্ত উপযোগী। কিন্তু যে ব্যক্তি জীকে অমুরাগশুন্ত উপযোগিতার চক্ষে দেখে, বয়স বশতঃ বা রোগ বশতঃ জীর উপবোগিতা দূর হইলে বা কমিলে অমুরাগের

অনুরোধ না শুনিরা যে ব্যক্তি সে স্ত্রীকে পরিত্যাগ করিতে পারে, তাহাকে আমরা বিশেষ প্রাশংসা করিব না।"

জ্ঞান যে কেবল দুরের বস্তু দেখিতে পার, নিকটের বস্তু দেখিতে পার না, এ কথা সত্য নহে। জ্ঞান, সংশ্লেষণ ও বিশ্লেষণ প্রণালী দারা, কি দুরের বস্তু, কি নিকটের বস্তু, কি সাধারণ, কি বিশেষ, সকলই তন্ধ-**उन्नज्ञाल, यथार्थज्ञाल (प्रिट्ड भाग्र। उन्नान्त पृत्रतीक प्रश्नं आहि,** অমুবীক্ষণ যন্ত্রও আছে। অমুরাগের যে কেবল দুরদৃষ্টি নাই তাহা নহে, আবার অন্তরাগের মুকুরে অনেক সময় ঠিকটি দেখা যায় না। তাহাতে অনেক সময় বাহ্য পদার্থ সকল বিক্লুতরূপে প্রতিফলিত হয়। কথন বা ছোট ছোট জিনিস অপরিমিত বড় দেখায়, কথন বা বড় বড় জিনিস . অসম্ভব ছোট দেখায়, কথন বা তিলকে তালক্সপে, কখন বা তালকে তিলক্সপে দেখিতে পাওয়া যায়—কখন বা কিছুই দেখিতে পাওয়া যায় না। এই অমুরাগের মুকুর দিয়া দেখি বলিয়াই আমরা অনেক সময় আত্মীয়জনের দোষ দেখিতে পাই না-কিম্বা দোষের গুরুত্ব উপলব্ধি कतिए পाति ना। कथारे आहाः - "आमात हाला थात এटि, বৈড়ায় যেন গোপালটি, ওর ছেলেটা খায় এতটা, বেড়ায় যেন বাঁদরটা।" এই অমুরাগের মুকুরে দেখিয়াছিলেন বলিয়াই দেস্ডেমোনা অমন কদা-কার একজন কাফ্রিকে দেবতুলা স্থলর বলিয়া মনে করিয়াছিলেন, টিটানিয়া একটা গৰ্দভ-মুণ্ডে অশেষ সৌন্দর্য্য উপলব্ধি করিয়:ছিলেন। সম্ভানের প্রতি মাতার কিরূপ অন্ধ মেহ ভাহার তো ভূরি ভূরি দুষ্টাস্ত পাওয়া যায়। এমন কি কোন কোন পিতাও এই হর্কলতার অধীন ইইয়া পড়ের। আমি ও আমার হুইজন বন্ধু একবার কোন প্রিগ্রামের ভদ্রব্যেকের বাটাতে নিমন্ত্রিত হইরাছিলাম। আমরা গিয়া একটা খরে বৃদিরা আছি, একটি ছোট লখোদর ছেলে ক্লাদিরা আমাদের একটি ব্রুর উপর নানা প্রকার উৎপাত আরম্ভ করিল; তাঁহার চুল টানিয়া, তাঁহার কাঁধে চড়িরা, তাঁহার কান মলিরা, তাঁহাকে অন্তির করিয়া তুলিল। এমন সময়ে তাঁহার পিতা উপস্থিত হইলেন। আমাদের বন্ধু এখন কিঞ্চিৎ আশ্বন্ধ হইয়া তাঁহার প্রতি মর্শ্বভেদী কাতর-দৃষ্টি নিক্ষেপ করিলেন; দে দৃষ্টিতে পাষাণও বিগলিত হুইতে পারে কিন্তু সেই অব্যক্ত কাত্র অমুনয় তাঁহার মনে একটি রেখাও অঙ্কিত করিতে পারিল না। তিনি একট মুচকি হাসিয়া বলিলেন, "মশায়, ও আদর ক'রছে।" আমাদের বন্ধু তোচকুন্থির। তিনি ভদ্রতার খাতিরে কিছু বলিতে পারিলৈন না, কিন্তু মনে মনে ঐ ছেলেটির চতুর্দশ পুরুষের প্রান্ধ করিতে লাগিলেন। যাহোক পিতা কোন কার্য্যোপলক্ষে যেই ঘর হইতে বাহির হইরাছেন অমনি আমার বন্ধু অবসর বুঝিয়া আইন নিজহত্তে লইলেন এবং ছেলেটার উপর একটি নিগৃঢ় মশ্মান্তিক চিম্টি প্রয়োগ করিলেন; দে ভাঁ। করিয়া উঠিল, আমার বন্ধুও এতফণে নিষ্কৃতি পাইলেন। অমু-রাণের দৃষ্টির যে কি মহিমা তাহা আমার বন্ধু বিলক্ষণ উপলব্ধি করিয়া ছিলেন। পরিহাস ছাডিয়া একণে প্রকৃত বিষয় আলোচনা করা যাউক। লেখক মহাশর বলিয়াছেন "কেবল মাত্র উপযোগিতার চক্ষে ঘরের জিনিস দেখা মরের লোকের পক্ষে সকল সময়ে ভাল নহে, সঙ্গে সঙ্গে অমুরাগের দৃষ্টিও চাই। নহিলে অত্যন্ত হাদয়-হীনতা প্রকাশ পায়।" আনি বলি, কেবল মাত্র অমুরাগের চক্ষেও ঘরের জিনিস দেখা ঘরের লোকের পক্ষে সকল সময়ে ভাল নহে, সঙ্গে সুসঙ্গে উপবোগিতার প্রতিও দৃষ্টি চাই, নহিলে অত্যন্ত মন্তিজ-হীনতা প্রকাশ পায়। আমি এই ·উপযোগিতা **শব্দ** বিস্তৃত অর্থে ব্যবহার করিয়াছি! মহুষ্যের পক্ষে ষাহা কিছু উন্নতিসাধক, যাহা কিছু মঙ্গলজনক তৎসমন্তই উপযোগিতার व्यक्षक्र जा आभागित गरनातृत्वि, आभागित क्षान्तत्व श्रात्त श्रात्ति गरकहे मक्न উদ্দেশ সাধন করিতেছে। কিন্ত আমাদের প্রীরভিদিগকে জানের শাসনে রাখা চাই; জানের শাসন অতিক্রম করিলেই তাহা হইতে

অগুভ ফল উৎপন্ন হয়, তথন আর তাহাদিগকে আমাদিগের উন্নতির উপযোগী বলা যাইতে পারে না। যে অমুরাগ হইতে শুভ ফল উৎপন্ন হয় তাহাই আমাদিগের উপযোগী, এবং যে অমুরাগ হইতে অশুভ ফল উৎপন্ন হয় তাহাই অমুপযোগী, তাহাই দুয়। লেখক মহাশয় স্ত্রীর উপযোগিতা সম্বন্ধে যাহা বলিয়াছেন, তাহাতে আমার বক্তব্য এই যে বন্নদ বশতঃ বা রোগ বশতঃ স্ত্রীর বিশেষ উপযোগিতা একেবারে যে দূর হয় তাহা আমি স্বীকার করি না, স্ত্রীর বিশেষ উপযোগিতা একেবারে যে দূর হয় তাহা আমি স্বীকার করি না, স্ত্রীর বিশেষ উপযোগিতা দূর হইলেও স্ত্রী পরিত্যাগ করা সাধারণ মঙ্গলের উপযোগী নহে। আমার মতে, যে ব্যক্তি স্ত্রীকে অমুরাগশৃত্য উপযোগিতার চক্ষে দেখে না—যে ব্যক্তি বিশুদ্ধ অমুরাগপূর্ণ উপযোগিতার চক্ষে দেখে, সেই প্রক্তে উপযোগিতার চক্ষে দেখে। কারণ বিশুদ্ধ অমুরাগ উপযোগিতারই অস্তর্ভূত।

সকল অনুরাগট বে শুভ তাহা নহে। একজন মদাপায়ীর মদের উপর অনুরাগ জ্বিতে পারে, নীরো কিমা সিরাজ্দোলার স্থায় পিশাচতুলা মনুষ্যণণ অন্তের কট অন্তের যন্ত্রণা দেখিয়। সুখী হয়, তাহাতেই
তাহাদিগের অনুরাগ, অতএব অনুরাগ মাত্রট যে প্রশংসনীয় তাহা নহে।
শুভ ও অশুভ ফল দেখিয়াই অনুরাগের ভাল মন্দ নির্নীত হয়।

"জাতীয়তা প্রস্তের। বাহু অনুষ্ঠান, বাহু পরিবর্ত্তন লইয়াই আন্দোলন করেন, আভাস্তরিক ভাবের প্রতি তাহাদের লক্ষ্য নাই—" এই কথা বলিবার তাৎপর্য্য এই বে, যে সকল কারণ হইতে যে কার্য্য উৎপন্ন হয় তাহা তাঁহারা সম্যক্রপে আলোচনা করিয়া দেখেন না, তাহা তাঁহাদিগের আলোচনা করিবার প্রবৃত্তি হয় না—তাঁহারা কোন বিষয়ের মূল পর্যান্ত তলাইয়া দেখেন না—এক কথায়, তাঁহারা যুক্তির ত্রিসীমা দিয়াও বাইতে চাহেন না। এ প্রথাট ভাল, কেন ভাল ? না, বেহেতু উহা আমাদের দেশের, আর এক কথায়, তাহার কোন যুক্তি নাই। একটি প্রথা কেন প্রবৃত্তিত হইল, সমস্ত জাতির আভাস্তরিক ভাবের সহিত

তাহার সম্বন্ধ কি, দে প্রথাটির উপযোগিতা কি, এ সমস্ত ভাঁহারা কিছুই ভাবেন না। জাতীয়তাগ্রস্তদিগের অযৌক্তিক মনের গঠন প্রদর্শন করাই আমার পূর্ব-প্রবন্ধের মুখ্য উদ্দেশ্য।

লেথক মহাশয় বলেন: — কথাটি সভা যে, জ্বাভীয়ভাগ্রস্ত লোকেরা পরিবর্ত্তনের বাহা খুঁটিনাটি লইয়াই অধিক হালাম! করিয়া থাকেন, কিন্তু কেন যে তাহা করেন তাহা কি কেহ দেখিবে না ? ছেলেবেলা হইতে তাহারা যাঁহাদের ভালবাসিয়া আসিয়াছেন, যাঁহাদের ভাষা তাহারা বুঝিতে পারেন.ও মাঁহারা তাঁহাদের ভাষা বুঝে, মাঁহারা তাঁহাদের কোন কাজ কোন কথা কখন ভল ব্যোন না, যাঁথাদের প্রতি কাজ প্রতি কথার ঠিক মশ্বটি তাহারা ব্ঝিতে পারেন, তাহাদের সকলেই এক প্রকার বিশেষ কাপড় পরিতে ও বিশেষ বিশেষ আচার অনুষ্ঠান করিতে দেখিয়াছেন, সেই সকল কাপড় ০ আচার বাবহার প্রিয়জনদের ভাবের সহিত উটোলের মনে এমন বন্ধমূল হইয়া গিয়াছে যে, উভয়ই একত্রে উাহাদের ছার্যে বাস করে। প্রিয়জন মনে পড়িলেট সেই স্কল বস্তু ও আচার ব্যবহার উহিদের মনে পড়ে। সেই সকল আচার বাবহার ও পরিচ্ছদ-সমূহ কেবল মাত্র তাহাদের উপগোগী নহে, তাহা উাহাদের অমুরাগের সামগ্রী! তাহাদের আপনার লোকেরা সেই সকল কাপড় পরে ও সেই সকল আচার অনুষ্ঠান করে। সেই সকল আচার ব্যবহার ও বস্ত্র যদি কেহ পরিবর্ত্তন করে, তবে সে বে-কোন যুক্তি দেখাক না কেন, আমরা, অর্থাৎ জাতীয় লোকেরা, ভাহাকে বলি, "ত্মি ইহা যদি করিতে পার, তবে কি না করিতে পার, তবে খুন্ত ক্রিতে পার ৷ অর্থাৎ তোমার সহ্বয়তা এতই অল্ল:" অহুরাগ স্কল স্ময়ে যুক্তি খুঁজিয়াপায় না। তাহার মনের মধ্যে যাহা থাকে াহা এমন জাগরক থাকে যে, সে ভাবিয়া পায় না, ইহার জাবার প্রমাণ কি দেখাইতে ইইবে। এই জন্ম অমুরাগের ক্থাওলা অনেক

সমর অবৌক্তিক গুনার কিন্তু তাই বলিয়া যে, সকল সময় ভূল হয় তাহা নহে।"

কোন জাতীয় প্রথা প্রিয়জনের স্মৃতির সহিত জড়িত আছে বলিয়াই যে তাহা ভাল হইবে এরপ বলা যাইতে পারে না। যাঁহাদিগকে ছেলেবেলা হইতে ভালবাসিয়া আসিয়াছি, তাঁহাদিগের অবলম্বিত আচার ব্যবহারে যে আমরা ভালবাসিব তাহা খুব স্বাভাবিক, তাই বলিয়া সেই স্কল আচার বাবহার যে স্কল সময়েই ভাল হইবে এরূপ বলা ঘাইতে পারে না। যদি কোন প্রথা অশুভ হয়, তাহা প্রিয়ঙ্কনের বলিয়াই যে তাহা আমাদিগকে রক্ষা করিতে হইবে ইহা নিতান্ত অসম্বত। যখন আমাদের দেশে সহমরণ-প্রথা প্রচলিত ছিল, সেই সময়ে কেহ যদি তাহা নিবারণ করিতে গাইতেন, তাহা হইলে আমাদিগের লেখক মহাশয়ের স্থায় তৎকালের জাতীয়ত। প্রস্তু লোক হয়তো তাঁহাকে ঠিক এই কথাই বলিতেন—"প্রিয়ন্তনের সহিত এই প্রথাটি জডিত, প্রিয়ন্তন मरन পড़ित्नरे এर প্রথাটি আমাদের মনে পড়ে, ইহা আমাদের অমুরাগের সামগ্রী, তুমি যে কোন যুক্তিই দেখাও না, তুমি যদি এই প্রথা অমান্ত করিতে পার—তাহা হইলে তুমি কি না করিতে পার, তুমি তাহা হইলে খুনও করিতে পার।" যাহা হউক অন্তে খুন করুক বা না করুক, জাতীয়তাপ্রস্তের। যুক্তিকে যে নির্দ্দয়রূপে খুন করেন তাহাতে আর সন্দেহ নাই।

আমাদের ।পূর্ব-প্রবন্ধে, প্রসঙ্গক্রমে ধুতি ও চাপকানের স্থবিধা অস্থবিধা বিষয়ের উল্লেখ করিয়াছিলাম। ধুতি পরা উচিত কি চাপকান পরা উচিত—দে বিষয়ে কোন মত প্রকাশ করা আমার অভিপ্রার ছিল না। ক্লোতীয়তাপ্রস্তদিগের যুক্তি-প্রণালী কিরূপ তাহাই দেধাইবার জ্ঞা ক্রার উল্লেখ ক্রিয়াছিলাম। আমার বক্তব্য এই, যদি ধুতি বাস্তবিক অমুপ্রোগী হয়, তাহা হইলে, তাহা বছদিন হইতে প্রচলিত থাকা সম্বেও,

প্রিয়ন্ত্রনদিগের পরিধেয় হইলেও তাহা পরিবর্ত্তন করা উচিত। এরপ প্রণালীতে পরিবর্ত্তন করা উচিত, যাহাতে প্রিয়ম্কনদিগের মনে, **(मध्येत (मध्येत प्राप्त क्रिक्ट क्रिक्ट प्राप्त क्रिक्ट प्राप्त क्रिक्ट प्राप्त क्रिक्ट प्राप्त क्रिक्ट प्राप्त** করিতে পারেন, এরূপ ছোট ছোট বিষয়ে একটু অস্থবিধা হইলেও অনর্থক গোলযোগ করা উচিত নহে। কিন্তু বাস্তবিক ধরিতে গেলে, আমাদের জীবনের কোন কার্য্যকে ক্ষুদ্র বলিয়া অবহেলা করা যায় না। ক্ষুদ্র ক্ষুদ্র कार्यात नमष्टिंगे जामारानत कीवन। कांगीत कोवरनत यनि मध्यात আবহুকে হয়, তাহা হইলে কুদ্র কুদ্র বিষয়ের প্রতিও দৃষ্টি রাখা আবশুক। অস্থবিধা দত্ত্বে, যাহা আছে তাহাতেই যদি দ্ৰুষ্ট থাকা বিধেয় হয়, তাহা হইলে সভাতার পথ একেবারে বন্ধ হইয়া যায়— কোন কালে কোন উন্নতি হইবার সম্ভাবনা থাকে না। আর, সমস্ত পৃথিবীর লোকে ঐ মতামুদারে বাস্তবিক যদি এতদিন চলিয়া আসিত, তাহা হইলে মানবজাভির যে কি ছর্দশা, কি শোচনীয় অবস্থা হইত তাহা সকলেই কল্পনা করিতে পারেন। যদি ধুতি পরিয়াই কাজ চলে, यिन मान्तरकां मादिरनरे आमारित পরিধের বল্পের অসুবিধা দুর হয়, তাহা হইলে তাহা অপেক্ষা স্থথের বিষয় আর কি আছে। তাহাতে উপযোগিতা ও জাতীয় অনুরাগ উভয়ই রক্ষা হয়। আমাদিগের মহিলাদিগের মধ্যে শান্তিপুরের ফিন্ফিনে কাপড় পরিধান প্রথা এখনও কিয়ৎপরিমাণে প্রচলিত আছে—আমাদের প্রিয়ন্তনেরা তাহা ব্যবহার করেন বলিয়াই কি তাহা পরিবর্ত্তন করিতে নিরস্ত থাকিব ? দেশের প্রতি যাহার বাস্তবিক অমুরাগ আছে, তিনিই দেশের অভাব মোচন করিতে অগ্রসর হয়েন। অতএব অস্থবিধা নিবারণার্থে কোন পরিবর্ত্তন করা বাস্তবিক দেশপুরাগের বিরোধী নহে। অন্ধ অমুরাগই তাহার বিরোধী। পুর্বেই বলিরাছি বিশুদ্ধ অনুরাগের সহিত উপযোগিতার কোন বিবাদ নাই।

লেখক মহাশয় তাহার প্রস্তাবের উপসংহারে আমার নিজের ফাঁদেট আমাকে জডাইয়া ফেলিবেন মনে করিয়া ইংরাজি কাপড পরি-ধানের নানা প্রকার স্থবিধা ও উপযোগিত। প্রদর্শন করিয়াছেন। তিনি বলেন, বাঁহারা হংরাজি পরিচ্ছদ অবলম্বন করিয়াছেন, তাঁহাদের বিরুদ্ধে উপযোগিতার ত্রন্ধান্ত কোন কাছে দেখিবে না। আমার প্রর্ম-প্রবন্ধে আমি বলিয়াছিলাম, "যে সকল প্রাথা বদুক্তা সম্ভূত-ন্যাহার সহিত নীতি, তুর্নীতি, স্কবিধা, অস্কবিধার কোন সংশ্রব নাই তাহার পরিবর্ত্তে সেই জাতীয় বিদেশীয় প্রথা অবলম্বন করিবার কোনই অর্থ নাই। ই'হাদিগের অমুকরণ-স্পৃহা, অসার জাঁকের ভাব অতিমাত্র প্রবণ তাঁহারাই এইরপ করিয়া থাকেন।" আমি ইহাতে পরিচছদের কোন উল্লেখ করি নাট। কারণ পরিচছদের স্থিত স্থাবিধা অস্তবিধার বিলক্ষণই সংশ্রের আছে: কিন্তু লেখক ঐ স্থলের সমালোচনা করিতে शियां পরিচ্ছদের দৃষ্টাস্ত দেখা হয়। ছেন। তিনি বলেনঃ - "মনে করুন, ইংরাজি কাপড পরা। শুদ্ধ মাতা ইংরাজ সাজিয়া জাঁক করা যে তাহার উদ্দেশ্য, ভাহা নাও ২ইতে পাবে। ইংরাজি বস্তা তাহাদের জীবিকার সহায়ত। করে। একজন ব্যারিষ্টরের কেবল মাত্র আদালতেই বিলাতী বস্ত্র পরা যে আবশ্রক তাহা নহে! বাড়ীতেও পরিয়া থাকা অনেক কারণে প্রয়োজনীয়, বাঙ্গালী মকেলগণ তাহার ইংরাজি কাপডের **চটक ना (भशित्म विश्वाम क्रिंडिंग्डे शास्त्र ना त्य, এक्জन धु कि जानत-**পরা ভেতো ব্যারিষ্টর মাজিষ্টেটের সামনে দাঁড়াইরা থব ছুই চারিটা ইংরাজি বোল শুনাইয়া দিতে পারিবে। তাহা ব্যতীত আমাদের দেশে ইংরাজি বস্ত্র পরা অনেক বিষয়ে স্ক্রিধাজনক। সাধারণতঃ লোকে ভর ও মাত্ত করে; স্ত্রীলোক সঙ্গে করিয়া লইয়া গেলে, রেলওয়েতেই হুউক বা অন্ত কোথাও হউক, কেহ তাঁহার সঙ্গীনীকে অমাত বা অপ্সান করিতে সাহস করে না, কেহ তাঁহার সন্ধিনীর প্রতি নিতান্ত

অবাক হইরা হাঁ করিয়া একদৃষ্টে চাহিরা থাকে না। রেল ওয়ের কর্ম্মচারীরা তৃষ্ণা পাইলে জল দিতে দেরী করে না, অশ্বকার হটলে আলো
দিতে অবহেলা করে না, বিজ্ঞান-প্রিয় নেটব-বিদ্যেষী ইউরোপীয়ের
অনুরোধে উহোকে একগাড়ী হটতে আর এক গাড়ীতে পাঠায় না।
এক কথায়, আমাদের দেশের Struggle for existence এর পক্ষে
ইংরাজি বস্ত্র দেশীয় বস্ত্র অপেক্ষা অনেক উপয়োগী।"

আমার পূর্ব্ব-প্রবন্ধে ইংরাজি পরিচ্ছদ পরিধানের উল্লেখনা থাকিলেও, যথন এ কথাটি উঠি মাছে তখন একবার অলোচনা করিয়া দেখা যাউক। মকেলেরা ইংরাজি কাপড়ের চটকে যে ভুলিয়া যায় এ কথা আমার বিশ্বাস হয় না ৷ তাহা ইটলে অনেক বাঙ্গালী ব্যারি-ষ্টরকে কার্য্যের জন্ম এরূপ হাহাকার করিতে হইত না। খাভিনামা ব্যারিষ্টর শ্রীযুক্ত উমেশচক্র বন্দ্যোপাধায়ি যিনি পদারে অনেক কোট পেণ্টুলনধারী ইংরাজি বাারিষ্টরকে পর্যান্ত অতিক্রম করিয়াছেন, স্থাট-কোট পরিধানট কি ওঁ। হার সফলতার মূলমন্ত্র ? ওাঁহার অসাধারণ নিপুণতা, বাকপটুতা, সারবন্তা ও অধাবসায় গুণেই কি তিনি তাহা-দিগকে ছাড়াইয়া উঠেন নাই ? যদি কেহ বলেন যে কেবল পরিচ্ছদের গুণেই তিনি এতদুর খ্যাতিলাভ করিয়াছেন, তাহা হইলে তাঁহার 🤊 তি অক্তারাচরণ করা হয়, এমন কি উাহার অবমাননা করা হয়। আমার বিশ্বাস, যদ তিনি তাঁহার পরিচ্ছদে কতকটা দেশীয় আকার বন্ধায় রাথিতেন, তাহা হইলে তাঁহার পশারের কিছুমাত্র ব্যাঘাত হইত না— বরং আরও অধিক পরিমাণে দেশীয় লোকের মন আকর্ষণ করিতে পারিতেন। লেখক মহাশয় পূর্বের এক স্থলে যাহা বলিয়াছেন তাহা অতি ধথার্থ। তিনি বলেন :-- "কাপড়-চোপড় ও ছোটখাট আচার ব্যবহারের অমুভবমূলক একটি উপযোগিতাও আছে, ইহাতে খ্রেণী-বিশেষের লোকদের অন্তরাগের বন্ধনে বাঁধিয়া রাখে। আমি একজন

বাঙ্গালী দ্বদেশে বাদ করি। আমি যদি পথে কোন বাঙ্গালী-পরিচ্ছদধারী ও বাঙ্গালী-ভাষীকে দেখি, তবে তৎক্ষণাৎ চুম্বকের স্থায় তাহার
প্রতি বাবিত হই। আনি হারার মনো ভাবও দেখিতে পাই না, আমি
কেবল হাহার বাহিরের কতকগুলি আমুষঙ্গিক চিহ্ন দেখিতে পাই।
আমানের একটি স্বাভাবিক প্রবৃত্তি আছে স্ক্রাতিস্থ লোকের নিকট
সমবেদনা পাইবার অভিলাষ। যদি তুমি বাঙ্গালীর বাঞ্ছ নিশেষজ্বের
পরিবর্ত্তন কর, তবে সেই সমবেদনা পাইবার বাাষাত ঘটে। দেশের
লোকের সমবেদনা চাই না, এমন একটা ভাব যদি কাহারও মনে
থাকে, তবে তাঁহার মনের সে অবস্থা অহান্ত শোচনীয়।" এখানে
লেখক আমার মতেরই পোষকতা করিয়াছেন।

আমি পূর্বেই দেখাইয়াছিলাম যে "প্রত্যেকে যদি আপন আপন ক্ষুদ্র ক্ষুদ্র চক্রের নধ্যেই আপন আপন উদাম উৎসাহ মুখারূপে নিয়োগ করেন, তাহাতে সমস্ত মন্থ্য-সমাজের ষতথানি উন্নতি হইবার সম্ভাবনা তাহা কদাপি অন্ত প্রণালীতে হইতে পারে না।" আমাদের কঙ্গ-বঙ্গ বন্ধুগণ যদি অকারণ সম্পূর্ণরূপে পরিচ্ছদ পরিবর্ত্তন করিয়া দেশের লোকের অপ্রীতিভাজন হয়েন, তাহা হইলে তাঁহাদিগের দারা দেশের উন্নতিসাধন আশান্ত্রপ কথনই হইতে পারে না। ইংরাজ্ঞদিগের হাজার বাহ্য-অনুকরণ কর্মন, কথনই তাহাদিগের সহিত একীভূত হইতে পারেন না। বাঙ্গালী-আত্মা ইংরাজি আবরণে আত্মত হইয়া একুল ওকুল ছকুলই হারাইয়া বসেন—তাঁহাদের দারা কোন সমাজেরই উন্নতি হয় না—স্কৃতরাং তাহারা অকাল-কৃত্মগুরূপে পরিণত হইয়া স্বকপোল-কল্লিত মহিমাতেই বিরাজ করেন। রেলওয়ে কর্মচারিগণ ভৃষ্ণা পেলে জল দিতে দেরী করে না, অন্ধকার হইলে আলো দিতে অবহেলা করে না, ইত্যাদি অ্যুবিধার জন্ম ইংরাজের সং সাজিয়া লোকদিগকে প্রতারণা করা অপেক্ষা জ্বয়ন্ত নীচ দ্বণিত আচরণ আর কি হইতে পারে ? ইহাতে বেরপ

নৈতিক অবনতি হয়, যেরূপ জাতীয় ছুর্গতি উপস্থিত হয় তাহার তুলনায় সহস্র অস্থাবিধাও প্রার্থনীয়। ঐ সকল হীন স্থাবিধা প্রকৃত উপযোগিতার নামে পরিচিত হইতে পারে না। যাঁহারা ইংলও হইতে শিক্ষিত হইয়া আসিয়াছেন, তাঁহারা কোথায় ইংরাজদিগের স্বাধীনতা বলবিক্রম অকুতোভয়তা শিক্ষা করিয়া আমাদের দৃষ্টাত্তস্থল হইবেন, না তাঁহারাও কিনা ঐ প্রকার অস্ত্রবিধার ভয়ে ইংরাজি পোষাকের ঝোপে প্রবেশ করিয়া থর্গোদের ভায় চক্ষু মুদিত করিয়া আপনাকে নিরাপদ মনে করি-বেন ? আমি তাঁহাদিগকে থর্গোসের সহিত এই জন্ম তুলনা করিলাম যে তাঁহারা ইংরাহিছ হাটের মধ্যে হাজার মুথ লুকাইতে চেষ্টা করুন, তাঁহানের বাঙ্গালীর কোমল মুখন্সী ও কালো রং সম্পূর্ণরূপে ঢাকিতে কিছুতেই তাঁহারা সক্ষম হয়েন না। তাহার প্রমাণ, ইংরাজি পরিচ্ছদণারী ইঙ্গ-বঙ্গীয় যুবক ও মহিলাদিগকে কতবার রেলওয়েতে অপমানিত ছইতে শুনা গিয়াছে। তাঁহাদিগের পরিচ্ছদ যে অত্যাচার হইতে তাঁহা-দিগকে রক্ষা করিতে পারে নাই। তাঁহারা অন্ত উপায়ে এই সকল অত্যাচারের প্রতিবিধান করুন—যাহাতে বাস্তবিক শরীরে ও মনে বল সঞ্চয় হয় তাহার চেষ্টা করুন, নতুবা আপনার হর্বলতা লুকাইয়া বলের ভাগ করিলে কোন ফল হইবে না-ভাহাতে কেবল সকলের নিকট হাক্সাম্পদ হইবেন মাত্র।

ইংরাজি পরিচ্ছদ আমাদের স্বাস্থ্যের ও উপযোগী নহে। সে দিন সংবাদ-পত্রে পড়িতেছিলাম, একজন সেনাপতি এইরপ মত প্রকাশ করিরাছেন যে ইংরাজি সৈনিকেরা গরম ইংরাজি পরিচ্ছদ পরিয়া বাহিরে বেড়াইতে বায়, বাড়ীতে ফিরিয়া আসিয়া তাহাদের পরিচ্ছদ এতদূর অস্থ্ হয় যে তাহারা সমস্ত কাপড় খুলিয়া ফেলিয়া বারগুায় বসিয়া অপেক্ষাকৃত শীতল বাতাস গায়ে লাগায়—সহসা এইরূপ পরিবর্ত্তন উপস্থিত হওয়ায় তাহারা সদ্য শীড়িত হইয়া পড়ে। ইংরাজি পরিচ্ছদ সকলই যে দেখিতে ভাল তাহাও নহে। Mrs Oliphant পরিচ্ছদ নামক প্রস্থে ইংরাজি পুরুষের পরিচ্ছদ সম্বন্ধে যাহা বলিয়াছেন, তাহা নিয়ে উদ্ধৃত করিতেছি। তিনি বলেন:—

"The frockcoat, though the nearest and closest resemblance of the ancient tunic, is not a graceful garment, and when crowned by the unimaginable hideous cover, the tall chimney-pot hat, and adorned with two stiff folds of coloured Silk in the form of a neck tie, fastened by a horse-shoe for example in the shade of a pin, it would be difficult to put together a costume less attractive Upon these two articles of apparel imagination is at a stand still. What will improve them we know not. They are as we have said, all but perfect utter formality and ungracefulness and save by improving them off the face of the earth, there is nothing to be done for them, so far as we are aware." আর এক স্থান ব্ৰোন,—"It is true that in our own days nothing very serious can be said against male apparel. In itself it is ugly; there is no abstract grace in the garment all men wear * * * * * An evening coat is an insane object to look at; it is a garb which art disowns and which fancy cannot deign to touch, or allow to be capable of improvement."

অবশেষে আমার এই বক্তব্য যে আমাদের পুরাতন প্রথা-সকল ভাল করিয়া পরীক্ষা করিয়া দেখা উচিত; পুরাতন প্রথা-সকলের বিক্ষদ্ধে যে সকল সমালোচনা মধ্যে মধ্যে প্রকাশ হয়, তাছা তৎক্ষণাৎ গ্রহণ না করিয়া সাবধানে পুনরায় আলোচনা করিয়া দেখা কর্তব্য। সকল প্রাচীন প্রথার মধ্যেই যুক্তির ভিত্তি, স্থবিধা ও উপযোগিতার পুরাতন নিদর্শন থা কতে পারে। উহা বর্ত্তমান অবস্থার সম্পূর্ণ উপযোগী না ইইলেও কতকটা তাহার মধ্যে তাল থাকিতে পারে। যেমন পুরাতন প্রথা-সকল আলোচনা করিয়া দেখা উচিত, সেইরপ ন্তন পরিবর্ত্তন-সকলও তাল করেয়া পরাক্ষা করিয়া দেখা কর্ত্তবা। এই সকল ন্তন পরিবর্ত্তনের মধ্যে ক্ষয় ও ধ্বংসের বীজ প্রচন্ধর থাকিয়া কালে পরিস্কৃট হইয়া উঠিতে পারে। ন্তনের প্রতি মানব-প্রকৃতির কেমন-একটা স্বাভাবিক স্পৃহা আছে, কিন্ত খানিকটা পুরাতনের উপর তর না দিলে, ন্তন স্কৃত্তাবে গজাইতে পারে,না। বিপ্লব ব্যতাত সংস্কার, গোড়ামা বাতীত যুক্তিমূলক সংরক্ষণ, নৃতনের প্রতি কিঞ্ছিৎ সন্ধোচ, পুরাতনের প্রতি কিয়ৎপরিমাণে ভক্তি, কিন্তন কি পুরাতন যাহাতে যাহা কিছু ভাল আছে তাহা উপলব্ধি করিবার শক্তি—এই সকল প্রকৃত্ত সমাজ-সংস্কারকের থাকা চাই।

দেশাত্বরাগ সম্বন্ধে Herbert Spencer যে মত প্রকাশ করিয়াছেন তাহা বলিয়াই এই প্রবন্ধ শেষ করিব। তিনি বলেন:—"প্রত্যেক ব্যক্তির পক্ষে নেরপ আত্মপরতা, প্রত্যেক জাতির পক্ষে সেইরপ স্বদেশ-পরতা। বস্তুতঃ উভয়েরই মূল এক; উহার শুভ ফলও আছে, অশুভ ফলও আছে। স্বকায় সমাজের প্রতি মর্যাদা আত্ম-মর্যাদারই প্রতিছায়া মাত্র; স্বকায় সমাজের অধিকার সমর্থন, প্রকারাস্তরে আত্ম-অধিকার সমর্থন মাত্র। কারণ প্রত্যেক ব্যক্তি সেই সমাজেরই অংশ। কোন জাতীয় মহাব্যপার সংশাধত হইলে ভজ্জাতীয় প্রত্যেক ব্যক্তি যে গর্ম অন্তব্য করে, তাহার কারণ এই, সেই ব্যাপার সাধনক্ষম জাতি তাহার নিজের জাতি! সেই জাতীয় ব্যক্তি বলিলে, ভিতরে ভিতরে এইরপ ব্রায়, সেই জাতির প্রকৃতিগত উৎক্রন্ততা সেই ব্যক্তিতেও আছে। স্বদেশের প্রতি কেহ অত্যাচার করিলে তাহার মনে যে ক্রোম উদ্দীপিত হয় তাহার কারণ এই—স্বদেশের কোন অনিষ্ট হইলে তাহার মনে হয় থেন তাহার নিজেরই অনিষ্ট হইতেছে। আমরা পুর্বের দেখিয়াছি,

স্থবাবস্থিত আত্ম-পরতা নিতাস্ত প্রয়োজনীয়; এখন আমরা দেখিব স্থব্যবস্থিত স্বদেশপরতাও দেইরূপ নিতান্ত প্রয়োজনীয়। অতিরিক্ত আত্মামুরাণে ছই শ্রেণীর অমঙ্গল উৎপন্ন হয়:—প্রথমতঃ, উহাতে আত্ম-অধিকার-সমর্থন অতিরিক্তরূপে উত্তেজিত হওয়ায়, অত্যাচার ও শক্রতা আহ্বান করিয়া আনা হয়; দ্বিতীয়তঃ, উহাতে আত্ম শক্তিতে অতিরিক্ত বিশ্বাদ উৎপন্ন হওয়ায়, নিক্ষল চেষ্টা সকল উত্তেজিত হয়-সেই-সকল চেষ্টা পরিশেষে মহা বিপদে পরিণত হয় ৷ আত্মানুরাগের নানতার আবার হুই শ্রেণীর অনিষ্ট উৎপন্ন হয়; প্রথম হঃ, আত্ম অধি-কার সমর্থন না করায়, অভ্যের অভাাচার ডাকিয়া আনা হয়, এইরূপে অন্তের স্বার্থপরতা পোষণ করা হয়; দ্বিতীয়তঃ যথাযথরূপে আত্মশক্তির প্রতি বিশ্বাস না থাকার, অনারাদলভা ইষ্ট সকলও লাভ করা যার না। দেশামুরাগের সম্বন্ধেও এইরপ। অতিরিক্ত হুইলে, অন্ত জাতির প্রতি অত্যাচার এবং অ্যার জাতীয় অহলার উৎপন্ন হয়। আবার তাহার নানতা হটলে, জ্বাতীয় অধিকার-স্কল সেরপ উপযুক্তরূপে সমর্থিত হয় না, স্কুতরাং অন্ত জ্বাতির অনধিকার-প্রবেশের প্রশ্রয় দেওয়া হয়. এবং জাতীয় শক্তি ও জাতীয় অনুষ্ঠানের প্রতি অতিরিক্ত অমর্য্যাদা করিলে উন্নতি উদ্যম নিরুৎসাহিত হয়।"

---0 ----

রুষীয় ভাষা ও সাহিত্য।

ক্ষীয় ভাষা সুেবনিক ভাষার একটি শাখা মাত্র। আনাদের সংস্কৃতির স্থায় প্রাচীন সুেবনিক, ক্ষীয়ার পৌরোহিতিক ভাষা। গির্জ্জায় ক্ষীরোপাসনাদি এই প্রাচীন ভাষায় সম্পাদিত হয়। ইহা কথিত ভাষা নহে।

প্রচলিত ক্ষমীর ভাষা তিনটি উপভাষার বিভক্ত—মহা, ক্ষুদ্র ও শুল্ল ক্ষমীর । মহা-ক্ষমীর ভাষা রাজকার্যো বাবহৃত হর ও ক্ষমীরার উৎক্ষপ্ত সাহিত্য এই ভাষার লিখিত। ইহাতে তিনটি লিঙ্গ ও সাতটি কারক আছে। এবং সমস্ত বিশেষ্য ও বিশেষণ বিভক্তিযুক্ত। ইহার অক্ষর সিলিরিয়ান। নবম শতান্ধিতে সেণ্ট সিরিল এই অক্ষর সৃষ্টি করেন বলিরা ইহার নাম সিরীলিয়ান হইয়াছে। ক্ষমীর বর্ণমালার বেরূপ অনেক প্রকার শন্ধ আছে, এই সকল শন্ধ প্রকাশের উপযোগী করিয়াই এই অক্ষর-প্রণালী রচিত হইয়াছে। লাটিন অক্ষরে সে-সকল শন্ধ প্রকাশ করিতে গেলে কিন্তুত-কিমাকার হইয়া পড়ে:

ক্ষীয়-সাহিত্য-ইতিহাস চুইটি ভাগে বিভক্ত করা যাইতে পারে—

- ১। প্রাচীনতম কাল হটতে মহান্তুভব পিটরের রাজত্ব কাল পর্যাক্ত।
 - ২। পিটরের রাজত্ব কাল হইতে ইদানিস্তন কাল পর্যাস্ত।

সকল সুেবনিক জাতির স্থায়, রুষীয় সাহিত্য-ভাগুর জাতীয় গীতিহেছে পরিপূর্ণ। অনেক প্রাচীন কাল হইতে এই সকল গান চলিয়া আসিতেছে। যথন রুষীয়দিগের উপর ফ্রাসী সাহিত্যের অপরিসীম আধিপত্য ছিল, তখন এই সকল জাতীয় গীতি অনাদরে পড়িয়া ছিল। ২০৷২২ বৎসর হইতে এই সকল জাতীয় গান, রুষীয় পুরারত্ত্বিৎ পঞ্চিত্রণ যড়ের সহিত সংগ্রহ করিতে আরম্ভ করিয়াছেন।

এট সকল গাথার নাম বিলিনি (Bilini) ইহাতে রুষীয় বীরপুরুষ-দিগের বলবিক্রম কীর্ত্তিত হইয়াছে। ইহাদিগের মধ্যে একজন প্রথ্যাত ক্লমক-বীর-মিকুলা দেলিয়া'ননবিচ। ইনি রুষীয় দেশের ভীম। ইঁহার শারীরিক বল অপরিদাম। দেবতারাও এই বীরের লাক্ষল উজোলন ক্রিতে পারেন না। কেবল তিনিই একটি কর-স্পর্ণে পৃথিবী হইতে তাহা উত্তোলন করিয়া স্থূদুর আকাশে উৎক্ষিপ্ত করিতে পারেন। আর এক বীর যাঁহার গৌরব-কীর্ত্তনে গাথা-সকল পরিপূর্ণ, তাঁহার নাম ইলিয়া মুরোমেটদ। একদা স্থিয়াটগর নামক আর এক বীরপুরুষের পিতার সহিত তিনি সাক্ষাৎ করিতে গিয়াছিলেন। স্বিয়াটগরের পিতা অন্ধ। ইলিয়ার বাহুতে প্রকৃত বার পুরুষের বল আছে কি না প্রীক্ষা করিবার মানসে তিনি ইলিয়ার হস্ত স্পর্শ করিতে চাহিলেন। ইলিয়া এক খণ্ড লৌহ বিলক্ষণ তথ্য করিয়া বৃদ্ধ অন্ধ বীরকে দিল। বৃদ্ধ সেই লৌহ-খণ্ডকে এরূপ সবলে টিপিয়া ধরিলেন যে তাহা হইতে অগ্নিক্ষলিক্ষ নির্গত হইয়া চারি দিকে ছুটিতে লাগিল এবং তিনি বলিয়া উঠিলেন "তোর হাত শক্ত ও তোর রক্ত গ্রম বটে, তুই বাস্তবিক একজ্বন বীরপুরুষ।" এইথানে, ভীম ধুওরাষ্ট্রের আলিঙ্গন আমাদের মনে পড়ে।

এই সকল জাতীয় গীতির রচনা অতি প্রাচীনকাল হইতে আরম্ভ হইয়াছে, এখনও তাহার শেষ হয় নাই। একটি গাথাতে নেপোলি-য়ানের নিক্ষণ রুষীয় যুদ্ধযাত্রা বর্ণিত হইয়াছে। কিন্তু এক্ষণে এই সকল কবির সংখ্যা ক্রমশঃই হ্রাস হইতেছে।

মহাত্মভব পিটরের সংকারের সংক্ষ সংক্ষ ক্ষীয় সাহিত্য-ইতিহাসে একোরে একটি নৃতন যুগ উপস্থিত হয়। সেই অবধি ক্ষীয় সাহিত্য পাশ্চাত্য প্রভাবের অনীন হইল। লমনস্ব নামক একজন দরিজ্ঞ মৎস্তজীবীর পুত্র, এই নৃতন যুগের নেতা। ক্ষীয়ার অনেকগুলি ক্ষমক-গ্রন্থকার উদর হইয়াছেন। ক্ষীয় সাহিত্যে এই একটি বড় চমৎকার

ব্যাপার দেখিতে পাওয়া যায়। লমনসব বে সামান্ত গ্রামে বাস করিতেন. দেখানকার সমস্ত সাহিত্য-পুস্তক অধায়ন করিয়। তিনি রাজ্বানী মদকৌ অভিমুখে যাতা করিতে কুত্রকল হটলেন। তিনি একটি মংশ্র-বোঝাই করা গাড়ীতে উঠিয়া মনুকৌ নগবে উপনীত হইলেন, এবং দেখানকার একটি বিন্যালয়ে প্রবেশ করিলেন। পরে উহোর আগায়ন শেষ করিবার জ্ঞার বাজ-সরকারের বারে তিনি জাম্মানি দেশে গমন করেন ৷ মারবুর্গ নগরে কিছকলে থাকিয়া তিনি ঋণগ্রস্ত হটলেন, পরে রুষীয়ায় ফিরিয়া যাই বার সন্ধল্ল করিলেন। পথিমধ্যে একটি অভুত ঘটনা উপস্থিত হুইল। ক্ষীষা দেশের দৈল্পংগ্রহকারী একজন কর্মচারীর সহিত সাক্ষাৎ হইল। তিনি ক্ষীয় ছাত্রের প্রকাণ্ড বলবান শরীর দেখিয়া আহলাদিত ইইলেন। তিনি লমন্যবকে তাঁহার সহিত একত্র মদ্যপান করিতে অনুরোধ করি-লেন, ভবিষ্য কবি প্রচুর মদাপানে বিহ্বল হট্যা পড়িলেন। পরে যথন চেতন। হইল তথন দেখিলেন যে তিনে প্রদীয় দৈনিকের পরিজ্ঞদ ধারণ করিয়া আছেন। তাহার পর ক্ষীয় রাজদুতের মণ্যবর্তিতার তিনি এই বিপদ হটতে অব্যাহতি পাইলেন। লগন্সৰ একজন অক্লান্ত সাহিত্য-वानमधी। जिनि विविध निष्य (लथन) मक्षालन क्रियाइन :-- अवस. নটিক, মহাক্রো, গীতিকারা এবং অন্তান্ত অনেক বিষয়ও লিথিয়াছেন। সর্বাপেক্ষা তিনি প্রাক্তিক বিজ্ঞানে সকল প্রয়ত্ব হইয়াছিলেন। কোন দেশের সাহিত্য যথন শৈশবাবস্থায় থাকে, তথন এইরূপ লোক প্রায়ই আবিভুতি হয়। তিনি পিটারের প্রাত্মগামী হটয়া, স্বদেশীয়দিগের মধ্যে; পাশ্চাতা যুরোপের বিদাহিশীলন প্রাথম প্রার্ত্তন করেন। তিনি রুষায় ভাষার বিশেষ উন্নতিসান ক রংগছিলেন—তিনি একটি ব্যাকরণ রচনা করিয়া রুষীয় ভাষাকে নিয়ম-বন্ধ করিয়া গিয়াছেন। উংহার অদেশীয়েরা উাহাকে যে পরিমাণে প্রশংবা করে, সে পরিমাণে কিন্তু উ,হার রচনঃ পাঠ করে না 1

দিতীয় কাথেরিণের রাজ্যকালে একদল রাজ্যভা-কবির প্রাত্তাব হয়। রাজ্ঞীও তাঁহার পার্যচরদের উদ্দেশেই তাহাদের রচনাবলী, প্রায় লিখিত হইত। তথন ক্ষিয়াতে সাধারণ প্রঠকশ্রেণী আলে ছিল না। কেবল ক্ষকদিগের ক্টীরে স্থণীর্ঘ শীতকালের রাত্রে পর্য্যটক ভাটেরা তাহাদিগের চিরাগত গাথা-সকল গান করিত। তৎকালের ফরাসীভ্ত রাজ্ম সভাসদেরা, এই সব গীতিরচনাকে অসভ্যদিগের প্রলাপ বলিয়া ভূচ্ছ-তাচ্ছিল্য করিতেন। এত দিনের পর একশে এই-সকল গীতি-উচ্ছানের উপর লোকের দৃষ্টি পড়িয়াছে, এখন যত্নের সহিত্ত ঐ সকল গান সংগৃহীত হইতেছে।

Derzhavin কাথেরিণ যুগের প্রধান রাজসভা-কবি ছিলেন।
তাঁহার উপর ক্ষীয়দিগের খুব ভক্তি। কোন যুদ্ধে জন্মলাভ হইলেই
তিনি সেই বিষয়ে একটি কবিতা লিখিতেন। তাঁরার রচনার খুব ভেজ্ব ও
ক্রম্বিতা আছে; এবং গ্রীক ভাষার ন্থায় ক্ষমায় ভাষার যে একটি স্বাভাবিক বল ও নমনীয়তা আছে, তিনি তাহা আরও পরিপৃষ্ট করিয়া ভূলেন।
তিনি তাঁহার রাজ্ঞীর Filiza এই নাম দিয়া তাঁহার যেরূপ অশেষ গুণ
বর্ণনা করিয়াছেন, তাহা পাঠ করিয়া ক্লাস্ত হইতে হয়। ইহা কিন্তু
স্বীকার করিতে হইবে, স্ত্রীলোক কাথেরিণের ষতই দোষ থাকুক না
কেন—রাজ্ঞী কাথেরিণ ক্ষীয়া দেশের জন্ম অনেক করিয়াছেন।

ফরাসিদ্ বিপ্লবের পর হইতে, যেমন যুরোপের অস্থান্থ প্রদেশে, তেমনি রুষীয়াতেও একটি নৃতন যুগ উপস্থিত হয়। সেই সময়ে রাজ্যশাসনের প্রাচীন প্রপালী-সকল যেরপ ভালিয়া ঘাইতে লাগিল, সেই
সঙ্গে লোকের পুরাতন চিস্তা-প্রণালীতেও ভাঙন ধ্রিল। সাহিত্যের যে
একটা বীধাবাধি পুরাতন ভাব ছিল—যাহাকে ইংরাজিতে classicism
বলে, তাহা অনেকটা চলিয়া গেল—যুরোপীয় সাহিত্য নব-জীবন লাভ
করিল। এই নব-সাহিত্যের নেতা ইংলগুও ও জর্মাণি; কিছুকাল পরে

ফ্রাব্দ ও যোগ দিলেন। এই নৃতন প্রভাব ক্ষীয়া পর্যান্ত বিস্তৃত হুইল। প্রথম-আলেক্জাণ্ডারের রাজত্বকালে ক্ষীয়ার নূতন সাহিত্য-যুগের আরম্ভ হয়। Zhukovski এই যুগের প্রধান কবি। যদিও কবি অপেকা তাঁহাকে উত্তম অমুবাদক বলা যাইতে পারে। তিনি শিল্প. গজে---মুর ও বায়রণ প্রভৃতি কবির রচনা-সমূহের উৎক্রপ্ত অমুবাদ প্রকাশ করিয়াছেন। স্বকপোল-কল্পিত রচনা অপেক্ষা এইরূপ অমুবাদ করিয়া তিনি মাতৃভাষাকে সমৃদ্ধিশালী করিয়াছেন। তাঁহার নিজেরও কিছু গীতিঃউচ্ছাস ছিল। রুষীয় যোদ্ধ-শিবিবে "কবি" নামক তিনি যে কৰিতা লিখিয়াছিলেন, তাহাতে জাতীয় হ্বদয় উত্তেজিত হটয়া উঠিয়া-ছিল-এবং সেই স্থতে রাজ্বাটীতে তাঁহার একটি ভাল কর্মের যোগাড হয়। জুকোবদকির পদ্য রচনায় কেমন-একটা বেশ সৌন্দর্য্য ও পারি-পাট্য আছে। এইখানে ইহা স্বীকার করিতে হয় যে, রুষীয় ভাষার অমুবাদ-শক্তি বিলক্ষণ আছে। এইরূপ অমুবাদের সাহায্যে অনেক দিন হইতে মুরোপের প্রখ্যাত লোকদিগের রচনাবলী রুষীয়দিগের নিকট পরিচিত হইয়াআছে। সেক্সপিয়র, বায়রণ —বকল, মিল, মেকলে প্রভৃতি ইংরাজি লেথকদিগের উৎক্লপ্ত অনুবাদ ক্ষাীয় ভাষায় আছে। গগল, টুরছেনিয়ের, পিসেমস্কি, গংখারব প্রভৃতি আজ্বকালের রুষীয় নবস্থাস-लেथरकता वालकाक ও আলেকজাগুর ভুমার আদর্শ গ্রহণ না করিয়া; **डिकनम, थाकारत ज्वर वर्ड्स जिल्हा** जिल्हा जामर्ल नरकाम तहना কবিষাছেন।

Zhukovski যেরপ রুষীয়ার অন্থবাদকদিগের মধ্যে শ্রেষ্ঠ, Alexander Pushkin দেইরপ রুষীয়ার সর্বোৎকৃষ্ট কবি। তাঁহার প্রথন রচনা "রুমলান ও লিউছেমিলা"; ইহা একটি প্রাচীনকালের গর, ইহাতে বায়রপের প্রভাব স্পষ্ট লক্ষিত হয়, কিন্তু তিনি বায়রপের "বথা দৃষ্টং তথা লিখিতং" অসুকারক নহেন। তাঁহার "ককেসনের বন্দী"

নামক কবিতাতে তিনি সে প্রদেশের রমণীয় আরণা দৃশ্যের জলস্ক বর্ণনা করিয়াছেন; তাঁহার "জিপ্সি" নামক কবিতাটি জলস্ক প্রেম ও প্রতিশোধের গল্প। ক্ষমীয়দিগের মধ্যে জনেকে, তাঁহার Evgenii Omegin নামক কবিতাটিকে তাঁহার সর্ব্বোৎকৃষ্ট রচনা বলিয়া মনে করে। ইহা একটি প্রেমের গল্প খুব জোর-কলমে লেখা, এ কালের লোকের চরিত্র-চিত্রে পরিপূর্ণ, মধ্যে মধ্যে প্লেম ও করুণ রস আছে। "বিসি গড়লব" কর্ত্বক রচিত একটি নাটক সেক্সপিয়রের আদর্শে লিখিত। তাঁহার পূর্বের ক্ষমীয় ভাষায় যত নাটক লেখা হইত, সমস্কই করাসি আদর্শে। এই নাটকখানিতে বিলক্ষণ নিপূর্ণতা ও নাট্য-রচনা-শক্তি প্রদর্শিত হইয়াছে। পুক্ষনের দৃষ্টাস্ত অনুসরণ করিয়া তাঁহার পরবর্ত্তা লেখকেরা ইংরাজি আদর্শে এইরূপ অনুসরণ করিয়া তাঁহার পরবর্ত্তা লেখকেরা ইংরাজি আদর্শে এইরূপ অনেকগুলি উৎকৃষ্টি ঐতিহাসিক নাটক রচনা করিয়াছেন। এক্ষণে ক্ষমীয় সাহিত্য-ভাগুরে নিজস্ব জাতীয় নাটক অনেকগুলি স্থিত ইইয়াছে।

র্ষীয়াতে একদল নৈতিক গল্প-লেখক কবি প্রাহ্রুত ইইয়ছেন—
উহাদের মধ্যে প্রধান ইবানক্রীলব। তাঁহার রচনাস্তর্ত কতকগুলি
ক্ষুদ্র ক্ষুদ্র বচন রুষীয়দিগের মধ্যে চলিত কথা ইইয়াপড়িয়াছে। যেমন
ফরাসিদের মধ্যে লাফণ্টেন্ ও ইংরাজদের মধ্যে বট্লরের ছডিআস—
তেমনি রুষীয়দিগের মধ্যে তাহার রচনাবলী। তাঁহার লিখিত চরিত্র চিত্র
সম্পূর্ণরূপে জাতীয়। আর একজন উৎক্কট্ট কবির নাম কল্টজব। জাতি
সাধারণের কণ্ঠস্বর পূর্বের কেবল ভাটদিগের গাথাতেই শোনা বাইত,
ত্রেফণে তাহার কণ্ঠেও গুনা গেল। ইনি একজন উৎকৃষ্ট কবি। তাঁহার
আধিকাংশ রচনা অমিত্রাক্ষর পদো লিখিত। যেমন জ্বান্মাণ ভাষায় কথার
রোকগুলি এত তীক্ষ্ণ ও স্কুম্প্রট যে পদ্যে মিল না বাকিলেও স্কুল্লাব্য হয়
সেইরূপ তাহার রচনা সম্বন্ধেও বলা বাইতে পারে। দেশীয় চলিত গীতসমূহ হুইতেই তাহার কবিত্ব ক্ষিত কুটিয়া উঠে। Burns যেমন ক্ষেণ্দ্রগের

মধ্যে, তিনিও তেমনি ক্নধীয়দিগের মধ্যে প্রকৃত জাতীয় কবি। আর এক জন প্রসিদ্ধ ক্ষবীয় কবির নাম নেক্রাসব। তিনি ক্ষবীয় ক্রমকগণের ছ্রবস্থা সম্বন্ধে ছয়থানি কবিতা-গ্রন্থ লিথিয়াছেন। তাঁহার কবিতাগুলি অনেকটা বস্তুগত—ইংরাজি কবি ক্র্যাবের ভাব তাহাতে দৃষ্ট হয়।

ক্ষমীর দিণের মধ্যে অনেকগুলি প্রথাত উপস্থাসলেথক আছেন,
তন্মধ্যে ইবান তুর্ঘেনিব সর্বাপেক্ষা বিখ্যাত। সমস্ত যুরোপমর তাঁহার
খ্যাতি বিস্তৃত। রুষীয়দিগের মধ্যে, বাস্তব-জীবনের অনুকরণে লিখিত
ইংরাক্সি নবেলই উপস্থাস-রচনার প্রচলিত আদর্শ। এই সাহিত্য-বিভাগে
ফরাসি প্রভাব অদৌ লক্ষিত হয় না। Zogoskin এবং Lashechinikov
এই হুইজন ঐতিহাসিক উপস্থাস-লেখক। তাঁহাদের রচনায় সয়্
গুরালটার স্কটের প্রতিধ্বনি শুনিতে পাওয়া যায়। কিন্তু ইদানিস্তন
Count Tolstoi-এর রচনাবলী ছাড়িয়া দিলে, রুষীয়ায় এই প্রকার
ঐতিহাসিক উপস্থাসের চাষ উঠিয়া গিয়াছে বলিলেও হয়! ইংলণ্ডেও
আন্ধ্রকাল উপস্থাস-রচনার এই দশা হইয়াছে। গার্হস্থা-জীবনের উপস্থাসই এক্ষণে সকল উপস্থাসকে গ্রাস করিয়া ফেলিয়াছে। রুষীয়েরাও
এই প্রকার উপস্থাসের প্রতিই এক্ষণে সমধিক অনুরাগী।

-0-

(यचनाप्त्रथ कांग्र।

আমাদের সমালোচকগণ প্রায় সকলেই একবাকো স্বীকার করেন যে প্রীমাইকেল মধুস্থদন দত্ত-প্রণীত "মেঘনাদ বধ" একটি এপিক্ অর্থাৎ মহাকারা।

এক্ষণে দেখা যাউক, য়ুরোপীয় এপিক্ ও আমাদের মহাকাব্যের মধ্যে কোন প্রভেদ আছে কিনা, উহাদের মুখ্য তাৎপর্য্য একই কি না এবং "এপিক্ কাব্যের" স্থলে আমরা "মহাকাব্য" প্রয়োগ করিতে পারি কি না।

প্রশিদ্ধ ইংরাজি আলকারিক Hugh Blair বলেন:—"এপিক্
কবিতার প্রকৃতি সহজ্বভাবে এইরূপ বর্ণনা করা যাইতে পারে যে
কবিতার আকারে কোন প্রশিদ্ধ মহদমুষ্ঠানের আবৃত্তি করা।" তিনি
আর ও বলেন:—

"মন্বার পূর্ণতা সম্বন্ধে আমাদের কয়নার পরিসর বৃদ্ধিকরা, কিম্বা আর এক কথায়, আমাদিগের বিশ্বয় ও ভক্তিরদের উদ্রেক করাই এপিক্ কবিতার উদ্দেশ্র । বীরোচিত ক্রিয়াকলাপ এবং উন্নত চরিক্রের বর্ণনা ভিন্ন এই উদ্দেশ্র কথনই সাধিত হইতে পারে না। কারণ, মন্থুমা-মাত্রই উন্নত চরিত্রের ভক্ত ও পক্ষপাতী। এই সকল রচনায় বীরম্ব, সত্যানিষ্ঠা, ক্রায়, বিশ্বস্ততা, বন্ধুম, ধর্ম, ঈশ্বরভক্তি, উদারতা প্রভৃতি উন্নত ভাব-সকল অতি উজ্জল বর্ণে বর্ণিত হইয়া আমাদিগের মনশুক্র সন্মুখে আনীত হয় এবং এইয়পে সাধু লোকদিগের প্রতি আমাদিগের প্রীতি আফ্রন্ট হয়, তাঁহাদিগের সম্বন্ধে ও ভাহাদিগের হঃখ-হর্দশার আমাদিগের ওৎস্ক্র ও মমতা ক্রেম, আমাদিগের হাদের উদার জন-হিতকর ভাব-সকল জাগরিত হয়, ইক্রিয়কল্মিত হীন কার্ব্যের চিন্তা-সকল অপ্রারিত হইয়া আমাদিগের মন নির্ম্বল হয় এবং উন্নত ও বীরোচিত মহৎ অন্তর্গানে বোগ দিতে আমাদিগের হাদর অভ্যস্ত হয়।" বিশেষরূপে আলোচনা করিতে গেলে এপিক্ কাব্যকে তিন ভাগে বিভক্ত করিয়া দেখা বাইতে পারে—প্রথমতঃ, কাব্যগত বিষয় কিছা কার্য্য-সম্বন্ধে—ছিতীয়তঃ, কর্ত্তী কিছা পাত্রদিগের সম্বন্ধে, তৃতীয়তঃ, করির আখ্যান ও বর্ণনা সম্বন্ধে।

এপিক্ কবিতাগত কার্য্যের তিনটি লক্ষণ থাকা আবশুক। কার্যাট এক হইবে, মহান্ হইবে এবং উপাদের হইবে।" এইত গেল মুরোপীর এপিত্বের সার মর্ম্ম। এক্ষণে আমাদিগের আলঙ্কারিকগণ মহাকাব্যের কিরুপ লক্ষণ দিয়ীছেন, দেখা যাউক।

সাহিত্য-দর্পণে আছে:—কাণ্ডবিভক্ত কাব্যশান্ত বিশেষকে মহা-कांवा वर्ता। উशांत धकृषि नांत्रक, श्रा (मवला श्रेट्व, नत्र धीरतामान-গুণাম্বিত কোন সম্বংশ জ্বাত ক্ষত্ৰিয় হইবে ৷ সৎকুলোদ্ভৰ একৰংশজ্বাত কতকগুলি রাজাও উহার নায়ক হইতে পারে। শুঙ্গার, বীর ও শান্তি वाहे क्यां दित्त मार्था वाक्रि दम छेहात अली वादः अल दमश्रान উহার অঙ্গ হইবে। উহাতে সমস্ত নাটকীয় দক্ষিগুলি থাকিবে। वका अपि देखिहारमाञ्चय वा मञ्जना अप हरेरव। উहार् ममञ्ज हरू वर्ग-ফল কিম্বা কোন একটি ফল থাকিবে। উহার আদিতে নমস্কার व्यामीकी ए किया वस निर्फाम थाकित्व। कथन कथन थला पित्र निन्हा वान ও সাধুদিগের ওণকীর্ন্তনে উহার আরম্ভ হর। সমস্ত পদ্যে একটি ছন্দ थांकित्त, त्करत अरुगात अग्र इन्त रहेत्त । कथन कथन উहार् नाना ছ स्मामन नर्ग मुद्दे हत्। छैश नाञ्चित ए नाञ्चिमीर्ग हरेरत। উशाङ অষ্টাধিক সূর্গ থাকিবে। সূর্গাস্তে ভাবি সর্গের কথাস্থচনা থাকিবে। न्या, प्रा, हक, दबनी, धाराव, अक्रांत, ब्रजू, धारः, मधारू, मुनाता, रेमन, राम, मार्गत, मरकांग, विष्क्ष, मूनि, अर्ग नगत, यक, द्रश्यदान, विवार, बद्ध, शृज्यस्य हेलामि विवय वथारगरान्ध मारमाशाम- রূপে উহাতে বর্ণিত হইবে। কবির নামে, কিম্বা বৃত্তান্তের নামে, কিম্বা নায়কের নামে কাব্যের নাম হইবে। সর্গের মধ্যে যে কথা সর্বাপেক্ষা উপাদের, তাহারই নামে সর্গের নাম হইবে। মহাকাব্যের দৃষ্টাস্ত মথা, রঘুবংশ, শিশুপালবধ, নৈষধ ইত্যাদি। আর্ধ্য মহাকাব্যকে আখানবলে। যথা মহাভারত।"

উপরে যাহা উদ্ধৃত হইল, তাহাতে মহাকাব্যের প্রকৃত লক্ষণ কি, তাহার মার্দাগত তাৎপর্যা কি, তাহার প্রাণগত ভাব কি—সে বিষয়ের কোন কথা প্রাপ্ত হওয়া যায় না—উহাতে কেবল বাহ্য আকার ও .বাহ্য উপকরণের কথাই আছে।

এপিক কাবোর যে সকল লক্ষণ ইতিপূর্ব্বে বিবৃত হইয়াছে, তাহাতে দেখা যায়, এপিক কাব্যগত বিষয়টি এক হইবে, মহান হইবে এবং উপাদের হইবে। যদিও সাহিত্যদর্পণকার ঠিক এইরূপ কথার মহা-কাবোর লক্ষণ দেন নাই, তথাপি তাহার বিবৃত লক্ষণগুলি হইতে যুরোপীয় এপিকের সার মশ্বটি কোন প্রকারে উদ্ধার করা যাইতে তিনি নায়ক ও বুজাস্ত বিষয়ের যেরপে লক্ষণ নির্ণয় করিয়াছেন, তাহাতে মহৎ অমুষ্ঠান ও মহৎ চরিত্তের বিকাশ আপনা হইতেই স্থাচিত হইতেছে। তিনি যে বলিয়াছেন, মহাকাব্যে নাটকীয় সন্ধিগুলি থাক। চাই, উহাতে য়ুরোপীয় এপিকৃ কাব্যের কার্য্যগত একত্বও স্থৃচিত হইতেছে। তাহার পর, সাহিত্য-দর্পণে যে আছে: - সন্ধ্যা, চন্দ্র, সূর্যা, রণ-প্রমাণ প্রভৃতি বিষয় মহাকাব্যে বর্ণনীয়—তাহার তাৎপর্যা এই, একটি মহৎ ব্যাপারের বর্ণনা করিতে গেলে এবং সেই বর্ণনা উপাদের করিতে হইলে কাব্য মধ্যে বিচিত্র বিষয়ের অবতারণা করা আবশুক। উক্ত লক্ষণভালি এপিক কাব্যের লক্ষণের সহিত সাধারণতঃ একরূপ মিলাইয়া লভন্ন মাইতে পারেঃ কিন্তু সাহিত্যদর্পণ যে বলিয়াছেন, শুলাররসঙ अरोकातात क्यो हरेट भारत- कर कथांग्रिक क्ये लान करिया কারণ, শৃক্ষার রসের প্রাধান্ত থাকিলে এপিক্ কাব্যের মহান্ গান্তীর্যা রক্ষিত হইতে পারে কি না এবং উহাতে মহৎ ও উচ্চ ভাবের তেমন ক্ষুর্দ্তি পায় কি না, সে বিষয়ে সন্দেহ হয়। সে যাহাই হউক—এপিক্ কাব্য ও মহাকাব্যের মধ্যে ঐক্য থাকুক বা নাই থাকুক—ইহা নিঃশংসয়-রূপে বলা যাইতে পারে যে, শ্রীমাইকেল মধুস্থদন দন্ত য়ুরোপীয় এপিকের আদর্শেই তাঁহার মেঘনাদ্বধ কাব্য রচনা করিয়াছেন। অতএব য়ুরোপীয় এপিকের লক্ষণ অনুসারেই আমরা তাঁহার কাব্যের সমাধলাচনা করিব।

প্রথমতঃ দেখা যাউক মেঘনাদবণ কাব্যের কার্যাট এক কি না। আারিষ্টটল বলেন, কার্যোর একত্ব এপিক্ কবিভার পক্ষে নিভাস্ত প্রয়ো-জনীয়। কারণ, ইহা নিশ্চিত, যে উপন্তাদ এক ও অথও, বাহাতে ষ্ট্রাগুলি প্রস্পরের উপর প্রস্পর লম্ব্যান, এবং একটি উদ্দেশু সাধনেব জন্ম সকল ঘটনাই উন্মুখ—তাহাতে পাঠকের যতদুর মনোরঞ্জন হইতে পারে, তাঁহার হাদয় ষতদুর আরুষ্ট হইতে পারে, এরূপ, ইতস্ততোবিক্ষিপ্ত ও পরস্পর নিরপেক্ষ ঘটনার বর্ণনায় কখনই হইতে পারে না। আরি-ষ্টটল আরও বলিয়াছেন, এই একত্ব একজন মহুষোর কার্যাকলাপে বন্ধ शांकरमंड इंडेरव ना. किश कान निर्मिष्ठ कारमंत्र घटेना वर्गना कतिरलंडे যথেষ্ট হইবে না. কিছু রচনার বিষয়টির মধ্যেই একত্ব থাকা আবিশ্রক। বড় বড় এপিক কাব্য মাত্ৰেই কাৰ্য্যের একত্ব উপলব্ধি হয়। ইটালি দেশে ঈনিরদের বাস সংস্থাপন—এই বিষয়টি বর্জ্জিলের কাব্যগত বিষয়। ঐ কাব্যের আদ্যেপান্তে ঐ উদ্দেশুটি জাজল্যমান। অডিসির একছ এই একই প্রস্কৃতির। অর্থাৎ স্বদেশে যুলিসিসের প্রতাাগমন ও পুনর্বস্তিই উহার উদ্দেশ্র। এলিথিসের ক্রোব ও তত্ত্বত ফলাফল ইলিরছ কাব্যের বিষয়। অধুষ্টানদিগের নিকট হইতে ক্লেক্সালেম উদ্ধার করা ট্যানোর এবং স্বর্গ হইতে অদমের বহিষ্করণ মিণ্টনের রচনাগত বিষয়।

ঐ সকল কান্যেই উপস্থাসের একত্ব অক্ষ্পভাবে রক্ষিত হইরাছে।
কিন্তু।মেঘনাদবধ কাব্যে মেঘনাদের বধ-সাধন কিন্তা শক্তিশেলাহত
লক্ষণের পুনর্জীবন লাভ—উহার কোন্টি কাব্যগত বিষয় তাহা বুঝা নাও
যাইতে পারে। কারণ কবি, মেঘনাদের বধসাধন করিয়াই কাব্যের উপসংহার করেন নাই, তাহার পরেও লক্ষ্পণের শক্তিশেলের ঘটনা আনিয়া
এবং রামকে নরক পরিভ্রমণ করাইয়া অনেকটা নির্থক বাড়াইয়াছেন।
আ্যারিষ্টটলের নিয়্মামুসারে ইহাতে কাব্যগত একত্বের বিলক্ষণ ব্যাঘাত
হইয়াছে বলিতে হইবে।

দিতীয়তঃ দেখা যাউক, মেঘনাদবধ কাব্যের বর্ণিত কার্যাটি বুহৎ ও মহৎ कि ना। कार्या**টि** वृह्द ও মহৎ हुईल (मुट्टे माई कार्यात কর্ত্তাকে অর্থাৎ নায়ককেও মহাশক্তিসম্পন্ন মহাপুরুষ বলিয়া অনুমান করা যায়। যদিও সমস্ত রামায়ণের মধ্যে সীতা উদ্ধারই সর্ব্বাপেকা মুখ্য ও বৃহৎ অমুষ্ঠান, তথাপি মেঘনাদের বধসাধনরূপ কার্য্যকে কবিবর মধুস্থদন তাঁহার নিজ কান্যে প্রাধান্ত দেওয়ায় বিশেষ যে ক্ষতি হইয়াছে তাহা বলা যায় না। বেহেতু সীতা উদ্ধারের পক্ষে মেঘনাদবধ এकि शक्रेष्ठ ७ श्रांन डेशांत , त्य त्यवनात्मत श्रांत हेस. हस. বায়ু সর্বদাই সশঙ্ক, তাহাকে বধ না করিতে পারিলে সীতা উদ্ধার করা প্রায় অসম্ভব হইত। কিন্তু কবি, লক্ষণ কিম্বা রামকে নায়ক না কবিয়া বাবণ ও ইন্দ্রজিৎকে নায়ক রূপে নির্ব্বাচন করায় তাঁহার কাবা-গত মহত্ত ও গৌরবের বিশেষ হানি হইয়াছে সন্দেহ নাই। রাবণ কিমা ইন্দ্রজিৎ পাশব বীরত্বেরই আদর্শহল কিন্তু যে বীরত্বের সহিত ক্ষমা দয়া ভাষ বাৎসন্য ভক্তি মিশ্রিত, সেঁই বীরত্বগুণে ভূবিত উন্নত চরিত্র মহাপুরুষই মহাকাব্যের উপযুক্ত নায়ক হইতে পারেন। মেমনাদ-বধ কাব্যের নায়ক যে কে তাহা আমরা কাব্যের নাম মাত্র পাঠেই অবগত হইতে পারি না। কারণ কাব্যখানির নাম মেঘনাদ্বধ, উহাতে

মেঘনাদকেই নায়ক বুঝাইতে পারে এবং মেঘনাদ-ৰধের কর্ত্তা শক্ষণকেও নায়ক বলিয়া মনে হইতে পারে। তবে, আসল নায়ক ধরা পড়ে কোথায় ?--না, যেখানে কবি লক্ষ্মণ ও মেঘনাদকে একত্র আনিয়া-ছেন। লক্ষণকে তম্বর ও সর্পের স্থায় অলক্ষিত ভাবে যক্ষাগারে প্রবেশ করাইয়া কাপুরুষের স্থায় অস্থায় যুদ্ধে নিরন্ধ অথচ বীরদর্পে দর্পিত মেঘনাদকে বধ করাইয়া লক্ষণের চরিত্র যারপর নাই হীন বর্ণে রঞ্জিত করিয়াছেন এবং মেঘনাদকে উদারতা ও বীরত্ব গুণে ভূষিত করিয়া নার্ক স্থানীয় করিয়া তুলিয়াছেন। মেঘনাদের পরাব্ধয়েও জয় হইয়াছে এবং লক্ষণের **ক্ষ**য়েও বাস্তবিক পরা**জ**য় হইয়াছে। পারেন, এ বিষয়ে কবির সম্পূর্ণ স্বাধীনতা থাকা উচিত—তিনি যাহাকে ইচ্ছা তাঁহার কাব্যের নায়ক করিতে পারেন, এবং তাঁহার পাত্রদিগকে যেরপ করিয়া ইচ্চা আঁকিতে পারেন। এ বিষয়ে Blair যাহা বলিয়া-ছেন তাহা অতি যথার্থ কথা। তিনি বলেন, সকল পাত্রকেই যে সৎ চরিত্র করিতে হইবে এরপ কোন কথা নাই—স্থল বিশেষে অসম্পূর্ণ চরিত্র-এমন কি পাপিষ্ঠ, চরিত্রেরও অবতারণা করা যাইতে পারে কিন্তু কাব্যের যাহারা কেন্দ্রন্থল, সেই নায়কদিগের চরিত্র পাঠ করিয়া যাহাতে পাঠকের মনে দ্বণা ও অবজ্ঞার উদ্রেক না হইয়া প্রত্যুত বিশ্বর প্রীতি ও ভক্তি-রসের উদয় হয়, এরূপ ভাবে রচনা করা কবির নিতাস্ত কর্তবা। विरम्बजः माहेरकम मधुरुमरनद्र शत्क এ দোষটি निजास स्मार्कनीय। আপনার ছাগকে কেহ মুণ্ডের দিক দিয়াই কাটুক কিম্বা লেজের দিক দিয়াই কাটুক, সে বিষয়ে কাহারও আপত্তি না হইলেও হইতে পারে কিন্তু যাহা করিছী একমাত্র নিজের ধন নহে, বাহা সমস্ত ভারতবর্ষের সম্পত্তি, তাহা লইয়া এরপ লওভও করিলে চলিবে কেন ? মূলগ্রন্থে বে সকল চরিত্র উন্নত বর্ণে চিত্রিত হইয়াছে, তাহাদিগকে কবি আরও উন্নত করিয়া চিত্রিত করুন তাহাতে তাঁহার সম্পূর্ণ স্বাধীনতা আছে, কিন্তু

সেই মূল প্রছের বর্ণিত উন্নত-চরিত্রদিগকে হীন করিরা আঁকিবার তাঁহার কি অধিকার আছে ? বিশেষতঃ বাঁহারা প্রত্যেক ভারতবাসীর, হ্বদয়ের সামগ্রী—চির আরাধ্য দেবতা—সেই রাম লক্ষণকে এরপ হীনবর্ণে চিত্রিত করা কি সহ্বদয় জাতীয় কবির উচিত ? রাম লক্ষণ থাকিতে মেঘনাদকে কিছুতেই নায়ক করা যাইতে পারে না—মহাকাবোর উপয়ুক্ত অত বড় মহান্ চরিত্র রামায়ণে কেন, মহাভারত ছাড়া পৃথিবীর আর কোন কাব্যে পাওয়া যায় কি না সন্দেহ। তাঁহাদিগকে ছাঁটয়া রাবণ কিছা মেঘনাদকে নায়ক করিবার-ত কোন অর্থই পাওয়া যায় না ।

সাধারণতঃ, চরিত্রচিত্রে কবিবর মধুস্থদনের ক্ষমতা প্রকাশ পায় নাই। মেধনাদবধ কাব্যের নায়ক মেঘনাদকে আমরা অতি অল্লই দেখিতে পাই, যাহা কিছু তাঁহার চরিত্র স্কৃতি পাইয়াছে সে সেই যজ্ঞাগারের দৃষ্টে। তাঁহার পাত্রদিগের চরিত্রে স্কল্ম প্রভেদ সকল উপলদ্ধি হয় না। রাবণ্ড বীর—মেঘনাদ্র বীর—রাবণর বিলাসী মেঘনাদ্র বিলাসী ৷ প্রভেদের মধ্যে একজন পিতা আর একজন পুত্র। যেমন একজাতীয় হইলেও প্রত্যেক লোকের মুখন্রী বিভিন্ন-সেইরূপ সাধারণতঃ এক প্রকৃষ্ঠির হইলেও প্রত্যেক লোকের চরিত্রে ফুক্স তারতমা ও বৈষম্য লক্ষিত হয় ৷ এই বৈষম্যগুণ পরিক্টরূপে চিত্র করিতে পারিলে কবির বিশেষ প্রতিভা প্রকাশ পার। এ বিষয়ে ব্যাদ অঘিতীয়। মুরোপীয় কবিদিগের মধ্যে এই অংশে হোমর সর্বাপেক্ষা ক্ষমতা প্রকাশ করিয়াছেন, তাঁহার নীচে মেঘনদি-বধ কাব্যে যতগুলি পুরুষ-চরিত্র আছে, তন্মধ্যে রাবণের চরিত্রই সর্বাপেক্ষা প্রস্ফৃটিত ও আত্মসঙ্গত হইয়াছে। কিন্তু মূল बामाबर्ग राक्त्र वावरणत क्र्वर श्रीत श्रीत छात छेललकि इत, रमचनाम-वध काद्या त्मक्र किहूरे भाषत्रा यात्र ना । भून तामात्रेत्व छारात्र विनाम আছে বটে কিছু তাঁহার শোক ও রোষের ভাব এমন নিপুণরূপে মিশ্রিত করিরা দেওরা হইয়াছে বে, তাহাতে তাঁহার চরিত্রগত ভীবণ গান্ধীর্যোর

কিছুমাত্র হানি হয় নাই। মৃল রামায়ণে রাবণের বিলাপ বর্ণনা করিতে করিতে একস্থলে আছে যে, রাবণের নেত্র হইতে কিরূপ অ্রুপ পতিত হইতেছিল ?—না, যেমন জ্বলস্ত দীপশিখা হইতে তপ্ত তৈল বিন্দু বিন্দু খিলিত হয়। এই একটি উপমা-ছারা রাবণের রোষ দীপ্ত শোক কেমন জ্বলস্তরূপে বর্ণিত হইরাছে এবং তাঁহার চরিত্র কেমন স্থন্দররূপে চিত্রিত হইরাছে।

সমস্তে বাধা বিদ্ন বিপদকে তুচ্ছ করিয়া দানব-বালা প্রমীলা বে সময়ে পতি দর্শনে যাত্রা করিতেছেন সে দৃশুটী অতি চমৎকার—তাহা পাঠকের মনকে বীরভাবে উত্তেজিত করিয়া তোলে। সমস্ত মেঘনাদ-বধ কাব্যে প্রমীলার চরিত্র বেশ নিপুণক্ষপে চিত্রিত হইয়াছে। দেব-দেবীগণের চরিত্র বর্ণনা করিতে গিয়া মেঘনাদ-বধ কাব্যে অনেক সময় দেবোচিত গাস্ত্রীয়্ রক্ষিত হয় নাই। অতএব দেখা যাইতেছে, মেঘনাদ-বধ কাব্যের কার্যাটি মহান্ হইলেও, তৎসম্পর্কীয় পাত্রদিগের চরিত্রের মহন্ত্র তেমন স্থানরক্ষপে বিকশিত হয় নাই। ঐ রহৎ কার্যাটি সাধন করিবার জন্ত যে সকল সরঞ্জামের আবশুক, তাহা খুব জন্কালো হইয়াছে দন্দেহ নাই। স্থর্গ মর্জ্রা পাতাল হইতে তাহার বিস্তৃত আয়োজন অতাস্ত ঘটা করিয়া আহরণ করা হইয়াছে। বলিতে কি, মেঘনাদ-বধ কাব্যে সরঞ্জাম ও কৌশলের অভাব নাই। কিন্তু আসল কথা, চরিত্রের মহন্ত্র কিন্তু নাহা মহাকাব্যের প্রাণ তাহা মেঘনাদবধ কাব্যে কোথায় ?

অবশেষে দেখা বাক্—মেঘনাদবধ কাব্য আখ্যান ও বর্ণনা-অংশে উপাদের হইরাছে কি না। কাব্যগত কার্যাট বৃহৎ ও মহৎ হইলেই যে উপাদের হইবে এক্প কোন কথা নাই; কারণ, কেবল মাত্র সাহসের কার্যাঞ্জলি, বভই কেন বীরোচিত হউক না—নীরস ও বিরক্তিজনক হইতে পারে। কিছু কবিবর মাইকেল মধুস্থদন তাঁহার কাব্য মধ্যে বিচিত্র বিষয়ের অবভারণা করিয়া, দেবদেবী প্রভৃতি অলৌকিক সর্প্রাম

আনয়ন করিয়া, ছই একটি স্থন্দর প্রকরী (Episode) প্রবর্ত্তিত করিয়া এবং বাহাকে এপিক কবিতার পাকচক্র বলে (Intrigue) সেই নায়কদিগের বাধা বিদ্ধ সকল যথোপযুক্তরূপে কাব্য-মধ্যে বিস্থাস করিয়া তাঁহার কাব্যটিকে একরূপ বেশ উপাদের করিয়া তুলিয়াছেন।

এপিক কাবাগত আখ্যান-বিক্তাদের ছই প্রকার পদ্ধতি আছে। কবি আপনার মুখেই সমস্ত উপন্তাসটি বর্ণনা করুন কিম্বা তাঁহার কাবা-গত বিষয়ের পূর্বে ঘটনাগুলি ভাঁহার পাত্রদিগের মুখেই বর্ণনা করুন তাহাতে বিশেষ ক্ষতি বৃদ্ধি নাই। কবিবর হোমর তাহার ইলিযাডে প্রথমোক্ত প্রথাটি ও তাঁহার অডিসিতে দ্বিতীয়োক্ত প্রথাটি অবলম্বন করিয়াছেন। মাইকেল মধুস্দনও .তাহার কাব্যগত মূল বিষয়ের পূর্ব -বর্ত্তী আমুসঙ্গিক ঘটনাগুলি সীতা ও সরমার কথোপকথনে ব্যক্ত করিয়া স্থকৌশলের পরিচয় দিয়াছেন সন্দেহ নাই। যদিও মাইকেল মধুস্থদন চরিত্র-চিত্রে বিশেষ ক্ষমতা প্রদর্শন করেন নাই, কিন্তু বাছদুখণ্ডলি এক-রূপ মন্দ চিত্রিত করেন নাই; তাঁহার অনেকগুলি ছবি বেশ সঞ্জীব ও ব্দলম্ভ। আমার বোধ হয় প্রাকৃতিক দুখ্য অপেকা তিনি লৌকিক পুঞাগুলি চিত্রিত করিতে অধিক সফল হইয়াছেন। তাঁহার চিত্র-কর্ম্মের প্রণালী এই যে তিনি প্রত্যেক খুঁটি নাটি ধরিয়া চিত্র করেন—ছুই একটি পোঁচ দিয়া চিত্রটিকে ফুটাইয়া তুলিতে পারেন নাঃ তাঁহার রাবণের সভা বর্ণনা, যুদ্ধক্ষেত্র বর্ণনা, লঙ্কাপুরী বর্ণনা, রণ-প্রয়াণের বর্ণনা পাঠ করি-লেই ইহা উপলব্ধি হইবে। তাঁহার ভাষায় এপিক-কবিতা-স্থলভ তেজ-স্বিতা ও বেগবন্তা আছে সন্দেহ নাই; কিন্তু তাঁহার পাত্রদিগের কথা-বার্স্তার স্থাভাবিক উচ্ছাস নাই—অক্কত্রিম আবেগ নাই—কেমন সকলেই অভিনয় করিতেছে বলিয়া বোধ হয় ৷ উত্তর প্রভাতরগুল বেশ কটোকাটা, দালানো-গোছানো, কিন্তু তাহাতে দ্বদয়ের অভাব উপলব্ধি হয়। উহাতে প্রেমের স্বাভাবিক উচ্ছাদের স্থলে নাগরিক

রসিকতা, প্রকৃত শোকের স্থলে আড়ম্বরময় বিলাপ. এবং প্রকৃত বীরত্বের স্থলে বীরত্বের আক্ষালনই অধিক প্রকাশ পায়। প্রকৃতির বর্ণনায় আমাদের কবি অধিকাংশ স্থলে পুরাতন কবিদিগেরই অনুসরণ করিয়া-ছেন-নুতনভাব অতি অল্লই আছে। সেই কোকিল সেই ভ্ৰমর, সেই পদ্মিনী চকোর। ভাঁহার উপমাগুলি অনেক সময় ক্রত্রিম বলিয়া বোধ হয়; অনেক সময়ে মনে হয় উপমা দিবার জ্ঞাই উপমা দেওয়া হই-রাছে। অনেক সময়ে তিনি অযথান্তলে "যথা" প্রয়োগ করিয়া রস ভঙ্গ করেন। সাধারণতঃ বলিতে গেলে, অলঙ্কারের আড্মরে তাঁহার কবি-তায় সরল সৌন্দর্য্যের স্ফুর্ত্তি পায় না। যে সর্গে সরমার নিকট সীতা, তাহার পূর্বকাহিনী বলিতেছেন—সেই সর্গটি অতি চমৎকার; উহার অনেক অংশে স্বাভাবিক কবিত্বের স্কৃর্ত্তি আছে। স্থানে স্থানে তাঁহার রচনায় কুরুচি প্রকাশ পায়। তাঁহার নরক-বর্ণনা অস্তান্ত বিভৎস-জ্বনক। যদিও ইলিয়ড ও মিণ্টনেও কোন কোন স্থলে ঐক্লপ বিভৎস-জনক বর্ণনা আছে, তাই বলিয়া উহা অনুকরণীয় নহে। কোন ইংরাজ দমালোচক বলেন, ইলিয়ডের তৃতীয় দর্গান্তর্গত হার্পিদিগের উপস্থাদ এবং প্যারাডাইনলষ্টের দ্বিতীয় "বুকের" অস্তর্ভু ত পাপ ও মৃত্যুর রূপকটি উক্ত ছুইটি প্রসিদ্ধ কাব্য হুইতে পরিতাক্ত হুইলেই ভাল হুইত।

কিন্ত মেখনাদবধ কাব্যের ষতই দোষ থাকুক না কেন, ইহা স্বীকার করিতে হইবে যে উহা স্থ-পাঠ্য। বিচিত্র ঘটনা ও ভাবের সমাবেশ এবং অমৃতাক্ষর ছন্দের গুণে, অত বড় গ্রন্থ পাঠ করিয়া আমাদিগের ক্লেশ বা ক্লান্তি বোধ হয় না, প্রভ্যুত আমোদ পাওয়া বায়। কিন্তু অধিকাংশ স্থলে আমরা উহা হইতে যে আমোদ পাই—সাবারণ মানব-প্রকৃতিস্থলভ আড়ম্বর-প্রিয়তাই তাহার কারণ। রাজপর্থে ঘোর ঘটা করিয়া, বাদ্য বাজ্বাইয়া, নিশান উড়াইয়া, লোকের কোলাহলে আকাশ পূর্ণ করিয়া, যথন চাকচিকাময় গিল্টির সাজে স্থাক্জত কোন প্রতি-

মাকে বাহির করা হয়—তথন যেরপে সেই দৃগ্র সাধারণ লোকের চিত্ত আকর্ষণ করে ও তাহাতে তাহারা আমোদ পায়—মেঘনাদ-বধ কাব্য পড়িয়া অনেক সময়ে আমরা যে আমোদ পাই, স্ক্লেরপে বিশ্লেষণ করিয়া লেখিলে ঐ প্রকারের আমোদ বলিয়া উপলব্ধি হইবে। উহাতে সহজ্ব কবিছের স্বাভাবিক উক্লাস মতি বিরল, ক্লেত্রিম আড়ম্বরপূর্ণ আলঙ্কারে উহা পরিপূর্ণ। কাব্যখানি পাঠ করিয়া আমোদ পাওয়া যাইতে পারে বটে, কিন্তু সে আমোদ উচুদরের নহে, উহা চিত্তকে আকর্ষণ করিতে পারে বটে, কিন্তু হৃদয়কে স্পর্শ করিতে পারে না।

কিন্তু একটি কথা শেষে বলা আবশুক। কবিবর মাইকেল মধুস্দন
দন্ত, বাঙ্গালা পদ্যে অমিত্রাক্ষর ছন্দ প্রবর্ত্তিত করিয়া আমাদের সাহিত্যরাজ্যে একটি শুভ বিপ্লব সংসাধন করিয়া গিয়াছেন এবং তাঁহার রচনার
স্থানে স্থানে বাঙ্গালা ভাষার প্রক্কতি-বিরুদ্ধ হাস্তাম্পদ প্রয়োগ থাকিলেও
শিথিল বঙ্গার পদ্যের সংশ্লিষ্ঠতা সাধন করিয়া সাধারণতঃ তিনি বঙ্গসাহিত্যের পরম উপকার করিয়া গিয়াছেন বলিতে হইবে। অতএব আর
যদি কিছুরই জন্ম না হয় অন্ততঃ এই জন্ম তাঁহার নিকট আমাদিগের
ক্রুক্ত হওয়া উচিত

মনোরুত্তির সহিত মস্তিক্ষের সম্বন্ধ।

শারীর-তত্ত্বর দিক দিয়া দেখিতে গেলে মস্তিক্ষের এইরূপ ব্যাখ্যা করা ষাইতে পারে, মস্তিক্ষ কি ?—না—গতি-কেন্দ্র সমূহ ও বোধ-কেন্দ্র সমূহের জাটল যন্ত্র বিশেষ। মনস্তত্ত্বের দিক দিয়া দেখিতে গেলে, মস্তিক্ষের কার্য্য ও মানসিক ক্রিয়া উভয়ই এক কথা বুঝায়, এবং মানসিক ক্রিয়া-সকলের আলোচনা মনস্তত্ত্বের অধিকারের মধ্যে আইনে। কিন্তু উহার তত্ত্বামুসন্ধান-প্রণালী শারীর-তত্ত্বের অনুসন্ধান-প্রণালী হইতে সভন্ত্র। কেবলমাত্র শারীর তত্ত্বের অনুসন্ধান-প্রণালী হইতে সভন্ত্র। কেবলমাত্র শারীর তত্ত্বের অনুসন্ধান-প্রণালী অনুসারে কোন ক্রেমেই সংক্রাব্যাপারের ব্যাখ্যা করা ষাইতে পারে না। তবে, মস্তিক্ষের উপর পরীক্ষা করিতে গিয়া মনের সহিত মস্তিক্ষের যে যে স্থলে যোগ প্রকাশ পাইরাছে তাহাই এই প্রবন্ধে আলোচনা করা যাহবে।

মস্তিক্ট বে মনের যন্ত্রস্বরূপ, এবং মস্তিক্ষের অভ্যস্তরে ও মস্তিক্ষের স্থারাই যে মানসিক ক্রিয়া সকল সম্পন্ন হয়—তাহা এক্ষণে এতদুর স্থাতিপন্ন ও সর্ববাদিসম্মত হুইয়াছে যে তৎসবদ্ধে আর কোন আপতি উত্থাপন না করিয়া ঐ চূড়াস্ত-সিদ্ধান্ত সত্যটি হুইতেই আমরা এই প্রস্তাবের স্থান্তপাত করিব।

কিন্তু মন্তিককোষ-সমূহে যে সকল আণ্ডিক পরিবর্ত্তন উপস্থিত হয়, সেই সকল পরিবর্ত্তনের অফ্রপ পরিবর্ত্তন কি করিয়া সংজ্ঞাতেও আবার উপস্থিত হয়—তাহা বুঝা স্থকঠিন। যথা, নেত্রনিপতিত আলো-কের কম্পনে দৃষ্টি-বোধরূপ সংজ্ঞার পরিবর্ত্তন কিরূপে সংঘটিত হয় তাহার দিদ্ধান্ত করা অতীব ত্রহ। কোন ইক্রিয়-বোধ মনোমধ্যে অফুভূত হইলে মন্তিককোষ মধ্যে বে সকল আণ্ডিক পরিবর্ত্তন উপস্থিত হয় তাহা হয়-ত ঠিক নির্ণন্ন করা ঘাইতে পারে, কিন্তু ভন্ধারা সেই অফুভব-ব্যাপারেয়য় যথার্থ প্রাকৃতি বিষয়ে আমাদিগের বিন্দুমাত্রও জ্ঞান বৃদ্ধি হয় না। উহার্থ

মধ্যে একটি হইতেছে বিষয়-সম্বন্ধীয়—বাহ্ন, আর একটি হইতেছে বিষয়ী-সম্বন্ধীয়—আন্তরিক। অতএব বাহ্ন-ব্যাপার-ম্বটিত পরিভাষার আন্তরিক ব্যাপার-সকল ঠিক প্রকাশ করা কথনই যাইতে পারে না; কিম্বা আন্তর্ভাক ব্যাপার-সকল প্রকাশ করা যাইতে পারে না। আমরা এ কথা কখনই বলিতে পারি না যে, শরীর ও মন উভয়ই এক পদার্থ, কিম্বা এমনও বলিতে পারি না—যে একটা আর একটাতে বেমালুম মিশিয়া যাইতে পারে। তবে, Laycock-এর ভাষায় হন্দ এই পর্যান্ত বলিতে পারি যে, মন্তিক্ষ ও মন উভয়ই উভয়ের অন্থোক্ত সম্বন্ধী (Correlated) কিম্বা Bain-এর ভাষায় বলিতে পারি যে, শারীরিক পরিবর্ত্তন ও মানসিক পরিবর্ত্তন-সকল "দ্বিম্থী একভার" (double-faced unity) আন্তরিক ও বাহ্ন এই হুইটি বিভিন্ন দিকমাত্র।

"আমাদের প্রত্যেক মানসিক ক্রিরার অনুসঙ্গী যে কতকগুলি ভৌতিক পরিবর্ত্তন-পরম্পরা উপস্থিত হয় তাহা আমাদিগের বিশাস করিবরার সর্বপ্রেকার হেতৃ আছে। কোন অন্তর্মুখী ইক্রিয়-বোধ হইতে সেই ইক্রিয়-বোধের প্রভাত্তর-স্চক বহির্মুখী প্রতিক্রিয়া পর্যান্ত যত প্রকার মানসিক পরিবর্ত্তন-পরম্পরা সন্থাটিত হয়, তৎসমুদায় তাহার আমুসন্ধিক শারীরিক পরিবর্ত্তন-পরম্পরা হইতে মূহুর্ত্তের জ্লান্তও বিচ্ছিন্ন হয় না; মনে কর, কোন নৃতন দৃশ্র দৃষ্টিপথে পতিত হইল, অমনি সেই সঙ্গেইক্রিয়-বোধ, জ্বদয় ভাব ও চিস্তার সমষ্টিগত মানসিক পরিণাম উপস্থিত হইয়া, ভাষা ও ভাবভঙ্গী দ্বারা তাহা বাহিরে প্রকাশ হইল। এই মানসিক ব্যাপার-পরম্পরার সমান্তর্গাল শারীরিক অন্তর্গান্ত আন্দোলনরূপ আর একটি শারীরিক ব্যাপার-পরম্পরার অন্তিম্ম দৃষ্ট হয়। আমরা বংকালে, ইক্রিয়-বোধ, দ্বানর ভাব ও চিস্তারণ একটি মণ্ডলের চতুর্দিকে প্রদক্ষিণ করি—সেই সমর শারীরিক ক্রিয়ারও আর একটি অণ্ড মণ্ডল

এই শারীরিক ব্যাপারের শৃন্ধাল হঠাৎ শেষ হইয়া গিয়া, সেই শৃত্যস্থান কোন অব্বড় পদার্থ বারা অধিকৃত হয়; এবং এই অব্বড় পদার্থ একাকী কার্যা করিয়া স্বীয় কার্য্যফল-সকল, ঐ শারীরিক ব্যাপার-সমূহের ভয় শৃন্ধালার অপরান্তে সংযোজন পূর্বাক প্রত্যুত্তরস্চক প্রতিক্রিয়া প্রকাশ করে। অর্থাৎ, ছই জড়রূপ উপক্লের মধ্যবর্ত্তী একটি অব্রড়ের সমূদ্র বিদ্যমান আছে—এই যে অসুমানটি ইহা আমাদের পরীক্ষিত জ্ঞানের সম্পূর্ণ বিরুদ্ধ। বস্তুতঃ সায়বীয় অমুর্ত্তিতে আদে ভঙ্গ উপস্থিত হয় না।, তবে এই একটি মাত্র সম্ভবপর অনুমান হইতে পারে যে, শারীরিক ক্রিয়া ও মানসিক ক্রিয়া-সকল উভয়েই অবিভক্ত য়মক্র্যুণলের স্থায় একত্র কার্য্য করে। অত্রব কোন মানসিক কারণের কথা উল্লেখ করিলে, ছই পক্ষ-বিশিষ্ট কোন কারণ বুঝায়। উহা হইতে বে কার্য্য উৎপন্ধ হয় তাহাকে কেবল মাত্র মনের কার্য্য বলা বাইতে পারে না—পরস্ক তাহা শরীর ও মনের সমবেত কার্য্য।" (Bain—mind-and body 1873P131)

এই অনুমান-অনুসারে পরীক্ষার উপর নির্ভর করিয়া এই সিদ্ধান্তে উপনীত হওয়া যায় যে, মানসিক ক্রিয়া-সকল ইন্দ্রিয়-বোধগত ও গতি-ক্রিয়াগত বাস্থ আধারের আস্তরিক (subjective) পক্ষ মাত্র।

সে বাহাই হউক, মস্তিকের শারীরতত্ব-ঘটিত ক্রিরা-শীলতা, উহার মনস্তত্ত্ব-ঘটিত কার্য্যের সহিত সম্পূর্ণরূপে সমব্যাপক নহে। গতিক্রিরা ও ইন্দ্রির-বোধের যন্ত্র, বলিরা মাস্তক্ষকে দেখিতে গেলে অর্থাৎ সাক্ষাৎ সম্প্রার বন্ধর বন্ধরা দেখিতে গেলে উহা ছই অর্জবিশিষ্ট একটি সমগ্র যন্ত্ররূপে দৃষ্ট হয়। এবং মনন ও সংক্রনের (ideation) যন্ত্র বিলিরা দেখিতে গেলে অর্থাৎ পরোক্ষ-সম্বন্ধীর সংজ্ঞার (representative consciousness) যন্ত্র বলিরা দেখিতে গেলে—উহাকে দিগুণাস্কুক (dual) যন্ত্র বলিরা উপলব্ধি হয়—অর্থাৎ উহার প্রত্যেক মণ্ডলার্জ

আপনাতে আপনি সম্পূর্ণ। যদি কোন রোগ বশতঃ একটি মণ্ডলার্দ্ধ স্থানাস্তরিত কিম্বা বিনষ্ট হয়, তাহা হইলে, শরীরের একদিককার গতি-ক্রিয়া ও ইন্দ্রিয়-বোধ রহিত হইয়া গেলেও অবশিষ্ট মণ্ডলার্দ্ধের সাহাযো মানসিক ক্রিয়া-সকল সম্পূর্ণরূপে সম্পন্ন হইতে পারে।

মন্তিক্ষের একার্দ্ধে কোন রোগ উপস্থিত হইয়া যদি কোন ব্যক্তির ইন্দ্রিয়-বোধ ও গতি-শক্তি অসাড় হইয়া পড়ে তাহা হইলে সেই সঙ্গে তাহার মানসিক ক্রিয়াতেও অসাড়তা উপস্থিত হয় না; কারণ সে তথনও অপর মণ্ডলার্দ্ধের সাহায্যেই অমুভব করিতে পারে, ইচ্ছা ক্রিতে পারে, চিস্তা করিতে পারে, ব্বিতে পারে। সেই সকল বৃদ্ধির্দ্ধি পূর্ব্বের স্থায় তত বলবৎরূপে চালিত না হউক, তাহাদিগের সম্পূর্ণতা বিষয়ে কোন ক্ষতি দৃষ্ট হয় না।

বাস্থ প্রতিবিম্বের দারা কোন ইন্দ্রিয়ের বোধ-বাগণার উত্তেজ্জন করিতে ইইলে সেই সেই ইন্দ্রিয়-নির্দিষ্ট মস্তিক-কেন্দ্রের কোষ পর্যাস্ক প্রেটিয়া তথ্যস্থ আণবিক পরিবর্ত্তন সকল প্রবর্ত্তিত করা আবশ্রুক হয়।

ষদি কৌণিক Gyrusনামক মন্তিকাংশ বিনষ্ট কিছা নিজ্জির হয়, তাহা হটলে নেত্র-মুক্র-নিপতিত প্রতিবিদ্ধ-সকল পূর্বের স্থায় নিরমমত শারীরিক পরিবর্ত্তন সকল প্রবর্ত্তিত করিতে পারিলেও সংজ্ঞাকে উদ্বোধিত করিতে পারে না ;— যে সকল পরিবর্ত্তন সংঘটিত হয়, তাহার মধ্যে কোন আন্তরিক পক্ষ (Subjective side) থাকে না।

কৌণিক Gyrus-বিহীন দৃষ্টি-যন্ত্ৰ কিন্ধপ ?—না, আলোক-চিত্ৰ-যন্ত্ৰের প্ৰতিবিশ্ব-ধারক কাচ-ফলক-বিহীন আঁধারে-কাম্রা যেরপ। আলোক-রশ্মি-সকল পূর্ব্বেকার স্থায় রীতিমত কেন্দ্রীভূত হইলেও কোন রাসায়নিক ক্রিয়া উহাতে উৎপাদিত হইতে পারে না; চিত্র-বিষয়ীভূত পদার্থটি অপসারিত করিয়া লইলে কিম্বা আলোক-পথ ক্লম্ক করিলে সেই পদার্থের প্রতিবিশ্ব আর উহাতে স্থায়ী হয় না। অতথ্যেব Angular Gyrus, প্রতিবিশ্ব-ধারী কাচ-ফলকের স্থায়। মন্তিককোষ-সমূহে কতকগুলি আগবিক পরিবর্ত্তনে সংঘটিত হইয়া দেই সকল পরিবর্ত্তনের অমুঘায়ী, দৃষ্টি-রোধরূপ কতকগুলি মানসিক পরিবর্ত্তনেও উপস্থিত হয়। আঁধারে-কামরার অন্তর্গত প্রতিবিশ্বধারী কাচফলকে যেরূপ এক প্রকার রাসায়নিক লিপি-ক্রিয়া দ্বারা চিত্রবিষয়ীভূত পদার্গের আকারগত প্রতিবিশ্ব লিপিবন্ধ হয়, দেইরূপ মন্তিককোষ-মধ্যস্থ আগবিক পরিবর্ত্তনরূপ লিপিবন্ধ হয়, দেইরূপ মন্তিককোষ-মধ্যস্থ আগবিক পরিবর্ত্তনরূপ লিপিবন্দ হয়া থাকে।

এই উভয়ের মধ্যে আরও কোন কোন বিষয়ে উপমা প্রদর্শিত হটতে আলোক-চিত্র-ব্যাপারে আলোক-রশ্মিদারা বে রাসায়নিক পরিবর্ত্তন উৎপাদিত হয়, তাহা যেরূপ স্থায়ী করা যাইতে পারে এবং তদ্বারা দর্শনীয় বস্তুর স্থায়ী প্রতিরূপ রক্ষিত হইতে পারে. সেইরূপ মস্কিজকোয-মধ্যে নেত্রপতিত প্রতিবিশ্ব-ঘটিত যে পরিবর্ত্তন উপস্থিত হর তাহাও স্থায়ী হয়। এই দুষ্টি-গত স্থায়ী প্রতিবিশ্বকে আকার-ঘটিত মানসিক স্থৃতির শারীরিক প্রতিনিধি বলা যাইতে পারে। ঐ মস্তিছ-কোব । शारी পরিবর্ত্তন সকল পুনর্কার উত্তেজিত হইলে সেই পূর্বাদৃষ্ট বম্বর প্রতিবিম্ব পুনর্বার আবিভূতি হয়—অর্থাৎ দেই প্রতিবিম্ব করনার পুনর্বার উদিত হয়। এই উপমা প্রদর্শন করায় কেহ যেন এরপ না বোঝেন বে, কাচফলকে পদার্থ-সকলের আলোক-চিত্র যেরূপ ভাবে প্রতিফলিত হয়-ঠিক সেইরূপই Augular Gyrus-এ पृष्ट निर्मादर्पत প্রতিবিশ্ব চিত্রিত হয়। উপমা খারা এই মাত্র বাক্ত ইইতেকে বে. নেত্র-প্রতিবিদিত কোন বন্ধর বেরপ দৃষ্ট-বিষরীভূত লক্ষণ, তাহারই প্রতি-নিধি-জন্মণ কতকঞ্জি ভাগী পরিবর্ত্তন যতিক-ক্ষোৰ মধ্যে প্রবর্তিত হর! জোন পদার্বের দৃষ্ট-বিনরীকৃত বক্ষণ কি 🕈 না-স্বালোকের বিক্ষান বাবে। কিছ কেবল যাত্র এই লক্ষ্ণ বারা অভি কয় পঢ়ার্থ

আমাদিগের জ্ঞানগোচর হয়। প্রত্যেক পদার্থ আমাদিগের জ্ঞানগোচর হইবার পক্ষে অত্যান্ত ইন্দ্রিরে সাহায্যও? আবশ্রক করে। পদার্থের সমগ্র করনা যখন মনোমধ্যে উদিত্বছইয়া যখন সেই পদার্থ জ্ঞান-গোচর হয়, তথন প্র:তাক ইন্দ্রিয়-কেন্দ্রে পূর্ব্ব-সংঘটত পরিবর্ত্তন-গুলি পুনর্ব্বার জাগিয়া উঠে। Angular Gyrus নামক দৃষ্টি-কেন্দ্রের স্থায় সকল ইন্দ্রিয়-কেন্দ্র-সম্বন্ধেই এই নিয়ম প্রয়োগ করা যাইতে পারে। বিশেষ বিশেষ ইন্দ্রিয়-বোধের বিশেষ বিশেষ।।মন্তিছ-কেন্দ্রগুলি স্বীয় স্বীয় বিষয়ীভূত বাহু প্রতিবিশ্ব-সমূহের শারীরিক ভিত্তিভূমি-স্বদ্রেপ— এবং প্রত্যেক ইন্দ্রির-কেন্দ্রই, ঐ সকল প্রতিবিশ্ব-শ্বতির আধার-শ্বরূপে. মস্তিকের কৌষিক রূপাস্তরের আকারে অবস্থিতি করে। কোন পদার্থের বিশেষ বিশেষ ইন্দ্রি-ঘটত যে সকল বিশেষ বিশেষ লক্ষণ থাকে, ঐ দকল বিশেষ ইন্দ্রিরের অগানস্থ কৌবিক পরিবর্ত্তন সকলের উত্তেজনায়. সেই পদার্থের সেই সেই বিশেষ ইন্দ্রি-ঘটিত বিশেষ লক্ষণ-সকল কল্পনাতে পুনর্জীবিত হয়। এই সকল উপকরণগুলির মধ্যে পরস্পর একটা শারীরিক বোগ থাকা প্রাযুক্ত , কোন একটি শৃঙ্খলের অংশ জাগিয়া উঠিলেই সমস্ত শৃঞ্জল**টি অনুসঙ্গ**-নিয়**মে** জাগিয়া উঠে।

অতএব ইন্সিয়-বোধ-কেন্দ্রগুলি যে ওদ্ধ অব্যবহিত্বর্ত্তমান বোধ-ক্রিয়ারই যন্ত্র তাহা নহে, পরস্ক বিশেষ বিশেষ ইন্দ্রিয়ের বিশেষ বিশেষ বোধ-ক্রিয়া সকল লিপিবদ্ধ করিয়া রাখিবারও প্রতিলিপি পুস্তক-স্বরূপ। বর্ত্তমান প্রত্যক্ষ ইন্দ্রিয়বোধ-সকলের প্রতিলিপি ঐ সকল ইন্দ্রিয়-কেন্দ্রে কৌষিক পরিবর্ত্তনরূপ অক্ষরে লিপিবদ্ধ হইয়া থাকে বলিয়া, উহাদিগকে মেধারূপ মানসিক শক্তির শারীরিক আধার বলা যাইতে পারে; এবং বি সকল হারী কৌষিক পরিবর্ত্তন-সকল যথন। পুনক্ষন্তেন্ত্রিত হয় তথনই কিন্দ্রকণ ইন্দ্রিয়-কেন্দ্রন্তে প্রতিও ক্রনারূপ মানসিক শক্তির শারীরিক : আধার-বলা বহিতে পারেন Bain অক্ত প্রকার হেন্তু নির্দেশ করিয়া এই;

ষে সিদ্ধান্তে উপনীত হইয়াছেন যে, "মূল-বোধক্রিয়া-সমূহ মন্তক্ষের যে যে অংশ যে প্রকারে অধিকার করিয়া থাকে—তাহাদের প্রতিলিপি-স্বরূপ পুনরাবিভূতি বোধ-ক্রিণগুলিও দেই দেই অংশ দেই প্রকারে অধিকার করিয়া থাকে।" এক্ষণে এই দিদ্ধান্তটির শারীরিক পত্তনভূমি কি ভাহা আলোচনা করা যাউক। Spencer বলেন যে. কোন পদার্থের কোন প্রত্যক্ষ ইন্দ্রির-বোধের সময় যে সকল প্রক্রিয়া বলবৎ রূপে উর্জেছত इय-(मह हेक्किय-(वार्यय श्वनताविकीव-कार्ता (मह मकन श्रक्तियांहे অপেক্ষাক্রত ক্ষীণভাবে উত্তেজিত হয় এই মাত্র। বর্ত্তমান প্রতাক্ষ-ইন্দ্রিয়-বোধের সময় যেরূপ সায়ুমগুলবন্তী কোন ইন্দ্রির হইতে এক প্রকার আণবিক স্পাদন আরম্ভ হইয়া মন্তিককোষ পর্যান্ত প্রবাহিত হয়-কল্পনা গত কিম্বা স্মৃতিগত ইন্দ্রিন বোধের সময়, মৃত্তিককোষ-মধ্যে সেই আণ্রিক স্পন্দনের পুনরাবির্ভাব এত বলৎরূপে সংঘটিত হয় না যে তাহা শরীরের সমগ্র স্বায়ুমণ্ডল পর্যান্ত প্রসারিত হইতে পারে। কোন কোন স্থলে, মস্তিককোষে ইন্দ্রি-বোধের পুনরাবির্ভাব এত প্রবলরূপে সংঘটিত হয় যে, তরিবন্ধন সায়বীয় প্রাত্যক্ষ ইন্দ্রিয়-বোধও কখন কখন উপলব্ধি হইয়া থাকে। মন্তিক্ষের বিক্লত অবস্থায়, কোন কোন উন্মাদ রোগে, এই প্রকার ঘটনা উপস্থিত হয়।

প্রত্যক্ষ ইন্দ্রিশ-বোধগত স্থৃতির যে শারীরিক পত্তনভূমি, সাধারণ জ্ঞানেরও সেই একই শারীরিক পত্তনভূমি . যদি প্রত্যক্ষ ইন্দ্রিশ্ব-বোধ-সকল নিতান্ত ক্ষণস্থায়ী হইত, কিন্তা ইন্দ্রিশ-বিষয়ীভূত পদার্থটি যতক্ষণ বর্ত্তমান থাকে ততক্ষণই স্থায়ী হইত, তাহা হইলে বর্ত্তমান পর্যন্তই সর্ব্ব-প্রকার বৃদ্ধিমূলক জ্ঞানক্রিয়ার পরিসর হইত। এবং তাহা হইলে কোন পদার্থ-সম্বন্ধই বাস্তবিক জ্ঞান আমরা উপার্ক্তন করিতে সমর্থ হইতাম না। সাদৃশ্য কিন্তা প্রভেদ চিনিতে পারার নামই জ্ঞান। "এ বিষর আনি জ্ঞানি"—একথার অর্থ এই যে, সে বিষর-সম্বন্ধ জ্ঞাতীত ও বর্ত্তমানে যক্ত

কিছু পরিবর্ত্তন ঘটিয়াছে তাহার মধ্যে, হয় সাদৃত্য নর প্রভেদ আমি উপলব্ধি করিতে পারিয়াছি। কোন রং যথন সবুত্ব বলিয়া চিনিতে পারি তথন আমাদিগের বুদ্ধিতে কিরূপ প্রক্রিয়া উপস্থিত হয় १—না—দেই সবুল রঙের বর্ত্তমান অফুভূতি ও কোন অগ্রীত অফুভূতি এই উভরের মধ্যে সাদৃশ্র কিম্ব। প্রভেদ আমরা উপলব্ধি করি। যদি মন্তিক-মধ্যে পুনক্তেজনশীল অতীত স্মৃতির কোন আধার না থাকিত—তাহা হইলে, কি সাদৃশ্য কি প্রভেদ-কিছুই আমরা চিনিতে পারিতাম না। মধ্যে মধ্যে, ক্লণে ক্লণে, আমরা সম্ভান হইতাম, কিন্তু কালের অমুবুদ্রি না থাকা প্রযুক্ত, কোন বিষয়ের বথার্থ জ্ঞান উপর্ব্ধন করা আমাদের পক্ষে একেবারে অসম্ভব হইত। অতীত ইন্দ্রির-বোধের সময় যে সকল আণবিক প্রক্রিয়া উপস্থিত হয়, বর্ত্তমান ইন্দ্রিয়-বোধানুভবের সময় সেই একই আণ্ডিক প্রক্রিয়া পুনরুত্তেজিত হওয়াই আমাদিগের সাদৃশ্র-জ্ঞানের দৈহিক পত্তন-ভূমি; এবং এক প্রকার আণবিক প্রক্রিরার পরিবর্ত্তন হটতে আর এক প্রকার আণবিক প্রক্রিয়ার পরিবর্ত্তনট আমাদের প্রভেদ-জ্ঞানের দৈহিক পত্তন-ভূমি। অতএব, ইক্রিম্ন-বোধের কেন্দ্র-সমূহ কেবল মাত্র ইক্রিয়-বোবের অর্থাৎ কেবল মাত্র তাৎক্ষণিক ইক্সির-বোধের বন্ত্র নহে, প্রস্তু-তদমুদলিক মত্তিছ-পরিবর্ত্তর-সমূহের শ্বারিশ্ব ও পুনরুত্তেজনশীলতাশক্তি-প্রযুক্ত,—ইন্দ্রির-ঘটিত নানা প্রকার नाबाच्य ७ काँहेल कानिक्यांत्र यज्ञ-चक्रेश।

কলিকাতা সারস্বত সন্মিলন।

বঙ্গদাহিত্যানুরাগী ও বঙ্গহিতৈখী ব্যক্তি মাত্রই বোধ হয় শুনিরা আহ্লাদিত হইবেন বে "কলিকাতা সারস্বতস্থিলন" নামক বঙ্গসাহিত্য-বিজ্ঞানদর্শনসঙ্গীত প্রভৃতি বিষয়িণী একটি সমালোচনী সভা কলিকাতার স্থাপিত হইবার উদ্যোগ হইতেছে। তাহার অনুষ্ঠান-পত্র ও নিরমাবলী হইতে, কিরদংশ এইখানে উদ্ধৃত করিয়া দিতেছি—ইহা হইতে সক্রিত ভাষার উদ্দেশ্য ও প্রাকৃতি পাঠকগণ অবগত হইতে পারিবেন।

"বিষক্ষনগণের একতা সম্মিলনের অনেকগুলি শুভফল আছে :--

- ১। সাহিত্যামুরাগী ব্যক্তিদিগের মধ্যে পরস্পার দেখাঙনা হয় ও সৌহার্দ জন্মে।
- পরস্পারের মধ্যে ভাবের ও মতের আদান-প্রদান হওরার, এক-দেশদর্শিতা ঘুরিয়া যায় ও উদারতার বৃদ্ধি হয়।
- ৩। এই বিশ্বজ্ঞনদশ্মিলনের উপলক্ষে আমাদের বঙ্গদাহিত্যের উন্নতিকরে বছবিধ শুভকার্য্য অনুষ্ঠিত হইতে পারে। যথা—
- (ক) বন্ধভাষার পাশ্চাত্য সাহিত্য দর্শনাদির অমুশীলন করিতে হইলে যে সকল নৃতন কথা স্পৃষ্টির আবশ্যক হয়, তাহা আলোচিত ও নির্দ্ধারিত হইতে পারে ও তৎসঙ্গে বন্ধভাষার সর্বান্ধ-সম্পূর্ণ একটি অভিধান সম্বান্ধত হইতে পারে।
- (খ) বিদেশীর ভাষার শব্দমূহ ৰাঙ্গালা অক্ষরে প্রকাশ করিতে হইলে নৃতন বে সকল অক্ষরের আবশ্রক হর তাহা স্টাষ্ট করিয়া প্রচলিত করা যাইতে পারে।
- (গ) বাজালা প্রছের নিরপেক ও যথাবোগ্য সমালোচনা করিছা বল-মাহিজ্যের উন্নতি সাধন হইতে পারে।

- (ম) স্থলেথকদিগকে সভা হইতে বথোপযুক্ত সম্মান দেওয়া যাইতে পারে।
- (২) প্রবন্ধ বা পুস্তক রচনা করিয়া, অথবা সংবাদপত্র বা সন্দর্ভ-পত্রের সম্পাদকতা করিয়া বাঁহারা বঙ্গসাহিত্যে খাতি লাভ করিয়াছেন এবং বাঁহারা বাঙ্গালাভাষার অনুশীলনে বিশেষ অনুরাগী, তাঁহারাই এই সভার সভা হইতে পারিবেন।
- (৩) বাঙ্গালার গ্রন্থানি না লিখিলেও বাঁহাকে সভাগণ স্বারস্থত-সভার বোগ্য বিবেচনা করিবেন, অর্থাৎ বাঁহার ছারা সভার উদ্দেশ্য দ্রাধনে সাহায্য হইতে পারিবে, তাঁহাকে সভাশ্রেণীভক্ত করা যাইতে পারিবে।
- (৬) সভার বান্ধালা গ্রন্থ-সমূহ বন্ধভাষার সমালোচিত হইবে, অথবা ভারতবর্ষসংক্রাপ্ত কোন বিষয়ক প্রাবন্ধ বা গ্রন্থ অন্ত ভাষার রচিত হইলে, সভার তাহারও সমালোচনা হইতে পারিবে।
- (৯) যে সকল সমালোচ্য গৃস্থ সভায় উপস্থিত হইবে, সম্পাদক তাহা সভা-সমক্ষে উপস্থিত করিলে, সভাপতি তাহার সমালোচক স্থির করিয়া দিবেন।
- (১২) যে অধিবেশনে পুস্তকের সমালোচনা পাঠ হইবে—তাহার পরের অধিবেশনে, লিখিত সমালোচনা, তর্ক-বিতর্কের সারাংশ ও সমালোচ্য গ্রন্থথানি-সম্বন্ধে সভাপতি তাঁহার নিজ মত সংক্ষেপে ব্যক্ত কবিবেন।
- (১৩) সভার অন্তান্ত কার্য্য-বিবরণের সহিত লিখিত সমালোচনের সংক্ষিপ্তসার ও তর্কবিতর্কের সারাংশ এবং তৎসম্বন্ধ সভাপতির অভিপ্রায় সাধারণের অবগতির জ্বন্ত কোন প্রাসিদ্ধ সন্দর্ভ-পত্তে প্রকাশিত হইবে। সভার যে কোন মত ব্যক্ত হইবে তাহা সভার মত বলিয়া গৃহীত না হইয়া ব্যক্তিগত মতস্বদ্ধপে গৃহীত হইবে।
 - (১০) সমালোচনা প্রভৃতি কার্য্য না থাকিলে, অথবা কার্য্য নেষ

হইয়াও বথেষ্ট অবসর থাকিলে, সভাদিগের মধ্যে কেহ সভার নির্দিষ্ট কোন বিষয়সম্বন্ধে পাঠ অথবা মৌথিক বক্তৃতা বা পুত্তকাদি পাঠ করিতে পারিবেন ও তাহা লইয়া বাদামুবাদ চলিতে পারিবে। সমালোচনা, প্রবন্ধপাঠ ও বক্তৃতাদির কান্ধ না থাকিলে সঙ্গীতাদি হইতে পারিবে।"

এত্রতীত সভার গঠন-সম্বন্ধে অনেকগুলি আফুবঙ্গিক নিয়ম আছে,
তাহা এখানে উল্লেখ করিবার আবশ্রুক বোধ হইতেছে না। উলিখিত
অফুঠানপত্রের উদ্ধৃত অংশ পাঠ করিয়া দেখা যায় সভার মুখ্য উদ্দেশ্য
তিনটি। প্রথম বঙ্গভাষার অভাবমোচন। দিতীয়, বঙ্গীয় প্রায়
সমালোচনা করিয়া বঙ্গ সাহিতেয়র উন্নতি-সাধন ও উৎসাহ-বর্দ্ধন।
তৃতীয়, বঙ্গ-সাহিত্যামুরাগীদিগের মধ্যে সৌহার্দি স্থাপন।

যাঁহারা কিছুমাত্রও বঙ্গভাষা ও বঙ্গমাহিত্যের অনুশীলন করিরাছেন, তাঁহারাই দেখিতে পাইবেন যে, বঙ্গভাষা এখনও এতদুর পরিপুট হয় নাই যে আমাদের সকল ভাব ঐ ভাষায় স্পষ্ট করিয়া প্রকাশ করা ষাইতে পারে। বঙ্গভাষায় ভাব প্রকাশ করিতে গিয়া আমরা যে পদে পদে অভাব অনুভব করিয়া থাকি, ইহা কে অস্বীকার করিবেন ? পাশ্চাত্যজানের সহিত দিন দিন আমাদের ষতই পরিচয় বাড়িতেছে, ততই আমরা আমাদের ভাষার দারিদ্রা অনুভব করিতেছি। নৃতন সাহিত্য, নৃতন বিজ্ঞান, নৃতন রাজ্পাদন আমাদের দেশে প্রবৃত্তিত হওয়ায়, নৃতন ভাব প্রকাশ করিবার নিমিন্ত দিন দিন নৃতন কথা স্টের আবশ্রক ইইতেছে। এবং এই স্টে-ক্রিয়া অনেক দিন হইতে আমাদের ভাষায় আরম্ভ ইইয়াছে। সকলেই ইছ্রামত নৃতন কথা স্টি করিতেছেন, কিছ কোন্ কথাটি ঠিক তাহার মামাংসা করে কে? তাহার দৃষ্টান্ত—self-Government-এর অনুবাদে কেছ লিখিতেছেন "আয়-শাসন" কেছ লিখিতেছেন "য়ায়ভ-শাসন।" (আমাদের মতে "য়ায়ভ-শাসন" এই কথায় ঠিক ভাষাট প্রকাশ পার। কেন না, "য়ায়্মশাসন" অর্থ কথায় ঠিক ভাষাট প্রকাশ পার। কেন না, "য়ায়্মশাসন" অর্থ self-

discipline হইতেও পারে।) বাহা হউক, সারস্বত সভার ফ্লায় কোন সভা থাকিলে এই সকল বিরোধী মতের একটা মীমাংসা হইতে পারে। আমাদের শব্দ ভাণ্ডার নিতান্ত অপ্রতুল। প্রতি ফুল্মভাব প্রকাশের নিমিন্ত আমাদের ভাষায় তদমুরূপ পৃথক পৃথক শব্দ নাই; অনেক সময়ে একই শব্দ বিভিন্ন অর্থে ব্যবহার করিতে হর; যথাঃ—"মত" এই কথাটি আমরা "Opinion" ও "Theory" উভর অর্থেই ব্যবহার করিয়া থাকি-Personal ও Individual এই তুই শব্দের অমুরূপ পৃথক ভাব প্রকাশ করিবার নিমিত্ত, আমাদের ছুইঠি স্বতন্ত্র কথা নাই। "ব্যক্তিগত" এই এক শব্দই আমরা উভয় অর্থে প্রয়োগ করিয়া থাকি। আমাদের ভীব" কথাটিতে Feeling, Sentiment, Thought স্কল্ই বুঝার। এইরূপ আরও অনেক দৃষ্টান্ত দেওয়া যাইতে পারে। এইভাব প্রকাশের অভাব পুরণ করিবার জ্বন্ত শুদ্ধ যে নৃতন কথা সৃষ্টি করিবার আবশুক এক্লপ নহে—ভাবের তারতম্য স্পষ্টরূপে প্রকাশ করিবার জ্বন্স, ও ভাষার অস্পষ্টতা নিবারণের জন্ত, কতকগুলি নৃতন সাঙ্কেতিক চিহ্ন ও অক্ষর আমাদের ভাষার সৃষ্টি করা এক্ষণে নিতান্ত আবশ্রক হইরা উঠিয়াছে। বধা, কোন ৰাক্যের প্রতি পাঠকের বিশেষ মনোযোগ আকর্ষণ করিতে হইলে, কিছা कान कथात्र विश्व खीक पिटा इटेटन, टेश्त्रोक ভाষা-वावका टेपेनिक-সের স্থায় কোন প্রকার বিশেষ ভঙ্গীর অক্ষর ব্যবহার করা এবং দেশ নগর প্রভৃতির আদ্যক্ষর বড় করিয়া লেখা যেরূপ ইংরাজিতে নিয়ম আছে, সেইরূপ কোন প্রণালী অবলম্বন করা আবশ্রক বোধ হয়। ইংরাজি অক্ষর V ও Z বাজালার প্রকাশ করা যার না, এই জন্ম অনেক সমরে অন্ধবিধা হর। অনেকে, ইংরাজি V অক্ষরের স্থলে অক্তান্থ ব ব্যবহার না করিয়া মান্তার্ক্তপে ভ ব্যবহার করেন। বর্গীর বএর সহিত প্রভেদ রাখিবার জন্ত এই **অন্তার** 'ব'-এ কোন প্রকার প্রভেদক্ষক চিহ্ন দেওরা কর্তব্য ।

ব্যাকরণক্তিত ক্তক্তলি বিবেচা বিবর আছে, তাহারও মীমাংশা করা

আবশ্রক। যথা, কেই লিখেন "তাহারদিগের," কেই বা লিখেন "তাহাদিগের;" প্রতি দ্রীলিঙ্গবাচক বিশেষ্যের পূর্ব্বে কেই বা দ্রীলিঙ্গবাচক
কেই বা পুংলিঙ্গবাচক বিশেষণ ব্যবহার করেন। এইরূপ নানা প্রকার
বিভিন্ন প্রয়োগ প্রচলিত আছে। এক্ষণে এই সকল বিভিন্ন প্রয়োগের
মধ্যে কোন্তুলি স্ক্রচিসঙ্গত ও আমাদের ভাষা-প্রকৃতির ঠিক্ অনুষায়ী
তাহা স্থির করা আবশ্রক।

ভাষার এই সকল অভাব মোচন করা সঙ্করিত সারস্বতস্থিলনের একটি প্রধান কার্য। কেহ বলিতে পারেন—এই সকল অভাব কাল-ক্রমে আপনা-আপনিই মোচন হইবে, ইহার জন্ম সভার আবশুকতা কি ?—তাহার উত্তরে বলা ঘাইতে পারে, যে কারণে অক্সান্ম বিষয়ে সভা-সমিতির আবশুকতা, সেই একই কারণে ভাষার উন্নতিসাধন-পক্ষেত্র সভা-সমিতির আবশুকতা আছে। যে কোন উদ্দেশ্মই ইউক না কেন, সেই উদ্দেশ্ম সাধনে বাঁহাদের একরপ স্বার্থ অফ্রাগ ও যোগাতা আছে, তাঁহারা বদি একত্র হইরা সেই সাধারণ উদ্দেশ্ম সাধনের জন্ম কৃতসঙ্কর হন, তাহা হইলে তাঁহাদের সমবেত চেটার যে সেই উদ্দেশ্ম অপেক্ষাকৃত ক্রম সময়ের মধ্যে সিদ্ধ হইবার সম্ভাবনা তাহাতে আর সন্দেহ নাই। আমাদের বলিবার অভিপ্রায় ইহা নহে যে, ব্যক্তিবিশেষের চেটার কোন ফল নাই—বরং আমাদের অভিপ্রায় এই যে, প্রথমে ব্যক্তিবিশেষের চেটার না হইলে সাধারণের সমবেত চেটা হইতেই পারে না। সকল কার্যোই ব্যক্তিবিশেষের চেটা বেমন আবশ্রক, সমবেত চেটাও তেমনই আবশ্রক। উত্তর্গ্র উভয়ের পোষক ও পরিবর্জক।

এক্ষণে বন্ধভাষা ও বন্ধসাহিত্যের উন্নতিসাধনপক্ষে ব্যক্তিবিশেৰের উদ্যম চতুর্দিক হইতে লক্ষিত হইতেছে। এই ক্ষমত বলিতেছি, সমবেত উদ্যমেরও এক্ষণে সমন্ন আসিরাছে। কিন্তু এক্ষণে দেখিতে হইবে, প্রাক্তাবিত স্ভার শাসনে ব্যক্তিগত উদ্যমের লাম্ব হইতে পারে কি না । সে বিষয়েও আমাদের আশকা নাই; কারণ, যাঁহাতে ব্যক্তিবিশেষের মত প্রকাশে বাধা না হর, বরং যাহাতে ব্যক্তিগত স্বাধীন মতের আরও ক্রি হয় তিছিয়য়ে প্রস্তাবিত সভার বিশেষ।লক্ষ্য আছে। সভা এরপ বলিতেছেন না, সভা হইতে যে মত প্রকাশ হইবে তাহা অকাট্য অল্রাস্ত,—নতশির হইয়া জনসাধারণকে সেই মতের অয়বর্ত্তী হইতেই হইবে। বরং সভার (১৩) সংখ্যক নিয়ম পাঠ করিয়া এইরপ প্রতীতি হয় য়ে, কোন সভার কিছা সভাপতির মত সভার মত বলিয়া গৃহীত হইবে না। কোন আলোচ্য বিষয়ে সভাগণের ও সভাপতির ব্যক্তিগত স্বতন্ত্র মত্তুলিই কেবল সাধারণের অবগতির জন্ত কোন বিশেষ সাময়িক পত্রে প্রকাশিত হইবে। সেই সকল যোগা ব্যক্তিগণের মতামত পাঠ করিয়া জনসাধারণ একটা নিজের সিদ্ধান্তে উপনীত হইতে পারিবেন। ফল কথা, জনসাধারপরণের উপরেই শেষ বিচারের ভার। কোন এক আলোচ্য বিষয়ের সকল দিক্ গুলি ভাল করিয়া দেখাইয়া দেওয়া মাত্রই সভার কার্য্য, সভার খ্যাতি-প্রতিপত্তির গুরুভারে জনসাধারণের বুদ্ধিকে অভিভূত করা তাহার উদ্দেশ্য নহে।

কেহ কেহ বলেন, সমালোচনায় কি ফল ?—সমালোচনার দারা সাহিত্যের কোন উপকার হয় না। আমরা তাহার উত্তরে ইহা সাহস করিয়া বলিতে পারি, এই উনবিংশ শতাব্দী যে উন্নতি-শিথরে আরোহণ করিয়াছে, তাহা কেবল সমালোচনার প্রভাবে। লুথরের আবির্ভাব হইতে আধুনিক য়ুরোপে প্রকৃত সমালোচনার যুগ আরম্ভ হয়। পূর্বের খৃষ্টীয়ধর্মশান্ত্রের উপর কাহারও কথা কহিবার অধিকার ছিল না; পূর্বতন ধর্মাচার্যাদিগের কথা অকাট্য ও আভ্রান্ত বলিয়া সাধারণ লোকে অন্ধভাবে বিশ্বাস করিত; কিন্তু লুথর সাহসপূর্ব্বক তাহালের মতামত সমালোচনা করিয়া যুরোপে স্বাধীন আনের পথ উন্মুক্ত করিলেন। সেই অবধি কি ধর্মা, কি রাজনীতি, কি সাহিত্যবিক্ষান

সকল বিষয়েই সাধারণ লোকে নিজ স্বাধীন বুদ্ধি চালনা করিতে প্রবৃত্ত হইল। ব্যক্তিবিশেষের নাম-মাহাত্মোর প্রভাব এবং অপরিবর্দ্তনীয় প্রথার শাসন উঠিয়া গিয়া সেই স্থানে স্বাধীন বৃদ্ধি প্রতিষ্ঠিত হইল। বেকন, ডেকার্ট, গ্যালিলিয়ো প্রভৃতি পণ্ডিতগণ বিজ্ঞানরাজ্যে স্বাধীনতা স্থাপন করিলেন; রুদো, বল্টেয়ার প্রভৃতি পণ্ডিতগণ সমাজ, ধর্ম ও রাজনীতি সমালোচনা করিয়া ফরাসি বিপ্লবের স্ত্রপাত করিলেন, এবং দেই ফরাসি বিপ্লবে যুরোপের রা**জ**নৈতিক স্বাধীনতা বিস্তৃত ও বন্ধমূল हरेनु;-- এर ममख कि ममालाहनात कल नत्र १ यनि मनूरवात मकल কাজেই সমালোচনার শুভ ফল লক্ষিত হয়, তাহা ইইলে একমাত্র সাহিত্যই কি তাহার ব্যতিক্রম-স্থল হইবে **१** সমালোচনার প্রভাব নাকি অতি গুঢ়রূপে, নিস্তর্কভাবে, ভিতরে ভিতরে কান্ধ করে, সেই জয় অমন করিয়া স্পষ্টিরূপে সকল সময়ে দেখান যায় না যে অমুক গ্রন্থ সমালোচনা করিয়া তাহার ফল এই দাঁড়াইয়াছে; তাই বলিয়া যে তাহার প্রভাব জনসমাজে পৌছে না এরপ বলা যাইতে পারে না। শিলর, শ্লেগেল, গত্তে প্রভৃতি জ্বাণ পণ্ডিতগণ যদি সেক্সপিয়রের সমালোচনা না করিতেন. তাহা হইলে বোধ হয় ইংরাঞ্চদের মধ্যেও অতি অল লোকে সেক্সপিয়বের মর্য্যাদা ও সৌন্দর্য্য উপলব্ধি করিতে পারিত।

সমালোচনার আবশুকতা নানা কারণে দিন দিন বাডিতেছে। ঘটনাক্রমে রুরোপের সমস্ত সাহিত্যভাগুার আমাদের নিকট এক্সণে উন্মক্ত: সে সাহিত্যের আদি নাই, অন্ত নাই। যে সকল নৃতন নৃতন গ্রন্থ প্রতিদিন বাহির হইতেছে, তৎসমস্ত পাঠ করা একজন লোকের পক্ষে অসাধ্য; কাজেই সমালোচকের শরণাপন্ন না হইলে এখন আর উপায় নাই; তিনি যে গ্রন্থকে ভাল বলেন তাহাই আমরা পাঠ করি, যাহাকে মন্দ বলেন তাহা আমরা পাঠ করি না-এইরূপে আমাদের অনেকটা সমর বাঁচিরা বার। একণে আবার মুরোপীয় সাহিত্যের সংসর্গ লাভ করিয়া আমাদের ফাতীয় সাহিত্য নবোদ্যম.ও নবজীবন লাভ করিয়াছে, আমাদের সাহিত্যক্ষেত্র হঠাৎ উর্বর হইয়া উঠিয়াছে, গ্রন্থের সংখ্যা ক্রমেই বৃদ্ধি হইতেছে। যুরোপীয় উৎকৃষ্ট গ্রন্থ পাঠ করিয়া আবার যদি বঙ্গীয় সমস্ত গ্রন্থ পাঠ করিতে হয়, তাহা হইলে পঞ্চাশৎবর্ষ ব্যাপী বাঙ্গালী-জীবন তাহাতে কুলায় কি না সন্দেহ, স্প্তরাং বঙ্গ-সাহিত্যক্ষেত্রেও এক্ষণে সমালোচকের আব্ভাক হইয়াছে।

প্রস্তাবিত সভার একটি নিয়ম পাঠ করিয়া দেখা যায় যে. কেবল উৎক্লষ্ট গ্রাম্থকারগণই যে এই সভার সভ্য হইতে পারেন এক্লপ নহে, বঙ্গ-সাহিত্যামুরাগী স্থাশিক্ষিত ব্যক্তি মাত্রেই, অধিকাংশের মতে সভ্যরূপে निर्सािठिङ रहेर्ड পाরেন। কেহ বলিতে পারেন, যাঁহারা নিজে কোন বিষয়ে উৎক্রষ্ট গ্রন্থ লিখিয়া অক্রচি ও ক্ষমতার পরিচয় দেন নাই, ভাঁহারা কি করিয়া সেই বিষয়ক প্রান্থের সমালোচক ইইতে পারেন ? কিন্তু তাহার উত্তরে ইহা বলা যাইতে পারে যে, উৎক্রণ্ট গ্রন্থকার না হইলেও উৎক্রণ্ট সমালোচক হওয়া যাইতে পারে। আমি গায়ক না হইতে পারি কিন্তু গানের সমজদার হুইতে পারি। আমি কবি না হুইতেও পারি. কিন্তু আমি कविष्यत त्रोन्सर्या উপলদ্ধি করিতে পারি। বরং অনেক সময়ে গ্রন্থকার অপেক্ষা গ্রন্থ-সমলোচক, কোন গ্রন্থের দোষগুণ শীঘ্র ধরিতে পারেন। কারণ, প্রস্থকার তাঁহার নিজের একঝোঁকা ভাবে এতদুর নীয়মান হন বে চারিদিক দেখিবার তাঁহার ক্ষমতা থাকে না, অবসরও থাকে না। দাবা খেলার সময় যাহারা খেলায় যোগ না দিয়া কেবল নিরপেক ভাবে দর্শন করে, তাহারা বেরূপ অনেক সময়ে 'উপর-চাল' দেখিতে পার, খেলোরাড়েরা সেরূপ পারে না।

কিন্ত সমালোচনার কাজ বড় সহজ নহে। সমালোচকের কতবিধানি সারিছ ভাহা অনেক সময় সমালোচক বুকেন না। সাধারণ
কোকে অনেক সমরে খ্যাতনামা সমালোচকদের কথার উপর নির্ভন

করিয়াই কোন নুভন গ্রন্থের ভাল মন্দ স্থির করেন। অতএব এরপ স্থলে, সমালোচক যদি দলাদলী কিম্বা ব্যক্তিগত বিদ্বেষের বশব্দ্রী হইয়া কোন কোন গ্রন্থের অ্যথা নিন্দাবাদ করেন, তাহা হইলে তিনি সাহিত্য-সংসারের र्य क छन्त्र अनिष्ठे करत्न छारा वना यात्र ना । क छकश्चिन ममारनाहक গুণের প্রতি বড় মনোযোগ দিতে ভালবাদেন না—তাঁহারা ছিদ্রাফু-সন্ধানেই বিশেষ আমোদ পান। তাঁহাদের সম্বন্ধে এই সংস্কৃত লোকটি বেশ থাটে,—"মক্ষিকাঃ ব্রণমিচ্ছাস্তি মধুমিচ্ছান্তি ষট্পদাঃ।" আমাদের বলিবার অভিপ্রায় ইহা নহে যে, কোন গ্রন্থে দোষ থাকিলে তাহা দেখাইয়া দিবে না-কেন না দোষগুণ উভয়ই না দেখাইয়া দিলে প্রকৃত সমালোচনাই হয় না; তবে, অধিকাংশ সমালোচকের নিন্দা করিবার দিকে যে অসাধারণ প্রবণতা ও ইচ্ছা প্রকাশ পায়, সেইটিই দুষণীয়। মামাদের কোন বন্ধকে অমরা তাঁহার দোষ গুণের কথা যেরূপ ভাবে বলিয়া থাকি, সেরূপ বন্ধভাবে কোন গ্রন্থের সমালোচনা করিলে সাহিত্যের यज्थानि উপकात इत्र, निर्मत्र कर्फात्रভाবে ममालाहना क्रिल म्हाल উপকার না হইয়া প্রক্যুত সমূহ অপকারই হয়। দোৰ থাকিলে ভাল কথা বলিয়া দোষ সংশোধন করিবার চেষ্টা কর, তীত্র বিজ্ঞাপ ও কঠোর উপহাসের বাণ বর্ষণ করিয়া গ্রন্থকারের হৃদয়ে অনর্থক কষ্ট দেওয়া কেন ? এইরূপ কঠোর সমালোচনাই আৰু কালের ধরণ হইয়াছে। কঠোর সমালোচনার আবশুক্তা বে একেবার নাই আমরা তাহা বলি না! যথন কোন গ্রন্থকার অপ্লাল ভাষা প্রয়োগ করিয়া কিছা কোন প্রকার-ত্নীতির প্রশ্রর দিরা কোন গ্রন্থ রচনা করেন, তথন ভাঁছার বিক্লমে প্রধর তীব্র লেধনী ধারণ করা অতীব কর্ত্তবা। গ্রন্থকারের ক্ষমতার অভাবে প্রছে বে দক্ষ দোৰ দক্ষিত হয়, তৎসম্বন্ধে কঠোর বাক্য প্রান্থা করিবা প্রস্থকারের স্প্রশারীরে আবাত দেওরা নিষ্ঠরতা ভিন্ন আর किंदूरे मरह। भक्षात्र नर्भात्नाष्ट्रस्य अक्षण क्या क्यारे छेठिछ मरह। সাহিত্যের ইতিহাস পাঠে জানা যায়, কঠোর সমালোচনায় কত গ্রন্থকারের মুক্লিত আশা-উদাম মুক্লেই ধ্বংস হইয়া গিয়াছে। এমন কি,
কেহ কেহ লেখনীর তীব্র বিষাক্ত আঘাতে অকালে কালগ্রান্তে পতিত
হইয়াছেন। অনেকে বলেন, Keats করির যে অকাল-মুক্তৃ হয়, তীব্র
সমালোচনাই তাহার কারণ। করিবর Tasso কঠোর সমালোচলায়
ব্যথিত হইয়া উন্মাদগ্রস্ত হয়েন। Montesquieu কঠোর সমালোচনার
আঘাতে শীঘ্র মৃত্যু-মুথে পতিত হন। নিন্দুক সমালোচকদের হ্রদয়-ভেল্লী
সমালোচনায় করিবর। Shelly দেশতাগী হয়েন। তাহার পর হুইতে
সমস্ত জীবন তিনি অস্থেথ কালগাপন করেন। তিনি তাঁহার বল্প
Leigh Hunt কে য়ে পত্র লেখেন তাহা পাঠ করিয়া হ্রদয় বিদীর্ণ হয়।
তিনি লিখিয়াছিলেন "আমার বুদ্ধির্ত্তি-সকল চুর্ণ বিচুর্ণ ও জড়তা প্রাপ্ত
হইয়াছে। আমি আর কিছুই লিখিতে পারি না। যাহা লেখা গায়
তাহাতে অভ্যের নিকট সহান্ত্রিত পাইব এইরূপ প্রবল উত্তেজজনা না
থাকিলে কাহারও পক্ষে লেখা অসম্ভব।"

সমালোচনা যে কত দুর গুরুতর কার্য্য—অনেক সময়ে সমালোচক তাহা বোঝেন না; তিনি মনে করেন, তুই এক কলম যা-তা একটা লিখিয়া দিলেই ইইল। "প্রাঞ্জলতা" "ওজ্বিতা" "সরলতা" "চিস্তাশীলতা" "গবেষণা" "স্থানেস্থানেভাল"—"মন্দ নহে"—ভবিষ্যতে ভাল ইইতে পারে।" "এরপার্ত্রান্থ যত বাহির হয় ততই ভাল" ইত্যাদি কতকগুলি বাঁধি বোল তাঁহাদের একমাত্র পুঁজি। সমালোচনার হাঁড়ি চড়াইয়া দিয়া এইরূপ ছই চারিটি বাঁধি-বোলের ফোড়ন তাহাতে ছাড়িয়া দিয়া চট্পট্ করিয়া রে-নে লোক একটা অপুর্ব্ব অপক্ষ থিচুড়ি অনায়াসে প্রস্তুত করিতে পারে স্নেন্থ নাই। আজ্বকাল আমাদের সন্দর্ভ-পত্রে ও সংবাদপত্রে, গ্রন্থের সমালোচনা-কার্য্য যেরূপভাবে সম্পাদিত হয় তাহা স্নালোচনা করিয়া বেক্তিন্ত্রিক্তি ক্রিব্রের, রথার্থতা উপলক্ষি হইবে। স্মালোচনার্থ সম্পাদক্রের

নিকট কোন প্রস্কু আসিলে তিনি তাঁহার কোন বন্ধুকে সমালোচনার ভার দেন; সে গ্রন্থটি সমালোচনা করিবার যোগ্যতা তাঁহার আছে কি না, সে বিষয়ে তিনি বড় একটা দৃষ্টি করেন না। তাঁর বন্ধু গ্রন্থখানি ভাল করিয়া পার্ঠকনা করিয়াই হয়ত যা-তা একটা লিখিয়া দিলেন—তাহাতে ভাঁহার নাম রহিল না; বাহিরের লাক মনে করিল—সম্পাদকত তাহা লিখিয়াছেন। এই প্রণালী-অনুসারে অতি কদর্যা লেখাও সম্পাদকের

মুত লর্ড লিটন বেনামী সমালোচনার দোষগুণ বিচার করির। এই সিদ্ধান্তে উপনীত হইরাছিলেন;—"কেবল ছই শ্রেণীর লোকের নিকট বেনামী সমালোচনা প্রার্থনীয় হইতে পারে; যে ব্যক্তি বন্ধুদিগের অস্তায় নিন্দা করিয়া ভয় করে পাছে বন্ধুরা ভাহা জানিতে পারিয়া ভাহাকে ত্যাগ করে, এবং যে মিথ্যবাদী পামর ভয় করে পাছে ভাহার নিন্দার পাত্র ভাহাকে চাব্কাইয়া দেয়!" এই সমালোচনার অভাব পূবণ করা প্রতাবিত সভার অস্তত্তর উদ্দেশ্ত। এইসভা হইতে কোন বেনামী সমালোচনা প্রকাশ ইইবে না; সভাপতি ও সভাগণের ব্যক্তিগত মতামত নাম দিয়া প্রকাশিত হইবে। অতএব, বেনামী সমালোচনার দোষ ইহাতে বর্ত্তিবে না।

সভার স্থায়িত্বের প্রতি এখন কেবল একটি মাত্র সংশয় আছে।
আমাদের সাহিত্য-সংসারে অনেকগুলি দলপতি। প্রায় সকল দলপতিই
এক স্থানে সমবেত হইয়াছেন; একণে যদি তাঁহারা ক্ষুদ্র দলাদলির ভাব
ত্যাগ করিয়া, নিজের ক্ষুদ্র অভিমান বিসর্জন করিয়া, উৎসাহের সহিত
এক স্থানে স্বস্থতীর সেবায় রিষ্কু হন তবেই সারস্বত সন্মিলনের পক্ষে
মকল, নচেৎ যে আরোজন করা হইতেছে,—সে কেবল বালালীর আরু
একটি কলক্ষ-ধ্যলা স্থাপনের নিমিত্ত।

মারাঠী ও বাঞ্চলা।

আৰু কাল ভারতবর্ষের এক প্রদেশের লোক অন্ত প্রদেশের ভাষা শিক্ষা ও তৎসম্বন্ধে আলোচনা করিতেছেন—ইহা একটা শুভ-টিছু বলিতে হটবে। ভারতবাসাদিগের মধ্যে একতা স্থাপিত হটবাব পক্ষে যতগুলি वांश कृष्टे हत्र, ज्यादश ভाषात वांशा १ वर्ष धकरी कम नहर । जहताहत. ভারতবর্ষকে একটা দেশ বলিয়া ধরা হয়, কিন্তু প্রকৃত পক্ষে ইহাকে একটা মহাদেশ অথবা বিস্তীর্ণ ভূখণ্ড বলিলেও অত্যক্তি হয় না। যুদ্ধোপ-থণ্ডের মধ্যে ষেরূপ ইংরাজী, ফরাসী, জর্মণ প্রভৃতি ভাষা,—ভারতবর্ষের বৈভিন্ন প্রদেশে দেইকপ বাঙ্গলা, মারাঠী, গুজরাটী প্রভৃতি বিবিধ ভাষা প্রচলিত। আজ কাল, রেল-পথের বিস্তারের সঙ্গে সঙ্গে দুরত্বের বাধা ক্রমশই অপসারিত হচতেছে এবং আমাদিগের রাষ্ট্রীয়-সভার অধিবেশন-উপলক্ষে ভারতবর্ষের বিভিন্ন প্রদেশবাসী পরস্পরের মধ্যে ঘনিষ্ঠতা ও আত্মীয়তা ক্রমশই বৃদ্ধি হইতেছে। কিন্তু উহাদিগের মধো ভাষার বন্ধন ও একতা না থাকা প্রযুক্ত তেমন আশামুরূপ ফল লাভ इट्रेट्डि ना । देश्ताको ভाষात्र धकत्रभ काक हिनता बादेटिह बर्छ, কিছ এই নিতান্ত পরকীয় ভাষার অবলম্বনে আমরা পরস্পারের ভাদরের बार्धा लाउन लां कदिए शादि ना । ভाষা-मद्दक कार्यात्मद निकरे व्यक्कन देश्त्राक्ष (यज्ञभ, व्यक्कन महाताद्वीत हिन्दू ९ त्रहेन्नभ । छेल्दातहे সহিত ইংবাজী ভাষার আমাদিগের কথাবার্তা চালাইতে হয়। ইহা কম অস্থবিধার কথা নহে। এই ভাবার বাধা একেবারে অপসারিত इहेबाइए कोन महायना एनथा योद्र ना। शनना कदिया एपिएन, चावाहित्वत लातिक । ভाষার সংখ্যা, বোধ করি, बाहत्वत्रक जिनक এক বোধাই অঞ্লের মধ্যেই তো কভক্তলি ভাবা। এই प्रकार जांवा जांबल कतिए हरेएन जांबाएक क्षरणास्कर अरू अरुप्रि

শার উইলিয়ন জোন্দ্" না হইলে চলে না। তবে, এই পর্যন্ত করা বাইতে পারে—যাহার যতটুকু সাধ্য, আপনার ভাষা ছাড়া, আরও চুই একটা প্রাদেশিক ভাষা লিখিবার চেষ্টা করা;—তাহা হইলেও কতকটা কাল হয়। প্রশেষতঃ, যে উপভাষাগুলির মধ্যে নৈকটা সম্বন্ধ বর্ত্তমান—প্রাক্তত হইতে যাহাদিনের উৎপত্তি—সেই সকল ভাষার অন্থালনে, আর কিছু না হউক, অন্ততঃ নিজ নিজ ভাষার বৃৎপত্তি বিষয়ে অধিকতর আইন লাভ হইতে পারে। মারাঠী ও বাঙ্গলার মধ্যে এইরপ নিকট-সম্বন্ধ বর্ত্তমান—উভয়ই এক জননী হইতে প্রস্তুত্ত। স্কুতরাং মারাঠী ভাষার আলোচনায়, বাঙ্গলা ভাষারও কতকটা উপকার হইতে পারে। গত পৌষ মাসের "সাধনা"য় "মহারাষ্ট্রীয় ভাষা" এই নামে যে একটা স্থলিখিত প্রবন্ধ প্রকাশিত হয়, তাহাতে লেখক মহাশ্য মারাঠী ভাষার উৎপত্তি এবং বাঙ্গলাও ও মারাঠী শব্দের ঐক্যানৈকা সম্বন্ধে বিশ্বরুত করিয়াছেন। ভাহারই অনুবৃত্তি স্বরূপ, ছই চারিটী কথা বলা এই প্রবন্ধের উদ্দেশ্য।

মারাঠী ও বাঙ্গলা ভাষার গঠনে ছুই একটা মূলগত প্রভেদ লক্ষিত
হয়। মারাঠী ভাষায় তিন লিঙ্গ;—পুংলিঙ্গ, স্ত্রালিঙ্গ ও ক্লীবলিঙ্গ।
এই লিঙ্গভেদ প্রকরণ সকল সময়ে স্বাভাবিক নিয়মান্ত্রসারে নিপ্পন্ন হয়
না। "দউত" (দোয়াৎ) শব্দ, "বাট" (পথ) শব্দ স্ত্রালিঙ্গ; "বাস"
(গব্ধ) শব্দ পুংলিঙ্গ; "মাঞ্জর" (মার্জ্জার-বিড়াল) শব্দ ক্লীবলিঙ্গ;
"কুত্রা" (কুকুর) শব্দ পুংলিঙ্গ; "মনুষ্য" শব্দ কথনও পুংলিঙ্গ, কথনও
ক্লীবলিঙ্গ। "বাট" শব্দ কেন স্ত্রালিঙ্গ, এবং "মাঞ্জর" শব্দ কেন ক্লীবলিঙ্গ
হইল, ইহার কোন বৃক্জিসঙ্গত কারণ নির্দেশ করা যায় না। চিরপ্রচলিত ব্যবহারই ইহার একমাত্র কারণ। নাম ও সর্ব্বনামের লিঙ্গ
অনুসারে, স্থলবিশেষে, ক্রিয়াপদের বিভক্তিতে রূপান্তর উপস্থিত হয়।
বক্ষা স্ত্রীলোক হইলে, "মী করিতে" (সামি করি) পুক্ষ হইলে "মী

করিতো" এইরপ প্রয়োগ হয়। এ গেল, কর্ত্বাচ্যের প্রয়োগ। আবার কর্মবাচার প্রয়োগের সময়, কর্ত্তা যে লিক্ষেরই হউক না, তাহার লিক্ষ্ অমুদারে ক্রিয়াপদ পরিবর্ত্তিত না হইরা, কর্মপদের লিক্ষ্ অমুদারে ক্রিয়াপদ পরিবর্ত্তিত না হইরা, কর্মপদের লিক্ষ্ অমুদারে ক্রিয়াপদ পরিবর্ত্তিত না হইরা, কর্মপদের লিক্ষ্ অমুদারে ক্রিয়াপদ পরের রুবা হয়। যথা "মী কাম কেলে" (আমি কাজ্র করিতেছি—অথবা আমা কর্ত্ত্ক পথ দেখা হইরাছে) এই হুই বাক্যের মধ্যে "কাম" ক্রীবলিক্ষ বলিয়া "কেলে" এই ক্রিয়াপদ একারাস্ত হুইল। ইহা কত্রকটা হিন্দী ভাষার অমুরপ। আর এক প্রভেদ;—বাঙ্গলার, বছবচনে ক্রিয়ার বিভক্তিতে কোন রূপান্তর হয় না, কিন্তু মারাঠী ভাষায় তাহা হইরা থাকে। যথা,—"সে করে," "তাহারা করে";—এই হুই বাক্যাগত ক্রিয়াপদের রূপ একই; কিন্তু মারাঠী ভাষায় এই স্থলে "তো করিতো", "তে করিতাত" এইরূপ হইরা থাকে। আরও কিছু কিছু প্রভেদ আছে। তাহা এখানে বলা অনাবশ্রক।

এই সকল কারণে,—বিশেষতঃ লিঙ্গভেদের কোন নিয়ম না থাকায়,
কোন বৈদেশিকের পক্ষে মারাঠী ভাষায় উদ্ধরপে কথা কহা বড়ই
কঠিন। পদে পদে তাঁহার ভ্রম হইবার সম্ভাবনা। বাঙ্গলায় লিঙ্গভেদের কোন কড়াকড় নিয়ম নাই—এক প্রকার ভালই হইয়াছে বলিতে
হইবে। আমরা ভাষার সৌন্দর্যা ও উপযোগিভার প্রতি দৃষ্টি রাখিয়া,
হলবিশেষে কথন বা "ফুন্দরী ললনা" কথন বা "ফুন্দর মেয়েটী" এইরপ
বাক্য প্রয়োগ করিতে পারি। এ বিষরে মারাঠী ভাষায় আবার একট্
স্বতম্ব নিয়ম। যে বিশেষা শব্দগুলি খাস মারাঠী, বিশেষার লিঙ্গ
অন্ত্রমারে সেই সকল বিশেষণ পদের লিঙ্গভেদ হইয়া থাকে—কিন্তু যে
সম্প্রারি বিশেষণ পদ খাস সংক্ষত তাহার কোন পরিবর্ত্তন হয় না য়
বিশেষণ পদ খাস সংক্ষত তাহার কোন পরিবর্ত্তন হয় না য়
বিশেষণ পদ খাস সংক্ষত তাহার কোন পরিবর্ত্তন হয় না য়
বিশেষণ পদ খাস সংক্ষত তাহার কোন পরিবর্ত্তন হয় না য়

"চাঙ্গলী" এইরূপ প্রয়োগ হয়—কিন্তু "মুন্দরী" এই শব্দ, কোন স্ত্রীলিঙ্গ-বাচক বিশেষ্য পদের পূর্বের বসে না। "চাঙ্গলা বায়কো" (ভাল স্ত্রী) ও "স্থন্দর স্ত্রী" এইরূপ প্রয়োগ হয়—কিন্তু "চাঙ্গলী বায়কো" (স্থন্দরী স্ত্রী) এই ज्ञाप व्यक्तिश कथन है इस ना । वाक्र लाग्न धहै विषय व्यामाराज विलक्ष স্বাধীনতা আছে। আমার বোধ হর, কোন ভাষার মধ্যে কুত্রিম নিয়মের যতই বাঁধাবাঁধি ও আঁটাআঁট, ভাবস্কৃতির পক্ষে ততই বাাবাত ঘটে। কিন্তু মারাঠী ভাষার এরপ কুত্রিম বাধাসত্ত্বেও, মারাঠী কবি মোরপন্ত কর্ত্তক_১০৮ প্রকারের পদা-রামায়ণ রচিত হইয়াছে। ইহা সামান্ত বাহা-দুরী নহে। মোরোপস্করচিত একটা রামায়ণের নাম "পরস্ক রামায়ণ" —অর্থাৎ, ইহার প্রভ্যেক শ্লোকে "পরস্ত" এই শন্দটী কোন প্রকারে ঘটানো হইয়াছে। এই শব্দ-সল কবিদিগের রচনার, ভাব অপেক্ষা কথার কৌশলই অধিক। ফরাসী ভাষার মধ্যে এইরূপ লিঙ্গভেদের ক্রতিমতা লক্ষিত হয় । কতকটা এই কারণে হয় তো ইংরাজী কবিতা ফরাসী অপেক্ষা শ্রেষ্ঠত্ব লাভ রুরিয়াছে। কবিতাতে কতকটা বন্ধন আবশুক বটে, কিন্তু অতিবন্ধন ও দোবাবহ। এই বন্ধন হ'ইতে মুক্তি-লাভের জন্তই অমিত্রাক্ষর ছন্দের সৃষ্টি হইয়াছে। সে যাহোক, ভাষার লিক্সভেদ রাখা যে একেবারেই দোষের, আমি এ কথা বলি না। ভবে, মারাঠী ও ফরাসী ভাষার আয় অত্টা ক্রতিম বাড়াবাড়ি ভাল নহে। লিঙ্গভেদে ভাষার কতকটা স্থাবিধাও আছে। সর্বনামের মধ্যে লিঙ্গভেদ থাকায়, অনেক সময়, ভাষার অস্পষ্টতা নিবারণ হয় এবং বারম্বার নামের পুনরুক্তি করিতে হর না। বাঙ্গলা ভাষায় এইরূপ লিঙ্গভেদ না थाकाव, नर्सनाम वावहात ना कतिवा जानन नामहे, जानक नमब, পুনরাবৃত্তি করিতে আমরা বাধ্য হই। ইহাতে ভাষার জ্বোর ও কতকটা ক্ষিয়া যার ৷

্বাঙ্গলা ভাষা অপেকা, মারাঠী ভাষার নাম ও সর্বানামের বছবচন

অতি শোভন ও সহজ ভাবে নিপান হয়। বাঙ্গলায়, "তোমার" এই পদের বহু বচনে "তোমাদের" বলিতে হইবে। সেই স্থলে মারাঠীতে "তুম্চা"-র বহু বচনে "তুম্চে" এইরপ প্রয়োগ হয়। তা ছাড়া, বাঙ্গলা ভাষায় বস্তবাচক নাম কিয়া সর্বনামের বহুবচন নিষ্পান্ন করিতে হইলে "সকল," "সমূহ" প্রভৃতি কথা জুড়িয়া দিতে হয়। "হেঁ"র বহু বচনে যেখানে "হাঁ" বলিলেই চলে, বাঙ্গলায় সেই স্থলে "এই"—র বহু বচনে "এই-সকল" বলিতে হয়। ফল কথা, বাাকরণের দিক্ দিয়া দেখিতে গেলে, বাঙ্গলা অপেক্ষা মারাঠী ভাষার গঠন যে অধিকতর প্রিপুষ্ট তাহাতে সন্দেহ নাই।

আর এক কথা, বাঙ্গলা অপেক্ষা মারাচী জোরালো। তাহার প্রধান কারণ, বাঙ্গলা অপেক্ষা মারাচী ভাষায় রুচ্ক ক্রিয়াপদ অধিক আছে। বাঙ্গলা ভাষায়, বিশেষ্য ও বিশেষণ শব্দের সহিত 'কু' ও 'ভূ'-ধাতুনিষ্পন্ন ক্রিয়াপদ যোগ করিয়া অধিকাংশ ক্রিয়াপদ সংগঠিত। এইরপ যৌগিক ক্রিয়াপদের প্রয়োগে ভাষার জোর কমিয়া যায়। আমাদের কবিবর মাইকেল মধুস্থদন, কবিতার ভাষায় বলবিধান করিবার জন্তই অনেক রুচ্কি ক্রিয়াপদের করিবার ভাষায় বলবিধান করিবার জন্তই অনেক রুচ্কি ক্রিয়াপদ রচনা করিয়া স্বীয় কবিতা মধ্যে প্রয়োগ করিয়াছেন। এই সকল অভিনব ক্রিয়াপুদের প্রয়োগ, সেই সময়ে, অনেকেরই অসন্ত্র্যান করিয়াছিল। পদ্যেই যথন এইরপ—গদ্যের তো কথাই নাই। ফল কথা, এই প্রকার প্রয়োগ অধিক পরিমাণে আমাদের ভাষায় চলে না—ইহা বাঙ্গলার প্রকৃতিবিক্ষম। আমরা বাঙ্গলা গদ্যে, "ক্রষিছে" কিছা "লাজিছে"—এইরপ বাক্যা, কথনই প্রয়োগ করিতে পারি না। কিন্তু মারাচী ভাষায় এইরপ রুচ্কি ক্রিয়াপদের প্রচুর ব্যবহার দেখিতে পান্তরা যায়।

বাঙ্গলা অপেকা মারাঠী যে জোরালো, তাহা এই উভর ভাষার উচ্চারণেই কতকটা প্রকাশ পার। মারাঠীর উচ্চারণ অনেকটা সংস্কৃতের অহরপ। যদিও মারাঠী অপেক্ষা বাঙ্গলা ভাষায় সংস্কৃত শব্দের প্ররোগ অধিক, তথাপি কোন মারাঠীর সম্মুখে বাঙ্গলা ভাষায় কথা কহিলে, তাহার মধ্যে যে, কোন সংস্কৃত শব্দ আছে, এরপ তাঁহার অমুভবই হয় না। আমাদের বিক্কৃত উচ্চারণই ইহার একমাত্র কারণ। আমাদিগের সংস্কৃতাভিচ্চ পণ্ডিতগণ যতই দিগগন্ধ পণ্ডিত হউন না কেন, এই উচ্চারণের দোষে তাঁহারা অন্ত প্রদেশীয় লোকদিগের নিকট হাস্তাম্পদ হইয়া থাকেন। সংস্কৃত, হিন্দী, মারাঠী প্রভৃতি ভাষায় উচ্চারণের মুখ্য গতি যেরপ খোলা আকারের দিকে, বাঙ্গলা ভাষার উচ্চারণপ্রবণতা সেইরপ বোজা ও-কারের দিকে। আমার বোধ হয়, শারীরিক হর্বলতাই ইহার মূল-কারণ। বাঙ্গালী অপেক্ষা মারাঠীদিগকে দেখিতে যেরপ মন্ধরুৎ, উহাদের ভাষাতেও সেইরপ অধিক বলের পরিচয় পাওয়া যায়। আমাদের দেহ যেরপ ক্ষণ ও স্ক্রমার, আমাদের ভাষাও সেইরপ।

পক্ষাস্তবে বাঙ্গলা ভাষা মারাঠী অপেক্ষা অনেক পরিমাণে স্থললিত ও পরিমার্জিত। মারাঠী ভাষার জোর, থেন একট রুঢ়তার সীমার গিয়া উপনীত হইয়াছে। 'ড়', 'ঢ', 'গ', এই সকল কাঠ-থোট্টা কঠিন বর্ণ সকল মারাঠী ভাষায় বারম্বার শুনিতে পাওয়া যায়। মারাঠী ভাষা প্রথম শুনিলে মনে হয় যেন উহা উড়িয়া ও হিন্দী এই ছই ভাষার সংমিশ্রণে উৎপর। মারাঠী ভাষার উচ্চারণে 'ড়', 'ঢ়' প্রভৃতি অক্ষর যেরপ ক্রমাগত আমাদের কাণে আইদে, বাঙ্গলা ভাষার উচ্চারণে সেইরপ 'চ', 'ছ'. অক্ষর মারাঠীদিগের কাণে বারম্বার উপস্থিত হয়। মারাঠী ভাষায় ছই চারিটা বর্ণের উচ্চারণেও একটু বিশেষম্ব আছে—উহা সংস্কৃতের অক্ষরপ নহে। মারাঠীতে 'ল' এই অক্ষরের উচ্চারণ ছই প্রকার;—এক, সাদাদিধা ল-য়ের মত; আর এক, কতকটা আমাদের 'ড়'-এর মত। মারাঠীদিগের 'ড়'-এর উচ্চারণ অনেকটা 'ড'-বেইসিয়া। উহাদের মধ্যে চ, ছ, ঝ,—এই অক্ষরশুলরও

ছই প্রকার উচ্চারণ শুনিতে পাওয়া যায়। এক উচ্চারণ, আমাদের সায়; আর এক উচ্চারণ, কতকটা আমাদের পূর্ববিদীয়দিগের স্থায়। এই দকল বিভিন্ন উচ্চারণের স্বতক্ষ লিপিচিত্র-পদ্ধতি আমাদের মধ্যে প্রবিভিত্র হওয়া নিতাস্ত বাঞ্চনীয়। বিশেষতঃ, ইংরাজী শব্দ বাঙ্গলা অকরে লিখিবার দময় এই দয়ন্ধে অহাবিধা বিশক্ষণ অক্তর করা যায়। মহারাষ্ট্রীয়েরা তবু, এ বিষয়ে আমাদিগের অপেক্ষা একটু অগ্রদর। ইংরাজী স্বরবর্ণের নিভন্ন উচ্চারণ-প্রকাশক ছই একটী চিক্ছ তাহারা প্রকাদি ছাপাইবার দময় প্রয়োগ করিয়া থাকেন। "ইটালিক্দ্" এর স্থলে একটু বড় ও মেটা অক্ষর বাবহাত হয়। ইংরাজী থ অক্ষর মরাঠীতে লিখিবার দময় শহ্ব এই যুক্তাক্ষর তাহারা বাবহার করিয়া থাকেন। গভর্ণমেন্ট না লিখিয়া তাহারা "গহ্বণ্যেন্ট" লিখেন। এইরূপ লিখিলে, ইংরাজী থ অক্ষরের অনেকটা কাছাকাছি শুনায়।

বাঙ্গলা ভাষায় যদি একটা ভাল অভিধান প্রস্তুত করিতে হয়—যদি প্রচলিত দেশজ শব্দগুলির বৃৎপত্তি নির্ণন্ধ করা আবশুক হয়, তবে মারাঠা প্রভৃতি প্রাক্তবের অপভংশ ভাষাগুলির অমুশীলন করা নিতান্ধ প্রোজনীয়। ইহার একটা দৃষ্টান্ত—যথা,—আমাদের "আনাড়ি" শব্দ;—এই শব্দের বৃৎপত্তি কি ? মারাঠা ভাষাতে আড়ানা বলিয়া একটা শব্দ আছে উহার প্রায় একই অর্থ। হটতে পারে "আড়ানা" এই শক্ষাটি উন্টাইয়া "আনাড়ি" শব্দে পরিণত হইয়াছে। মারাঠা প্রিত্তগণ বলেন, "অজ্ঞানী" হইতে "আড়ানী" শব্দ উৎপন্ন।

মহারাষ্ট্রীয় ভাষার অনুশীলনে আর একটা উপকার আছে। আক্সকাল আমরা ইংরাজী বিদ্যা ও সাহিত্যের সংশ্রবে অনেক নৃতন কথা ও নৃতন ভাব অর্জন করিতেছি। এই সকল ভাব আমাদের দেশ-ভাষায় প্রকাশ কর্মশ্রুমাবশ্রক হওরায়, কি মারহাটি, কি বাঙ্গালী আমরা উভরেই এই সেকল কথা ও ভাবের অনুক্রপ শব্দ রচনা ও দংগ্রহ করিতে প্রবৃদ্ধ হইরাছি। আমাদের উভয়েরই সাধারণ শব্দ-ভাগ্ডার — সংস্কৃত ভাষা। অতএব আমাদের উভয়ের রচিত ও সংগৃহীত প্রতিশব্দগুলি যদি প্রস্পর মিলাইয়া দেখি, তাহা হইলে বুঝিতে পারিব সেগুলি ষথায়ত হইতেছে কিনা। যদি তাহাদিগের মধ্যে অমিল দেখি, তাহা হইলে আমা-দিগের মনে স্বভাব তঃই সংশয় উপস্থিত হয়, এবং তথন, কোন প্রতি-শব্দী ঠিক, তাহা আর একবার আমরা বিচার করিয়া দেখিতে পারি। मुधेख यथा, कृति देश्ताकी अन्य "nerve" ও "muscle"। देशामृत প্রতিশব্দ কি ? আমরা "nerve" কে সায়ু বলি। মারাঠীতে "muscle" কে সায়ু বলে ও "nerve"কে মজ্জাতস্ক বলে। চরক প্রভৃতি পুরাতন আয়ুর্বেদীয় গ্রন্থে স্নায়ুর যেরূপ বর্ণন। পা ওয়া যায় তাহা অতি অস্পষ্ট, ভাহা হইতে প্রক্লুত তথ্য নির্ণয় করা স্থকঠিন। ইংরাজী "sinews" শব্দের সহিত "রায়ু" শাব্দের কতকটা নাদৃশ্র আছে। এই জ্ঞামনে হয়, সায়ু "muscle" শব্দের প্রতিশব্দ হইলেও হইতে পারে।

"মহারাষ্ট্রীয় ভাষা"য় লেথক মহাশয় ইতিপুর্বের মারাঠী ও বাঙ্গলা প্রতিশব্দের তুলনা করিয়া কতকগুলি দৃষ্টাস্ত দিয়াছিলেন। আমিও আর কতকগুলি দুষ্টাস্ত দিতেছি।

রাষ্ট্রীয় সভা (National Congress) রাষ্ট্রীয় স্থোত্র (National Anthem) সংস্থা (Institution) অনুক্রম-পত্র (Programme) আবৃত্তি (Edition) পদবীদান-সমার্ক্ত (Convocation) স্থানিক স্থরাজ্য (Local self-government) ব্যবস্থাপক মণ্ডলী অথবা অস্ত-রঙ্গ সভা (Executive committee) অধ্যক্ষ (President) উপাধ্যক্ষ (Vice president) প্রমুখ (Chairman) মন্ত্রী (Secretary) দেশ-বান্ধব (Fellow-countryman) স্বাগত-সভা (Reception committee) মৃত্যু-পত্র (Will) আরোপী (Accused) প্রেক্ষক (Visitor) সাংস্থান (Native states) ভূত-দ্যা (Humanity.)

উপরোক্ত শব্দগুলি বাঙ্গলা প্রতিশব্দের সহিত মিলাইয়া দেখিলে, উহার মধ্যে কোন কোন শব্দ, বাঙ্গলা অপেক্ষা স্থ্রচিত বলিয়া মনে হয়। "জাতীয় সভা" অপেকা "রাষ্ট্রীয় সভা" আখাটী অধিকতর উপযুক্ত; কেননা, যে সভার অস্তর্ভূত হিন্দু, মুসলমান, পারসী প্রভৃতি বিভিন্ন জাতির লোক, তাহাকে জাতীয় সভা না বলিয়া "রাষ্ট্রীয় সভা" বলাই সক্ষত। "দেশ-বান্ধব" কথাটী মন্দ নয়। Institution শব্দের বাঙ্গলা কোন প্রতিশব্দ প্রচলিত আছে কি না বলিতে পারি না; কথন কথন, অহুষ্ঠান-শব্দ প্রয়োগ করিতে দেখিয়াছি, কিন্তু উহা ঠিক্ নহে। বরং "প্রতিষ্ঠান" এই অর্থে বাবহার করা যাইতে পারে। মারাঠী "সংস্থা" শব্দ কি বাঙ্গলায় গ্রহণ করা যায় না ? Edition এই শব্দের মারাঠী প্রতিশব্দ "আবৃত্তি" ও বাঙ্গলা প্রতিশব্দ "সংস্করণ"; এই উভয়ের মধ্যে কোন্টি ঠিক্ ? অহুক্রম-পত্র (Programme) ইহার স্থলে "অহুক্রমণিকা" বলিলে কি চলে না ? "রাষ্ট্রীয় স্থোত্র"—National anthem-এর স্থন্দর প্রতিশব্দ।

আর কতকগুলি ইংরাজী পারিভাষিক শব্দের মারাঠী প্রতিশক্ষ নিমে দেওরা বাইতেচে—

উত্তর ধ্রুব (North Pole) গুরুত্ব-মধ্য (Centre of gravity) বর্গ (Class) "চতুর্গ ইয়ত্তা" (Fourth Standard) বাতাবরণ (Atmosphere) ভূশির (Cape) দ্বীপকর (Peninsula) দীর্ঘ-বর্ভু ল (Ellipse) উপপদ (Article) দিদ্ধ বা অব্যুৎপন্ন শব্দ (Primitive word) সাধিত বা ব্যুৎপন্ন (Derivative word) উভয়াধ্বরী (Conjunction) শব্দবোগী (Post-position) কেবল-প্রয়োগী অথবা উদ্পারবাচী (Interjection) দর্শক সর্বানাম (Demonstrative Promoun) অন্ধ-বিরাম চিক্ (Comma) অর্ধ-বিরাম চিক্ (Semicolon) অপূর্ণ-বিরাম চিক্ (Full stop)

করণ-রূপ (Positive form) অকরণ্রূপ (Negative form) আখ্যাতরূপ (Conjugation) উদ্যার-চিক্ (Sign of admiration) শক্যার্থ (Potential mood) স্বার্থ (Indicative mood) সংকেতার্থ (Conditional mood) প্রয়োজক ক্রিয়াপদ (Causal verb) পক্ষা-স্তুর বাচক (Alternative) স্বায়ুবন্ধন (Tendon) মৃজ্জাতন্ত (Nerve) কর্ণিকা (Auricle) মধ্যপদ্দা (Diaphragm) পরন্ত (Rib) কুর্চ্চান্তি (Cartilage) जीनरनिक्तिय-भाख (Physiology) बामभाकृतांब (Duodemum) শ্বিশির স্নায়ু (Biceps) অস্থিবন্ধন (Ligament) মনঃপ্রেরণা (Mental transmission) রক্তাভিদরণ (Circulation of blood) বুক্ত-পিণ্ড (Corpuscle) বুক্তসঙ্কলন (Congestion) রক্তন্ত্র (Serum) অন্তর্গিশ্রণ (Assimilation) আর্দ্রন্থ (Mucus membrane ; ছগ্ধবাহিনী (Lactile) পরাবর্ত্তন (Reflection) বক্তী-ভবন (Refraction) ব্যাপক-ব্যাপ্য অনুমান অথবা ব্যাপকামুমান (Induction) ব্যাপক-ব্যাপ্য অনুমান অথবা ব্যাপাাকুমান (Deduction) সন্ধায়ক (Copula) ত্রাবয়ব অনুমান-বাক্য (Sylogism) ব্যাপ্যামুমান-বিষয়ী স্থায় (Deductive Logic) জাতিবৰ্গ (Genus) অন্তর্জাতি (Species) কালাচিৎক (Incidental) বিধায়ক বাক্য (Positive proposition) নিষেক্বাকা (Negative proposition কাট কোণ (Right angle) বিশাল কোণ (Obtuse angle) লঘু কোণ (Acute angle) বায়ুভার-মাপক (Barometre) উষ্ণতা-মাপক (Thermometre) বর্গীকরণ (Classification) সমুদায়ীকরণ (Generalization) কাৰ্য্যাকুক্ৰম (Process) নিরোধ (Resistance)

উল্লিখিত পারিভাবিক শব্দের মধ্যে হই চারিটী কথা আমরা বোধ হর গ্রহণ করিতে পারি। ইহার মধ্যে কতকগুলি শব্দ আমাদের মধ্যেও প্রচলিত আছে। Induction ও Deduction ইহাদের প্রতিশব্দ বাঙ্গলায় আছে কি না জানি না। যদি না থাকে. তবে আমরা "বাপকানুমান" ও "বাপোনুমান" এই ছইটা শব্দ ৰোধ হয় গ্ৰহণ করিতে পারি। বাঙ্গলা "অস্তবীপ" অপেকা "ভূশির" আমার বোধ হয, Capeag ঠিক প্রতিশব্দ। কেননা "অন্তরীপ" অর্থে দ্বীপ ব্বাইলেও ব্রাইতে পারে। আমাদিগের "উপদ্বীপ" অপেকা মারাঠী "দ্বীপকর" শব্দটা Peninsula-র ঠিক প্রতিশব্দ। কেননা, উপদ্বীপ শব্দে কুদ্র দ্বীপও ব্রাইতে পারে। বিদ্যালয়ের "ক্লান"কে আমরা "শ্ৰেণী" বলিয়া থাকি, তদপেক্ষা "বৰ্গ'' শক্টী উপযুক্ত বলিয়া মনে হয়। বিদ্যালবের Standard শব্দের কোন প্রতিশব্দ বাঙ্গলায় আছে কি না জানি না। মারাঠী "ইযতা" শক্টা কি গ্রহণ করা ষাইতে পারে না? Sine of admiration-এব মাবাঠী প্রতিশব্দ "উদগার-চিহ্ন"। বাৰলায় টহাব কোন কথা আছে কিনা জানি না। কিন্তু এই অর্থে "উলগার" শব্দ ৰাঙ্গলায অচল। কেননা, ইহা ভিন্ন অর্থে ব্যবহৃত। এইরপ ভিন্ন অর্থে ব্যবহৃত সংস্কৃত শব্দের দৃষ্টান্ত ইতিপুর্বের "মহারাঠী ভাষা"র লেখক অনেকগুল দিবাছেন। আমিও আর কতকগুলি निर्दर्श :--

(প্রথমে মারাঠী—হাহাব পর বাঙ্গলা) অমুভব—অভিজ্ঞ । অমুভবী—অভিজ্ঞ।প্রাণাণিকপণা—খাঁটী বাবহার (honesty) শিক্ষা—
দিও। শিক্ষণ—শিক্ষা। অপবাদ—নির্মের বাতিক্রম (exception)
প্রান্ত—প্রদেশ। পারদর্শক—স্বচ্ছ (Transparent), স্বচ্ছ—পরিষ্ণত।
ভবা—উন্নতকার, মহৎ (noble, grand)। স্ট্না—প্রত্থাব।
প্রবাণ—পরীক্ষা। বন্ধ—স্হোদর ভাগ। ইত্যাদি।

বাঙ্গলায় এক কথায় honesty র ঠিক্ কোন প্রতিশব্দ আছে কি না কান্দিলা। অর্থ-নহন্ধায় honesty কে সংস্কৃত ভাষায় অর্থ-শৌচ বলে; hanest কে অর্থ-শুচি বলে। বাঙ্গলায় আমরা "examination" ও "experiment" এই উভর অর্থেই "পরীক্ষা" শব্দ ব্যবহার করিয়া থাকি; কিন্তু experiment-এর একটী স্বতন্ত্র প্রতিশব্দ থাকা আবশ্যক। আমার বোধ হয়, "experiment" (ক "প্রয়োগ-পরীক্ষা" বাললে মন্দ হয় না।

বাঞ্চলা অপেক্ষা মারাঠী ভাষায় অনেকগুলি যাবনিক শব্দ পাওয়া ষার। ""মহারাষ্ট্র ভাষা"র লেখক মহাশয় তাহার কারণও দেখাইয়া-ছেন। যবন-সংদর্গত তাহার কারণ। দেড় শতাব্দি পুর্বের, পেষোয়ার দফতরখানার লেখা-পড়ার কাজ সমস্তই পারশু ভাষায় সম্পন্ন হইত। উক্ত লেখক মহাশয়ের মতে, এই সকল যাবনিক শব্দ প্রবেশ লাভ করিয়া মহারাষ্ট্র-ভাষা যেন একট অধোগতি প্রাপ্ত হটয়াছে। আমাদের অনভাস্ত কানে, সংস্কৃত শব্দের পাশাপাশি, এই সকল যাবনিক শব্দ খারাপ শুনায় বটে; কিন্তু আমার বোগ হয় সে কেবল অভ্যাসের কথা। বাঙ্গলা ভাষায় যে সকল বাবনিক শব্দ মিশিয়া গিয়াছে, তাহা তো আমাদের কাণে খারাপ লাগে না। বরং স্থলবিশেষে তাহা সংস্কৃত শব্দ অপেক্ষা ভাবব্যঞ্জক। যথা, "জোর" এই যাবনিক শব্দ, আর "বল" এই সংস্কৃত শব্দ। যেখানে "জোর" শব্দ বদে, দেখানে বল শব্দ কিছ-তেই প্রয়োগ করা যায় না। যেমন, "কথার উপর জোর দেওয়া"। যে সকল চলিত বৈদেশিক কথা ভাষার মধ্যে মিশিয়া গিয়াছে, তাহার স্থলে নৃতন সংস্কৃত শব্দ প্রারোগ করা বিভৃত্বনা মাত্র। এই কারণেই শিবজা, মহারাষ্ট্রীদিগের উপর অসীম আধিপতা থাকা সত্ত্বেং, তাঁহার পণ্ডিতগণের রচিত শব্দগুলি মহারাষ্ট্র-ভাষার মধ্যে প্রচলিত করিতে সমাক্রপে সমর্থ হয়েন নাই। চলিত কথার মধ্যে এইরূপ অপ্রচলিত সংস্কৃত শব্দ ব্যৰহার করিলে নিতান্ত হাত্মাম্পদ হইতে হয়। যদি এখন व्यामता "ठानत"-এর ऋत्न "প্রাবরণী," "(গালাপের" ऋत्न "मकतन्न," [#]কারখানার" ভাবে "সম্ভারগৃহ"—"ফতুয়ার" ভবে "পাত্-কঞুক"

এবং "চৌকির" স্থলে "আসন্দিকা" ব্যবহার করি, তাহা হইলে কিরূপ শুনিতে হয় ?

আর এক কথা, সংস্কৃত আমাদের গৃহ-ভাণ্ডার-উহার দ্বার আমা-দিগের নিকট সততই উন্মক্ত। যথন ইচ্ছা, আমরা সংস্কৃত ভাষা হইতে শব্দ সংগ্রহ করিয়া ভাষার প্রষ্টি সাধন করিতে পারি। কিন্ত বৈদেশিক শব্দ. কোন ভাষার মধ্যে প্রবেশ লাভ করিতে হইলে কাল ও ঘটনার অপেক্ষা করে। যদি সৌভাগ্যক্রমে, ঘটনাচক্রে কতকগুলি বৈদেশিক শব্দ ভাষার মধ্যে মিশিয়া গিয়া থাকে. সে তো আমাদিগের "উপরি-লাভ।" তাহার জন্ধ আক্ষেপ কেন ? এখন আবার মহারাষ্ট্র-ভাষার মধ্যে সংস্কৃত শব্দ প্রবেশ করিতেছে। প্রায় ২০ বৎসর অতীত হইল, মহারাষ্ট্র-পণ্ডিত মৃত মহাত্মা বিষ্ণুশান্ত্রী চিপলোক্কার, তাহার লেখার প্রচুর সংস্কৃত শব্দ প্রথম বাবহার করিতে আরম্ভ করেন—ইনিই বলিতে গেলে, মহারাষ্ট্র গদ্য-সাহিত্যের গতি ফিরাইয়া দিয়াছেন। ইনি মহারাষ্ট্র দেশে, মহারাষ্ট্রীয় "নেকলে" বলিয়া প্রখ্যাত। ইহার প্রণীত "নিবন্ধ-মালা" মহারাষ্ট্র গদ্যের আদর্শ হল। আধুনিক লেখকেরা এখন ইঁহারই পদামুসরণ করিতেছেন; সংস্কৃত শব্দ ব্যবহারের দিকে ইঁহা দিগের প্রবণতা দেখা যাইতেছে। তা ছাড়া, আজকাল প্রসিদ্ধ ইংরাজী বৈজ্ঞানিক ও দার্শনিক গ্রন্থ সকল মহারাষ্ট্রীয় ভাষায় অনুবাদিত হই-তেছে--সুত্রাং অনেক শব্দ সংস্কৃত হইতে সংগৃহীত ও বিরচিত হইয়া উত্তরোত্তর ভাষার প্রষ্টিসাধন করিতেছে।

তবে, এ কথা বলিতে হয়, মহারাষ্ট্র-সাহিত্য, বাঙ্গলার তুলনায় এখনও অনেকটা পশ্চাম্বর্তী। এখনও উহার মধ্যে নবোদ্ধাবিনা প্রতিভার অভ্যুদয় হয় নাই। মারাঠী ভাষার অধিকাংশ আধুনিক গদ্য-উপস্কাস "কাদ্ধরীর" স্থায় প্রাচীন কালের আদর্শে বিরচিত। এই জন্ম, মারাঠী ভাষায়, গদ্য-উপস্থাস মাত্রেরই নাম "কাদ্ধরী"। সম্প্রতি একটা উপস্থাস গ্রন্থ প্রকাশিত হইরাছে তাহা অনেকটা আধুনিক ধরণের। * একটা স্ত্রীলোক তাঁহার বাল্যাবন্থার বৃত্তান্ত বর্ণনা করিতে-ছেন—ইহাই গ্রন্থের বিষয়। বেশ স্থাভাবিক সহজ্ব ভাষায়, ঘরের লোক-দিগের কথা, ঘরকন্নার কথা, এই গ্রন্থে বর্ণিত হইয়াছে।

বাঙ্গলার স্থায় বোম্বাট অঞ্চলেও নাট্যাভিনয়ের থুব ধুম। কোন মহারাষ্ট্র নাটকের অভিনয় দেখিতে গিয়া, মুণ্ডিত-মন্তক, শিখা-বিলম্বিত তিলক-চর্চিত-ললাট, প্রকাণ্ড-উষ্ণীষধারী মহারাষ্ট্র-শ্রোত্মগুলীর মধ্যেও যথন, "এনকোর" "এনকোর" ধ্বনি ও হাততালির চট্টটা শব্দ প্রথম গুনিলাম, তখন নিতাস্তই বিস্মিত হটয়াছিলাম। মহারাষ্ট্রীয়দিরের অধিকাংশ নাটকই পুরাতন সংস্কৃত নাটক ও ইংরাজী সেকস্পিয়ারের নাটক অবলম্বনে রচিত। মহারাষ্ট্রীয়দিগের মধ্যে অনেকগুলি কবিও হইয়া গিয়াছেন। "জ্ঞানেশ্বী", একনাথকুত রামায়ণ, মুক্তেশ্ব-কুত চার পর্ব্ব মহাভারত, তুকারাম, নামদেব, প্রভৃতির অভঙ্ক নামক ছন্দের পদাবলী, মোরোপস্ত-কুত মহাভারত, ভাগবত ও রামায়ণ-এই সকল কাবতা-প্রস্থ দাক্ষিণাতো প্রাসিদ্ধ। ইহার মধ্যে অল্পই কবিদিগের স্বকল্পিত রচনা, অধিকাংশই রামায়ণ ও মহাভারতের ভাষাস্তর। এই সকল মরাঠী কবিতার মধ্যে বৈরাগা ও পার্মার্থিক রুসেরই প্রাত্তাব ৷ রুসের বৈচিত্রা কিছুমাত্র নাই। তুকারাম, রামদাস, ইহারা কবি ও সাধু পুরুষ। তুকারামের অভঙ্গের স্থায় ভক্তস্থদয়ের অক্ত্রিম উচ্ছাস আর কোথাও পাওয়া যায় কি না সন্দেহ। এক বিষয়ে মহারাষ্ট্রীয়েরা ভাষ্যরূপে অহকার করিতে পারেন; — তাঁহাদের মধ্যে "বপ্পর" নামক স্বদেশীয় ইতিবৃত্ত আছে। আমরা ইতিহাসের কোন ধার ধারি না--- আমাদের যাহা কিছু ঐতি-হাসিক গ্রন্থ আছে, তাহার উপকবণ ইংরাজীগ্রন্থ হইতেই সংগৃহীত।

এই প্রস্থের নাম "পণ কোণ লক্ষাত থেতো" অর্থাৎ—"কিন্ত কে লক্ষা করে"—একঅন বিশ্ববিদ্যালয়ের উপাধিধারী কর্তৃক প্রাণীত।

আক্রকাল সংবাদপত্রাদির পরিচালনে মহারাষ্ট্রীর্দিগের প্রভৃত উদ্যম ও তৎপরতা দেখা যার; ক্কৃতবিদ্যমগুলীর শক্তি-সামর্থা, বলিতে গেলে, উহাতেই পর্যাবসিত। ত্ই চারিটী মাসিক প্রবন্ধপত্রত যোগ্যতার সহিত্ত পরিচালিত হইতেছে। ইহার মধ্যে, একটীর নাম "ভাষান্তর"—উহাতে প্রসিদ্ধ ইংরাজী গ্রন্থাদি ক্রমশঃ অমুবাদিত হইরা পরে পুস্তকাকারে প্রকাশিত হইরা থাকে। এইরূপে, নারাঠী ভাষায় অনেকগুলি উৎকৃষ্ট ইংরাজী গ্রন্থের অমুবাদ হঁহরা গিয়াছে। মহাবাদ্ধের ক্কৃতবিদ্যমগুলী আর একটী বৃহৎ ব্যাপারে হস্তক্ষেপ করিয়াছেল। ওরের প্রার্ক্ত সমগ্র ইংরাজী অভিধান ইহারা মারাঠী ভাষায় অমুবাদ করিতেছেন। এইরূপ ক্কৃত্রিম উপারে, মারাঠী-ভাষার বাস্তবিক উন্নতি হইবে কি না সে বিষয়ে বিলক্ষণ সন্দেহ আছে। যাহা হউক, ইহাতেও ক ০কটা উপকার হইতে পারে।

ষামরা যেরূপ আজকাল মারাঠী ভাষান আলোচনা আরম্ভ করিন রাছি, মহারাষ্ট্রদেশেন কুত্রিল্য লোকেবাও দেইরূপ বাঙ্গলা ভাষা । শিথিতে আরম্ভ করিয়াছেন। ইহা অতান আহ্লাদের বিষয়, সন্দেহ নাই। মহারাষ্ট্রায়দিগের মধ্যে ঘাঁহারা প্রার্থনা-সমাজের অন্তর্ভূত, তাঁহাদের মধ্যে কেহ কেহ "ব্রাহ্মধর্ম গ্রন্থ" ও "ব্রাহ্মধর্মের বাাখ্যান, মূল হইতে পড়িবার উদ্দেশেই বাঙ্গলা ভাষা শিক্ষা করেন, এবং কেহ বা, বাঙ্গলা ভাষায় প্রকাশিত্রান্ত্রামুর্কেদ-শাল্পের গ্রন্থ পড়িবার ক্ষা, কেহ বা বাঙ্গলা সংবাদ-পত্র ও সাহিত্যাদির গ্রন্থ পড়িবার ক্ষা, কেহ বা বাঙ্গলা সংবাদ-পত্র ও সাহিত্যাদির গ্রন্থ পড়িবার ক্ষা বঙ্গালাভাষা শিক্ষা করিতে উৎস্কে। "বধু-দর্পণ" নামক একটী মহারাষ্ট্রার প্রস্থে, শিবনাথ শাল্পী মহাশরের "মেঝ-বৌ" এবং অন্তান্ত ৰাঙ্গালী, লেথকদিগের প্রবন্ধ অন্থবাদিত হইরাছে। এইরূপ সাহিত্য-ক্ষাক্রী, ভাগিনেক আন্থানান-প্রদানে আমাদের মধ্যে যে প্রভূত উপকার হইবার সন্ত্রাবনা, ভাগি কে অন্থীকার করিবে ? মুরোপে যেমন, ফরাসী, জর্মান প্রভৃতি আধুনিক মুরোপীয় ভাষা শিক্ষা করা, ক্বতবিদ্য মাত্রেরই অবশ্র कर्खना वित्रा वित्विष्ठ इस, (मञ्जूल हिन्दी, वाश्रवा, मातारी, असदारी, প্রভৃতির মধ্যে হুই একটা ভাষা আমাদের সকলেরই শিক্ষা করা कर्खरा। विश्वविमालय, ध विषय छेरमार मित्वन, ध्रत्रभ व्यामा कता ছরাশা মাত্র। কিন্তু দৌভাগাক্রমে, আর এক দিক দিয়া, ইহার উত্তেজনা অল্ল স্বল্ল আরম্ভ হইয়াছে। এ দেশীয় লোক যাঁহারা চিক্লিত-পদবীর সরকারী কর্মচারী হইয়া বিলাত হইতে প্রত্যাগত হইতেছেন, তাঁহাদের মধ্যে কেহ কেহ স্বপ্রদেশে নিযুক্ত না হট্য়া, ভারতবর্ষের ভিন্ন প্রদেশে নিযুক্ত হইতেছেন-স্থতরাং তাঁহাদিগকে ভিন্ন প্রদেশের ভাষা বাধ্য হট্যা শিক্ষা করিতে হটতেছে। এইরূপে প্রকারান্তরে দেশ-ভাষাগুলির প্রসার বৃদ্ধি হইবার উপক্রম হইয়াছে ৷ যখন দেখিব, আমাদের সাম-রিক সাহিত্যপত্রাদিতে, মারাঠী, গুজরাটী, হিন্দী প্রভৃতি প্রাদেশিক ভাষায় রচিত গ্রন্থ সকলের সমালোচনা প্রকাশ হইতে আরম্ভ হইয়াছে. তখনই জানিব আমরা কতকটা উন্নতির পথে অগ্রসর হইয়াছি, এবং यथन (मिथर. এक नमरत नमछ शुरतार्थ (यक्रथ कर्तानी ভाষার আদর ছিল, সেইরূপ ভারতবর্ষের বিভিন্ন প্রাদেশের লোক, বাঙ্গলার সাহিত্য-সৌরভে আরুষ্ট হইয়া, বাঙ্গলা ভাষা আগ্রহ ও ওৎস্থকোর সহিত শিক্ষা করিতেছে, তথনই জানিব, বন্ধীয় সাহিত্য-গগনে গৌরব-রবির जिन्य श्टेयादैक।

ভারতে নাট্যের উৎপত্তি। *

ভারতে নাটাবিদ্যা যে এক সময়ে উন্নতির চরম শিখরে আবোহণ করিয়াছিল, তাহা প্রচলিত সংস্কৃত নাটকগুলি পাঠ করিলেই সহজে উপল্कि হয়। कान-প্রভাবে, অনেকগুল নাটক লুপু হুইরা গিয়াছে. যাহা অবশিষ্ট আছে য়ুরোপীয় নাট্য-সাহিত্যের তুলনায় তাহার সংখ্যা নিতাস্তই অল। কিন্তু সংখ্যায় অল হইলেও, গুণগ্রিমায় জগতের নাট্য-সাহিত্যের মধ্যে এখন ০-পর্যাস্ত উচ্চ-আসন অধিকার করিয়া আছে। কিন্তু তুংখের বিষয়, এমন অমূলা রত্নভাগুবের উত্তরাধিকারী হটবাও আমরা টহার যথার্থ মূলা ও মর্যাদা বুঝি না; বিদেশীয় শিক্ষার প্রভাবের হউক, বা যে কারণের হউক, আমাদের কৃচি এমনি বিক্লত • হইয়া গিষাছে, যে আমাদেব প্রাচীন নাটা-সাহিত্যের অক্লতিম সরল সৌন্দর্য্য আর আমরা উপভোগ করিতে পারি না। এখন বিদেশীয় युर्तार्शन गर्भा ९ टेशन य छो। जानन जार्क, जामानिरान मर्था তাহাও নাই। এখনও মধ্যে মধ্যে ফ্রান্স ০ জন্মাণি দেশে, তত্তৎ ভাষায় অনুদিত সংস্কৃত নাটকগুলি আগহ-সঠকারে অভিনীত হটয়া থাকে,— 🕻 আর আমাদের মধ্যে কি দৈখা যায় ৭—আমাদের রঙ্গপীঠে বিলাতি ভূতপ্রেতেরাও বরং স্থান পায়, তবু আমাদের সেট প্রান্ধীন স্তথার বিদুষকাদি ব্রাহ্মণ-সস্থানেরা তাহার ত্রিসীমার মধ্যেও প্রবেশ করিতে পান না। সেই স্ত্রধার-বিদূষকাদি পাত্র-সমন্বিত শকুস্কলার সৌন্দর্য্যে মৃত্য হইয়াই জর্মণির প্রসিদ্ধ কবি গতে বলিয়াছেন :---

> চাহ কি দেখিতে তুমি অভিনব বরষের ফুল, আর পরিণত বরষের ফল,

^{*} বন্ধীয় সাহিত্য-পরিষদে পঠিত।

আর সেই সব বাবে, চিন্ত হয় বিমোছিত, ,্ উল্লাসিত, ভোগভৃপ্ত, সম্ভোগ-বিহ্বল ; দেখিতে চাহগো যদি, একটি নামের মাঝে স্বর্গমর্জ দাম্মালিত দোঁহে একাধারে, শকুস্তলে! তোর নাম করি আমি উচ্চারণ, তাহলেই সব বলা হয় একেবারে।(১)

পশুক্তবর হরেস উইলসন্, প্রাচীন সংস্কৃত নাট্যের সমালোচনা করিয়া উপসংহারে এইরপ বলিয়াছেন:—(২) "হিন্দুদিগের এমন জনেকগুলি নাটক আছে যাহা আধুনিক মুরোপের অধিকাংশ নাটকের সহিত প্রতিযোগিতা-ক্ষেত্রে অনায়াসে টেক্কা দিতে পারে।" বৈদেশিকের মুখে ইহা বড় কম প্রশংসার কথা নহে।

কোন্ সময় হইতে ভারতে এই নাটাবিদাার অনুশীলন ও প্রয়োগ আরম্ভ হইয়াছে জানিবার জন্ত স্বভাবতহ আমাদের কোতৃহল উপস্থিত হর; কিন্তু এই কোতৃহল নিবৃত্তি করিবার কোন সহজ্ঞ উপায় নাই। ভারত সম্বন্ধীয় কোন তত্ত্বেই সময় নিরূপণ করা বড়ই কঠিন। নানা প্রকার অনুমানের আশ্রের ব্যতীত, কেবল প্রত্যক্ষ প্রমাণের উপর ভর দিয়া এ সম্বন্ধে কোন স্থনিশ্চিত সিদ্ধান্তে উপনীত হওয়া যায় না। ভাগো

^{(5) &}quot;Woulds't thou the young year's blossoms and the fruits
of its decline,

And all by which the soul is charmed, enraptured, feasted, fed, Woulds't thou the earth and heaven itself in one sole name combine

I name thee, O Sakuntola! and all at once is said."

^{(%) &}quot;.....much of that of the Hindus may compete successfully with the greater number of dramatic productions of Modera Europe".—H. Wilson—"Theatre of the Hindus."

গ্রীকেরা ভারত্তে আদির ছিল, ভাগ্যে তৎকালীন বৃস্তান্ত তাহাদের ইতিহাসে লিপিবদ্ধ হইরাছিল, তাই আন্ধ আমরা ভারত-ইতিহাসের কোনু কোন যুগের—বিশেষতঃ বৌদ্ধমুগের সময় নিরূপণ করিতে কিয়ৎ-পরিমাণে সমর্থ হইরাছি। কোনু সময়ে ভারতে নাট্যের আবির্ভাব হয়, তাহা নিরূপণ করিতে হইলে প্রথমেই প্রাচীন ভারতের সাহিত্যগ্রহাদি ও ভাষাত্তর আলোচনা করা আবশ্রক।

ভারতে নাট্য-প্ররোগ প্রবর্ত্তিত হইবার পুর্বের, স্কৃত-মাগধেরা শ্লোকনিবদ্ধ পৌরাণিক আখ্যান সকল পাঠ করিত, কুশীলবেরা বীণা বাদ্যাদিসহকারে সেই সকল আখ্যান গান করিয়া আবৃত্তি করিত, এবং নটেরা
নৃত্য করিত। প্রথমে উহারা কেবল অঙ্গবিক্ষেপ সহকারে নৃত্য করিত;
পরে নৃত্যের সহিত যখন গীতের যোগ হইল, তখন উহারা ভাব-প্রকাশ
করিয়া নৃত্য করিতে আরম্ভ করিল। নটের এই ভাব-প্রকাশের অভ্যাস
হইতেই নাট্যের প্রথম স্ত্রপাত হয়। * তাই আমাদের শাস্ত্রে, নৃত্যের
এইরূপ লক্ষণ ও ভেদ নিরূপিত হইয়াছে:—

যত প্রকার বিশেষ বিশেষ নৃত্য আছে, তত্তাবতের সাধারণ নাম নর্তন। ফল, চিত্ত-রঞ্জক অঙ্গবিক্ষেপেরই নামই নর্তন। যথা নর্তক-নির্ণয়ে,—

> "অঙ্গবিক্ষেপ-বৈশিষ্যং জ্বন-চিত্তামুরঞ্জনং। নটেন দর্শিতং যত্ত নর্ত্তনং কথাতে তদা॥"

অঙ্গবিক্ষেপের ছারা জ্বন-চিত্তরঞ্জন যে বিশেষ ব্যাপার নটের ছারা প্রদর্শিত হয় তাহাকেই নর্ত্তন বলে। "নাটাং নৃত্যং—নৃত্তমিতি ত্তিবিধং তৎ প্রকীপ্তিতং" নাটা, নৃত্য ও নৃত্ত নর্ত্তনের এই ত্তিবিধ প্রভেদ।

"নাটকাদি কথা দেশবৃত্তি ভাব রসাশ্রয়ং। ু কুছুর্মাভিনরোপেতং নাট্যমুক্তং মনীবিভিঃ॥" অর্থাৎ দেশ, বৃত্তি ভাব-রসাশ্রিত চারি প্রকার ক্লুভিনরের দারা নাটকাদি কথা প্রদর্শিত হইলে তাহাকে নাট্য বলা যায়।

নৃত্য ।—"অপুস্ত সর্বাভিনয় সম্পন্নং ভাবভূষিতং সর্বাঙ্গস্থলরং নৃত্যং সর্বলোক মনোহরং ।"

নেপথ্য বিধানের অধীন নহে, অথচ রস-ভাবাদির দারা বিভূষিত ও সর্ব্ধ-প্রকার অভিনয়ের দারা প্রদর্শিত যে নর্ত্তন তাহাকেই নৃত্য বলে।

এবং "হস্ত পাদাদি বিকেপৈশ্চমংকারাঙ্গশোভিতং

তাজু ।ভিনয়মানককরং নৃত্তং জনপ্রিয়ং।"

অভিনয় বৰ্জ্জিত, চমৎকারজনক অঙ্গবিক্ষেপ বিশেষের নাম নৃত্ত।
অতএব দেখা যাইতেছে পূর্বেনর্তুন, নটেরই কাজ ছিল.; কেন না,
"নটেন দর্শিতং যত্ত্র নর্তুনং কথাতে তলা।" আবার নাটাশান্তে আছে,—

"নট ইতি ধাত্বৰ্ভূতং নাটয়তি লোক বৃত্তান্তং

রসভাব সত্তযুক্তং যশ্বাৎ তশ্বাৎ নটো ভবেৎ।"

অর্থাৎ, রসভাবযুক্ত লোক-বৃত্তান্ত বে অভিনয় করে সেই নট। অতএব দেখা যাইতেছে, যে নট পূর্বেকেবল নর্ত্তক ছিল, পরে সেই নটই ক্রেমে অভিনেতা হইয়া দীড়ায়। বোধ হয়, সংস্কৃত "নর্ত্ত" শব্দ প্রাক্তত ভাষায় রূপান্তরিত হইয়া নট্ এই আকার ধারণ করিয়াছে। তাই মনে হয়, প্রাকৃত ভাষা প্রচলিত হইবার পূর্বেক্ ভারতে নাটোর উদ্ভব হয় নাই।

পণ্ডিতবর ওরেবর বলেন, ঝথেলে, অথর্ক সংহিতার ও ববুর্কেদে নৃত্তার পুনঃ পুনঃ উল্লেখ পাওরা যায়, কিন্তু সমন্ত বেদের মধ্যে কুতাপি নট্ শব্দের প্ররোগ নাই। এই নট্ শব্দ ও নট্ স্ত্তের উলেখ সর্ক-প্রথম পাণিনির গ্রন্থেই দৃষ্ট হয়। পাণিনি নাট্য-শব্দের ব্যাখ্যায় বিলিয়াছেনঃ—"নটানাম্ ধর্ম আয়ায়ো বা"; অর্থাৎ, নটদিগের ধর্ম বা শিক্ষাপ্রতি; কিন্তু শে সমরে মৃত্য ও নাট্যের মধ্যে কোন পার্থক্য

ছিল কি না, এই বাাখ্যা হইতে তাহা কিছুই স্পষ্ট জানা বার না। পাণিনিতে যে ছই নট-স্ত্র-প্রস্থের উল্লেখ আছে, তাহার মধ্যে একটির প্রণেতা "শিলালিন্" এবং অপরটির প্রণেতা "ক্লশান্ত।" এই ছই নটস্ত্রে নৃত্যকলার উপদেশ ছাড়া নাট্য-প্রয়োগ-সম্বন্ধে কোন উপদেশ ছিল কি না তাহা জানিবার উপায় নাই। গোল্ডই কার ও ভাগুারকারের মতে খঃ পুঃ ষর্চ শতান্থিই পাণিনির আবির্ভাব কাল। তথনও শাক্যাদিংহ আবির্ভূত হরেন নাই। কিন্তু সে সম্বের ভরত-নাট্যস্ত্র নামে কোন নাট্যস্ত্র প্রচলিত ছিল কি না, এবং সে স্ম্বের নাট্য-প্রয়োগ, হইত কি না, তাহারও কোন উল্লেখ বা নিদর্শন পাওয়া বার না।

তাহার প্রর সর্বপ্রথমে, পতঞ্জলীর মহাভাষ্যে নাটা-প্রয়োগের স্থুম্পষ্ট উল্লেখ পাওয়া যায়। গোল্ড গ্লৈকার ও ভাগ্ডারকার বলেন, বাহলিক প্রদেশের ঘৰনরাজ মিন্তাগুার এবং মৌর্যারাজ্যের উচ্ছেদকারী ও বৌদ্ধগণের উৎপীড়নকারী পুষ্পমিত্র, পতঞ্জলীর সমসাময়িক। এই যবন-বাহ্লিক রাজ্য খ্বঃ পুঃ প্রায় সার্দ্ধ হই শত বৎসর হটতে খ্বঃ পুঃ নানাধিক সাতার-বৎসর পর্যান্ত বিদামান ছিল। অতএব পতঞ্জনী, ঐ কালের কোন সময়ে আবিভূতি হইয়াছিলেন, বলা যাইতে পারে। তাঁহার প্রন্থে যথন নাট্য-প্রায়োগের পুনঃ পুনঃ উল্লেখ আছে, তখন সম্ভবতঃ তাঁহার পূর্ব্বেও উহা প্রচলিত ছিল। রামায়ণ ও মহাভারতের অনেক স্থলে যদিও রঙ্গভূমি, রঙ্গঞ্জী, নাট্যাগার, নাট্যালয় প্রভৃতি শক্ষের উল্লেখ পা ওয়া যায়, কিন্তু দে সমস্ত নৃত্য সম্বন্ধেই প্রযুক্ত হইত এরূপ অমুমান হয়'; কেন না, ারামায়ণ ও মহাভারতে স্তরধার, বিদুষক প্রভৃতি নটিকীয় পারিভাষিক নামের কোন উল্লেখ পাওয়া বার না—কেবল পান্তরা যায় এক হরিবংশে। ইহাতে রীতিমত নাট্য-প্রয়োগের বর্ণনা आर्टिं। गणि हित्रवर्भ महाভात एउन्हें जर्भ, किंद्र छेहा छेखनकार्क বিয়াচিত; এই নিমিত্ত উহার নাম "খিল"-হরিবংশ; খিল পর্বের

অর্থ-উত্তরকালে সংযোজিত। হরিবংশে রোমক-মুদ্রা ভিনারিয়াদের অপত্রংশ দিনার শব্দের উল্লেখ পাওয়া বার বলিয়া, মুরোপীয় পণ্ডিতগণ অতুমান করেন, খুষ্টাব্দের প্রথম কিংবা দ্বিতীয় শতাব্দির কোন সময়ে উহা মূল-মহাভারতের দহিত দংযোক্তিত হয়। স্বামরা মহাভারতকে এখন যে আকারে দেখিতে পাই, তাহা প্রক্লিপ্ত অংশে পরিপূর্ণ; অনেক প্রসঙ্গ উহাতে ক্রমশঃ সংবোজিত হইরাছে; এমন কি, মুরোপীর পঞ্জিতগণ বলেন, খুষ্টাব্দের ৪০০ বৎসর পর্যান্ত, এই সংযোজন কার্য্য हिनासिक्त । এथन कथा श्रेटिक्ट यिन পञ्चलीत नमरत्र व्यर्था थुः थुः তৃতীয় শতাব্দিতে নাট্য-প্রয়োগ প্রচলিত থাকে, আর যদি মহাভারতের সংযোজন-কার্যা খুষ্টাব্দের চারি শ গব্দি পর্যান্ত চলিয়া থাকে, তাহা হইলে হরিবংশর পুর্ববর্ত্তী মহাভারতের আর কোন অংশে, নাট্য-প্রয়োগের কিছা নাটকীয় পারিভাষিক কোন নামের উল্লেখ পাওয়া যায় না কেন ? ইহা একটি বিষম সমস্ভার বিষয় সন্দেহ নাই। আমার এইরূপ অনুমান মুয়, মূল-মহাভারতের সহিত অবাস্তর প্রসঙ্গের সংযোজনা বরাবর সমান **/ভাবে চলে নাই**। যে সময়ে মূল-মহাভারত রচিত হয়, সেই **অপেকা**-🕶ত প্রাচীন কালে সম্ভবতঃ নাট্য-প্রয়োগ প্রচলিত ছিল না। এবং আমার বিশাস, মহাভারত ও রামায়ণের সংযোজন-কার্য্য পতঞ্চলীর উত্তর-কাল হইতে আরম্ভ হইয়াছে, এবং সেই জন্মই দর্কপ্রথমে হরি-वरम्बर नांग्रे-প্রারোগের বর্ণনা দৃষ্ট হয়। নানা প্রকার অবান্তর প্রসঙ্গ মূল-মহাভারতের সহিত উত্তরকালে কেন সংযোজিত হইয়াছিল, **তাহারও একটি দঙ্গ**ত কারণ সহ**ন্ধে অনুমান ক**রা যাইতে পারে। ৰতদিন প্রবল পরাক্রাস্ক বৌদ্ধ নরপতি অশোক কিম্বা তাঁহার বংশধর-গণের আধিপত্য ছিল, ততদিন বৈদিকও পৌরাণিক হিন্দুধর্ম বড় একটা মাথা ভূলিতে পারে নাই। তাহার পর যথন মোর্য্য দেনাপতি পুশুমিত্র মৌর্যাক্তম ধ্বংস করিয়া কাশ্মীর হইতে মগধ পর্বান্ত স্বীয়

রাজত্ব বিস্তার করিলেন, তখন হইতে হিন্দুধর্ম আবার প্রবল হইরা উঠিল। খৃঃ পৃঃ ২৫০ বংসর হইতে কনিক্ষের রাজত্বের আরম্ভ-কাল খৃষ্টাব্দ ৭৮ বংসর পর্য্যস্ত এই হিন্দুধর্মের প্রভাব অক্ষ্ম ছিল। এই সময়েই ব্রাহ্মণেরা উৎসাহিত হইরা হিন্দু-পর্মের প্রভাব বিস্তার করিবার জন্ম নানা প্রকার পৌরাণিক উপাখ্যান মহাভারত রামারণের মধ্যে সন্ধিবিষ্ট করেন এবং বৌদ্ধ ধর্মের প্রভাব বাহাতে হ্রাস হর, তৎপক্ষে

বান্ধণা-ধর্মতন্তে সার্ধবর্ণিক লোকশিক্ষার কোন বাবস্থা ছিল না, বরং ব্রাহ্মণেরা লোকশিক্ষার বিরোধী ছিলেন। বৌদ্ধ ধর্ম আবিভূতি হটয়া সেই অভাব কতকটা দূর করিয়াছিল; নানা প্রকার লোকচিত্ত-হারী আখ্যানাদি বিবৃত করিয়া বৌদ্ধেরা বর্ণ-নিরপেক্ষভাবে সাধারণ লোকের মধ্যে নীভিগর্ম প্রচার করিতেন; পরে সময়ে সময়ে যথন হিন্দুরাজ্ঞার আধিপতা হয়, সেই সময়ে হথোগ বুঝিয়া ব্রাহ্মণেরাও বৌদ্ধ-দিগের প্রভাব প্রতিরোধ করিবার নিমিত্ত বৌদ্ধদিগেরই পদ্মা অনুসরণ করিয়া হিন্দুধর্মাত্বগত লোকশিক্ষার নানা প্রকার বাবস্থা করেন। সেই সময়েই বিবিধ পৌরাণিক আখ্যান মূল-মহাভারত রামায়ণের মধ্যে সংযোজিত হয়! এবং দেবদেবী, রাজ্বি, ব্রহ্মির্বি প্রভৃতির পবিত্র চরিত্র অবলম্বন করিয়া সেই সময়েই নাট্য-প্রয়োগের আরম্ভ হয়।

সার্ব্বর্ণিক লোকশিক্ষার উদ্দেশেই যে ভারতে নাটাবিদ্যার প্রথম সৃষ্টি হয়, তাহা ভরত-নাট্যশাল্লের প্রথম অধ্যারে স্পষ্টরূপে বিবৃত হই-য়াছে। নাট্য শাল্লে আছে:—কোন সময়ে অনধ্যায়কালে আল্লেয় প্রমুথ মুণিগণ নাট্য-কোবিদ ভরত মুণিকে নাট্যবেদ-সম্বন্ধে প্রশ্ন করায় ভিনি বিদ্ধানে, "সভাযুগ অতীত হইলে ত্রেতাযুগের আবির্ভাবে ব্রহ্মাণ্ড যখন গ্রাম্যধর্ম-প্রবৃত্ত কামলোভের বশীভূত হইল; ত্রিলোক যখন ক্রিনা-ক্রেম্যাধ্য-বিমৃত্ত স্থ্পত্তথে বিচলিত হইল; দেবাদানব-গন্ধর্ম-ব্যক্ষ-

রক্ষাদির ছারা যথন লোকপাল-প্রতিষ্ঠিত জন্মনীপ সমাক্রান্ত হটল, তথন ইন্দ্র-প্রমুখ দেবগণ পিতামহ ব্রহ্মাকে বলিলেন, আমরা এমন ঁএকটি ক্রীড়নীয়ক পাইতে ইচ্ছা করি যাহা দৃশ্য ও শ্রব্য উভয়ই হইবে। ব্ৰহ্মা তথাস্ত বলিয়া যোগস্থ হইলেন এবং যাহাতে শুদ্ৰজাতিরও শ্রাব্য হয় এই অভিপ্রায়ে এই নূতন পঞ্চম বেদের সৃষ্টি করিলেন।" বৌদ্ধ-পর্ম্মের আবির্ভাবের পুর্মের, ব্রাক্ষণেরা শুদ্রদের শিক্ষার জন্ম কোন ব্যবস্থা করেন নাই. অতএব স্পষ্টই দেখা যাইতেছে. বৌদ্ধদিণের প্রভাব প্রতিরোধ করিবার জ্ঞাই ব্রাহ্মণেরা বর্ণ নিরপেক্ষ লোকশিক্ষার উপায়-স্বরূপ নাটক ও নাটা-প্রয়োগের সৃষ্টি করেন। নাটা-প্রয়োগ লোক-শিক্ষার কিরূপ উপযোগী এবং তাহার দ্বারা কি কি বিষয়ে শিক্ষালাভ হুইতে পারে, তাহাও নাট্যশাস্ত্রে এইরূপ বিবৃত হুইয়াছে :- "এই নাট্যে কোথাও হন্দ, কোথাও ক্রীড়া, কোথাও হাস্ত, ও কোথাও বা যুদ্ধ বর্ণিত হইরাছে। ধর্ম্ম-প্রবুত্তের ধর্ম, কামীর কাম, ছবিনীতের নিগ্রহ, ধনাভিমানীয় উৎসাহ, অবোধের বিরোধ, পণ্ডিতের পাণ্ডিতা, রাজার বিলাস, ও ছঃথার্জের স্থৈর্যা, নানাবস্থার নানাভাব এই নাটো গ্রাথিত হইরাছে। ইহা লোক চরিত্রের অনুকরণ। উত্তম, মধাম ও অধম এই ত্রিবিধ লোকেরই কর্ম ইহাতে কীর্ভিত হইয়াছে। ইহা হিতোপদেশ-পূর্ণ। ইহা-ছঃখার্ত্তের ধৈর্যাসম্পাদক ও শোকার্ত্তের স্থকনক। विलट्ड कि. इंश मकत्वबंडे हिख-विरमापन कविरव। এই नाटी याहा ना पृष्टे श्टेरव अभन विमा नारे, अभन कला नारे, अभन यांग नारे, এমন কৰ্ম্মই নাই।"

"মালবিকাগ্নিমিত্র" নাটকে কালীদাসও গণদাসের মুখ দিয়া নাট্য-বিদ্যায় গৌরব এইরূপ ব্যক্ত করিয়াছেন :—

> "দেবের বাঞ্চিত অতি, নেত্র-তৃপ্তিকর যক্ত বলে মুনিগণ;

ক্ষুত্র এরে নিজ্ঞ-অঙ্কে হর-গৌরী ছই ভাগে করেন স্থাপন;

ত্রৈশুণ্য-সমৃদ্ভব নানারস-সমন্বিত লোকের চরিত ইথে হর প্রদর্শিত; নানাবিধ প্রকৃতির ভিন্নকৃচি লোক যত —স্বারি সমান প্রিয়, সর্ব্ব আরাধিত।"

মুরোপের প্রধান নাট্য-সমালোচক শ্লেগেল একস্থলে যাহা বলিয়াছেন তাহা এই সকল কথারই যেন প্রতিধ্বনি বলিয়া মনে হয়। বলেন "নাট্যালয়ে অনেক কলাবিদ্যা সমবেত হট্যা ইল্লক্ষালের প্রায় ফলোৎপাদন করে; উচ্চতম ও গভীরতম কবিছ, সম্পূর্ণ-সমাপ্ত কার্য্যের ছারা ব্যাখ্যাত হয়। বাস্তবিদা।, নানা প্রকার সমুজ্জন ভূষণে উহাকে ভূষিত করে; চিত্রবিদ্যা, দুর-নৈকট্যের বিভ্রম উৎপাদন করে; সঙ্গীত চিত্রতাতে স্থর বাঁধিয়া, চিত্তের আবেগ আন্দোলন বর্দ্ধিত করে; সকল বিদ্যাই উহাতে কিছু না কিছু আত্মকুল্য করিয়া থাকে। কোন লাতির মধ্যে শত শত বর্ষ হইতে যাহা কিছু সমাজিক উন্নতি, কলা · সম্বনীয় বাহা কিছু বিদ্যা-সম্পদ বহু পরিশ্রমে সঞ্চিত হইয়াছে, তৎসমস্তই कुट हार्ति चन्होत माला नाहे। नाहे। नाहे, कि वानक, कि बुक, कि खी, कि शुक्रम, कि छक, कि नीइ, मकन का कि अ शक्रहे নাট্য-প্রয়োগ চিন্তাকর্ষক এবং ইহাই স্থশিক্ষিত স্থপভা জাতিমাজেরই চিন্ত-বিনোদনের প্রধান উপায়। নাট্যালয়েই কি রাজা, কি সেনাপতি অতীত ঘটনা সকল, তাঁহাদের নিজ কার্য্যের ছার প্রত্যক্ষবৎ দর্শন করেন। এবং সেই সকল কার্য্যের অস্তরতম স্থ্রস্থান ও উদ্দেশ্য তাহাদের निक्षे छम्बंष्टि रहा। अमन कि, जक्कानीता अरे नागि श्रादार মানবপ্রাক্ততি-সম্বন্ধে গভীরতম চিম্কার বিষয় প্রাপ্ত হন।" লোক শিক্ষাই व नाहात्वादारंगंत व्यथान छेरक्त वर वह छेरक्त माधानत क्षा है। বে আন্দর্শের। বৌদ্দিগের সহিত প্রতিযোগিতার নাট্য প্ররোগ প্রথম প্রবর্ত্তিত করেন, তাহা কতকটা অনুমান করা ঘাইতে পারে।

মুরোপীর পণ্ডিতেরা ভাবিয়া পান না, কি করিয়া এই সর্বাঙ্গস্থনর পূর্ণ-গঠিত নাট্য-সাহিত্য ভারতে উৎপন্ন হইল। ইহা যে স্থাভাবিক নিয়মে ভারত-ভূমিতেই উৎপন্ন হইয়াছে তাহা তাঁহারা সহসা বিশ্বাস করিতে চাহেন না। ওয়েবর-প্রমুথ কতকগুলি মুরোপীয় পণ্ডিত প্রমাণ করিতে চেষ্টা করেন,—সামাদের নাট্যকলা দেশের মাটিতে অন্কুরিভ হইয়া কালসহকারে স্বাভাবিক নিয়মে পরিবর্দ্ধিত হয় নাই, পরস্ক বিদেশীয় গ্রীকদিগের সংশ্রব-প্রভাবে উৎপন্ন হইয়াছে ৷ ওয়েবার এইরূপ অমুমান करतन, यथन बााकि हि यांत शीक ताब्वाटनत नतवादत शीमीय नांहेटकत অভিনয় হইত, সেই সকল অভিনয় দেখিয়া পঞ্জাব ও গুৰুৱাটের হিন্দুদের অমুকরণবৃত্তি উত্তেজিত হয়, এবং এইরূপে হিন্দুনাটোর উৎপত্তি হইয়াছে। কিন্তু ওয়েবর সেই সঙ্গে এ কথাও বলিয়াছেন যে, গ্রীসীয় ও হিন্দুনাট্য-সাহিত্যের মধ্যে কোন আভাস্তরিক বোগ দৃষ্ট হয় না। ইহা হইতেই ৰুঝা গাইতেছে তাঁহার অনুমানটি কতটা অদার ও ভিন্নিহীন। আসল কথা, সাহিত্য-কলা সম্বন্ধে গ্রীস্ট মুরোপের আদিম শিক্ষাগুরু; তাই প্রাচীন গ্রীদের প্রতি উাহাদের এতটা অন্ধভক্তি যে, কোন কলা-বিদ্যা গ্রীস ছাড়া আর কোথাও যে স্বতঃ উৎপন্ন হইতে পারে তাহা তাঁহারা যেন সহসা বিশ্বাস করিতে পারেন না। আবার ডেনিশ্ পণ্ডিত ই-ব্রাণ্ডিস্, ওয়েবার অপেক্ষা আর একটু বেশী দুর গিয়াছেন। তিনি বলেন, New Attic Comedyর সহিত হিন্দুনাটকগুলির **শাভ্যম্বরিক বোগও দেখিতে পাওয়া বায়; বিশেষতঃ উক্ত** গ্রীক करमि व्यवस्थन कतिया त्रामक नाठेककात क्षीठान ও टिटरन्म त्य नेकन नार्टेक तहना कतिशास्त्रन, जाशास्त्रवे मश्जि शिसूनारिहेत विस्तर মিল আছে। এই ডেনিশ্ পণ্ডিতের মত অমুদরণ করিয়া, জর্মাণ

পণ্ডিত উইণ্ডিশ্ (Windish) এই বিষয়ে একটি প্রবন্ধ লেখেন। তিনি বলেন :-- "প্রাচ্য ও প্রতীচ্য ভূভাগের মধ্যে অনেক দিন হইতে গতিবিধি ছিল। তুইটি দার দিয়া গ্রীদের বিজ্ঞান-কলা ভারতে প্রবেশ করে; স্থলপথে বাক্টিয়া ও প্যালমাইরা দিয়া, এবং জ্লপথে আালেকজ্ঞাভিয়া · ভারত উপকুলের প্রাচীন বন্দর "বারিগোলা" অর্থাৎ আধুনিক "ব্রোচ'' দিয়া। সেই সময়ে, অর্থাৎ ৮০।৯০ খুষ্টাব্দে ব্রোচ ও উজ্জয়ি-নীর মধ্যে সতেকে বাণিজা চলিত। সর্বাপেকা প্রাচীন নাটক মৃচ্ছকটিকের দৃশুস্থল উজ্জায়নী। এইহেতু উইত্তিশ মনে করেন, ভারতীয় নাট্যকলা উজ্জয়িনীতেই প্রথম পরিপুষ্ট হয়, এবং আলেক্-জ্যাতি য়া ও উজ্জবিনীর মধ্যে গতিবিধি থাকা প্রযুক্তট হিন্দুরা রোমক-দিগের নিকট নাট্য-বিদ্যার আভাস পান। খুষ্টাব্দের পুর্বেও ইজিপ্টের সহিত ভারতবর্ষের গতিবিধি ছিল; কিন্তু খুষ্টাব্দের প্রারম্ভেট রোম ও রোমীয় প্রদেশাদির সহিত গতিবিধি আরম্ভ হয়। স্থতরাং নৃতন গ্রীক কমেডিগুলি—অন্ততঃ প্লোটাস ও টেরেন্স সেই সকল কমেডির ছায়া অবলম্বন করিয়া যে নাটকগুলি রচনা করেন, তাহা খুব সম্ভব হিন্দু-দিগের গোচরে আসিয়াছিল। সংস্কৃত নাটকের রচনা-পদ্ধতি অনেকটা প্রোটাস ও টেরেন্সের রচনা-পদ্ধতির স্থায়; উহাদিগেরই স্থায় হিন্দু-নাটকগুলি অঙ্কে বিভক্ত, এবং প্রতি অঙ্কের আরম্ভে সংস্কৃত নাটকেও "প্রলোগ" অর্থাৎ প্রস্তাবনা দৃষ্ট হয়। ভারতীয় ও রোমীয় নাটকের আখ্যান-বস্তু, পরিপুষ্টি, উপদংহার, ধরণধারণ অনেকটা এক রক্ষের।" मानिलाम, हिन्दू ७ तामकिनरात मध्य (म नमरा गिर्विधि हिन; মানিলাম হিন্দু ও রোমক নাটকের মধ্যে অনেকটা দাদু আছে ; কিছ ইহা হইতে কি করিয়া প্রমাণ হইল যে হিন্দুরটি রোমক্দিগের নাট্য-পদ্ধতির অন্তুকরণ করিরাছে, এবং রোমকেরা হিন্দুদিগের নাট্য-পদ্ধতির অফুকরণ করে নাই ? বরং ইহার বিপরীতটাই তো সম্ভব বলিয়া মনে

रत्र। (अर्गन वरनन.—: भोगिन (हेर्द्राच्मत नाहिक श्वनि. New Attic Comedyর অর্থাৎ মিক্সাণ্ডার প্রভৃতি কবিগণ-রচিত নূতন গ্রীকনাটকেরই স্বাধীন অমুবাদ—অর্থাৎ ছায়া। শুধু তাহা নহে গত ফেব্রুয়ারি মাদের Ninteenth Century নামক প্রাণিদ্ধ ইংরাজি মাদিক-পত্রিকার. "গ্রীকভাষার অনুশীলন" এই শীর্ষক প্রাবন্ধে হর্বার্ট পৌল বলেন:-"Terence, most graceful and elegant comedian is now supposed to have simply translated Menanden, unless indeed, as some say, he was a mere amanuensis of the real translator, Scipio Africanus Plautus, who wrote the purest and raciest vernacular, as became a slave, born in the house, is believed to have copied Dippisus and other Greeks as faithfully as Moliere in the Amphitryon, copied him''- মত্তবে এই লেখকের কথা যদি সভা হয়, প্লোটাস ও টেরেন্সের নাট্য-রচনা, গ্রীক নিউ-কমেডির ওর ছারা মাত্র নহে, উহা দাসবৎ অবিকল অমুবাদ। আমরা দেখিতে পাই, নুতন গ্রীক কমেডিতে অক্কচ্ছেদের কোন বাবস্থা ছিল না, তবে তাহার রোমক অনুবাদকারীরা এই পদ্ধতি কোথা হইতে পাইলেন ? নিশ্চয় তাহা হইলে হিন্দুদিগের নিকট হইতেই পাইয়াছেন বলিতে হইবে। কেন না, যাহারা কেবল অমুবাদকারী, তাহাদের দারা নুতন কিছু উদ্ধাবিত হওয়া সম্ভব নহে। জর্মাণ পণ্ডিত Windish, আর এক कथा रत्नन:--मृद्धकिटिक (यज्ञभ दिनुषक, विषे, ७ भकांत (पश्चिष्ठ পা ওয়া যায়, গ্রীক কমেডিতেও তাহাদেরই অনুরূপ Servus currens, Parasitus edas ও Miles gloriosus, নামক পাতাদি দৃষ্ট হয়। তিনি আরও বলেন, যে সময় রোমকদিপের সহিত হিন্দুদিগের গতিবিধি ছিল, প্রায় সেই সময়কার নাটকেই, বিদুষকাদির উল্লেখ

পাওরা যার, ভবভূতীর নাটকাদিতে তাহার উল্লেখ পাওরা বার না। কিন্তু Windish সাহেব বোধ করি জানেন না, বে শৃলার-রস-প্রধান নাটকেই বিদ্ধকাদি পাত্রের অবতারণা প্রশন্ত, করুণ-রস ও বীর-রস-প্রধান নাটকে উহাদের অবতারণা আমাদের নাট্যশাস্ত্র-বিরুদ্ধ । তা ছাড়া, আালেকজ্ঞাণ্ডারের পরবর্ত্তী কালে নৃতন গ্রীক কমেডির স্পষ্টি হয়, এবং সেই সময়েই হিন্দুলিগের সহিত ব্যাক্টিরা অর্থাৎ বাহ্লিকম্ব গ্রীকদিগের গতিবিধি ছিল; অতএব তাঁহারা যে আমাদের নাটকের অমুকরণে বিদ্ধকাদির ন্তায় পাত্র-সমূহ তাঁহাদের নাটকে সল্লবেশিত করিবেন, তাহাতে আর আশ্রুষ্ঠা কি । এই স্থলে মূল নিউকমেডির উল্লেখ করিলাম—কেন না, প্রোটাস্ ও টেরেন্সের রচনাণ্ডলি, নিউক্মেডিরই ছবছ নকল্মাত্র।

পুর্ব্বে বলিয়াছি, হরিবংশে রোমক মুদ্রা দিনারের উল্লেখ পাওয়া
ষার; অতএব যে সময়ে রোমদিগের সহিত হিন্দুদিগের গতিবিধি ছিল,
সেই সময়েই যে হরিবংশ মুল-মহাভারতের সহিত সংযোজিত হয়,
তাহাতে আর সন্দেহ নাই। সেই হরিবংশে আমরা নাট্য-প্রয়োগেরযেরূপ বর্ণনা পাই তাহাতে কি মনে হয়,—স্ত্রধার, বিদ্বক প্রভৃতি
নাটকীয় পাত্রগণ কোন বিদেশীয় জাতি হইতে গৃহীত হইয়া নাট্যে
সদ্য প্রবর্ত্তিত ? —না উহা বছকাল হইতে চলিয়া আসিতেছে ? শচীনামী
একটী হংসী, দৈতারাজ বজ্বনাভের নিকট এইরূপ বলিতেছে :—

"রাজন!—এক নাটকে দেখিলাম, তিনি এক মুনির বর-প্রসাদে কামরূপী, সকলের প্রিয় ও নৃত্যকলাভিচ্চ হইয়া কথন উত্তরকুরু, কথন কলাপদ্বীপ, কথন ভদ্রাখ, কথন কেতুমাল, কথন বা অভ্যাভ স্থান, এইকুকু, তিতুবন বিচরণ করিতেছেন।" বজ্ঞনাভ কহিল "হংসি, অন্ন দিন হইল, আমি সিদ্ধচারণ প্রভৃতি মহাত্মাদিগের প্রমুধাৎ ঐ নটের ক্রথা জনেক শুনিরাছি। তাহাকে দেখিবার জ্ঞা আমার উৎস্কা

অবিষয়াছে। বাহাতে সে আমার গুণাবলী শ্রবণ করিয়া এখানে স্বরং উপস্থিত হয়, তুমি ভাহাই কর।" হংসী কহিল, "দৈত্যরাজ। নটেরা স্বভাবতই গুণহার্য। মহারান্তের গুণাবলী তাহার কর্ণগোচর হইলে. অবশুই তাহাকেই আপনার নগরে আগমন করিতে হুইবে।" হংসী এই কথা কহিলে, বন্ধনাভ পুনরার কহিল, "তবে বাহাতে দে আমার নগরে আগমন করে, তুমি তাহার উপায় বিধান কর।" বছ্রনাভ আপনার কার্য্য উদ্দেশে হংসদিগের বিদায় দিলে, তাহারা দেবেক ও ক্লাডের নিকট উপস্থিত হটয়া আদ্যোপান্ত সমস্ত বর্ণন করিল। ক্লাড প্রহামের প্রতি বন্ধনাভের কলা প্রভাবতী-পরিণয় এবং বন্ধনাভ-বিনাশ, এই হুই কার্য্যের ভার প্রদান করিলেন। অনস্তর তিনি মায়াদেবীর প্রভাবে, যাদবগণকে নটবেশে সজ্জীভূত করিয়া প্রেরণ করিলেন। প্রথম নায়ক, শাম্ব বিদূষক, গদ ও অক্তান্ত যাদবগণ পারিপার্শ্বিক, এবং বারবনিতাগণ নটীবেশে সজ্জীভূত হইয়া প্রায়-বিহিত রথে অধিরোহণ পুর্বক দেবগণের কার্য্য-সাধনার্থ প্রস্থান করিলেন। ষথাকালে তাঁহারা দানবাকীর্ণ বঞ্জপুরের স্থপুর নামক উপনগরে উপস্থিত হইলেন। নট আসিয়াছে এই কথা শুনিয়া স্থানুরবাসী দানবদিগের আনন্দের পরিসীমা রহিল না। নটের বেশ-বিভাস জ্বন্ত তাহারা রাশি রাশি রত্ব প্রদান করিল। তাহার পর নট রঙ্গভূমিতে নৃত্য আরম্ভ করিলে পুরবাসীদিগের আর আহলাদ রাখিবার স্থান রহিল না। নৃত্যের পর, মহাকাব্য রামারণ অবলম্বন পূর্বকে নাটক আরম্ভ হইল। যথন এক একটি অংশ অভিনয় হইতে লাগিল, তখন দৈত্যেরা উঠিয়া महानाम ही दकांत्र आंत्रष्ठ कतिल धवः उदकृष्टे वञ्च, क्छी, वलत्र ७ देवहूर्या-বিভূষিত হেম্মর হার প্রভৃতি নানা উপহার প্রদান করিতে লাগিল। অর্থলাভের পর, বাদবগণও দঙ্গীত মধ্যে মুনি ও অস্থরগণের নাম ও : গোত্র নিবন্ধ করিরা ভাহাদিগের অভিনন্ধন করিতে লাগিলেন। অনস্তর

ঐ উপনগর-নিবাসী দানববৃদ্দ সেই স্থনিপুণ নটের আগমনবার্ত্তা मानत्वत्क्षत कर्परगाठत कतिरल, मानवताक धानिक्छ इटेश कहिन. শীল্প তাহাকে পুরীমধ্যে আনয়ন কর।" আক্সা মাত্র, উপনগর-নিবাসী मानवर्गन निर्दरमधाती यामविमिश्वक विश्वभुद्ध नहेवा (राम । उथन मानव ক্ত্র-মহোৎসব উপলক্ষ্য করিয়া সৈনিকদিগকে নাটকাভিনয় দর্শন করিতে আহ্বান করিল। অনস্তর সমাগত নট, স্থন্দররূপে বিশ্রাম করিলে, তাহাদিগকে রত্মাদি প্রদান করিয়া নাটকাভিনয় করিতে আজ্ঞা कतिल, ध्वरः तक्रकृमित निकाउँ यवनिका मार्श अन्तः श्रुतातिनी विश्वास সংস্থাপন করিয়া, স্বয়ং জ্ঞাতিগণে পরিবেটিত হটয়া, নাটকাভিনয় দর্শনে সভামধ্যে উপবিষ্ট হইল। অনস্তর অন্তত্ত-কঠোর-কর্মা যাদবগণ নেপথ্য-বিধি সমাপনাত্তে রঙ্গভূমে আসিয়া নৃত্যের উদ্যোগ করিলেন। প্রথমত (वन्, मुबक, आनक व्यवश उद्योवक वीना मकन वानित इटें कार्निन। অনস্তর বারবনিতাগণ গান্ধার, ছালিকা প্রভৃতি অমৃতায়মান, শ্রবণ-স্থুথকর সঙ্গীত-সকল গান করিতে আরম্ভ করিল। নিষাদ, ঋষভ ও গান্ধাকাদি সপ্তস্তর, এবং মুর্চ্চনা-সহকারে গঙ্গাবতারণ নামক সঙ্গীত সমালোচিত হইতে লাগিল। তাল-লয়-সংযুক্ত স্থমধুর সঙ্গীত প্রবণে, দানবগণের আনন্দ দাগর উদ্বেলিত হট্যা উঠিল। প্রহায়, গদ ও শাস্ব, निर्दर्भ निक्वामा वामन क्रिटि लाशिलन। निक्वामा (आंश्रुवारे) শেষ হইলে প্রহায় অভিনয়ের সহিত গঙ্গাবতারণ গান মিশ্রিত শ্লোকপাঠ আরম্ভ করিলেন। প্রত্যায়ের মাথায় কৈলাশ পর্বত কল্পিত হইল। তাঁহাদিগের পাদোভোলনপুর্বক নৃত্যও অভিনয়ে দানবগণের আহ্লাদের সীমা রহিল না।"

এই নাট্যাভিনরের বর্ণনা পাঠ করিলে মনে হর, নাট্যকলা তথনও অংশক্ষাকৃত অমার্ক্তিত অবস্থার ছিল; ইহার নৃত্যভন্থী ও ধরণধারণে ক্ষেত্রক প্রামা-সরলতা লক্ষিত হর, তাহাতে ইহা বৃদ্ধকটিকেরও পুর্কে রচিত বলিয়াই মনে হয় । ভারতে নাট্যকলার কিরপ ক্রমবিকাশ হইরাছে, ইহার মধ্যে তাহার যেন একটি সংক্ষিপ্ত ইতিহাসের আভাষ পাওরা যায় । অভিনয়-সহকারে নৃত্য, অভিনয়-সংকারে গান-মিশ্রত শ্লোক পাঠ, এবং বিদ্যকাদি পাত্র সমন্বিত প্রকৃত নাটাপ্রয়োগ এই তিনই ইহাতে দৃষ্ট হয় । য়ুরোপীয় পণ্ডিতগণ মৃচ্ছকটিক নাটককে অবলম্বন করিয়া তাঁহাদের সমস্ত অনুমান-যুক্তি বিস্থাস করিয়াছেন । কিন্তু স্ত্রধার বিদ্যকাদি নাটকীয় পাত্রগণ মৃচ্ছকটিকে যে প্রথম প্রবর্তিত হয় নাট্টু, তাহার পূর্ব্ব হইতেই চলিয়া আসিতেছে, তাহা মৃচ্ছকটিক পাঠে এবং হরিবংশের এই নাট্য-বর্ণনা পাঠে স্পইরূপে উপলব্ধি হয় :

ইতিপুর্বে আমি তর্ক ংলে বলিয়াছিলাম, গ্রাকদিগের নিউকমেডির অমুবাদকারী প্লোটাস ও টেরেন্স প্রণীত নাটকের অক্কচ্ছেদ-প্রদৃতি. প্রস্তাবনা ও পাত্রাদি আমাদের প্রাচীন নাট্য-পদ্ধতি হইভেট গৃহীত: কিন্তু আমার আন্তরিক বিশ্বাস, বস্তুতঃ কেহ কাহার ও অনুকরণ করে নাই। কি গ্রীস, কি ভারত উভয় দেশেরই নাট্যকলা স্বাভাবিক প্রােষ্ট্রের উত্তেজনায়, উভয় দেশেই স্বতঃ উৎপন্ন হইয়াছে ৷ মানব-চরিত্র সর্ব্বত্রই সমান। বিদ্যক, বিট ও শকারের স্থায় লোক সকল দেশেই বর্ত্তমান। সেইজ্জ, রোমীয় নাটকে যদি আমরা ঐরপ কোন পাত্র দেখিতে পাই, তাহাতে বিশ্বয়ের কোন কারণ দেখা যায় না। সকল দেশের সাহিত্যের মধ্যেই, কোন না কোন অংশে পরস্পারের ছায়া ও সাদৃশ্র লক্ষিত হয়, এবং কোন কোন অংশে এরূপ সাদৃশ্র দেখিলেই, তাহা অপর কোন জাতির অমুকরণ বলিয়া সহসা সিদ্ধান্ত করা যুক্তিসঙ্কত নহে। তাহার দৃষ্টাস্ত, ভবভূতীর উত্তর চরিতে, "নাটকের মধ্যে নাটক আছে"; সেকস্পিররের হামলেটেও তাহাই আছে। ভবভূতি সপ্তম শতাব্দীর লোক, সেক্সপিয়র বোড়শ শতাব্দীর লোক। त्में त्यांक्रम मठाबोटि, इहे अकबन हेश्ताब अएएटेन ता आंगिशो-

ছিলেন এমত নহে; এমন হইতে পারে, তাহাদের মধ্যে দেক্সপিররের কোন বন্ধ ছিলেন। তিনি এই নাট্য-কৌশলটি ভারতবর্ষে অবগ্রত হইরা, দেশে ফিরিয়া গিয়া তাঁহার বন্ধর নিকট গরক্তলে প্রকাশ করেন, এবং সেক্সপিয়র তদমুসারে এইরূপ দৃশু তাঁহার নাটকে সন্নিবিষ্ট করিয়াছিলেন। এইরূপ কাকতালীয় যুক্তি উইভিশ্-প্রমুখ পণ্ডিতগণের ব্রুক্তিপ্রালীয়ই অমুরূপ। আসল কথা ধরিতে গেলে, প্রৌটাস্ ও টেরেজের রচনার সহিত মৃদ্ধকটিকের অবাস্তর বিষয়ে সাদৃশ্য থাকিলেও, উভয়ের মধ্যে প্রকৃতিগত আকাশ-পাতাল প্রভেদ।

উক্ত রোমক নাট্যকারদিগের রচনা লবুধরণের কমেডি মাত্র। কিন্তু মুদ্ধকটিক নাটককে, কমেডি বলিব কি টাজেডি বলিব, ভাবিয়া সহসা স্থির করা যার না। উহাতে এক দিকে যেমন হাস্ত-পরিহাস, আর এক দিকে তেমনি কারুণ্য-বিলাপ, এক দিকে যেমন নীচ ক্ষুদ্র চরিত্তের বর্ণনা, অপর দিকে তেমনি সদাশয় মহৎ চরিত্রের চিত্র দেখিতে পাওয়া যায়; এক কথায়, উহা ঠিক কমেভিও নহে, ট্রাঞ্চেভিও নহে। যদি যুরোপীর আদর্শ-অনুসারে কোনও শ্রেণীর মধ্যে উহাকে পরিগণিত कतिरा दश, जाहा इहेरल छहारक मिक्सिशाय क्रूड हेरताबि नांवेकांति, কিম্বা স্পেন দেশীয় নাটকাদির স্থায় Romantic — অর্থাৎ মিশ্র স্বাতীয় নাটক শ্রেণীর মধ্যে ধরা ষাইতে পারে। আমাদের অধিকাংশ সংস্কৃত নাটকই এই ধরণের। সেইহেতু প্রসিদ্ধ জন্মান পণ্ডিত প্লেগেল, Sir William Jones-কৃত অভিজ্ঞান-শক্সলার ইংরাজি অফুবাদ যথন প্রথম পাঠ করেন, তথন উহা সংস্কৃত নাটকের যথায় অমুবাদ বলিয়া তাঁহার বিখাস হয় নাই; তিনি মনে করিয়াছিলেন, সেক্সপীয়রের রচুনার প্রতি সার উইলিরাম জোন্সের স্বাভাবিক অন্থরাগ থাকা-প্রযুক্ত উইছার অহ্বাদটিও দেক্দপীররের ভাবে অহ্বঞ্জিত হইরাছে। তাহার প্র বর্থন অন্তান্ত সংস্কৃতক্ষ যুরোপীর পঞ্চিতেরা ঐ অন্থবাদের বিশুস্কৃত্য

সম্বন্ধে সাক্ষ্য প্রদান করিলেন, তথনই তাঁহার প্রভার হইল। যদি ঘটনাক্রমে সেক্সপীরর ও কালিদাস সমসাময়িক হইতেন, এবং তাঁহাদের মধ্যে গতিবিধির কিছুমাত্র সম্ভাবনা থাকিত, তাহা হইলে তিনিও Windish প্রভৃতির স্থায় নিশ্চয়ই সিদ্ধান্ত করিতেন যে, কালিদাসের শকুন্তলা সেক্সপীয়রের অনুকরণে লিখিত।

আলার-সম্বান্ধ প্রম্বের মধ্যে ভরত ক্বত নাট্যশাল্পই সর্বাপেকা প্রাচীন। তাহাতেও দশরপকের ভেদ ও স্ত্রধার বিদ্বকাদির লক্ষণ বির্ত্ত হইরাছে। নাট্য সম্বন্ধে এরপ বিস্তৃত আলোচনা আর কোন অলম্বারশাল্পে নাই। এই নাট্যশাল্প কোন্ সময়ে রচিত হয়, তাহার ক্রুকটা আভাস পাইলে, জানিতে পারা বায়, তাহারও ক্তকটা পূর্ব হইতে, সম্বতঃ ভারতে নাট্য-সাহিত্য ও নাট্য-প্রয়োগের আরম্ভ ইইরাছে। ভরত মুনিই নাট্যবিদ্যার প্রবর্ত্তক ও গন্ধর্ব-বেদের প্রণোতা বলিয়া প্রাস্থিম। অথচ মহাভারতাদিতে ভরত মুনির কোন উরেথ পাওয়া বায় না। যাহা ইউক তিনি গে একজন স্থানপুণ অভিনেতা ও প্রতিভাশালী নাট্যাচার্য্য ছিলেন তাহা নাট্যশাল্পে ভরত-সংজ্ঞার য়ে লক্ষণ দেওয়া হইরাছে তাহা হইতেই উপলব্ধি হয়। ভরত মুনির শিব্যগণ ভরত নামেই অভিহিত হইরা থাকে। "ভরতাশ্রন্থাচচ ভরতঃ":—

"ধূর্ব্যবদেকো যন্মাহ্নারোহনেক ভূমিকাযুক্তঃ ভাওগ্রহোপকরনৈর্নাটাং ভরতো ভবেত্তমাং।"

বৃহৎ কার্যাভার গ্রহণ করিয়া, ধৃর্যাবান্ হইয়া, একাকী যিনি বছ ভূমিকাযুক্ত নাট্য, ভাওগ্রহ উপরণ দারা, অর্থাৎ সাজ্ঞসজ্জার দারা প্রদর্শন করেন তিনিই ভরত।

ভরত মুনির নাটা-স্ত্র অবলম্বন করিয়া যে নাট্যশাস্ত্র গ্রন্থ কোন এক সময়ে প্রণীত হর, ভাহাই অধুনা ভরত-প্রণীত নাট্যশাস্ত্র নামে খ্যাত। ভরতের নাট্য-স্ত্র বলিয়া আর কোন পৃথক্ গ্রন্থ ছিল কি না, ভাহার কোন সন্ধান পাওরা যার না। কিন্তু এই নাট্য-শাস্ক্রটাও একটি প্রাচীন গ্রন্থ। প্রাচীনব্রের একটা নিদর্শন এই, উহার গীতাখ্যারে রাগ রাগিনীর কোন উরেথ নাই। কিন্তু তবু ইহা হইতে বুঝা যার না, ইহা কত প্রাচীন; কেন না আমাদের কোন প্রাচীন নাটকেই রাগ-রাগিনীর উরেথ নাই। কিছুকাল পূর্ব্বে এই গ্রন্থটী ছ্প্রাণ্য ছিল; পণ্ডিত্বর ওরেবার অভাত অলকার-গ্রন্থে ইহার কতকগুলি স্নোক উন্ধৃত দেখিরা-ছিলেন এবং দল-কুমারের প্রকাশক "হল" সাহেব ইহার ৪ অখ্যার মাত্র প্রকাশ করিরাছিলেন মাত্র।

অতদিনের পর সৌভাগ্যক্রমে-সপ্ততিংশ-অধ্যায়যুক্ত এই ছুপ্রাপ্য প্রস্থ বোষাই নগরীর নির্ণয়-সাগর-যন্ত্রের প্রসাদে আমাদের হস্তগত হইরাছে। ইহা হইতে প্রাচীন নাট্য-নিদ্যা সম্বন্ধে অনেক তত্ত্ব অবগত হওরা যার। আপাততঃ নাট্যকলার উৎপত্তি ও আবির্ভাব-কাল সম্বন্ধে কি কি তত্ত্ব উদ্ধার করা যাইতে পারে তাহারই আলোচনায় প্রাবৃত্ত হওরা যাক্। প্রথমে দেখা যাউক, এই গ্রন্থখানি কোন্ সময়ে রচিত ' ইহার একস্থলে উক্ত হইয়াছে —

> "উৎসার্য্যানি ছনিষ্টানি পাষ্ণ্ডাশ্রমিনঃ স্বথা ক্ষায় বদনাইশ্চব বিকলাইশ্চব নরাঃ।"

অর্থাৎ "অনিষ্ট সমূহ এবং কাষায়বসন পাষণ্ডাশ্রমী ও বিকল মনুষ্য-দিগকে নাট্যমণ্ডপ হইতে বহিষ্কৃত করিবে।"

আর এক স্থলে আছে :---

"যাবত্তং পূরৱেদেশং ধ্বনি-পাট্য সমাশ্রমঃ ন স্থান্থত্তি হি রক্ষাংসি তং দেশং ন বিনায়কাঃ।"

জাবৎ কোন দেশ, নাট্য-সমাপ্রিত ধ্বনির দারা পুরিত হইবে, ভাবৎ সে দেশে রাজসেরাও থাকিবে না, বিনারকেরা অর্থাৎ বৌদ্ধেরাও থাকিবে না।"

. ः चाउन्धव म्लडेरे दस्था यारेटलट्र वरे नाग्र-भाख द्वीक्रयूर्ण ब्रहिन्। अधु छारा तरह, त नगरव कान वोद्वविद्वती तालात ताल्य हिन, ইহা দেই সুময়কার গ্রন্থ। ইতিহাসে দেখা যায়, প্রায় অধিকাংশ মমুরেই হিন্দু ও বৌদ্ধগণ, এখনকার শাক্ত বৈক্ষবদিগের ভার পাশাপাশি থাকিয়া নির্বিবাদে জীবন্যাতা নির্বাহ করিত; তবে যে সময়ে কোন বৌদ্ধবিদ্বেষী রাজা সিংহাসনে আরোহণ করিতেন, সেই সময়েট কিছুকালের ব্রুত্ত বৌদ্ধদিগের প্রতি উৎপীড়ন আরম্ভ হইও। এমন कि, व्यिमिक (दोक्रधर्म्यावनश्री कांग्रीदित भक-ताका किनएकत दश्मध्त নুপতিদিগের মধ্যেও কেহ কেহ এইরূপ বৌদ্ধবিদ্বেষী ছিলেন। তন্মধ্য व्यथम-नत्र यिनि जालूमानिक ১৯० थुट्टीत्स, मुकुल यिनि २६० थुट्टीत्स এবং মিহিরকুল যিনি ২৬৫ খুটা:ক রাজত্ব করেন—ইহাদের নাম করা যাইতে পারে। প্রচলিত সংস্কৃত নাটকগুলির মধ্যে যেটি সর্বাপেক্ষা প্রাচীন, সেই মুদ্ধকটিক খুষ্টাব্দ বিভীয় শতাব্দীতে রচিত বালিয়া পুরাতত্ববিৎ পশ্তিতগণ স্থির করিয়াছেন। সেই মুক্তকটিক নাটকে দেখা बाब, त्म ममत्त्र दिन्तु ও বৌদ্ধদিগের মধ্যে বিশ্বেষ ভাব বড় একটা ছিল না-প্রত্যুত সে সময়ে জনসাধারণ হিন্দু আচার ব্যবহার রক্ষা করিয়াও বৌদ্ধর্শ্বের প্রতি শ্রদ্ধাবান ও বৌদ্ধনীতির পক্ষপাতী ছিল। তাই মনে হর এই গ্রহখানি মুদ্ধকটিকের কিছু পুর্বের চিত-বছপুর্বে ति निष्य । दिन ना "मर्क् त" नामक वामा-यद्य वारा मृष्ट्किकित সময়ে প্রচলিত ছিল, তাহা এই নাট্য-শান্ত্রেও আতোল্যের একটি প্রধান রঙ্ক বলিয়া পরিগণিত। এই দর্দুর বাদ্য-যাত্ত্রর উল্লখ আর কোথায় बफ् अक्टी পांख्या यात्र नीं, अमन कि द्विवश्यां भा शत्रा यात्र मां।

यांक्छः श्रृतदात्कमः श्राम नीवा-नमास्तः

ক্ষান্ত কি ৰাজন্তি হি রক্ষাংসি তং দেশং ন বিনারকাঃ।

"বাবৎ নাট্য-সমান্ত্রিত-গুলনি কোন দেশে থাকিবে, তাবৎ সেই দেশে

বিনারকেরা থাকিবে না" এই শ্লোকটি যাহা কিঞ্চিৎ পুর্বেষ উদ্ধৃত করা হইরাছে; তাহা হইতে হিন্দুদিগের মধ্যে বৌদ্ধ-বিশ্বেষের আর একটি महक कार्य अक्रमान करा बाहेएक शास्त्र । त्न कार्यांके खहे, बोक्शन नांग्रेकीषा ७ मनोजानित विद्रांशी ছिल्म । भाकामिश्ट जिक्स निद्रांश मनि छिनाम (मन, जाहात मार्या अकि छिनाम अहे (य * "नाहा-ক্ৰীড়া ও সন্ধীতাদি হইতে বিৱত থাকিবে।" বৌদ্ধগণ বে নাটাসন্ধীতাদিব বিরোধী ছিলেন, তাহার আর এক প্রমাণ এই, তির্বৎপ্রদেশে বৌদ্ধ-দিগের প্রকাগারে কালীদাসের কাব্যাদি গ্রন্থের অমুবাদ পাওরা বার. কিন্তু শক্তবা প্রভৃতি নাটকের অমুবাদ পাওয়া বায় না। মৃদ্ধকটিকের পূর্ববর্ত্তী নাটকগুলি যে বিলুপ্ত হটয়াছে,—শকদিগের আক্রমণ, মেছ-দিগের আক্রমণ, রাজ্যবিপ্লবাদি ছাড়া, নাট্যসঙ্গীতাদির প্রতি বৌদ্ধদিগের অনাদরও বোধ হয় অন্তত্তর কারণ। এবং এইরূপ নাট্য-সঙ্গীভাদির প্রতি বৌদ্ধদিগের বিরাগ ও বিছেষ, বৌদ্ধর্ম প্রচারের প্রথম যুগের মধ্যে হওরাই সম্ভব! কেন না, বৌদ্ধধর্মের শেষযুগে এ সম্বন্ধে ৰুদ্ধদেবের উপদেশ বড় একটা রক্ষিত হয় নাই। তাই মনে হয়, এই নাট্যশাল্প বৌদ্ধধর্মের প্রথম যুগেরই গ্রন্থ।

এই নাট্যশান্ত গ্রন্থ হইতে আর একটি তথ্য এই জানা যায়, যে
সময়ে বাহলীক অর্থাৎ বাাকৃট্রিয়া প্রাদেশে গ্রীকেরা রাজ্য স্থাপন করে,
সেই খঃ পুঃ সার্জ ছই শতাব্দীর পূর্বে এই গ্রন্থ রচিত হয় নাই।
কেন না, নাট্যশান্তের আহার্য্যাভিনর-অধ্যায়ের এক স্থলে এইরূপ উক্ত
হয়াছে:—

শশকাশ্চ ববনালৈচব পহলবা বাহ্লিকাপ্ররা

প্রায়েন গৌরাঃ কর্ত্তবা উত্তরাং পশ্চিমাং দিশাস্।"

অর্থীৎ উত্তর পশ্চিমদিকত্ব শক পহলর ও বাহ্লিকীপ্রিত ববনদিগের

ইতিহাসিক রহত।

প্রার গৌরবর্ণ করাই কর্ত্তর। এই ববন ও শকশংক বাহ্লিকদেশছ
প্রীক ও ভারতবর্ধ-আক্রমণকারী আতিই বুঝায়। প্রীকদিগের এই
বাহ্লিক রাজ্য খৃঃ পৃঃ প্রায় সার্দ্ধ হুই শত বৎসর হইতে খৃঃ পৃঃ সাভার
বৎসর পর্যান্ত বিদ্যমান ছিল। যবন কাছোজ ও পারদ আতির সহিত
শক ও পহলব নামক ছইটি জাতির নাম নানা সংস্কৃত গ্রন্থে একত্র লিখিত
হইরা থাকে। উহারা সকলেই ভারতবর্ষের পশ্চিমোন্তর-দেশ নিবাসী
লোক। খৃষ্টাকের প্রায় ১৫০ বৎসর পূর্ব্বে শকেরা ভারতবর্ষের পশ্চিম
প্রদেশ্ব অধিকার করিরা ক্রমশ উত্তরে, হিন্দুকোঃ পর্ব্বত হইতে দক্ষিণে,
সিন্ধু নদীর মোহানা পর্যান্ত, আপনাদের অধিকার বিস্তার করে। *

এই প্রন্থে বখন শক যবনের উল্লেখ আছে, তখন এই প্রন্থখনি খঃ
পৃঃ ছই শতাব্দিরও উত্তরকালে লিখিত ইহা স্পষ্টই প্রমাণ হইতেছে।
তা ছাড়া, এই প্রন্থের ১৮৩ পৃষ্ঠার ব্যবহৃত "সুরশ্ব" শব্দ হইতে জানা
যার, গ্রীকদিগের আগমনের অনেক পরে এই গ্রন্থখনি লিখিত। এই
স্থরক শব্দটি গ্রীক শব্দ Syrenx হইতে উৎপর। অন্ততঃ ছই তিন শত
বৎসরের কমে এই বিদেশীর শব্দটী সংস্কৃতের মধ্যে প্রবেশলাভ করা এক
প্রকার অসম্ভব। অতএব শব্দতব্দের দিক দিয়া দেখিলেও প্রতিপর হর,
এই গ্রন্থখনি খৃষ্ট পূর্বাদের শেষভাগে কিছা খৃষ্টাব্দের প্রথমভাগে রচিত
হইরাছিল।

"রঙ্গদৈবত পূজা বিধান" নামক নাট্যশাল্কের তৃতীয় অধ্যায়ে আর
একটি তথ্য জানা বায়, নাট্যমণ্ডপ নির্দ্ধিত হইলে বথাবিধি সমস্ত পূজা
সমাপ্ত করিয়া অবশেবে অর্জরের পূজা অর্থাৎ ইক্রপ্তকের পূজা হইত।
এমম কি, অভিনরের পূর্ক্ধ-রজে, রঙ্গপীঠে বখন স্থত্যধার প্রবেশ করিবে
তথন তাহার একজন পার্ধিককে "অর্জ্বর" বংশপণ্ড হস্তে লইয়া প্রবেশ
করিতে হইবে—এইরূপ নাট্যশাল্কে বিধান আছে। এই ইক্রপ্তকের

[#] এ অক্সকুমার দও-পরীত উপাসক-সম্প্রদার।

উৎসব বর্ষারম্ভে ভারতের পশ্চিম প্রাদেশেই প্রচলিত ছিল। কনিক বিনি
কাশীরের প্রথম শতাব্দীর প্রারম্ভে রাজত্ব করেন তাঁহার সভা-কবি অর্থঘোষ-প্রণীত বুদ্দরিত নামক মহাকাব্যের কোন কোন অংশে, উপমাছলে এই ইন্দ্রব্যক্তর উল্লেখ আছে। অতএব ইহা হইতেও কতক্টা
প্রমাণ হয়, এই গ্রন্থ স্থাব্দের প্রথম শতাব্দীতে রচিত হইয়াছিল। এই
নাট্য-শাল্পে য়খন দশ প্রকার রূপকের ভেদ বর্ণিত হইয়াছে, এবং অভিনয়ের পুঝামপুঝ উপদেশ প্রদন্ত হইয়াছে, তখন ঐ গ্রন্থস্চিত নাটাসাহিত্য ও নাট্যকলা এইরূপ উন্নত অবস্থার উপনীত হইতে বে ভেলতঃ
পাঁচ শত বৎসর লাগিয়াছিল তাহাতে আর সন্দেহ নাই।

নাট্যমগুপের উৎপত্তি সম্বন্ধে নাট্যশান্তে এইরূপ বর্ণনা আছে-"ব্রহ্মা কহিলেন, সম্প্রতি ইক্রধ্বজোৎসব উপস্থিত, এই অবসরে ভূমি (ভরত) এই নাট্যথ্যি বেদ প্রদর্শন কর। তখন আমি "অক্সর পরা**জ**র" অভিনয় আরম্ভ করিলাম। উহার প্রথমে আশীর্কাদ-সংযুক্তা অষ্টপদা নান্দী রচনা করি। ঐ অভিনয়ে দৈত্যেরা থেরূপ দেবগণ কর্ত্তক পরাক্ষিত হইরাছিল, তাহার একটা অমুক্ততি প্রদর্শিত হইরাছিল। ফলতঃ এই নাট্যযোগ দর্শনে ব্রহ্মাদি দেবগণ অত্যম্ভ প্রীত ও প্রদন্ধ হইয়া আমা-দিগকে নানাক্লপ উপকরণ প্রদান করিয়াছিলেন। দেবরাঞ্চ ইন্দ্র এক উৎক্লষ্ট ধ্বন্দ, ব্ৰহ্মা কুটিলক, বরূৎ ভূপার, সুর্য্য ছত্র, বায়ু চামর, বিষ্ণু সিংহাসন ও কুনের মুকুট প্রদান করিয়াছেন। * * * कि छ তৎকালে সভাস্থলে অমুরেরা অতিমাত্র ক্রম হইয়া উঠিল এবং কহিল, আমরা এইরপ নাট্য দর্শন করিতে কিছুতেই ইচ্ছুক নহি, চল সকলে **ध्यश्न कित्र। धेर विनिया छेराता उरुक्मनार**्भात्रावरण स्नामारमत वांका লৈছলচ্টা^{ক্তা}তি ও নতা স্বস্থিত করিবা ফৌলিল।[ি] ইন্দ্র স্থাবারের ममछ वीत्राम विश्वष (प्रशिवा कार्य अक्रमदान करिए गांगिरनन ; टाबिटाने, ममक मुजारन विश्ववाद्य ; ध्वर खुळवात छ अछा । भावनन

সংক্রাহীন ও স্তব্ধ। পরে তিনি ক্রোধাবেগে শীঘ্র গাঝোখান করির।
ধ্বন্ধ গ্রহণ করিবেন এবং রঙ্গপীঠ-গত বিম্ন ও অন্তরগণকে দমন করিবার
চেষ্টা করিবেন। কিন্তু দৈত্যেরা কিছুতেই ক্ষান্ত হইল না। উহায়া
প্রায়ই নাট্যের বিম্নাচরণ করিতে লাগিল। তখন আমি প্রারগণের
সহিত ব্রহ্মার নিকট গিয়া কহিলাম, ভগবন নাট্যে নানারপ বিম্ন
উপস্থিত, এক্ষণে যাহাতে ইহার রক্ষা হয় আপনি তাহার উপায় বিধান
কর্মন।

কুনস্তর ব্রহ্মা বিশ্বকর্মাকে আহ্বান করিয়া কহিলেন, ধীমন তুমি বন্ধসহকারে একটি নাধ্যগৃহ নির্মাণ কর। বিশ্বকর্মান্ত তাঁহার আদেশে শীঘ্র এক বিশাল নাট্যশালা নির্মাণ করিলেন এবং তাঁহার নিকট উপস্থিত হইয়া কহিলেন, দেব, আমি আপনার আজ্ঞাক্রমে সমস্তই প্রস্তুত করি-রাছি। আপনি আসিয়া স্বচক্ষে প্রত্যক্ষ কর্মন। তথন ব্রহ্মা ইক্রাদি দেবগণের সহিত নাট্যমণ্ডপ দেখিবার জন্ম উপস্থিত হইলেন এবং যমকে উহার বারদেশে রাখিয়া অপরাপর দেবতাদের উহার নানাস্থান রক্ষায় নিযুক্ত করিলেন। তথন দেবতারা কহিলেন, ভগবন্, ব্রহ্মা অস্তর-দিগকে কহিলেন, তোমরা কি জন্ম বিশ্বাচরণ করিতেছ। অস্তরেরা কহিল, আপনি দেবগণের ইচ্ছাক্রমে যে নাট্যবেদ স্পৃষ্টি করিয়াছেন, তাঁহাদের তুষ্টির জন্ম উহাতে আমাদের অবমাননা করা হইরাছে। দেব-গণের স্থার আমাদের প্রতিও আপনার সমদৃষ্টি থাকে এক্ষণে আমরা এই টুকু প্রার্থনা করি।

ব্রহ্মা কহিলেন, অসুরগণ, তোমরা কট হইও না, বিষাদ পরিত্যাগ কর। আমি ভোমাদের ও দেবতাদের কর্মভাব ও বংশ পর্য্যালোচনা করিয়া এই নাট্যবেদ রচনা করিয়াছি। ইহাতে কেবল যে তোমাদের ভাষাস্থ্যক্ষ আছে ভাহা নহে—বিলোকস্থ সমস্ত লোকের ভাষাস্থ্যকীর্ত্তনই যাহা হউক নাট্যের উৎপত্তি সম্বন্ধে নাট্যশাল্প হইতে এই টুকু সার সংগ্রহ করা বাইতে পারে যে, সার্ব্ধবিক লোক শিক্ষার উদ্দেশেই ভরত মুনি, সম্ভবতঃ বৌদ্ধ মুগে, নাট্যবিদ্যার প্রারোগ, ভারতে প্রথম প্রবৃত্তিত করেন; এবং ইক্রধ্বক উৎসবের সময়, ভারতের পশ্চিম প্রান্ধেই নাট্য-প্রারোগের প্রথম আরম্ভ হয়।

ভারতের নাট্যকলা ও রচনা-পদ্ধতি।

সকল দেশেরই সাহিত্য ও নাট্যের রচনা-পদ্ধতিতে কতকগুলি সাধা-রণ ও কতকগুলি বিশেষ লক্ষণ পরিলক্ষিত হয়।

নাটক বলিলে আমরা সাধারণতঃ কি বুঝিয়া থাকি ? নাটক कारां क वरत ? यथन कवि निक्रमूर्थ किছू वर्गना ना कतिया, रकान আখ্যায়িকার কতকগুলি পাত্রকে কোন কার্য্যে প্রবৃত্ত করাইয়া, তাহা-দের নিজমুথে নিজকথা কথোপকথনচ্চলে বাক্ত করান, তথনই তাহা নাটকের আকার ধারণ করে। কিন্তু উহা কেবল নাটকের বাস্তু আকার মাত্র। ঐ সকল পাত্রগণ পরস্পরের সহিত এমন ভাবেও কথা কহিতে পারে, যাহাতে পরস্পরের মনে কোন প্রকার বিকার উৎপন্ন হয় না-এরপস্থলে উহাকে কি নাটক বলা যাইতে পারে ? "তুমি কেমন আছ ? —আমি ভাল আছি" ইত্যাকার কথাবার্ত্তার নাটকীয় ভাব প্রকাশ পার না. উহাকে নাটক বলা যায় না। এই প্রকার কথোপকথন, অন্ত হিসাবে বতই মনোরম হউক না. নাটকের হিসাবে আদৌ ফলপ্রাদ নহে। প্রধান পাত্রদিগের পরস্পরের মনে কোন প্রকার বিকার উৎপাদন করাই নাটকের প্রধান কার্য্য, এবং তাহার উপরেই নাটকের নাটকত্ব নির্ভর করে। এই মানসিক বিকারের সমষ্টিই মনুষ্টোর প্রক্লুত জীবন। এই স্থপত্রংখময় জীবনে, মামুষ স্থাকে আলিঙ্গন ও ছঃখকে পরিহার করিবার অভ্য সভত চেষ্টা করে, এবং ভবিতব্যতার সহিত সংগ্রাম করিয়া, নিজ পুরুষকার প্রকটিত করে। এই মানসিক জীবন-সংগ্রামে মাতুষ উচ্চতর উদ্দেশ্য সাধনের জন্ম, নিজ স্বার্থকেও বিসর্জ্বন দিতে কৃষ্টিত হয় না। তাই, নাটকে আমরা দেখিতে পাই, মামুষ পরস্পরের সহিত নানা সম্বন্ধে বন্ধ হট্যা, কথন শক্তভাবে, কথন মিত্রভাবে পরস্পরের সহিত ব্যবহার করিতেছে। এই কার্যাশীলতাই নাটকের প্রাণ। নাট্য-কবি,

জীবনের সামান্ত দৈনিক ঘটনাগুলি বাদ দিয়া, যে গুলি প্রধান ঘটনা—
বাহা পরস্পরের মনোবিকার উৎপাদনে সমর্থ—তাহাই নির্দ্ধিষ্ট পরিসরের
মধ্যে, মুখ্যরূপে প্রদর্শন করেন এবং এমন ভাবে প্রদর্শন করেন,
বাহাতে তাঁহার নাটকীয় উদ্দেশ্য দিদ্ধ হইতে পারে। ইহার উপরেই
নাট্য-কবির গুণপনা নির্ভর করে।

जाधुनिक उनेशारम् धेरेज्ञण कर्याणकथन मर्पा मर्पा थारक वर्ते, কিন্তু সেই কথাবার্ত্তার মধ্যে কর্থন কথন যে ফাঁক পডিয়া যার, আখ্যান-কবি তাহা নিজ কথায় পূরণ করিয়া দেন; অর্থাৎ দেই আছুষ্ জিক व्यवशा ९ चर्टेना श्रीत जाँशात निक मूर्य वर्गना करत्न। किंद्ध नार्टे। किंद्ध नार्टे। সেক্সপ উপায় অবলম্বন করেন না। তিনি সকল স্থলেই তাঁহার পাত্র-গণকে জীবন্ধ ব্যক্তিরূপে সাজাইয়া আসরে আনয়ন করেন: এবং তাহাদের অবস্থার অত্তরূপ কথা । তি তাহাদের নিজের মুখ দিয়াই ব্যক্ত করেন। উপস্থাস ও নাটকের রচনায় এই মুখ্য প্রভেদটি স্পষ্টক্লপে উপলদ্ধি হয়। এই জন্মই রঙ্গপীঠের আবশ্রকতা। অভিনয় প্রদর্শন করাই নাটকের মুখ্য উদ্দেশ্য। অন্তকর গরতিই অভিনয়ের মূল। কোন নাট্য রচনাকে ছই হিসাবে বিচার ও পরীক্ষা করা যাইতে পারে। এক, উशंत कांगाःभ नहेत्रा, जात वक, উशंत नांगाःभ नहेता। नांगेक দুল্ল-কাব্যের অন্তর্গতঃ অভিনয়ই উহার প্রাণ। উৎকৃষ্ট নাটক মাত্রই কতকটা কাব্যরসাত্মক। এ হলে তথু ছন্দোবদ্ধ লেথাকেই আমি ৰবিতা বলিতেছি না। কি গদা, কি পদা, উভয়েতেই কাব্য-রস প্রকাশ পান্ন, তাহা কাব্যাংশেরই সামিল। নাটকের নাট্যকলা বিশেষ-রূপে কিসের উপর নির্ভর করে ? যথন স্মস্ত নাটকের মধ্যে একটি অবিক্রিপ্রেপ্ত স্বসম্পূর্ণ যোগ প্রকাশ পার, তথনই উহা কলার মধ্যে পঞ্জিপিত হয়। শিল্পলা মাত্রেরই এইরূপ প্রকৃতি। প্রত্যেক: ললিভ क्लाव विटमव त्रीसर्वा अक्यक्रि विटमव-विटमव जाकादा जिल्लाक

ইইয়াঁ থাকে। এই আকার-রচনা, এই রপ-করনা প্রত্যেক কলাবিদ্যার ভিন্তিইমি। যথন কোন কলা-কবি স্বকীয় কোন স্থলর মানসপ্রতিমাকে বাহিরে মূর্জিমান করিরা প্রকাশ করেন, তথনই তাহা ললিত
কলার অন্তর্গত হয়। তাজমহলের গঠনে যে রপ-করনা লক্ষিত হর,
তাহার বিচিত্রতার মধ্যেও একটি স্থলর একতা আছে। এই বিচিত্রতার
মধ্যে স্থলর সামঞ্জ্ঞ ও একতা রক্ষিত হইয়াছে বলিয়াই, তাহার শিরনৈপুণার এত প্রশংসা। গ্রীশদেশীয় নাট্য-সমালোচকগণ এইজ্ঞ্জ
নাট্য-কলার তিনটি একতার প্রয়োজনীয়তা প্রতিপাদন করেন।
প্রথম—কালের একতা, দ্বিতীয়—স্থানের একতা, তৃতীয়—আখানবন্ধর একতা। কিন্তু সেক্ষপিয়ার প্রভৃতি কতকগুলি য়ুরোপীয় নাটকে
দেশকালের একতা ততটা রাক্ষত হয় না। আধুনিক মুরোপীয় সমালোচকগণ, বন্ধগত একতা ও উদ্দেশ্যণত একতাকেই বিশেষ প্রাধান্থ
দিয়া থাকেন। আমাদের সাহিত্য-দর্পণ ও কতকটা এই মতের পক্ষপাতী। সাহিত্য-দর্পণ বলেন—

"বিচ্ছিন্নাবস্তরৈকার্থঃ কিঞ্চিৎ সংলগ্নবিন্দৃকঃ।

যুক্তোন বছভিঃ কার্যোবীক্ষসংস্কৃতিমান্ন চ॥"

অর্থাৎ "নাটকের বিচ্ছিন্ন অবাস্তর অংশগুলির মধ্যে মূল উদ্দেশ্যের সমতা রক্ষিত হওরা চাই; বিল্পুণ্ডলি—অর্থাৎ মুখা ঘটনার অংশগুণিও কিঞ্চিৎ সংলগ্ন হওরা চাই; নাটকে বছ ব্যাপার থাকা সক্ষত নহে এবং বীক অর্থাৎ গ্রন্থের প্রকৃতিরন্ধা মূল-কারণের যাহাতে সংহার না হর, তৎপ্রতি দৃষ্টি রাখা চাই।" নাটকের উদ্দেশ্য ও প্রকৃতি-সম্বন্ধে আধুনিক যুরোলীর সমালোচকগণ বাহা বলেন, আমাদের প্রাচীন সমালোচকগণও কিক ভাহাই প্রতিপাদন করেন!

্র পুর্বে উক্ত হইরাছে অভিনয়ই নাট্যকলার প্রাণ। নাট্যশান্তে চারি প্রকার অভিনয়ের উল্লেখ পাওয়া বায়,—বাচিক, আহার্যা, সাধিক ও আছিক। গদ্য পদ্যাদির হারা অর্থযুক্ত রচিত বাক্যের হারা বে অভিনর হর, তাহাকে বাচিক অভিনর বলে। নেপথ্য-বিধানের হারা বে অভিনর হর, তাহাকে আহার্য্য অভিনর বলে। নেপথ্য-বিধি চারি প্রকার,—পৃত্ত, অলহার, সংস্কাব ও অঙ্গ-রচনা। শৈল, বান, বিমান, ছর্মা, বর্মা, অস্ত্র, ধ্বকা, পতাকা, এই সকলের নাম পৃত্ত। মাল্য আভরণ ও বস্ত্রাদি হারা যথাযোগ্যরূপে অঙ্গাদি ভূষিত করাকে অলহার-নেপথ্য কহে। নেপথ্য হইতে যে প্রাণী প্রবেশ হয়, তাহার নাম সংস্কাব। পূর্ব্বোক্ত মাল্যাভরণাদি ও বিবিধ বর্ণের হারা স্ক্লিত করাকে অঙ্গরচনা বলে। স্থত্বংথাদি মনোবিকারকে সন্ধ বলে। এই মনোবিকার আট প্রকার। যথা,—স্তম্ভ, স্থেদ, রোমাঞ্চ, স্থরভেদ, বেপথু, বির্বতা, অঞ্চ ও প্রলয়। এই সকল ভাব প্রকাশ করিয়া যে অভিনয় হয়, তাহাকে সাত্ত্বিক অভিনয় বলে।

বল্ধ বা চর্মাদি ঘারা যে দৃশ্য নির্মাণ করা যায়, তাহার নাম সন্ধিমা; সেই দৃশ্য যদি যন্ত্রঘটিত হয়, তবে তাহাকে ভঙ্গিমা বলে; যে দৃশ্য চেইমান থাকে তাহা চেইমান। ইহার মধ্যে সচিত্র দৃশ্যের কোন উল্লেখ নাই। কেহ কেহ বলেন, পুর্ব্বে চিত্রপটের দৃশ্যেও রন্ধালয়ে বাবন্ধত হইত; উাহারা বলেন, ভবভূতার "উত্তর রামচরিতে," সীতাকে লক্ষ্মণ তাহাদের পূর্ব্বতন ভ্রমণ-পথের যে চিত্র প্রদর্শন করিয়াছিলেন, তাহাতেই প্রমাণ হয় যে, সেকালে সচিত্র দৃশ্যও ছিল! কিছু এই যে চিত্র প্রদর্শিত হইয়াছিল, তাহা আখ্যান-বস্করই অসীভূত, তাহা নাট্যদৃশ্যের হিসাবে প্রদর্শিত হয় নাই। আর এক কথা, সেকালের চিত্রকলার অনেক নিদর্শন পাওয়া হায় বটে, কিন্তু দুর্বনকটাস্ক্রক প্রশ্নিকত চিত্রলেখা-পদ্ধতি আনা ছিল কি না, কিছা প্রান্ধত ছিল কি না, কেছা প্রান্ধত ছিল কি না, কেছা প্রচলিত ছিল কি না, কেছা প্রচলিত ছিল কি না, কেছা প্রচলিত ছিল কি না, কিছা প্রচলিত ছিল কি না জিল বিরা, দেশিকের চিত্ত-বিত্রম উৎপাদ্যন করাই অভিনয়ের

अकि मुक्षा छेत्मछ । किन्न त मृत्र-हिट्य मृत्रदेनक हो।त कोमन क्षकिछ ना रम. छोरा राखिरिक रिनम्रा लग रहेरात कान महारना नाहे। এই জন্মই বোধ হর, তখনকার নাট্যাভিনরে সচিত্র দুখের ব্যবহার **ছिल ना**। तथ, विमान, खोवखद প্রভৃতি রঞ্গীঠে खानीত হইত. কিন্তু কোন প্রকার সচিত্র দুখা প্রদর্শিত হইত না। এক স্থান হইতে স্থানান্তরে বাইবার আবশুক হইলে দুখু পরিবর্তনের আবশুক হইত না-রঙ্গপীঠের উপর চতুর্দ্ধিকে পরিক্রমণ করিয়াই তাহা স্থৃচিত হইত। कलक्षा এখনकात जात्र रमकाल मुजामित आएमत हिल ना, अरनकी पर्भकरमत कन्ननात जेभदत्रहे निर्धत कता हहेल। धकारत, मर्खरमरभन्न রঙ্গালয়েই দুখ্র প্রদর্শনের আড়ম্বর বাড়িতেছে এবং প্রকৃত অভিনয়ের ক্রমশই অবনতি হইতেছে। প্রাচীন ভারতের রঙ্গালরে দুখ্য আড়্**ষর** ছিল না. কিন্তু অভিনয়-বিদ্যা চরমোৎকর্ষ লাভ করিয়াছিল। অভিনয়-বিদার কতটা উন্নতি হইয়াছিল, তাহা ভরতের নাট্যশাস্ত্র পাঠ করিলেই উপলব্ধি হয়। আধুনিক মূরোপীয় সাহিত্য expression— অর্থাৎ অমুভাব-সম্বন্ধে অনেক উৎকৃষ্ট গ্রন্থ বাহির হইরাছে, কিন্ত आभारतत नांगारखत ভावलकारनत वानित्रमम्ह रमक्त भूबायूभूब-রূপে বিবৃত হইরাছে, সেরূপ আর কোথাও দৃষ্ট হয় না। আমাদের নাট্যশাল্পে ভাবপ্রকাশসম্বন্ধে বৈজ্ঞানিক ক্ষু দর্শনের বিলক্ষণ পরিচয় পাওয়া যাব। নাটাশালের আলোচনা-পদ্ধতিও অতি বিশুদ্ধ। উহাতে বিভাব, ভাব, অফুডাব ও রস এই চারিটি তথ্য অফুসরণ করিয়া অভিনয়-বিদাার তত্ত্ব সকল নিরূপিত হইয়াছে।

বিভাব কি । না, যে বাস্থ অবস্থা ও ঘটনা হইতে মনুবাস্থারে ভাব উদীপিত হর তাহাই বিভাব; এবং এই ক্নম-ভাবের বাস্থালকন সকল বাহা মুখাদি অলপ্রত্যক প্রকৃতিত হয়, তাহাই অনুভাব। ভাব ও রসে বিশেষ কিছু প্রভেদ নাই। ভাবগুলি বধন উপ্রভাগ

করা যায়, অথবা আত্মানন করা বায়, তথনই তাহা রস্মামে অভিতিত হর। নাটাব্যাপারে এই রস, স্থাভাবিক অভিনরের হারা, প্রেক্ষক-মঞ্জনীর জনরে সঞ্চারিত হয়। যে ভাবের অভিনয় হইতেছে, যেই ভাৰ যথন উপস্থিত দৰ্শক মঞ্চলীর মনে উদ্দীপিত হয় সেই অভিনয়কেই উৎক্ট অভিনয়, --সরস অভিনয় বলা যায়। নাটাশাস্ত্রোলিলিখিত এই রদ আট প্রকার,—শুকার, হাস্ত, করুণ, রৌত্র, বীর ভয়ানক, বীভংস ও অত্ত ; এবং ইহারই অমুরপ আট প্রকার স্থায়ী ভাব, যথা:---রতি, হাস, শোক, ক্রোধ, উৎসাহ, ভয়, জুগুপা ও বিশ্বয়। নাট্যশাস্ত্র রলেন, "বেমন মনুষ্যের মধ্যে রাজা, শিষোর মধ্যে ওক্ত, সমস্ত ভাবের মধ্যে স্থায়ীভাব সেইক্লপ। বেমন রাজা বছজন-পরিবৃত হইল্লেঞ্চ রাজা এই নাম পাইরা থাকেন, অত্ত কোন পুরুষ তাহা পায় না. শেইরূপ বিভাব ও ব্যক্তিচারী-পরিবৃত স্থায়ী ভাবই রসন্ত লাভ করিয়া থাকে।" এই সকল স্বায়ী ভাব হইতে যে সকল গৌণভাব অবস্থামুসারে উৎপন্ন হয় তাহাদিগকে ব্যভিচারী বা সঞ্চারীভাব বলা যায়। নির্কেদ প্লানি, শকা, অসুয়া, মদ, শ্রম, আলস্তা, দৈক্তা, চিন্তা, মোহ, স্মৃতি, খাত ত্রীড়া, চপলতা, হর্ষ, আবেগ, জড়তা, গর্ম, বিষাদ, ঔৎস্কুকা, নিজা অপস্থার, সুপ্তি, জাগরণ, অমর্থ, অবহিত, উগ্রতা, মতি, ব্যাধি, উন্মাদ, मत्रन, जान ए विचर्क ध्रदेशिन वाण्डिहाती छाव। ध्रदेशिन नर्सन्यम् তে ত্রিশটি। সাবিক ভাব আটটি, যথা :--তন্ত, স্বেদ, রোমঞ্চ, স্বরভক্ত, कम्म, देदर्गा, जब्म ७ शान्य। किन्दु जामात विद्युष्टामात्र, अहे माहिक ভাবগুলিকে অমুভাবের শ্রেণীতে ধরিলেই সঙ্গত হইত; কারণ, এই সকল ভাৰও ভাবেরই শারীরিক বাফ্ লুকুণ মাত্র। বিভাব, অনুভাব, ও ব্যক্তিয়ারী ভাবের সংযোগেই রসের নিপাতি হইয়া থাকে। ভরত্যুনি वाक्षा र विश्व नाना वाक्षत ७ विषयिक्य गर्शाहरू वर्गत न्याह्न्य মান্ত্ৰণ হারীভাক-সকল নানা ভার হারা প্রাত হুইরা রুম্ব

প্রাপ্ত হইরা থাকে। রস কির্নগ—না, বাহা আত্মাদ্য। বেমন লোকে নানা বাঞ্জনযুক্ত অ্বসংস্কৃত অরভোজন করিরা রস আত্মাদন করে, সেইরপ মনস্বী নাট্যদর্শকেরা নানা ভাবাভিনর-প্রকাশিত স্থারীভাব-সকল আত্মাদন করিরা থাকেন। ভাবহীন রস নাই, এবং ভাবও রস্থীন নহে; অভিনরে উভরের সিদ্ধি পরস্পারক্ত জানিবে। বেমন ব্যক্তন ও ঔবধি সংযোগে অর ত্মাহ হয়, রসভাবকে সেইরপ জানিবে; কলত: এই হই অল্পোল্লাপেক।" ভরতমুনি বলেন, শৃক্লার, রৌজ, বীর ও বীভৎুস এই চারিটি অল্লান্থ রসের মূল। শৃক্লার হইতে হাল্প, রৌজ হইতে করুণ, বীর হইতে অলুত, এবং বীভৎস হইতে ভয়ানক উৎপদ্ধ হয়। শৃক্ষারের বাহা কার্য্য তাহা হাল্ড; রৌজের বাহা কার্য্য তাহা অলুত; আর বাহা বিভৎসদর্শন ভাহা ভারানক।

এই সকল বিভাব, ভাব ও অহুভাব অহুসরণ করিয়া নাট্যশাস্ত্রে নাট্যভিনরের কিরপ উপদেশ দেওয়া হইয়াছে; তাহার ছই একটি দৃষ্টাস্ত এইখানে উদ্ধৃত করি,—তাহা হইতেই বুঝা বাইবে, অভিনয় সম্বন্ধে নাট্যশাস্ত্রকারের কতটা হল্মদর্শিতা ছিল। শোক অভিনয়ের এইরপ উপদেশ আছে:—"প্রিয়-বিয়োগ, বিভব-নাশ, বধ বন্ধন ইজ্যাদি বিভার হইতে শোক জন্মে। অশ্রুপাত, বিলাপ, পরিবেদন, বিষর্বতা, স্বয়ভন্ধ, দেহ- শৈথিলা, ভূমিপাত, ক্রন্দন, দীর্ঘ-নিঃখাস ইজ্যাদি অহুভাব হারা ইহার অভিনয় করিবে। রোদন তিন প্রামান্ত আনক্রম, কাতরতা-জনিত, ও কর্বাক্রত। তয়ধ্যে বাহা আনক্রম তাহাতে গঙ্গ হর্মে উৎমূল, এবং অনুসর্গহেত্ অপান্ধ হইতে অশ্রুপাত ও রোমান্টাদি হয়। বাহা কাতরতা-জনিত, তাহাতে পর্যায়রূপে অশ্রুপাত ও রোমান্টাদি হয়। বাহা কাতরতা-জনিত, তাহাতে পর্যায়রূপে অশ্রুপাত ও রোমান্টাদি হয়। বাহা কাতরতা-জনিত, তাহাতে পর্যায়রূপে অশ্রুপাত বিলাপাদি হয়।

জ্রকৃটি ও কটাক্ষের কুটিলতা ইত্যাদি হইরা থাকে। স্ত্রী ও নীচ-প্রাকৃতি মন্ত্রের ছঃখন্ধ শোক হয়; উত্তম ও মধ্যমের ধৈর্ব্যের সহিত এবং নীচের রোদনের সহিত ইহার অভিব্যক্তি হইরে।"

ক্রোধ সম্বন্ধে, ভরতমূনি এইরূপ বলিয়াছেন :—"বিষাদ, কলহ ও প্রতিকুলাচরণাদিবারা ক্রোধ স্বন্মে। শক্র নির্যাতন করিবার সময়ে ক্রোধে মুথ কুটল ও উৎকট হইবে, কর-পরামর্বণ, ঘনঘন ভ্রুদণ্ডে দৃষ্টি নিক্ষেপ. ও দন্ত প্রকাশ করিবে। কোন গুরুলোকের উপর ক্রোধ হইলে দৃষ্টিটা কিঞ্চিৎ অধােমুথ হইবে, দেহের অল অল ঘর্ম মুছিতে থাকিবে, এবং কঠাের চেটা অবাক্ত রাথিবে। কোন প্রণারীর ক্রোধ হইলে বিচরণ স্বল্পতর হইবে, অপান্ধ বিক্ষেপের সহিত অক্রণাত ক্রক্টি ও ওর্চন্দ্রণ করিবে! পরিজনের উপর ক্রোধ হইলে ক্রনতা-রহিত হইয়া তর্জন, ভব্সনা, নেত্রবিন্দারণ ও বিবিধ প্রকার দৃষ্টিপাত করিবে।" বাহলাভ্রে আর উদ্ধৃত করিলাম না। এই ছইটি দৃষ্টাম্ব হইতেই উপলব্ধি হইবে, নাটাশান্ত্রকারের কতটা ভ্রোদর্শন ও বৈক্রানিক বিশ্লেষণ-শক্তি ছিল।

একণে, প্রাচীন ভারতে নাট্য-রচনা-পদ্ধতি কিরুপ ছিল, তাহার জালোচনা করা বাউক।

দৃত্য ও প্রাব্য ভেদে কাবা হুই প্রকার। দৃত্যকাবাই অভিনরের বোগ্য। দৃত্যকাবাকে রূপক বলে; কারণ ভাহার পাত্রাদিতে ব্যক্তি-বিশেষের রূপ আরোপ করা হয়। রূপকের ভেদে এইগুলি:—নাটক, প্রকরণ, ভাগ বাারোগ, সমবকার, ছিম, ঈহামুগ, অন্ধ, বীথী, প্রহসন— এই দশ প্রকার। উপরূপক এইগুলি:—নাটিকা, ত্রোটক, গোষ্টি, সম্ভিক, নাটারাসক, প্রস্থান, উল্লাপ্য, কাবা, প্রেম্বন, রাসক, সংলাশক, ক্রিক্টাদশ উপরূপক। এই উপরূপক ও রূপক স্বর্গণতঃ একই, এবং নাট্টকা প্রভৃতি নাটকাদিরই মত। আমরা এই প্রবন্ধে নাটকেরই সাধারণলক্ষণগুলি বিবৃত করিব। রূপকেব সমস্ত ভেদগুলির বিশেষ কক্ষণ বিবৃত করিতে হইলে বাহুল্য হইরা পড়িবে, সেইজ্জ এই প্রবন্ধে বিরুত হইলাম।

কোন প্ৰাসন্ধ বুভাস্ত লইষা নাটক বচিত হয়। স্বৰূপোল-কল্লিত রুভাত্ত লগন কটেক বচিত হয় না। ইহা পঞ্চসন্ধিযুক্ত; বিলাস, ক্ষিত্ एक थाका हाई। विनाम, व्यर्थाय शैवमृष्टि, विकित TIME OF াক্ষ্, ঠাঞ্ছই প্রকাবযুক্ত পুক্ষেব গুণ। বাদ্ধি-আদি কি १---শেষা, भाषीया প্রভৃতি। বিভৃতি কি ?—না, কখন স্থপ, 🛣 भौनाপ্রকাব বদেব আবির্ভাব। নাটকে পাঁচ ক্রি মাবক, গুণবান, প্রখ্যাতবংশ, প্রভাপ-क्ष व्यक्षांति , निवा नात्रक, वथा 🗐 क्रकांति ; वान, शीर मियां मिया नी ि. (में देश नायक, यथा बायहळामि । ক্ষ্মিট বংলক মধ্যে একটি বদ ইহাতে অঞ্চী হয় শুখার, নয় ব न. में अब्देश तेने विद्यात अज, अशीर महकाती वर्शां व्यथान इंटरिके रहेरत । आत निर्वहारी कारी के अमहस्ति है हो हेराव कार्या असूठ হওরা চাই। ইহাব মুখ্যপাই অর্থ আনু পুকৰ চারিটি কিছা পাঁচটি হইবে। ইহার আকাব ক্রেপ্তার্থ ইহাব অহপ্রেল क्रमचन्त्र बहेरव। दक्षेत्रं वरणन, द्वी खिनि दनाम দীর্ঘ ও কতকওলি হ্র-ইহা ও সেইরা প্রভাক্ত-বৎ প্রতীয়মান হইবে, রসভাব সমুজ্জল रहेरव । कुछ हर्नक-वर्शाय मध्य मध्य श्रीक्षन विक्ति ज्यांद्र ज्रामधीनत मत्या मून छ क्रामधीन विक्शान, वर्षार बारान बर्रेनाश्वनिष्ठ किश्रिय नश्नकी वस नागात बाका नक्छ मरह। वीक वर्षाय शक्रिक

সংহার না হয়, তৎপ্রতিও দৃষ্টি রাথিতে হইবে। নানা বিধান-সংযুক্ত হহবে। পদার অতি প্রাচ্বা না থাকে, আবশ্রক কার্যার কোন ব্যাঘাত না হয় তাহাও দেখিতে হইবে; যে আখ্যান বা কথা অনেক দিনে সম্পাদিত না হয়, সেইরপ আখ্যান বা কথা হহাতে সংযুক্ত হচবে। ইহাতে নায়ক আসর অথবা সমাপবত্তী থাকা চাই, এবং তিন চারিটি পাত্রও ইহাতে সন্নিবেশিত করা চাই। দুরাহ্বান, বধ, যুদ্ধ, রাজ্যনেশাদির বিপ্লব, বিবাহ, ভোজন, শাপ, উৎসর্গ, মৃত্যু, রহি, দহুছেদন, যাহা ব্রীড়াজনক, শয়ন, অবরপান, নগরাদি অবরোধ, য়ান, অম্বলেপনাদি ইহাতে বিবজ্জিত হহবে। অক্ষেব শেষে সমস্ক পাত্র নিক্রান্ত হহবে। (অক্ষের এই নিয়মটি ফরাসা নাটকেও দৃষ্ট হয়)।

নাটকের প্রথমেই পুকরেল, তারপর সভাপূঞা অর্থাৎ সভাপ্রশংসন, তারপর কবির নামাদি কার্ত্তন, তাহার পর প্রক্তাবনা। নাট্যবস্তুর পুকে নটেরা যাহা কহে তাহাকে পুক্রেজ অ্থবা মঙ্গলাচরণ বলে। পুক্রিজে বিঘোপশাস্থির জ্ঞা নান্দী অবশ্রুক্তাবা। দেব দিজ নূপ প্রভৃতির আনন্দায়িনী স্তুতি কিয়া আশিকাদকেই নান্দী বলে।

পূর্বরশ্বিধান সমাধা করিয়া স্তাবর রক্সন্থলে ফিরিয়া আচনেন।
ফিরিয়া আসিয়া তিনি কাবাস্থাপনা করেন; বীজ, মূথ বা পাতেং স্ক্রনা
করেন; উপস্থিত অভিনয়ের প্রশংসা করিয়া প্রোত্বর্গের প্ররোচনা
করেন। বিনি এই সকল কার্য্য কবেন, তিনি স্থাপক নামেও প্রভিহিত
হইয়া থাকেন। স্তাধর কিম্বা স্থাপকের সহকারীকে পারিপার্ম্বিক কহে
—ভাহার নীচে নট।

স্তাধারের বাক্যে বখন কোন পাত্র প্রবেশ করে, তখন তাহাকে কথোদ্বাৎ কহে। যদি এক প্রয়োগে অন্ত প্রয়োগ প্রয়োজিত হয় এবং এবং সৈট দ্বিতীয় প্রয়োগে পাত্রের প্রবেশ হয়, তাহাকে প্রয়োগাতিশন কহে। উপস্থিত কালকে আশ্রয় করিয়া স্তাধার যে বর্ণনা করে, সেই বর্ণনা অবলম্বন করিয়া যখন কোন পাত্র প্রবেশ করে, তথন তাহাকে প্রবর্ত্তক কহে। সাদৃশু উদ্ভাবনা হইতে যখন পাত্র প্রবেশরূপ অঞ্জ কার্য্য সাধিত হয়, তখন তাহাকে আসাগিত কহে। নেপথ্যভাষিত ও আকাশভাষিত অবলম্বন করিয়া প্রস্তাবনা কর্ত্তব্য। প্রস্তাবনা করিয়া স্থ্যধার রক্ষভূমি হইতে প্রস্থান করে, তাহার পর বস্তু আরম্ভ হয়।

এই বস্ত ছই প্রকার; এক আধিকারিক। আর এক প্রাদঙ্গিক, আধিকারিক অর্থাৎ মুখ্য;—এই মুখ্য ইতিবৃত্তের আরুষঞ্জিক যে চরিত বর্ণিত,হয়, তাহাই প্রাসঙ্গিক।

কোন এক কার্যা চিস্তা করিবার সময়, তৎলক্ষণান্বিত অস্ত কার্য্য আগস্তুক ভাবে—অতর্কিত ভাবে প্রযোজিত হইলে তাহাকে পতাকা-স্থান কহে।

বে কার্য্য সম্পূর্ণ একদিবদের মধ্যে সম্পাদিত হয় সেইশানে অক্চেছেদ করিয়া, দিবাবসানে অর্গোপক্ষেপ পূর্ব্যক বাক্য প্রযুক্ত হয়। কার্যোর উপক্ষেপ পাঁচটী;—বিষ্কস্তুক, প্রবেশক, চুলিকা, অস্কাবতার ও অক্ষমুখ।

অতীত কিয়া আগামী কথাংশের সূচনা করিয়া আন্ধের প্রথমে যাহা
সংক্ষেপে উক্ত হয়, সেই কথাবিভাগকে বিক্ষন্তক কহে। নীচ পাত
প্রাঞ্জিত প্রাক্ত ভাষায় রচিত কথাবিভাগকে প্রবেশক কহে। উহা
ছই আন্ধের মধ্যক্ষলে বিক্ষন্তের স্থায় সংক্ষেপে উক্ত হয়। যবনিকার
অক্তরাল হইতে যে কার্যোর স্চনা হয় তাহাকে চুলিকা কহে। কোন
আন্ধের আন্তে, সেই আন্ধের অবিচ্ছেদে অর্থাৎ তাহার সহিত যোগ রক্ষা
করিয়া, পাত্রাদি স্চিত হইলে তাহাকে অন্ধাবতার কহে। যে আন্ধের
মধ্যে সমস্ত আন্ধের মূল ঘটনা অর্থাৎ সমস্ত নাটকের বীজার্থ স্টিত হয়,
ভাহাকে আন্ধ-মুধ কহে।

বীন্ধ, বিন্ধু, পতাকা, প্রকরী, ও কার্য্য এই পাঁচটি অর্থপ্রেক্ত অর্থাং প্রয়োজন-সিদ্ধি-হেতু।

- (১) যে মূল ঘটনার উপর সমস্ত আথ্যান-বন্ধ স্থাপিত, তাহাকে কহে।
- (২) নাটকের অবাস্তর বিচ্ছেদ-স্থলগুলির শেষে যে অবিচ্ছেদের কারণ বিদ্যমান থাকে অর্থাৎ যে ঘটনাগুলি থাকার সমস্ত নাটকের মধ্যে উদ্দেশ্যগত অবিচ্ছিন্নতা ও যোগ রক্ষিত হয়, তাহাকেই বিন্দু কছে।
- (৩) নির্বাহণ অর্থাৎ উপসংহারপর্য্যস্তস্থায়ী প্রাসন্ধিক চরিতকে পতাকা কহে; যথা রাম চরিতে—স্থগাবাদি, শকুন্তলায় বিদুষকলা ।
- (৪) বে সাধনীর ব্যাপার আকান্দ্রিত ও অপেক্ষিত, বাহা প্রাসন্ধিক নহে, বাহার সিদ্ধির জন্ম আরম্ভ, উদ্যোগ ও উপসংহার হইরা থাকে ভাহাই নাটকের কার্য্য।

এই কার্য্যের পঞ্চ অবস্থা: — আরম্ভ, যতু, প্রত্যাশা নিয়তাব্তি ও ফলাগম।

নিরতাথি কি ?—না, বিয়ের অপগমে নিশ্চিত প্রাথি অর্থাৎ ফল-লাভ। এই অবস্থার, বিমেরই প্রধান্ত স্চিত হয়। এই কার্যাগত পঞ্চ অবস্থার যোগে আখ্যানবস্তুর পঞ্চ দদ্ধি অর্থাৎ পঞ্চ প্রকার বিভাগ করিত হইরাছে। যথা:—মুখ, প্রতিমুখ, গর্ভ, বিমর্ধ ও উপদংশ্বৃতি।

- (১) বেখানে বীজের অর্থাৎ মূল কারণের উৎপত্তি তাহাকে মুখ-সন্ধি কহে।
- (২) প্রধান উপারে প্রধান ফলের যেখানে ঈষৎ উদ্ভেদ হয় তাহাকে প্রতিমুখ কহে।
- (৩) সেই উপায় ঈষৎ প্রকাশিত হইয়া যথন পুন:পুন: তিরোহিত ও আবার তাহার সন্ধান পাওয়া বায়, তথন তাহাকে গর্জসন্ধি কহে।
- (৪) যথন সেই প্রধান উপায় গর্ভ হইতে উদ্ভিন্ন হইয়া, সাস্ভরায় অর্থাৎ স্বিদ্ন হয়, তথন তাহাকে বিমর্থ করে।

(৫) যথন মুথাদি সমস্ত সন্ধিগুলিই এক প্রায়েজনসাধনে পর্য্যবসিত হয়, তথন তাহাকে নির্বাহণ কহে।

এই পঞ্চসন্ধি সর্ব্বজাতীয় নাটকের স্বাভাবিক মুখ্য বিভাগ। এমন কি কোন মুরোপীয় নাটককে বিশ্লেষণ করিয়া দেখিলে, এই পঞ্চ সন্ধি প্রাপ্ত হওয়া যায়। রোমীও জুলিয়েট নাটককে বিশ্লেষণ করিলে দেখা যায়, ক্যাপুলেটের গৃহে নৃত্য-ব্যাপারই উক্ত নাটকের মুখসন্ধি; জুলিয়েটের সহিত রোমিওর সাক্ষাৎকারই প্রতিমুখসন্ধি; প্যারিসের সহিত বিবাহে জুলিয়েটের বাজ্ঞিক সন্মতি—ইহাই গর্ভসন্ধি; জুলিয়েটের প্রক্কত প্রেমনির্চা রক্ষা করিবার জন্ম যে কোশল অবলম্বিত হয়, তাহাতে রোমিওর যে নৈরাশ্য —তাহাই বিমর্ব সন্ধি; তাহার পর, যে পরিণাম হইল, তাহাই উপসংহৃতি। পুর্বোক্ত অর্থপ্রকৃতির সহিত কার্য্যের পঞ্চ অবস্থা, ও পঞ্চসন্ধির কিরূপ মিল আছে, ঐ তিনটীকে উপযুর্গরি বিশ্বস্ত করিলেই তাহা সহজে উপলব্ধি হইবে।

অর্থপ্রকৃতি ।—-বীন্ধ, বিন্ধু, পতাকা, প্রকরী, কার্য্য।
পঞ্চাবস্থা।—আরম্ভ, বত্ন, প্রত্যাশা, নিয়তাপ্তি, ফলাগম।
পঞ্চসন্ধি।—মুখ, প্রতিমুখ, গর্ভ, বিমর্থ, উপদংকৃতি।

আধুনিক মস্তিক্ষতত্ত্ব ও ফেণলজ্বি।

आमामित्रात (यमन यूनल भन, यूनल इस, यूनल हकू, यूनल कर्न, সেইরূপ আমাদিগের মন্তিকও যুগল। মন্তকের অভ্যন্তরে মন্তিক ছই ममान जारम विज्ञु - এकार्य विनष्ट इडेल १ जानदारम कांक कर्यास्थ চলিতে পারে। এই তুই অংশই অক্ষত থাকিলে কান্ধ যতটা ভাল রক্ষে চলে—একটির দ্বারা অবভা দেরুপ চলিতে পারে না। সমস্ত মস্তিমপিও একপ্রকার দাদা পদার্থে গঠিত; তাহার উপরিভাগে বেন একটা ধৃদর পদার্থের পাত্লা প্রলেপ বিদ্যমান। মন্তিক্ষের এই ধুসর অংশ অফু-दीका याख्य बाता शतीका कांत्रशा कांना याच (य छेश विविध आकात-বিশিষ্ট স্নায়ু-কোষের সমষ্টি মাত্র; ঐ প্রত্যেক স্নায়ু-কোশের সহিত তুই চারিটি করিয়। সৃক্ষ সায়ু-সূত্র সংযুক্ত এবং অভ্যস্তরস্থ গুল্ল পদার্থটি নিরবৃদ্ধির স্নায়ু-স্ত্তের সমষ্টি ভিন্ন আর কিছুই নহে। এই স্নায়ু-কোষ ও সায়ু-সূত্র অতি সৃক্ষ ও উহাদের জাল-বিস্তার স্বতীব জটিল। এই সায়ু-কোষগুলি এক প্রকার শক্তির আধার এবং সায়ু-স্তত্তুলি ঐ শক্তির বাহক-স্থরূপ। মোটামুট বৈত্যতিক যন্ত্রের সহিত ইহার তুলনা হইতে পারে; বৈহাতিক যন্ত্রে বিহাৎ-পদার্থ উৎপন্ন হইয়া যেরূপ তার্যোগে অন্তত্ত প্রবাহিত হয় ইহাও কতকটা সেইরূপ। মস্তিক্ষের অভাস্তর-প্রদেশে গুইটি বড় বড় সায়ু-পিও আছে যাহাকে ইংরাজিতে "গ্যাংলিয়ন" বলে—একটির নাম "অপটিক থ্যালাম্দ" আর একটির নাম "কর্পদ ষ্টায়াটম"। এই স্নায়ুপিগুছর উপরিস্থ ধুদর প্রালেপের সহিত সায়ু-স্ত্তের দারা সংযুক্ত। উহারা স্বায়ু-শক্তির উৎপাদন, পুঞ্জী· করণ, ও বণ্টনের প্রধান কেন্দ্র-স্থল।

মস্তিক্ষের বিভিন্ন পাক-চক্র ও বিবিধ অংশের মধ্যে এত খনিষ্ঠ যোগা-বোগ আছে যে একস্থানে কোন উৎপাত উপস্থিত হইলেই তাহার ফল দূরবর্ত্তী অংশেও পৌছিয়া থাকে। মস্তিক যে ছই অর্জাংশে বিভক্ত→
সেই ছই অর্জাংশ সায়ু-স্ত্রগঠিত একটা চৌড়া পটীর দ্বারা সংযুক্ত।
এই বৃহৎ মস্তিক্ষের পশ্চাতে আবার একটি ক্ষুদ্র মস্তিক আছে—ইহারও
প্রধান উপাদান স্বায়ু-কোষ ও স্নায়ু-স্ত্র।

মস্তিকের গঠন কিরপে—মোটামুটি একপ্রকার বলা ইইল। এখন দেখা যাক্, মস্তিকেম ক্রিরাসকল কিরপে সম্পন্ন হয়। ফ্রেণলজিষ্ট সম্প্রদার বলেন, মস্তিকের প্রত্যেক অংশ এক একটি বিশেষ মানসিক রন্তির, আধার, এবং কোন ব্যক্তির মাথার গঠন দেখিয়া বলা যাইতে পারে ভাহার প্রবৃত্তি কোন্ দিকে। তাঁহাদের মহ কতদুর সহ্য—একথা এখানে বিস্তৃতরূপে আলোচনা করিবার প্রয়োজন নাই। তবে, ইহার মূলে যে কতকটা সত্য নিহিত আছে তাহা আধুনিক বৈজ্ঞানিকেরাও স্বীকার করিয়া থাকেন। গল্ও ম্পুরকৈম্ নামক জর্মান পণ্ডিভছয় এই সত্যাটি আবিষ্কার করিয়াছিলেন যে, মস্তিকের প্রত্যেক সংশেরই স্বতম্ম কাজ আছে এবং এখনকার বৈজ্ঞানিকদিগের পরীক্ষার তাহাই সপ্রমাণ ইইতেছে। তবে ফ্রেণলজিষ্ট-সম্প্রদার মস্তিক্ষের যে-যে অংশ যে-যে প্রস্তির আধার বলিয়া নিজেশ করেন ভাহার সহিত এখনকার বৈজ্ঞানিকদিগের মতের প্রকাহ হয় না।

গল্ ফ্রেণলজির মত জারি করিবার অনেক দিন পরে ফ্রুরাঁ। পরীক্ষা করিয়া দেখিলেন যে, কোন পশুর মস্তিকের কোন অংশ—সমগ্র মস্তিক ইইতে বিচ্ছিন্ন করিরা লইলে সেই অংশের বিশেষ ক্রিয়া স্থগিদ হইয়া যায়। তাহার পর বিফ্ আবিদ্ধার করিলেন, ভিন্ন ভিন্ন অমুভবক্রিয়ার প্রভাবে মস্তিক্ষের ভিন্ন ভিন্ন অংশে তাপ বর্দ্ধিত হয়। তাহার পর ফ্রিস্ ও হিট্সিগ্ একটা কুকুরের মাথার খুলি অনার্ভ করিয়া তাহার মস্তিকে বৈছাতিক উত্তেজনা প্রয়োগ করিয়া দেখিলেন যে, মস্তিকের কোন কোন অংশ ক্রিরণে উত্তেজিত করিলে তাহার বিশরীত দিকের দেহ ৰজিয়া উঠে। এই সময় হইতেই আধুনিক মনক্তব্বাদের স্থাপাত হয়। তাহার পর ফেরিয়ার হর্সলি যাফের প্রভৃতি পণ্ডিতগণ পরীক্ষাক্ষেত্রে অবতীর্ণ হইয়া আরও অনেক আনিফার করেন।

তাঁহারা পরীক্ষা করিয়া মন্তিক্ষের একটা মানচিত্র প্রস্তুত করিয়াছেন;
—দৃষ্টি-কেন্দ্র, শ্রুতি-কেন্দ্র, স্পর্শকেন্দ্র, আগকেন্দ্র, আসাদ-কেন্দ্র এবং
পৈষিক গতি-কেন্দ্র প্রভৃতি কেন্দ্রস্থানগুলি মন্তিক্ষের কোন্কোন্ অংশে
আছে তাহা ইহাতে প্রদর্শিত হইয়াছে।

মফ্তিকমণ্ডলের উপরিভাগে ও পার্শ্বে—মেখানে ফ্রেণলব্বিষ্টেরা আত্ম-সম্ভ্ৰম, দৃঢ়তা, উপচিকীৰ্বা, অমুচিকীৰ্বা, বিশ্বয়, আশা ও সৌন্দর্যামু-রাগের বৃত্তি নির্দেশ করেন — তত্ত্বস্থ ধুসর পদার্থের কোন ক্ষতি হইলে ভাহার বিপরীত দিকের সমস্ত শরীরের পেশী-সমূহ অসাড় হইয়া পড়ে এবং ঐ অংশ উত্তেজিত করিলে বিপরীত দিকের দেহত্ত পেশীসমূহ উত্তেক্তিত হইরা উঠে। আধুনিক বৈজ্ঞানিকদিগের মতে, মঝিঞ্চের ঐ সকল অংশ-হস্ত পদ, বাছ, মস্তক, মুখ ওষ্ঠ প্রভৃতির গতি নিয়মিত করিবার কেন্দ্র-স্থান। বামদিকের কণালের রগ—বেখানে ফ্রেণলজি-ষ্টেরা নিশ্মিমৎসার স্থান নির্দেশ করেন ভাহা আধুনিক বৈজ্ঞানিক-দিগের মতে বাক্যোচ্চারণ-ক্রিয়ার গতি নিয়মিত করিবার কেন্দ্রস্থান। বাহার এই কেন্দ্রটি ধবংশ হটয়া যায় সে অভাষা (Aphasia) রোগে আক্রান্ত হয়। অভাষা-রোগগ্রস্ত ব্যক্তি, সব কথাই বেশ বুরিতে পারে অথচ কোন কথা উচ্চারণ করিতে পারে না। উহার নিকটম্ব আর একটি অংশ ধ্বংশ হইয়া গেলে লিখন-বিকার (Agraphia) উপস্থিত হয়; যে ব্যক্তি লিখনবিকারগ্রস্থ তাহার লেখা কেহ বুঝিতে शांद्र मा। एन वास्कित इस्कालना-किया नित्कत आंग्रस्क शांदक ना. স্থতরাং বাহা মনে করে তাহা কিছু লিখিতে না পারিয়া নানাশ্রকার ছি**জি**বিজি আঁক পাড়িতে থাকে। মক্তিকের পশ্চাৎভাগ—বেথানে

শ্রেণণজিন্তরা, লোকাদর-স্পৃহা, বাস্কনিষ্ঠা, সখ্য, অপতামেহ প্রভৃতির স্থান নির্দেশ করিয়াছেন, উহা আধুনিক বৈজ্ঞানিকদিগের মতে দৃষ্টির কেন্দ্রস্থান। কানের উপরিভাগে যেখানে ফ্রেণলজিন্তরা অর্জ্ঞনস্পৃহাও কুকুপ্রস্থার স্থান নির্দেশ করেন উহা শ্রুতির কেন্দ্রস্থান। তাহার পর আণ, আস্থাদ এবং স্পর্শের কেন্দ্রস্কল মন্তিক্ষের আরও নিম্নতর স্তরে নির্দিষ্ট হইয়াছে। কিন্তু তাহারা যেরূপ পদ্ধতি অবলম্বন করিয়া এই দিদ্ধান্তে উপনীত হইয়াছেন তাহাতে ফ্রেণলজি-সম্বন্ধে কিছুই চুড়াস্ক নিস্পৃত্তি হইতে পারে না—কেন না, তাহারা মন্তিক্ষের কোন অংশ উত্তেজিত করিবার সময় অহ্য পার্ম্বর্ত্তী অংশসকল দগ্ধ করিয়া ফেলেন। মন্তিক্ষের সকল অংশের সঙ্গে যেরূপ পরস্পার যোগাযোগ আছে তাহাতে একাংশ নন্ত হইলে অহ্য অংশের ক্রিয়া সম্যক্ষরপে প্রকাশ না হইতেও পারে; দৃষ্টি শ্রুতি প্রভৃতি সরলতর বৃত্তির ক্রিয়া হদ প্রকাশ না হওয়া আহ্যা নহে।

ললাটস্থ মন্তিক্ষের দারাই যে বৃদ্ধিক্রিরা নিপার হয় তাহা আধুনিক বৈজ্ঞানিকেরাও একরপ স্বাকার করেন; অথচ পরীক্ষার দারা এ বিষরে তাহারা কোন বিশেষকল পান নাই। ফ্রেণনজ্জিষ্ট সম্প্রদায় এই কথা বলিতে পারেন, তবে তাহারা কেন ইহা বিশ্বাস করেন? ফেরিয়ার পরীক্ষা করিয়া এইমাত্র দেখিয়াছেন, কপালের রগদেশ উত্তেজন করিলে মনোযোগ-ক্রিয়ার লক্ষণ প্রকাশ পার। এখনকার বৈজ্ঞানিক-দের মতে প্রশস্ত কপাল বৃদ্ধির নিদর্শন বটে, কিন্তু শুদ্ধ কপালের মন্তিক্ষই যে বৃদ্ধির স্থান তাহা নহে—মন্তিক্ষের বোধবাহক ও গভিবাহক যতগুলি প্রধান কেক্রস্থান আছে, সকলের সম্মিলিত ক্রিয়া-প্রভাবেই বৃদ্ধির পূর্ণ বিকাশ হইয়া থাকে। তবে কপালের মন্তিক্ষই যে বৃদ্ধির প্রধান স্থান তাহাতে কোন সন্ধেহ নাই। এ বিষয়ে কতকটা অভাব-পক্ষের প্রমাণ পা ওয়া যায়। যথা, যে সকল জীবের কপাল-প্রদেশের মন্তিজ্যপ্ত বিনষ্ট হইয়া যায়, সেই সজে তাহাদের বৃদ্ধিও লোপ পার। তাহারা অবাধে আহার করিতে পারে কিন্তু কোথায় তাহাদের থাদ্য তাহা তাহারা জানিতে পারে না। যে কুকুরের এইরূপ কপালের মন্তিজ নষ্ট হয় তাহার নিকট যদি একটা অন্তিখণ্ড নিক্ষেপ কর—তাহা হইলে সে অন্তি ধরিবার জন্ম আগ্রহের সহিত দৌজিয়া যাইবে, কিন্তু ঠিকৃ কোন্ সময়ে থানিতে হইবে তাহা বৃঝিতে পারিবে না—হয়তো বেখানে অন্তিটি আছে তাহা ছাড়াইয়া কিরওদুর চলিয়া যাইবে।

ব্যাশ্চিয়ন প্রভৃতি পণ্ডিতগণ ফ্রেণলজ্বিকে যে একেবারেই উড়াইয়া দেন, তাহাও ঠিক নহে--আবার বাঁহারা বলেন ফ্রেণলজির দারা মনুষ্য-চরিত্রের সমস্ত অন্ধি-সন্ধি সম্পূর্ণরূপে ভানা যায়, তাঁহাদের কথাও ঠিক্ নহে। পণ্ডিতবর বেন এই বিষয়ে যাহা বলিয়াছেন তাহাই যুক্তি-দিদ্ধ। তিনি বলেন—"মন্তকের গঠনের সহিত মানসিক বিশেষভের ঘনিষ্ঠ সম্বন্ধ অনেকটা লক্ষিত হয়—তবে, ফ্রেণলব্ধিতন্ত্রে এই সকল বিশেষত্বের যতগুলি উল্লেখ আছে তন্মধ্যে কতকগুলি টি কিয়া যাইতে পারে—আর কতকগুলি ভুল বলিয়া সিদ্ধান্ত হইতে পারে।" শুধু মাথার খুলির গঠন দেখিয়া একজনের মস্তিক্ষের অবস্থা সম্পূর্ণরূপে বলা যাইতে পারে না। মমুষ্যচরিত্রের বিশেষত্ব মস্তিদ্ধের আভ্যন্তরিক প্রকৃতির উপরেও অনেকটা নির্ভর করে। আধুনিক বৈজ্ঞানিকেরা অনেক প্রতিভাশালী বিখ্যাত লোকের মন্তিক পর্যাবেক্ষণ করিয়া স্থির করিয়াছেন, উাহাদের মন্তিক্ষের পাকচক্র সাধারণ লোকের অপেক্ষা অনেক জটিল। স্থতরাং, মাথা বড় কি ছোট ইহা শুধু দেখিলে চলিবে না-মন্তিক্ষ-পাকচক্রের অবস্থা কিরূপ তাহাও দেখা আবশ্রক। ফ্রেণলব্বিতে তাহা দেখিবার উপায় नाहे। ठाहे, ख्रमनिक कठकरी मठा हहेता अम्मूर्न।

ফ্রেণলজির সহিত আধুনিক মন্তিঙ্গতত্ত্বের আর কোন বিষয়ে ঐক্য

হউক বা না হউক, ফ্রেণলজি বে মূল-ভিত্তির উপর স্থাপিত তাহা এখন-কার বৈজ্ঞানিক পণ্ডিতেরা সম্পূর্ণরূপে গ্রহণ করিয়াছেন—অর্থাৎ তাঁহারা স্বীকার করেন বে, মন্তিকের বিভিন্ন অংশ,—বিভিন্ন মানসিক বৃত্তি ও শারীরিক ক্রিয়া প্রকাশের স্বতন্ত্র কেন্দ্রন্থন।

সম্মোহন-তত্ত্ব।

আজকাল সম্মোহন-তত্ত্ব লইয়া য়ুরোপে খুব আন্দোলন চলিতেছে। প্রথম, মেদুমের নামক একজন পণ্ডিত এই বিষয়ের আলোচনা আরম্ভ করেন। তিনি বলিতেন, একপ্রকার তরল পদার্থ বিশ্বময় বাথে ১ইয়া আছে---সেই পদার্থ মানব-দেহেও বর্ত্তমান। এই পদার্থ যাহার শরীরে অপেক্ষাক্কত অধিক পরিমাণে আছে, সে আপন অপেক্ষা হীনতর ব্যক্তির উপর প্রভাব প্রকটন করিয়া তাহাকে বুশ করিতে পারে ;—সেই প্রভাবের নাম তিনি "প্রাণীদেহের চুম্বক-শক্তি" রাখিয়াছিলেন। কিন্তু আজকাল অধিকাংশ মুরোপীয় পণ্ডিতগণ এ কথা বড় মানিতে চাহেন না ;—মেনুমেরিজ্বমে বে একটা রহস্তমর আবরণ ছিল, সেই আবরণটি উদ্যাটিত করিয়া, ভেক্কির রাজ্বা হইতে উদ্ধার করিয়া, উহাকে তাঁহারা চলিত ঘটনার সামিলে আনিতে চাহেন। তাই মেসমেরিজমের পরি-বর্ত্তে তাঁহারা হিপনটব্দম এই শব্দ ব্যবহার করিতে আরম্ভ করিয়াছেন। হিপনটিক্সমের ঠিক অমুবাদ---স্থাপ্ত-প্রবর্ত্তন-ক্রিয়া। অর্থাৎ তাঁহারা বলিতে চাহেন, নিজা, স্বপ্ন প্রভৃতি যেরূপ স্বাভাবিক ব্যাপার ইহাও তদক্রপ। ফলত: ইহা একপ্রকার ক্লত্রিম উপায়ে নিদ্রা বা স্বপ্ন প্রবর্ত্তন कता। এ निजा अकल्यकांत्र मञ्जाग निजा अवः हेश कडको नायू-विकादात ফল। তাই হিপনটিজ্বমের অত্বাদে উপস্থা-প্রকরণ বলিলে বোধ হয় অসকত হয় না।

মেস্মেরিক সম্বোহনে, মুখের সাম্নে হস্ত সঞ্চালন করিয়া নিদ্রা আকর্ষণ করাই চলিত পদ্ধতি—কিন্তু আধুনিক উপস্থাপ্তি প্রবর্ত্তকেরা এ পদ্ধতিটি প্রায় অবলম্বন করেন না।

উপস্থপ্তি সঞ্চার করিবার তাঁহাদের ছইপ্রকার প্রণালী আছে। ছুইটি পরীক্ষা-বিবরণ এন্থলে আনুপূর্বিক বিবৃত করিলেই পাঠকগণ সহজে বুঝিতে পারিবেন সেই ছই প্রণালী কিরূপ। জর্মান পণ্ডিত মল পরীক্ষা করিতেছেন।

- (১) "২০ বৎসর বয়য় একটি য়্বকের উপর পরীক্ষা করিতেছি। তাহাকে একটা চৌকিতে বাসতে বলিলাম এবং তাহার হস্তে একটা বোতাম দিয়া বলিলাম—এই বোতামটির দিকে এক দৃষ্টে চাহিয়া থাক। তিন মিনিটের পরে তাহার চোখের পাতা চলিয়া পড়িল। হাজার চেষ্টা করিয়াও চোথ খুলিতে পারিল না। এতক্ষণ বোতামটি সে খুব শক্ত করিয়া ধরিয়াছিল—এক্ষণে তাহার হস্ত শিথিল হইয়া হাঁটুর উপর চলিয়া পড়িল। আমি তাহাকে বলিলাম ভূমি কিছুতেই চোখ্ মেলিতে পারিবে না—সে চোখ্ মেলিবার চেষ্টা করিতে লাগিল কিস্কু পারিল না—ইত্যাদি।
- (২) "একজন ৪১ বৎসর বয়য় বাক্তি চৌকিতে বসিল। আমি তাহাকে বলিলাম, তোমার ঘুমাইবার চেষ্টা করিতেই হইবে। ক্রমাগত এইরূপ ভাবে বে তোমার ঘুমাইতে হইবে—এ ছাড়া আর কিছুই ভাবিও না। এখন তোমার চোখ বুজিয়া আমিতেছে; তোমার চোখের পাতা ক্রমণ: ক্রান্ত হইরা আমিতেছে। তোমার চোখের পাতা ঈষৎ কাঁপিতেছে—তোমার সমস্ত দেহে শ্রান্তি বোধ হইতেছে, একটা ভার বোধ হইতেছে, একটা ঘুমের ভাব আমিতেছে—এই তোমার চাঝার চাঝার জড়তা আমিতেছে—তোমার চিন্তা-সকল ক্রমণ: বিশ্বাল হইয়া পড়িতেছে। আর তুমি ঘুম চাপিতে পারিতেছ না—এই তোমার চোখ বদ্ধ হইল—এখন ঘুমাও। সে চক্ষু বুজিলে আমি তাহাকে বলিলাম, এখন চোখ খুলিতে পার কি ? (চোখ খুজিতে চেষ্টা করিতে লাগিল—কিন্তু পারিল না) আমি তাহার বাম হস্ত ভুলিয়া ধরিয়া ছাড়িয়া দিলাম। (হাত সেইখানেই রহিল, হাজার চেষ্টাতেও হাড় নাবাইতে পারিল না)। আমি জিক্তামা করিলাম,

ঘুমাইয়াছ কি ? উত্তর—হাঁ ঘুমাইয়াছি। একেবারে ঘুমাইয়া পড়িয়াছ ?

—উত্তর—হাঁ। ঐকাতান বাদ্য শুনিতে পাইতেছ কি ? উত্তর
"পাইতেছি বৈকি"। একটা কালো কাপড় তাহার হস্তে দিয়া বলিলাম

—এইটা বে কুকুর ইহা ভূমি হাত দিয়া স্পষ্ট উপলব্ধি করিতে পারিতেছ
তো ? উত্তর "স্পষ্ট পারিতেছি"। এখন ভূমি চোখ্ খুলিতে পার—
চোখ্ খুলিলে কুকুরকে স্পষ্ট দেখিতে পাইবে। তাহার পর ভূমি
ঘুমাইয়া পড়িবে এবং যতক্ষণ না আমি বলিব ততক্ষণ আর উঠিবে না।
(সে চোখ্ খুলিল, কলিত কুকুরের পানে তাকাইয়া তাহার গায়ে হাত
বুলাইতে লাগিল) আমি সেই কালো কাপড়টা তাহার হাত হইতে লইয়া
মাটিতে বিছাইয়া দিলাম। (সে দাঁড়াইয়া তাহাকে ধরিবার জ্লাভ্নাত লাগিল।) তাহার পর আমি তাহাকে বলিলাম, সে
এক্ষণে পশু-শালার উদ্যানে আছে—যদিও আমার মরে ছিল, সে তাহাই
বিশ্বাস করিল—বুক্ষাদি দেখিতে লাগিল ইত্যাদি।"

জতএব দেখা বাইতেছে প্রথম প্রণালীতে একটা বস্তুর উপর দৃষ্টি জির রাথিয়া মনোনিবেশ করিতে বলা হয় এবং দ্বিতীয় প্রণালীতে ব্যের ভাব কথার দ্বারা মনে উদ্রেক করিয়া দেওয়া হয়। আমাদের যোগীরা ক্রমধ্য-বিন্দৃতে লক্ষ্য নিবদ্ধ করিয়া আপনাকে আপনি এইরূপে সম্মোহিত ।করিতেন—ইহাকে স্বব্ধুত-উপস্থার বলা ঘাইতে পারে। উপস্থাত্ত-তব্ধের মূলমন্ত্র—উপস্থাবস্থায় কোন উপায়ে কয়না উত্তেজিত করিয়া দেওয়া। তৎকালে মনে যে ধারণার উদ্রেক হয় তাহাতেই প্রবিশ্বাস জন্মে—এবং উপযুক্ত ব্যক্তি সেই বিশ্বাস অমুযায়ী কার্য্য করে। উপস্থার বাজি, উপস্থাত্ত-প্রবর্ধকের কথার নিতান্ত বাধ্য —তিনি যাহা বলেন সে তাহাই করে। স্বক্ষত-উপস্থার আর এক দৃষ্টান্ত—মন্দির-প্রাঙ্গণে রোগী ব্যক্তির স্বপ্রোষ্ণ-লাভ। আমাদের

এখানে তারকেশ্বরের মন্দিরে রোগীরা হত্যা দেয় —হত্যা দিয়া কখন কখন স্বপ্লোষধি লাভ করে। সেই স্বপ্লোষধিতে যে উপকার হইতে পারে তাহাতে আশ্চর্যা নাই। পুনাকালে গ্রীকদিগের মধ্যেও এই পদ্ধতি প্রচলিত ছিল। রোগী ব্যক্তি নিরশন থাকিয়া এক মনে আপনার শারীরিক অবস্থার বিষয় ভাবিতে থাকে—অধিক কাল নিরশন থাকিলে একটু না একটু স্নায়ু-বিকার স্বভাবতই উপস্থিত হয়;—তাহার উপর আবার একাগ্রচিস্কা—ইহাতে করিয়া উপস্থাবস্থা সহক্ষেই উৎপন্ন হয়; এই সুময়ে যে ঔষধির বিষয় স্বপ্ল দেখা যায় তাহাতে সহক্ষেই গ্রুব বিশ্বাস ক্ষয়ে। এইরূপে যে ঔষধ প্রবিশ্বাসের সহিত সেবন করা যায় তাহাতে রোগ আরোগ্য হইবারই কথা। আজকাল যুরোপের ডাক্তারেরা উপস্থাপ্রপ্রকিন দ্বারা অনেক রোগ আরোগ্য করিবার চেটা করিতেছেব এবং তাহাতে ক্বতকার্যাও হইতেছেন। যে সকল রোগ স্নায়ু-ঘটিত তাহাই বিশেষরূপে এই পদ্ধতির দ্বারা প্রশামত হয়। অনেকের পানরোগ এই পদ্ধতির দ্বারা আরোগ্য হইয়াছে।

পূর্বেই বলিয়াছি, ধারণা উদ্রেক করিয়া দেওয়াই উপস্থপ্তিতরের মূলমন্ত্র;—দেই ধারণা যে শুধু উপস্থপ্তাবস্থাতেই থাকে তাহা নহে, উপস্থপ্তি ভাঙ্গিয়া গেলেও সেই ধারণাটি কাজ করিতে থাকে। মনে কর, উপস্থিপ্ত প্রবর্ত্তক উপস্থপ্ত ব্যক্তিকে বলিলেন—তোমার মদ ভাল লাগে না—না ?—সে বলিল "না"। তুমি জাগুত ইইলেও তোমার মদ ভাল লাগিবে না—না ? সে বলিল "না"। বাস্তবিকও সে জাগিয়া উঠিয়া এই ধারণাস্থসারেই কাজ করে। তাহার মদ থাইতে আর ভাল লাগে না। উপস্থি-প্রকরণে এইরূপ ধারণার উদ্রেককে উত্তর-ধারণার উদ্রেক বলে। যাহার প্রকৃতিতে ধারণার উদ্রেক-শীলতা অধিক, সেহ উপস্থি-প্রক্রিরার অন্তর্কল পাত্র। সকল প্রকৃতিতে উপস্থিপ্ত সমানরূপে কার্যকরী হয় না॥ জনেকে মনে করে, যাহারা হর্বল, বাহাদের

ইচ্ছার জ্বোর নাই তাহারাই বুঝি সহজে উপস্থপ্তির অধীন হর। কিন্তু এ কথা ঠিক্ নহে। বাহারা মনস্থির করিতে পারে, একাগ্রচিন্ত হইতে পারে তাহাদের উপরেই বরং এই প্রক্রিয়া অধিক ফলবতী হয়। উপস্থিপ্ত-প্রক্রিয়ার দ্বারা যেরূপ লোকের মনকে ভালোর দিকে লইয়া যাওয়া যায়, সেইরূপ মন্দের দিকেও প্রবৃত্ত করা যাইতে পারে। এই উপস্থিপ্তিক্রার দ্বারা মুরোপে মধ্যে মধ্যে বদ্মাইশিও হইয়া থাকে। আদাদলতের বিচারে অনেক সময়ে প্রকাশ হইয়াছে যে, কোন ব্যক্তি উপস্থিপ্তিপ্রক্রিকর আদেশক্রমে কোন বদ্মাইশি কার্য্যে প্রবৃত্ত হইয়াছে— স্থেপ্তিকরে আদেশক্রমে কোন বদ্মাইশি কার্য্যে প্রবৃত্ত হইয়াছে— স্থেদ্যক্রিমে দে কান্ত করে নাই। কিন্নপ আইন করিলে এই প্রকার দ্বানা নিবারণ হইতে পারে সেই বিষয়ে মুরোপে আন্ত কাল আন্দোলন চলিতেছে। সম্মোহনতত্ত্বকে এখন আর গাঁজাথুরি বলিয়া উড়াইয়া দেওয়া যায় না। জর্ম্মনি দেশের বিশ্ববিদ্যালয়ে যেমন অক্তান্ত বিজ্ঞানসম্বন্ধে বক্তৃতা দেওয়া হয় সেইরূপ উপস্থিতির বিষয়েও রীতিমত বক্তৃতা হইয়া থাকে।

ভারতের দারিদ্র্য ও সাক্ষাৎ বাণিজ্য।

ভারতের দারিত্র্য যে ক্রমশই বাড়িতেছে, ইহা কে না স্বীকার করিবে ? এ দারিন্তা হটতে দেশকে উদ্ধার করা কঠিন; সকল শ্রেণীর লোকেরাই ঋণে আকণ্ঠ মগ্ন। কাহারই প্রায় স্বচ্ছল অবস্থা নহে। বিভিন্ন লোকে ইহার বিভিন্ন কারণ নির্দেশ করিয়া থাকেন। ইহার বিবাহ, সাধারণ শিক্ষার অভাব, শিল্প-শিক্ষার অভাব, সংসাহসের অভাব প্রভৃতি আমাদের দারিদ্রোর অনেকগুলি কারণ নির্দেশ করা যাইতে কেই কেই বলেন, বৈদেশিক শাসনভাৱে প্রাপীতিত হুইয়া আমাদের স্বাধানভাব, আমাদের উন্তি-ম্প্রা, আমাদের মনুষাত্ব, উদাম উৎসাহ সমস্তই তিরোহিত হইয়াছে: কাজেই আমরা দরিদ্র হইয়া পডিয়াছি। কেই কেই বলেন, ইংরাজদিপের কর আদায় করিবার প্রণালীটাই দুষণীয়। স্বদেশীয় রাজ্যাদিগের আমলে, উৎপন্ন শস্তের কিয়দংশ করম্বরূপে লওয়া হটত, অর্থ লওয়া হটত না। ওথা হাজ। অঞ্চন্ধা হইলে প্রকাদিগকে সর্বস্বাস্ত হইতে হইত না। এখন শস্ত্রের অবস্থা যাহাই হোক না কেন. একটা নিদিষ্ট অর্থ করম্বরূপ প্রজাকে দিতেই হইবে। বিস্তার্ণ ছর্ভিক্ষ না হইলে, বর্ত্তমান রাজসরকার কথনট প্রজাদিগকে ছাড় দেন না। তা ছাড়া, বাক্তিবিশেষের ক্ষেতে অজনা হুইলে সুরুকারী কর্মাচারীদিগের ছাড দিবার কোনও একতিয়ার নাই। আমাদের দেশের অধিকাংশ লোকট কৃষিজীবী। কৃষকদিগের অবস্থ মন্দ হটলে, সমস্ত দেশের অবস্থাই মন্দ হট্যা পড়ে। কৃষি ও বাণিজ্ঞা कुछ यमि व्यामात्मत (मृत्म व्यवन थाकि उ, जाहा हहेतन व्यामात्मत अत्रव ছুদ্দশা হইত না। একের অভাব, সময়বিশেষে অপরের দারা পূর্ব হটতে পারিত। তা ছাড়া, অর্থশাস্ত্রবিৎ পণ্ডিতেরা বলেন, উৎক্টই ভূমিতে

গড়ে প্রতি বর্গমাইলে ১০০ কিম্বা :২০ জনের মত আহার যোগান হইতে পারে—সেই ভূমির উপর যদি ১৫০, কিম্বা ২০০ লোক নির্ভর করিয়া থাকে তবে নিশ্চয়ই অনকষ্ট ও ছর্ভিক্ষ উপস্থিত হয়। ভারতবর্ষের জঙ্গল, বন, মৰু-স্থান প্রভৃতি যদি কেবল কুষিযোগ্য ভূমি ধরা যায়, তাহা হুটলে দেখিতে পাটবে প্রতি বর্গমাইলে ২০০ হুটতে ৩০০ লোক অব-স্থিত। সমস্ত শোকদংখার মধ্যে শতকরা ৮৬ জনের কুষ্টি একমাত্র নির্ভার স্থল। অভএব আমাদের দারিদ্রোর কারণ এইখানেই তো হাতে-হাতে দেখা যাইতেছে। অবশু, বিজ্ঞান-সঙ্গত আধুনিক উপয়েসকল অবলম্বন করিলে, ক্লয়িকার্যোর উন্নতি সাধিত হটয়া দেশের অপেক্ষাক্লত শ্রীবৃদ্ধি হইতে পারে। কিন্তু ইহাই যথেষ্ট নহে; সর্বাঙ্গীন উন্নতি লাভ করিতে হটলে, ক্ষিও বাণিজা উভয়েরট উৎকর্ষ সাধন করা চাই। কিন্তু এই বাণিজ্যের কতকগুলি অন্তরায় আছে। কেহ কেহ মনে করেন, বাবসা-বাণিজানাওই নীচ কাজ। কেহ বা দ্রবাবিশেষের বাব্যায়ে আপত্তি করেন। কিন্তু অধিকাংশ লোকের আপত্তি সমুদ্রযাতা। এই সমুদ্রঘাতার বাধা খণ্ডন না হইলে, আমাদের বৈষ্থিক উন্নতির বিশেষ কোন সম্ভাবনা নাই। আমাদের গোঁডো লোকেরাও হয়তো বাণিজ্ঞার কথা শুনিবামাত্রই "বাণিজো বসতে লক্ষ্মী" এই প্রচলিত বচনটি আওডাই-বেন এবং আর্যামহিমা কীর্ত্তনকালে সভাস্থলে বলিবেন, পুরাকালে আমা-দের পোতসকল মার্কিনদেশ পর্যান্ত থাতায়াত করিত। কিন্ধ ভাঁহাদের কোন আত্মীয় স্বজন "কালাপাণি" পার হইয়া বাণিজার্থে বিলাতে গিয়া বাদ করুন দেখি, অমনি তখন তাঁহারা তাহাকে জাতান্তর করিবার জ্ঞ ঘোঁট করিতে থাকিবেন। আর একদল এইরূপ চীংকার করেন, আমা-**रम्ब श्रमा** में को के देश्वारकता नृष्टिया नहेवा यहिए एक, दिनांटिव कन কারখানায় আমাদের দেশের শিল্পকল লুপ্ত করিতেছে। এ কথাগুল সত্য, কিন্তু ইহা নিবারণের জন্ম তোমরা কি উপায় করিতেছ ? তথু কাঁছনি গাহিরা কি ফল ? যদি কেবলমাত্র যোগ সাধন করিয়া, বৈরাগা অভাাস করিয়া পারত্রিক ধাান ধারণায় জীবন কাটাইতে চাহ—তাই কর। কিন্তু তাহা হইলে আপনাদিগের ঐহিক অবস্থা লইয়া আক্ষেপ করিয়ো না কিন্তু বৈদেশিকদিগের পৌরুষে কটাক্ষপাত করিয়ো না। আজকাল যোগবলের কাল গিয়াছে, কর্মবল অর্জ্জন করা এক্ষণে নিতান্তই আবশুক। ইংরাজের যদি সমকক্ষ হইতে চাও, দেশের ছংখ দারিজ্য যদি মোচন করিতে চাও, তবে ভত্মাবশিষ্ট মৃত অতীতকে ভত্মের মধ্যে রাখিয়া, জীবন্ত বর্জনানে জীবন্তভাবে কাজ করিতে থাক।

এ বিষয়ে বোশ্বাইবাসীরা আমাদের অপেক্ষা দ্রদর্শী ও কাজের লোক। তাঁহারা দেশের প্রকৃত অবস্থা ও অভাব বুঝিতে পারিয়া মাধুনিক পদ্ধতি-অনুসারে কতকগুলি তুলার কারখানা খুলিলেন; পূর্বের যে তুলা বিদেশে চলিয়া যাইত তাহা দেশেই রহিয়া গেল এবং তাহাতে বস্তাদি প্রস্তুত হইয়া দেশের ধনবৃদ্ধি হইতে লাগিল। এবং এই দৃষ্টান্তে অক্সান্ত ক্রমশঃ ইত্তত লাগিল। এবং এই দৃষ্টান্তে অক্তান্ত ক্রমশঃ ইত্তত গ্রহার দিকেও আমাদের স্বানিক্র্যান্ত করিলে চলিবে না, বহির্বাণিক্রোর দিকেও আমাদের হস্ত প্রসাবণ করিতে হইবে।

এক্ষণে আমাদের দেশের বহির্বাণিজা সমস্তই প্রায় যুরোপীরদিগের হস্তগত। আমাদের যাহা বেচিবার আছে তৎসমস্ত উাহারা এখানে ক্রেয় করেন এবং আমাদের যাহা ক্রেয় করা প্রয়োজন তৎসমস্ত উাহারা বিলাত হইতে এদেশে লইয়া আইসেন; শুধু লইয়া আইসেন নহে, সেই সমস্ত দ্রবাজাত ভারতবর্ষের নগরে নগরে, গ্রামে গ্রামে, পল্লীতে পল্লীতে বন্টন করিবার বন্দোবস্ত করিয়া দেন। এরূপ দৃষ্ঠ আর কোথাও দেখা বার না; একটি বৃহৎ দেশের কোটি কোটি অধিবাসী হাত শুটাইয়া এক পার্শে দ্ঞার্মান—আর কভিপর বৈদেশিক আসিয়া ভাহাদের সমস্ত কাজ করিয়া দিতেছে। এই প্রকার হীন অধীনতা হইতে যদি মুক্ত হইতে চাও, তো অব্যবহিত বাণিজ্যের আশ্রয় গ্রহণ কর।

অব্যবহিত বাণিজ্যের মূল মন্ত্রটি এই :— যে বাজার সর্ব্বাপেক্ষা সন্তা সেই বাজারে মাল খরিদ কর, এবং সে বাজার সর্ব্বাপেক্ষা মহার্ঘ্য সেই বাজারে গিয়া ঐ মাল বিক্রের কর। যেথানে কোন দ্রুব্য গোড়ার প্রস্তুত হয়, তাহাই সর্ব্বাপেক্ষা সন্তা বাজার, এবং যে ব্যক্তি নিজ্ঞ হস্তে সেই দ্রুব্য প্রস্তুত করে এবং যে ব্যক্তি উহা ব্যবহার করে, ইহাদের মধ্যে যদি সাক্ষাৎ ভাবে আদান প্রদান চলে, তাহা হইলে উভয়েরই অপেক্ষা-কৃত অধিক লাভ হয়। কিন্তু আজকালের দিনে, ইহা প্রায়ই কার্যাত ঘটরা উঠে না। বড় একটা কোন কাল্প করিতে গোলেই দশলনে মিলিয়া করিতে হয় এবং অধিক মূলোর বল্লাদি থরিদ না করিলে তাহা সহজে সম্পন্ন হয় না। অতএব এক্ষণে কার্থানার অধ্যক্ষেরাই দ্রুব্য প্রস্তুত্রকারীর স্থলাভিষ্ক্ত এবং সংদাগেরেরাই বাবহারকারীর স্থলাভি-বিক্ত। যাহাতে এই উভয় দলের মধ্যে সাক্ষাৎভাবে কাল্প চলিতে পারে ভাহাই বিলাতের বণিকদের বিশেষ চেষ্টা।

কিন্তু আমাদের দেশে এই লভাজনক বাণিজানিয়মটির মর্ম কেইট ব্রেনা। এ দেশের সৃহিত যে নিয়মে বাণিজাকার্য্য হটয়া থাকে ভাছা এইরপ:— বিলাতের কারথানা-ওয়ালা কোনও দ্রবাবিশেষ প্রস্তুত করিয়া সেখানকার কোনও বড় সওদাগরকে প্রথম বিক্রেয় করেন; তৎপরে ভারতবর্ষের কোনও যুরোপীয় বণিকের কোন যুরোপীয় প্রতিনিধি সেই দ্রব্য উাহার নিকট হটতে ক্রেয় করিয়া ভারতে চালান করেন। সেই দ্রব্য ভারতে পৌছিলে, হাউসওয়ালা ভাঁহার অধীনে যে সকল ছোট ছোট কার্যান্থান ও আড়ত আছে, সেই সকল স্থানে উহা চালান করিয়া দেন; এই প্রকারে ঐ দ্রব্য ভারতবর্ষে সর্বস্থানে পরিব্যাপ্ত হইয়া বিভিন্ন খরিজারের আগ্রন্তের মধ্যে আইনে। স্পষ্টই দেখা বাইতেছে,

এই কারবারে যতগুলি মধাবর্তী থাকেন সকলেরট কিছুনা কিছু লাভ হয় এবং ইহার আদানপ্রদানে যতট হাতফের হয় ততট দ্রবাটির মূল্য মহার্ঘ্য হইয়া উঠে। ভারতবর্ষীর পণোরও এই নিয়মে মূল্য স্থির হয়। ভারতবর্ষীর পণোরও এই নিয়মে মূল্য স্থির হয়। ভারতবর্ষীর পণোরও চালান করিতে হটলে, এরপ মূল্যে সেথানে বিক্রেয় করিতে হয়, যাহাতে সর্বপ্রকার মধ্যবর্তীদিগের লভ্য দিয়াও নিজের কিছু লভা অবশিষ্ট থাকে।

এইরপ নিরমে যথন বাণিজ্য-কার্য্য নির্বাহ হয়, তথন স্পষ্টই দেখা যাইছেচ, যুরোপীয় ব্যবসাদার যুরোপীয় দ্রবাজাতের মূল্য যতদূর পারেন বাড়াইবার চেষ্টা করিবেন এবং ভারতবর্ষীয় দ্রবাজাত যতদূর পারেন স্থলভ মূল্যে থরিদ করিতে চেষ্টা করিবেন। এই উভয় স্থলেই ভারতবর্ষ ধরিদার ক্ষতিগ্রস্ত ইইয়া পাকে এবং এইরপ কারবারে ভারতবর্ষ ধনী হওয়া দূরে থাক্, দরিদ্র ইইয়া পড়ে। এস্থলে আর একটি কথা মনে করা আবগ্রক। যুরোপীয় বণিকের দেশে স্থান্মুলা প্রচলিত, স্তরাং যুরোপীয় বণিক আমাদের টাকার বিনিময়-মূল্য অনুসারে উহার লভ্যের হিসাব করিয়া থাকেন। বিলাতি জিনিস বিক্রেয় করিয়া যে মূল্য প্রাপ্ত হন তাহা স্থান্মুলায় পরিণত করিতে হয়—কেন না স্থান্মুলাই উহার দেশের প্রচলিত মুদ্রা।

কিন্তু তিনি যখন এ দেশের দ্রব্য থরিদ করেন তখন টাকার মূল্যে খরিদ করিয়া থাকেন। এই প্রকার মূল্য-বিনিময়ে ইংরাজ বণিকেরই লাভ। তবে যে টাকার ঘাট্তি সম্বন্ধে এতাধিক চীৎকার শুনা যাইতেছে তাহার কারণ— যতদিন এই অব্যবহিত ঘাট্তি অনতিরিক্ত পরিমাণে ছিল ততদিন ইংরাজ বণিকের ইহাতে লাভ ভিন্ন ক্ষতি ছিল.না। কিন্তু বখন টাকার মূল্য এতটা কমিয়া গেল, যে দ্রব্যের মূল্য বাড়াইয়াও সেঘট্তি পূর্ণ করা অসাধ্য হইয়া উঠিল, তখনই এই চীৎকারধ্বনি সমু-খিত হইল। যে সকল মুরোপীরেরা ভারতবর্ষে কোন নির্দ্ধিট বেতন

ভোগ করে তাহারাও টাকার খাট্ভিতে ক্ষতিগ্রস্ত হয়। টাকার ঘাট্ভির দক্ষণ যা কিছু ক্ষতি সমস্তই বৈদেশিকদিগের। যদি বহিবাণিজ্য আমাদের দেশীয় লোকদের হস্তে থাকিত, তাহা হইলে ভাবী মুদ্রাবিপ্লব সম্বন্ধে কোন আশস্কা থাকিত না।

পণ্য দ্রব্যের উপর কোন বাটা নাই: ভারতবাদীরা এ গুরুতর কথাটা ভাল করিয়া তলাইয়া দেখেন না। যে ভারতবর্ষীয় সওদাগর সাক্ষাৎভাবে বিলাভের সহিত কারবার করেন উ।হাকে বাটার ক্ষতি স্বীকার করিতে হয় না। একটি দৃষ্টান্ত দেওয়া যাক:-মনে কর, কোন ভারতবর্ষীয় বণিক ১০০০ টাকায় একজন ইংরাজ বণিককে শস্ত বিক্রেম্ন করিল। এবং সেই টাকায় একটা বিলাভি কল খরিদ করিল। একণে, প্রতি টাকার যদি ১ শিলিং অড়েটি পেন্স পাওরা যার, ভাষ্ হইলে সেই বিলাতি কলের দাম হটল ৬০ পৌও ৮ শিলিং ৪ পেন্স মাত্র। যদি ঐ ভারতবর্ষীয় বণিক ঐ শস্ত এথানে বিক্রয় না করিয়া একে-বারে বিলাতে চালান করেন, তাহা ইইলে এখানকার অপেকা তিনি দেখানে অধিক মূলা পাইবেন তাহার সন্দেহ নাই। এবং তিনি যদি ঐ শশুবিক্রেয় করিয়া ১০০০, টাকা কিম্বা ১০০০ ফ্ররিন মুদ্রা পান তাহা হইলে তিনি ঐ টাকায় ১০০ পৌও মূল্যের কল থরিদ করিতে পারিবেন এবং ঐ কল ভারতবর্ষে চালান করিয়া বিক্রা করিলে তিনি ১,৬৫৫ টাকা ॥০ আমনা প্রাপ্ত হইবেন। কারণ প্রতি টাকার বিনিময় মূলা ১ শিলিং আড়াই পেন্স হইলে ঐ ১০০ পৌণ্ডের বিনিময় মূল্য, ১,৬৫৫ া০ টাকা হয়। অতএব স্পষ্টই দেখা যাইতেছে, সাক্ষাৎভাবে বিলাতের সহিত কারবার না করিলে ভারতবর্ষীয় বণিকের কতটা ক্ষতি হয়। গুধু ঐথানে ক্ষতির শেষ হয় না। সেথানে কোন ইংরাজ আড়তদারের ওখানে ভারতবর্ষ হইতে মাল পাঠাইলে, বিলাতের আড়তদারি দিতে হর—তা ছাড়া সেথানে পৌছিবার পূর্ব্বে বত হাতফের হয়

সকলকেই কিছু না কিছু সেই পরিমাণে লভা দিতে হয়। কিন্তু খরিদ বিক্রায় যদি বিলাভেই হয় তাহা হইলে অত খরচ পড়ে না—বাহা কিছু দিতে হয় তাহা একজন বাবসাদারকেই দিতে হয়। জাহাজভাড়। প্রভৃতি খরচ এ স্থলে ধরা গেল না। কেন না, সাক্ষাৎভাবেই চালান কর বা কোন বিলাতের আড়তেই পাঠাও দে খরচ উভয়েভেই সমান। অতএব, এখন, যে প্রণালীতে বিলাতের সহিত কারবার চলে তাহাতে সমস্ত লভা বৈদেশিকদের হস্তে যায়, এবং সাক্ষাৎভাবে কারবার করিলে যাহা কিছু লাভ হয় সমস্ত দেশীয়দের হস্তে আইদে।

নাক্ষাৎ বাণিজ্ঞার নৈতিক কলও বিলক্ষণ আছে। ভারতবর্ষীরেরা বিলাতে বাণিজ্ঞার্থে কিছু দিন নাস করিলে জ্ঞানিতে পারেন আমাদের কত প্রকার প্রাকৃতিক সম্বল—ধনাগমের কত অসংখা পথ। বিদেশীয় লোকদিগের কি কি দ্রব্য প্রয়োজন তাহা উহারা স্বচক্ষে দেখিতে পান এবং তাহাদের কিসে অভাব পূরণ করিয়া কিরুপে আমরা লাভবান হইতে পারি তাহারও নানা প্রকার সন্ধান জ্ঞানিতে পারেন। তা ছাড়া, আমাদের এখন যে উদ্যাম সাহসের অভাব, সাক্ষাৎ বাণিজ্ঞাে সেই উদ্যাম সাহস অর্জ্ঞন করিতে পারি। এবং এই প্রকার সাহসিক উদ্যামের অন্থলীলনের দ্বারা আমাদের জ্ঞাতীয় চরিত্র সবল ও স্বাধীন ভাবাপর হইতে পারে।

প্রথম প্রথম বিলাতে বিলাতি-আড়তে মাল চালান করিয়া আড়ৎ স্থাপন করিয়া লাভ বিবেচনা করিলে, ভারতবর্ষীয় সওদাগরের নিজ হিসাবে কাজ চালাইবার জন্ম দেখানে পণ্যালয় স্থাপন করিছে পারেন। ইহাই সর্ব্বাপেকা বাঞ্চনীয় বে, যে দ্রব্য বিলাতে বারমাস কাটতি সেই দ্রব্য লইয়াই প্রথম কাজ আরম্ভ করা হয়। যথা—বিবিধ শস্ত-বীজা, চামড়া, তৈল প্রভৃতি। এবং এ সকল দ্রব্যের কারবার করাও অপেকাক্ষত সহজ্ঞ। বিলাতে কিছু দিন বাস করিলেই ভারতবর্ষীয়

সংগাগর জানিতে পারিবেন যে, সেখানে সমস্ত তাব্য একেবারে বিক্রেয় হয়—খুচরা খুচরা বিক্রেয় হয় না। এবং বিক্রেয়েরও নানা প্রকার পদ্ধতি আছে। ইংলত্তে অধিকাংশ পণ্য তাবাই স্মগ্রভাবে নিলামে বিক্রয় হয়। যখন বাজার চড়া থাকে তখন শীঘ্র বেচিয়া ফেলিতে হয়, কিন্তা যদি মনে হয় আরও চড়িবার সন্তাবনা আছে তাহা হইলে কিছু দিন ধরিয়া রাখিতে হয়। এই প্রকার বাজারের অনিশ্চিতভায় ভয় পাইবার কারণ নাই, যে হেতু ভারতবর্ষে ঐ সব তাবা যে মূল্যে বিক্রয় হইতে পারে ভাহা অপেক্ষা বিলাতের বাজার অনেক চড়া থাকে এবং খরিন্ধারদিগের সংখ্যাও অনেক।

শশু প্রভৃতি কাঁচা মাল বিক্রেয় করিতে কোন মুস্কিল নাই—বার-মাস্ট উহা সেখানে বিক্রের হয়। কিন্তু সেখানকার তৈয়ারী মাল কিরূপে খরিদ করিতে হয় দে বিষয়ে একট্ ভাল করিয়া জানা আবশ্রক। ইংলত্তে সংলাগরের প্রতিনিধি কর্মাধাক্ষ যেই থাকুক, তিনি যুদ্রে পীয়ই হউন বা ভারতবর্ষীয়ই হউন, সেখানকার কোন ব্যাক্ষে তাঁহার নগদ টাকার খাতা থাকা চাই। কোন কারখানাওয়ালা ভারতবর্ষে চালানের জন্ম কোন মাল ছাডিয়া দিবেন না যদি কারখানাওয়ালার এই বিশ্বাস না থাকে যে, তাঁহার প্রাপা টাকা কোন মাতকার জমিদারের निकरे आनात्र इटेर्टर । এटे मध्यक लाहिलक क्रवहात এटे, स्नाहास्स মাল উঠাইবার পুর্বেই মালের দাম বুঝাইয়া দেওয়া হয়। যাহারা মাল বিক্রেয় করে, তাহাদিগের দাম প্রভৃতি বুঝাইয়া দিবার কাজ সেখানে Messrs Hutchinson & Co. করিয়া থাকেন। ভারতবর্ষীয় স্পাগরের প্রতিনিধি কর্মাণাক্ষ যিনি লগুনে থাকেন তাঁহার নিকট মালের চালান প্রথম আইসে, তিনি তাহা বিক্রয় করিয়া যে টাকা পান তাহা কোন লগুন-বাাকে জমা দিয়া থাকেন। সেই লগুন বাাছের শাখা ভারতবর্ষেও আছে ব্রিতে ইইবে। সেই জ্বমা টাকার মাতকারিতে

ঐ প্রতিনিধি কর্মাধ্যক্ষ আবশুকীয় মালের ফরমাইস করেন, কিন্তু তাঁহার ইহা বিশেগ করিয়া দেখিতে হয়, বাহাতে সকল সময়েই ব্যাহ্রে কিছু অবশিষ্ট টাকা মজুদ থাকে। এবং কয়েকবার এইরূপ ক্রেয়বিক্রেয় হইবার পর বাছের টাকা ক্রমশঃ বৃদ্ধি ইইয়া একটা মূলধন জ্বমিরা যায়—তথন আর কোন ভয় থাকে না। তথন সকল সময়েই ইচ্ছামত থরিদাদি করা বাইতে পারে।

হচিন্দন কোম্পানীর নিকট যদি কেহ মাল চালান করে. সেই মাল যুতদিন না বিক্রে হয়, ততদিন পর্যান্ত মূলোর জভা চালানকারীকে অপেক্ষা করিতে হয় না। উক্ত কোম্পানীর ভারতবর্ষীয়-কর্মাধাক্ষের নিকট চালানকারী বিলেডিং অর্পণ করিবামাত্র ঐ মালের মূলোর শতকরা ৭৫ টাকা তথনই আদার করিতে পারেন। ভারতবর্ষেও এই প্রণালীতে কাজ হুইয়া থাকে; আডৎদারের মারকৎ বিলাভ হুইতে মাল না আনিয়া ভারতব্যীয় স্থদাগর নিজ বন্দোবস্তে সেই মাল আনিতে পারেন। তাহা হইলে উাহার আড়ৎদারি থরচাটা বাঁচিয়া যায়। এবং ইংলও হটতে সাক্ষাৎভাবে মাল থরিদপত্র করিলে সেট মাল কারখানা-মলো পাওয়া যাইতে পারে—ভাহাতে অনেক সম্ভা পড়ে৷ ভারতবর্ষের মাল ইংলওে চালান করিয়া দেখানে সাক্ষাৎভাবে বিক্রম করিলে তাহাতেও স্তুদাগরের অনেক স্থবিধা হয়। আর কিছু না হউক, আড়ৎদারির ধরচাটা তো বাঁচিয়া বায়। আর এক কথা এই, দেশের সমস্ত বাণিজা বৈদেশিকদিগের হত্তে থাকিলে, দেশীয় অর্থা-গমের পথসকল উদ্ভাবন ও ভাহার উৎকর্ষ সাধন করা অসম্ভব হইয়া উঠে। আমাদের অভাবের জ্বন্ত যদি বৈদেশিকদিগের উপর নির্ভর করা না হয় তবে আমাদের অভাব পুরণ করিয়া তাহারা লাভবান হইতে পারে না। স্কুতরাং তাহাদের স্বার্থ যে, আমাদের অভাব আমাদের দেশ হইতে পুরণ না হয়।

ভারতের যেরূপ ভৌগোলিক সংস্থান তাহাতে এসিয়ার সকল দেশ অপেক্ষা বাণিজ্ঞাবিষয়ে ভারতের যে বিশেষ স্থাবিধা তাহা স্পষ্ট দেখা যায়। ইহার তিনদিকে সমুদ্র — এবং তাহার উপকৃলে প্রায় ৩০০ বন্দর অবস্থিত। ভারতকে এদিয়ার বিপণি বলা যাইতে পারে। বাণিজ্যের এই একটি মুলমন্ত্র,—যদি প্রত্যেক দেশ আপন আপন প্রাকৃতিক স্থাবিধা সম্বলকে যথোপযুক্তরূপে আপনার কাচ্চে লাগায় তাহা হইলে তাহাতে সকল দেখেরট উপকার। ইংরাজেরা মুখে বলেন এবং আমরাও বিশ্বাস করিয়া থাকি যে, আমাদের দেশে অবাধ বাণিজ্য চলিতেচে, কিন্তু আদলে আমাদের দেখের বাণিজ্ঞা সংরক্ষিত বাণিজ্যেরই একপ্রকার কপাস্তর মাত্র। কারণ, আমাদের দেশের প্রাক্তিক সম্বলসমূহকে দুমাইরা রাখিরাই এই বাণিজ্য মাথা তুলিতে পারিতেছে। কিন্তু বস্তুতঃ ভারতবাসী বণিকদিগের উন্নতিতে মুরোপীয় বণিকদিগের ৭ উন্নতি। ভারতের বাণিজ্য যতই পরিপুষ্ট হইবে. তত্ত ভারতে ইংরাজি কলের অধিক চাহিদা হইবে; এবং বাণিজ্যের षात्रां ভात्र वर्षी (युत्रा धनवान इहेटल---(य मकल छे ९क्ट श्रेकाद्वित कल, ধনের অভাবে এক্ষণে তাহারা কিনিতে পারিতেছে না, তথন সেই সকল অধিক মুল্যের কল্ন ভাহার। কিনিতে পারিবে। গরিব জাতি কখনই ভাল খরিদার ইইতে পারে না। ধন বাড়িলেই আয়েদের বুদ্ধি হয়। এবং ভারত ধনী হইলে, বিলাতের বিলাস-সামগ্রী তথন এখানে অধিকত্ব কাট্তি হইবে। ইংরাজদিগের যদি দুরদৃষ্টি থাকে তবে আমাদিগের আর্থিক উন্নতিতে তাহার। যেন উপেক্ষা না করেন।

বৃত্তিনির্বাচন

"যার কর্ম তাকে সাজে, অক্তকে তা লাঠি বাজে" এই কথাটি খুব সতা। কিন্তু অনেক সময় দেখা যায়, যে কর্মা যাকে সাজে সে-কর্মা সে পায় না, বা করে না। যে ডাক্তার হইবার উপযুক্ত, সে হয় তো আইন বাবসায় অবলম্বন করিয়াছে—বে আইন-বাবসায়ীর উপযুক্ত সে হয় তে: ইঞ্জিনিয়ারের কাজ করিতেছে। এইরূপ অমুপ্যোগী কাজে প্রবেশ করিয়া কেইট সফলতা লাভ করিতে পারে না—তাহার সমস্ত পরিশ্রম পণ্ড হইয়া যায়। অনেক সময় ইহা অভিভাবকদিগের অবিবেচনার ফল। আমাদের দেশে কোন যুবক বি-এ পাশ করিয়াছে কি অমনি আইন ব্যবসায় অবলম্বন করিবার জন্ম তাহার অভিভাবক তাহাকে অন্ত-রোধ করেন—দে তাহার উপযুক্ত কি না তাহা তিনি আদে বিবেচনা করেন না। অমুক লোক আইন-ব্যবসায় অবলম্বন করিয়া ধনশালী হইয়াছে, তবে সেই বা কেন না হটবে-এই তাহার যুক্তি। তিনি এটা বুঝেন না—সকলেই সব কাজের উপযুক্ত নহে। ব্যক্তিবিশেষের দৈহিক ও মানসিক অবস্থা-অনুসারে প্রত্যেকের বৃত্তি নিকাচন করা কর্ত্তবা। কেহ বা দৈহিক বলদাপেক্ষ কাজের উপযুক্ত, কেহ বা সুকুমার স্ক্ কাজের উপযুক্ত, কেহ বা দৌড়ধাপের কাজ ভাল করিতে পারে। কেহ বা চুপ করিয়া একস্থানে বসিয়া লেখাপড়ার কাজ ভাল করিতে পারে । যে কামারের কান্ডের উপযুক্ত ভাহাকে ঘড়ির স্কু কাজে নিযুক্ত করা বেমন বিজ্যুনা—যে পুলিসের কাজের উপযুক্ত তাহাকে মুন্দেফি কাজে নিযুক্ত করা তেমনি বিভ্রমা। কিন্তু এ কথা স্বীকার করি, এই বৃত্তি-নির্বাচন কাঞ্চিও বড় সোজা নহে। তা-ছাড়া, আমাদের দেশে কাজ-কর্ম্মের নির্বাচন-পরিসরও এত সংকীর্ণ যে, অনেককে দায়ে পড়িয়' অনুপ্রোগী ব্যবসায় অবলম্বন করিতে হয়। আরও এক কথা, আমাদের

যেরপ জাতীয় প্রকৃতি তাহাতে নুতন পথ উদ্ভাবন করিবার শক্তি অত্যস্ত কম। আমরা অহুকরণ করিতে খুব মজবুৎ। কোন নুতন ব্যবসায়ে গদি কাহাকে সফলতা লাভ করিতে দেখি অমান গড়ভালিকা-প্রবাহের স্তায় আমরা সেইদিকে সবেগে অগ্রসর হই। উপযুক্ত কি অমুপযুক্ত সে বিষয়ে কিছুমাত্র বিবেচনা করি না। একজন যদি "বুক সপ্" খুলিয়া সফল হইয়া থাকে অমনি দেখিবে—রাস্তায় "বুক সপ" খোলা হইয়াছে; একজন যদি ফুলের দোকান খুলিয়া ধনী হইয়া থাকে তবে দেখিবে রাস্তায় রাস্তায় ছুলের দোকান বাসিয়াছে। কলিকাতায় এক সময়ে ময়দা ও তৈলের কলকারখানার ছড়াছড়ি ২ইয়াছিল, একণে আবার দর্জির দোকানের বিস্তার দেখা যাইতেছে। ইহার ফল এই দাঁড়ায়, কথন কখন এক একটা ব্যবসায় একেবারে মাটি হুইয়া যায়। অনুর্থক প্রতিযোগিতা বুদ্ধি হওয়ায়, অনেক সময়ে উপযুক্ত লোকেরাও স্বীয় যোগ্যভার অনুরূপ যথেষ্ট ফললাভ করিতে পারে না এবং দে ব্যবসায়ের যে অমুপযুক্ত সেই বাবসায়ে সে নিযুক্ত হটলে তাহার সমস্ত উদাম বুথা নষ্ট হয় এবং যে কাল্পে দে হয়তো জনসমান্ধকে উপক্বত করিতে পারিত-দেই উপকার হুটতে জনসমাজ বঞ্চিত হয়।

কে কো:ন্ কাজের উপ্যুক্ত এবং কি জ্বন্থ উপযুক্ত তাহার মোটামুটি ক একগুলি নিয়ম এই জ্বন্থ সকলেরই জানা উচিত। এ বিষয়ে ফ্রেনলজি ক একটা পথ নির্দেশ করিয়াছে। প্রচলিত প্রধান প্রধান বুল্তি ব্যব-সায়ের পক্ষে, কিরূপ দৈহিক ও মানসিক লক্ষণ উপযোগী তাহা আমরা এই প্রবন্ধে সংক্ষেপে বাক্ত করিতেছি।

চিকিৎসক। চিকিৎসকের দেহ সম্পূর্ণরূপে হুস্থ এবং তাঁহার দেহে প্রকৃতি-সামস্ত্রস্থা ক্ষতি হওয়া আবশুক। অর্থাৎ প্রাণ-প্রধান প্রকৃতি, বল-প্রধান প্রকৃতি ও মন-প্রধান প্রকৃতি তাঁহার দেহে সমান ভাবে সং-মিশ্রিত হওয়া আবশুক। তাঁহার প্রাণ-প্রকৃতি যথেষ্ট থাকা চাই, কেন

না, তাহা হইলে তাঁহার দৈহিক ক্ষয় ক্রতভাবে ও অজ্প্রভাবে পুরু করিতে তিনি সক্ষম হইবেন। তা ছাড়া, এই প্রকৃতি প্রবল থাকিলে. প্রফুলতা, উৎসাহ, হৃদ্যতা উৎপন্ন হয়; রোগীর ঘরে প্রবেশ করিতে হইলে এই সকল শুণ থাকা নিতান্ত আবশুক। এই প্রকৃতিতে মানুষ একটু সুল-একটু মাংদল হয়। বক্ষদেশ গভার হয় এবং খাদ গ্রহণ-শক্তি প্রচররূপে থাকে। রক্ত-চলাচল ক্রন্তভাবে ও প্রচুবরূপে হয়, এবং তাহাতে উৎসাহ, আগ্রহ, হৃদ্যতা বদ্ধিত হয়। বল-প্রাক্তিও **ভা**হার যথেষ্ট্ থাকা আৰু । মজবুৎ দেহের কাঠান—বড় বড় ও স্মুল্ল মুখাবয়ব, শক্ত চুল-এই সমস্ত লক্ষণে বল-প্রকৃতি স্টিত হয়। তাহার মন-প্রকৃতিও বিলক্ষণ থাকা চাই। মন-প্রকৃতির প্রাবল্য থাকিলে মনের ক্রিয়া সচেষ্ট ও বেগবান হয়, শাস্ত্রাকুশীলনে প্রবৃত্তি হয়, জ্ঞানের স্পৃহা হয়, —সর্বপ্রকার তথ্য অনুসন্ধানে আগ্রহ হয়। পরিষ্কার তীক্ষ্ব নেত্র, স্নিদিষ্ট সুকুমার মুখাবয়ব, সূক্ষ্ম কেশ ও ত্বক, অপেক্ষাক্ত লঘু অস্থি ও নাংশপেশী, বুহৎ মস্তিক, দেহের সচেট চট্পটে ভাব, ফুল্মমন্মিতা ও অমুভবের তীব্রতা ইত্যাদি লক্ষণে মন-প্রকৃতি স্থৃচিত হয়। এই প্রকৃতি-এয় সমানভাবে সংমিশ্রিত হটলে দেহ-পঞ্জর যথেষ্ঠ সবল হয়—অথচ এতটা বল থাকে না যাহাতে পাশ্বতা বা প্রুষ্তা উৎপন্ন হইতে পারে। দেহ পুষ্ট থাকে কিন্তু সুল হয় না। স্থমাৰ্জ্জিত ভাব হয় কিন্তু অপৌক-ষিকতা আইসে না। অর্থাৎ তাঁহার দেই প্রকৃত স্থারে বাঁধা দেতারের তিন সংধক পর্দার ভারের ক্যায় সমানভাবে স্করে বাজিতে থাকে। ডাক্তা-বের জীবন উদ্বেগ, চিন্তা, আন্তি, ধৈর্যা, অধানসায় এবং আত্ম-ভাগের সমষ্টি বলিলেও অত্যুক্তি হয় ন৷ সেই জন্ম তাহার এই প্রকার দেহ-প্রকৃতি হওয়া উচিত যাহাতে এই সকল গুণ ক্রি পাইয়াও তাঁহার দেহকে নষ্ট করিতে না পারে। যদি কাহারও মন-প্রকৃতির আতিশ্যা থাকে, তাহা হইলে দে সহজে ক্ষয়গ্ৰস্ত এবং উদিয়, চটা-মেন্সাজ ও অনুখী হয়। যদি বল-প্রাকৃতি অতিমাত্রায় থাকে—তাহা হইলে মুখাবয়ব কর্কণ ও চুল শক্ত হয়—চরিত্রে ভদ্রতা, স্থমার্চ্জিত-ভাব ও স্থকচির অভাব হয়। প্রাণ-প্রাকৃতি অতিশয় প্রবল হইলে, শাস্ত্রাস্থলীলনে প্রবৃত্তি চলিয়া বায়—অতিরিক্ত পরিমাণে আহার পান করিয়া বুদ্ধি ঘোলাইয়া বায়, বাবহারেও অভদ্রতা বর্ষরতা ইতরামি আদিয়া পড়ে। চিকিৎসকের শারীরিক প্রকৃতি কিরূপ হওয়া উচিত উপরে বলা গেল—এক্ষণে কিরূপ মানসিক লক্ষণ তাহার কাজের পক্ষে উপযোগী তাহা বলা যাইতেচে।

প্রথমতঃ তিনি যে জ্ঞানরাশি অর্জন করিবেন তাহা কেন্ধো ধ্রণের হওয়া আবশ্রক। রসায়ন, উদ্ভিদ্বিদ্যা, পাত্রিদ্যা শারীর বিজ্ঞান, রোগ বিষ্ণান ইত্যাদি তাহার আলোচনীয় বিষয়। এই সকল বিজ্ঞান অনু-শীলনের জন্ম কপালের অধোভাগ বিলক্ষণ পরিপুষ্ট হওয়া চাই---অর্থাৎ তাঁহার পর্যাবেক্ষণী বৃত্তিনমূহ থাকা চাই। কপালের উপরের দিক পরি-পুষ্ট হটলে, যে সকল কাজে মৎলব-আঁটা ও ফন্দি-থাটানো দরকার সেট সকল কাজ ভালরপে করা যাইতে পারে: কিন্তু ডাক্তার ইইতে গেলে. নীচের দিকের কপাল পরিপ্র হওয়া চাই। ডাক্তারের মেধা ও স্মরণ-শক্তি প্রবল থাকা চাই। তাঁহার কপালের মধ্যদেশও বিলক্ষণ পরিপুষ্ট হওয়া আবশুক। কেন্না, তিনি কেতাবে যাহা কিছু পড়িয়াছেন, দেখিয়া শুনিয়া যাহা কিছু তাঁহার অভিজ্ঞতা হইয়াছে, তাহা তাঁহাকে প্রতিপদে কাল্পে খাটাইতে হইবে। তাঁহার বুদ্ধিবৃত্তিও প্রবল থাকা চাই--বিশেষত তুলনা-শক্তি। কপালের উর্দ্ধভাগ বুদ্ধিবৃত্তির স্থান। তুলনাশক্তি প্রবল থাকিলে, তিনি বিচার করিয়া রোগের মূল নির্ণয় করিতে সমর্থ হন। বাঁহার কেবল পর্যাবেক্ষণী বুভিগুলিই প্রবল তিনি রোগের ঠিক কারণ ধরিতে পারেন না;—যাহা একবার একস্থলে দেখিরা-ছেন তাহাই হয়তো ভিন্ন অবস্থাতেও অন্ত স্থলে প্রয়োগ করিবেন; অব-স্থার পরিবর্ত্তনে ও প্রায়োগের পরিবর্ত্তন যে অনেক সময় আবশ্রক তিনি

তাহা বুঝিতে পারেন না। তিনি তাঁহার অভিজ্ঞতার বাহিরে কিছুমাত্র বিচার করিতে সমর্থ হন না। বাঁদের আবার কেবল উপরের দিকের কপাল পরিপুষ্ট তাঁহারা থিয়োরি করিতে পারেন কিন্তু অনেক ভথা ঠিক্ ধরিতে পারেন না। এমন অনেক সুযোগ্য চিকিৎসক আছেন বাঁদের কেবল পরামর্শের জন্তুই ডাকা হয়;—সমস্ত ঘটনা ও লক্ষণ আরুপূর্ম্বিক তাঁহাদের বলিলে, তাঁহারা তবে বিচার করিয়া ঠিক্ কারণ নির্ণয় করিতে পারেন। তাঁহারা কালেজে বেশ লেক্চার দিতে পারিবেন কিন্তু ব্যবহারিক চিকিৎসায় হয়তো তাঁহারা কিছুমাত্র খ্যাতি লাভ করিতে পারিবেন না।

চিকিৎসকের সামাজিক ভাবও বিলক্ষণ থাকা চাই। সেইজন্ম নাথার পশ্চণদ্ভাগ যথেষ্ট পরিপুত্ত হওয়া আবশুক। তিনি যে পরিবারে চিকিৎসা করিবেন সেই পরিবারের আবালবৃদ্ধ সকলেই ভাহাকে ভালবাসিবে— ভাঁহাকে বিশ্বাস করিবে—ভাঁহাকে দেখিয়া রোগী প্রকুল্ল হইয়া উঠিবে।

চিকিৎসকের দৃঢ়তা ও আগ্মনির্ভর বিলক্ষণ থাকা চাই। এতটা আগ্মাভিমান থাকা চাই যে নিজের স্কলে স্থলবিশেষে সমস্ত ঝুঁকি লইতে পারেন এবং যাহা রোগীর জন্ম ব্যবস্থা করিবেন তাহার উপাদেয়তা সম্বন্ধে নিজেরও দৃঢ় বিখাস থাকা চাই।

চিকিৎসকের সাহস ও জেদ্ থাকা আবশ্যক। প্রতিবিধিৎসা ও জিলাংসা বৃত্তি পরিপুষ্ট হওয়া চাই। তাহা না হইলে তিনি কাটাকুটির কাজে সংকুচিত হইবেন। আসল কথা, উাহার হৃদয় সিংহের মত নির্ভীক ও তাহার হস্ত স্ত্রীলোকের ভায় কোমল হওয়া আবশ্যক।

ভাঁহার সাবধানতা ও গোপন করিবার শক্তি থাকা চাই। অনেক সময়ে গোপন করিবার শক্তির অভাবে ডাক্তার রোগীর মুখের সামনেই হয় তো তাহাকে কোন অপ্রিয় কথা বলিয়া তাহাকে নৈরাশ্র-সাগরে মগ্র করিতে পারেন। তাহাতে রোগের উপশম হওয়া দুরে থাকুক্ তাহাতে ভাহার অবস্থা আরও থারাপ হইয়া পড়ে। ভাক্তারের আশা ও হাশ্রপ্রিরতা থাকাও আবশ্রক। যে সকল রোগী রোগের প্রভাবে বিমর্ব ও অপ্রফুর হইয়া পড়ে—ডাক্তার তাহাদিগকে আশার কথা বলিয়া, হাশ্র পরিহাস করিয়া, তাহাদিগকে একটু প্রাফুর করিতে পারেন। রোগীর ঘরে গিয়া ভাক্তারও যদি বিষ
্কভাব প্রাদীন করেন তাহা হইলে রোগী আরও ভীত হঠয়া পড়ে।

চিকিৎসকের হস্তপটুতাও বিলক্ষণ চাই—নহিলে কাটাকুটির কাজে কিমা পটিবাধার কাজে অদক্ষ হইবেন।

আইন বাবদারী। "আমি উকীল কিম্বা বাারিপ্টার হইব" একজ্ব হয় তো মনে মনে স্থির করিলেন। কিন্তু উকীল কিম্বা বাারিপ্টার হইতে গোলে কি কি গুণ থাকা আবশুক তাহা কি জানা আছে ? আইন ব্যবদারে যে সকল জ্ঞান অর্জ্জন করা আবশুক তাহা কি আয়ন্ত করিতে তুমি সমর্থ ইইবে ? ঐ বাবদারে প্রতিপক্ষের নিকট হইতে যে বাধা পাওয়া নায় তাহার উপযুক্ত সাহদ তো তোমার আছে ?— চাহাদের বাক্যবাণের সমক্ষে তুমি তো অক্ষতভাবে উন্নত মন্তকে দণ্ডায়মান থাকিতে পারিবে ? তাহাদের সহিত তর্ক করিতে সমর্থ ইইবে তো ? আবশুকীয় কথা মনে রাথিবার জ্বন্তু যথেপ্ট অরণশক্তি আছে তো ? উপস্থিতমত চট্ করিয়া কোন কথা ধরিয়া আপনার কাজে লাগাইবার ক্ষমতা তোমার আছে তো ?

আইনের মূলতত্ত্ব বুঝিবার মত তোমার দার্শনিক বুজি আছে তো ?
বথাযথক্সপে তোমার অভিপ্রায় বাক্ত করিবার বাক্পটু এ আছে তো ?
মানবচরিত্র-জ্ঞান তোমার আছে তো ?—সাক্ষী, উকীল, ও স্কুরির মনোভাব চট্ করিয়৷ ধরিতে পারিবে তো ? একটা কোন আইনের তর্ক
মীমাংসা করিবার জ্ঞা রাশি রাশি আইন গ্রন্থ শৈর্যা-সহকারে হাৎড়াইভে
পারিবে তো ? তাড়াতাড়ি কোন সিদ্ধান্তে উপনীত হইলে চলিবে না;—
কেন না তাহা হইলে তোমার মুক্কেলের হানি হইতে পারে—তোমারও

অষশ হইতে পারে। তোমার সমস্ত মানসিক বৃত্তির সামঞ্জন্ত আছে
তো ? তোমার কি সেরপ বিদ্যার জোর আছে যে তুমি বিদ্যানদের
মধ্যে সম্প্রতিভ হইরা থাকিতে পারিবে ? তোমার কি এতটা স্বাস্থা-বল
আছে যে তুমি ক্রমাগত সাতদিন ধরিয়া অশ্রাস্কভাবে বিপক্ষ উকীলের
সহিত তর্কবিতর্ক করিতে সমর্থ ইইবে ? যথন সকল চোথ, সকল
কান তোমার উপর হস্ত তথন তুমি প্রশাস্কচিত্তে অটলভাবে স্প্রস্কারণ
আপনার বক্তব্য কি প্রকাশ করিতে সমর্থ ইইবে ? সকল প্রকার
প্রলোভন অতিক্রম করিতে পার এরপ প্রবল ধন্মবৃদ্ধি তোমার আছে
কি ? যদি এই সমস্ক গুণ থাকে তবে তুমি এই কান্ধে অগ্রসর হও।
সর্কব্রেই দেখা যায় আইনব্যবসায়ী-শ্রেণী ইইতেই উৎক্রম্ভ রাজনীতিকুশল
পুক্ষেরা সমুখিত হন। আমাদের সভাসমিতে, রাজদরবারে, আইনব্যবসায়ীরই প্রাধান্ত দেখা যায়। চৌকোশ লোক না ইইলে, আইনব্যবসায়েরই

আইন ব্যবসায়ীদিগের প্রবল স্থৃতিশক্তি থাকা চাই—কারণ, মোকদ্মার সময় উপস্থিতমত তাহাদিগকে নজির দেখাইতে হয়। প্রবল তুলনা-শক্তি থাকা চাই,—বাহাতে করিয়া তাহারা আইনের বিভিন্ন অংশ ও প্রমাণ তুলনা করিয়া দেখিতে পারে, বিচার করিতে পারে, জেরা করিতে পারে, দৃষ্টাস্তের দ্বারা ব্যাখ্যা করিতে পারে এবং সদৃশ মোকদ্মার কথা উত্থাপন করিতে পারে; এবং বিপুল ভাষাশক্তি থাকা চাই,
—যাহাতে করিয়া অনর্গল কথা শোগাইতে পারে।

৩। এক্সিনিয়ার। এক্সিনিয়ারের গণিত-বিদ্যায় স্বাভাবিক ক্ষমতা,
নিশাণ-পট্তা, স্থাননির্গান্তি, বস্তুপার্থকাবোধ, তুলনাশন্তি, অর্জনস্পৃহা, সাবধানতা, একাগ্রতা থাকা আবশ্যক এবং তাহার দৈহিক
প্রকৃতি প্রাণ-প্রধান অপেকা বল-প্রধান হইলে ভাল হয়। অর্গাৎ
মেদ মাংস অপেকা তাহার দেহে অন্তিও পেনীর প্রাবল্য থাকা

আবশুক। কেন না, তাহার যে কাজ —তাহাতে শ্রমসহিষ্ণুতা নিতাস্ত প্রয়োজন।

আমাদের দেশে স্থানিকিত যুবকেরা উপরিউক্ত তিন কাজের মধ্যে একটা না একটা সচরাচর অবলম্বন করিয়া থাকেন। যদিও অনেক-গুলি মানসিকর্ত্তি এই তিন কাজেরই উপযোগী, তথাপি ছুই একটি মানসিকর্ত্তি এই প্রত্যেক কাজে অপেক্ষাক্ষত অধিক প্রয়োজনীয়;— এমন কি, না থাকিলে চলে না। তিনজন বালক যদি কর্মা নির্বাচনের পরামর্শ গ্রহণ করিবার জন্ম তোমার নিকট আইসে, আর যদি তাহাদের সকলেরই মানসিক রুত্তি প্রায় সমান হয়—তাহা হইলে যাহার কপালের উপরের অংশ অপেক্ষাক্ষত পরিপুই তাহাকে আইনের বাবসায় অবলম্বন করিতে পরামর্শ দেওয়া বাইতে পারে, যাহার কপালের নিমন্ত দেশ অপেক্ষাক্ষত পরিপুই তাহাকে ভালির কপালের নিমন্ত দেশ অপেক্ষাক্ষত পরিপুই তাহাকে জালির কাজ শিক্ষা করিতে পরামর্শ দেওয়া যাইতে পারে এবং যাহার পাশের কপাল প্রাশস্ত তাহাকে ইঞ্জিনিয়ারের কাজে প্রদেশ করিতে পরামর্শ দেওয়া যাইতে পারে বাহ

ইঞ্জিনিয়ারিং কাজের বিবিধ বিভাগ আছে— তন্মবাে সিভিল অর্থাৎ পূর্ত্তকার্ব্যের ইঞ্জিনিয়ার ও যাদ্রিক ইঞ্জিনিয়ারের কাজই প্রধান। রেল ওএ, খাল, বাঁধ, স্কুজ, পয়ঃ-প্রণালী প্রভৃতি স্থায়ী বাাপার সকল দিবিল ইঞ্জিনিয়ারিংএর ইঞ্জিনিয়ারিং কাজের খানা ও জাহাজ প্রভৃতির কল-চালানো অথবা তাহার তত্ত্বাবধান করা বাদ্রিক ইঞ্জিনিয়ারের কার্য্য। এই বিশেষ বিশেষ ইঞ্জিনিয়ারিং কাজের বিশেষত্ব-অন্থ্যারে ব্যক্তি-বিশেষের যোগ্যতা পরীক্ষা করা আবেশ্রক। তবে, সাধারণতঃ ইঞ্জিনিয়ারিং কাজের কেক্সন্থল হ'চেচ নির্মাণ-কুশলতা বা হস্তপটুতা। এইটি না থাকিলেই নয়।

বাহার আক্বতিবোধ আছে দে ছবি আঁকিতে পারে, যাহার তুলনা ও কার্য্যকারণ-জ্ঞান আছে দে একজন চিস্তাশীল ব্যক্তি হইতে পারে—কিন্তু তাই বলিয়া সে ইঞ্জিনিয়ার না হইতেও পারে। তবে, নির্মাণ-কুশ-লতার সহিত অধিকন্ত বদি তাহার এই বৃত্তিগুলি থাকে, তাহা হইলে সে ইঞ্জিনিয়ারিং কাজ আরও ভাল করিয়া চালাইতে পারিবে সন্দেহ নাই। এঞ্জিনিয়ারের গণিত-বিদ্যায় পারদর্শী হওয়া আবশুক। আকৃতিবোধ, বিস্তৃতিবোধ, ভারবোধ, কার্য্যকারণ ও তুলনাশক্তি প্রবল থাকিলে গণিত-বিদ্যায় সফলতা লাভ করা য়ায়। ইঞ্জিনিয়ারের ভূপরিমাপের কাজ অভ্যাস করা চাই, ইহাতে পর্যাবেক্ষণী বৃত্তিসমূহ ও হস্তপটুতার আবশুক হয়। ইঞ্জিনিয়ারের ভাবাশক্তি না থাকিলেও কোন হানি নাই।

পত্রিকা-সম্পাদক। পত্রিকা-সম্পাদকদিগের প্রবল পর্যাবেক্ষণী শক্তি ও স্মৃতিশক্তি থাকা চাই,—যাহাতে করিয়া ঘটনা, তথা, সংবাদ প্রভৃতি সংগ্রহ করিয়া তাহারা প্রচার করিতে পাবে। সম্পাদকের কেজো-ভাব থাকা চাই। প্রবল তুলনা-শক্তি চাই,—যাহাতে-করিয়া সম্পাদক প্রসঙ্গ-সকল দৃষ্টান্তের দারা বাাখা করিতে পারে, সকল বিষয়ের দোষগুণ সমালোচনা করিতে পারে, ভুল ধরিতে পারে ইত্যাদি। তেজস্বী ইইবার জ্ঞান্ত প্রবল প্রতিবিধিবংসা-বৃত্তি থাকাও আবশ্রুক। তাহাদের লেথায় যাহাতে কথার অভাব না হয়, তাহাদের ভাষা সহজ মস্লাদার ও সরস হয় — এই জন্ম তাহাদের প্রবল ভাষাশক্তি থাকা চাই। এবং স্কর্চি ও উন্নতভাবের জন্ম ভাবুকতা থাকাও আবশ্রুক।

ব্যবসাদার। কাজ করিতে প্রবৃত্তি দিবার জন্ম ব্যবসাদাবদিণের অর্জ্জনস্পৃহা থাকা চাই। সাহসের কাজে প্রবৃত্ত করিবাব জন্ম প্রচূর আশাবৃত্তি থাকা চাই; নিরাপদ হতবার জন্ম সাবধানতা থাকা চাই। মাল সকল ঠিক্ করিয়া চিনিবার জন্ম প্রবল পর্যাবেক্ষণী বৃত্তি থাকা চাই। যথাযথক্সপে ও ভাড়াভাড়ি হিসাব করিবার জন্ম গণনা-শক্তি প্রবল থাকা চাই। লোকের নিকট ভদ্র ও বিনয়ী হইবার জন্ম লোকাদরিপ্রিয়ভা থাকা চাই এবং ধরিদ্দারদিগের সহিত বন্ধুতা করিবার জন্ম আসক্ষলিক্স।

থাকা চাই। একস্থন ভাল কেনাবেচা করিতে পারে, একজন পারে না কেন? ইহার উত্তর উভয়ের প্রকৃতির অন্তরেই পাওয়া যায়।

মিন্ত্রী। যন্ত্র ব্যবহার করা যাহাদিণ্যের কাজ তাহাদিগের দৈহিক প্রকৃতি খুব মজ্বুৎ হওয়া চাই—যাহাতে-করিয়া তাহারা বল-সাপেক শ্রমসাধ্য কাজ অনায়াদে সম্পন্ন করিতে পারে; হস্তপটুতা ও অনুকরণ-শক্তি বিলক্ষণ থাকা চাই, - - যাহাতে-করিয়া দক্ষতার সহিত যন্ত্র ব্যবহার করিতে পারে—নমুনা দেথিয়া জিনিদ তৈয়ারি করিতে পারে; এবং প্রচুর পর্যাবেক্ষণীশক্তি থাকা চাই— যাহাতে-করিয়া জিনিদের ভাল্মন্দ ও উপযোগিতা শীঘ্র ব্রিতে পারে।

চারুশিরী। কলাবিৎ চারুশিরীদিগের ভাবুকতা প্রবল থাকা চাই,
—্যাহাতে-করিয়া তাহারা সৌন্দর্যোর নিয়ম ও স্থব্ধচির নিয়ম সমাক্রপে
উপলব্ধি করিতে পারে এবং পরিমার্জিত স্ক্ষভাব ও কাল্পনিক বিষয়সকল সহজে হৃদয়ক্ষম করিতে পারে। হস্তপটুতা থাকা চাই—্যাহাতেকরিয়া শিল্পবিশেষের উপযোগী যন্ত্র দক্ষতার সহিত ব্যবহার করিতে পারে।
অমুকরণ-শক্তি থাকা চাই,—্যাহাতে-করিয়া ভাল নকল তুলিতে পারে;
এবং পর্যাবেক্ষণী-শক্তি প্রচুর থাকা চাই—্যাহাতে-করিয়া দ্রব্যের ভাল
মন্দ ও আকার প্রকার ঠিক্ বুঝিতে পারে।

শিক্ষক। শিক্ষকের সচেষ্ট ও ক্রিয়াশীল মস্তিক হইবে, কপালের নিম্নভাগ পরিপুষ্ট হইবে, বড় বড় চোথ হইবে, স্মৃতি-শক্তি প্রবল থাকিবে, দয়া সাহস আত্মনির্ভির থাকিবে এবং শিশুদের প্রতি বাৎসলা থাকিবে।

কোন্ কোন্ মানসিক বৃত্তি, কোন্ কোন্ কাজের উপযোগী উপরে সংক্ষেপে বাক্ত করা গেল। এই সকল বৃত্তি মন্তিকের কোন্ কোন্ স্থানে অবস্থিত এবং ইহাদের ফলাফল কি "লোকচেন।" প্রবন্ধে পাঠকের। কিছু কিছু অবগত হইতে পারিবেন।

আপাততঃ, বল-প্রকৃতি, প্রাণ-প্রকৃতি ও মন-প্রকৃতি এই প্রকৃতি-

ত্ররের মধ্যে কোন্ প্রকৃতি কোন্ কোন্ কাজের উপধোগী তাহাই একটু বিস্তৃতভাবে বলা যাইতেছে।

প্রথমতঃ বল-প্রক্লতি--্যাহাকে ইংরাজি ফ্রেনলজির ভাষার মোটিভ টেম্পারেমেণ্ট বলে। এই প্রকার প্রকৃতি হটলে দেহের অস্থি মোটা ও লম্বা হয়, মাংসপেশী ঘন, শক্ত ও তারের ক্রায় পাকানো হয়। ইহাতে দেহের বল, সহিষ্ণুতা ও শ্রমশীলতা উৎপন্ন হয়। যাহার বল-প্রকৃতি সে শ্রমণাধ্য কাজ করিতে ভালবাদে। কামার, ছুতার, কৃষক, খনক, দৈনিকু, নাবিক প্রভৃতি অধিকাংশ শ্রমজীবারা এই প্রকৃতির লোক। এই প্রকৃতির লোকেরা নৃতন দেখে গিয়া উপনিবেশ স্থাপন করিবার উপযুক্ত। যেখানে কঠিন পরিশ্রমের দরকার, বড বড বাধা যেখানে অভিক্রম করিতে হইবে, যেখানে বিপদের আশঙ্কা আছে, যেখানে সাহদ উদাম অধ্যবসায়ের প্রয়োজন, সেইখানেই এই প্রক্রুতির লোককে অগ্রসর হইতে দেখা যায়। অতএব, যাহাদের বল-প্রকৃতি,—তাহারা লৌহকার, প্রস্তরকার, কর্মকার, ছুতার প্রভৃতির কাজে প্রবৃত্ত হঠলে তাহারা সফলতা লাভ করিতে পারে। আবার, এই প্রকৃতির লোকেরা যদি স্থশিক্ষিত হয় তাহা হইলে শ্রমজীবী অপেক্ষা উচ্চতর কাজেও নিযুক্ত হইতে পারে। তাহারা শুধু যে দৈহিক শ্রম করিতে পারে, তাহা নহে, নান্সিক শ্রমেও তাহারা কাতর হয় না। তাহারা প্রভূ হইয়া শ্রমজীবী-দিগকে খাটাইতে পারে। তাহারা দেশ-আবিষ্কারক, নবদেশান্মসন্ধায়ী, জাহাজ-পরিচালক নাবিকৃ, রেলপথের নির্ম্মাতা, রেলপথের তত্ত্বাবধায়ক হইতে পারে। রাজনৈতিক বিপ্লবের সময়, অরাজকতার সময়, ইহারাই অনেক সময়ে বিজ্ঞোহের প্রবর্ত্তক ও নেতা হইয়া উঠে।

আইন, ডাক্তারি পাত্রিগিরি এই সকল বিদ্যা-ব্যবসায়েও কথন কথন এই প্রাক্তির লোকদিগকে সফল হইতে দেখা যায়; কিন্তু সাধা-রণ্ডঃ, আফিস আদালং বিদ্যালয় অপেক্ষা মাঠ ময়দান রাস্তা ঘাটই ইহাদের উপযোগী কর্মক্ষেত্র। যে পাদ্রির বল-প্রক্লতি, তাহার দেশ বিদেশে প্রচারক হইয়া বেডান উচিত।

দিতীয়তঃ প্রাণ-প্রকৃতি—ফেণলজির ভাষায় ইংরাজিতে যাহাকে ভাইটাল টেনপারেনেন্ট বলে। বল-প্রকৃতিতে যেনন অস্থি, পেশী প্রভৃতির প্রাধান্ত, প্রাণ-প্রকৃতিতে সেইরপ মেদমাংসের প্রাধান্ত। এক্ষণে দেখা যাক্, স্বন্ধপুত্ত গোলগাল মোটা-সোটা প্রাণ প্রকৃতির লোকেরা কিরপ কাজের উপযুক্ত। প্রাণ-প্রকৃতি-বিশিষ্ট লোকের জীবন উৎসাহ আবেগ উচ্ছাসে পরিপূর্ণ, ভাহারা মুক্ত বায়ুতে বহির্দেশে কাজকর্ম করিতে ভালবাসে এবং কিসে আরামে থাকিতে পারে—সর্বাদাই ভাহার চেষ্টা করে; তাহাদের কৈজো সহজ বুজি। মানুষ দেখিলেই ভাহারা চিনিতে পারে ও দ্বনের ভাল-মন্দ সহজে ধরিতে পারে। ভাহারা খুব চতুর, ক্রত-বুজি, উপায়ক্ত, প্রত্যুৎপল্লমতি ও চৌকোশ হইয়া থাকে; কিন্তু ভাহাদের চিন্তায় গভারতা নাই—যথাযথরূপে, পূজ্ঞানুপুত্র করিয়া ভাহারা জ্ঞানাজ্জন করিতে পারে না; ভাহাদের স্থৈয় ও জধ্যবসায়ও কম; ভাহারা ঝোঁকের মাথায় কাজ করে, ও ভাহাদের মনের আবেগ অভান্ত প্রবল; কর্ত্ব্যু অপেক্ষা আমোদের দিকে ভাহা-দের অধিক টানু এবং শ্রমসাধ্য কাজ করিতে ভাহাদের ভাল লাগে না।

এই প্রকৃতির লোক সেই সকল কাজ করিতে পারে বাহাতে বদ্ধভাব নাই, বাহাতে ক্রমাগত লাগিয়া থাকিতে হয় না, বাহাতে দৈহিক কিয়া মানসিক শ্রমের আজিশয় নাই। তাহাদের আজিনস্পৃহা ও বিষয়-বুদ্ধি প্রবল; স্থতরাং তাহারা বাবদা-কান্দের বেশ উপযুক্ত। তবে, এক জায়গায় বদ্ধ ইইয়া নিছক্ খাটুনির কাজ তাহারা করিতে পারে না—কেরাণীর হারা দে-দব কাজ তাহাদের করিয়া লইতে হয়। তাহারা বিবিধ বাবদায়ে ও কাজকর্মে কন্ট্রাক্টর, এজেণ্ট ও তত্ত্বাবধায়ক হইতে পারে, রাজনৈতিক ব্যাপারে কিয়া আফিসের কাজেও তাহারা

নারাজ নহে। এই সঙ্গে যদি তাহাদের বল-প্রকৃতিও কতকটা থাকে, তাহা হইলে তাহাদিগের শ্রমনীলতা, অধ্যবদায়, কাজ করিবার শক্তি অপর্য্যাপ্ত হইয়া থাকে। কিন্তু এরপ স্থলে তাহাদের মানসিক ক্রিয়া কিঞ্চিৎ শ্রথগতি ও অনিশ্চিত হয়, চরিত্রে একটু কঠোরতা পরুষতা আসিয়া পড়েও মার্জিতভাবের অভাব হয়।

এই প্রাকৃতির লোক সকল-বাবসায়ের মণোই দেখা যায়—তবে ডাক্তার ও পাদির মণো এই প্রকৃতির লোকই অধিক। প্রাণ-প্রকৃতির সহিত মন-প্রাকৃতির কতকটা সন্মিলন হইলে, ভাল ডাক্তার ও ধর্মপ্রচারক হওয়া যায়। পুর্বেই বলা হইয়াছে, ডাক্তারের প্রাকৃত্র হাসি-মুখ রোগীর পক্ষে অতান্ত উপাদেয়;—তাই ডাক্তারের প্রাণ-প্রকৃতি থাকা নিতান্তই আবস্তুক। বরং একটু বিদ্যার অভাব ইইলে তত ক্ষতি নাই, কিন্তু গোম্সামুখো, থিট্-থিটে অস্থিচম্ম্সার ডাক্তার চিকিৎসা-কার্যের পক্ষে নিতান্তই অমুস্যুক।

প্রাণক্ষতিসম্পন্ন ধর্মপ্রচারকেরা অনর্গল-বক্তা, আন্তরিক আগ্রহসম্পন্ন, উৎসাহী ও আনেগবান হটয়া থাকে; কিন্তু তাহাদের ততটা গভীরতা, পাণ্ডিত্য বা বিচারশক্তি থাকে না;—তাহারা যথন বক্তৃতা করে তথন তাহারা বৃদ্ধির দিক দিয়া না গিয়া হ্বদয়ের দিক দিয়াই লোকদিগকে আকর্ষণ করিবার চেষ্টা করে।

ভূতীয়তঃ মন-প্রকৃতি—যাহাকে ফ্রেনলজির ভাষায় ইংরাজিতে মেন্টাল টেম্পারেমেন্ট বলে। প্রাণ-প্রকৃতিতে ষেমন মেদ মাংদের প্রাধান্ত, মন-প্রকৃতিতে তেমনি মস্তিক ও স্বায়ুর প্রাণান্ত। মন-প্রকৃতির লক্ষণ :—
অপেক্ষাকৃত পাত্লা স্কুমার গঠনের দেহ—ছোট ছোট হাড়—পাতলা পাত্লা মাংসপেনী—পাত্লা পাত্লা অঙ্গ প্রত্যঙ্গ এবং মাথা অপেক্ষাকৃত বড় এবং মস্তিক সজাগ ও সচেষ্ট। যে সকল কাজে বাহুবল অপেক্ষা বৃদ্ধিনল ও কৌশলের প্রয়োজন, সেই সকল কাজ মন-প্রকৃতির উপ-যোগী। ছোট ছোট হাত, স্কুমার স্পর্ম, তীক্ষুদৃষ্টি—মনপ্রকৃতির এই

সকল লক্ষণ বাহার আছে, সে হাল্কা ধরণের যন্ত্রশিল্পীর কাজ করিবার উপযুক্ত। যথা, স্বর্ণকার, জহুরীর কাজ, ঘড়ি তৈয়ারী বা মেরামতের কাজ, তপ্তবায়ের কাজ ইত্যাদি!

যাহাদের মন-প্রকৃতি, তাহাদের মনের স্বাভাবিক টান্ সেই সকল কাজের দিকে—যাহাতে বৃদ্ধি খাটানো আবশুক হয় কিছা যাহাতে সৌন্দর্যার্ত্তি চরিতার্থ ইয়; যেমন,—আইনের কাজ, চিকিৎসার কাজ, পত্রসম্পাদকের কাজ, পুস্তকপ্রণেতার কাজ, শিক্ষকের কাজ, চিত্রকরের কাজ, গায়কের কাজ ইতাদি। যাহাদের মন-প্রকৃতি প্রবল, তাহারা এই সকল কাজে সফলতা লাভ করিতে পারে, কিন্তু ইহার সঙ্গে যথেষ্ঠ প্রাণ-প্রকৃতি না থাকিলে সম্পূর্ণ সফলতা লাভ করিতে পারে না। কেননা, ইহার দক্ষণ আবশুকীয় মানসিক পরিশ্রম করিতে হইলে, দেহের পুষ্টি যথেষ্ঠ থাকা আবশুক; নচেৎ, অতটা মানসিক প্রমান বৃদ্ধি জ্ঞানের চর্চ্চাতেই অবিরত নিযুক্ত থাকে—ব্যায়াম কি বিরাম-বিনোদনের প্রতি তাহাদের বড় লক্ষ্য থাকে না। অনেক সময়ে তাহারা যে যথোচিত সফলতা লাভ করিতে পারে না, দৈহিক হ্বলতাই তাহার কারণ।

মন-প্রকৃতির সহিত্য ধদি বল-প্রকৃতির সংযোগ হয়, তাহা হইলে, কি বিজ্ঞান, কি সাহিত্য, কি কলাবিদ্যা সকল বিষয়েই চরম উৎকর্ষ লাভ করা যায়। এই প্রকার প্রকৃতির লোকেরা যে-সকল রচনা প্রকাশ করে তাহা উৎকৃষ্ট ও স্থায়ী ধরণের হয়। মন-প্রকৃতির সহিত যাহাদের প্রাণ-প্রকৃতি সম্মিলিত হয় তাহারাও এই সকল বিষয়ে বিলক্ষণ খ্যাতিলাভ করে, কিন্তু তাহাদের কাজ বল-সংযুক্ত মনপ্রকৃতির ভাষ তত্টা উৎকৃষ্ট হয় না; তাহারা আপাততঃ খুব চটক্ লাগাইতে পারে, কিন্তু তাহাদের কাজ বহুকাল স্থায়ী হয় না। অনেক সদ্বক্তা, উৎকৃষ্ট লেখক, বিখ্যাত রাজ্মন্ত্রী, ধর্মাচার্য্য, আইনব্যবসায়ী, চিকিৎসক এই প্রকৃতির লোক।

বাঙ্গালী জাতির মধ্যে কোন প্রকৃতি প্রবল ? প্রাণ-প্রকৃতি ও মন-প্রক্তির লোকই অধিকাংশ আমাদের মধ্যে দেখা যার। বল-প্রকৃতির লোক অতি বিরল। সেই জন্ম স্থায়ী বৃহৎ কাজ আমাদের মধ্যে বড় দেখা যায় না। আমরা ভাল বক্তা হইতে পারি, ধন্মপ্রচারক হইতে পারি, শিক্ষক হইতে পারি, বিচারক হইতে পারি, মন্ত্রী হইতে পারি, কিন্তু যাহাতে দৈহিক বল ও শ্রমসহিষ্ণুতার আবশ্রক সেই সকল কাজে উৎকর্ষ লাভ করা আমাদের পক্ষে আপাততঃ অসম্ভব। যথা, বৈদিকের কাজ—নাবিকের কাজ হত্যাদি : যাহাতে বাঙ্গালীর বল-প্রকৃতি পরিপুষ্ট হয় তদ্বিষয়ে সকলের যত্ন করা উচিত। যে সকল কাজের জন্ম আমরা এক্ষণে অনুপযুক্ত, বল-প্রকৃতির উন্নতি হইলে, সেই সকল কাজের জন্ম আমরা উপযুক্ত হটতে পারি। অনেক কাজের দার যাহা এক্ষণে আমাদের নিকট কৃদ্ধ, তথন তাহা আপনা হইতেই উদ্যাটিত হুইবে। কল-কার্থানার কাজে আমরা যে প্রবেশ করিতে চাহি না তাহার অর্থ এই, আমাদের দৈহিক প্রকৃতি এখনও সেই সকল কাজের উপযুক্ত হয় নাই। ঘোড়সওয়ারের কাজ-জাহাজচালকের কাজ-রেলগাডি চালকের কাজ-অর্থাৎ যে সকল কাজে শ্রমসহিষ্ণুতা বল ও সাহসের আবশুক সেই সকল কাজে বাঙ্গালী হিন্দুরা প্রায়ই অগ্রসর হয় না। বল-প্রকৃতি প্রিপুষ্ট হটলে এট সকল কাজের দার আমাদের নিকট উমুক্ত হইবে। তথন আপনা হইতেই এই সকল কাজে আমাদের প্রবৃত্তি জন্মিবে—এই সকল কাজকে তথন আর অপমানের কাজ বলিয়া আমাদের মনে হঠবে না। কেরাণী ও আইন-ব্যবসায়ীর সংখ্যায় দেশ ছাইয়া গেল। আর চলে না। এখন জীবিকার নৃতন নৃতন পন্থা আবিষ্ণার করা নিতাস্তই আবশ্রক হইয়াছে।

(लाक-(ह्ना।

ইতিপুর্বের "বালক"-পত্রিকায় মুখ-চেনা সম্বন্ধে কতকগুলি প্রবন্ধ লেখা হইয়াছিল। কিন্তু মুখ-চেনা অপেক্ষা লোক-চেনা আরও ব্যাপক; ইহার মধ্যে মুখ-চেনা, মাথা-চেনা, আক্রতি-চেনা, প্রকৃতি-চেনা সকলই আইসে। আমরা সকলেই একটু না একটু লোক চিনিবার চেষ্টা করিয়া থাকি- কথনও চিনিতে পারি; কখনও বা ভুল করি। অধিক স্থলেই স্মামরা মোটামুটি একরকম চিনিতে পারি। একজন লোককে শ্রথম দেখিবামাত্রই তাহার সম্বন্ধে একটা স্থুল ধারণা আমাদের মনোমধ্যে স্বতই উদয় হয়; এই ধারণা সকল সন্যেই যে ঠিক হয় তাহা বলা যায় না। লোকের সহিত যাহার যত বেশি বাবহার, লোক-চরিত্র-সম্বন্ধে অভিজ্ঞতা যার যত বেশি, তার সেই পরিমাণে লোক-চেনায় কন ভুল হয়। লোকের সহিত ব্যবহার থাকিলেত যে লোক চিনিবার শক্তি সকলের হয় তাহাও নহে। কেহ কেহ চির্জীবন লোকের সঙ্গে বাসহার করিয়াও লোক চিনিতে পারে না, কেহবা স্বভাবতই লোক চিনিতে পটু। লোক-চরিত্রাভিত্ত পণ্ডিভেরা লোক-চেনা সম্বন্ধে যে সকল নিয়ম বাহির করিয়াছেন, তাহাই প্রকাশ করা এই প্রবন্ধের উদ্দেশ্য। কিন্তু একথাও বলিয়া রাখি, এখনও লোকচরিত্র-বিদ্যা অসম্পূর্ণ—এখনও উহা বিজ্ঞানের সামিলে আসে নাই। সেই জন্ম তাহাদের স্ব কথাই যে বেদ-বাক্য-রূপে গ্রহণ করিতে হইবে এরূপ নহে। নিয়মগুলি প্রত্যেকে নিজ নিজ জীবন-ক্ষেত্রে মিলাইয়া দেখিবেন—ইহাতে আর কিছু উপকার না হউক্ অন্তত সব জিনিস খুঁটিনাটি করিয়া দেখিবার একটা অভ্যাস জন্মিবে— পর্যাবেক্ষণ শক্তির বৃদ্ধি হটবে। মুরোপীয়দিগের তুলনায় আমাদের এই পর্যাবেক্ষণ শক্তি অতি কম। আমরা বাহিরের সকল জিনিসই যেন टा । वृक्षिया (पि, - विष्कृष्टि आमारित नारे विनातरे रत, आमारित

অন্তর্দু ষ্টিই প্রবল। লোকচরিত্রাভিজ্ঞ আচার্য্যেরা লোক-চেনা সম্বন্ধে বে সকল স্থা নিয়ম প্রকাশ করিয়াছেন, তাহার সমস্ত ঠিক না হইলেও বাহাদের বিবৃত মূলতত্ত্তলি যে সত্য তাহাতে আর সন্দেহ নাই। তাঁহাদের একটি মূল কথা এই—"বেমন আফুতি, তেমনি প্রকৃতি; যেমন প্রকৃতি তেমনি আকৃতি।" একজন কুন্তিগির পালো-য়ানকে দেখ-- আহ একজন টলো ভট্টাচার্যাকে দেখ--উহাদের আক্রতি দেখিবামাত্র উহাদের প্রকৃতি একেবারেই আমাদের হৃদয়পম হয়। আর একটি মূল কথা এই ব্যক্তিবিশেষ বা জীববিশেষের যেরূপ দেহের আকার তাহার অঙ্গ-প্রতাঙ্গের প্রতোক অংশও সেই দেহের অনুযায়ী-সমস্তের সহিত প্রত্যেক অংশের একটা বিশেষ সম্বন্ধ আছে। একজনের কেবল হাতের তেলো দেখিয়া বলা যাইতে পারে তাহার সমস্ত দেহের প্রকৃতি কিরুপ। Agassiez প্রভৃতি পণ্ডিত্রণ ভৃস্তর-নিহিত একটি অস্থিত দেখিয়াই বলিতে পারেন, সে অস্থিটি কেনে শ্রেণীয় জীবের। লোক-চেনার উপকারিতা সম্বন্ধে বোধ হয় বেশি কথা বলা অনাব্রাক। ব্যবসায়-বাণিজ্ঞা-ক্ষেত্রে, আদালতে, বর-কন্তা-নির্বাচনে, কর্মচারী-নিয়োগে লোক-চেনা যে বিশেষ কাজে আইসে ভাহা কে অস্বীকার করিবে ? অতএব আর বেশি বাকাবায় না করিয়া আদল কথায় আসা বাক।

একজ্বন লোককে দেখিবামাত্র প্রথমে দেখিতে ইটবে ভাষার দৈহিক প্রকৃতি কিন্নপ, দৈহিক প্রকৃতির অবস্থা জানিতে পারিলে তাহার সম্বন্ধে কতকটা মোটামুটি জ্ঞান জন্মে। আমাদের আয়ুর্কোদে তিন প্রকার দৈহিক গাতৃর উল্লেখ আছে—বাত, পিত্র ও কফ। যাহার শরীরে বায়ুর প্রাধাস্ত তাহার বায়ু-প্রকৃতি, যাহার শ্লেমা বা কফের প্রাধাস্ত ভাহার কফ-প্রকৃতি, যাহার পিত্তের প্রাধাস্ত তাহার পিত্ত-প্রকৃতি। পুরাতন যুরোপীয় পণ্ডিতদিগের মধ্যেও কতকটা এইরূপ শ্লেণীবিভাগ

প্রচলিত ছিল: আমরা শাহাকে বায়ু-প্রকৃতি বলি, তাহারা তাঁহাকে নর্ভাদ অর্থাৎ স্নায়ু-প্রকৃতি বলিতেন, আমরা যাহাকে কফ-প্রকৃতি বলি তাঁহারা তাহাকে শিক্ষাটিক অর্থাৎ রস-প্রকৃতি বলিতেন—কিন্তু পৈত্তিক প্রকৃতির নামকরণে কোন প্রভেদ দেখাবার না। আমাদের যা তাঁহাদেরও তাই। তবে, তাঁহাদের আর একটি শ্রেণী বেশি ছিল—তাহা রক্ত-প্রকৃতি। আধুনিক শিরোতত্ত্বিৎ পণ্ডিতগণ আবার ইহাই ভালিয়া-চুরিয়া আর এক প্রকার শ্রেণীবিভাগ করিয়াছেন। তাথা এই 2—(১) মনোময়ী প্রকৃতি; (২) প্রাণময়ী প্রকৃতি (৩) বলময়ী প্রকৃতি। প্রাণময়ী প্রকৃতির অন্তর্গত রক্তময়ী ও রসময়ী প্রকৃতি। যাহাদিগের দেহে অন্থি ও পেশীতন্ত্রের প্রাবল্য তাহাদিগেরই বলময়ী প্রকৃতি। পর্বতবাসীদিগের মধ্যে এই প্রকৃতির লোক অধিক দেখিতে পাওয়া যায়। য়ুরোপে হাইলপ্তীয় স্কট ও সুইস্জাতি এই লক্ষণাক্রাস্ত। আমাদের পাঠান আফ্গান ও শিথ্দিগেরও বলময়ী প্রকৃতির প্রাধান্ত। এই প্রকৃতির লোকদিগের মোটা মোটা হাড়, পাকানো পাকানো দুঢ় পেশী—ইহাতে করিয়া শরীর বলবান ও ক্টস্ হয়। যাহাদিগের বল্ময়ী প্রকৃতি প্রবলা তাহাদিগের স্বভাব ও প্রবল; তাহারা সাহসী, পরিশ্রমী ও কর্মাঠ; কার্যাক্ষেত্রে তাহারাই নেতা। চিস্তাশীলতা অপেকা তাহাদিগের দর্শন-পর্তা অধিক। চিন্তাশীল ব্যক্তিগণ যে কার্য্যোপায়-প্রণালী স্থির করেন. এই প্রকৃতির লোকেরা তাহাই কার্যো পরিণত করে। তাহারা উদ্ধৃত ও প্রভূত্বাকান্দ্রী; যুদ্ধ-ক্ষেত্রে যে সকল জাতি খ্যাতিলাভ করিরাছে তাহারা অধিকাংশ এই প্রকৃতির লোক। বলময়ী প্রকৃতির আবার ছই প্রকার ভেদ আছে—এক পেশীমরী, আর এক অন্থিমরী। যে শরীরে অস্থির প্রাবল্য অথচ পেশী কম, তাহাদিগের গঠন-রেখা কোণ-বিশিষ্ট ও খোঁচাল —তাহারা বড়ই অলস; তাহাদিগকে কোন কাজে শীঘ্র চাগান যায় না, কিন্তু একবার চাগাইয়া তুলিতে পারিলে, তাহাদের আবার

থামানো যায় না। এই ধাঁচার লোকদিগের কাজ-কর্মা, চলা-ফেরা বড়ই অশোভন ও অপটু, ইহাদের রকম-সকমও বর্কারের স্থায়। অস্থি ও পেশীর যথন সামঞ্জস্ম হয় তথনই বলের সহিত শোভনতা ও পটুতা মিলিত হয়, তথনই বলময়ী প্রাকৃতির পূর্ণ বিকাশ হয়।

যাহাদিগের দেহে পুষ্টি-হন্তের প্রাধান্ত — অর্গাৎ পরিপাক-যন্ত্র, খাদ-প্রশাদ-যন্ত্র ও রক্ত-পরিচালন-যন্ত্র দকল অধিক কার্য্যকরী তাহাদিগেরই প্রাণমন্ত্রী প্রকৃতি। যাহাদের বক্ষদেশ প্রশস্ত, যাহাদের খাদপ্রখাদ যন্ত্র ও রক্ত-চুলিন-যন্ত্র অপেক্ষাক্ত অধিক কার্য্যকরী তাহাদিগকে রক্ত-প্রকৃতি বলা যায়। তাহারা একটুতেই উত্তেজিত হইয়া উঠে ও সর্বাদাই কোঁকের মাথায় কাজ করে। তাহারা যেরপ চিরোৎজুল ও দৈহিক শ্রুক্তিবিশিষ্ট তাহাতে অতিরিক্তনাত্রায় নিকৃষ্ট প্রবৃত্তি চরিতার্থ করিবার দিকে তাহা-দিগের ঝোঁক থাকা অসম্ভব নতে।

যাহাদের উদরিক যন্ত্র সকল বেশি কার্যাকরী, তাহারা রসময়ী প্রক্কতির লোক—তাহারা লম্বোদর, নাছ্ন-মুছ্ন ও গোল-গাল; তাহাদিগের
রক্ত-চালনা চিমা-চালে সম্পন্ন হয়—তাহাদের মস্তিক্ক-ক্রিরাও মন্দীভূত,
ক্ষীণ ও আলম্ভ-জড়িত। এই প্রকৃতির লোকদের না আছে মনের বল,
না আছে শরীরের বল। ইহারা নিদ্রালু, অলস, ও উদর-পরায়ণ—রোগ
হারা ইহারা শীঘ্র আক্রান্ত হয়। কিন্তু রক্তময়ী ও রসময়ী প্রকৃতির যদি
সামঞ্জম্ম হয়—অর্থাৎ বক্ষ ও উদর এই উভয় প্রদেশেরই যন্ত্রগুলি যদি
যথানিয়মে কার্যা ও বলের রুদ্ধি হয়। এইক্রপ প্রকৃতিতে, পার্থিব বিষয়ের
দিকে একটু বেশি টান হয়—নিক্রন্ত প্রবৃত্তি সকলও একটু বেশি সক্রিয়
ইইয়া উঠে; কিন্তু ইহার সহিত কিয়ৎপরিমাণে উন্নত বৃত্তির সংযোগ
হাটলৈ নিক্রন্ত প্রবৃত্তি বড় একটা মাথা তুলিতে পারে না। মাহাদের
প্রাণমন্ত্রী প্রকৃতি প্রবৃত্তি বড় একটা মাথা তুলিতে পারে না। মাহাদের

ভাহাদের মানসিক-ক্রিয়া-সকলও সহজ্ব ও বছপথগামিনী; দুঢ়তা অপেক্ষা ভাছাদিগের মনের স্থিতিস্থাপকতা সম্ধিক। ইহারা যতটা পরিশ্রমী ততটা অবিরত (চষ্ট নতে অর্থাৎ কোন বিষয় সংসাধনের জন্ত ইহারা পুনঃ পুনঃ চেষ্টা করিতে পারে না। ইহারা চট্ করিয়া কোন একটা বিষয় বৃদ্ধির ছারা গ্রহণ করিতে পারে: ইহাদের কল্পনা তেজস্বিনী, নিজ মনের ভাবও ইহারা শীদ্র ও সহজে প্রকাশ করিতে পারে, কিন্তু ইহাদের গভীরতা অপেক্ষা চটক্ট বেশি। এক বিষয়ে ইহারা অধিকক্ষণ মনোযোগ দিতে পারে না— কারণ, ইহারা বোচত্রা ভালবানে। ইহাদের রিপুবেগ প্রবল, কিন্তু কোনও ভাবত অধিক্ষণ স্থায়ী হয় না-স্বাদতি মেজাজের পরিবর্তন হয় ৷ ইহারা প্রফুল, উচ্চাদময়, খোলা-প্রাণ, প্রিয়দর্শন; ইহারা উপাদেয় আহারাভি-লাষী, আরাম ও আরেসের অনুবাগী। বল-প্রকৃতি লোক অপেক্ষা ইহারা সহজে কুপথগামী হুইতে পারে, কিন্তু উৎকুষ্ট বৃত্তির শাসনাগীনে থাকিতে পারিলে এই প্রকৃতির লোকেরা বড়ই স্কুখী হয়। তাহারা যেমন নিজে স্থা হয়—অন্তকেও তেমনি স্থা করিয়া থাকে। যাঁহারা মনোময়ী প্রকৃতির লোক তাঁহাদের বড় মাথা, কপাল প্রশস্ত ও উন্নত-কিন্তু শরীর অপেক্ষাকৃত ক্ষীণ ও স্বকুমার। তাঁহাদের মুখ আম্র-দীর্ঘ। কপালের দিক চ ?ড়া হট্য়ামুথ ক্রমশঃ স্ক হট্য়া আইসে। তাঁহাদের হাদয়ভাব ও ভাষা সমুন্নত ও স্থক্চি-সম্পন্ন ;—যাহা কিছু তুল, কদৰ্যা, মলিন ও ইতর তৎপ্রতি তাঁহারা সহজ্বেই বীতরাগ ৷ তাঁহারা হৃদয়ে যে ভাব অনুভব করেন ভাহা অতি জলস্ত, সুস্পষ্ট ও স্থতীব্র এবং তাঁহাদের ধারণা ও কল্পনা অতিশয় ক্রতগতি; তাঁহারা মানসিক বুত্তির পরিচালনায় যতটা মুখাতুভব করেন—অন্ত প্রকৃতির লোক ততটা করে না। শারীরিক অপেক্ষা মানসিক ব্যাপারের অমুশীলনে তাঁহারা অধিক রত। সাহিত্য, কবিতা, চারুশিল্প তাঁহাদিগের সাথের জিনিস।

মন প্রাণ বল এই ধাতৃত্তরের এক একটি কাহারও প্রাকৃতিতে স্বতন্ত্র-

ভাবে ও পূর্ণ মাত্রায় থাকিলে যেক্নপ লক্ষণ প্রকাশ করিয়া থাকে তাহাই এতক্ষণ বর্ণনা করা হইল; কিন্তু আসলে এরপ স্বতন্ত্রভাবে উহাদিগকে দেখা যায় না; প্রত্যেক ব্যক্তিরই প্রক্লতিতে এই তিন গাড়ু বিমিশ্র ভাবে থাকে—কাহারও কোনটা কম, কাহারও কোনটা বেশি। এই ধাতৃত্রয়ের পূর্ণ সামঞ্জন্ম অতি বিরল; তবে কাহারও কাহারও প্রকৃতি, সামঞ্জন্মের দিকে অপেকাকুত অধিক অগ্রাসর। এই ধাতৃত্রয তাহাদের প্রকৃতিতে এরপভাবে মিঞ্জিত থাকে যে উহাদের মধ্যে কোন্টি প্রবল তাহা সহজে বুঝা যায় না। অধিকাংশ স্থলেই দেখা যায় তিনটিব মধ্যে ছুইটি প্রবল ও একটি ক্ষীণ্ডর; এই পাতৃত্ত্যের বিভিন্ন সমাবেশ-অনুসারে কাহার ০ বা মনোপ্রাণময় প্রকৃতি কাহারও বা বল্প্রাণময় প্রকৃতি—কাহারও বা মনো-বলময় প্রাকৃতি—এরপ নানাপ্রকার মিশ্র প্রকৃতি উৎপন্ন হট্যা থাকে। প্রত্যেক মিশ্র প্রকৃতির আবার স্বরন্ত স্বতন্ত্র লক্ষণ আছে—তাহা এই প্রবন্ধে বর্ণনা করিলে বাছল্য হইয়া পড়ে। মোট কথা, লোক চিনিতে গেলে প্রথমত দেখা আবশ্রক—নাতাকে চিনিতে চেষ্টা করিতেতি সে কিরূপ ধাতের লোক। মোটামুটি তাহার প্রকৃতি জানা হইলে আরও ফুল্মরূপে তাহার অবয়বাদি পর্যালোচনা করা আবেশুক।

অবিমিশ্র প্রকৃতি-ত্রের আর একবার সংক্ষেপে আর্ক্তি করা সাক।
বলময়ী অর্গাৎ অস্থি-পেশীয়য়ী প্রকৃতির লক্ষণ—বলবতী ইচ্ছাশক্তি; স্থির
বিবেচনাশক্তি; অক্লাস্ক উদাম: অসীয় সাহস; অবিরত-চেষ্ট সম্বল্ধ;
হক্ষমনীয় প্রভুত্ব-লালসঃ; অবিচলিত আত্মনির্ভর। প্রাণমন্ত্রী অর্গাৎ
দৈহিক পুষ্টি-সাধনোপযোগিনী প্রকৃতির লক্ষণ—দৈহিক শুর্তি, সর্ব্বতোমুখী বৃদ্ধি, আবেগ-বশবর্তিণা, উৎসাহ, আগ্রহ, স্থখ-লালসা, বৈচিত্র্যামুরাগা, আরাম-বাসনা, ভোগলালসা, ক্রত ও চটকদার বৃদ্ধি, উদ্দেশ্রের
অস্থিরতা, সৌম্যতা ও দয়া-দাক্ষিণা। মনোময়ী প্রকৃতির লক্ষণ—জ্ঞানস্থা, মনস্বিতা, স্কুর্ক্চি, ভব্যতা, উচ্চস্পৃহা, উন্নত কল্পনা, তীব্র অন্ত্রিত্

নাহিত্য শিরান্ত্রাগ ইত্যাদি। এই তিন প্রক্কৃতির পূর্ণ সামঞ্জ্ঞ ই পূর্ণবিষ্ণব চরিত্রের লক্ষণ; কিন্তু ইহার দৃষ্টান্ত লোকসমাজে অতি বিরল। প্রায়ই দেখা যায় প্রত্যেক লোকের চরিত্রে ছুইটি প্রকৃতি অপেক্ষাকৃত প্রবল, অপরটি ক্ষীণতর। আপেক্ষিক প্রাবলা অনুসারে এই মিশ্র প্রকৃতিকে ছয় শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে। যথা—

- ১। বল-প্রাণময়ী প্রকৃতি।
- ২। বল-মনোময়ী প্রকৃতি।
- ৩। প্রাণ-বলময়ী প্রকৃতি।
- 8। প্রাণ-মনোময়ী প্রকৃতি।
- । यन-वन्यशै श्रक्तिः।
- ৬। মন-প্রাণময়ী প্রকৃতি।

এই মিশ্র প্রকৃতির নামকরণ দেখিলেই বুঝা যায় উহার প্রত্যেকটিতে কোন্ ধাতুর বিশেষ প্রভাব। অপেক্ষাকৃত যাহার অধিক প্রভাব তাহাকেই প্রথম আসন দেওয়া হয়। যথা, যে স্থলে প্রাণ অপেক্ষা বলের কিঞ্চিৎ প্রাধান্ত, সে স্থলে বল প্রাণময়ী প্রকৃতি বলা যায় এবং যে স্থলে বল অপেক্ষা প্রাণের প্রাধান্ত সে স্থলে প্রাণ-বলময়ী প্রকৃতি বলা যায়।

১। বল-প্রাণময়া প্রকৃতি। পাশব বলের পক্ষে এই প্রকৃতি অভীব উপযোগী। অস্থি-পেশী বেশ পরিপুষ্ট; ক্ষমদেশ চণ্ডড়া; বক্ষদেশ প্রশাস্তঃ জ্বীবনীশক্তি যথেষ্টঃ দৃঢ়তা, স্থিরতা ও অবিচলিততার সহিত কর্মশীলতা জড়ত। এই প্রকৃতিতে একটু আনাড়িপনা থাকিতে পারে, কিন্তু সহিষ্ণুতা, অধ্যবসায়, কঠোর শ্রমশীলতা এই প্রকৃতির প্রধান লক্ষণ। ইহা বৃদ্ধি বিদ্যার পক্ষে তেমন উপযোগী নহে—শিল্প সাহিত্য আলোচনার পক্ষে অস্কৃল নহে। কিন্তু এই প্রকৃতির লোকদিগের সহজ্ব বিষয়বৃদ্ধি সতেজ্ব—বিষয়কর্ম্মে তাহারা বেশ স্থিরবৃদ্ধি। অনেক সচ্চরিত্র লোকের এই ক্ষাপ প্রকৃতি দেখিতে পাওয়া যায়—আবার অনেক বদ্মাইশ অপরাধীও

এই প্রকৃতি-বিশিষ্ট। উচ্চ ধর্ম প্রবৃত্তির অদীনে না রাখিতে পারিলে, এই প্রকৃতি অতাপ্ত জ্বতা আকার ধারণ করে। রাগ হিংসা দেষ প্রভৃতি রিপুদকল প্রবল হটয়া এট প্রকৃতিকে কুৎদিৎ করিয়া তোলে। লড়াক্কা পালোয়ান, খালাসী, দেপাহি, কৃষক প্রভৃতি—মৃক্তবায়ুতে যাহাদিগের দৈহিক শ্রম করিতে হয়—প্রায় তাহাদিগেরট মধ্যে এটরূপ প্রকৃতির লোক পাওয়া যায়।

- ২। বল-মনোমরা প্রকৃতি।—্যে প্রকৃতিতে বলের ভাগ বেশি,
 মনের ভাগ তার নীচে এবং প্রাণের ভাগ সকলের নীচে। এই মিশ্রণকলে বৃদ্ধিশক্তি এবং হাহার সহিত দৈহিক বল, কঠোরতা ও সহিষ্ণৃত'
 উৎপর হয়। বল-প্রাণময়ী প্রকৃতি অপেক্ষা দেহ যদিও কিছু সক্ —কিন্তু
 পেশী অপেক্ষাক্কত অধিক দৃঢ় এবং এই প্রকৃতির লোক অপেক্ষাক্কত
 অধিক উদামশীল হইয়ঃ থাকে। উহারা দৃঢ়ভাবে দণ্ডায়মান হয়, জতভাবে ও উদামসহকারে পদচারণ করে এবং উহাদের কণ্ঠসর পরিস্কার,
 স্কুপ্তিও স্বলন। এই প্রকার মিশ্র প্রকৃতির লোকেরা তীক্ষুবৃদ্ধি, গভার
 চিন্তাশীল, কার্য্যে সাহসী, উদামশীল ও অধাবসায়া। ইহাদের হন্দান্ত
 রিপুদকলও কতকটা উচ্চ দর্মারতিও সোন্দর্মান বৃত্তির অধীনে থাকে।
 গভীর বিদ্যা, অকপট কার্যোৎসাহ, ব্যবহারিক বিষ্যু-বৃদ্ধি, উচ্চাভিলা্ম,
 কর্মাক্ষেত্রে নেতৃত্ব লাভের বাসনা, এই সকল লক্ষণ এই প্রকৃতিতে
 দেখিতে পাওয়া যায়। নোদ্ধা, নবদেশান্মসন্ধারী, ষত্রশিল্পী—জাহাজ্জনেতা নাবিক প্রভৃতি অধিকাংশ এই প্রকৃতির লোক। ইহারা চিন্তাশীল
 ও কাজের লোক উভ্যুই।
- ৩। প্রাণ-বলময়ী প্রকৃতি।—বৃহৎ চণ্ডা শরীর, ক্ষ প্রশন্ত, ঘাড় মোটা, পেশী-বছল দেহ, সবল অস্থি-সন্ধি—কিন্তু অঙ্গ প্রত্যঙ্গ পুই ও মুগোল—এবং মুখাবয়বসকল বহিরুণাখ ও দৃষ্টি-মাকর্ষক; মুখেব ভাব একটু কর্কশ; পদচারণ সজোর ও দ্রুত— কিন্তু সে চলা-ফেরায় প্রীর

অভাব।—এই সমস্ত প্রাণ-বলময়ী প্রকৃতির লক্ষণ । যাহাদিগের এইরূপ প্রকৃতি তাহারা কঠিন প্রমে কাতর নহে, মুক্ত বায়ুতে বাায়াম ও
অক্ষচালনা করিতে ভালবাদে এবং তাহারা কোনপ্রকার আটক বা বন্ধন
সন্থ করিতে পারে না। প্রাণ-ধাতুর প্রাধানাবশতঃ তাহারা বিলক্ষণ
ফুর্ডিবিশিষ্ট ও আবেগ-বশবর্ত্তী; কিন্তু অন্থিপেশীতন্ত্রেরও কতকটা
প্রভাব থাকায়, তাহারা মনের উচ্চাদকে একটু সংযত করিয়া রাখিতে
পারে। এই প্রকৃতির লোকেরা চটুল কিন্ধা চটক্দার হয় না; ইহারা
কাজের লোক; সাহিত্যের সঙ্গে ইহাদের বড় সম্পর্ক নাই। ইহাদের
বেশ সহজ বুদ্ধি; কাজকণ্ম বেশ চালাইতে পারে; ইহারা সকরী-ফর্মরবৎ ভাগা-ভাগা নানা বিদ্যার অধিকারী হয় না। উচ্চ ধর্মবৃত্তির বল
না থাকিলে, ইহাদের প্রচণ্ড রিপ্রেগ ইহাদিগকে সহজেই বিপ্রে লইয়া
যাইতে পারে।

8। প্রাণ-মনোমরা প্রকৃতি। এই মিশ্রণের ফল;—মোটা-সোটা স্থগোল গঠন; মুথ বড় ও পরিপুষ্ট; মুথাবয়ব স্থানী, বেশি বহিরুমুথ নহে, কিন্তু বেশ স্পষ্টরেথান্ধিত ও সমবিনান্ত। অনেক জ্রীলোকের এইরূপ প্রকৃতি দেখা যায়। জ্রী-উপযোগী অনেক বাঞ্চনীয় মনোরঞ্জন গুণ এই প্রকৃতিতে বর্দ্তে। যথা, সেহ মমতা, দয়া, ভালবাদা, সৌমাতা, প্রফুরতা এবং তাহার সঙ্গে দৈহিক খ্রীসৌন্দর্যা। এই প্রকৃতি কতকটা আমোদ-প্রিয় প্রকৃতি। এই প্রকৃতিকে কতকটা ধর্মবৃত্তির অধীনে না রাখিতে পারিলে অনিষ্টের আশক্ষা আছে। এই প্রকৃতির প্রক্রেরা বাহিরের কাজের উপযোগীনা ভাল শিক্ষা পাইলে, ইহারা উৎকৃষ্ট বক্তা হইতে পারে; ইহারা কোন সার-গর্ভ বিষয়ে পারদর্শী হইতে পারে না; গভীর চিন্তা কিন্বা কোন বিষয়ে তর্মতর অনুসন্ধান ইহাদের প্রকৃতি-বিরুদ্ধ। ইহারা একটু চটুল ও চটক্দার; ইহাদের নৃতন্ত্ব কিন্বা উদ্ধানীর ক্রী বৃদ্ধি তেমন নাই। ইহাদের লেখা ও বক্তৃতা অনর্গল-প্রবাহী,

প্রায়ই অলম্বারপূর্ণ এবং কথন কথন অতিপ্রাচুর্য্যদোষে দূষিত। ইহারা ক্রতগানী, চলাফেরায় শ্রীবিশিষ্ট এবং কথাবার্ত্তায় বিলক্ষণ মুদ্রা প্রকাশ করিয়া থাকে।

- ৫। মন-বলময়ী প্রকৃতি। এই প্রকৃতির লোকে একটু লম্বাও ঈষৎ পাতলা ধরণের; অবয়ব-রেখা একটু কোণবিশিষ্ট—একটু খোঁচ্-বিশিষ্ট ; কিন্তু ইহাদের আকার-প্রকার বেশ সম্ভ্রান্ত ও দৃষ্টি-আকর্ষক ; ইহাদের দাঁড়াইবার ভাবে বেশ একটু ঋজুতা আছে; মুখাবয়ব সকল একটু নহিক্নুথ কিন্তু পাথরে খোদা মৃত্তির ন্যায় বেশ স্পষ্ট রেখাবিশিষ্ট ও চাঁচা-ছোলা; মুখের ভাব গম্ভার; কণ্ঠস্বর পরিষ্কার, উচ্চ-গ্রাম-স্পর্শী ও স্থনমা; চলাফেরাবেশ দৃঢ়ও স্থিরলক্ষান্থবর্তী। এই মন ও বল-ধাতুর সহিত কতকটা প্রাণ-ধাতুর সংযোগ হতলে অপূর্ব্ব ফল প্রস্ত ২য়। ষাহাদের এইপ্রকার প্রকৃতি ভাহাদের বুদ্ধিশক্তির সহিত কার্য্যক্ষমতা জড়িত। কি সাহিতা, কি শিল্প, কি বিজ্ঞান, কি কাজকন্ম, যে-কোন বিষয়ে তাহারা বিশেষ স্থবাতি ও সফলতা লাভ করিতে পারে। এই প্রকৃতির লোকেরা গন্তার ও সারাল ধরণের সাহিত্যের অমুরাগী, বিজ্ঞা-নের ভক্ত; এই প্রকার আফ্রতি গুছকার হুইবার পক্ষে উপযোগী। অনেক থাতিনামা গ্রন্থকার এই প্রকৃতির লোক। ইহাদের লেথায় ধর্মনীতির একটা অন্তঃসলিলা ধারা প্রবাহিত থাকে—ইহাদের পাশব-প্রবৃত্তি সমূধ স্বভাবতই ক্ষীণ এবং উৎক্নন্ত বৃত্তির অধীন।
 - ৬। মন-প্রাণমরী প্রক্কতি। এই প্রক্কতিটিও অতিশয় বাঞ্নীয়।
 কিন্তু এই প্রক্কতির লোকেরা ষতটা উন্নতমনা, প্রিয়দর্শন ও চটক্দার,
 ততটা সারাল, জোরাল, দৃঢ়সঙ্কর কিন্তা অবিরতচেষ্ট নহে। ইহাদের
 দেহ ঈন্ধৎ থকা; দেহ ও মুখ মাঝামাঝি পরিপুটু এবং অক্সপ্রতাক
 স্থাতীল ও ক্রম-সংকীর্ণ। মুখাবয়ব তেমন বহিরুমুখ ও দৃষ্টি-আকর্ষক
 নহে, কিন্তু বেশ স্পষ্ট-রেখা-বিশিষ্ট এবং সৌর্চব-সম্পন্ন ও স্কুলর। মুখের

ভাবে বুদ্ধিমন্তা, মধুরতা ও সহৃদয়তা বিলক্ষণ প্রকাশ পায়। চঞ্চল মন্তিক, সর্বতামুখী বুদ্ধি, সাহিত্য ও সৌখীন শিল্পে অন্থরাগ, প্রবল গার্হস্থা ও সামাজিক ভাব, সমূরত নীতি ও ধর্মভাব, আতান্তিক সৌমাতা, দয়া মমতা কোমলতা ও চরিত্রগত বিশুদ্ধতা—এইসকল লক্ষণ এই প্রকৃতিতে প্রকাশ পায়। কিন্তু ইহাতে মন-বলময়ী-প্রকৃতি-স্থলভ ওজ্বিতা, দৃঢ়তা, উদামশীলতার অভাব লক্ষিত হয়। অনেক বক্তা, কবি, উপজ্ঞাস-লেখক শিল্পীর মধ্যে এই প্রকৃতির লক্ষণ দেখিতে পাওয়া যায় (বদিও তাহারা ঐ দলের সর্বোৎক্কট নহে)। অনেক স্ত্রীলোক ২ এই প্রকৃতি বিশিষ্ট।

উপরে যাহা বর্ণিত হটল, তাহা হটতে দেখা যাইতেছে, মন-বল্ময়ী ও মন-প্রাণময়ী এই হুই মিশ্র-প্রকৃতি সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট। অধিকাংশ বড়লোক এই ছই প্রকৃতিবিশিষ্ট। পৃথিবীতে মত বড়লোক জন্মগ্রহণ করিয়াছেন প্রায় দেখিতে পাওয়া যায়, তাহাদের সমঞ্জনীভূত প্রকৃতি। ভবে, মন প্রাণ বল এই তিন ধাত্তব মধ্যে কোন ছইটির প্রভাব যেন চরিত্র-বিশেষে অপেক্ষাকুত একট্ট স্পষ্টরূপ লক্ষিত হয় এই মাত্র। কেন না, পূর্ণ দামপ্রদা প্রায়ত কাহার ও ভাগ্যে ঘটে না—একটু উনিশ বিশ হট্যাট থাকে। দেমন-মনে কর, আইট্ও গ্লাড টোন। এট তুট জনেরই প্রকৃতিতে উলিথিত তিন ধাতুর প্রায়ই সমঞ্জগীভূত সমাবেশ আছে। তবে ব্রাইটের প্রকৃতিতে প্রাণাংশ অপেকাক্কত অধিক থাকাতে উাহার প্রক্রতিকে মন-প্রাণ-প্রক্রতির কোটায় ফেলা যায়, স্মার গ্লাড্টোনের প্রকৃতিতে বলাংশ অপেক্ষক্বত অধিক থাকাতে তাঁহার প্রকৃতিকে মন-বল-প্রকৃতির সামিলে আমা যায়। যাঁহারা এই হুই জনের প্রতিক্বতি তুলনা করিয়া দেখিয়াছেন, তাঁহারা উভয়ের প্রকৃতিগত প্রভেদ স্পষ্ট উপলদ্ধি করিতে পারিবেন। উভয়েরই প্রশস্ত ও উন্নত ললাট - কি**ন্ত** প্রাইটের প্রকৃতিতে প্রষ্টিতম্বের কিঞ্চিৎ আধিকা ও গ্লাডটোনের

প্রকৃতিতে অন্তিপেশী-ভল্লের আধিকা। ইংগদের চরিত্র ও বক্তৃতিতেও এই প্রভেদ বিলক্ষণ উপলব্ধি হয়। ব্রাইটের বক্তৃতা পড়িয়া দেখ, উহা বেশ প্রাঞ্জল, স্থলনিত, জলবতরল—উহাতে ঘোরো কথার আধিকা। এবং মাড্ষোনের বক্তৃতার বাকাসমূহ অপেক্ষাকৃত জাটিল, গভীর ও গুজস্বা। ইংগতে একজনের হাইপুষ্ট মুখের আমেজ্ পান্তরা যায়—আর একজনের দৃঢ় কঠোর অন্তি-পেশার আভাস উপলব্ধি হয়। ইংলের বক্তৃতা দিবার ধরণেও এই প্রভেদ অন্তত্ত হয়। শুনিয়াছি ব্রাইট্ যখন বক্তৃতা দিবার ধরণেও এই প্রভেদ অন্তত্ত হয়। শুনিয়াছি ব্রাইট্ যখন বক্তৃতা করিতেন তখন মনে হইত যেন তিনি আপনার বন্ধান্ধবদের সহিত সন্থান-ভাবে বিশ্রস্তালাপ করিতেছেন; কিন্তু গ্লাড্টোন্ যেন প্রতি কথা নিংড়াইয়া সবলে বাহির করেন—এবং তাহার এক একটি ওজ্বী কথা যেন স্রোভাদিগের মধ্যে হাতুড়ির ঘায়ের মত আসিয়া পড়ে। তা ছাড়া দৃঢ়তা, উদাম, শ্রমশীলতা, অবিরত-চেষ্টতা—যাহা বল-প্রকৃতির লক্ষণ, তাহা ব্রাইট্ অপেক্ষা গ্লাড্টোনে শতগুণ অধিক।

আমাদের দেশের তুই একটা ঘোরে। দৃষ্টান্তও দেওরা বাইতে পারে। বিছম বারু তাহার এজ্লাসি কাজকণ্ম সত্তে যে এতগুলি উৎক্ষ গ্রন্থ লিখিতে পারিয়াছেন—তাহা কেবল অন্থিপেশীতদ্ধের প্রভাবে। যদি তাহার বলাংশ অপেক্ষা প্রাণাংশের প্রভাব বেশি হইত তাহা হইলে পারিয়া উঠিতেন কি না সন্দেহ। আমাদের অক্ষর বাবুর (অক্ষরকুমার দক্ত) দৈহিক প্রকৃতিতে বলধাতুর অভাব থাকায়, তিনি গোটাকতক ইংরাজি প্রস্থের অন্থবাদ করিয়াই অচিরাৎ শ্ব্যাশায়ী হইয়া পড়িলেন। তাহার লেখায় যে লালিতা, স্থলর বাক্যবিন্যাস দেখিতে পাওয়া যায়, তাহা তাহার প্রাণমন্ত্র প্রভাবে তাহার লেখায় ভাবের এত সরস্তা—এবং তাহার প্রকৃতিগত বল-ধাতুর প্রভাবে তাহার লেখনীর এত প্রথরতা। এই জ্বন্ধ তাহার লেখা প্রথবের মধুরে" বেশ মিশিরাছে।

এইজ্জ বৃদ্ধিন বাবুর লেখায় যুক্তির এত বাধুনি ও ফাল্ত বাজে-বকুনির অভাব। যাঁহাদের প্রকৃতিতে বলাংশ অপেক্ষা প্রাণাংশের আধিকা, অর্থসঙ্গতি রক্ষা করা অপেকা ললিত বাকাবিনাদের দিকে তাহাদের অধিক টান। তাঁহাদের লেখার একট শব্দবাহলাও হট্যা পড়ে। বাকাকে স্থশাবা করিবার জ্বন্ত হয়তো একই ভাব তাঁহারা ভিন্ন কথায় ভিনবার করিয়া বাক্ত করিবেন। তাঁহাদের লেথায় যুক্তির ভাগ কম, উচ্চাসের ভাগ একটু অধিক। তাঁহাদের সম্বন্ধে বলা যাঠতে পারে, ষতটা গৰ্জ্জন ততটা বৰ্ষণ নহে—যতটা শব্দঘটা, ততটা সার নাই ৷ আর এক দৃষ্টান্ত, আমাদের চক্রনাথ বাবু। ইনি স্থলেথক বটে, কিন্তু ইহার লেখায় যেন প্রাণ-ধাতুর অংশ একটু বেশি মাত্রায় আছে বলিয়া বোধ হয়-একট বেন অন্থি-পেশীর অভাব। বৃদ্ধিয় বাবুর মন-বলময়ী প্রকৃতি; চন্দ্রনাথ বাবুর মন-প্রাণময়ী প্রকৃতি। বিদ্যাসাগর মহাশয় ও শ্রীযুক্ত স্থরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয় ইহারা মন-বলময়ী প্রক্রতির ক্ষলস্ত দৃষ্টান্তস্থল। বাঙ্গালার মধ্যে এইরূপ দৃষ্টান্ত যত পাই ততই আশার সঞ্চার হয়। আমাদের সিবিলিয়ান ত্রীযুক্ত রমেশচক্র দত্ত মহাশয়কেও বোধ হয় এট কোটায় ফেলা নাইতে পারে—জাঁহার ও শ্রমশীলতা ও উদাম যুরোপীয়-স্থলভ !

আমাদের বঙ্গদেশে প্রাণ-ধাতুরই একটু বেশি প্রাহ্রজাব! প্রাণ-ধাতু সম্পূর্ণবিষ্ব হইলে মন্দ নয়, কিন্তু হর্জাগাবশতঃ প্রাণের ছই উপাদান রস গুরক্তের মধ্যে রসাংশটিই বাঙ্গালীর দৈহিক প্রকৃতিতে বেশি দেখা বায়—তাহাতে তমোগুণের প্রভাব বৃদ্ধি হইয়া আলম্ম ও জড়তা উৎপন্ন হয়। যে দেশের জলবায়ু আর্দ্ধ সেই দেশের জনসাধারণের প্রকৃতি এইরূপ হইয়া থাকে। আমাদের প্রাণিধাতুর আধিক্য ও বলধাতুর অভাব থাকায় আমরা সহজে হজুকে মাতিয়া উঠি—বৈদেশিকদিগের টিট্রেকারি দ্রুছ করিতে না পারিয়া হয় আমাদের নিজত্ব সহজে ছাড়িয়া

দিই—অথবা সমাজের ভয়ে জড়সড় হইরা বাস্তবিক কোন অন্তভ প্রথাও পরিতাগ করিতে সাহদী হই না। আনরা কোন বৃহদ্যাপার সমাধা করিয়া তুলিতে পারি না; দাহাতে অবিরত চেটা—অবিশ্রাস্ত প্রমের প্রয়োজন এরপ কার্যাে আমরা সফলতা লাভ করিতে পারিনা। দে সকল কার্যাে উপস্থিতমত বাহবা পারেয়া যায় এইরপ কার্যা করিতেত আমরা ভালবাসি—আমরা খুব চটক্ লাগাইয়া দিতে পারি, কিন্তু কোন সারবান্ স্থায়ী কার্যা আমাদের দারা হইয়া উঠে না। অতএব মনোময়ী ও বলমুয়ী প্রকৃতির যাহাতে উন্নতি হয় সে বিষয়ে আমাদের সকলের যদ্ধ করা কর্ত্তব্য তাহার প্রধান উপায় জ্ঞানদন্দের আনোচনা, উপযোগী আহার ও বাায়াম-চর্চা। মন, বল, প্রাণ—আর এক কথায় জ্ঞান কর্মা ও ভাব—কিন্তা দার্শনিক ভাষায় বলিতে হইলে—সল্ব, রক্ষ, তম এই তিনের সামঞ্জ্যে না হইলে মানব-চরিব্রের কথনই পূর্ণতা লাভ হয় না।

দৈহিক প্রকৃতির লক্ষণ দেখিয়া কি রূপে লোক চিনিতে হয় তাহা ইতিপুর্বে বর্ণনা করা গিয়ছে। এক্ষণে মস্তকের গঠন দেখিয়া কিরূপে চরিত্র নির্ণয় করিতে হয় তাহা সংক্ষেপে বিবৃত করা যাইতেছে। আনাদের মনোরত্তি কতকগুলি, তাহাদের কি কি কার্যা, মস্তিক্ষের কোন্ কোন্ অংশে তাহাদের স্থান, ইত্যাদি তথাগুলি প্রথমতঃ মোটামুট জানা আবশ্রক।

মনোবৃত্তির ছই প্রকাণ্ড বিভাগ—জ্ঞান ও ভাব। তন্মধ্যে জ্ঞান ও বৃদ্ধির স্থান হচ্চে কপাল—মন্তকের বাকি অংশ বাহা কেশে আগৃত তৎসমন্তই ভাবের স্থান। ভাব ছই ভাগে বিভক্ত;—নিক্কট প্রবৃত্তি ও উৎক্ষেপ্ত প্রবৃত্তি। মন্তকের নিম্নপার্থ ও পশ্চান্তাগ নিক্কট প্রবৃত্তির স্থান। নিক্কট প্রবৃত্তির আধিকা হইলে কানের উপরে ও পশ্চান্তে মাথার গঠন চহুড়া ও ভর্পুর দেখায়। বাহাদের নিক্কট প্রবৃত্তি ক্ষীণতর ভাহাদের ঐ কংশ অর্থাৎ মাথার ছই পার্শ্ব পাত্লা ও সংকীণ। নিক্কট প্রবৃত্তি আবার

ছুই ভাগে বিভক্ত;—গাইস্থাপ্রবাদ্ধ ও স্বার্থপ্রবৃত্তি। গাইস্থাপ্রবৃত্তি চারিটি;—ক্ত্রেপুরুষিক আদাক্তি, বাৎসল্য, সথ্য, ও বাস্ত্রনিষ্ঠা অর্গাৎ নিজ বাসস্থানের উপর মায়া। গাইস্থাপ্রবৃতির আধিক হইলে মাথার পিছন দিকটা লম্বাটে ও ভরপুর দেখায়। এবং উহার লাঘ্ব হইলে ঐ অংশ চ্যাপটা ও বদা দেখায়। স্বার্থ-প্রবৃত্তি এহগুলি যথা,—(১) প্রতিবিধিৎসা অর্থাৎ বাধা অভিক্রমের হচ্ছা-যুঝাযুঝি করিবার ইচ্ছা-সাহস; (২) জিবাংদা অর্থাৎ ধ্বংদ করিবার—হানি করিবার হচ্ছা—ক্রোধ; (৩) বুভুক্ষা অর্থাৎ আহারের ইচ্ছা; (৪) অর্জন স্পৃহা; (৫) জুগোপিষা অর্থাৎ মনের ভাব গোপন করিবার ইচ্ছা। মস্তকের পার্মদেশে ও কানের চতুম্পার্থে এই সকল প্রবাত্তর স্থান। উহাদের আধিকা হইলে মাথার ঐ অংশ পুল ও বর্ত্তাকার দেখায়—কিন্তু উহাদের সমতা হলতে ঐ অংশ চ্যাপটা ও সংকাণ দেখায়। উৎক্ট প্রবৃত্ত ভিনভাগে বিভক্ত। যথা ;—(১) উচ্চতর স্বার্থভাব (২) ধশ্মভাব ও (৩) বুদ্ধি-মিশ্র ভাব। উচ্চ-তর স্বার্থভাব এই গুলি বথা ;—সাধধানতা, লোকাদরপ্রিয়তা, আত্ম-সম্ভ্রম ও দুঢ়তা—মাথার তেলোর শেষাংশ ও সেই শেষাংশের পার্মদেশ এই সকল ভাবের স্থান। মাথার তেলোর বাকি অংশ বশ্বভাবের স্থান। ধর্ম-ভাব এইগুলি যথা ;—সু গুনিষ্ঠা, আশা, বিশ্বাস, ভক্তি ও দয়া। মাথার তেলোর পুরোভাগ ও মধ্যদেশ এই সকল ধর্মভাবের স্থান-ধর্মভাবের আধিকা হঠলে ঐ অংশ দীর্ঘ ও উচ্চ ও স্লডৌল হইয়া থাকে; এবং উহার अक्र को इहेटल के अर्थ निहु इस 9 क्र भरक ना इहेस्रा द्यन इहीर नामिस्रा গিয়াছে এইরপ প্রতীয়মান হয় বুদ্ধি-মিশ্রভাব এইগুলি;—যথা, নির্মিৎদা অর্থাৎ নিশ্মাণ করেবার প্রবৃত্তি—হস্তনৈপুণা ইত্যাদি ; ভাবুকতা বা দৌন্দর্যামুরাগ; অমুচিকীর্বা অর্থাৎ অমুকরণ করিবার ইচ্ছা এবং জিহসিষা অর্থাৎ হাক্তপ্রিয়তা। ইহার কিয়দংশ কপালের পার্শ্বদেশে ও কিয়দংশ সাম্নেকার মাথার তেলোর পার্মদেশে অবস্থিত।

এই সকল রত্তির আধিকা হইলে মস্তকের ঐ অংশ চওড়া ও পরিপুষ্ট বলিয়া মনে হয়—এবং উহাদের স্বল্প হইলে ঐ অংশ চ্যাপ্টা ও সংকীর্ণ দেখায়।

প্রতাক্ষতান এইগুলি ষথা; -- বস্তবোধ, আকার-বোধ, পারুমাণ-त्वाय, ভाর-त्वाय, वर्श-त्वाय, मुख्याना-त्वाय, मरश्रा-त्वाय १ छान-त्वाय। এই স্কল বৃত্তির ছারা বস্তুর বস্তুত ওবিদিদ ভৌতিক গুণু আমাদের উপলব্ধি হয়। কাজকর্মের সময় এই সকল জ্ঞান বড়ই আমাদের সহা-রতাকরে। এই সমস্ত জ্ঞানের আধিকা হতলে কপালের নিয়দেশ অর্থাৎ যেখানে ভুরু থাকে সেই স্থান বাহির করা ও ঝোকা বলিয়া প্রভায়মান হয়। এই সমস্ত বিশুদ্ধ প্রতাক্ষ-জ্ঞান-এ গ্রাতীত আর এক শ্রেণীর জ্ঞান আছে যাহাকে বিমিশ্র প্রতাক্ষজ্ঞান বলা যাইতে পারে ৷ অর্থাৎ উহারা বৃদ্ধিবৃত্তি ও প্রাগক্ষানের সংমিশ্রণে উৎপন্ন। বিমিশ্র প্রাতাক্ষ-कान এইश्वां :-- यथा, घटना-ताम वा मुक्ति, काल-ताम, मुन-ताम, ভাষা-শক্তি অর্থাৎ কথার দ্বারা মনোভাব প্রকাশ করিবার শাক্ত; হহাদের মধ্যে অধিকাংশই কপালের মধাভাগে অবস্থিত। এই জ্ঞানের আধিকা হইলে কপালের মধাভাগ ফুলিয়া উঠে—এবং লাঘ্ব হুইলে ঐ স্থান বসা-বদা দেখায়। বৃদ্ধিবৃত্তি ১ইভাগে বিভক্ত। যথা অমুমিতি অর্থাৎ কার্য। হুটতে কারণ অনুমান করিবার শক্তি ও উপমিতি অর্থ ৎ বিবিধ পদার্থের মব্যে সম্বন্ধ ও সৌদাদৃত্য ও বৈদাদৃত্য উপলব্ধি করিবার শক্তি। বুদ্ধি-বুদ্তির আধিকা হটলে কপালের উপরাংশ উচ্চ, প্রশস্ত, ও বহিষ্ণমুখ হট্যা থাকে।

মাথার পশ্চাদ্ভাগে সামাজিক ও গার্হস্তা প্রবৃত্তির স্থান; মাথার তলদেশে স্থার্থ-প্রবৃত্তির স্থান; মাথার তেলোদেশে ধশ্মবৃত্তির স্থান এবং কপালে জ্ঞান ও বৃদ্ধিবৃত্তির স্থান। এই সকল বৃত্তির বিভিন্ন মাত্রা ও সংযোগফলে ব্যক্তি-বিশেষের চরিত্রগত পার্থকা উৎপন্ন হয়। যাহার মস্তকের পুরোভাগ অপেক্ষা পশ্চান্তাগ বড়, মোটামুটি বলিতে ইইলে, জ্ঞান অপেক্ষা তাহার ভাবাংশ সমধিক প্রবল। যাহার মস্তকের তেলো-দেশ অপেক্ষা তলদেশ ও পার্শ্বদেশ বড়, তাহার স্বার্থ-প্রবৃত্তি অপেক্ষাক্কত প্রবল ও ধর্মারুত্তি ক্ষীণভাবাপর। কার্য্যে তাহার খুব উদ্যম, উৎসাহ কিন্ত তাহা সৎপথে নিয়োজিত না ইইতেও পারে। ইহার বিপরীতে, যাহার মস্তকের তলদেশ অপেক্ষা তেলোদেশ বড়, তাহার ধর্মাভাব প্রবল কিন্তু কার্যা করিবার উদ্যম উৎসাহ কম অর্থাৎ তাহার চালকবৃত্তি অপেক্ষা নায়কবৃত্তি প্রবল।

যাহার স্বার্থ-প্রবৃত্তি ও ধর্ম-প্রবৃত্তি উভয়ই খুব প্রবল কিন্ত বৃদ্ধিবৃত্তি ততটা প্রবল নহে সে প্রবৃত্তির নিক্লমে সংগ্রাম করে বটে, কিন্তু সংগ্রামে সে অনেক সময়েই পরাভূত হয়; তাহার জীবনে অসঙ্গতি লক্ষিত হয়; কথন মনে হইবে লোকটা বড়ই প্রবৃত্তির বশীভূত, কথন মনে হইবে বেশ ধর্মিষ্ঠ। কিন্তু ঐ সঙ্গে যাহার বৃদ্ধিবৃত্তিও বলবতী, তাহার জীবনে এরূপ অসঙ্গতি লক্ষিত হয় না। যাহার স্বার্থ-প্রবৃত্তি ও বৃদ্ধিবৃত্তি প্রবল অথচ ধর্ম-প্রবৃত্তি ছর্মল, তাহার মানসিক শক্তিসমূহ কার্য্যকরী ও উদ্যমবিশিষ্ট ইইলেও তাহার নৈতিক সরিত্র জ্বত্য —তাহার সমস্ত বৃদ্ধি উদ্যম কুপথে চালিত হয়।

যাহার বুদ্ধির্ত্তি অপেক্ষা প্রতাক্ষর্ত্তি প্রবল তাহার মনোভাগুর বিবিধ বিষয়ের তথ্যে পরিপূর্ণ—তাহার জ্ঞানস্পৃহা অতীব বলবতী—সহজেই সে জ্ঞান অর্জ্ঞন করিতে পারে, খুটনাটি করিয়া দেখিবার শক্তি তাহার বিলক্ষণ থাকে—কাজকর্দ্ধের ব্যবহারিক বুদ্ধি তাহার সমধিক প্রবল, কিন্তু তাহার বুদ্ধির তীক্ষতা, গভীরতা, ও উদ্ভাবনী শক্তির অভাব। কাজকর্দ্ধে বেশ দক্ষ কিন্তু কোন বিশেষ উদ্দেশ্খ সাধনের জ্ঞা কি উপায় অবলম্বন করিতে হইবে তাহা নির্ণন্ন করিতে সে সহজ্ঞে পারে না এবং সে সকল কার্য্যের ভ্রম্বানতা তাহার দারা হইরা উঠিবে না। লোকটা গুণী হইতে পারে,

পণ্ডিত হইতে পারে, কিন্তু কোন বিষয়ের গভীর চিস্তা ভাহার দ্বারা হইয়া উঠে না—কোন বিষয়ের মূল হন্ত্ব সে ভাল বুঝিতে পারে না। যাহার কপা-লের নিমাংশ অপেক। উপরাংশ বড় মর্থাৎ যাহার প্রাত্তকরতি অপেকা বৃদ্ধিবৃত্তি অপেকাক্ষত প্রবল তাহার দর্শনশক্তি অপেকা চিস্তাশক্তি বল-বতী—তথ্য অপেক। তত্ত্বেরদিকে তাহার অধিক টান। কোন বিষয়ের খুটি-নাটি দেখিতে তাহার ভাল লাগে না-সকল বিষয়ের মূলতত্ত্ব জানি-श्रांदे (म मखुष्टे ; भागार्थित खुनाखन जरभका भागार्थ-मगुरहत मधुक्र निर्नरम তাহার অধিক অমুরাগ; প্রাকৃতিক বিজ্ঞান অপেকা যে-সকল বিজ্ঞান বিশ্লেষণ ও প্রমাণসাপেক্ষ তাহারই অনুশীলনে তাহার অধিক প্রীতি। যাহার বৃদ্ধিবৃত্তি প্রতাক্ষবৃত্তি উভয়ই প্রবল এবং দৈহিক প্রকৃতিও সভেন্স তাহার বিশ্ব-প্রসারিণী চৌকোষ বৃদ্ধি এবং তাহার মন তথা ও তত্ত্ব উভরেই স্থসজ্জিত। যাহার মাথার চারিদিক বেশ সমান, তাহার সকল বৃত্তিই সমান পরিপুষ্ট, তাহার চরিত্রগত বিশেষত্ব বড় উপলব্ধি হয় না-তাহার কোন বিষয়ে আধিক্যও নাই, নানতাও নাই; সে বেশ একরকম কাজ কর্ম চালাইতে পারে; যেরূপ চারিদিককার অবস্থা তদমুসারে তাহার চরিত্র গঠিত হয় এবং সে নিঃশব্দে ও শাস্তভাবে জীবন-পথ অতিবাহিত করে; কিন্তু যদি ঐ সঙ্গে তাহার মন্তিক বুহদায়তন ও সক্রিয় হয় এবং অবস্থাও যদি অমুকূল হয়, তাহা হইলে তাহার প্রতিভা সর্বতোমুখী इत-मक्न विवाहरे (म भरूष नाज कतिएज शादा। याशंत मार्थात সব দিক সমান নহে-কোন দিক বেশি, কোন দিক কম তাহার চরি-ত্রের খুব বিশেষত্ব উপলব্ধি হয়। যাহার আত্মসম্ভ্রম প্রবল, বৃদ্ধিবৃত্তি ও ধর্মাবৃত্তি প্রবলতর এবং স্বার্থ-প্রবৃত্তি প্রবল নহে, তাহার চরিত্রে সম্ভ্রাস্থ ভাব, পুরুষোচিত আত্ম-নির্ভর, উদারতা, উন্নত মহৎভাবের প্রকাশ দেখা ষায়—সকল প্রকার নীচতা, ইতরামি তাহার নিকট অতীব হেয়! কিন্ত এইরূপ প্রবল আত্মদন্তমের সহিত বদি বৃদ্ধিকৃত্তি ও ধর্মারুতির লাম্ব হয় এবং স্বার্থ প্রবৃত্তির অধিক্য থাকে তাহা হইলে সে ব্যক্তির চরিত্রে অহংকার, উদ্ধৃতভাব, প্রভৃত্বপ্রিরতা, অনধিকার-চর্চা প্রভৃতি অপ্রীতিকর লক্ষণ সকল প্রকাশ পায়। সাধারণ নিয়ম এই যে, প্রবল বৃত্তিগুলি অপ্রবল বৃত্তির উপর আধিপত্য করে—চরিত্রের নেতার্রাপে অবস্থিতি করে। যথা;— যাহার জিঘাংসা ও প্রতিবিদিৎসা সম্মিক, এবং তাহার সঙ্গে আত্মসন্ত্রমও প্রবল, সে অপ্যানিত হইলে প্রতিশোধ লইবার চেষ্টা করিবে, নিজ্মার্থসাধনে তৎপর হইবে—অন্তের উপর প্রভৃত্ব করিবে ইত্যাদি; কিছু তাহার যদি আত্মসন্ত্রম প্রবল না হয় এবং দয়া ও কর্ত্তব্যপরতা প্রবল হয় তাহা হইলে সে নিজ্বের জ্বত্ত প্রতিশোধ লইতে বিরত হইবে—কিছ্ক পরের স্বার্থরক্ষার্থ, সত্যের জ্বত্ত, গ্রারের জ্বত্ত, সে বন্ধপরিকর হইবে। এইরপ বিবিধ বৃত্তির প্রবলতা ও অপ্রবলতা হইতে চরিত্রের বিশেষ বিশেষ লক্ষণ প্রকাশ পায়।

0--

তুকারামের অভঙ্গ।

পুণা হইতে ৯ কোশ দুরে দেছ নামক একটি ক্ষুদ্র নগরে তুকারামের বসতি ছিল। ইহার পিতা জাতিতে শুদ্র; বেণিয়ার ব্যবসা অবলম্বনে জাবিকা নির্কাহ করিতেন। তুকারামের চিন্ত, অল্ল বয়স হইতেই সংসারে বীত-রাগ হইয়াছিল। তাঁহার স্ত্রী, জিলাবাই, অত্যন্ত উগ্রচণ্ডা ছিলেন এবং তাঁহার কঠোর ব্যবহারে তুকারাম বড়ই কট্ট পাইতেন; ইহা প্রতাহার বৈরাগ্যের অন্তত্তর কারণ।

তুকারাম কথকতা করিতেন। তাঁহার কথকতায় সঙ্গীতাদি চিত্তরঞ্জনের কোন সাধন ছিল না। অভঙ্গ-নামক ছন্দে বিরচিত স্বীয় পদাবলী আবৃত্তি করিয়া লোকের নিকট তাহাই ব্যাখ্যা করিয়া শুনাইতেন। কথিত আছে, কথকতার প্রাথা, বোম্বাই-অঞ্চলে, তুকারামই প্রাথম প্রাবৃত্তিত করেন।

তুকারাম শিবাজীর আমলের লোক। তাঁহার অভঙ্গ, বোম্বাই অঞ্চলে অতীব লোকপ্রিয়। তাহাতে ভগবদ্ভক্তি, সংসার-বৈরাগ্য, আধ্যাত্মিকতা, সতানিষ্ঠা, অকপটতা ও নির্ভীক স্পষ্টবাদিতার বিলক্ষণ পরিচর পাওয়া বায়। তিনি স্থশিক্ষিত লোক ছিলেন না; তিনি কেবল তাঁহার স্বাভাবিক প্রতিভা-বলেই কবিতা-সকল রচনা করিতেন। তাই, তাঁর কবিতাতে তেমন পদ-লালিত্য না থাকিলেও, একটি অক্কত্রিম সরল সৌন্দর্য্য বেশ অক্সভব করা যায়। অরণ্যের অষত্মলালিত তরুরাজ্বর স্থার, তাহার কবিতার, না আছে শৃল্লালা না আছে পারিপাট্য। হয় তো কোন স্থলে ভাল-পালার এত ঘেঁসাঘেঁনি ও জাটলতা যে, তাহার মধ্যে প্রবেশ করা হঃসাধ্য। হয় তো, কোন স্থলে শাথা-পালবের একেবারেই বিরলতা। উদ্যানে, যেমন স্থানবিশেষে বাছা-বাছা স্থরভি-পূস্পতক্ষর কেয়ারি থাকে—কোথার গেলে কোন্ ফুলের আন্থাণ পাওয়া যাইবে ভাহা যেমন পূর্ব্ব হইতেই জ্বানা যায়, তুকারানের কবিতাকানন সেরপ নহে;—সলক্ষিত ও

জনপেক্ষিত ভাবে কোথা হইতে যে কোন্ ফুলের আছাণ পাওয়া যাইবে তাহা কিছুই বলা যায় না। কোথাও বা হয় তো কোন সৌন্দর্যাই উপলব্ধি হটবে না। কোথাও, সামাগ্র-জাতীয় তরুর সন্ধিবেশ;— কোথাও বা হয় তো স্বর্গীয় পারিজাত, স্বীয় কুসুমবিভব বিকাশ করিয়া, ভাহার দিব্য বিমল সৌরভে দিগ্রিদিক আমোদিত করিয়া রহিয়াছে।

কবি অপেক্ষা সাধুপুরুষ বলিয়াই তুকারাম বেশি বিখ্যাত। সাধারণতঃ দেখা যায়, উন্নত মহান ভাব-সমূহ, কোন শুভ মূহুর্ত্তে কবির হাদৃয়ে প্রতিভাত হইয়া তাহাই তাঁহার লেখনী হইতে প্রস্তুত হয়—দেই ক্ষেপিক সময়ের জ্বাই কবির হাদয়, সেই সকল মহান্ভাবে বিস্ফুরিত হইয়া উঠে; তুকারামের আয় একজন ভক্ত কবির রচনা সেরপ নহে। তাঁহার জীবনের সহিত তাঁহার কবিতা প্রথিত। তাঁহার কবিতা জীবনময় এবং তাহার জীবন কবিতাময়। তাঁহার রচনাশুলি শিক্ষিত কবির রচনা-হিসাবে না দেখিয়া, একজন অশিক্ষিত ভক্ত সাধুর অক্কৃত্রিম হ্লদ্বের উদ্ভাস এই ভাবে দেখিলেই তাঁহার স্থবিচার হয় এবং তাঁহার রচনার প্রকৃত মর্ম্ম গ্রহণ করা যায়।

নমুনা-স্বরূপ, আমি তৃকারামের কতিপর অভন্ধ অনুবাদ করিয়া পাঠক বৃন্দের নিকট অর্পণ করিতেছি। মুলের সহিত যতটা ঐক্য রাধা যাইতে পারে, তাহার চেষ্টা করা গিয়াছে। তাঁহার অধিকাংশ কবিতাই অমিত্রাক্ষরে রচিত। তাই, আমিও অমিত্রাক্ষর ছল অবলম্বন করিলাম।

(5)

নাহি মিলে সাধুপনা, হাটে কি বাজারে;
না মিলে খুঁজিলে উহা গিরি-গুহা, বনে;
ধন-রাশি দিরা উহা কেনা নাহি যার;
আকাশে নাহিক উহা অথবা পাতালে,
ভুকা ভণে, আছে গুধু আগন অন্তরে।

(२)

সাজে যথা বছরূপী, পালটিয়া বেশ;
বক যথা ধ্যানে বসে মাছ ধ্রিবারে;
অথবা ধীবর যথা ছিপ্ ফেলি জ্বলে
দেখিতে না দেয় তার বড়শির কাঁটা;
অথবা, কশাই যথা, কাটিবারে গলা,
মিষ্টভাষে পশু পালে' করিয়া যতন;
দেই-মত আমি তুকা সাধু লোক-মাঝে;
ভাগ্যে প্রভু আমা পরে তুমি রুপাবান্।
(৩)

সহিতে পারি না আমি বিরোধের বাণী,
তাহে মোর চিত্ত হয় বড়ই বিকল;
লোক-সঙ্গ তাই মোর সহে নাকো প্রাণে,
একান্তে থাকিতে আমি তাই ভাল বাসি।
দেহের ভাবনা, আর বাসনার সঙ্গ একেবারে নাহি ক্লচে, উপজে বিরক্তি।
তুকা ভণে, আমা-ছাড়ি আছ প্রভু দুরে
তারি লাগি তথ পাই আশা-মোহ-জালে।

(8)

মারেরে ডাকেনা শিশু সাম্বনার তরে,
মাতা ধার শিশু-পাশে আপনারি টানে,
যার ভার সেই দায়ী—আমি ভারি কেন ?
শিশুর ভাবনা-ভার মাতারি উপরে।
আপনি না থেয়ে মাতা, শিশুটির তরে
মিষ্টার রাথেন, আহা, চাহিবার আগে;

থেলা-মগ্ন যবে শিশু—জননী তাহার জোর করি ধরি আনি স্তন দেন তাঁরে, জননীর হিরা দহে সস্তানের হুঃথে, কটাহের তাপে যথা ধই ওঠে ফুটি; তুকা ভণে, বিসরিয়া আপনার দেহ খা লাগিতে নাহি দেন শিশুটির গায়।

স্বর্ণ-থালে ক্ষীর দাও কুকুরে খাইতে,
মুক্তাহার গর্দভেরে—শৃকরে কস্তরী;
বধিরে শুনাও বেদ—মর্ম দে কি জানে ?
তুকা ভণে, সেই জানে—সাধু ্যই জনা,
ভক্তির-মহিমা-মর্ম্ম—সেই জানে একা।
(৬)

নাধুর নগরে রাজে প্রেমের স্থকাল,
নাহিক তথার কোন হবের উদ্বেগ।
তথার থাকিব আমি হইরা ভিথারী,
ভিক্ষা মোরে দিবে তথা যত সাধুজনে।
সাধুর নগরে পূর্ণ অন্নের ভাণ্ডার,
তার মাঝে ভগবান একমাত্র ধন।
সাধুর ভোজন পান কেবলি অয়ত,
ঈশ্বরের নাম সদা করেন কীর্ত্তন।
উপদেশ-হাটে সদা সাধুর ব্যাপার,
কেনা-বেচা চলে সেথা প্রেম-স্থা লাগি।
তুকা ভণে, আর কিছু নাহি মিলে তথা,
তাই আমি হইরাছি সাধুর ভিথারী।

(9)

ব্রহ্মজ্ঞান বরে বরে; কিন্তু যে তাহার
তেজাল্ অনেক; যদি থাকে কারো কাজে
খাঁটি এক রতি, দেরে চুর্বল এজনে।
আশা, ত্যা, দন্ত, আর কাম ক্রোধ লোভ—
মিশিরা হয়েছে উহা কালকুট-ভরা;
কাজ নাহি তাহে মোর—চাহি না সে জ্ঞানে,
ব্যর্থ তাহে হয় মাত্র সমস্ত জীবন।

(b)

লুচি মণ্ডা-কথা বলি' করিহে বড়াই;
মুথে লালা—খালি হাত ঘদিরে এদিকে।
গুইরূপ বাজে কথা অপদার্থ অতি,
লুন বিনা অন্ন যথা আস্থাদবিহীন।
দেহে নাহি শুর-পনা, কথার কেবলি
রাজা মন্ত্রি মারি—ধিক্ অমন কথায়!
তুকা ভণে, মুখে বেই বড়ই বাচাল
মিথাা তার মূলে আছে জানিবে নিশ্চর।

(&)

কুজ হওয়া বড় ভাল, না থাকে কাহারো বেব, বানে গাছ ভেলে যায়, থাগ্ড়া শুধু থাকে। ফু'লে, চেউ চলে যায় মাথার উপর দিয়া; তুকা ভণে, প'লে পায়ে, বলে কিবা করে। (১০)

প্রাণ্ই এক দেব তার—ভোজন্ই ভজন; মরণ মুক্তি তার—পাষ্ঠ বে জন; জনম কাটায় শুধু দেহেরি পোষণে, বেদ কি পুরাণ সব মিথা। বলি মানে; যাহা মনে আসে, তাহা কর্রয়ে বিচার; বলে, ভবে পুন আর আসিতে না হবে; পরলোক, পরজন্ম ভাবে সে অলীক, বিবাদ করিয়া ভরে নিজের উদর। তুকা ভণে, পাপ পুণা নাহি করে ভেদ, যমদণ্ড পিঠে তার রয়েছে উদ্যত।

. . (>>)

কন্তা যার শ্বশ্র-গৃহে ফিরে ফিরে চার,

—তেমতি আমার প্রাণ; বল' প্রভু কবে
দেখা দিবে ? যথা শিশু, হারাইরা মার
তাকার বিহ্বলপ্রার; কিম্বা যথা মীন
হ'লে জ্বলহীন; তথা, তুকার এ দশা।

(52)

কুম্দিনী জানে কি সে নিজ পরিমল ?

ভমর শুধুই তাহা করে উপভোগ;

তব নাম তব কাছে তাই অগোচর,

আমিই করিহে তব প্রেমরসাম্বাদ।

মাতা তৃণভোজী, বৎস পিরে' তার হুধ,

যার যাহা তার তাহা নাহি আসে কাজে।

তুকা ভণে, মুক্তা থাকে শুক্তিকা-উদরে,

কিন্তু তাহা শুক্তিকার আসেনাকো ভোগে!

(20)

কায়মনোবাক্যে তব লয়েছি শরণ,
আর কোন চিস্তা দেব নাহি মোর মনে;
হংখ-ক্লেশ-ভার যাহা বহিতেছি আমি,
ভোমা বিনা আর কেবা করিবে মোচন!
তুমি মম প্রভু, নাথ—আমি তব দাস।
দূর হতে আদিতেছি ভোমারি পশ্চাৎ;
তুকা ভণে, ধরা দিয়া আছি তব পদে,
মিটাও হিদাব প্রভু দিয়া দরশন।

(88)

করহে করুণা, দেব, যাচি সকাতরে,
সংসার-বন্ধন মোর বুচাও এখনি।
শুনিয়া আমার এই কাতর বচন
হবে নাকি, প্রভু তুমি, উতলা অধীর ?
শৃশু হেরি চারি দিক্, শৃশু সব ঠাই,
ও-পদে ভরসা রাখি' দেখি মাত্র পথ,
কোরো না বিলম্ব আর—এম হে সম্বর
ও গো পিতা ! ও গো মাতা! বিঠঠল * আমার।
আমার যা কিছু এনে—তুমিই সকলি;
আর সব শৃশু, আমি জেনেছি বিচারি।
তুকা ভণে, এবে প্রভু, করি' ক্লপাদান
দেহ তব চরণের পূর্ণ দরশন।

ভুকারামের দেবতার নাম বিঠ্ঠল।

বসস্ত-রোগ।

আমরা উপহাসচ্ছলে বলিয়া থাকি, "চোর পালাইলে, বুদ্ধি বাড়ে"
কিন্তু চোর পালাইবার পরেও যদি একটু বুদ্ধির বিকাশ হয়, তাহাতেও
উপকার আছে। সব সময়ে, তাহাও ঘটে না। সম্প্রতি বসন্ত-রোগ
তম্বরের জ্ঞায় কলিকাতা নগরে প্রবেশ করিয়া কত জ্ঞীবন ধন হয়ণ করিয়া
লইয়া গেল; ইহাতে যদি আমাদের কিছুমাত্র চেতনা হইয়া থাকে, তবে
ভবিষ্যতের জ্ঞা আমাদিগের বিশেষরূপে সতর্ক হওয়া উচিত। কিলকাতার পৌরসভায় প্রশোত্তর ও বাদাহ্যাদ করিয়াই ক্ষান্ত না হইয়া
যাহাতে এই ভীষণ মারাত্মক রোগ নিবারণ ও প্রশমনের জ্ঞা স্থায়ী উপায়
সকল অবলম্বিত হয়, এখন হইতেই তাহার চেটা করা কর্ত্তর।

গো-বসন্তের টীকা লইলে, ইচ্ছা-বসন্ত সহসা আক্রমণ করিতে পারে না—যদি বা আক্রমণ করে, উহা মারাত্মক হয় না, ইহাই এখনকার প্রচ-লিত মত। কিন্তু এ কথা কতদুর সত্য, এ বিষয়ে কেহ কেহ সন্দেহ প্রকাশ করেন। আবার, কেহ কেহ মনে করেন, টীকা লইলে অক্ত শরীরের রোগ-বীব্দ নিব্দ দেহ মধ্যে প্রবিষ্ট করিয়া দিবার বিলক্ষণ সম্ভাবন। আছে। এই আশকা করিয়া তাঁহারা টীকা লইতে বিরত হয়েন।

বছপুরাকাল হইতে প্রাচ্য-খণ্ডের লোকেরা জানিত যে, বসস্ত রোগ
একবার হইরা গেলে চিরজীবনের মত ঐ রোগ হইতে অবাহিতি পাওয়া
যায়। একথাও তাহারা জানিত যে টীকার দারা ইচ্ছা-বসস্ত অফ্লের
শরীরে সংক্রামিত করা যায় এবং এইরূপ ক্লেমি উপায়ে সংক্রামিত
হইলে, উহার ভেজ ও তীব্রতার অনেকটা হ্রাস হইয়া থাকে। বছ পুরাকালে, আফ্রিকা, পারস্ত ও চীনদেশে, টীকা দিবার রীতি প্রচলিত ছিল।
১৬৭০ খৃষ্টান্দে ইস্তাম্বল নগরে ইহা প্রথম প্রবর্ত্তিত হয় এবং ১৭১৭
খৃষ্টান্দে লেডি মেরি ওয়ার্টলি মনটেগ ইংলপ্তে ইহা প্রবর্ত্তিত করেন।

টীকা দিবার রীতি প্রবর্ত্তিত হইবার পর হইতে বসস্তরোগন্ধনিত মৃত্যুর হার ধে অনেক পরিমাণে কমিয়া গিয়াছে, তাহার রাশি রাশি প্রমাণ পাওয়া যায়। তথ্য-তালিকার লতা বিস্তার করিলে সাধারণ পাঠকের বিরক্তিকর হইতে পারে, সেই জন্ম তাহা হইতে বাছিয়া বাছিয়া হই চারিটী প্রমাণের উল্লেখ মাত্র করা বাইতেছে।

ভাক্তার গয় বলেন, গতশতান্ধীতে ইংলণ্ডে, প্রতি পাঁচ জনের মধ্যে একজন করিয়া বসস্ত-রোগে মরিত। তাহার পর, ইচ্ছা-বসস্ত-বীজ-টীকা প্রবর্ত্তিত ইইলে পর, প্রতি পঞ্চাশের মধ্যে একজন—পরে আরও ভাল বন্দোবস্ত হইলে—পাঁচশত লোকের মধ্যে একজন করিয়া মরিত। যদিও এইরূপ ইচ্ছা-বসস্ত-টীকার দারা মৃত্যুর সংখ্যা থুব কমিয়া গিয়াছিল, কিন্তু ইহার দারা বসস্ত-রোগ চারিদিকে ছড়াইয়া পড়িত। তাহার পর গো-বসস্ত টীকা পদ্ধতি আবিজ্ঞার ইইল।

ক্ষেনর সাহেব গোজাতির মধ্যে বদস্কের স্থায় এক প্রকার রোগ দেখিতে পাইয়া তাহার নাম গো-বসস্ক রাখিলেন।

মানব-দেহ হইতে গরুর শরীরে সংক্রামিত হইয়া, ইচ্ছাবসস্তই রূপা-স্তর প্রাপ্ত হইয়াছে, ইহাই তাঁহার বিশ্বাস ছিল। ইহার যদিও বথেষ্ট প্রমাণ পাওয়া যায় নাই, তথাপি একটা আশ্চর্যা এই দেখা যায়, যে অবধি ইচ্ছাবসস্ত মায়ুষ্টের মধ্যে কমিয়া গেল সেই অবধি গো-বসস্তেরও য়াস ইইল। আর একটী কথা, গো-বসস্ত গাভীদিগের বাঁটের উপরেই বাঁইর ইইয়া থাকে, তাহাতেই কেহ কেহ অমুমান করেন দোহন করিবার সময় মানব-দেহ হইতে বসস্ত-রোগ উহাদের দেহে সংক্রামিত হইয়া থাকে। মায়ুষ্টের বসস্ত-রোগ গরুতেই সংক্রামিত ইউক, কিছা গোজাতির স্বত্তর কোনও রোগই হউক, ইহা নিশ্চয় যে, ইচ্ছাবসস্তের সহিত উহার কভকটা সাদৃশ্য আছে; অথচ ইচ্ছা-বসস্তের যে সংক্রমণীশক্তি আছে, ভাহা উহাতে নাই। এই গো-বসস্তকে যদি ক্ষীণবীয়্য ইচ্ছা-বসস্ত বলা যায় তাহা হইলে, আঞ্চকাল যে একটী মত উঠিয়াছে যে, কোন রোগের ক্ষীণবার্য্য বীজ শরীরে প্রবিষ্ট করাইলে, আসল রোগ হইতে অব্যাহতি পাওয়া যায়, গো-বসস্ক-টীকাপদ্ধতির দ্বারা তাহাই সপ্রমাণ হয়। অথবা, ইহাকে যদি ইচ্ছাবসস্কের সদৃশ কোন রোগ বলিয়া ধরা হয়, তাহা হই-লেও, সদৃশ চিকিৎসার "বিষে বিষক্ষয়" এই মূলতত্ত্বটী অনুসারে ইহার ব্যাখ্যা করা যাইতে পারে। মূল-সিদ্ধান্ত যাহাই হউক, কার্য্যতঃ গো-বসস্কটীকার অনেক পরীক্ষা হইয়া উহার রক্ষণী-শক্তি যে অকাট্যক্ষপে সপ্রমাণ হইয়াছে, তাহাতে সন্দেহ নাই।

পুরাতন আয়ুর্বেদ শান্তে, বসস্ত-রোগের নাম মস্থারকা। বসস্ত-কালে এই রোগ দেখা দেয় বলিয়া, সাধারণ লোকে ইহাকে বসস্ত-রোগ বলিয়া থাকে। মারাঠাদিগের মধ্যেও ইহার কোন বিশেষ নাম নাই—ইচ্ছা-বসস্তকে উহারা "দেবী" বলিয়া থাকে। আমরাও বসস্তের অধিষ্ঠাত্রীকে "শীতলা দেবী" বলিয়া থাকি। এবং দেবীর ইচ্ছামুসারে দেহ-বিশেষে তাঁহার আবির্ভাব হয় বলিয়া, বোধ হয়, ইহার নাম ইচ্ছা-বসস্ত হইয়াছে। কিন্তু ব্রিগেড্ সারজন প্রিংগেল সাহেব ১৮৯১ খৃষ্টাব্বে ব্যাপক-রোগান্মসন্ধায়িনী সভার সমক্ষে বে প্রবন্ধ পাঠ করেন, তাহার একস্থলে, কোন পুরাতন হিন্দু গ্রন্থ হইতে এই অংশটা উদ্ধৃত করিয়াছেনঃ—

গক্ষর বাঁট হইতে যে ইচ্ছাবদস্ত উৎপন্ন হয়, উহা মূল রোগের প্রক্ষণ তিরই অফুরূপ মৃত্ ধরণের · · · · · • হই তিন দিন সামান্ত অব হয় মাত্র—যাহার এই বসস্ত একবার হয়, জীবনে আর কথন তাহার ইচ্ছাবসস্ত হইবার ভয় থাকে না।

ষ্ট্যান্লি সাহেবের উদ্ধার সাধনার্থ যে এক দল লোক আফ্রিকার যাত্রা করে, তাহার মধ্যে ডাক্তার পার্ক ছিলেন। তিনি রয়্যাল-ক্মিশনের সমক্ষে সাক্ষা দিবার সময় এইরূপ বলেন যে, ব্যাপক বসস্ত রোগের সময়

যে ২৫০ বাজি রোগাধিকত স্থলে উপস্থিত ছিল, তাহাদের মধ্যে প্রার সকলেরই পুর্বে টীকা হইয়াছিল, কাহারও কাহারও আসল বসস্ত হইরা গিয়াছিল। উপস্থিত ক্ষেত্রে, এই সকল বাজির মধ্যে কেবল মাত্র চারি-জনের মুত্রধরণের বসস্ত রোগ হয়। তিন জন আরোগ্যলাভ করে ও চতুর্থ ব্যক্তি আত্মহত্যা করে। পক্ষাস্তরে, টিপু টিব যে ৩-০ বাহক পাঠা-ইয়া দিয়াছিল তাহাদের মধ্যে প্রায় কেহই পূর্বে টীকা লয় নাই; তাহারা সকলেই বসস্ত রোগে আক্রান্ত হয় এবং তাহাদের মৃতদেহে সমস্ত গ্রাম পূর্ব, হইয়া যায়। মারীভয়ের প্রশমন হইলে, ডাক্তার সাহেব যে সকল বাক্তির টীকা দিয়াছিলেন, তাহাদিগের মধা হটতে কতিপয় বাজি আদিয়া তাঁহাকে বলিল, তিনি যে ঔষধ দিয়াছিলেন তাহা অতি উৎক্ষ্ট। ব্রিগেড সার্জন প্রিক্ল যিনি ২০ বৎসরের অভিজ্ঞতা ভারতবর্ষে সঞ্চয় করিয়া-ছিলেন, তিনি বলেন, দেশীয় রাজাদের রাজ্যের মধ্যে, ওঁতার তত্ত্বাব-ধানে বখন টীকাদিবার রীতি প্রথম প্রবর্ত্তিত হয়, তখন সেখানকার লোকেরা পুং-শিশু অপেক্ষা স্ত্রী-শিশুর টীকা অধিক দিতে আরম্ভ করে; কিন্তু যখন পরীক্ষায় দেখিল টীকা-দেওয়া ন্ত্রী-শিশু অপেক্ষা ষ্ট্রীকা-না-দেওরা পুং-শিশুদের বসন্তে অধিক মৃত্যু হইতেছে তথন তাহারা বিপরীত পদ্ধতি অবলম্বন করিল-স্ত্রী-শিশু অপেক্ষা, পুং-শিশুদিগের অধিক টীকা দিতে लाशिम ।

একবার ইচ্ছা-বসস্ত হইয়া গেলে, কিছা ইচ্ছা-বসস্তের টীকা লইলে বৈদ্ধপ স্থায়ী ফল হয়, অর্থাৎ জীবনে আর কথন ইচ্ছা-বসস্ত হইবার আশহা থাকে না, গো-বসস্ত টীকার হারা সেরপ স্থায়ী ফল লাভ হয় না। মধ্যে মধ্যে আবার টীকা লওয়া আবশুক হয়। এই জন্ম পূর্বে যথন গো-বসস্ত টীকা প্রবিভিত হয় নাই, তথন প্রায় অধিকাংশ শিশুরই কোন-না-কোন সময়ে ইচ্ছা-বসস্ত হইত এবং অনেক শিশু মারা পড়িত। ভাহাদের মধ্যে যাহারা বাঁচিয়া যাইত, তাহারা চিরজীবনের মত বসস্ত- রোগ হইতে অব্যাহতি পাইত। কিন্তু গো-বসন্ত টীকা প্রচলিত হইবার পর হইতে, শিশুদিগের মৃত্যুর হার কমিয়া বয়স্কদিগের মৃত্যুর হার অপেক্ষাক্কত বাড়িয়াছে। তাহার কারণ, গো-বসন্ত টীকা একবার লইলেই বথেষ্ট হয় না, বত সময় বায়, ততই উহার ফলদায়িতা কমিয়া যায়।

১৮৮৪ খুষ্টাব্দে, জ্বর্মণদেশের গো-বসস্ত টীকার রাজ-নিয়োজিত অন্ধ্যুদ্ধায়ক-মণ্ডলী, জ্ব্মণ রাজ্ঞসরকারের নিকট যে বিবরণী প্রেরণ করেন তাহাতে তাঁহারা যে সকল সিদ্ধান্ত লিপিবদ্ধ করেন, তাহার সার মন্ম নিম্নে দেওয়া যাইতেছে।

- (১) ইচ্ছা-বসস্ত একবার হইয়া গেলে, জীবনে আর কখন হয় না
- (ব) গো বস্ত টীকা হইলেও এই একট ফল হয়, তবে ততটা স্থায়ী হয় না—গড়ে দশ বৎসর অন্তর পুনর্কার লইতে হয়। টীকা-ম্বলে অন্ততঃ ফুইটী পূর্ণাবয়ব ফুশকুড়ি বাহির হওয়া আবশ্যক, প্রথম টীকার দশ বৎসর পরে পুনর্কার আর একবার টীকা লওয়া নিতান্তই আবশ্যক।
- (৩) আশ-পাঁশের লোকদিগের মধ্যে যে পরিমাণে টীকার ব্যবহার অধিক হয়, সেই পরিমাণে প্রত্যেক ব্যক্তির পক্ষে টীকার রক্ষণী-শক্তি বৃদ্ধি হইয়া থাকে।
- (৪) গো-বসস্থ টীকা হইতে যে পরিমাণে অনিষ্ট হইবার সস্থাবনা, তাহা অপেক্ষা অধিক ইষ্ট হইরা থাকে। টীকার দ্বারা কখন কখন উপদংশ-রোগ যে সংক্রামিত হইতে পারে না এরপ নহে—কিন্তু তাহার সম্ভাবনা অতি অল্প। অত্য কারণে খোঁচা-খুঁচি লাগিয়া যেরপ ছুষ্ট ক্ষত হইতে পারে, টীকা লইবার সময়েও কখন কখন তাহা হইতে পারে। পূর্ব্ব হইতে সাবধান হইয়া উপযুক্ত উপায় অবলম্বন করিলে, তাহার আর কোন সম্ভাবনা থাকে না।
- (৫) গো-বসস্থ টীকার দ্বারা কোন বিশেষ রোগের যে বৃদ্ধি হইয়াছে এক্লপ দেখা বায় না। তথাপি, অমুসন্ধায়ক-মগুলী এইরূপ অভিগ্রায়

স্পষ্টাক্ষরে ব্যক্ত করিয়াছেন যে, নরদেহ হইতে টীকার বীক্ষ-রস গ্রহণ না করিয়া তৎপরিবর্ধে গোবৎসের দেহ হইতেই গ্রহণ করা ভাল।

তাঁগাদিগের বিবরণীতে আর একটা শুরুতর তথ্য প্রকাশ হইয়াছে—
তাহা এই;—আইনের সাহায্যে বলপূর্বক পুনঃ-টাকা লোকের মধ্যে
প্রবর্তিত করার, বর্লিন্ প্রভৃতি নগরে, বসস্ক জনিত মৃত্যুর সংখ্যা অনেক
পরিমাণে কমিয়া গিয়াছে। তাহারা এ সম্বন্ধে যে তথ্য-তালিকা দিয়াছেন
তাহার প্রমাণ অকাট্য। অত্তর্রেব, দেখা যাইতেছে, গো-বসস্ক-টাকা
একবার লইয়াই নিশ্চিস্ত থাকা যায় না—মধ্যে মধ্যে তাহার পুনঃপ্রয়োগ
করিতে হয়। হাইগেটের ইচ্ছা-বসস্ত-হাঁসপাতালে, প্রায় ৫০ বৎসর
ধরিয়া এই নিয়ম চলিয়া আদিতেছে, যে সকল পরিচারিকা বসস্ত-রোগীর
সেবাগেশ্রামার নিযুক্ত হয়, হাঁসপাতালে প্রবেশ করিবার পুর্বেই তাহাদিগের পুনর্বার টাকা দেওয়া হইয়া থাকে। এই ক্ষম্ম এই হাঁসপাতালের কোন পরিচারকদিগের মধ্যে এ পর্যান্ত কথন বসন্ত হয় নাই।

কাহার কাহার ও এর প বিশ্বাস আছে, কোন বিশেষ বয়স পার হইলে, বসস্থ হটবার আর বড় সম্ভাবনা থাকে না, কিম্বা কোন বিশেষ দৈহিক প্রকৃতি বসস্ত-রোগের প্রভাব-বহিভূত। কিন্তু এ সকল বিশ্বাস নিতাস্ত ভ্রমাত্মক। আমাদের দেশে অনেক সময়ে আনাড়ি ব্যক্তি টকা দের বলিয়া টীকার স্ফল হয় না—বরং কখন কখন অনিষ্ট হইয়া থাকে। এই বিষয়ে আমাদিগের বিশেষ সাবধান হওয়া উচিত। পশু-দেহ গৃহীত বীক্তরসের ম্বারা টীকা দিলে এবং স্থদক্ষ ও অভিক্ত লোকের ম্বারা টীকা দিবার কাক্ত সম্পাদিত হইলে, অনিষ্টের খুব কমই সম্ভাবনা থাকে।

বসস্ত-রোগ যাহাতে ব্যাপক হইয়া না উঠে, তজ্জ্ঞ বিলাত-অঞ্চলে তিনটি উপায় অবলম্বিত হয়। (১) বিজ্ঞাপন। (২) পৃথক-করণ। (৩) বায়ুশোধন ও রোগবীজ্ফনাশন। (১) কোন গৃহত্তের গৃহে বসস্ত-রোগ

উপস্থিত হইলেই, গৃহস্বামী (কিম্বা কোন কোন স্থানে গৃহস্বামী এবং রোগীর চিকিৎসক) উভয়কেই ঘটনার কথা কর্ত্তপক্ষীয়দিগকে জানাইতে হয়। আইন-অনুসারে তাঁহারা জানাইতে বাধ্য। (২) পৃথককরণ। অর্থাৎ লোকালয় হইতে দুরে অবস্থিত, বসস্তুরোগীদিগের।জন্ম নির্দিষ্ট বিশেষ কোন হাঁসপাতালে রোগীদিগকে স্থাপন করা। সেখানে লইয়া योहेवात जञ्च. वाहक ও वाहरानत विरामय आख्राज्यन ताथा हन । रकान কোন সংক্রামক রোগে সাধারণ হাঁসপাতালের মধ্যেই বিশেষ কোন বন্দোবস্ত করিলেই চলিতে পারে। কিন্তু বসন্ত-রোগের সম্বন্ধে সেরুপ বাবস্থা হইতে পারে না। বসস্ত-রোগের সংক্রমণ-শক্তি, অধিককালস্থায়ী ও স্থাপী। বোগীদিগকে বহন করিয়া লইয়া যাইবার স্থবন্দোবন্ত थांकिएल. (तांशीमिरशंत विश्लंग रकान कहें इहेवांत कथा नरह । महरत्त অনতিদুরে নদীস্থগম কোন নিরালয় স্থানে, হাঁদপাতাল স্থাপন করিলে, নৌকাষোগে লইয়া যাইবার বেশ স্থাৰিধা হইতে পারে। রোগীরও কোন কষ্ট হয় না। (৩) সংক্রমণ-নিবারক উপচারের ছারা বায়ু শোধন করা, জলাদির দ্বারা স্থান পরিষ্কার করা, বস্তাদির অগ্নি-সংস্কার করা ইত্যাদি উপায় সকল অবলম্বন করিতে হয়। বায়ু শোধনের পক্ষে ক্লোরিণ সর্কোৎক্বন্ত । वांबु-(भाधत्नत नमत्र এकि विषया नक्ता तांथा উচিত, ষাহাতে রোগ-বীঞ্ধ ধ্বংদ হয় এইরূপ পদার্থ বাবাহার করা উচিত—কেবল ছর্গন্ধ নাশ হইলেই বথেষ্ট হয় না। যে ঘরে গন্ধকাদির খুম-প্রায়েগ করা হর সে ঘরটী অষ্টে-পুর্চে বন্ধ করা আবশ্রক, কোন রন্ধের ছারা ধুম বহিৰ্গত হইয়া না যায় ধোঁৱা দিয়া অন্ততঃ এক ঘণ্টা কাল এই রূপ বন্ধ করিয়া রাখা আবিশ্রক। এই সমস্ত কার্যা, স্থাস্থ্য-বিভাগের সরকারী কশ্বচারীদিগের তন্তাবধানে নির্বাহ হইলেই ভাল হয়।

ফরাসী ও ইংরাজ।

ফিলিপ গিলবর্ট জামার্টন সাহেব, "ফরাসী ও ইংরাজ" এই নামে একটি উৎক্ট প্রস্তু রচনা করিয়াছেন। জ্ঞান ধর্মা, আচার বাবহার, রীতিনীতি, বল বিক্রম প্রভৃতি সকল বিষয়ে এই ছুই জাতির মধ্যে কি ভেদাভেদ তাহা নিরপেক্ষ ভাবে তুলনা করিয়া দেখাইয়াছেন। জাতির আচারব্যবহার প্রভৃতি নিরপেক্ষভাবে ও স্থায্যভাবে কিরূপে সমালোচনা করিতে হয়, এই গ্রন্থখানি তাহার আদর্শ-স্থল। করাসী ও ইংরাজ পরস্পারের চির-শত্রু। উহাদের মধ্যে কুকুর বিড়ালের সম্বন্ধ। কেহ কাহার ও খুঁৎ পাইলে ছাড়িয়া কথা কন না-এমন কি, অস্তায় ক্রিয়া পরস্পরের বিরুদ্ধে মিথাা রটনা করিতেও কুঞ্চিত হয়েন না। এক্সপ স্থলে, উলার্য্য ও অপক্ষপাতিতা বিশেষরূপে প্রশংসনীয়। গ্রন্থ পড়িয়া মনে হয়, গ্রন্থকার ইংরাজ হইয়াও ফরাসীদিগের হাট-হদ সমস্তই জানেন। শুধু পারী নগর নহে—ফ্রান্সের মফস্বল বিভাগেও ইনি ভ্রমণ করিয়াছেন ও ফমস্বলবাদী ফরাদীদিগের দহিত খুব ঘনিষ্ঠভাবে মেশামিশি করিয়া-ছেন। এই গ্রন্থখানি পড়িলে, ফরাসা ও ইংরাজ এই উভয় জাতিরই প্রকৃত চরিত্র অনেক পরিমাণে অবগত হওয়া যায়।

ভূমিকার গ্রন্থকার বলেন; "আমার মনে ইয়, ভিন্ন দেশ সম্বন্ধে মন্দ কথা বলার প্রকৃত অদেশানুরাগ প্রকাশ পায় না। পরস্ক, অদেশের শুভুসাধন চেষ্টাতেই প্রকৃত অদেশানুরাগের পরিচয় পাওয়া যায়। আদেশের কাজ নানা প্রকারে করা যাইতে পারে। লেখকের মুখ্য কাজ — সত্য কথা বলা; — স্বদেশীয় লোকেরা প্রতারিত ইইতে চাহিলেও উহাদিগকে প্রতারিত না করা। সত্য ইইতে বিচ্যুত ইইলে, দেশের

^{*} French and English-A comparison.

⁻By Philip Gildert Hamerton.

লোকের মনে ভ্রাস্ত সংস্কার উৎপাদন করিয়া স্বদেশের প্রতি বিশ্বাসঘাত-কতা করা হয়।"

ভিন্ন জাতিদিগের মধ্যে বন্ধুজ-হাপন সম্বন্ধে গ্রন্থকারের এইরূপ
মতঃ—"ভিন্ন জাতিদিগের মধ্যে বন্ধুতা স্থাপন বিষয়ে আমার বড় বিশ্বাস
নাই। ইংলগু ও ফ্রান্সের মধ্যে কখনই দৃঢ় বন্ধুতা স্থাপিত হইবে না।
যদি কখন ক্ষণিক অনুরাগ পরস্পরের মধ্যে উৎপন্ন হয়, তাহাতে বরং
আমার এই ভয় হয়, পাছে পরে আবার একটা অপরিহার্য্য প্রতিক্রিয়া
আসিয়৷ উপস্থিত হয়। আমি এইমাত্র আশা করি ও বাস্তবিক বাস্থনীয়
বলিয়া মনে করি যে, যাহাতে পরস্পার পরস্পরকে বুঝাইবার চেটা করে ও
পরস্পরের বিষয় ভাষ্যভাবে বিচার করে। ইহাই কেবল সম্ভব ও সাধ্য।

কিন্তু স্থবিচার ও স্থায়পরতার আশ্রয় লইলে সাহিত্যে বড় চটক্
লাগানো যায় না, আমি একথা বিলক্ষণ অবগত আছি । আমি জানি,
স্থবিচার করিবার চেষ্টা না করিলে আমি ইহা অপেক্ষা চটক্দার প্রস্থ
লিখিতে পারিতাম । স্থায়্য লেখায় আমোদ হয় না, কিন্তু কুৎসা ও
পরনিন্দা করিলে লোকের খুব ভাল লাগে । সাহিত্য পেষাদারেরা
একথা বিলক্ষণ জানেন, দ্বণা ও রাগের ভাণ করিলে লেখায় চটক্
লাগানো যায়—কিন্তু স্থায়ের অমুসরণ করিতে গেলে সে কাজে ব্যাদাত
জানা । একটা দোরালো পদবিস্থাস করিয়া এক কণমের দায়ে সমস্ত
ভাতিকে উড়াইয়া দিতে কেমন মজা ! নীতি-গর্মিত লেখক যখন তিন
কোটি মানবের কুচরিত্র লইয়া আক্ষেপ প্রকাশ করেন, তখন ভাঁহাকে
একটা ক্লত্রম গাস্তীর্য ধারণ করিতে হয় । তিন কোটি লোক অপেক্ষা
আমি ভাল—আমি উন্নত এই গর্মজাব লেখক হইতে পাঠকের মনেও
সংক্রোমিত হয় । স্থায়পরতা এই সময়ে আসিয়া বলে—'কিন্তু ইহারও
ব্যতিক্রমন্থল আছে, সে গুলিকে বাদ দেওয়া ভাল হয় না।' ইহার
প্রত্যুদ্ধরে চটক্দার সাহিত্য বলেন,—'তাহা হইতে পারে, কিন্তু এই

সকল কথার জন্ম থামিতে গেলে, লেখার ফলাও-ভাব কমিয়া যায়— লেখায় তেমন জোর পৌছে না। বাজে সত্যের খাতিরে স্থলেখাকে জলাঞ্চলি দেওয়া বাইতে পারে না।"

গ্রন্থকার বলেন, প্রতীয়মান বৈদাদুখ্যের মধ্যে কতটা প্রকৃত দৌদাদুখ্য আছে তাহাই প্রদর্শন করা প্রই গ্রন্থের অন্ততম উদ্দেশ্র। ভিন্ন জাতীয় লোকেরা কেবল যে নামের দ্বারা আপনাদিগকে প্রতারিত করে এরপ নহে, প্রতারিত হইতেই তাহাদিগের আম্বরিক ইচ্ছা-তাহারা প্রতারিত ইইকেই চাহে। তাহার দুপ্তান্ত, রাজ্যশাসন সম্বন্ধে 'রাজতন্ত্র' ও 'সাধারণ তক্ত্র' এই হুই পদের ভ্রান্তিজনক ব্যবহার। পার্থকা দেখাইবার হিসাবে যথন বলা হয়, ইংল্ভ রাজভন্ত-শাসিত দেশ, তথন অব্যা একথা কেই অস্বীকার করিতে পারে না ; কারণ, নামত, কথাটা ঠিক কিন্তু আসলে ঠিক নহে। আসল কথা, মূলে উভয়েরই শাসনতম্ব এক ধরণের। উভয়েরই শাসনতত্ত্বে আমরা দেখিতে পাই ব্যবস্থাপক সভাই সর্ব্ব প্রধান ; একটি মন্ত্রী-সভা সেই ব্যবস্থাপক সভার নিকট দায়ী এবং সেই ব্যবস্থাপক সভার স্থায়িত্ব-অনিশ্চিত অধিক সংখ্যক লোকের মতের উপর নির্ভর করে। উভয় দেশেরই ব্যবস্থাপক সভা প্রজা-সাধারণের দ্বারা নির্বাচিত হয়; প্রভেদ এই মাত্র, ফরাসী-দেশে প্রতিনিধি নির্বাচনের অধিকার সম্পূর্ণরূপে সার্বজনিক—পক্ষাস্তরে ইংলণ্ডে ইহা প্রায় সার্ব-ঞ্জনিক। সকল শাসন-প্রণালীই রাজ্যশাসনের সাময়িক ও ক্ষণিক উপায় মাত্র। কোন জাতির বর্ত্তমান অবস্থা যেরূপ, তাহারই সম্পূর্ণ উপবোগী যে শাসনপ্রণালী, তাহাই সেই জাতির পক্ষে সর্বোৎকৃষ্ট কোন দেশ যেমনটি আছে তেমনি থাকে—বাহিরের লোক আগিরা ভাহাতে হস্তার্পণ না করে, তবে প্রক্রতির নিয়মামুদারে, তাহার উপযোগী শাসনপ্রণালী আপনা-আপনি গঠিত হইয়া উঠে। যেমন অবস্থার পরি-বর্ত্তন হয়, সেই সঙ্গে শাসনপ্রণালীর ও পরিবর্ত্তন আবশ্রুক ইইয়া পড়ে;

এ পরিবর্ত্তন অনিবার্য্য। গ্রন্থকার বলেন, "আমার বিশ্বাস, অধুনা, ইংলপ্ত ও ফরাসীদেশে পার্লেমেণ্টার শাসনতন্ত্রই একমাত্র প্রণালী বাহা সম্ভাবা ও সুসাধ্য। এ বিষয়ে আমার কোন মোহান্ধতা নাই কিয়া অপরিমিত উৎসাহও নাই। এই পার্লেমেন্টায় প্রণালী এত অসম্পূর্ণ যে, ইংলওে ইহা অতি চিমা চালে ও অপরিপাটী ভাবে চলিতেছে—ফ্রান্সে তো এক এক সময় একেবারে অচল হইয়া পড়ে। যদি পার্লেমে**ন্ট** সভার হুই দল থাকে, ছিদ্রাম্বেষণে যাহার বাগ্মিতা বেশি সেই দল্ই প্রাধান্ত লাভ করে; কিন্তু যদি তিন দল থাকে তবে মন্ত্রীসভার অভিছ রক্ষা করা কঠিন হইয়া উঠে। বর্ত্তমান কালে ইংলওের পার্লেমেণ্ট লোকের তেমন ভক্তি আকর্ষণ করিতে পারে না এবং ফরাসী পার্লেমেণ্ট দেখিলে আদৌ ভক্তির উদ্রেক হয় না। তথাপি আমরা পার্লেমেণ্টের পক্ষপাতী। পার্লেমেণ্ট সভায় লম্বালম্বাবক্ত তা হয় এই জ্বল্ড নহে— আমরা এই জন্ম পক্ষপাতী যে, এই প্রণালীর দারা সভার বাহিরে সার্ক-জনিক স্বাধীনতা সংরক্ষিত হয় : এই বিষয়ে ইংল্ড ও ফ্রান্স দেখেত মণ্যে প্রভেদ এই, ফ্রান্সে পার্লেমেণ্ট সভার সভা হইতে হইলে, সাধারণ-ভন্তী না হইলে চলে না-কেন না সেথানকার আপামর-সাধারণ-নির্বাচন প্রণালার সহিত রাজতন্ত্র আদবে মিশ খায় না। পক্ষাস্তরে, ইংল্ভে রাণী ভিক্টোরিয়ার গুণে, তাঁহার প্রজারা পার্লেমেণ্ট-ওয়ালা হইয়াও রাজভক্ত হইতে পারে।"

মানসিক জাতীয়তা রক্ষা সম্বন্ধে গ্রন্থকার এইরূপ বলেন :—"অস্তরে বিশুদ্ধ জাতীয়তা রক্ষা করিতে হইলে, ছাঁকা অজ্ঞতার আশ্রয় লইতে হয়। একজন ইংরাজ চাবা, ছাঁকা ইংরাজ হইতে পারে; কিন্তু কোন ইংরাজ ভদ্রসন্তান, যে ল্যাটিন ও গ্রীক শিক্ষা করে সে আংশিকভাবে গ্রীক জাজ্ঞিতে পরিণত হয়; আরও, যদি সে ভাল করিয়া ফরাসী বলিতে পারে, তবে সে কতকটা ফরাসী জাতিতেও পরিণত হয়। যদি বিশুদ্ধ

ইংরাজী ভাব রক্ষা করিতে চাও, তবে শিক্ষার বিষয় হইতে ইংরাজি ছাড়া আর সব শিক্ষা বাদ দেও। এমন কি, তাহা হইলে প্রাক্ততিক বিজ্ঞান ও সৌখিন শিল্পকেও তাহা হইতে বাদ দিতে হয়। কেন না, উহার অধিকাংশ বৈদেশিকদিগের দারা গঠিত-এ সকল বিদ্যার অমুশীলন করিতে হইলে ক্রমাগত বৈদেশিক গ্রন্থ সকল পাঠ করিতে হয়। কিন্তু এই সকল বন্ধ কোন জাতি বিশেষের নিজস্ব সম্পতি হইতে পারে না-উহাতে সমস্ত সভা জগতের অধিকার আছে। যেমন, আইভানহোতে. রেপেকা বলিয়াছিল, ইংলও সমস্ত জগৎ নহে। ইংরাজ বৈজ্ঞানিকেরা ক্রমাগত তাঁহাদের প্রায়ে বৈদেশিক প্রামাণিক প্রস্তকার দরের লেখা হইতে উদ্ধৃত করেন; ইংরাজ চিত্রকর ও সঙ্গীতবেতারা আশৈশব যুরোপ মহাদেশের প্রতিভার দ্বারা লালিত পালিত। কিন্তু যদিও একজন শিক্ষিত বাজির পক্ষে মান্সিক জাতীয়তার বিশ্বজ্ঞতা রক্ষা অসম্ভব,--বিদেশী ভাব সকল সাধারণ লোকের সহজাধিগনা হওয়া প্রযুক্ত কেবল ইংরাজি ভাবের মধ্যে এক্ষণে বাস করা স্থকঠিন; তথাপি এ কথা বলা যাইতে পারে, অশিক্ষিত অপেক্ষা শিক্ষিত ইংরাজের মনে বিশুদ্ধ ইংরাজি ভাব এখনও বেশিমাতায় বর্ত্তমান। বিদেশী ভাষা জানা আছে বলিয়া যাহাকে 'অন্ধ-বিদেশী' বলা হয়, আসলে হয় তো সে তাহার সমালোচক অপেক্ষা বেশি ইংরাজ্ব। একজন ধনী লোকের বিদেশী সম্পত্তি থাকি-লেও, দেশের সম্পত্তিও তাঁহার দরিন্দ্র প্রতিবেশী অপেক্ষা বেশি থাকিতে পারে। স্বদেশবাৎসলা সম্বন্ধেও এ কথা খাটে; এমন অনেক ইংরাজ যাহারা ইটালী দেশকে খুব ভালবাদে—অথচ ইংলগুকে ও এতটা ভালবাদে—যে, তাহাদের ভাব দেখিয়া মনে হয় বুঝি তাহারা ইংলণ্ডের বাহিরে এক পদও অগ্রসর হয় নাই।"

গ্রন্থকার ফরাসী ও ইংরাজের ব্যায়াম-শিক্ষা সম্বন্ধে তুলনা করিয়া বলেন ;—ইংল্ডে সাধারণের মধ্যে জিমন্তাষ্টিক ব্যায়ামের ততটা আদর নাই—পক্ষাস্তরে, ফ্রান্সে জিমনাষ্টিকের চর্চ্চা বিলক্ষণ আছে। ইংরাজেরা রীতিমত ব্যায়াম শিক্ষার নারাজ্ব—মাঠ ময়দানে ছুটাছুটি করিয়া ক্রিকেট প্রভৃতি থেলা—নৌকায় চড়িয়া দাঁড়াটানা—এই সকল ব্যায়ামে ইংরাজেরা বেশি অমুরক্ত। পক্ষাস্তরে, ফ্রান্সে ক্রিকেট প্রভৃতি থেলার চলন নাই—এমন কি, লন্-টেনিস্ থেলা, গোড়ায় ফারাসীদেশের থেলা হইলেও, বেশি ব্যয়সাপেক্ষ বলিয়া ফরাসী দেশে প্রায় উঠিয়া গিয়াছে। ফরাসীরা পুর্বের নৌকায় দাঁড়টানা হীন কাল্প বলিয়া মনে করিত! এখন নৌকার বাচ-থেলা, কতকটা আরক্ত হইয়াছে। ফরাসীদিগের মধ্যে দ্বন্ধ্ব্র এখনও প্রচলিত থাকায় অনেকেইত তলোয়ার থেলা শিক্ষা করে। এই তলোয়ার খেলায় অলপ্রত্যক্ষের চটুলতা বর্দ্ধিত হয়। এখন ফ্রান্সেলিক ও সমরোপ্রোমী অঙ্গ-চালনার শিক্ষা সাধারণের মধ্যে প্রচলিত। এখনকার সামরিক নিয়মামুসারে, প্রত্যেক পূর্ণবয়্বয়্ব ফরাসীকে সৈনাদলভুক্ত হইতে হয়। ইহাতে একটা এই উপকার হইয়াছে, সকলকেই বাধ্য হইয়া ব্যায়ামশিক্ষা করিতে হয়।

গ্রন্থকার বলেন, ১৮৩০ খৃঃ হইতে ১৮৭০ খৃঃ পর্যস্ত ফরাসীরা শরীরের প্রতি দৃক্পাত না কবিয়া কেবল মন্তিছের চালনা করিত। এমন
কি, একটু মনোযোগ করিয়া দেখিলে এখনও দেখিতে পাইবে, কোন
কোন বয়য় ফরাসী চট্পট্ নৌকায় উঠিতে পারিতেছে না—গাড়ি হইতে
নামিবার সময় খুব সাবধানে নামিতেছে—হয় তো জীবনে সে বোড়ায়
কখন চড়ে নাই। কিন্তু এখনকার নব্য দলের মধ্যে একটা প্রতিক্রিয়া
উপন্থিত হইয়াছে। এখনকার ফরাসী যুবকেরা খুব উদ্যমশীল ও চট্পটে
—আজকাল জিম্ন্যান্টিক শিক্ষার ফল ফলিতে আরম্ভ হইয়াছে। সম্ভরণ
ইংলণ্ড অপেক্ষা ফ্রান্সে অধিক প্রচলিত। ইংরাজদিগের অপেক্ষা ফরাসীরা
বেঁটে। কিন্তু ফরাসীদিগের শরীর পেশী-বছল ও মন্তবুৎ—কতকটা বর্মা
টাটুর মত।

জ্ঞানশিক্ষা সম্বন্ধে গ্রন্থকার বলেন, ইংলত্তে গ্রীক ভাষার ও ফরাসী-দেশে ল্যাটিন ভাষার বেশি আদর। ল্যাটিন না জানিলে ফরাসীরা কাহাকেও শিক্ষিত বলিয়া গণ্য করে না। ইংরাজেরা গ্রীক ভাষাভিজ্ঞ ব্যক্তিকেই সাধারণতঃ পণ্ডিত বলিয়া বিবেচনা করে। আজ্ঞকাল ইংলও ও ফ্রান্সের চিন্তাশীল ব্যক্তিগণের এই বিশ্বাস দাঁড়াইয়াছে যে. বিদ্যালয়ে ছাত্রেরা যে ল্যাটিন গ্রীক শিক্ষা করে তাহা অতি ভাসা-ভাসা — সে শিক্ষায় প্রক্রত পাণ্ডিত্য জন্মে না। প্রত্যেক ছাত্রকে নির্বিশেষে লাটিনুগীক না শিথাইয়া, যোগাতা বুঝিয়া কতকগুলি বাছা-বাছা ছাত্রকে ল্যাটিন গ্রাক শিথাইলে বেশি কাজ হয়। তবে, ল্যাটন গ্রীক শিক্ষাতে কতকটা মানসিক ব্যায়ামের ফল হয় । মসিও ফ্রার বলেন, ল্যাটিন গ্রীক যাহার৷ শিক্ষা করে তাহারা অন্তান্ত বিষয়ও সহজে বুঝিতে পারে, কিন্তু যাহার। ল্যাটিন গ্রাক জানে না, তাহারা সেরূপ সহজে সে সব বিষয় বুঝিতে পারে না। আধুনিক যুরোপীয় ভাষা শিক্ষা দিবার জন্ম উপযুক্ত শিক্ষক ইংলণ্ডেও নাই—ফরাসীদেশেও নাই। বরং আজ-কাল আধুনিক ভাষা শিক্ষার ভাল বন্দোবন্ত ফরাদীদেশে হইতেছে।— ভাষা-পরীক্ষায় যাহারা উত্তীর্ণ হয় তাহাদের জ্বন্ত বিশেষ উপাধি নির্দিষ্ট হইয়াছে। কিন্তু আসল কথা, আধুনিক ভাষা শিক্ষা করিয়া পাণ্ডিত্য কিছুই বাড়িতেছে না, কেবল নভেল পড়ার বৃদ্ধি ইইতেছে মাত্র! অতি অল্লেকেই বিদেশীভাষা শিথিয়া উচ্চদরের গ্রন্থ পাড়বার কট স্বীকার করে । প্রক্বত সাহিত্যদেবক লোকের সংখ্যা উভয় দেশেই अब। (विभिन्न छार्ग लाक काककम आयामध्याम लहेशाहे जीवन যাপন করে। ফরাসী দেশে যদি কেহ মিণ্টনের নাম না জানে তাহাকে লোকে মূর্থ বলিয়া মনে করে—কিন্তু স্পোন্সরকে না জানায় মুর্থতা হর না। সেইরপে, কবি বায়রণের নাম না জানা অক্ততার চিক্ কিন্ত শেলি ও কীট্সের নাম না জানিলেও চলে। ফরাসীরা ইংলণ্ডের সমসাময়িক উৎকৃষ্ট গ্রন্থকারদিগের বড় খবর রাখেন না।
একবার ইংলণ্ডে ফরাসী আাকাডেমির স্থায় একটা সাহিত্য-পরিষৎ
স্থাপন করিবার কথা হয়—ভাহাতে রস্কিন্, আর্নন্ড লেকি প্রভৃতি বড়
বড় লেখক সভ্য হইবেন এইরপ স্থির হয়। ফরাসীরা এই প্রস্তাবের
কথা শুনিরা হাস্য সম্বরণ করিতে পারিল না—ভাহারা বলিল, বাহাদের
নামও তাহারা কখন শোনে নাই, তাহারা কখন ফরাসী আ্যাকাডেমির
অমর চল্লিশ জনের সমকক্ষ হইতে পারে ?

আধুনিক শিক্ষার, সাহিত্য অপেকা বিজ্ঞানের ভিত্তিভূমি সুদৃঢ়—কারণ বিজ্ঞানের ফল হাতে হাতে পাওয়া যায়। ফরাসীদেশে যাহারা কেজে: জ্ঞানের শিক্ষার্থী তাহারা রীতিমত সেই সকল বিষয়ে শিক্ষা পায়। কিল্প সেই সকল বিদ্যালয়ে সাহিত্যকে একেবারে ছাঁটিয়া দেওয়া হয়। এরপ শিক্ষার ফলে মনোবৃত্তিসকল তীক্ষ হইতে পারে, জ্ঞানের ভাঙার পূর্ণ হইতে পারে, কিল্প সাহিত্য-বিহীন শিক্ষার শিক্ষার উৎকৃষ্ট ও মনোরম অংশ বাদ পড়িয়া যায়।

সেখীন শিল্প সম্বন্ধে গ্রন্থকার বলেন, সঙ্গাত ও চিত্রকর্মে ফরাসীরা উৎকৃষ্ট শিক্ষক। ফরাসীদিগের শিক্ষা-প্রণালী উৎকৃষ্ট। এবং শিক্ষকেরাও উদারচ্ছেতা নিঃস্বার্থ বাক্তি। খাতনামা চিত্রকরেরা প্রায় বিনা বেতনে বিদ্যালয়ে ছাত্রদিগকে চিত্রবিদ্যায় শিক্ষা দেন। পাারী নগর চিত্রবিদ্যার প্রধান আছেও। চিত্র-শিল্পে পাারী নগর এপর্যাস্থ স্থীয় প্রাণান্য রক্ষা করিয়া আসিয়াছে। ইংরাজ চিত্রকরেরা স্বভাবের অফুকরণ বেশি করিছে যায় বলিয়া প্রকৃত গুণপনার ব্যাঘাত হয়। ইংরাজদিগের অভিমাত্র নাতিবোধই উহাদের শিল্পকর্মের অস্তরায়। উহাদের নৈতিক কুধার সময় নাই অসময় নাই। রস্কিন সাহেব, বাস্তবিক্তা, প্রমশীলতা, কর্ত্রব্য-বৃদ্ধি প্রভৃতি নৈতিকগুণের উপর ক্লাবিদ্যাকে প্রতিষ্ঠিত করায় ইংরাজের নৈতিক বৃদ্ধি পরিভৃপ্ত হইয়াছে

বটে, কিন্তু উহাতে বা**ন্ত**বিক গুণপনার ব্যা**ন্থা**ত হইয়াছে। ইংরা**ন্তে**রা মনে করে, প্রকৃতিকে পুঝারুপুঝরূপে অমুকরণ করিলেই যথেষ্ট হইল — উহাতে চিত্রশিল্পের কোন নিজস্ব গুণপনা নাই। উহারা মনে করে. বেহেতু শ্রমণীলতা দকল কার্য্যেই একটা গুণের মধ্যে ধর্ত্তব্য, চিত্রশিল্পে শ্রমণীল হইয়া পূঝামপুঝরণে প্রকৃতিকে অমুকরণ করাই চিত্রশিল্পের পরাকার্চা। নীতিশিক্ষা সম্বন্ধে গ্রন্থকার বলেন, নীতিশিক্ষার ফলাফল বিচার করা এড় কঠিন। শিক্ষকেরা কি বিষয় শিক্ষা দিতেছেন, ছাত্রদির্বের পিতামাতারা জানিতে পারেন, কিন্তু সে শিক্ষায় কতদুর চরিত্র গঠিত হইল জানা হক্ষর। ছাত্রদিগের বয়োবৃদ্ধি হঠলে তবে যদি কিছু জানা যায়। আসল কথা, নীতিশিক্ষা সকলেই দিতে পারে না। শিক্ষকের চরি**ত্র-প্রভাবে**র উপর নীতিশিক্ষা নির্ভর করে। সেরূপ প্রভাব দেবদত্ত—অতি বিরল। ফরাদীদিগের অপেকা ইংরাজদিগের নীতিবোধ স্বভাবতঃ প্রথর। কোন ভাষণ অপরাধের কথা শুনিলে ইংরাজেরা শিহরিরা উঠে—সভ্যসভ্যই তাহাদের মনে আতক্ষ উপস্থিত হয়। ফরাসীদিগের অভ্নাবয়সেই হৃদয়ের এই নবীনতা ও স্পর্শকাতরত। চলিরা যার। তাহারা মনে করে পৃথিবীর স্বাভাবিক গতিই এইরূপ — তাই কোন পাপ কার্য্যের কথা শুনিয়া উহারা চমকিত হয় না। কিন্তু ইহা হইতে এইরূপ দিদ্ধান্ত করা যাইতে পারে না যে, তাহারা নিজে নীচমনা ও পাপাসক। এইমাত্র বলা যায়, তাহারা ছনিয়াকে একট বেশিমাতায় জানিয়াছে এবং অল্পবয়সেই জীবনের খারাপ দিকটা দেখিতে পাইরাছে। নীতিশিক্ষা বিষয়ে ইংরাজদিগের আর একটা এই स्विथा, উহাদের धर्म-সমাজের भागन রোমান ক্যার্থলিক পাঞ্জিদিপের শাসনের ক্লার অত কড়াকড়নহে। ইংরাজ পাদ্রিদিগের সহিত ইতর সাধারণের পার্থক্য ততটা প্রবল ও স্বস্পষ্ট নহে। পকাস্তরে. ফরাসীদেশে রোমান ক্যাথলিক পাদ্রির প্রভাব অতীব প্রবল-উহাদের

অফুশাসন ইতর-সাধারণকে নির্বিচারচিত্তে মানিয়া চলিতে হয়। এক হিসাবে, নীতিশিক্ষা বিষয়ে এ প্রণালীতে কতক্টা স্থাবিধাও আছে। প্রত্যেক বাক্তির যুক্তি ও বিচারের উপুর নীতিশিক্ষা নির্ভর করে না। পাজিদিগের উপদেশই যুক্তি ও প্রমাণের চরম স্থান, তাহার উপর আর প্রমাণ নাই—তাহাতে কোনও দ্বিক্তি করিবার যো নাই। তবে. ছাত্রেরা অবিশ্বাসী হঠলে উহাতে আরও উন্টা উৎপত্তি হইবার সম্ভাবনা। তাহাদিগের বাধ্য হইয়া কপটতা ও ভণ্ডামির আশ্রয় লইতে रयः। कतानौनिरशत भरशः **अरनरकरे थृ**ष्ठेभर्पा अविश्वानी—ज्ञारनरक অজ্ঞেরবাদী। আসল কথা, শুধু বক্তৃতার নীতিশিক্ষা হয় না। আর এক कथा, कि देश्नश्च कि : खान्म छेडा (मर्भात वानरकता यथन रमर्थ, ভিন্ন দেশের সহিত বাবহারে রাজ্যের প্রধান ব্যক্তিগণ নীতি রক্ষা করিয়া চলেন না, তুর্বল জাতিকে অকারণে আক্রমণ ও উৎপীড়ন করেন তথন বালকদিগের নীতিশিক্ষা কি করিয়া হইবে ? চিন্তাশীল ইংরাজ্ব ও ফরাসীরা বলেন, আজকাল একটা সর্ববাদিসমূত নৈতিক শাসনের নিতান্ত প্রয়োজন হইয়াছে। গ্রন্থকারের মতে, প্রবল লোক-মত সেই শাসন-ভার গ্রহণ করিতে পারে। এখন যে সমাজ-শাসন আছে তাহা কেবল বাহ্নিক অনুষ্ঠান লইয়া দণ্ড পুরস্কার বিতরণ করিয়া থাকে। জনসাধারণের এরপ প্রবল মত হওয়া চাই, বাহাতে তাহার ছারা আত্মবিসর্জ্জন, মিতাচার, সরলতা প্রভৃতি প্রকৃত সদৃশুণের পোষণ ও উৎসাহ বর্দ্ধন হইতে পারে। তাহার একটা দুষ্টাস্ক যেমন, করাসী-দিশের মধ্যে টাকা ধার করা নিতাস্ত লোক-মতবিক্লম। এই মতটি क्रममारक क्षरण थाकाय, कतामीता विश्वयंगः मकत्रणवामी कतामीता আদপে অতিবায়ী হয় না—আপন আপন আর্থিক অবস্থা-অমুসারে नकरण मानामिथाভाবে कीवनशाबा निर्त्वाह करत । जात बक पृष्ठीस, মার্কিন জাতির মধ্যে, ধনী হইলেও অলস হইবে না-এই মতটি

জনসাধারণের মধ্যে বন্ধমূল; এবং উচ্চশ্রেণীর ইংরাজদিগের মধ্যে এই লোক্ষতটি প্রবল যে, সর্বপ্রকার অভদ্রতা সর্বথা বর্জ্জনীয়। এই প্রকার প্রবল লোক্ষত অনেক সময় জনসমাজের প্রভৃত হিতসাধন করিয়া থাকে।

হৃদয়ের শিক্ষা সম্বন্ধে গ্রন্থকার বলেন, জন্ মিল্ অনেক দিন হইল দেখাইয়া দিয়াছেন, ফরাসাদিগের এক বিষয়ে স্থবিধা এই, উহাদের মধ্যে সন্থানার সাধনা হইয়া থাকে। হৃদয়ের ভাব ভাষায় সর্ব্বদা প্রকাশ করিবার অভ্যাস রাথিলে, ভাবগুলি যে সন্ধাস থাকে তাহাতে সন্দেহ নাই। অবশু, কথন কথন এই ভাবপ্রকাশ মৌথিক হইয়া পড়ে; কিন্তু সাধারণতঃ উহার দ্বারা প্রকৃত হৃদয়ভাব পরিব্যক্ত হয়। এই প্রকারে, ভাবের যেন একটা প্রাণ-বায়ু ফরাসীদিগের চতুর্দিকে বিচরণ করিতে থাকে এবং তাহার দ্বারা হৃদয়ের কোমল ভাবগুলি সন্ধীব থাকে। ইংরাক্রেরা স্বভাবতঃ অত্যন্ত চাপা—উহাদের মধ্যে প্রেণীভেদ অত্যন্ত প্রবল—উহারা কঠোরতাকে গৌরবের বিষয় মনে করে এবং কোন প্রকার কোমল ভাব প্রকাশ করিতে লক্ষ্যা বোধ করে। এই কারণে উহাদের মধ্যে সন্থানরতার অনুশীলন হয় না। ফরাসীদিগের মাতৃ-অন্ত্রাগ ইংরাজনিগের নিকট হাস্তজনক বলিয়া মনে হয়—পক্ষান্তরে ফরাসীরা এই মাতৃ-অনুরাগকে ক্রমের স্বাভাবিক ধর্ম্ম বলিয়া মনে করে।

বাস্তবিকই কি ইংরাজদিগের কোন সন্থান্ততা নাই ? না,—সন্থান্ত্রতাকে উহারা দমাইরা রাখিতে চেষ্টা করে ? এক কথার এ প্রশ্নের
উত্তর দেওরা সহজ্ব নহে। হাদরের ভাব বাহিরে প্রকাশ করা উহাদের
লোকাচারবিক্ষক—স্তরাং সন্থান্ত্রতার অমুশীলন পক্ষে উহাদের লোকাচার অমুকুল নহে। তাই বলিয়া, উহাদের সন্ধান্ত্রতা একেবারে নাই
একথাও বলা যায় না। কঠিন পাষাণ-চীরের মধ্য দিয়াও খাসের শীষ
সমরে সময়ে গজাইরা উঠে। তবে, এ কথা ঠিক্, ইংরাজসমাজ সন্থান্ত

রতা-বিকাশের অমুকুল স্থান নহে। কর্ত্তব্য-আচরণে বতটুকু সদ্ভদরতার প্রয়োজন, ততট্রু সন্তুদয়তা ইংরাজের আছে—তাহার বেশি নাই। হুর্ভাগাক্রমে যদি কোন ইংরাজ হৃদয়বান হইরা জন্মগ্রহণ করে, সে ইংরাজ-সমাজে প্রতিপদে প্রতিঘাত প্রাপ্ত হয়। হয় তো মমতা প্রকাশ করিতে গিয়া সে দেখিতে পায়, যাহার প্রতি সে মমতা প্রকাশ করিতেছে দে কুঞ্জিত হইয়া সেই মমতা গ্রহণ করিতেছে, কিম্বা সে যাহার নিকট মমতার প্রত্যাশী দেখানে নিরাশ হইতেছে। এরপ স্থলে, লাভের মধ্যে কট্টই সার। ইংরাজদিগের পারিবারিক স্নেহ-মমতা অত্যস্ত ক্রম। অনেক স্থলে দেখা যায়, পিতামাতার সহিত সম্ভানদিগের ভাবের গাঢ়তা নাই—থেন তাহাদের মধ্যে দূর-সম্পর্ক। এই জন্ম, পরম্পরের মধ্যে বিচ্ছেদ হটলেও কোনও পক্ষেরট বিশেষ কট্ট হয় না। ভ্রাভাদিগকে লক্ষ্য করিয়া দেখ-দেখিবে, তাহারা যেন পর-তাহারা পরস্পর হইতে দুরে অবস্থান করিতেছে —তাহাদের মধ্যে পত্রব্যবহারও নাই। একট দুরে থাকিলে কিম্বা কার্যাস্তরে ব্যাপৃত থাকিলে, আত্মীয়স্বদ্ধনের অস্থ্যেষ্ট সংকারে যোগ দিবার পক্ষে তাহাই বিপুল বাধা বলিয়া বিবেচিত হয়। অনেক স্থলে দেখা গিয়াছে, আর্থিক অবস্থায় ইতর্বিশেষ হওয়া প্রযুক্ত নিতান্ত আত্মীয়দিগের মধ্যেও পর-ভাব আদিয়া পডিয়াছে। কোন কোন ইংরাজ এরূপ কথাও বলেন যে, আত্মীয় অপেক্ষা বন্ধু থাকা ভাল—কেন না. বন্ধ-নির্বাচন সকলের আয়ত্তাধীন কিন্তু আত্মীয় নির্বাচনে কাহারও একতিয়ার নাই, আত্মায় থাকা 'বিষম জালা'—'বিড়ম্বনা'। ফরাসী দেশে, আত্মীয়স্তজ্বেরা যদি কোন কারণবশতঃ পর্বোৎস্বাদিতে পর-ম্পারের সহিত সাক্ষাৎ করিতে না পারে, অস্ততঃ তাহারা পরম্পারকে পত্র লেখে। নববর্ষে বন্ধুরা অন্ততঃ ছই এক ছত্র পরম্পরকে পত্র লিখিয়া থাকে এবং আলাপীরা পরস্পরের মধ্যে 'কার্ড' বিনিময় করে। একজন বৃদ্ধিমান ফরাসী, গ্রন্থকারের নিকট একবার এইরূপ বলিয়াছিল :--কথন

কথন আমাদের পারিবারিক প্রেমে কপটতা প্রকাশ পায়, কথন কথন আমরা যাহা মুখে বাক্ত করি তাহা হৃদয়ে অমুভব করি না, কিন্তু মোটের উপর, আমাদের যেরূপ লোকাচার তাহাতে শুদ্ধ যে মেহমমতার বাঞ্চিক আকার রক্ষা হয় তাহা নহে, পরস্ক উহার দ্বারা প্রক্রত ভালবাদাও সন্ধীব থাকে"। ইংরাজেরা সহাদয়তাকে তুর্বলতা বলিয়া মনে করে—কিন্তু এ কথা লোহিতাঙ্গ অসভ্য ইণ্ডীয় জাতিরই উপযুক্ত। এ বিষয়ে মহা-রাণী ভিক্টোরিয়। স্বীয় প্রজাদের সমক্ষে নিজ গার্হস্থা জীবনের কথা অস-ক্ষোক্রে বাক্ত করিয়।—নিজ হুদয় উন্মুক্ত করিয়া মহৎ দৃষ্টাস্ত প্রদর্শন করিয়াছেন। সহৃদয়তার এক বিভাগে ইংরাজ ফরাসী-অপেক্ষা শ্রেষ্ঠ— নিক্লষ্ট জীবের প্রতি ইংরাজের মমতা ফরাসী অপেকা সমধিক। আর এক বিষয়ে ফরাসীদিগের হীনতা দেখা যায়—উহাদের ভক্তির অভাব। যাধারণ-তন্ত্রীরা কাহাকেই ভক্তি করে না। এমন কি, তাহাদের ভূতপুর্ব অধিনেতা বেচারা গ্রেভিও তাহাদের ভক্তির পাত্র ছিল না। ভিক্টর ছাগোকে ফরাসীরা ভক্তি করিত বটে, কিন্তু তাহার স্থান এখন ও পর্যান্ত কেহ অধিকার করিতে পারে নাই। রাজভক্তি তো ফরাসীদিগের মূলেই নাই। রাজ্যের উচ্চপদস্ত কন্মচারীদিগকেও উহারা যথোচিত সন্মান করে না। উচ্চ উপাধিও উহাদের ভক্তি আকর্ষণ করিতে পারে না। উহাদের পারিবারিক জীবনে ভালবাসা আছে কিন্তু ভক্তি নাই। প্রা-তন সাহিত্যের প্রতি পুর্বে উহাদের অচলা ভক্তি ছিল-এখন তাহাও চলিয়া যাইতেছে।

ফরাসী উপস্থাস সম্বন্ধে গ্রন্থকার এইরূপ বলেন;—"ইংরাজেরা সচরাচর এইরূপ বলিয়া থাকেন, ফরাসীরা যে ছ্নীতিপরায়ণ তাহার প্রমাণ তাহাদের নভেল হইতেই পাওয়া যায়—কিন্তু এ কথা আমি মানি না। কেন মানি না, তাহার সঙ্গত কারণ আমি দেখাইতেছি। ইংরাজ জাতির ছ্নীতির কথা শুনিলেও আমি যথেষ্ট প্রমাণ না পাইলে তাহা প্রাহ্ম করি না। "পেলমেল গেজেটের রহন্ত প্রকাশ" সম্বন্ধে ইংরাজের চিরশক্র ফরাসীরা বিশ্বাস করিয়াছিল কিন্তু আমি উহার প্রযুক্ত প্রমাণ बरथष्ठे विषया मत्न कति ना । कतानीमिरशत क्रम्हित्व मध्यक टेश्ताक-দিগের যুক্তির হুইটি প্রকরণ এইরূপ দেখা যায়-যথা (১) উপস্থাস-লেথকেরা সমাজের জীবন্ত ছবি আঁকিয়া থাকে— ফরাসীদিগের নভেলে ন্ত্রী-পুরুষের ব্যভিচার সংক্রাস্ত ঘটনা প্রায়ই থাকে –স্থভরাং ফরাসীরা ব্যভিচারপরায়ণ। (২) ফরাসীরা এই সকল ব্যভিচার-ঘটনামূলক নভেল ৰিস্তর ক্রের করিয়া থাকে. স্থতরাং এই সকল নভেলের পাঠকেরাও বাভিচারপরায়ণ। প্রথম প্রকরণটি সম্বন্ধে আমার বক্তব্য এই, সচরাচর একঘেরে বাস্তব জীবনে যত না অপরাধের ঘটনা ঘটরা থাকে, তদপেকা কাল্পনিক সাহিত্যে সেই সকল ঘটনার কথা অনেক বেশি থাকে। তাহার দৃষ্টান্ত, সচরাচর ইংরাঞ্জদিগের বাস্তব জীবনে যাহা দেখা যায়, তাহা অপেক্ষা সেক্সপিয়ারের নাটকে হত্যাকাণ্ডের কথা বেশি পাওয়া যায়। এমন কি, যে দকল উপস্থাস নিতান্ত নির্দোষ ও বালকের পাঠা বলিয়া বিবেচিত হয়, যথা, 'আরব্য-উপস্থাস', 'রবিন্সন্ কুসো' এবং আধুনিক ষ্টিভেনসন প্রণীত "ঐশ্বর্যা-ভাগ্ডার দ্বীপ'—এই সকল গ্রন্থও শঠতা ও নরহত্যার ব্যাপারে পূর্ণ—কেবল পাঠকের ঔৎস্কা উত্তেজন করিবার উদ্দেশে এই সকল ঘটনা উহাতে সল্লিবেশিত হইয়।ছে। ... ··· বাস্তব জ্বগৎ উপস্থাসিক জ্বগতের মত হইবেই হইবে এই যে যুক্তি— अग्रुपिक पित्रा (पश्चित्त १ — हेश्त शैन हा डेभन कि हेर्ट । न एक न লেখকের সৃষ্ট চরিত্র অপেক্ষা বাস্তব জগতের লোকসংখ্যা অনেক বেশি একথা কে না স্বীকার করিবে ? অতএব যদি বাস্তব লগৎ হইতেই উপক্রাসের চরিত্র সকল গৃহীত হইয়া থাকে, তাহা হইলে এইমাত্র প্রমাণ হর, চিকিৎসা-শিক্ষার্থীরা যেমন মোটের উপর কোন স্বাস্থ্যজনক পল্লী ছইতে রোগীর দুষ্টান্ত সংগ্রহ করে, সেইরূপ এই সকল উপস্থাস-

লেখকেরা সাধারণতঃ নিরপরাধী সমাজ্ব হইতেই অপরাধকাণ্ড সংগ্রহ করিয়া থাকে। কিন্তু আসল কথা, উপত্যাস-লেখকেরা বাস্তব জীবন হইতে ঘটনা সকল সচরাচর সংগ্রহ করে না—প্রায়ই উহারা প্রকৃতির আদর্শে চরিত্রগুলি রচনা করিয়া থাকে এবং ঘটনা ও অবস্থানগুলি প্রায়ই স্বকপোলক্ষিত।"

গ্রন্থকার আরও অনেক বিষয়ে ইংরাজ ও ফরাসীব মধ্যে তুলনা কুরিয়া দেখাইয়াছেন, সে সকল বিষয়ের উল্লেখ করিলে প্রণদ্ধের আয়তন অত্যন্ত দীর্ঘ হইয়া পড়ে স্মৃতরাং এইখানেই শেষ করা গেল।

गूर्थ-(ठना।

রাস্তার বাহির হইলে কত রকম ধরণের মুখ দেখিতে পাওরা যায়;
কোন মুখ দেখিলে কাছে যাইতে ইচ্ছা করে—কোন মুখ দেখিলে
পলাইতে ইচ্ছা হয়। কোন মুখ দেখিলে মনে হয় সে হাজার অপরাধী
হউক, সে যেন আমার কত দিনের জানা-শুনা, আবার কোন মুখ
দেখিলে মনে হয় যেন আমাদের মারিতে আসিতেছে, না খাইড়েছ
আসিতেছে।

কত রকম নাক দেখিতে পাওয়া যায় ! কোনটা খাঁদা, কোনটা তোলা—কোনটা সোজ।—কোনটা গাঁকা। কোন নাক দেখিলে মনে হয়, লোকটা বেশ সৌথীন—কোন নাক দেখিলে মনে হয়, লোকটা বড জাঁহাবাজ।

যাহারা ভাল করিয়। কিছুই দেখেনা তাহারা মনে করে সব মান্থ্রের ঠোট প্রায় এক রকম। কিন্তু ঠোটের কত রকম গড়ন দেখা যায়। কোন ঠোট্ দেখলে মনে হয় স্নেহের চুম্বনে গড়া। কোন ঠোট্ দেখলে মনে হয়, লোকটা বড় ঘট্থটে, তার স্নেহ মমতা কিছুই নাই।

একজন লোককে দেখ্বামাত্রই তার সম্বন্ধে একটা-না-একটা ভাব আমাদের মনে উদয় হয়। লোক-চেনার অভ্যাস ভাল রকম না থাকিলে অনেক সময় আমরা ভূল করিতে পারি। ভাল লোককেও মন্দ মনে করিতে পারি। নাক করিতে পারি। লোক চেনাও বড় সহজ্ঞ নয়। কতকগুলি অক্ষর ও তাহার যোগাযোগে যত বাক্য হয় তাহা শিখিলে যেমন আমরা একটি ভাষা শিখিতে পারি। দেইরূপ মুখ-চিক্ত দেখিয়াও আমরা মান্ত্রের চরিত্র বুঝিতে পারি। কিন্তু মন্ত্র্যা-চরিত্র এত বিভিন্ন যে তাহার অক্সরপ মুখের গঠন-শিক্ত অসংখ্যা। তাহা আয়ন্ত করা সহজ্ঞ নহে। সেই কক্ত পারি? 1



এখনও ইহাকে বিজ্ঞানে পরিণত করিতে পারেন নাই। এই বিষয় অফুশীলন করিয়া তাঁহারা যে সকল চিহ্ন ও নিয়ম বাহির করিয়াছেন তাহা সকলেই অনায়াসে পরীক্ষা করিয়া দেখিতে পারেন। এইরপ পরীক্ষায় আমোদও আছে, উপকারও আছে।

कांत्रवादतत अधिकाश्म काञ विश्वारम विश्वारम हत्ता । याशारमत्र द्वाक চিনিবার অভ্যাস নাই তাহারা, যে কাজের যে উপযুক্ত তাহা বুঝিয়া লোক রাখিতে পারে না, হয়তো অপাত্তে বিশ্বাস স্থাপন করে এবং এইরূপ করিয়া কত লোকে ক্ষতিগ্রস্ত ও সর্বস্বাস্ত হয়। এইরূপ মুখ-পরীক্ষার আর একটি স্থলন আছে। আমরা বাঙ্গালী আমরা চতুর্দ্ধিকে যাহা দেখি, কিছুই ভাল করিয়া দেখি না। সব জিনিসই বেন আমরা চোক বৃত্তিয়া দেখি। সম্প্রতি কলিকাতায় যে মহামেলা হয় তাহা দেখিবার জ্বন্ত অসংখ্য লোক-ত াগয়াছিল, কিন্তু কাহাকেও জিজ্ঞাসা কর দেখি, অমুক জিনিসটা কিরূপ দেখিলে—অমনি চক্ষুস্থির। কেহ হয়তে: বলিবে "বেশ দেখিলাম, চমৎকার দৈখিলাম, এমন ভাল যে না দেখিলে বুঝান যায় না"—কেহ বলিবে—"তাতে এমন একটা ইয়ে আছে যে ইয়ে হয়েছে সেটা কিছুতেই ইয়ে করা যায় না।"—একজন ই°রাজকে জিজ্ঞাসা কর, তিনি প্রত্যেক জিনিসের তন্নতন্ন বর্ণনা করিবেন— একটি খডিকা পর্যাস্ত তিনি ছাডিবেন না। তাই বলিতেছি যদি এই মুখ পরীক্ষায় আর কোন ফল না হয়, অন্ততঃ খুঁটিনাটি করিয়া দেখিবার অভ্যাসটি হয়। এইবার তবে আসল বিষয়ে আসা যাক।

কপাল যে বৃদ্ধির প্রধান স্থান তাহাতে আর দলেহ নাই। বৃদ্ধি হুই রক্ম। একটি হচ্চে—খুঁটিনাটি করিয়া দেখিবার ক্ষমতা; আর একটি—আলোচনাও চিস্তা করিবার ক্ষমতা।

কপানের উপর ভাগে চিম্ভা শক্তি অবস্থিত।

চিন্তা শাক্ত- মর্থাৎ তুলনা করিবার শক্তি, বস্ত সকল পৃথক্ করিয়া

দেখিবার শক্তি, শ্রেণী বিভাগ করিবার শক্তি, এবং কার্য্য দেখিরা কারণ অমুসন্ধান করিবার শক্তি। বাহাদিগের কপালের উপর দিকটা উঁচু—
তাহাদিগের এই চিস্তাশক্তি প্রবল।

কপালের নীচের ভাগে, খুঁটিনাট করিয়া দেখিবার শক্তি অর্থাৎ পর্যাবেক্ষণ-শক্তি অবস্থিত। এই শক্তি যাহাদিগের প্রবল তাহাদিগের সমস্ত পৃথবী দেখিবার ইচ্ছা হয়, বিজ্ঞান শিখিতে ইচ্ছা হয়, ভাষা শিখিতে ইচ্ছা হয়, এবং সকল তথা তল্প করিয়া জ্ঞানিবার ইচ্ছা হয়। এই শক্তি ডাক্সইন, ও জন্ই য়ার্ট মিলের অত্যন্ত প্রবল ছিল।

কপালের মধ্যভাগ ভরা থাকিলে, ঘটনার স্মরণ শক্তি প্রকাশ পায়।

যদি কপালের উপরের ভাগ নীচের চেয়ে অপেক্ষাকৃত বড় হয় তাহা

হইলে এই বুঝায় যে সেই লোকের যতটা বেশি চিন্তাশক্তি ততটা পর্য্যবেক্ষণ-শক্তি নাই। বিজ্ঞান অপেক্ষা দর্শনে তাহার বেশি ঝোঁক্—ধরা
ছুঁয়া বায় এরপ লোকিক বিষয় অপেক্ষা স্টেছাড়া আসমানি চিন্তায়
ভাহার অধিক আমোদ। অধ্যাপক Owen কত্রটা ইহার দৃষ্টান্তত্বল।

উপরি ভাগের কপালের পাশের দিক ঘাঁহার বেশি বড় হয় তাঁহার কারণ অস্মন্ধানের শক্তির সঞ্চে দক্ষে রসিকতা ও হাসি তামাসার ভাব প্রবল। এই ভাবটি থাকিলে, যাহা কিছু হাক্তজনক বা অন্তুত সহজ্ঞেই তাহার মর্মা গ্রহণ করা যায়। এবং বর্জনান সমাজ্ঞের কুপ্রথা লইয়া বিজ্ঞাপ করিতে ইচ্ছা যায়। Sterne, Hogarth, Hood—বিশ্বিম বাবু ইহার দৃষ্টাস্ত স্থল।

আর ও উঁচু দিকে ও পশ্চাদ্দিকে যদি কপাল প্রাণম্ভ হয় তাহা হইলে করনা শক্তি কবিতা শক্তি বা শির্মাক্তির লক্ষণ প্রকাশ পায়। সের-পিরার, গেন্ডে, র্যাফেল, ডোরে প্রভৃতি ইহার দৃষ্টাস্ত স্থল।

কপালের মধ্যস্থলে কনি-টানা বলি-রেখা থাকিলে ব্ঝার বে বাহার উহা আছে, দে ব্যক্তি লোকের উপকার সাধনে রত। ছই ভুকর মধ্য-



ভাগে যাহার দাঁড়ি-টানা বলি-রেখ। আছে, সে লোক খাঁটি ও স্ত্য-পরায়ণ।

যাহার নীচের দিকের কপাল অত্যস্ত ছোট এবং মনে হয় মেন ভিতরে বসা, সচরাচর চালত ঘটনা ও তথা সম্বন্ধে তাহার অত্যস্ত ভাসা-ভাসা জ্ঞান এবং আপনার দোষের প্রতি সে ব্যক্তি অন্ধ। এই সকল ব্যক্তি প্রায়ই হতভাগ্য দূরদৃষ্ট ও অক্কৃতকার্যা হইয়া থাকে। তাহার কারণ এই যে তাহারা চক্ষুমেলিয়৷ চারিদিকের পদার্থ দেখে না—এবং চারিদিককার পদার্থ তাহাদিগের মনের উপব ভাল করিয়া বসে না। এইজ্লা তাহারা ক্রমাগত ভূল করে এবং প্রায়ই আপনার ছর্দ্দশার জন্ত অন্তকে দোষী করে। এই সকল লোকের বাবসা বাণিজ্যে হাত দেওয়া উচিত নহে। পর্যাবেক্ষণ-শক্তিকে বলবতী করিয়া তবে কাজকন্মে প্রবেশ করা উচিত। নত্রা পরিণামে অক্কৃতকার্যা ও ক্ষতিগ্রস্ত হইতে হইবে।

প্রশন্ত উচ্চ এবং ভরা কপাল হইলে, বিশেষতঃ তাহার সহিত যদি দৃঢ় ওঠ থাকে এবং পরিকার তীক্ষ্ণ চক্ষ্ণ থাকে তাহা হইলে উন্নতিশীল, সর্ব্বগ্রাদী দার্শনিক, সমাজ-সংস্কার-রত এবং বৃহৎ ব্যাপারে নিযুক্ত মন স্থচিত হয়। যেমন Bentham, Mill Cobden, বিদ্যাদাগর।

সংস্কারকর্গণ মাত্রেরই কপাল উচ্চ প্রশস্ত এবং ভরা-ভরা।

ছোট বেলায় কব্ডেনের কপাল বড় প্রশস্ত ছিল না কিন্ত লোকের জ্বন্থ খাটিতে থাটিতে এবং বুদ্ধি চালনা করিয়া তাহার জীবনের শেষ ভাগে তাহার কপাল বিলক্ষণ প্রশস্ত হইয়া উঠিয়াছিল।

ষাহাদিগের কপাল অত্যস্ত নীচু তাহাদিগের স্বেহ মমতা, চরিত্রের উদারতা কম। যাহাদিগের কপাল উচ্চ এবং খোলারকম মুখের ভাব তাহারা পরোপকারে রত এবং অন্তের জ্বন্থ ত্যাগ স্বাকারে পরাজ্ব্থ হয় না। যেমন বিদ্যাদাগর।

এক্ষণে, আমাদের দেশের খ্যাতনামা ছই ব্যক্তির চিত্র দেওরা বাই-

তেছে। রাজনারায়ণ বাবু ও বঙ্কিম বাবু। যাঁহার দাড়ি গোঁফ আছে তিনি রাজনারায়ণ বাবু, যাঁহার দাড়ি গোঁফ কামান দেখিতেছ তিনি বঙ্কিম বাবু। ইহাদের কপাল লক্ষ্য করিয়া দেখ। উভয়েরই কপাল উৎক্বন্ত। রাজনারায়ণ বাবুর উপরিভাগের কপাল নিয়ভাগের কপাল অপেক্ষা বেশি ভরাট। এই জন্ত বিজ্ঞান অপেক্ষা তত্ত্তানের দিকে রাজনারায়ণ বাবুর বেশি ঝোঁক। ইহার ফল,—তাঁহার দার্শনিক গ্রন্থ "ধর্মাতত্ত্ব দীপিকা।" রাজনায়ণ বাবুর মধ্য-কপালও ভরাভরা—ইহাতে ইহার ঘটনার শ্বরণ শক্তি স্থচিত হইতেছে। এই জন্ত ইতিহাসে তাঁহার বিলক্ষণ দখল আছে এবং ছোট ছোট রাশি রাশি ঘটনার গল্প তিনি অজ্বন্ত করিতে পারেন এবং তাঁহার লেখাতেও তাহার প্রমাণ পাওয়া যায়—তাঁহার লেখা "সেকাল-একাল" তাহার দৃষ্টাস্থ স্থল। তাহার উপর-দিক্কার কপাল ভর-পূর থাকায় তাহার নানাপ্রকার মৎলব (Plan) মাথায় আইদে—এবং নীচের দিককার কপাল ভত্তটা ভরাট না থাকায় এক একাসময় সে সব মৎলব অনেকটা আনুমান-বিলাদী ও স্প্রিছাড়া হইয়া পড়ে।

বিশ্বেষ বাবুর উপরি ভাগের কপাল উচ্চ ও প্রশস্ত । ইহাতে বিশ্লেষণ শক্তি, সমালোচন শক্তি ও হাস্তরস প্রকাশ পায় । আবার ইহার নীচের দিককার কপাল বেশ উ চু—ইহাতে ছোট খাট জিনিস খুব ইহার নজরে পড়ে। তত্ত্তান অপেক্ষা বিজ্ঞানের দিকে ইহার বেশি ঝোঁক প্রকাশ পায় । তত্ত্তানের বিষয় লিখিতে গেলেও ইনি বিজ্ঞানের প্রণালী অবলম্বন করিয়া লিখিতে ইচ্ছা করিবেন । বিশ্লেষণ-শক্তি, পর্য্যবেক্ষণ-শক্তি অধিক পরিমাণে থাকায় তাঁহার উপস্থাসে মানব চরিত্রের ও বাস্থ্র প্রকৃতির বর্ণনায় এরপ অসাধারণ ক্ষমতা প্রকাশ পাইয়াছে । বিদ্ধিম বাবুর অসাধারণ নাক । এই নাকে, স্কৃতি, অভিনিবেশ, মানব-চরিত্র-জ্ঞান ও অস্ক্রাধারণ ভাল্য প্রকাশ পায় । তাঁহার প্রস্কৃত্তাদি কালসত্ত্বেও,



Lik.

উপয়াপরি এত উৎক্লষ্ট গ্রন্থ যে তিনি লিখিতে পারিয়াছেন সে কেবল তাঁর নাকের জোরে। রাজনারায়ণ বাবুও তাঁহার রোগের ভাঙার শরীরটিকে লইয়া সাহিত্যক্ষেত্রে যে এত থাটিয়াছেন তাহাও তাঁহার নাকের জোরে। ইহার নাকেও মনের বল প্রকাশ পায়। বঙ্কিম বাবুর ঠোঁট থুব সরু—ইহাতে কার্য্যকরী বৃদ্ধি—স্থন্ধ কচি ও অসাধারণ দুচ্তা প্রকাশ পায়। বঙ্কিম বাবুর চোখে বহিদুটি ও তীক্ষতা প্রকাশ পায় এবং রাজনারায়ণ বাবুর চোখে অন্তর্দৃষ্টি ও স্বগ্নভাব প্রকাশ পায়। বৃদ্ধিমু বাবুর চেহারায় নেপোলিয়নের মুখের কিছু আভাস আছে। নেতার লক্ষণ ইহার মুখে জাজলামান। ইহার খড়গ-নাসা, চাপা ঠোট. তীক্ষ চোথ লইয়া ইনি যদি কাহারও উপরে গিয়া পডেন তবে সে হত-ভাগ্য বজাঘাতের মর্ম্ম বুঝিতে পারে। বঙ্কিম বাবুর নাকের নিমদেশ ষেরূপ ঝুঁকিয়া আসিয়াছে, এবং তাঁহার চিবুকের নীচে ষেরূপ ফুলা দেখা যাইতেছে ইহাতে উাহার অর্থোপার্জ্জনস্পুহা ও মিতবায়িং। প্রকাশ পাইতেছে। বৃদ্ধিন বাবুর চরিত্রের সহিত আমাদের এ কথা মেলে কি না আমরা ঠিক বলিতে পারি না। চোথ নাক ঠোঁট প্রভৃতি মুখাবয়বের কি কি লক্ষণে কি কি ভাব প্রকাশ পায় তাহা পরে লেখা যাইবে।

কপাল সম্বন্ধে একটি সাধারণ নিয়ম বলিয়া কপালের কথাটা শেষ করা যাক্। যার কপাল যত গড়ানে, তার চিস্তাশক্তি—বিবেচনা-শক্তি সেই পরিমাণে কম। তারা ঝোঁকের মাথায় কাজ করে।

১। চিত্রের সারি সারি মুখগুলি দেখিলেই ইহা সহজে বুঝিতে পারিবে।

চোখ।

এখন চোখ ও ভুকর কথা বলা যাক্। সমস্ত মুখাবয়বের মশে।
চোখে যেমন ভাব প্রকাশ হয় এমন আর কিছুতে হয় না। একজন
কবি বলিরাছেন, চোধ্হচে "আত্মার গবাক্ষ।" এ কথা খুব ঠিক্।

ছবি আঁকিবার দময় দেখা যায়—একটু আঘটু চোখের রেখার ইতর বিশেষে মুখের ভাব কতটা বদলিয়া যায়। আমাদের দেশের কবিরা আমাদের স্থন্দরীদিগের নেত্র হরিণ নেত্রের সহিত তুলনা করিয়া থাকেন। কারণ হরিণের জ্যাবা জাবা চোখে চকিত ভয়ের ভাব স্থানর প্রকাশ পায়। লজ্জা ভয় আমাদের স্ত্রী-দৌন্দর্যোর প্রধান উপকরণ বলিয়া এই উপমাটি ঠিক খাটিয়াছে। চোথ দেখিবার সময়. প্রথমে দেখা উচিত, চোথ ছোট কি বড়। শরীরতত্ত্বের এই একটি সাধারণ নিয়ম, যার যত বড় চোথ্, তার সেই পরিমাণে দৃষ্টিশক্তি অধিক। এই জন্ত হরিণ, কাঠাবড়ালী, থর্গদ, বিড়াল ইহাদের চোথ বড়; আর, শুয়োর, গাণ্ডার প্রভৃতির চোপ ছোট এবং তাহাদের দৃষ্টিশক্তি কম। হরিণ ও শুকরের ছবি দেখ। হরিণের চোথ কত বড়, আর শুয়োরের চোথ কত ছোট! যেমন শরীরতত্ত্বের নিয়ম অনুসারে চোথের আয়তনের উপর দৃষ্টিশক্তির তারতমা নির্ভর করে, তেমনি মুখ-চেনা বিদ্যার মতে চোখে বুদ্ধিবৃত্তির উচ্চলতা, তীক্ষতা প্রভৃতি প্রকাশ পায়-বিশেষতঃ সামাজিক ভাবের-ধর্মভাবের নিদর্শন পাওয়া যায়।

যাহাদিগের বৃদ্ধ চোথ তাহাদিগকে দেখিলেই মনে হয় যেন তাহারা থুব "জাপ্রত জীবন্ত" এবং কার্য্যের জন্ম সদাই উন্থ। আর যাদের ছোট চোথ তাদের দেখিলে মনে হয় যেন তাদের দারীর মনে কেমন একটা জাদুতা অলসতা ও বুমন্ত ভাব আছে। ডাজার রেড্ফীল্ড বলেন যে, যাহাদের চোথ্বড় তাদের চঞ্চল জ্বন্যে ভাব-লহরী খেলিতে থাকে, তাদের চিস্তাক্রিয়া খুব ক্রুত, আর তারা খুব কড়বড় করিয়া কথা কহে। আর যাদের ছোট চোথ্ তাদের ভাব ইহার বিশরীত। যাদের বড় চোথ্ তারা একটু সাদাসিদে খোলা রকমের লোক—তাদের মনের ভাব কথায় স্বতই প্রকাশ হয়; আর, যাদের

চোথ ছোট তারা ভাবিতে দেরি করে ও সাত পাঁচ ভাবিয়া একটি কথা কহে—ও তাহারা স্বভাবতঃ একটু কুটাল।

চোথে ভাষাশক্তি প্রকাশ পায়। যাদের চোথ্ বাহির দিকে ও নীচের দিকে বের-করা ফুলো-ফুলো ও বড় তাদের ভাষাশক্তি বিলক্ষণ আছে, কথার উপর তাদের খুব দখল, তারা উপস্থিত বক্তা ও ফ্রত লেখক। বের-করা চোথে বহির্বস্তর ছবি সহক্ষেপড়ে। যাদের এই প্রকার চোথ তারা একদৃষ্টিতে সাধারণভাবে সমস্ত পদার্থ দেখিয়া লইতে, পারে—কিন্তু তাহারা প্রত্যেক বস্তু তেমন খুঁটিনাটি করিরা দেখিতে পারে না, যাদের চোথ ভিতরে ঢোকা তারা যাহা দেখে তাহা খুব ঠিক করিয়া দেখে — খুব তন্ন তন্ন করিয়া দেখে। কিন্তু তারা তেমন চট্ করিয়া ভাবগ্রহ করিতে পারে না। ফুলো চোথ্ ও কোটরে চোথের এই প্রভেদ। ১ ও ২ সংখ্যক চিত্র দেখ, স্থবক্তা মহাত্মা রামগোপাল ঘোষের ছবিটি দেখ—ইহার চোথের নীচের পাতা কেমন ফুলো—ইহাতেই ইহার ভাষা-শক্তি প্রকাশ পাইতেছে।

স্থলর চোপ্শুলি প্রার লম্বাদিকে থোলা—চ ওড়াদিকে ততটা থোলা
নয়। চোথের উপরের পাতা ও নীচের পাতা চওড়া ভাবে বিস্তৃত হলে
—চোপ্টাকে কেমন গোল দেখায়। যেমন বিড়ালের চোপ্ কিম্বা
পোঁচার চোপ্। তাহারা অর আলোর অনেক দেখিতে পায়ও সহজে
বহির্বস্থার ভাবগ্রহ করিতে পারে। কিন্তু তাহাদের এই ভাব সকল
তেমন স্পষ্ট ও ঠিক হয় না— আর, যাদের চোথের পাতা চোথের উপর
পড়িয়া চোথ্কে একটু ঢাকিয়া রাখে, তারা যদিও বহির্বস্থার ততটা শীঘ্র
ভাবগ্রহ করিতে পারে না কিন্তু তাহারা যে ভাবগ্রহ করে তাহা বেশী ঠিক
ও স্পষ্ট হয়। গোল-চোথো লোকেরা অনেক দেখে কিন্তু কম ভাবে।
আর যাদের চোথ্ দীর্ঘায়ত তারা বেশি ভাবে ও বেশি তীব্ররূপে অমুভব
করে। ও ও সংখ্যক চিত্র দেথ, যাদের বড় বড় গোল চোথ্ ভারা

আমুদে, বুজিমান—উজ্জ্বল ভাবাপন—ধোলা—ও তাদের মন উচু দরের। কিন্তু দীর্ঘায়ত কিন্বা প্রশস্তচক্ষ্ লোকদিগের স্থায় তাহাদের তেমন গভীরতা, বা উদ্ভাবনা শক্তি নাই।

যাদের চোখ্পিট্পিটে, মিট্মিটে তারা ভারি ধৃত।

যাদের চোথ পটল-চেরা ও টানা তারা থ্ব মমতাময় ও সৌথীন। যাদের চোথের উপরের পাতা বড়ও চোথ্ও একটু দীর্ঘায়ত তাদের চোথে কেমন এক প্রকার চুলুচুলু স্লিগ্ধ ভাব প্রকাশ পায়।

যাদের চোথের তারা সমস্তটাই দেখা যায়—তারার উপরে ও নীচে সাদা বেরিয়ে থাকে, তাহারা অতাস্ত চঞ্চল, অন্থির, রাগী ও অবিবেচক। ৫ সংখ্যক চিত্র দেখ। লাবেটার বলেন,

"রস-কশ্-হীন একটা সামান্ত মুথে যদি খোলা প্রশন্ত, ও বাহিরে-বেরকরা চোথ থাকে তবে তাহাতে এই স্থৃচিত হয় যে সেই লোকের দৃঢ়তা অপেক্ষা একগুঁষেমি বেশি; সে অতাস্ত ভোঁতা ও নির্নিদ্ধ—কিন্তু বিজ্ঞতার ভাণ করে; আসলে হৃদয়-হীন কিন্তু আপনাকে হৃদয়বান বলিয়া লোকের কাছে জানাইতে ইচ্ছা করে। এক এক সময়ে হঠাৎ তাহার ভাবের তীব্রতা হয়—কিন্তু উহা হৃদয়য়র স্থায়ী স্বাভাবিক ভাব নহে।"

চোখের স্থায়ী সাধারণ ভাব-প্রকাশক চিহ্ন-সম্বন্ধে মোটামুটি ছুই চারিটা কথা বলা গেল। তার পর হাসি কালা, রাগ দ্বেম প্রভৃতি বিশেষ বিশেষ অবস্থায়, চোখের ভাবের কি প্রকার পরিবর্ত্তন হয়, তাহা এ প্রতাবে উল্লেখ করিলে বাছলা হইয়া পড়িবে। তাই আপাততঃ ক্ষাস্ক হওয়া গেল।

ভুরু।

ভূকর বোগে চোথে নানা প্রকার ভাব প্রকাশ হয়—এই জন্ম ভূকর বিষয় এখানে একটু বলা আবশ্রক। নানা রক্ষের ভুক্ন স্চরাচর দেখা যায়। কারও ভুক্ন ঘন, কারও সক্ষ, কারও স্ক্র্ম কারও স্থূল, কারও মস্থা কারও কর্কশ, কারও সোজা কারও ধ্যুকের মত বাঁকা, কারও বা ভুক্ন টেড়া ভাবে কতকদুর উঠিয়া আবার চালু হইয়া নামিয়াছে।

সাধারণতঃ বাঁকা ভ্রুতে মেয়েলি ভাব ও সোজা ভ্রুতে পুরুষ-চরিত্রের লক্ষণ প্রকাশ পায়। বাঁকা ভূরু, সোজা ভূরু অপেক্ষা দ্বেথিতে স্থান্দর। স্ত্রীলোকদিবের মধ্যেই বেশির ভাগ বাঁকা ভূরু দেখা বায় ১

যদি ভূক ধনুকের মত খুব বাঁকা হয় এবং বাহার ঐরপ ভূক সে যদি উহা কুঞ্চিত করিয়া ঘন ঘন উপর দিকে উঠায়, তাহা হইলে এই প্রকাশ পায় যে সে বাক্তি, গর্কিত, ভাবুনে, অত্যাক।জ্জী, সোঁলর্যানুরাগী, ও সে খুব জাঁকজমক ভাল বাসে।

নীচু, বাহিরদিকে ঝোঁকা, বারগুা-বেরকরা ভূকতে বিচার-শক্তি, বুদ্ধির স্ক্রতা, চিস্তার গভীরতা, ও গবেষণা-শক্তি বিলক্ষণ প্রকংশ পায়। ডাক্রইন, গ্লাডটোন্, সর্ উইল্ফ্রিড্ লসন্—লিবিংষ্টন প্রভৃতি অনেক বড়বড়লোকদিগের এইরূপ ভূক।

ভুক্ন চোথের কাছাকাছি থাকিলে, চরিত্রের দৃঢ়তা, গভীরতা, এক-নিষ্ঠা প্রকাশ পায়। বিদ্যাদাগর মহাশয়ের ছবি দেখ।

আর, চোথ হইতে ভুরু যার যত উদ্ধে থাকে সেই পরিমাণে তার চপলতা, উদ্যম-অধ্যবসায়ের অভাব প্রকাশ পার।

যাদের ভূক খুব পাতলা ও চোথ হইতে দুরে তাদের হৃদয়ের আগ্রহ ও শক্তি কম। যাদের এইরূপ ভূক তারা কথনট দৃঢ়মনস্ব, স্ক্রবুদ্ধি, উদ্ভাবনী-শক্তি-সম্পন্ন, কিছা গভীর চিস্তানীল হয় না।

সৃত্য ও সমান ভূকতে এই প্রকাশ পায় যে যাহার ঐরপ ভূক তাহার মন উচ্চ ভারাপার, বাহা বিষয়ের ভাব সহজে ও শীঘ্র তাহার মনে অন্ধিত হয়—বুদ্ধি পরিষ্কার, ও চরিত্রে সামগ্রস্থত-ভাব আছে। ভুক স্থন্ম অথচ অসমান হইলে, বিরক্তি-প্রবণ্তা ও উত্তেজনশীলতা প্রকাশ পায়।

ঘন ও খুব স্পষ্টবাক্ত ভূকতে এই প্রকাশ পার যে বাহার এইরূপ ভূক তাহার শরীরে অস্থি ও মাংসপেশীর প্রাবল্য—তাহার চরিত্রের বল ও সহিষ্ণুতা আছে—অধ্যবসায়, মনের আগ্রহ, এবং বাধাবিল্লের সহিত সংগ্রাম করিবার ক্ষমতা আছে।

এই প্রকার ভুরু আবার যদি কর্কশ হয়, স্থূল হয়, অসমান হয়, তায়।
হইলে ইহাতে চরিত্রের অসামঞ্জন্ত, হৃদয়ের কঠোরতা ও নিষ্ঠুরতা প্রকাশ
পায়। ভ্রুয়্গল পরস্পর হইতে খানিকটা ছাড়াছাড়ি করিয়া থাকিলে
ইহাই প্রকাশ করে যে, যাহার ঐরপ ভুরু তাহার হৃদয়ভাব থুব তীত্র
—তাহাদের ইন্দ্রিয়বোধ খুব ফ্রন্তগামী এবং বাহ্ বিষয় তাহাদের মনে
শীল্র অক্ষিত হয়।

বরিশালের পত্র।

বরিশাল কি রকম স্থান, এ অঞ্চলে আমার জাহাজের কাজ কেমন চল্চে জান্তে চেয়েছ। এখানে এসে এখানকার অবস্থা এই অল দিনে যত দুর জান্তে পেরেছি সংক্ষেপে ভাই ভোমাকে লিখ্চি।

বরিশাল সহরটি দেখতে অতি স্থলর। সাম্নে দিয়ে একটা নদী বয়ে যাচেচ। নদীটি তেমন বড় নয়। নদীর ঘাটে অনেকগুলি বজ্রা ও নীকা বাঁণা থাকে। আর এখন-ত রোজ্বই আমাদের ষ্টিমার যাতা-য়াত করচে। নদীর ধার দিয়ে বরাবর একটা পাকা রাস্তা গিয়াছে, এই বাস্তায় দাহেব স্ববোরা গাড়ি চড়ে হাওয়া খান—অনেক ভদ্রলোক সকালে বৈকালে এখানে বেডাতে আসেন। এই রাস্তার ও-ধারে কতকটা স্থান বোপে সারি সারি ঝাউ গাছ। এই ঝাউগাছগুলিতে নদীর ধারের বড শোভা হয়েছে। সহরের চারিদিকেট বাগান বাগিচা। মুপারি নারিকেল ঝাউ আঁব কাঁটালের গাছে সমস্ত স্থান যেন ছেয়ে রয়েছে। চারিদিকে থেকে কোকিল পাপিয়া ডাক্চে, আর কত রকম পাথী শিদ দিচে। এই সমস্ত মিলে একটি একতান-সঙ্গীত যেন রাত দিন উচ্ছৃসিত হচ্চে। সহরের মধ্যে রাস্তার ধার দিয়ে ছোট ছোট খাল নালা গিয়াছে, তাতে সর্বাদাই জল থাকে। এই খালগুলির সঙ্গে নদীর যোগ আছে। নদীর জোয়ার ভাঁটা অমুসারে খালের মধ্যে জোরার ভাঁটা থেলে। আবার, ইতস্ততঃ ছোট ছোট ঘাট-বাধান পুষ্বিণী। খালের সঙ্গে অনেকগুলি পুষ্বিণীর গোগ আছে। তাই তাদের জলও ভাল থাকে। এতেই বুক্তে পারচ, এখানকার লোকের क्लक्ष्ठे नाहे। आत, थाल क्लाबाद डींगे रुख्याय मरुदाद भवला नव ধুয়ে যায়। এতেও লোকের স্বাস্থ্য অনেক ভাল থাকে। এথানে মধ্যে মধ্যে তোপের মত শব্দ শুন্তে পাওয়া যার—কেন যে এ শব্দ হয় তার

প্রকৃত কারণ কেউ ঠিক করে বলতে পারে না। কেউ কেউ বলেন, বঙ্গোপসাগরে যে অতলম্পর্শ আছে সেইখান থেকে শক হয়। সাগা-রণের মধ্যে সংস্কার এই যে, লঙ্কার রাবণ রাজার বাড়ীর দরজা পড়ে, তাই এই রকম শব্দ হয়। এ অঞ্চলটাই নদনালায় পরিপূর্ণ। তাই জায়-গাটা একট সাঁাৎসেতে, কিন্তু ভারি উর্বরা। এথানে যেমন ধান হয় এমন মার কোথাও না। সমস্ত বালাম চাল এ প্রদেশ থেকেই কলি-কাতায় চালান হয়। এই এক ফদলের উপরেই চাষাদের নির্ভর। অন্ত ফদল বে এখানে হতে পারে না ভা নয় ৷ কিন্তু এই ধান এত প্রাচুর পরিমাণে হয় যে তাহাতেই তাদের গুজুরান চলে যায়। তাই তার্রা অন্ত ফদল তৈরি করিতে মনোযোগ দেয় না শিক্ষাও করে না। একজ্বন ভদ্রলোক আমাকে বলছিলেন, এমন কি লাউ কুমড়ার গাছটা কি করে লাগাতে হয় তাও অনেকে জানে না। চাষারা এত আল্সে যে তাদের শেখাতে গেলেও শিখতে চায় না। ধান তৈয়ারি করতেও বেশি পরিশ্রম করতে হয় না। বীজ ছড়িয়ে দিলে প্রায় গাছ আপনি হয়ে উঠে। গাছ তৈরি হওয় পর্যান্ত তবু একরকন ভারা পরিশ্রম করে- কিন্তু একবার তৈয়ারি হলে কাট্রার পরিশ্রম আর তারা স্বীকার করতে চায় না। অন্ত প্রদেশের লোক এদে তাদের ধান কেটে দিয়ে যায়। আর তার দরুণ তাদের প্রসা দের। এরপ অভুত রীতি-ত আর কোন প্রদেশে দেখতে পাওয়া যায় না।

এখানকার ভূমিতে যে অনেক প্রকার ফসল হতে পারে তার সন্দেহ
নাই। এক জন ভদ্রলোক বলেছিলেন, তিনি কাঠা-কতক জমিতে
এরোকটের গাছ আর্জিয়ে এক শত টাকা লাভ করেছিলেন। এখানে
স্থপারি ও নার্কেল খুব জ্বারে। এ অঞ্চলে নলচিটি ও ঝালোকাটি
কারবারের প্রধান স্থান। নলচিটি থেকে অনেক স্থপারি কলকাতার ও
েক্সনে চালান হয়। সেই জন্ম অনেক মগ্ ও চিনে সেখানে এশে

वाम करत । बालाकां एथरक नात्रकन, ठान, कार्य, त्वान हानान হয়। বরিশাল সহর থেকে মাল বড়-কিছ কলিকাতায় চালান হয় না। কিন্তু কলিকাতা থেকে কাপড়-চোপড় বাসন কোষন অনেক জ্বিনিষপত্ৰ এখানে আসে। এখানে একটি লোন-আফিদ আছে। এখানে একটি দেশীয় জ্বয়েণ্ট ষ্টক কোম্পানা কর্ত্তক এই আফিস্টি স্থাপিত হয়। প্রায় লক্ষ টাকা ইহার মূল্দন। এ অঞ্চলে টাকার স্থল অতান্ত বেশি। কিন্তু উহাঁরা শতকরা ২৪ টাকার বেশি স্থদ লয়েন না। হ-বাবু এই আফিসের कार के ताक विशा गांग करत । इंशत कार्या देन भूरण तान-आभि-সের কাজটি বেশ চলচে। তিনি বল্লেন, এইরপ বাঙ্গালী জয়েণ্ট উক্ কোম্পানী স্থাপিত অনেকগুলি লোন আফিনও পূর্ব্ব বাঙ্গালা-অঞ্চলে আছে ও বেশ ভাল রকম চলচে। কিন্তু বাঙ্গালী জ্বয়েণ্ট ষ্টকু কোম্পানির দারা চালিত অক্ত কারবার তেমন এখানে স্কুসিদ্ধ হতে পারে নি। জয়েণ্ট ষ্টক্ কোম্পানি কর্ত্তক চালিত কারবার বাঙ্গালীদের মধ্যে তেমন ভাল চলে না, তার অর্থ এই যে, অংশিদারগণ তেমন মনোযোগ, ষত্ন ? আগ্রহের সঙ্গে যোল আনা আপনার ভেবে কাজের তত্ত্বাবধান করেন ना। একজন धनी दश्र छ। ১०० होका कि ১००० होकात अश्म क्र श করেছেন। তিনি মনে করেন, একশত টাকা কি এক হালার টাকা গেলে তিনি মারা যাবেন না. কার্যানির্বাহ-সমিতিতে তাঁর না গেলেও হয়; যিনি Manager আছেন তিনিই তো সব কর্চেন—ওর জন্ম এত ভাবনা কি; সমস্ত কারবারটা যদি একলা আমার হত তাহলে বেশি দেখতে শুন্তে হত বটে। এই রকম মনের ভাব হওয়ায় অনেক Director অর্থাৎ কর্ত্তা-অংশিদার কার্য্যনির্ব্বাহ-সমিতিতে উপস্থিত হন না। হরকান্ত বাবু বল্লেন, উপস্থিত সভ্যের নির্দিষ্ট সংখ্যা পূরণ হয় না বলে' অনেকবার সভার অধিবেশন স্থগিত করতে হয়: যতটা আপনার

স্বার্থ দেই পরিমাণে আমাদের কালে বদ্ধ ও আগ্রহ হয়-সকলের সমবেত চেষ্টায় একট। বুহৎ কারবার চলচে এবং এই সাধারণ কার্য্যটা যাতে ভাল চলে তার দরুণ আমাদের প্রত্যেকের যোল আনা নিজের কাল মনে করে মনোযোগ দেওয়া কর্ত্তবা. এই রকম মনের ভাব আমাদের হয় না। যাকে বলে Public spirit অর্থাৎ "দার্বজনিক কাজে উৎদাহ", আমাদের মধ্যে এখনও তার বিলক্ষণ অভাব আছে। এই উৎসাহ ইংরাজদের মধ্যে প্রবল থাকাতে তাদের এত উন্নতি। হ—বাবু বল্ছিলেন, আমাদর শিক্ষিত লোকদের —বিশেষত চাকরে শ্রেণীদের মধ্যে আর একটি দেখি আছে। যদিও বা কোন গতিকে তাঁরা একটা কারবার আরম্ভ করেন. তাঁরা পদে পদে ভর পান। তাঁরা মনে করেন, "বাণিছে। বৃদতে লক্ষী"---অতএব কারবার করে' যদি তাঁরা রাতারাতি বড় মানুষ না হতে পার্ণেন তবে ও কথার সার্থকতা কি ? তার একটু এদিক ওদিক হলেই গোলবোগ বেধে যায়। প্রথমে একটু ক্ষতি দেখলেই তাঁরা ভয় পান-তাদের আর অধ্যবদায় থাকে না—তারা তাড়াতাড়ি কারবারট। উঠিয়ে দেন। কিন্তু আমাদের অশিক্ষিত মহান্ধন শ্রেণী এ বিষয়টা ভাল বুয়ে। হ--বাবু বল্লেন, বরিশালে একজন মহাজনের কারবার ছিল। কারবারে এক সময়ে অনেক লহনা বাকী পড়ে। ধনী তাহাতে বড় উৎক্ষিত হয়ে পডেছিলেন। ভার যে গদিয়ান ছিল, সে বলিল, আরও কতক টাকা আপনাকে এই কারবারে দিতে হবে, তা হলে আমি শুধ্রাতে পারব। थनी मारम करत' (मरे होका निरमन। ध्यम वित्रभारमत मर्था छात्रे व्यथान (माकान । कांत्रवांत शूव कलां । हरत्र डिर्फरह । इ-वांबुरमत বেঙ্ক ফেল হওয়ায় বাজালী দিগের মধ্যে একটা নৈরাশ্র উপস্থিত হয়েছে। বাঙ্গালীদের মধ্যে স্করেণ্টপ্টক প্রণালীতে কোন কারবার হতে পারে না এইটে সকলের বিশাস হয়ে পড়েছে। আসল কথা, কাজের ভাল ৰন্দোবন্ত থাকলে বেষ্টা ফেল হত না। বাস্তবিক আমাদের সাহস ও

অধাবদায় অতাস্ত কম। আমরা বড়ই দাবধানী জাত। অতি-দাবধানটা ভাল নয়। ইংরাজেরা আমাদের বুঝে নিয়েছে। তুমি অবশ্র জ্ঞান এখানে আমার ধেমন জাহাল চলচে তেমনি ফ্লোটিলা কোম্পানি নামক একটি ইংরেজ কোম্পানিরও জাহাল চলচে। আমাদের উভয়ের মধ্যে থব প্রতিদ্বন্দিতা। ফ্রোটলা কোম্পানির অনেক খরচপত্র—লোক জনের বায়, কিন্তু ভারা প্রায়ট যাত্রী পায় না ৷ অধিকাংশ যাত্রী আমাদের জাহাজে যায়। তাদের বিস্তর ক্ষতি হচেচ তবু তারা সমান নিয়মিত ভাবে জাহাজ চালাচ্চে -যত্নের একট ক্রটি কিছা শৈথিলা করে না; আর তারা প্রকাশ্র ভাবে বলে—বাঙ্গালীর অধ্যবসায় নাই, তাহারা আমাদের সহিত প্রতিম্বন্দিতা করে' কতদিন জাহাজ চালাতে পারবে। এখানে আমাদের জাহাজ যাতে স্থায়ী হয় তার জন্ম এখানকার লোকের-বিশেষতঃ ইস্কুলের ছাত্রদের অপরিসীম উৎসাহ ও বত্ব। এমন উৎসাহ আমি কখন দেখিনি। তাদের ভাব দেখে চমৎক্রত হতে হয়। প্রতাহ খুব ভোরে আমাদের জাহাজ এখান থেকে যাত্রী নিয়ে খুলনায় যায়। ফ্রোটিলা কোম্পানীর জাহাজও সেই সময় যায়। পাছে আমাদের জাহাজে লোক না গিয়ে প্রতিপক্ষের জাহাজে যায় এই জ্বন্ত কতক-গুলি ভদ্রলোক ও কুলের ছাত্র রাত্তি ৪টার সময় উঠে দলবদ্ধ হয়ে উৎসাহের সহিত ভাহাজের ঘাটে প্রতাহ উপস্থিত হন ও যদি কোন যাত্রী প্রতিপক্ষের জাহাজে যেতে চার, তাকে অনেক প্রকার বুঝিরে এমন কি, পায়ে পর্যান্ত ধরে ফিরিয়ে আনেন-ধেখানে জালি লোটে করে প্রতিপক্ষের জাহাজে লোক উঠছে—দেখান পর্যান্ত গিয়ে তাদের বুঝাতে থাকেন। "আমাদের কথাটি একবার শুমুন, ভারপর যে জাহাজে ইচ্ছা হয় যাবেন। আপনারা বাঙ্গালী, বাঙ্গালীর জাহাজ থাকতে কেন আপনারা ইংরাজদিগের জাহাজে যাবেন ? দেশের টাকা দেশে থাকে এটা কি প্রার্থনীয় নহে ? প্রতিপক্ষের জাহাজে স্বদেশীয়দিগের

প্রতি কুবাবহার করা হ'ত, অপ্যান করা হ'ত--আমাদের নিমন্ত্রণেই. আমাদের আহ্বানেই ঠাকুর বাবুরা এখানে জাহাজ এনেছেন—তথন কি আপনার ও-জাহাজে বাওয়া উচিত ?" "হাঁ বটে, যা বল্লে তার উত্তর नांडे, हल के बाहारक या उबा याक"-- वह वरल' यांबोबा आवात आधारमत জাহাতে অনেকে ফিরে আসেন। একটি বারবংসর বয়স্ক বালক খাটে গে দিন বক্তৃতা দিয়েছিল। "হে ভাই সকল, তোমরা আপনার জাহাজ থাকতে পরের জাহাজে যাইবানা। উহাদের ঐ যে জাহাজ দেখিতেছ উহার যেরূপ গঠন তাহাতে একট বেশি বাতাস উঠিলেই দোছলামান হট্যা জলগর্ভে নিমগ্ন হটবে। তাহার সাক্ষী দেখ, উহারা এখানে জাহাজ রাখিতে পারে নাই-ওপারে লইয়া গিয়াছে এবং এই বাতাদেই দোহল্যমান হইতেছে; যদি তোমরা প্রাণ বাঁচাইতে চাও-ত ভাই-সকল ঐ জাহাজে যাটবা না"—এই কথা গুনে নীচশ্রেণী লোকদের ভয় হল— মার প্রতিপক্ষের জাহাজে তারা গেল না। ঝড হোক—বৃষ্টি হোক —রৌজ হোক—যে কোন বাধা হোক কিছুই না মেনে তাঁহারা জাহাজের সিটি (বাঁশিরভাক) শুনবামাত্র দৌডে ঘাটে এসে উপস্থিত হন। তাঁহারা বলেন আমাদের জাহাজের দিটি তাঁহাদের এমন মিষ্টি লাগে ও তা ওনতে (পলে তাঁদের অমন আফলাদ হয় যে তাহা বলবার নয়। বন্ধদের স্থপরিচিত গলার স্বর দূর হতে শুনলে যেমন বুঝা যায় কে আসচে তেমনি সিটি গুনলেই কোন জাহাজ আস্চে তাঁরা বুঝতে পারেন। ঐ আজ "ভারত" আস্চে, ঐ "লর্ড রিপণ" আস্চে, ঐ "বঙ্গলন্মী" আদছে, ঐ "স্বদেশী" আদছে—এই বলে সকলে উৎসাহের সহিত হাস্ত-मृत्थ पनवक्ष इत्य चाटि अत्म उनश्चित इन । तम पिन अक्बन वन्हित्नम, "বেমন বুলাবনের শ্রীক্লফের বংশিধ্বনিতে হাদর আক্লষ্ট হত, সেইরূপ তাদের ও হৃদর আকৃষ্ট হয়"। আবার প্রতিপক্ষের জাহাজের নাম পর্যান্ত 'তারা সহতে পারেন না—তার সিটিও তাঁদের কাণে অতাস্ত কর্কশ

লাগে। প্রতিপক্ষের জাহাজ যদি কোন দিন যাত্রী পায়--সে দিন তাদের আপ্রোস্কের আর সীমা থাকে না।

সে দিন আমাকে অভ্যর্থনা কর্বার জন্ম এখানে যে একটি বৃহৎ
সভা হয়েছিল, তাতে একটি বক্তা আমার ষ্টিমারের উল্লেখ কর্তে কর্তে
হঠাৎ আপনাকে সম্বরণ করে বল্লেন—"তাঁর ষ্টিমার ভুলক্রমে বলেছি—
ইহা তো আমাদেরই ষ্টিমার"—এই কথাটি আমার বড়ই ভাল লেগেছিল। সে দিন সে সভায় অনেক লোক একত্র হয়েছিলেন—একটি
প্রকাণ্ড গৃহ লোকে পূর্ব হয়ে গিয়েছিল। এখানকার হাকিম, উকীল
জমাদার দোকান্দার মহাজন অনেকেই উপস্থিত ছিলেন। এখানকার
প্রধান জমীদার শ্রীযুক্ত বরদাকান্ত রায় সভাপতির আসন গ্রহণ করেছিলেন। অনেকগুলি স্ববলা সেদিন বক্তৃতা করেছিলেন। সে দিন
ছাত্রদিগের আহলাদ ও উৎসাহের সীমা ছিল না। তারা আপনারাই
সভার বিজ্ঞাপন ঘরে ঘরে গিয়ে বন্টন করেছিল, গাছের পাতা দিয়ে
ঘরটি স্থন্দর সাজিয়েছিল। তাদের উৎসাহ দেখলে নিরাশ প্রাণেও
আশার সঞ্চার হয়—নিরুদাম হৃদরেও উদামের ভাব আসে।

সে দিন এখানে স্থাতীয় সংকীর্ত্তন হয়েছিল। সে এক অপূর্ব্ব দৃশ্র । "জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী" অন্ধিত নিশান হাতে নিয়ে, খোল কর্স্তাল বাজাতে বাজাতে, বাছ তুলে, উৎসাহের সহিত গান করতে করতে সংকীর্ত্তনের দল—বাবুর বাড়িখেকে বৈকালে বেরুলেন—যেতে যেতে রাস্তার লোকের ভীড় বাড়তে লাগ্ল—তারপর বাজারে পৌছিলে লোকারণা হয়ে উঠল। প্রথমে লোকেরা মনে করেছিল, বৃবি কোন ধর্মসম্প্রদায়ের সংকীর্ত্তন, তাই অ—বাবু একটা টুলের উপর দাড়িয়ে এ কীর্ত্তনের উদ্দেশ্র অল্ল কথায় ও সহজ ভাষায় বেশ বুবিয়ে দিলেন—তাতে লোকেরা বেশ বুব্তে পারলে ও উৎসাহের সঙ্গে সংকী-স্থান ব্যাগ দিলে।

নগর সংকীর্ত্তনের যে কি মাতানে ভাব আমি সে দিন বেশ ব্যুতে পারলেম—এইরূপ জাতীয় সংকীর্ত্তন যদি নগরে নগরে প্রামে গ্রামে গাওয়া হয় তাহলে বড়ই উপকার হয়। সাধারণের মধ্যে জাতীয়ভাব প্রচারের ভাল উপায় এর চেয়ে আর কিছুই নেই। যে গানটা গাওয়া হয়েছিল, সেটা নিয়ে প্রকাশ করা গেল। এই গানটায় লোকে যে কি রকম মেতে উঠেছিল, স্থর না শুন্লে শুধু কথায় বোঝা যাবে না। যাইহোক্, তরু কতকটা ভাব বুঞ্তে পারবে।

কে কোথার আছিস্ ভাই, আয়রে সকলে গাই প্রাণের সঙ্গীত আজি কাঁপায়ে গগন। বেঁধে আজি প্রাণে প্রাণে, শত কণ্ঠে একতানে সবে মিলে গাই গীত মৃত সঞ্জীবন।

> একতালা। -

(৪ ভাই) দেখ সব্ ঘুমিয়ে, আচেতন হয়ে,
দেশের দশা একবার, করেনা স্থরণ।
থিকবার চায়নারে কেউ নয়ন মেলো
থিকিরে কাল নিজা এল)
(মোরা) সবারে জাগাব, ছর্দশা ঘুচাব,
নিজাগত প্রাণে, আনিব চেতন।
থিলোর ছঃখ নিশি অবসানে
(মহারাণীর স্থাসনে)
(ও ভাই) ভিন্ন ভিন্ন জাতি, মিলো দিবা রাতি,
ভাই ভাই হয়ে, করিব সাধন।

[মিলে প্রেমস্থতে প্রাণে প্রাণে]

দেশ্বে দেশে দেশে, এ ভারতে মিশে,

কত জাতির হল, প্রেমেতে মিলন।

[ওরে এমন শোভা দেখ্বে কোথা]

রূপক।

আহা, জননী জন্মভূমি, স্বর্গাদপি গরীয়দী, ভাবে মেতে কোটা কঠে কর উচ্চারণ।

মনর্গই---একভালা।

শক্ত মিত্র মিলে, ঘরের বিবাদ ভূলে,

গলাগলি হয়ে গাইরে।

(আজি) দেশের কাজে মোরা, হয়ে মাভোয়ারা,

স্বার্থের কথা ভুলে যাইরে।

[দেশের প্রেমে মত্ত হয়ে]

(মায়ের চরণ দেবায়)

(করি) হয়ে এক মন, মায়েরই কীর্ত্তন,

(মোরা) পঁচিশ কোটা প্রাণী ভাইরে।

বিংশতি জাভিতে, বিংশতি ভাষাতে,

মেদিনী কাঁপায়ে গাইরে।

ক্ষ্ম ভারত জননী ব'লে

(সমস্বরে সবে)

থাছাজ-একভালা।

একস্থতে বাধিয়াছি সংস্রটা মন,

क कार्या मॅ शिश्रां कि महत्व कीवन ।

আস্থক সহস্ৰ বাধা, বাধুক প্ৰেলয়,

আমরা সহস্র প্রাণ রহিব নির্ভয়।

আ্মরা ভরাইব না ঝটকা ঝঞায়,

অযুত ভরঞ্চ বক্ষে সহিব হেলার।

টুটে ত টুটুক এই নশ্বর জীবন,
তবু না ছিঁড়িবে কভু এ দৃঢ় বন্ধন।
তাহলে আস্ক্ক বাধা, বাধুক প্রলয়,
আমরা সহস্র প্রাণ রহিব নির্ভয়।

রূপক।

নব উদ্যম দেখিয়ে সবে, চমকিত হয়ে ক'বে বৃঝি ভারত হবে আবার, জগত ভূষণ।

ं बूलन।

(ওরে) চরিদিকে সবাই জেগে তোরাই ঘুমে রলি
স্থা তোরাই ঘুমে রলি।
নবীন আলোয় হাস্ছে ধরা দেখ্রে নয়ন মেলি।
(চেয়ে দেখ্রে ও ভাই)

ছিছি, কাজের বেলা ভোরের বেলা ঘুমে বিভার হলি !

[ক্ষেগে আয় আয়রে ভাট]

• (ওরে এমন দিন আর পাবি নারে)

ং (ওরে এমন । দন আর পাবি নারে) হায়রে ঘুমের ঘোরে বুঝলি নারে কি ছিলি কি হলি।

(একবার ভেবে দেখরে ওভাই)

ছিছি এতকাল ঘূমিয়ে আছিস্ তবু না জাগিলি। (একি হ'লয়ে ভাই)

হায়রে জেগেও বুঝি জাগলি নারে, কেন এমন হলি।

ে একবার উঠ উঠ সবে)

এস মহানিজা ভেঙ্গে করি কোলাকুলি। (জয় ভারত বলেরে ভাই) এগ দলাদলির বাধন খুলে বাধি গলাগলি।

(ভারতমাতার নিশান তুলে)

(আর দেরি করিস্ নারে)

(একবার আয় আয়রে সবে)

রূপক।

দবে এক প্রাণ হয়ে, ভগবানের নামটি লয়ে, দেশের মঙ্গল সাধনে, কর প্রাণপণ।

वीत-अननी।

অধিকাংশ বড় লোকের জীবন-চরিত পাঠ করিলে দেখা যায়—
তাঁহাদের মাতার চরিত্রে দে সকল মহত্বের লক্ষণ ও সদ্প্রণ বিদ্যমান
ছিল তাহাই পুজেরা মাতৃহগ্রের সহিত আত্মসাৎ করিয়া মহত্ব-শিথরে
আরোহণ করিয়াছেন। ইহার ভূরি ভূরি দৃষ্টাস্ত আছে। ক্রমশঃ তাহার
এক একটী দৃষ্টাস্ত আমরা পাঠকবর্গের সমকে অর্পণ করিব। কোন
জাতিকে উন্নত করিতে হইলে প্রথমে সেই জাতির স্ত্রীলোকদিগকে উন্নত
করা আবশ্রক। এই জ্বন্ত আমাদের দেশে স্ত্রীশিক্ষা নিতান্ত প্রয়োজনীয়। যে দেশের স্ত্রীলোক অজ্ঞান কুসংস্কারে আচ্ছন্ন, দাসত্ব প্রতে
রত, সে জাতির মধ্যে বড় লোকের আবির্ভাব ছর্লভ। স্ত্রীলোকেরা
নিজে বড় লোক বলিয়া প্রথাত না হইতে পারেন, কিন্ত পুরুষ দিগকে
বড় লোক করিয়া তোলা তাঁদের কাজ; তাঁহাদের সন্তানসন্ততির
চরিত্রোৎকর্ষ সাধন করিতে পারিলে তাঁদের জীবনের সার্থকতা অনেক
পরিমাণে সংসাধিত হয়। ওয়াসিংটনের মাতার জীবন চরিত পাঠ
করিলে এই কথাটি বিলক্ষণ প্রতিপন্ন হইবে।

গুরাসিংটনের মৃত্যার স্বামী-বিষোগ হইলে পর, তাঁহার শিশু সন্তা-নের লালন পালন ও শিক্ষার ভার সমস্ত তাঁহার হৃদ্ধে পড়িল। এই সঙ্কট-কালে তিনি তাঁহার পুত্রকে যে রূপে লালনপালন করিয়াছিলেন, যে প্রণালীতে শিক্ষা দিয়াছিলেন, যে সকল মহত্বের বীজ তাঁহার কোমল মনে রোপণ করিয়াছিলেন তাহারই গুণে আমেরিকার স্বাধীনতা-প্রতিষ্ঠাতা—আমেরিকার উদ্ধার-কর্ত্তা মহাত্মা জর্জ ওয়াসিংটন তাঁহার ভবিষাৎ জীবনে এত যশ-কীর্ত্তি খ্যাতি-প্রেতিপত্তি লাভ করিতে সমর্থ হইয়াছিলেন।

অর্জ ওয়াসিংটনের পিতৃ-বিয়োগের সময়, তাঁহার বয়স বার বৎসর

মাত্র ছিল। ওরাসিংটন বলিতেন, তাঁহার পিতার চেহারা তাঁহার মনে পড়ে, তিনি যে তাঁহাকে আদর করিতেন তাহাও মনে পড়ে, তাঁহার বিষয় আর কিছু তিনি বলিতে পারেন না—কিন্তু তাঁহার যশকীর্দ্ধি সোভাগ্য সমস্ত মাতার স্নেহ যত্নেই যে তিনি লাভ করিয়াছেন তাহাতে তাঁহার সন্দেহ নাই।

ওয়াসিংটনের মাতা গৃহ-ক্ত্রী ছিলেন ও তাঁহার কর্তৃত্ব গৃহের মধ্যে অক্ষ অটল ছিল; গুহের মধ্যে পরিপাটি শুল্পলা বিরাজ করিত। মাতার নিকট শিশু সন্তান যেরূপ প্রশ্রের পাইয়া থাকে, যেরূপ আব্দার পাইয়া থাকে তাহা ওয়াসিংটন পাইয়াছিলেন—কিন্তু তাহার সহিত সংযম ও আত্মসম্বরণেরও শিক্ষা পাইয়াছিলেন। তাঁহার মাতা কোন বৈধ শৈশব-স্থলভ আমোদ আহলাদ হইতে তাঁহাকে বঞ্চিত করিতেন না, কিছ কিছুই অতিরিক্ত করিতে দিতেন না। এই রূপে আমেরিকার ভাবী কর্ত্তপুরুষ মাতার নিকট আজ্ঞা পালনের শিক্ষা পাইয়া আজ্ঞা দিবার অধিকারের উপযুক্ত হইয়াছিলেন। ওয়াসিংটনের মাতা পুত্রকে যথেষ্ট স্বাধীনতা দিয়াও গুরুজন-স্থলভ কর্তৃত্ব ছাড়েন নাই, এমন কি ওয়াসিংটন যথন প্রখ্যাত বড় লোক হইয়া উঠিলেন তথন ও তাঁহার মার্তী নিব্দ কর্তৃত্ব পরিত্যাগ করেন নাই। সেই কর্তৃত্ব যেন এইরূপ ভাবে বলিত, "আমি তোমার মাতা—আমি তোমাকে পদচালনা করিতে শিখাইয়াছি—আমার মাত্তলেহে তোমার ভালবাস৷ আকর্ষণ করিয়াছে—আমার কর্ত্ব তোমার উচ্ছখলতা দমন করিয়াছে; এখন তোমার বতই বশকীর্ভি হউক না কেন, (ঈশ্বরের নীচেই) তোমার প্রদা ভক্তি আমার প্রতি প্রযুজ্য।"

ওয়াসিংটনও তাঁহার জীবনের শেষ পর্যাস্ত এই কথা রক্ষা করিয়াছিলেন।

ওয়াসিংটনের একজন শৈশব-সহচর ওয়াসিংটনের মাতৃ-গৃহের এইরূপ বর্ণনা করিয়াছে। "আমি ওয়াসিংটনের সমপাঠী ও থেলার সাধী ছিলাম। আমি ওয়াসিংটনের মাতাকে বেরূপ ভয় করিতাম, সেরূপ ভয় আমার নিজের পিতামাতাকেও করিতাম না। তিনি খ্ব দয়ালু ছিলেন—তার অক্তর্ম দয়ার মধ্যে থাকিয়াও কেমন তাঁহাকে দেখিলে একটা সমীহ হইত। এখন-ত আমার চুল পাকিয়াছে—আমার নাতী-পুতী হইয়াছে—তবু বদি এখন আমি তাঁহাকে হঠাৎ দেখিতে পাই, আমার মনে কেমন এক রকম অবর্ণনীয় ভাব উপস্থিত হয়। আমেরিকার পিত্স্থানীয় ওয়াসিংটনকে দেখিলে য়েমন ভয়মিশ্র ভক্তি ভাবের উদয় হয়, সেইরূপ তাঁহার গৃহকর্ত্রী গৃহলক্ষ্মী মাতাকে দেখিয়া সেই প্রকার ভাবের উদয় হয়ত।"

এই প্রকার গার্হস্থ্য-শক্তির অধীনে থাকিয়া ওয়াসিংটনের মন গঠিত ছইরাছিল।

যথন ওয়াসিংটন আমেরিক সৈত্যের প্রধান সেনাপতি পদে নিয়ুক্ত হইলেন, তথন সৈক্তমগুলীর মধ্যে প্রবেশ করিবার পূর্বেই, তাঁহার মাতাকে বিপদ আপদ হইতে দুরে ও আত্মীয় স্বজ্গনের নিকটে রাখিবার জ্বন্ত একটা প্রামে পাঠাইয়া দিলেন। তাঁহার মাতা সেই বিপ্লবের সমরে সেই প্রামে জীবন অতিবাহিত করিতে লাগিলেন। দুতেরা কথন জয়ের সংবাদ আনিতেছে—কথন বা পরাজ্বরের সংবাদ আনিতেছে—কিন্ত তিনি ঈশ্বেরের উপর নির্ভর করিয়া, জয় পরাজ্বরে অবিচলিত থাকিয়া অন্ত বীর-মাতাদিগকে নিজ দৃষ্টান্ত দেথাইয়া প্রশামিত করিতেন।

কোন এক যুদ্ধে জয়লাভ হইলে, ওয়াসিংটনের মাতার নিকট তাঁহার বন্ধুগণ আসিয়া সেই স্থান্ধ দিলেন এবং ওয়াসিংটন সম্বন্ধে মে স্কল প্রাণংসার কথা ছিল তাঁহারা যুদ্ধের পত্র হইতে পড়িয়া তাঁহাকে শুনাইতে লাগিলেন। এই স্থাংবাদে মাতা খুসি হইলেন কিছু বেশি প্রশংসার কথা শুনিয়া বলিয়া উঠিলেন—"কিন্তু মহাশয়গণ, এ বড় বেশি রকম শ্বতিবাদ—তবু আমি শ্বর্জকে ছেলে বেলায় যে শিক্ষা দিয়েছিলেম, বোধ হয় সে ভূলবে না—এত প্রশংসা শুনেও বোধ হয় সে আত্মবিশ্বত হবে না।"

প্রথম হইতে ওয়াসিংটনের মাতা যুদ্ধের ফলাফল সম্বন্ধে সন্দিহান ছিলেন; কিন্তু যথন গুনিলেন—ইংরাজ সেনাপতি কর্ণপ্রয়ালিস পরা-জিত হইয়াছেন এবং আমেরিকেরা জয়ী হইয়াছে তথন তিনি করবোড় করিয়া বলিয়া উঠিলেন "ঈশ্বরক্রে প্রণাম! এতদিনে যুদ্ধ শেষ হইল, এক্ষণ আমাদের দেশ স্থখান্তি স্বাধীনতার প্রসাদ উপভোগ করিবে।"

বধন ওয়াসিংটনের নাম জগছিখ্যাত হঠল—তাঁহার গৃহে সৌভাগ্য-রিব উদিত হইল; তখনও তাঁহার মাতার সাদাসিধা অভ্যাস ও তাঁহার সরল গান্তীর্য্যের কিছুমাত্র বৈলক্ষণ্য হয় নাই। সেই তিনি পূর্ব্বেকার স্থায় গৃহস্থালী কাজে ব্যস্ত থাকিতেন, ঘোড়ায় চড়িয়া আপনার ক্ষেত্ত পরিদর্শন করিতেন, যদিও তাঁহার টাকা কড়ি বেশি ছিল না, তবু মিতবারা হইয়া পরিশ্রমের সহিত সাংসারিক কাজ কর্মা এমন শুছাইয়া করিতেন যে তাহাতে তাঁহার কিছুমাত্র অনটন হইত না বরং তাঁহার সঞ্চিত অর্থ হইতে অনেক গরিব কালালকে দান করিতেন। ৮২ বৎসর বয়স পর্যান্ত এইরূপ গৃহস্থালী কাজ কর্ম্ম করিয়া একটি যৎসামান্ত গৃহে নিজ্ঞ চরিত্রের স্বাধীনতা ও গৌরব রক্ষা করিয়া বরাবর সমানভাবে জীবন অতিবাহিত করিয়াছেন।

তাঁহার ছেলের। ও তাঁহার নাতি-পুতিরা আসিয়া বৃদ্ধ বর্ষের উপযুক্ত কোন ভাল গৃহে যাইতে সর্মনা তাঁহাকে অমুরোধ করিত। কিন্তু তিনি তাঁহাদের এই উত্তর করিতেন 'তোমাদের ভালবাসা ও ভক্তির পরিচয় পেয়ে তোমাদের উপর আমি সন্তুষ্ট হয়েছি, এই পৃথিবীতে আমার অভাব অতি অল্প, আর, আমার নিজের রক্ষণ ভার আমি নিজেই নিতে পারি।" তাঁহার জামাতা একবার বলিয়াছিল বে সাংসারিক কাজকণ্ম নির্বাহের ভার তাঁহার উপর দিয়া তিনি নিশ্চিম্ভ হউন—তাহাতে তিনি বলিলেন "আমার দৃষ্টিক্ষীণ হয়ে এসেছে— আমার বইগুলি শুধু আমার হয়ে তুমি গুছিয়ে রেখো কিন্তু সাংসারিক কাজকণ্ম আমিই চালাবো।"

ওয়াসিংটনের মাতা অত্যস্ত ধর্ম্মনিষ্ট ছিলেন—জীবনের শেষাবস্থার তিনি আর প্রকাশ্র উপাসনা-মন্দিরে যাইতেন না—প্রতিদিন তাঁহার গৃহের নিকটবর্ত্তী পাহাড় কিন্বা গাছপালা-বিশিষ্ট কোন বিজ্ঞন স্থানে— সংসার হ'হতে এবং সাংসারিক বিষয় হ'ইতে মনকে প্রত্যাহার করিয়া ভগবানের পূজাঅর্চনা ও ধ্যানধারণায় নিযুক্ত থাকিতেন।

৭ বৎসর বিচেছ্দের পর, মাতা পুত্রে পুনর্বার সাক্ষাৎ হইল।

যুদ্ধ শেষ হইলে, ওয়াসিংটন দৈক্তসামস্ত লইয়া York Town হইতে

ফিরিয়া আসিলেন। তিনি ঘোটক-পৃষ্ঠ হইতে অবতরণ করিয়া, মাতার

নিকট উাহার আগমন সংবাদ পাঠাইলেন। এবং দৈক্তসামস্ত পশ্চাতে
রাখিয়া তিনি একাকী পদত্রকে উাহার মাতৃ-গৃহাভিমুখে চলিলেন।

তিনি জানিতেন, জাঁকজমক আড্ছরে তাহার মাতা আজ্লাদিত

হইবেন না।

গৃহক্ত্রী একাকী সাংসারিক কাজকর্ম করিতেছিলেন, এমন সময়ে শুনিলেন তাঁহার পুত্র দ্বারদেশে উপাস্থত। তিনি তাঁহার ছেলেবেলার নাম ধরিয়া তাঁহাকে সঙ্গেহ গাঢ় আলিঙ্কন করিলেন—তাঁহার স্বাস্থ্যের বিষয় জিজ্ঞাসা করিলেন—বলিলেন, যুদ্ধের ভাবনায় তাঁহার মুখে কষ্টের রেখা পড়িয়াছে—সে কালের কথা—পুরাতন বন্ধুদিগের বিষয় আনেক বলিলেন কিন্তু পুত্রের নবোপার্জ্জিত যশ গৌরবের বিষয়—একটি কথাও রাল্লিনে না!

ইতিমধ্যে গ্রামের মধ্যে, মহা ধুমধাম পড়িয়া গেল-করাসি ও

আমেরিক সৈন্তেরা, সেনানায়কগণ এবং পার্শ্ববর্তী স্থানের ভন্ত লোকেরা, বজরাকে অভার্থনা করিবার জন্য আসিয়া উপস্থিত হইল। প্রামবাসী-গণ নৃত্য আমোদ আফলাদের একটা প্রকাশু আবাজন করিল এবং বিশেষ করিয়া ওয়াসিংটনের মাতাকে নিমন্ত্রণ করিল। সকলেই মনে করিতেছিল মুরোপীয় প্রথা অমুসারে ওয়াসিংটনের মাতা নিমন্ত্রণ-স্থলে খুব সাজ্ববজ্ঞা ও ধুমধাম করিয়া আসিবেন। কিন্তু যথন তাহারা দেখিল, তাঁহার পুজের বাছতে ভর দিয়া অতি সামান্য বেশে তাহার মাতা অভ্যর্থনা-গৃহে প্রবেশ করিলেন, তথন সকলেই বিশ্বিত হইল। তাহাকে উপস্থিত নিমন্ত্রিত ব্যক্তিগণ নানা প্রকার প্রশংসাবাদ করিতে লাগিল কিন্তু তিনি কিছুতেই বিচলিত হইলেন না—এবং সেখানে কিয়ৎক্ষণ থাকিয়া বলিলেন—"তোমরা আমোদ আফলাদ কর—স্থথে থাক এই আমার আশির্মাদ —আমাদের মত বুড় মান্থবের এখন বাড়ি ফিরে যাওয়াই উচিত" এই বলিয়া তিনি সকাল সকাল বিদায় লইয়া চলিয়া গোলেন।

ফরাসিদ্ সেনাপতি লাফাইএট্ য়ুরোপে প্রস্থান করিবার সময় ওয়াসিংটনের মাতার নিকট বিদায় গ্রহণ করিতে আসায় তিনি ফরাসিদ্ সেনাপতিকে আশীর্কাদ করিলেন এবং তাঁহার মুখে পুত্তের ভ্রসী প্রশংসা শুনিতে পাইয়া বলিলেন—"জর্জ যাহা করিয়াছে তাহাতে আমি আশুর্য্য হই নাই, কারণ, সে বরাবরই খুব ভাল ছেলে ছিল।"

জর্জ ওয়াসিংটন, প্রধান মেজিট্রেট্ পদে নিযুক্ত হটয়া New York
নগরে যাইবার পুর্বের তাঁহার মাতার সহিত সাক্ষাৎ করিতে গেলেন।
তিনি তাঁহাকে বলিলেন—"মা, আমাকে সকলে একবাক্যে ইউনাইটেড্
ষ্টেট্স্ সাম্রাজ্যের সর্বপ্রধান পদে নিযুক্ত করিয়াছে; আমি সেই
কার্য্যে নিযুক্ত হইবার পুর্বেই তোমার নিকটে বিদার লইতে আসিয়াছি। নুতন শাসন প্রণালীর বন্দোবক্ত কার্য্য শেষ হইবামাত্রই

আমি শীঘ্র বর্জিনিয়াতে আসিব, আর"—তাঁহার মাতা এই সময়ে তাঁহার কথা শেষ করিতে না দিরাই বলিলেন: 'আর আমাকে দেখতে পাবে না। আমার যে রকম বয়স হয়েছে, আর যে রোগ আমাকে ধরেছে, তাতে এ লোকে আর বেশী দিন আমায় থাকৃতে হবে না। ঈশ্বরের আশীর্বাদে বোধ হয় আমি উর্ব্ভর লোকের জন্য কতকটা প্রস্তুত হয়েছি। কিন্তু তুমি যাও জর্জ, ঈশ্বর তোমার প্রতি যে মহান্ কাজের ভার দিয়াছেন তাহা সম্পন্ন কর; যাও—ঈশ্বরের আশীর্বাদ প্রতামার মায়ের আশীর্বাদ তোমাকে সর্বাদাই রক্ষা করবে।"

ওয়াসিংটনের হৃদয় বিগলিত হইল। মাতার ক্লকে তাঁহার মস্তক ন্যস্ত ছিল, বৃদ্ধ মাতা তাঁর হুর্বলৈ বাহপাশে পুল্রের কণ্ঠদেশ সেহ ভরে জড়াইয়া ছিলেন, যাহার কঠোর কটাক্ষে তেজীয়ান বাঁর-বৃদ্ধ ভরে স্তব্ধ হইয়া থাকিত, সেই নেত্র আজ লিগ্ধ ভক্তিরসে প্লাবিত হইয়া বৃদ্ধা মাতার মুখের পানে অবনত দৃষ্টিতে চাহিয়া রহিল। বাঁর পুরুষ শিশুর নাায় কাঁদিতে লাগিলেন, তাঁহার পুর্বকথা স্মরণ হইতে লাগিল— যে মাতার ক্লেহ যত্ম ও শিক্ষার গুণে তিনি যশের সর্বোচ্চ শিখরে আরোহণ করিয়াছেন, সেই মাতাকে জ্বন্মের মত বিদায় দিতে হইবে— আর তাঁকে দেখিতে পাইবেন না। এই মনে করিয়া ব্যাকুল হইয়া উঠিলেন। তাঁহার মাতা যাহা বলিয়াছিলেন তাহাই ঘটিল—পুরাতন রোগ প্রবল হইয়া উঠিল, ৮৫ বৎসর বয়ক্রমকালে তিনি মানব-লীলা সম্বরণ করিয়া স্বর্গধানে প্রস্থান করিলেন।

একটি অপূর্ব বাড়ি।

মন্থা-জাতির ইতিহাস পাঠ করিলে দেখা যায়, অসভা মানুষ প্রথমে মাটির নীচে গর্ত্ত খুঁড়িয়া বাস করিত, ক্রমে পাতার ঘর, খড়ের ঘর, খোলার ঘর প্রস্তুত করিতে আরম্ভ করিল। অবশেষে সভ্যতার যথন চূড়ান্ত উরতি হইল, তথন ইটের গাঁথনি পাথরের গাঁথনি পাকা ইমারৎ-সব প্রস্তুত করিতে লাগিল। আজ কালের-ত কথাই নাই। গৃহ-ক্রিসীর স্থথের জন্ম কত রকম স্ক্রিধাজনক আয়োজন গৃহে রাখা হইতেছে। টেলিফোন, টেলিগ্রাফ, গ্যাস, জলের কল, কত কি।

কিন্তু আর একটি অপূর্ব্ব বাড়ি আছে, সে বাড়িটি মান্থবের সৃষ্টি হওয়া অবধি চলিয়া আসিতেছে অথচ এখনকার কালের বাড়ি নির্মাণে বে সব উর্ব্বি হইয়াছে, বাড়ির অভ্যস্তরে বে সকল স্থবিধান্তনক আয়োজন প্রবর্ত্তিত হইয়াছে—সেই অপূর্ব্ব বাড়িটিতে প্রথম হইতেই তাহা আছে।

এই अপूर्स वाष्ट्रिष्टि कि वल (पिथ १-- मायू स्वत भंतीत।

আমাদের ঘরবাড়ি—ইট বাশ পাথর মাটি কত কি দিয়ে তৈরি হয়।
আবার তাহা কাদা বালি স্থরকি চুন কতকি মন্লা দিয়া গাঁথা হয়।
আমাদের শরীররূপ বাড়িটও নানা উপাদানে নির্দ্ধিত। রসায়ন
বিদ্যার সাহায্যে আমরা জানিতে পারিয়াছি এই উপাদানগুলি কি।
রসারন শাস্ত্র বলেন, অক্সিজেন ও হাইড্রোজেন এই ছই বাষ্প মিলিয়া
জল হইয়াছে এবং অক্সিজেন ও নাইট্রেজেন এই ছই বাষ্প মিলিয়া
জল হইয়াছে। একটি কাঁচের টুক্রা পরীক্ষা করিয়া রাসায়নিক পণ্ডিত
দেখিয়াছেন, সিলিসিক আসিড্ আর পোটাসা কোন নির্দিষ্ট তাগে
মিশিয়া কাচ হইয়াছে। লাল নীল ও পীত এই তিনটি মূল বর্ণের
মিশ্রণে বেরুপ অক্সান্ত রং হয় সেইরূপ কতকগুলি মূল উপাদানের
মিশ্রণে এই জগৎ নির্দ্ধিত হইয়াছে।

যত দ্র জানা গিয়াছে, ৬৩ প্রকার মূল উপাদান আছে। ইহাতে সমস্ত জগৎ নির্মিত। এই মূল উপাদানের প্রায় চতুর্থাংশ আমাদের শরীরে ব্যবস্থাত হয়। কি কি ?—না অক্সিজেন, হাইড্রোজেন, নাইট্রোজেন, কার্বন (কয়লা) গন্ধক, ফশ্ফরস্, সিলিক্ন্ (অর্থাৎ চুণ) ম্যাগনেসিয়ম এবং লোহা।

লোহা থাকাতেই আমাদের রক্ত লাল হইরাছে। চুলে, পিন্দেতে এবং শরীরের বিভিন্ন অংশে লোহা আছে। যাহাতে কাচ হয় সেই সিলিকা পদার্থ আমাদের চুলে এবং নথে পাওয়া যায়। আরএএকটি কাচের উপাদান যে পোটাসা তাহা আমাদের রক্ত মাংস পেশীতে এবং শরীরের তরল পদার্থ-সকলে পাওয়া যায়। হাড় ও দাঁতে চুন আছে।

গাছপালা উদ্ভিদ্—চ্ণ ও দিলিকা আহার করে, আমরা আবার ঐ শাক সঞ্জি উদ্ভিদ্ আহার করিয়। চূণ ও দিলিকা আত্মসাৎ করি। এই বিবিধ উপাদান সকল আমরা আমাদের থাদ্য হইতে অর্জ্জন করি। যদি আমাদের হাড় যথেষ্ট পরিমাণে চূণ না থার, আমাদের রক্ত যথেষ্ট পরিমাণে লোহা না পার, তাহা হইলেই আমাদের শরীর বেমেরামৎ হইয়া পড়ে অর্থাৎ আমরা পীড়িত হই।

আমাদের এই অপূর্ব্ব বাড়িট কি প্রকারে গঠিত হটয়াছে তাহা ভাল করিয়া আলোচনা করা যাউক।

আমাদের শরীর অসংখ্য কোষ-সমূহের সমষ্টি। অর্থাৎ ছোট ছোট থলের মত জিনিসের মধ্যে একরকম তরল থল্থলে পদার্থ ভরা থাকে। এই অসংখ্য কোষ কিম্বা থোলের দ্বারা আমাদের সমস্ক শরীর গঠিত। এই কোষ সকলের মধ্যে যে থল্থলে তরল পদার্থ থাকে তাকে ইংরাজিতে Protoplasm বলে। এই কোষ-গুলি এত ছোট যে খুব ভাল অম্বীক্ষণ না হইলে উহা দেখিতে পাওরা যায় না। এই সকল কোষ ক্রমাগত মরিরা যাইতেছে আবার নৃতন কোষ সকল প্রস্কৃত হইরা তহাদিগের স্থান নিয়ত অধিকার করিতেছে। শরীরের মধ্যে জন্ম-মৃত্যু ক্রমাগত চলিতেছে। আমাদের প্রতি-কথাতে, প্রতি চিস্তাক্রিয়াতে, প্রতি গতিতে, আমাদের শরীরের কোন-না-কোন অংশ নষ্ট হইতেছে আবার ঠিক তাহার অমুরূপ গঠিত হইতেছে। যদি এইরূপ গঠিত না হইত তাহা হইলে আমাদের প্রিয়তম বন্ধাদিগকেও অল্লক্ষণের মধ্যে আর চিনিতে পারিভাম ন।।

অল্পবয়স্ক বালক বালিকারা যথন বাড়্তির মুথে থাকে তথন এত
নূত্রক কোব তাহাদের শরীরে যোজিত হয় যে তাহারা বড় হইয়া উঠিলে
কতকট: তাহাদের চেহারার বদল হয়। কিন্তু এতটা বদল হয় না য়ে
একেবারে চেনা যায় না। মূল আদর্শের সহিত কতকটা সাদৃশ্য থাকে।
আমাদের শরীরের কোন স্থানে যদি কোন কাটা দাগ থাকে
সেইস্থানের অংশ কালে একেবারে নূতন হইয়া য়ায় বটে কিন্তু সেই
একই ছাঁচ বন্ধায় থাকে।

আমাদের এই অপুর্ব্ব বাড়িগুলি কিরূপ করিয়া তৈরি হয়, কি করিয়া নষ্ট হয়, কি করিয়া মেরামৎ করিতে হয় তাহা জ্বানা খুব দরকার।

আমাদের শরীরের কোষগুলির নির্দিষ্ট পরমায়ু আছে—সেই নির্দিষ্ট সময় উত্তীর্ণ হউলেই ভাহারা মরিয়া ধার; মরিয়া গেলে শরীর হইতে ভাহাদিগকে ধদি বাহির করিয়া না দেওয়া ধায়, তাহা হইলেই পীড়ার কারণ উপস্থিত হয়।

শরীরের চালনার এই কোষ সকল ধ্বংশ হয় এবং শরীর হইতে ঐ মৃত অংশ সকল বাহির করিয়া দিবারও স্থবিধা হয়। এই জ্বস্তুই ব্যায়াম এত উপকারী। শরীর চালনা ও ব্যায়ামের স্বারা নই কোষাংশ সকল বহিন্ধত হইলে নৃতন কোষাংশ সকলের জ্বস্তু নৃতন উপাদান সংগ্রহের আবশ্রক্তা ও আকান্ধা জ্বো। এই আকান্ধার নামই কুধা। কুধার উত্তেজনে আহার করিলে খাদ্যসামগ্রী হইতে নৃতন কোষ সকল নির্দ্মিত হয়। এই কোষ সকলকে তাহাদের নির্দ্দিষ্ট জীবনকালের পূর্ব্বেই ব্যায়ামের ছারা ধ্বংশ করিয়া ফেলা ভাল—নচেৎ যদি তাহাদিগকে বৃদ্ধ হইয়া মরিতে দেওয়া যায়—তাহা হইলে শরীরের নিশ্চেষ্টতার দরুন মৃত অংশ সকলকে শরীর হইতে বহিদ্ধৃত করা কঠিন হয়—স্কৃতরাং সেই সকল মৃত অংশ শরীরের মধ্যে আটকাইয়া থাকে এবং নানা রোগ স্থাষ্ট করে।

যদি কাজকর্ম থেলাধুলা শরীর-চালনা যথাপরিমাণে কর, যদি
সময়মত যথাপরিমাণে উপযুক্ত থাদ্যসামগ্রী আহার কর—চবদি
যথাপরিমাণে নিজা বাও, তাহা হইলে দেখিবে তোমার চির-ভঙ্কুর শরীরমন্দির যেমন ভালিতেছে অমনি আপনাআপনি আবার মেরামৎ হইতেছে
— নৃতন তৈরি হইতেছে।

বড় লোকের যা।

যথন সর উইলিয়ম জোন্সের তিন বৎসর বয়স তথন তাঁহার পিতার মৃত্যু হয়। পিতার মৃত্যু হইলে লেখা পড়া শিখাইবার ভার সমস্তই তাঁহার মাতার উপর পড়িল। সর উইলিয়ম জোন্সের পিতা নিজ্প পদ্ধীর চরিত্র এইক্ষপ বর্ণনা করিয়াছেনঃ—"তিনি ধার্ম্মিক ছিলেন, তাঁহার চরিত্র নিজ্প ক ছিলে। তিনি দাতা ছিলেন অথচ অপবায়ী ছিলেন না—মিতবায়ী ছিলেন অথচ বায়কুঠ ছিলেন না—প্রাভুর ছিলেন অথচ ঘার আমুদে ছিলেন না। চাপা ছিলেন অথচ হাঁড়িমুখো গন্তীর ছিলেন না—স্কেশিলী ছিলেন অথচ দান্তিক ছিলেন না—তাঁর ডেজ ছিল অথচ তিনি কোধান্ধ ছিলেন না—তিনি বন্ধুর বিশ্বস্ত ও পিতামাতার আক্ষাবহ ছিলেন এবং তিনি পতিপ্রাণা সতী ছিলেন।" স্বভাবত তাঁহার ক্ষিত্র তাক্ষ ছিল এবং স্বামীর সহিত বাক্যালাপে ও তাঁহার শিক্ষাধীনে তাহার আরও উৎকর্ষ হইয়াছিল। পতির শিক্ষাধীনে তিনি বীজগণিতে বিলক্ষণ বৃৎপত্তি লাভ করিয়াছিলেন।

তাঁহার একটি ভাগিনেয় নাবিকর্ত্তি অবলম্বন করিবেন ইচ্ছা প্রকাশ করায়—ভাহার শিক্ষার ভার নিজে লইবেন দ্বির করিয়া ত্রিকোণমিতি ও নৌচালন বিদ্যা ভাল করিয়া শিক্ষা করিলেন। তাঁহার স্বামীর মৃত্যুর পর তাঁহার বন্ধু ম্যাক্রেস্ফীল্ডের কৌন্টেস্ নিজ প্রাসাদে থাকিবার জন্ত ভাহাকে অনুরোধ করেন কিছু জোন্সের মাতা পাছে পুত্রের লেখাপড়ার ব্যামাত হয় এই জন্ত দে নিমন্ত্রণ গ্রহণ করিলেন না।

শিক্ষাদিবার প্রণালী এইরূপ স্থির করিরাছিলেন বে কঠোররূপে শাসন না করিরা অক্তাতসারে ও বিনা আরাসে তাঁহার পুত্রের মান জ্ঞান প্রাবিষ্ট করাইরা দিবেন। সর উইলিয়ম জোন্স কথার কথার তাঁহার মাতাকে নানাবিধ প্রশ্ন করিতেন—তাহার উত্তরে তাঁহার মাতা বলিতেন — "পড় তাহা হইলেই জানিতে পারিবে।"

এই প্রণালীক্রমে পুত্রের জ্ঞানস্পৃহা-অত্যম্ভ প্রবল হইয়া উঠিল এবং মাতাও যত্ব-সহকারে শিক্ষা দিতে লাগিলেন। ৪ বৎসর বয়সের সময় সর উইলিয়ম জ্ঞান্স যে-কোন ইংরাজি পুত্তক স্থুস্পষ্ট উচ্চারণের সহিত ক্রুতরপে পাঠ করিতে পারিতেন। তাঁহার স্মরণশক্তি পুষ্ট করিবার জ্ঞান্তরের মাতা তাঁহাকে সেক্সপিয়র হইতে বক্তৃতা ও গে-বিরচিত কথাসকল মুখস্থ করাইতেন। এইয়পে তাঁহার বুদ্ধিবৃত্তিসকল পরিচালন-প্রযুক্ত বলিষ্ঠ হইতে লাগিল। যথন ইস্কুলের ছুটি হইত তথনও তাঁহার মাতা যত্ম-সহকারে অবিশ্রাপ্ত রাতৃ-ভাষায় শিক্ষা দিতেন। তিনি তাঁহার পুত্রকে ছবি-আঁকাও শিখাইয়াছিলেন। সর উইলিয়ম জ্যোম্প যে মহা পঞ্জিত বলিয়া থ্যাতিলাভ করিয়াছিলেন, সে খেমন তাঁহার নিজের বুদ্ধির প্রভাবে, তেমনি তাঁহার মাতারও অধ্যাপনা-গুণে।

ফ্রান্সের প্রসিদ্ধ ইতিহাস লেখক ও মন্ত্রী গিল্পোর মাতা আর একটি দৃষ্টান্ত স্থল। তাঁহার ছইটি পুত্র। বড় পুত্রটির বয়স যখন ৭ বৎসর তখন তিনি বিধবা হন। তাঁহার স্থামীর প্রাণদণ্ড হইয়াছিল। স্থামীর মৃত্যুর পর তিনি কঠোর বৈধব্য ব্রত অবলম্বন করিয়া বিপদসন্থল জ্বীব-নের পথে কঠোর পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছিলেন। তাঁহার বন্ধু বান্ধব প্রতিবেশীগণও তাঁহার ছংখে ছংখিত হইয়া তাঁহার প্রতি যত্ন ও মমতা প্রকাশ করিত—তাঁহাকে সান্ধনা করিবার জন্ত সর্বাদাকৈ শিক্ষা দিবার জন্ত বন্ধুবান্ধবদিগকে পরিত্যাগ্ করিয়া জেনিবায় চলিয়া গেলেন। পুত্রের শিক্ষা সমাপন করিয়া দেশে ফিরিয়া আসিলেন। এই সময় গিজ্ঞো মাতৃগৃহ ভ্যাগ করিয়া আইন শিক্ষা করিবার জন্ত প্যারিস নগরীতে যাত্রা করিবান। মাতাকে পরিত্যাগ করিয়া করিয়া ক্রেনেন বটে কিন্ধু তাঁহার মাতার করিবান। মাতাকে পরিত্যাগ করিয়া গেলেন বটে কিন্ধু তাঁহার মাতার

অবিচলিত কঠোর সত্যামুরাগ ও ধর্মামুরাগকে তাঁহার সঙ্গের সাথী করিয়া লইলেন।

কার্লাইলের মাতা আর একটি উচ্চদরের স্ত্রীলোক। তিনি বৃদ্ধিমতী ও ধর্মিষ্ঠা। কার্লাইলের লেখায় যে সত্যামুরাগের পরিচর পাওরা যায় তাহার কারণ তাহার মাতা তাঁহার শৈববাবস্থায় অতি যত্মসহকারে সেই সকল উচ্চ ও মহান্ ভাব তাঁহার মনে রোপণ করিয়া দিয়াছিলেন। এবং এই জ্বন্ত কার্লাইল তাঁহার মাতাকে দেবতার স্থায় পূজা করিতেন বশিলেও অত্যক্তি হয় না।

শীসন্ধ প্রাক্ত-ইতিহাসতত্ত্বিৎ পণ্ডিত (Cuvier) কুবিয়ের মাতা স্থানিক্ষতা ও বুন্ধিমতী ছিলেন। তিনি অতি যত্ত্বের সহিত পুত্রকে শিক্ষা দিরাছিলেন। এই মাতৃথাণ তিনি কথনই ভূলিতে পারেন নাই। তাঁহার মাতা তাঁকে ছেলেবেলার যে সকল ফুল ভাল বাসিতে শিখাইরাছিলেন সেই সকল ফুল যদি তাঁহার কোন বন্ধু তাঁহার ঘরে আনিরা দিত, তিনি আহলাদে একেবারে অভিভূত হইরা পড়িতেন। বাঁহাদের সংস্থার, স্ত্রীলোকে লেখা পড়া শেখানো ভাল নহে তাঁহারা এই সকল দৃষ্টাস্ত আলোচনা করুন।

যোগসিদ্ধ জ্ঞান ও যোগানক।

অনেক দিন পর্যান্ত এই বিশ্বাসটি সাধারণ লোকের মধ্যে বিদ্যান্দান ছিল যে, ভাষা গঠন করা মানব-শক্তির অতীত—উহা অলৌকিক দৈব শক্তি। অগ্নির আবিদ্ধার ও ব্যবহার, গোধ্মের চাষ, আঙ্গুর হইতে মদ প্রস্তুত করা, এ সমস্ত যদিও মাহুষের চেষ্টার ক্রমশঃ হইরাছে, কিন্তু সাধারণ লোকে মনে করিত, এই সমস্ত বিশেষ বিশেষ দেবতার দান। দেবতার সংখ্যা যত হ্রাস হইতে লাগিল, প্রাকৃতিক কার্য্যকারণের জ্ঞান যত বৃদ্ধি পাইতে লাগিল, এই সকল প্রাকৃতিক বস্তুর অলৌকিকতা ওতই কমিরা আসিল। কিন্তু ভাষা সম্বন্ধে এখনও অনেকের বিশ্বাস, ঈশ্বরকর্ত্বক স্তু ভাষা আমরা একেবারেই প্রাপ্ত হইরাছি,—উহা মাহুষের স্বাভাবিক চেষ্টার ক্রমশঃ

বেমন ভাষা সম্বন্ধে, সেই প্রকার আর কতকগুলি মনোভাব সম্বন্ধে লোকের এইরূপ সংস্কার। মানুষ যখন জীবনের রহস্ত চিন্তা করে—কোথা হইতে আসিয়াছি, কোথায় ষাইব, সবিশ্বয়ে যখন এই সকল কথা ভাবে, তখন তাহার মনে হয়, ইন্দ্রিয়গত প্রত্যক্ষ-জ্ঞান ছাড়া আরও কোন উচ্চতর জ্ঞানের দার অবগ্রুই আছে। প্রাক্তিক জ্ঞান অর্জ্জনের পদ্বা অতিশয় অনিশ্চিত এবং উহা কালবিল্মসাপেক্ষ; সে পথ অবলম্বন করিতে হইলে অনেকটা ধৈর্ম্য চাই। মানুষ জীবনের রহস্ত উদ্ভেদের জন্ত নিতান্ত অধীর। তাহার ইচ্ছা, কোনও অলৌকিক উপায়ে, যদি একেবারেই সেই জ্ঞান লাভ করা যায়। এই ইচ্ছাকে চরিতার্থ করিবার জন্ত, মানুষ আধ্যাত্মিক জগৎস্থাকি নানবিধ মন্তবাদ কয়না করিয়া তাহা হইতে অলৌকিক অভিপ্রাক্তিক জ্ঞান অর্জ্জন করিবার উপায় চিন্তা করে।

বিভিন্ন কালে ও বিভিন্ন দেশে, যে সকল উপারে এই অলোকিক দৈবজ্ঞান লব্ধ ইইরাছে তাথা স্থুলরপে তিন শ্রেণীতে বিভাগ
করা যাইতে পারে। প্রথমতঃ—দেবতা কিছা দেব-দৃতের প্রত্যক্ষ
দর্শনলাভ। অমুগৃহীত ব্যক্তির নিকট দেবতারা প্রত্যক্ষ বাহু
সঙ্কেত দ্বারা কিছা দৈববাণীর দ্বারা আবিভূতি হন। দিতীয়তঃ—
অমুগৃহীত ব্যক্তির অন্তরে দেবতার অধিষ্ঠান হওরায়, তাহার দেহ ও
মনে দারুণ আবেগ ও আন্দোলন উপস্থিত হয়, সে অচেতন হঠয়।
নানা প্রকার অসম্বন্ধ প্রলাপ বলিতে থাকে—কথন বা যুক্তিযুক্ত
বাকাঁও উচ্চারণ করে। এই অবস্থাকে দশাপ্রাপ্তি বলে। তৃতীয়তঃ—
বোগ-বলে দেবাজ্ঞান লাভ। সাধক পরমাত্মার সহিত আত্মার
সাক্ষাৎভাবে যোগ সাধন করিয়া, অভূতপূর্ব্ব আনন্দের উচ্ছাসে
আত্মহারা হইয়া, লোকিক জ্ঞানের অতীত এমন সকল আধ্যাত্মিক
জগতের সত্য উপলব্ধি করেন, যাহা সচরাচর বৃদ্ধি জ্ঞানের একেবারেই অগম্য।

এই তিন শ্রেণীর দৈবজ্ঞান লাভের উপায় পর্যালোচনা করির। দেখিলে দেখা যার, এক এক ধাপ করিরা যেন উন্নতির সোপান উঠিয়াছে—যেন উহা উত্তরোত্তর অধিকতর মার্চ্ছিতভাব ধারণ করিরাছে। আফকাল, দেবতার প্রত্যক্ষ দর্শনলাভ-সহদ্ধে কিম্বা প্রলাপোক্ত দৈববাণীর সত্যতা-সম্বন্ধে শিক্ষিত লোকেরা বড় বিশ্বাস করেন না । যে ব্যক্তিবলে আমি দেবতাকে চাক্ষ্ম দেখিয়াছি কিম্বা দৈববাণী শুনিরাছি, তাহাকে পাগল বালয়াই লোকে উড়াইয়া দেয়। কেবল যোগসিদ্ধ দৈবজ্ঞানের বিষয় স্ক্সভ্য দেশের শিক্ষিত লোকেরাও অনেকে বিশ্বাস করেন।

এই বোগসিদ্ধ দৈবজ্ঞান বা আপ্তজ্ঞানের আসল ভাবটা কি ? আধ্যাত্মিক জগতের সত্য জ্ঞানিবার পক্ষে ইহাই কি নিশ্চিত উপায় --প্রকৃষ্ট সাধন ? গোড়ায় এই কথাটি যেন আমাদের স্মরণ থাকে বে, এই প্রকার দৈবজ্ঞান লাভ, কোন জাতিবিশেষের বা ধর্মসম্প্র-দায়বিশেষের নিজ্ञ অধিকার নহে। কি ব্রাহ্মণ, কি মুসলমান, কি বৌদ্ধ. কি খৃষ্টান, সকল ধর্মের উপাসকেরাই এই সাধনপদ্ধতিট অবলম্বন করিয়াছেন। শরীর হইতে—বহির্দ্ধণৎ হইতে মনকে প্রত্যাহরণ করিয়া কিরূপে ঈশ্বরের সহিত সাক্ষাৎভাবে যোগনিবদ্ধ করিতে পারা যায়, সকলেরই সেই চেষ্টা। ইহার প্রকরণটি এই-রূপ;—কোন বাহ্য পদার্গের উপর কিম্বা নাসাগ্র নাভিদেশ প্রভৃতি শরীরের অংশবিশেষের উপর দৃষ্টি স্থির রাথিয়া কোন একটি বিশেষ বিষয়ে স্থভীত্র দীর্ঘকালব্যাপী ভন্ময় চিন্তা-প্রবাহ প্রয়োগ করিতে করিতে সাধকের একপ্রকার আত্মহারা অবস্থা উপস্থিত হয়-তথ্য জ্ঞান ও বন্ধির কার্যা স্তুম্ভিত হইয়া গিয়া, আত্মজ্ঞান লুপ্ত হইয়া, মনে হয় যেন জীবাত্মা পরমাত্মাতে একাকার হইয়া গিয়াছে। তথন সেই ব্রহ্মনিমগ্ন আনন্দময় আত্মার সমকে যে সকল অনির্বাচনীয় সভা প্রকাশ পায়, ভাহা যুক্তির শুল্পালারুসারে ক্রমান্বরে উপলব্ধি হয় না, পরস্ত একেবারেই মুহুর্ত্তের মধ্যে আত্মপ্রতারের স্থার প্রতিভাত হয়।

মড্সুলি বলেন—ছ্র্ভাগ্যের বিষয় এই, এই পদ্ধতি অনুসারে যে আপ্রস্তান বা আপ্রবটন পাওয়া গিয়াছে, তাহা বিভিন্ন ধর্ম-অনুসারে বিভিন্ন প্রকার। যথন খুষ্টীয় ধর্মাবলম্বীয়া সাধন করিয়াছেন তখন খুষ্টীয় সত্য বাহির ইইয়াছে—য়খন হিন্দু সাধক সাধনা করিয়াছেন, তখন অন্ত প্রকার সত্য তাঁহার নিকট প্রতিভাত ইইয়াছে। ক্লাধকভেদে সাধনার ফল যে বিভিন্ন ইইয়াছে তাহা খুইসম্প্রদার্মিগের মধ্যেই দেখা যায়। সেণ্ট থেরেসা যেরূপ ঈশ্বরদর্শন করিয়াছিলেন, তাহার সহিত ফুইছেনবর্গের ঈশ্বরদর্শনের প্রকা হয় না। ঈশ্বরের ত্রিভ্-সম্বন্ধে উভ্রের মধ্যে পরস্পর-বিরোধী মত, আবার মুনিটেরিয়ান-সম্প্রদারের

ভক্ত সাধক বে ঈশ্বর-তত্ত্ব প্রাপ্ত হন তাহাতে খৃষ্টের ঈশ্বরত্ব বর্জ্বিত। এই পদ্ধতিটির অস্থবিধা এই বে, সত্য মূল-উৎস হইতে অবিক্বত ভাবে না আসিয়া সাধকের অবস্থা-অফুসারে একটু বিক্বত—একটু কল্বিত হইয়া পড়ে।

প্রোটাইনস সর্বপ্রথমে খৃষ্টীয়-মণ্ডলীর মধ্যে এই যোগসাধন প্রণালী প্রবর্ত্তিত করেন। হিন্দুদিগের নিকট হইতে তাঁহার যে এই শিক্ষা হইয়া-ছিল তাহার বিশিষ্ট প্রমাণ পাওয়া যায়। প্লোটাইনস্ বলেন, জ্ঞানের ছারা অনস্তস্তরপকে জানা যায় না, যেহেতু জ্ঞানের সীমা আছে। সদীম ব্যক্তির যদি অসীমকে জানিতে হয়, তবে স্মীমকে অসীমে পরিণত হইতে হয়। কেন না, অসীমই অসীমকে জানিতে পারে। যে জীবাস্থা অনস্তক্ষানম্বন্ধপ হইতে প্রাস্থত, সেই অন্তবৎ জীবাত্মা যথন আপনার কুত্র আত্মত্বের সীমা অতিক্রম করিয়া প্রমাত্মার সহিত যুক্ত হয়, তথনই সে মহানু সভ্যের অধিকারী হয়। এই তুরীয় অবস্থা প্রাপ্ত হটবার পক্ষে যোগসাধনই একমাত্র প্রকৃষ্ট উপায়। এই উপায়েই দিবাঞ্চান লাভ হয়। এই দিব্যজ্ঞান, সাধারণ জ্ঞানের ভায় স্থায়ী বস্তু নহে। ইহা মনের একটি ক্ষণিক অবস্থা মাত্র। একপ্রকার উন্মত্ত অবস্থার মধ্যে থাকিয়া দিব্যক্তানের মুলিক মাত্র বিহাতের ভায় অহভূত হয়—দেহপিঞ্চর হটতে মনবিহঙ্গ ক্ষণকালের জভ বিচ্ছিন্ন হয়—মানব-অস্তবে যে দিব্য ব্যুলিজ অধিষ্টিত, তাহার অনস্ত উৎসের সহিত সে মুহুর্তের জ্বন্ত মিলিত হয়। সোভাগ্যের বিষয় এই, যখন জীবাত্মা আবার তাহার নিজত্ব লাভ করে, তথন তাহার এই সসীম অবস্থাতেও অসীমের কথা স্মরণ করিতে পারে। অথচ পুর্বের অসীমে পরিণত না হইয়া অসীমকে জানিবার উপায় ছিল না। তাবদি স্মরণ নাহইবে, তবে কি করিয়া প্লোটাইনদ্ আপনার সেই তুরীয় অবস্থার কথা অভ্যের নিকট পরে বর্ণনা করিতে পারিলেন ? তিনি ব্যক্তিরূপে জীবাত্মারূপে পূর্বে যে বিষয়ের জ্ঞানলাভে অসমর্থ ছিলেন, বাজিরপে জীবাত্মারপে সেই জানই আবার অক্সের নিকট বৰ্ণনা করিতে কি করিয়া সমর্থ হইলেন ? সহজ্ঞ বৃদ্ধিতে ইহা বুঝা ক্রিন। আত্মজান হইতে বিচ্ছিত্র হইয়া জীবাত্মা যখন অনস্ত আত্মতে বিলীন হইয়া যায়, তখনকার যে অবস্থা-আর পুনর্বার আত্মজানে ফিরিয়া আসিলে যে অবস্থা হয়—এই হুই অবস্থা সম্পূর্ণ ভিন্ন। পরমাত্ম-ভাবাপন্ন অবস্থা জীবাত্মার আত্মহানে প্রকাশ হওয়া অসম্ভব। জীবাত্মার ধারণাতীত সেই পূর্ব্ব-অবস্থা জীবাত্মা স্মরণ করিবে কি করিয়া ? ইংলত্তের একজন প্রাসিদ্ধ চিস্তাশীল লেখক মড্সলি এই সকল আপত্তি উত্থাপন করিয়াছেন। সাধক ধানিযোগে যে সকল তত্ত্ উপলব্ধি করেন, তাহা যে সর্কৈব সতা তাহা না হইতে পারে, নিজের নিজের কল্পনা বারাও কতকটা তাহা অমুরঞ্জিত হয়। তবে, মূলে যে তাহাতে কোন সভা নাই এ কথাও বলা যায় না। যে সকল সাধারণ আধ্যাত্মিক সত্য সকল-ধর্মেরই পত্তনভূমি তাহাই প্রকৃত আপ্তজ্ঞান। গঙ্গানদী হিমালয় হইতে নি:স্ত হইয়া মূল প্রস্রবণ হইতে যতই দুরবর্ত্তী হয়, তত্ই তাহা কলুষিত হটয়া পড়ে, কিন্তু তাই বলিয়া গলানদীর বিশুদ্ধ মাহাত্ম্য একেবারে অগ্রাহ্ম করা যায় না।

পূর্বতন খুটানের। যোগসাধনে বিশেষরূপে অমুরক্ত ছিলেন। যদিও ব্রাহ্মণদিগের স্থায় যোগ-পদ্ধতিটি তাঁহাদের মধ্যে পরিপক্ষতা লাভ করে নাই, তথাপি ভাঁহারা যে আনন্দের বর্ণনা করেন, তাহা ঋষিদিগের পরিধ্যক্ত যোগানন্দেরই কতকটা অমুরূপ।

সেণ্ট অগস্টিন ঈখরের জ্ঞান ও প্রেম অর্জন করিবার উদ্দেশে স্থীর অস্তরে বে প্রকার আকৃতি ও অদম্য শৃহা অস্তত্ত করিরাছিলেন তাহার আস্থপ্রিক বর্ণনা তিনি তাঁহার রচিত "মনের কথা প্রকাশ" প্রায়ে সিপিবন্ধ করিরাছেন। প্রথমতঃ—ইন্দ্রিরের বারা বে জ্ঞান লাভ হর, তাহার পরীক্ষার ভার বৃদ্ধিবৃত্তির প্রতি অপিত ইইরা থাকে। কিন্তু

পরিবর্ত্তনশীল, আকৃতিমান আত্মার আকাজ্ঞাকে বৃদ্ধিও পরিতৃপ্ত করিতে পারে না। অবশেষে, ইন্দ্রিয় ও বৃদ্ধি—উভয় হইতেই আ্যাকে প্রত্যাহার করিয়া এক লক্ষে অপরিবর্ত্তনীয় জ্ঞানে উপনীত হওয়া যায়। তিনি বলেন, "আত্মপ্রতায়ের দৃষ্টিতেই আমি ষ্থার্থ তত্ত্ব উপলব্ধি করিলাম-অনুশ্র বস্তুদকল দেখিতে পাইলাম। কিন্তু তাহার উপর দটি স্থির করিয়া অনেকক্ষণ রাখিতে পারিলামনা। আবার আমার হর্ম্মলতা আসিয়া পড়িল—আবার আমার পূর্ব্বঅভ্যাস ফিরিয়া আসিল— পূর্ব্ব উপলব্ধির স্থাঞ্চনক স্মৃতিটি মাত্র রহিল এবং যে বস্তুর আঘাণটি মাত্র পাইরাছিলাম—সম্পূর্ণ আস্বাদ পাই নাই—সেই বস্তু লাভ করিবার আকাজ্জাটিমাত্র রহিয়া গেল। মডদলি ইহার ব্যাখ্যা এইরূপ করেন;---"চিস্তা ও ভাবের একটি বিশেষ বিভাগের উপর মনের,সমস্ত শক্তি কেন্দ্রী-ভূত করিয়া এবং সেই তন্ময় চেষ্টাকে স্থায়ীভাবে রাথিয়া সেণ্ট অগস্টিন সেই চিস্তা ও ভাবকে এরপ স্থতীত্র সপ্তম স্থরে তুলিয়াছিলেন যে অক্সান্ত চিম্বা ও ভাবের প্রবাহ কদ্ধ হইয়া গেলে—সেই একদেশবাহী চিম্বাকে দমন করে বা অনুশাসন করে এমন আর কোন চিস্তা ও ভাব রহিল না। এইরপে, মনের একটা অর্দ্ধ-বাতুলবৎ অর্দ্ধপ্রলাপী অবস্থা উৎপর ইইল এবং তাহার সঙ্গে এক প্রকার অনির্কাচা আধ্যাত্মিক দাপ্তি ও আনন্দের ভাব উপলব্ধি হইতে লাগিল।" সেণ্ট অগস্টিন বলেন, "বে শক্তির হারা আত্মা শরীরের সহিত যুক্ত ও অভিত রহিয়াছে সেই শক্তিকে অতিক্রম করিতে পারিলেই আত্মার আত্মা, প্রাণের প্রাণ যে ঈশ্বর তাঁহার সহিত মিলিত হওয়া যায়। কিন্তু হঃথের বিষয়, এই শক্তিকে অতিক্রম করিয়া অধিকক্ষণ থাকা যায় না।" তিনি বলেন "প্রভু তুমি সামার অস্তরতম দেশে এমন একটি ভাবের প্রকাশ করিয়াছ. যাহা সঁচরাচর অনুভূত হর না—কিন্ত এই ভাবটি পরিপক হইলে, মা জানি ষৃত্যুর পরবর্ত্তী জীবনে কি আশ্চর্য্য ভাব ধারণ করিবে—আপাততঃ এই

হীন দেহের ভারে আমি আক্রাস্ক—কিছুতেই স্বর্গের দিকে উঠিতে পারিতেছি না—পুনঃ পুনঃ হীন পার্থিব বিষয়ে নামিয়া আসিতে বাধ্য হইতেছি।" মডস্লি বলেন, এই অবস্থা, সায়ু-প্রদেশ-বিশেষের অভ্যু-তেজনার ফল; স্মতরাং ইহার সহিত শরীরের বিলক্ষণ যোগ রহিরাছে। অতএব শরীরের বাধা কিরূপে অতিক্রম করা যাইবে ? স্মৃতরাং এই অভ্যুক্তেজিত অবস্থা অধিক্ষণ স্থায়ী হইতে পারে না।

সেণ্ট অগস্টিনের আত্মা যখন এইরূপ ভূমানন্দে পূর্ণ হইত, তথন **পেই হর্লভ মুহুর্ত্তে তিনি ঈশ্ব**ের যে প্রেমামৃত পান করিতেন ভাহার প্রকৃতি কিরূপ ? সেই অনির্বাচনীয় আনন্দের ভাব তিনি এইরূপে বর্ণনা করিয়াছেন;—"তোমাকে যথন আমি ভালবাসি, তথন আমি কোন ঘদ্ধকে ভালবাসি ? সে শরীরের সৌন্দর্য্য নহে, সে তালের স্থন্দর পৌসাম্য নহে, সে নয়নরঞ্জন আলোকের উজ্জলতা নহে, সে অগুরুচন্দন পুষ্পের স্থান্ধ নহে, দে শর্করা নহে, মধু নহে, আলিঙ্গন-স্থথের উপযোগী দেহের অঙ্গপ্রতামত নহে। আমি যখন আমার ঈশ্বরকে প্রীতি করি. তখন আমি এই সকল বিষয়ে প্রীতি করি না। কিন্তু, আমি অন্তরাত্মার গভীরতম দেশের এক প্রকার আলোক, সঙ্গীত, স্থগন্ধ, স্থথাদ্য, আলি-স্থান উপভোগ করি। সেখানে এমন এক জ্যোতি বিকীরিত হয়, আকাশ যাহাকে ধারণ করিতে পারে না—এমন এক স্থন্তর ধ্বনিত হয়, যাহা কাল অপনীত করিতে পারে না—এমন এক স্থগন্ধ অমুভূত হয়, নিঃখাস বাহাকে অপুসারিত করিতে পারে না—এমন একটি অমুতের আস্থাদ পাওয়া যায়, ভোজনে যাহার লাঘ্য হয় না—্ষে আস্থাদটি রসনাতে সর্বাদা লাগিয়া থাকে, যাহাতে কখনই অভিতৃত্তি উৎপন্ন হয় না। আমি যথন আমার ঈশ্বরকে ভালবাদি, তখন আমি এই ভাবেই ভালবাদি।"

সেণ্ট থেরেসার বর্ণিত স্বকীয় জীবনবৃদ্ধান্তেও এই যোগানন্দের গৃচ্
মর্মা উপলব্ধি হয়। সেণ্ট থেরেসার প্রাকৃতি শৈশবে অতিশয় করনা-প্রবণ

ছিল-তৎকালে স্পেনদেশে নারীদেবাধর্মী বীরপুরুষদিগের কাহিনী সাধারণ লোকের অত্যন্ত প্রিয় ছিল—থেরেসাও এই সকল কাহিনী গোপনে পাঠ করিতেন এবং এইরূপে তাহার কল্পনা-প্রবণ্তা আরও বুদ্ধি পাইয়াছিল। তাঁহার যথন ১৮ বৎসর বয়স, তিন মাস কাল আপনার মনের সঙ্গে যুঝাযুঝি করিয়া অবশেষে তিনি স্থির করিলেন ষে, "চির-কুমারী ত্রত পালনে তাঁহার ইচ্ছাকে বলপূর্বক নিয়োগ করিবেন।" এই উদ্দেশ্ত সাধন করিবার জক্ত তিনি কুমারী-আশ্রমে প্রবেশ্বকরিলেন এবং বিবিধ কঠোরতা আচরণ করিয়া তাঁহার স্বাস্থ্যভঙ্গ रहेल; धन धन मुर्छ। रहेट नानिन - अवस्थि वाधा रहेश वसू-গণের আশ্রয়ে তাঁহার নিজালয়ে গমন করিলেন। তাঁহার হৃৎপিত্তে একটা বেদনা অনুভূত হইত —মনে হইত যেন কেহ "তীক্ষ্ণ দম্ভের ছারা কামড়াইয়া ধরিয়াছে।" কিছুই আহার করিতেন না-কেবলই পান করিতেন। চারি দিন ধরিয়া অচেতন ছিলেন। তাঁহার অবস্থা এরপ শুরুতর হইরাছিল যে, ভাঁহার পরিজনেরা সমস্ত আশা ভর্গা ছাড়িয়া তাঁহার সমাধির জন্ম গোর প্রস্তুত করিতেছিল; তাঁহার জিহবা, নিজের দস্তাঘাতে, খণ্ড খণ্ড হইয়া গিয়াছিল; হাত পা মাথা কিছুই নাড়াইতে পারিতেন না—কেবল দক্ষিণ হস্তের একটি সাঙ্গুল নাড়াইতে পারিতেন। একটা চাদরে জড়।ইয়া তাঁহাকে ইতস্ততঃ লইয়া যাইতে হইত। তিন বৎসর কাল এই ছঃসহ যন্ত্রণা ভোগ করিয়া তাহার পর আরোগ্যলাভ করিলেন। এই প্রাসিদ্ধ স্ত্রীলোকের ধর্মজীবন এইরূপে আরম্ভ হয়। তিনি প্রত্যক্ষ দেবদর্শনাদি করিয়া অতি বিশদরূপে তাহার বর্ণনা লিপি-বন্ধ করিয়া গিয়াছেন। দশাপ্রাপ্তিকালে তাঁহার যেরূপ আনন্দ হইত তাহা এইরূপ বর্ণনা করেন :--"এইরূপে, আত্মা যথন ঈশ্বরকে অমুসন্ধান করে, তখন অতীব মধুর অপার আনন্দ উপভোগ করিতে করিতে ব্ঝিতে পারা যায়, আত্মায় এক প্রকার অচেতন স্বস্থির অবস্থা

আসিতেছে। নিঃখাদ প্রখাদ বন্ধ হইয়া যায়—শরীরের বল চলিয়া ৰায়—এমন কি, হাত একটু নাড়িতেও অত্যম্ভ কট্ট ৰোধ হয়; ইচ্ছা না করিলেও আপনা-আপনি চকু বৃদ্ধিয়া আসে-চকু খোলা থাকিলেও কিছুই দেখা যায় না। কিছুই পাঠ করা যায় না; অক্ষরগুলি অপরি-চিতের স্থায় মনে হয়, চিনিতে পারা যায় না—অক্ষরগুলি যে দেখা ষায় না তাহা নহে, কিন্তু বুদ্ধির সাহায্য না পাওয়ায় অনেক চেষ্টাতেও কিছুই বুঝা যায় না। কাণে শোনা বায়—কিন্তু যাহা গুনিতেছি তাহা বুঝা যায় না। ইন্দ্রিয়গণ কোনও কাজে আসে না-কাজে আসা দুরে থাক, বরং আত্মার কাজে ব্যাঘাৎ করে—উহাদের দ্বারা স্পষ্ট ক্ষতি হয়। কথা কহিতে চেষ্টা করা বুথা, কারণ কোন কথার ভাব মনে धातना इम्र ना ; यनि ना धातना इम्र. चान्क कतिवाद यदथन्ने वन थादक ना ; কারণ, সমন্ত দেহের বল অন্তর্হিত হয়। কেবল যাহাতে করিয়া আত্মার বল বাডিতে থাকে. তোমার ভাবিবার অবকাশ না হইতে হইতেই সেই অপ্রতিহত-গতি আনন্দ তীব্রভাবে ও ক্রতভাবে সন্ধোরে তোমার উপর আসিয়া পড়ে। তোমার মনে হয়—যেন একটি মেঘ—যেন একট বলবান গৰুড পক্ষী উর্দ্ধে উঠিতেছে এবং তাহার পক্ষের দ্বারা তোমাকে বহন করিয়া লইয়া যাইতেছে।" প্রথম যথন এই আননদ উপলব্ধি হইত, তথন কোন পরিণাম-ফল প্রকাশ পাইত না-কিন্তু পরে সমস্ত শরীরে বেদনা উপস্থিত হইত-মনে হইত যেন অস্থিপ্রস্থি সকল বিযুক্ত হইয়া যাইতেছে। অপস্মার-রোগের মূর্চ্ছার পর বেরূপ শরীরের অবস্থা হয়, ইহাও সেই প্রকার।

থেরেসার যে সকল ধর্ম্মোপদেষ্টা শুরু ও আচার্য্য ছিলেন, থেরেসার এই অভূতপূর্ব্ব আন্তরিক উচ্ছাসের প্রকৃত ভাব কিছুই বুঝিতে পারি-তেন না—ইহার আসল প্রকৃতি কি, সে বিষয়ে তাঁহাদের মধ্যে মতভেদ উপস্থিত হইল। থেরেসার অবস্থা-বিষয়ে একটি স্থিরসিদ্ধান্তে উপনীত

হইবার অব্য ৫1৬ জন শান্ত্র-পারদর্শী পণ্ডিতের দম্ভরমত পরামর্শ-সমিতি বসিল। তাঁহারা স্থির করিলেন, থেরেসাকে সয়তানে পাইয়াছে—এবং তাঁহারা থেরেসাকে এই উপদেশ দিলেন, যেন সে কোন বিষয়ে একাল-চিত্ত না হয়--নানা বিষয়ে মন দিয়া চিত্তকে বিক্ষিপ্ত রাখিবার চেষ্টা করে ও কদাপি যেন একাকী বিজ্বনে না থাকে। তাঁহার কোন কোন উপদেষ্টা মনে করিলেন. দশাপ্রাপ্তির সময় থেরেসার অন্তরে ঈশ্বরের আবিষ্ঠাব হয় বটে, কিন্তু সেই সময় যে আনন্দ অহুভূত হয়, তাহা কতকটা ইন্দ্রিয়লালসা-রঞ্জিত। অতএব, থেরেসার শারীরিক নির্যাতন প্রভৃতি কঠোর তপশ্চর্য্যা অধিকতররূপে সাধন কবা কর্ত্তব্য । ঈশ্বরের নরদেহধারী অবতার খুষ্টকে প্রীতি করিতে হইলে কতকটা যে পার্থিব প্রেমের ছায়া আসিয়া পড়িবে তাহাতে আশ্চর্যা কি।—থেরেসা বলেন, উহা অনিবার্য্য। তিনি বলেন "অনেকে বলে, সাত্মাকে বায়ুর মধ্যে বিচরণ করাইবে—কিন্তু আত্মা যতই ঈশ্বরের আবির্ভাবে পূর্ণ হউক না— আত্মা একেবারে হাওয়ার উপর থাকিতে পারে না—একটা পার্থিব ভিত্তির উপর ভর দিয়া থাকা আবশুক। আমরা তো আর এঞ্জেল নই—আমাদের শ্রীর আছে—পৃথিবীতে থাকিয়া আপনাকে এঞ্জেল করিয়া তুলিবার চেষ্টা করা—ইহা অপেক্ষা বাতুলতা আর কিছুই নাই।"

আর একটু অধিক বয়সে, থেরেস। যথন একটা কুমারী আশ্রমের কর্তৃত্ব প্রাপ্ত হইলেন, তথন হিষ্টিরিয়া-রোগগ্রস্ত অনেকগুলি আশ্রমধারিনীর দশাপ্রাপ্তির সময়ে তাঁহাকে ব্যতিবাস্ত হইতে হইত। তথন তিনি বুঝিলেন, এই অবস্থাতে সকল সময়ে ঈশ্বরের আবির্ভাব হয় না। কথন কথন সয়তানেরও আবির্ভাব হইয়া থাকে। আশ্রমধারিনী চিরকুমারীরা অনেক সময়ে খৃষ্টকে পতিরূপে বরণ করে—কাজেই তাহাদের প্রেমে আধ্যাত্মিকতা অপেক্ষা পার্থিবতা অধিক পরিমাণে থাকিবে তাহাতে আশ্রহ্য কি! আমাদের বৈঞ্চব সম্প্রদারের মধ্যেও

ক্লফাপ্রেমের এইরূপ পার্থিব ভাব বর্ত্তমান। সেণ্ট অগষ্টিনের "মনের কথা প্রকাশ" পাঠ করিলে জানা যায়, তিনি তাহাতে এক এক স্থলে যে জানন্দের বর্ণনা করিয়াছেন, তাহাতে জ্বল্য ইন্দ্রিয়-লালসার গন্ধ পাওয়া যায়—এমন কি তাহা বিশুদ্ধমনা যুবক যুবতীদিগের পাঠেরও অযোগ্য। তাই, কোন জ্বর্মণ গ্রন্থকার বলিয়াছেন "ক্লুসো দর্ম্বন্দ্রিয়ারণের নিকট মনের কথা প্রকাশ করিয়াছেন, এবং দেণ্ট অগষ্টিন ক্লুবরের নিকট মনের কথা প্রকাশ করিয়াছেন"।

কিন্তু আমাদের দেশের ঋষির। উপনিষদে যে যোগানন্দ—ভূমানুন্দের
কথা ব্যক্ত করিয়াছেন, তাহা কেমন আধ্যাত্মিক—কেমন উন্নত—কেমন
বিশুদ্ধ—তাহাতে পার্থিবতার লেশনাত্র নাই। সেই ঋষিদিগের স্বর্গীর
আনন্দের সহিত পার্থিব কোন স্থপের তুলনা হয় না বলিয়া তাঁহারা
উহা তক্ষতন্ত্ররূপে বর্ণনা করিবার চেষ্টা পান নাই, কেবলমাত্র বলিয়া
গিয়াছেন—উহা অনির্কাচনীয়।

-0-

আবেদন,—না আত্মচেপ্তা ?

খদেশের উন্নতি-কল্পে কোন্ পদ্ধা প্রশস্ত এই বিষয় লইয়া আমাদের মধ্যে যে ঘোরতর আন্দোলন চলিতেছে, ইহা একটা শুভ চিহ্ন বলিতে হইবে। ইহাতে বুঝা যাইতেছে, আমাদের অসাড় সমাজদেহে একটু চেতনার সঞ্চার হইয়াছে। আমাদের স্থায় অন্ধ-মৎস্থাহারী ক্ষুদ্রকায় একটা আসিম্বিক জাতির অভিনব অসাধারণ অভাদের ও উন্নতির যে জ্বলস্ত দৃষ্টাস্ত এক্ষণে আমাদের সম্পুথে রহিয়াছে, উহাই আমাদিগকে একটু উত্তেজিত করিয়া তুলিয়াছে সন্দেহ নাই। কোন্ পথে গেলে, উহাদের স্থায় আমরাও আবার উন্নতিশিথরে আরোহণ করিতে পারিব সেই বিষয় আমাদের চিন্তাশীল ব্যক্তিগণ আগ্রহের সহিত আলোচনা করিতে প্রবৃত্ত হইয়াছেন। স্থথের বিষয়, ইহাতে নীচ দলাদলীর গন্ধ মাত্র নাই, কিসে স্থদেশের প্রকৃত কল্যাণ হয়, ইহাই সকলের আন্তরিক কামনা।

একদল বলিতেছেন, রাজঘারে আমাদের ছঃখ নিবেদন করা, রাজপুরুষদিগের কার্য্যের প্রতিবাদ করা, তাঁহাদের কর্ত্তবাবুদ্ধি প্রবৃদ্ধ করা,
বর্ত্তমান অবস্থার ইহাই আমাদের মুখা কার্যা; উন্নতি সাধনের অক্তান্থ উপায় অবলম্বন করা আমাদের গৌণ কর্ত্তবা। স্পষ্ট এই কথাগুলি অক্ষরে অক্ষরে ব্যক্ত না করিলেও, তাঁহাদের কার্য্যে, তাঁহাদের অনুষ্ঠান উদ্যোগে, এই কথারই আভাদ পা ওয়া যায়।

আর একদল বলেন, শুধু আবেদন নিবেদনে জাতীর উরতির সম্ভাবনা নাই। যদি আমরা নিজের চেষ্টায় নিজের অভাব স্বরমাত্রও পূরণ করিতে পারি, তাহা হউলেই আমাদের আত্মনির্ভবের শিক্ষা হয়, আমরা আত্মস্মান ও আত্মপ্রসাদ লাভ করিতে পারি, নিজ্স বলে বলীয়ান হইতে পারি, জাতীয় গৌরবের প্রথম সোপানে পদার্পণ করিতে পারি, প্রক্কত উন্নতির পথে অগ্রসর হটতে পারি। "বাঁহারা সাধনার দারা, ইংরাজি শিক্ষিত সমাজের চিত্তকে স্থদেশের কার্য্যে চালিত করিয়াছেন, স্থদেশের কার্য্যে একাগ্র করিবার আয়োজন করিয়াছেন ভাঁহাদিগকে আমি ভক্তির সহিত নমস্কার করি। ভাঁহারা যে পথে গিয়া-ছিলেন, সে পথে যাত্রা যে ব্যর্থ হইয়াছে, এ আমি কখনই বলিব না।

তথন সমস্ত দেশের ঐকোর মুখ রাজ্বারেই ছিল। কিন্তু যথন আমাদের হৃদর নিজের মধ্যে সেই উপারে একটা বিপুল ঐকোর আভাস উপলব্ধি করিতে পারিয়াছে, যাহা বিচ্ছিন্ন ছিল তাহা ঐকোর অমৃত কথার আস্থাদে যথন আপনার মধ্যে আপনার যথার্থ বল অহুভব কারতে পারিতেছে, তখন সে আপনার সমস্ত শক্তিকে রাজপুর্বারে ভিক্ষাকুণ্ডের মধ্যে নিঃশেষিত করিয়া পরিতৃপ্ত হইতে পারে না। এখন যে চিরস্তন সমৃদ্রের আহ্বান শুনিয়াছি—এখন সে আত্মাজি—আ্থাচেষ্টার পথে সার্থক্তা লাভের দিকে অনিবার্য্য বেগে চলিবে—কোন একটা বিশেষ মৃষ্টিভিক্ষা বা প্রসাদ লাভের দিকে নহে।"

অপর দলের মুথপাত্র শ্রীযুক্ত পৃথীশচন্দ্র রায় মহাশয় আবেদননিবেদনের পক্ষ সমর্থন করিয়া পরিশেষে বলিতেছেন;—"আমাদের
সকলেরই আত্মোন্নতির জন্ম বিশেষ চেষ্টা আবশ্রক হইয়া পড়িয়াছে,
আমাদের নৈতিক শক্তির বিকাশের জন্ম যথেষ্ট প্রায়েজন হইয়া
উঠিয়াছে।

তবেই, প্রকারাস্তরে উনিও স্বীকার করিতেছেন শুধু আবেদন-নিবেদনের কার্য্যে আমাদের সমস্ত শক্তি নিঃশেষিত করিলে চলিবে না,-—আত্মচেষ্টা আবশ্রক।

আসল কথা, এই ছই দলের মধ্যে বাস্তবিক-পক্ষে কোন মত-পার্থক্য নাই, যাহা কিছু প্রভেদ মুখ্য গৌণ লইয়া।

তবে "আবেদন নিবেদনের" কাজকে ভিক্ষাবৃত্তি বলায়, "ব্যাধি ও

চিকিৎসার" লেখক মহাশয় আপত্তি করিয়াছেন। কিন্তু বাস্তবিক কথা বলিতে গেলে, আমাদের বর্ত্তমান রাজনৈতিক অবস্থায়, ইহা ভিক্ষাইন্তি ভিন্ন আর কি ? যথনি ইংরাজেরা আমাদের দেশ জয় করিলেন এবং যথনি আমরা পরাজয় স্বীকার করিয়া উাহাদের পদানতাহইলাম, তথন ইইতেই আমরা বাধ্য ইইয়া আমাদেব সমস্ত আযয় অধিকার ছাড়িয়া দিয়াছি। এখন আমরা বাহা কিছু তাহাদিগের নিকট পাইতেছি সে কেবল তাহাদের অমুগ্রহ ভিন্ন আর কি ইইতে পারে ? এখন অধিকার সমর্থনের কথা আমাদের মুখে শোভা পায় না। রাজনৈতিক অধিকারের সজে বলের অকাট্য যোগ। যেখানে বল নাই সেখানে অধিকার কোথায় ? অবশ্রু বিধাতা প্রত্যেক মহুষ্যকে, প্রত্যেক জাতিকে কতকগুলি স্বাভাবিক অধিকারে অধিকারী করিয়াছেন; কিন্তু সে অধিকার রক্ষা করা না করা আমাদের নিজের হত্তে। একটা সংস্কৃত বচন আছে "দেবা হুর্ব্বলঘাতকাঃ।" হুর্ব্বলের প্রতি দেবতারাও বিমুখ।

ইংলণ্ডের ইতিহাস পাঠে জ্বানা যায়, কেবল বলের দারাই এবং বছকাল যুঝাযুঝি করিয়াই রাজ্বাপ্রজ্ঞা পরস্পরের অধিকার নির্দ্ধারিত হইয়া অবশেবে তাঁহাদেব মধ্যে একটা যোঝাপড়া হইয়া গিয়াছে। এখন ইংলণ্ডের রাজ্বা প্রায় সাক্ষীগোপাল, প্রজারাই সর্ব্বেসর্বা। এখন রাজ্বার সহিত সাক্ষাৎসম্বন্ধে প্রজার কোন বিবাদ নাই। প্রজাদের মধ্যেই ছই তিনটা দল আছে, তাহাদেইবই মতামত লইয়া যাহা কিছু বাদ বিসম্বাদ চলিয়া।থাকে। প্রজাদের মধ্যে যে সময়ে যে পক্ষ প্রবল হয় সেই রাজ্বার কর্ত্ত্ব লাভ করে; কিন্তু পূর্ব্ব-নির্দিষ্ট রাজ্বার নিজ্ব অধিকার বজ্বায় রাখিয়া, সর্ব্বনাধারণ প্রজাদের অধিকার বিস্থারের চেষ্টায় ইংলণ্ডে যে আলোলন চলিয়া থাকে ভাহাকেই Constitutonal agitation অর্থাৎ রাষ্ট্রতন্ত্র-সন্মত

আন্দোলন বলে। আমরাও এক্ষণে তাঁহাদের দেখাদেখি এই রাজ-নৈতিক আন্দোলনের পক্ষপাতী হইরা উঠিয়ছি। কিন্তু আমরা ভূলিয়া বাই, ইংলণ্ডের রাঝাতক্ত্র ও আমাদের রাজ্যতক্ত্র সম্পূর্ণরূপে বিভিন্ন। এই কথা বলিলেই যথেষ্ট হইবে, ইংলণ্ড স্বাধীন, আমরা পরাধীন, ইংলণ্ড বিজ্ঞন্নী আমরা বিজ্ঞিত। তাঁহাদের মধ্যে বে রাজ-নৈতিক আন্দোলন ফলপ্রাদ, আমাদের মধ্যে সে রাজনৈতিক আন্দোলন ফলপ্রাদ নহে।

আমরা ক্রেন্সকরিব কাহার নিকট ? ইংলণ্ডের রাজ্যতন্ত্র-অনুস্বরে, শাদন-বিষয়ে আমাদের রাজার ব্যক্তিগত কোন ক্ষমতা নাই। তাঁহার দরা উদ্রেক করিয়া কোন ফল নাই। পার্লামেণ্টই আমাদের হর্জাকর্ত্তা বিধাতা। ইংলণ্ডের জনসাধারণ হইতে নির্বাচিত প্রতিনিধি লইয়াই ঐ মহাসভা গঠিত। এতএব জনসাধারণের মধ্যে যে ভাব ও মতামত প্রবল থাকে তাহার দ্বারাই সমস্ত পার্লমেণ্টের রাষ্ট্রনীতি অনুরক্ষিত হয়। এক্ষণে ইংরাজ-জাতির ষেরূপ ভাব ও মতামত তাহাতে ইংল্ডের পার্লামেণ্ট হইতে আমরা কি কিছু বিশেষ অধিকার লাভের প্রত্যাশা করিতে পারি ?

হিন্দু রাজ্বত্বের সময় প্রজার উপর হিন্দুরাজারও অসীম প্রভুদ্ধ ছিল বটে; কিন্তু, পুত্রের উপর পিতার যেরপ অসীম প্রভুদ্ধ, উহা সেইরূপ প্রভুদ্ধ। তথন রাজাপ্রজার মধ্যে পিতা পুত্রের সম্বন্ধ—একটা স্নেহের সম্বন্ধ ছিল। পুত্রবৎ প্রজা পালন করা কর্ত্তব্য—এই সনাতন রাজ্বধর্মের উপরেই তথনকার রাজ্বশাসন প্রতিষ্ঠিত ছিল, বলার্জ্জিত অধিকারের উপরে নহে। আমাদের দেশে, প্রজার রঞ্জনার্থেই রাজা নামের সার্থকতা। রাজা রামচন্দ্র প্রজারঞ্জনের জন্তু কি না করিয়াছিলেন ? তথন রাজার স্বার্থ প্রজার স্বার্থ এক ছিল। স্থসময়ে প্রজার নিকট রাজা যে কর চাহিতেন, তাহা তাঁহাকে প্রজা অকাতরে দান করিত। কেন না, তাহারা

বেশ জানিত. অসময়ে রাজাই তাহাদিগকে আবার রক্ষা করিবেন। তাহারা জানিত, তাহাদের প্রদত্ত ধন তাহাদের দেখেই বায় হইবে। অথবা সেই ধনে রাজা যে কোন অনুষ্ঠানই করুন না কেন, তাহারাও কতকটা তাহার ফলভাগী হইবে। কোন অভাব বোধ করিলে, কিয়া বিপদে পড়িলে, পুত্র যেরূপ পিতার নিকট আবদার করিয়া কিছ চাহে কিম্বা সাহায্য প্রার্থনা করে, প্রজারাও রাজার নিকটে ঠিক সেই ভাবেই প্রার্থনাদি করিত। তাহাতে ভিক্ষার ভাব কিছুই ছিল না, হীনতার ভাব কিছুই ছিল না। মোগল রাজত্বের অভ্যাদয় কালেও রাজা প্রজার মধ্যে এইরূপ পিতাপুত্রের সম্বন্ধ কতকটা বজায় ছিল। তাহার কারণ, মোগল রাজারা এই দেশেই বাস করিতেন, তাঁহাদের অতুল ঐশ্বর্যা এই দেশেই বায় হইত। প্রজা বলিয়াই প্রজার উপর তাঁহাদের ক্ষমতা ছিল। আক্বর বাদশা হিন্দু প্রজার মনোরঞ্জনার্থ रिम्मू পরিচছদাদি ধারণ করিতেন; এমন কি, রাজামধো গোহত্যা নিষেধ করিয়া দিয়াছিলেন। তাহারা আইন-যন্ত্র পরিচালিত করিয়াই সস্তুষ্ট থাকিতেন না; তাঁহাদের শাসনকালে তাঁহাদের ব্যক্তিগত দয়া ও ক্সায়পরতা আমরা প্রতাক্ষ অনুভব করিতে পারিতাম। পাছে কোন সামাত্ত প্রজা স্থবিচার হইতে বঞ্চিত্র, এই জ্বত জাহাঙ্গির বাদশা তাঁহার প্রাসাদ-কক্ষে শৃত্যলবদ্ধ একটা ঘণ্টা রাথিয়াছিলেন, বাহিরের শুঝলটি ধরিয়া কেহ নাড়িলেই বুলিতে পারিতেন তাঁহার নিকট কোন ব্যক্তি বিচাৰপ্ৰাৰ্থী হট্যা আসিয়াছে।

ইংরাজ-রাজের সহিত আমাদের যে সম্বন্ধ উহা পিতাপুত্রের সম্বন্ধ নহে, উহা বিজ্ঞানী-বিজিতের সম্বন্ধ, ক্রেতা-বিক্রেতার সম্বন্ধ; এক কথার নিরবচ্ছির স্বার্থের সম্বন্ধ; উহাতে হৃদয়ের তিলমাত্র সংশ্রব নাই। লর্ড কর্জন সেদিন ইংলণ্ডে কোন সভায় বলিয়াছিলেন, ভারত-রাজ্য শাসনে ভারতের হৃদয় স্পর্শ করা আবশ্রক। একথা খুবই ঠিক। কিন্তু তিনি যদি বুঝিয়া থাকেন, দিল্লি-দরবারের ন্থায় বিপুল আড়ম্বরেই ভারভ্রের জ্বার পুট হর, তাহা হইলে তিনি ভারি ভূল বুঝিয়াছেন। প্রথমতঃ, মোগলের অমুকরণ করিয়া, দিল্লির দরবারে তিনি যে আড়ম্বর ঘটার চেটা করিয়াছিলেন, মোগল রাজ্জ্বের সমরে, একটা সামান্ত উৎসবে যে ঘটা হইত, তাহার তুলনার উহা কিছুই নয় বলিলেও হয়। তাছাড়া সে সকল উৎসবের বাহ্ম আড়ম্বরের ভিতরেও একটা প্রাণ ছিল—সহ্বদয়তা ছিল। তাহাতে লোকের যে শুধু চক্ষু কর্ণ ভূপ্ত হইত তাহানহে, তাহাতে তাহাদের হ্বদয়ও মুগ্ধ হইত। গরিব ছঃখী কাঙ্গাল-দিগকে মুক্তহন্তে অর্থ বিতরণ করিয়া, সরকারের হিতৈষী যোগা ব্যক্তিদিগকে উচ্চপদে উল্লাভ করিয়া, সারবান প্রসাদ বিতরণ করিয়া মোগল সম্রাট, প্রশাদিগের অক্করিম আশীর্মাদ অর্জ্জন করিতেন।

পক্ষাস্তরে, প্রথম হইতেই ইংরাজ এদেশে বণিক্রভাবে প্রবেশ করিয়াছেন, এখনও বণিক ভাবেই রাজ্য চালাইতেছেন। ইই ইপ্তিয়া কোম্পানীর বাণিজ্য-কার্য্য বন্ধ হইয়াছে বটে, কিন্তু তাঁহাদের বণিক-নীতি এখনও কার্য্যতঃ অক্ষত রহিয়াছে। ইংরাজের রাজত্ব বণিক-নীতি অফুসারেই চলিতেছে। ইংরাজ ভারতের তেত্রিশ কোটি অধিবাসীকে প্রজ্ঞাভাবে যতটা না দেখেন, তদপেক্ষা তাঁহাদের রপ্তানি মালের ক্রেতার হিসাবে দেখিয়া থাকেন। তাঁহাদের চক্ষে, ভারত অসংখ্য প্রজ্ঞাপুঞ্জের নিবাস-ভূমি, একটি বিপুল রাজ্যা নহে—উহা তাঁহাদের মাল কাটাইবার একটি মহা-বিপণি। এই ভাবে দেখেন বলিয়াই, ভারতীয় প্রজ্ঞার স্বার্থের অপেক্ষা, ল্যাক্ষেটারের স্বার্থ তাঁহাদের নিকট শুক্রতর বলিয়া বোধ হয়; এই ভাবে দেখেন বলিয়াই, দেদিন লর্ড কর্জন, ইংরাজ প্র্যাণ্টারের থাতিরে, দেশীয় কুলী প্রজ্ঞার ত্বংথ ত্র্দশার কিঞ্চিৎ উপশম করিতেও সাহসী হইলেন না। এই বণিক-নীতি অবলন্ধন করিয়াই, নিজ্ঞ স্বার্থ সাধনার্থ, ইংরাজ এদেশের কন্ত শিল্প বিদ্বাঞ্চিত

করিয়াছেন, এখনও দেশীর ব্যবসায়ের উন্নতি পক্ষে কত বাধা দিতেছেন। যতটুকু শিক্ষা দিলে, অল্প বেতনের কেরাণী পাওয়া যার অতউটুকু শিক্ষা দেওয়াই এখন তাঁহাদের মনোগত অভিপ্রায়; এইরপ উচ্চ শিক্ষার পথে নানাপ্রকার কণ্টক রোপণ করিতেছেন। আমরা মনে করি, ইংলণ্ডে যখন Constitutional agitation করিয়া ইংলণ্ডের প্রজাবন্দ এত অধিকার লাভ করিয়াছে, তখন সেই প্রণালী অবলম্বন করিলে আমরাও কেন না সফল হইব কি বিষম ভূল! ইসপক্ষণাম্বালার সেই রজকের ভারবাহী হেয় পশু এবং তাঁহার আদরের ও সথের গৃহ-প্রহরী জাব—এই উভ্যের প্রতি তাঁহার কিরুপ বিভিন্ন ব্যবহার এই প্রসঙ্গে কি তাহা অরণ হয় না ? চিরঅনাথ মাতৃহীন অবোধ শিশু নিজ্ব জননী মনে করিয়া, মেহাকাজ্জায় বিমাতার ক্রোড়ে বারবার যেরপ ঝাপাইয়া পড়ে, ও বারবার প্রতাথাত হইয়াও সে থেমন প্রকৃত অবস্থা ঠিক বুঝিতে পারে না, আমাদেরও এক্ষণে সেই দশা হইয়াছে।

তাছাড়া, ইংলণ্ডে এখন "সামাজ্যিকতার" ধুয়া উঠিয়াছে, ইংলণ্ডের স্বার্থপরতা চূড়ান্ত সীমায় পৌছিয়াছে। যে ইংলণ্ড এক সময়ে স্বাধীন-তার লীলাভূমি ছিল, পৃথিবীর দাসত্ব মোচনে বন্ধপরিকর হইয়াছিল, সেই ইংলণ্ড সেদিন নিজ স্বার্থের জন্ম বলপূর্বক চানদেশে অহিফেন প্রবেশ করাইতেও কৃষ্টিত হইলেন না। ইংলণ্ডের দার্শনিক পণ্ডিত হর্বর্ট স্পেনসার সেদিন তাঁহার Facts and comments নামক প্রছে, ইংলণ্ডের কতদুর নৈতিক অবনতি হইয়াছে তাহা জ্বলন্ত দৃষ্টান্ত ভারা দেখাইয়া দিয়াছেন। এখনকার পার্লেমেন্ট, সেঃ দিন্কার ব্রাইট্ মাডেষ্টোনের—মত লোকই বা কোথায় ? আর তাঁহারা থাকিতেই বা ভারতের হিতের জন্ম কত্টুকু করিতে পারিয়াছিলেন ? প্রাতঃশ্বরণীয় ভারতহিতৈবী মহাত্মা লর্ড রিপণ ভারতের জন্ত

বে হিতকর বাবস্থা ও অমুষ্ঠান প্রবর্ত্তিত করিতে উন্দেশাগী হইরাছিলেন, তাহা কি শেষে রক্ষিত হইল ?

শাসল কথা, যতটুকু সকীয় স্বার্থের অনুক্ল, ওতটুকুই ইংরাজ আমাদের জন্ত করিয়াছেন ও এখন ও করিতে প্রস্তুত আছেন, তাহার অধিক নহে। আমরা যদি তাঁহাদের ধর্মবৃদ্ধি ও তায়পরতার দোহাই না দিয়া, তাঁহাদের স্বার্থের দিক দিয়া তাঁহাদিগকে ব্যাইয়া দিতে পারি, বরং তাহাতে কিছু কাজ হইতে পারে। কিন্তু এসমন্ত্রে তাহা ব্যানও বড় সহজ নহে। যখন তাঁহারা আপনারা ব্রিবেন ভারতবর্ষে ছজিক মহামারীতে প্রভূত লোকক্ষয় হইতেছে, করভারে প্রপীড়িত ইইয়া ভারতবাসী দিন দিন দরিদ্র হইয়া পড়িতেছে এবং এই কারণেই তাঁহাদের রপ্তানি মালের তেমন কাট্তি হইতেছে না, তখন তাঁহাদের একটু চেতনা হইবে, তখন তাঁহারা আপনা হইতেই আমাদের দারিন্দ্রের প্রকৃত কারণ অন্তেমণে প্রবৃত্ত হইবেন—আমাদের হুংখহুর্দ্দশা প্রতীকারের উপায় চিন্তা করিবেন। এখন আমরা তাঁহাদের নিকট যইই ক্রেন্দন করি তাহাতে কোন ফল হইবে না।

কি কন্সর্বোটিভ কি লিবরাল ইংলণ্ডের যে কোন পক্ষই কর্ড্ছ লাভ করুক, ইহাদের কাহারও আমলে 'অন্ত-আইন' রহিত হইবার কি কোন সম্ভাবনা আছে ?—ভারতের আরব্যরের উপর আমাদের বাস্তবিক কর্ড্ছ লাভের কি কোন আশা আছে ? ভারতের স্বার্থের উদ্দেশে ম্যাকেন্টারের স্বার্থ উপেক্ষিত হইবে এরূপ ক্থন কি আমরা প্রত্যাশা করিতে পারি ? পার্লেমেণ্টে ছই একটা প্রশ্ন উত্থাপিত ক্রিতে পারিলেই কি আমরা ক্রতার্থ হইব ?—ভারতীর ব্যবস্থাপক সভার আর ছই একজন সদস্য বাড়িলেই কি আমাদের চতুর্বর্গ ফল লাভ হইবে ? তবে স্বধু রাজনৈতিক আন্দোলনের উপরেই আমাদের ক্রেন্ত আন্থা ? আবেদন নিবেদন অথবা প্রতিবাদ বে স্ক্রমরা

একেবারেই করিব না আমি এ কথা বলি।না—উহাতে আমাদের "
সমস্ত চেষ্টা, সমস্ত উদ্যুম, সমস্ত অর্থ বায় না করি, আমার বলিবারশ
ইহাই উদ্দেশ্য।

এখন তবে আমবা করিব কি ? --এ সময়ে আমাদের মুখ্য কর্ত্তব্য कि ? जामारमंत्र ममस्य वर्श ० डेमाम रकवन जारतमन निरंतमस्त নিঃশেষিত না করিয়া, রাজসরকাবের একান্ত মুখাপেক্ষা না হইয়া, যাহাতে শিকের চেষ্টার আত্মবলসঞ্জ কাবতে পারে তাহার্ট কি এখন আমাদের "মুখা কর্ত্তবা নহে ? রাজসরকাব নিজ কর্ত্তবা সাধন কাশতেছেন না ৰলিয়া আমরা কি একেবাবে নিশ্চেষ্ট হট্য়া থাকিব ? "বাাধি ও চিকিৎসার" লেখক মহাশ্য ঐ মধ্যে বলেন,—"আমবা রাজসরকারকে এত কর দিতেতি, তাহাদের নিকট হুহতে তদ্মুরূপ কাল আদায় না कविज्ञा. यमि छोड़ारमय कर्खगा कामखील खामता कतिर गाहे, जाहा ছতলে আমাদের দোকর থরচ হতবে। এই দরিক্ত দেশে অত টাকা কোথার ?" কিন্তু রাজসরকার তাহাদের কর্ত্তব্য করিতেছেন না বলিরা. উাহাদিগের নিকট সেই বিষয় আবেদন করিবার অক্ত, তাথাদের কর্ত্তবা বৃদ্ধি প্রবৃদ্ধ করিবার ক্ষন্ত, প্রতি বৎসবে আমরা যে সার্দ্ধলক্ষেরও काधिक होका थात कवित्रा थाकि, উदा कि लाकत थवह नहर ? स्व আবেদনের কার্যো ঐ টাকা নিঃশোষত না করিরা, দেশের বাস্তবিক কোন হিতকর অমুষ্ঠানে উহার কিয়দংশ নিরোগ করিলে কি ভাল रत्र ना १

(আমি কংগ্রেসের বিরোধী নহি। আমি কংগ্রেসের একজন ভক্ত বলিরা পরিচর দিতে গৌরবের বিষয় মনে করি। কংগ্রেসের ছারা দেশের বাত্তবিক্ট একটা মহৎ উপকার সাধিত হটরাছে। ইংরাজের নিকট হটতে ছুই একটা প্রসাদ অর্জন করা আপেক্ষা তাহার মূল্য আমি আহিক বিবেচনা করি। কংগ্রেস ভারতের বিভিন্ন আভির মধ্যে সৌহার্ছ ও একতার ,পথ উন্মূক্ত করিরাছে। এই কংগ্রেসকে ধ্বংস না করিরা ক্লাহাতে ইহার চেষ্টা উদ্যম বাঞ্চিত পথে চালিত হয়, তৎপ্রতি স্বদেশ-বৎসল ব্যক্তিমাত্রেরই যত্নবান হওয়া কর্ত্তব্য।

কেবল রাজনৈতিক আন্দোলনের উপর নির্ভর না করিয়া, কিসে এদেশে ব্যবসায় শিলের উন্নতি হয়, সাধারণ শিক্ষা ও বিজ্ঞান শিক্ষার প্রসার হয়, অয়কষ্ট দ্র হয়, স্বাস্থ্যের উন্নতি হয়, নৈতিক ও দৈহিক বল সঞ্চিত হয়, ইতর-সাধারণেয় সহিত শিক্ষিত-মগুলীর য়োগ নিবদ্ধ হয়, এই সকল বিষয় লইয়া কংগ্রেস যদি আলোচনা করেন, উপায় নির্দারণের চেষ্টা করেন, তাহা হইলে এই জাতীয় মহাসভার যে সম্পূর্ণ সার্থকতা ও গৌরব বৃদ্ধি হয় তাহাতে আর সন্দেহ নাই।

অন্দীন আহি যতাই চেষ্টা করুক না কেন, স্থীয় আকান্ধান্থরূপ উরতি কথনই সম্পূর্ণরূপে লাভ করিতে পারে না সত্য। তবে এ কথাও ঠিক্, আবেদন নিবেদনের উপর একাস্ত নির্ভর না করিয়া, আত্মচেষ্টার আমরা আপনাদের যতটুকু উরতি সাধন করিতে পারি, ততটুকুই আমাদের পক্ষে প্রকৃত মঙ্গল—তাহাতে আমাদের আত্মবল সঞ্চর হয়—আত্মপ্রসাদ লাভ হয়।

যদিও স্বাধীন জ্বাপানের সহিত, পরাধীন ভারতের তুলনা হয় না, তথাপি যে পথ অনুসরণ করিয়া এই আসিয়িক জ্বাতি এই অল্প কালের মধ্যে জ্বসাধারণ উন্নতি লাভ করিয়াছে সেই পথটি কি তাহা আমাদের সকলেরই একবার আলোচনা ও চিস্তা করা কর্ত্তবা। সে পথটী শিক্ষার পথ—সর্বাদীন শিক্ষার পথ।

জাপান-সম্রাট মিকাডো, টোকিও নগরে পাঠশালা ও উচ্চ বিদ্যালয় স্থাপন করিবার সঙ্কর করিয়া, রাজ্যের পূর্বতন অভিজ্ঞাতবর্গের নিকট শিক্ষা সম্বন্ধে এইরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন :—

্ "শ্রম:ও অধ্যবসামের ফল হস্তগত করিবার নিমিত্ত আর কিছুই

করিবার আবগুক নাট, কেবল জানকে পরিক্ট ও জ্বদরের বৃত্তি-সকলকে পরিমার্ক্তি করা আবশ্রক। আর কিছুই করিতে হইবে না, কেবল সমস্ত পৃথিবীর সভ্যতার অবস্থার প্রতি দৃষ্টি স্থির রাখিতে হটবে; শিক্ষার উদ্দেশে বিদেশে গমন করিতে হচবে এবং সমস্ত্রচ হাতে-কলমে শিথিতে হটবে। গুহে শিক্ষা করিবার বয়স যাহার অতীত हरेबाटक, शहादमंत्र भटक विद्यास्त्रमण्डमण्ड यदथहे ; (मिथ्या स्त्रीमण ভাহাদিগেব জ্ঞান-চক্ষু প্রসারিত হটবে এবং গ্রাহাদের বুদ্ধি উন্নত হটবে। আমাদের দেশে স্ত্রীশকার কোন পদ্ধতি নাই। সে কারণেও তাহা-দের অনেকের মধ্যে বৃদ্ধির অভাব লক্ষিত হয়। এতদ্বাতীত, শিশুদিগের শিক্ষার সাহত তাহাদিগের মাতাদিগের শিক্ষার একটা ঘনিষ্ঠ সম্বন্ধ আছে। এ বিষয়টি নিতাপ্ত গুরুতর বিষয়। সেই জ্বন্ত যাহারা আপন আপন স্ত্রী কন্তা ভাগনীগণকে দক্ষে করিয়া বিদেশে গমন করে, ভাহাদিগের আচরণে তিলমাত্র আপত্তি হছতে পারে না। তাহা হইলে, বিদেশে স্ত্রীশিক্ষার উৎক্লষ্ট পত্তনভূমি কিরূপ, এবং শিশুদিগকে শিক্ষা াদবার প্রকৃত পদ্ধতি কি, এই সমস্ত হাহারা অবগত হহতে পারে। তোমরা সকলেত যাদ এত বিষয়ে মনোযোগী হ০, তাহা হতলৈ সভাতা-পথে অপ্রসর ২ ওয়া আমাদের পক্ষে কিছুমাত্র কঠিন হহবে না। আমরা সহজেহ অর্থ ও বলের মূল পত্তন করিতে সমর্থ হহব এবং অনায়ানেই পুথবীর অক্সান্ত জাতির সহিত সমকক্ষভাবে টক্কর দিতে পারিব। অতএব, তোমরা আমাদের এহ নকণ বাসনাকে ভোমাদের হাদর মধ্যে ভাল করিয়া স্থান দেও। যাহাতে আমাদের এই মনস্বামনা পূর্ণ হয় তাদ্বধ্যে সাহায্য কারতে তোমরা প্রত্যেকে ৰথাসাধ্য ८५ हो क्र ।"

এই নীতি অমুসরণ কাররা জাপান আজ কিরূপ উন্নতিলাভ করি-রাছে আমরা সকলেই তাহার প্রত্যক্ষ পারচয় পাইতোছ। পুনকার বলিতেছি, বদিও স্বাধীন জ্বাপানের সহিত আমাদের তুলনা হর না, হদিও জাপানীদিগের ভার আমাদের কার্যাদক্ষতা নাই, দৃঢ়তা নাই, অর্থবল ,নাই, নৈতিক বল নাই, স্বদেশবাৎসলা নাই, তথাপি এই পরীক্ষিত মার্গটি অনুসরণ করিলে শুরু আবেদন নিবেদন অপেক্ষা আমাদিগের বে অধিক ফললাভ হইবে তাহাতে আর সন্দেহ নাই। স্থাথের বিষয় এই মার্গ অবলম্বন করিয়া প্রীযুক্ত বোগেক্রচক্র ঘোষ মহাশের আমাদের আত্মচেষ্টার একটা পথ উন্মুক্ত করিয়াছেন। ভরসা করি ইহা কালে স্কুফল প্রস্ব করিয়া আমাদের চিরআশা পূর্ণ করিবে।

ন্ত্রী-পুরুষের ভেদাভেদ।

(হর্বট স্পেনসরের মত)

ব্রী ও পুরুষ উভয়ই সমাজের প্রধান উপকরণ; কোন সমাজের অবস্থ তি ল্লী ও পুরুষের ষেরপ প্রকৃতি, তদমুগারে সেই সমাজের গঠন ও অন্ধর্হান-সকলও কতকটা অমুরঞ্জিত হইয়া থাকে। তাই, এই প্রশ্নটি উপস্থিত হয়—ক্রী ও পুরুষ জাতির প্রকৃতি কি একই ? সমাজ তত্ত্ববিংদিগের নিকট এই প্রশ্নটি একটি অতি গুরুতর প্রশ্ন। যাদ উভয়ের
প্রকৃতি সমান হয়, তবে কোনণ সমাজে স্ত্রীজাতির প্রভাব বৃদ্ধি হইলে
সেই সমাজের আদর্শে কোন প্রকার বৈলক্ষণা উপস্থিত হওয়া সম্ভব নহে,
আর যদি উভয়ের প্রকৃতি সমান না হয় তবে স্ত্রীজাতির প্রভাব-বৃদ্ধি
সহকারে সেই সমাজের আদর্শ গরিবন্তিত ইইবার কথা।

শারীরিক বিষয়ে স্ত্রী-পুরুষ সমান এ কথা বেমন অসতা, মানসিক বিষয়েও এ কথা তেমনি অসতা। বংশ-সংরক্ষণে স্ত্রী পুরুষের মধ্যে যাহার যে বিশেষ কাল্প ও চমুসারে যেরপ তাহাদের মধ্যে শারীরিক প্রভেদ—সেইরপ সন্তানপালনে স্ত্রী পুরুষের মধ্যে যাহার যেটুকু বিশেষ কাল্প তদমুসারে তাহাদের মানসিক গঠনেরও ভিন্নতা উপলব্ধি হয়। ইহা যদি মনে করা যায় যে, উহাদের উভরের মধ্যে সন্তানবিষয়িণী উদাম-চেষ্টার তারতমা আছে, অথচ মানসিক শক্তিও প্রবৃত্তিবিষয়ে কোন প্রভেদ নাই, তাহা হইলে প্রকারান্তরে বলা হয়, প্রকৃতি এই স্থলেই একটী নৃতন নিয়ম স্থাপন করিরাছেন; অর্থাৎ বিশেষ কার্য্যের ক্লা যায়, প্রকৃতি এই স্থলেই তাহার ব্যতিক্রম করিরাছেন। স্ত্রীলাতি ও পুরুষজাতির মধ্যে শারীরিক ও মানসিক গঠন সম্বন্ধে হই শ্রেণীর প্রভেদ লক্ষিত হয়। শিক্তার উপযোগী কর্ত্রের ও মাতার উপযোগী কর্ত্রের ও হাহার মূদে

টত। প্রকার ও স্ত্রীর মধ্যে স্ত্রীলোকের বাক্তিগত বিকাশ অপেফা-ক্লত একট শীঘ্ৰ বন্ধ হটৱা যায়; সন্তান-উৎপাদনে যে জীবনীশক্তি পরে বার হয় তাহা এইরূপে পূর্বে হইতেই সঞ্চিত হইয়া থাকে। পক্ষান্তরে যাবৎ না পুরুষের দেহ-পুষ্টি ০ দেহ-বৃদ্ধিরূপ আয়-বারের মধ্যে কতকটা সমতা হটয়া আদে, তাবং পুরুষের ব্যক্তিগত বিকাশ-ক্রিয়া চলিতে থাকে, কিন্তু স্ত্ৰীলোকের ব্যক্তিগত বিকাশ থামিয়া গেলেও অনেকটা তাহার শারীরিক পুষ্টির সংস্থান অবশিষ্ট থাকে; তাহা না হইলে সম্ভানোৎপাদনের কোন সম্ভাবনা থাকিত না। এই জ্ঞাই বালক অপেক্ষা বালিকারা শীঘ্র পরিপক্ষতা লাভ করে। এবং এই জয়ুই তাহাদের মধ্যে দৈহিক গঠমের এত প্রভেদ; দেহের দে সকল আঙ্গের সাহায্যে বাহিরের কার্য্য সকল সম্পাদিত হয় এবং শারীরিক শক্তির অধিক বার হয় সেই হস্তপদবক্ষদেশাদির অপেকাক্কত বিশালতা পুরুষদেহে লক্ষিত হয়। এবং এই জ্বন্তুই স্ত্রীলোকেরা সকল সমরেই বিশেষতঃ সম্ভানোৎপাদনের উপযোগী বয়সে, শরীরের গুরুতার তুলনায় অপেক্ষাক ত অৱ পরিমাণ আক্ষারিক অমু নিশ্বাস ছারা পরিত্যাগ করে; ইহাতে এই প্রকাশ পায় যে স্ত্রীলোকদিগের দৈহিক শক্তির বিকাশ স্থু আপেক্ষিকরপে কম নহে—আদলেই কম। স্ত্রীলোকের ব্যক্তিগত বিকাশ অপেক্ষাক্ষত শীঘ্র থামিয়া যা ওরায় তাহাদের দেহের স্নায়ব-পোশক ভদ্ধ ভত্তটা বৃদ্ধি পাইতে পারে না—একট কুর্দ্রাকারের হয়; স্কুতরাং, যে আন্ত্র প্রভান্ত-সকল দেহের কাজ করে এবং যে মন্তিক অন্তপ্রভান্তদিগকৈ কাজ করার-এ উভরই অপেকাকত কুদ্র হঠয়া থাকে, এবং এই কারণে দ্রীলোকের মনের উপর ভুইটি ফল হয়। ভাহাদের মান্সিক বৃদ্ধি-সমূহের প্রকাশে তেমন শক্তিমন্তা বা বিশালতা উপলব্ধি হয় না; এত্যাতীত মানবীর ক্রমবিকাশের বে চুইট চরম ফল,—বৃদ্ধিবৃত্তি ত ভাৰবৃত্তি, এই উভর বৃত্তিতেই কিঞ্চিৎ নানতা দৃষ্ট হয়; স্ক্রতম তাত্তিক

যুক্তি তাঁহারা বৃদ্ধি দারা তেমন গ্রহণ করিতে পারেন না। যে অফুরাগ-বিরাগ ব্যক্তি-বিশেষের প্রতি অফুভূত হয় তাহাই তাঁহারা বৃদ্ধিতে পারেন; কিন্তু স্থায়পরতা কিনা ব্যক্তিগত অফুরাগ-বিরাগের উপর একাস্ত নির্ভর করে না, তাই সে ভাবটি তাঁহারা চট করিয়া ধরিতে পারেন না।

এ-ত গেল স্ত্রীপুরুষের পরিমাণ-গত প্রভেদ। এখন প্রক্রুতিগত প্রভেদ কি তাহা একবার আলোচনা করিয়া দেখা যাক্। স্ত্রীপুরুষের পরস্পারের মধ্যে যে সম্বন্ধ ও স্ত্রী-পুরুষের সহিত নিজ সন্তানের যে সম্বন্ধ গ্রুতিগত প্রভেদ উৎপন্ন হইরাছে। অপত্য সেহের গোড়া ধরিতে গেলে উহা নিরুপায় ও নিরাশ্রেরে প্রতি ভালবাসা ভিন্ন আর কিছুই নহে। এই অপতামেহ যদিও পিতামাতা উভয়েতেই বর্ত্তমান, তথাপি উহার মধ্যে একটু ইতরবিশেষ আছে। শৈশবের নিরুপায় অবস্থা হইতে যে সেহ উৎপন্ন হয় তাহা পুরুষ অপেক্ষা স্ত্রীলোকের মনে যে অধিক প্রবল ভাহাতে সন্দেহ নাই।

পুরুষের মনে এই ভাবটি স্ত্রীলোকের ন্থায় ৩৩ বিশেষ আকারে সংস্কার-বন্ধ নহে—তবে সাধারণতঃ, আশ্রুরাণীন ত্র্বল ব্যক্তিমাত্রের প্রতি কথাঞ্চৎ পুরুষের মনেও এই ভাবের উদ্রেক হয়। স্ত্রীলোকদিগের এই বিশেষ-সংস্কার হইতেই শিশু-জীবনের রক্ষণাবেক্ষণে তাহাদের একটা বিশেষ-পটুতা জান্মরাছে—তাহাদের আচরণের সহিত তাহাদের স্বাভাবিক ভাবের বেশ মিল হইয়াছে। এ স্থলে শারীরিক বিশেষদ্বের সঙ্গে একটা মানসিক বিশেষদ্বও যে উৎপন্ন হইরাছে তাহা কেই অস্বীকার করিতে পারে না; এবং গোড়ায় যদিও এই মানসিক বিশেষদ্বের সহিত সন্থান পালনেরই বিশেষ সম্বন্ধ, তথাপি স্ত্রীলোকের সমস্ত জীবনক কিরৎপরিমাণে ইহার প্রভাবে অমুর্ঞ্জিত। স্ত্রী-পুরুষের অবশিষ্ট প্রকৃতি-গত মানসিক প্রভেব সকল ত্র্বল স্বলের সম্বন্ধ হইতে প্রস্তুত। সভ্যতার ইতিহাস পর্যালোচনা করিলে দেখা যায়, স্বল

পুরুষজ্ঞাতির সহিত ব্যবহারে, জ্বলা স্ক্রীজ্ঞাতি কতকণ্ডলি বিশেষ মানসিক লক্ষণ অর্জন করিয়াছে।

প্রথমতঃ দেখা যায়, যে সকল অসভা জাতি বলবান, সাহনী, আততায়ী, সদসৎজ্ঞানশৃত্ত ও অতাস্ত স্বার্গন ছিল তাহারাই জীবন-সংগ্রামে টি কিয়া গিয়াছে। এবং এই সকল বিজয়ী অসভাজ্ঞাতি হইতেই সভ্য জাতিদিগের উৎপত্তি। স্থতরাং সভ্যজাতিদিগের পূর্ব্ব-পুরুষের প্রস্কৃতিতে পাশব রুজির যে প্রাবল্য ছিল তাহাতে জার সন্দেহ নাই। কাজেকাজেই, এই সকল জাতির অস্তর্গত স্ত্রীলোকদিগের সহিত নিষ্ঠুর পুরুষদিগের সংসর্গ হণয়ায়, ঐ সকল স্ত্রীলোক পুরুষদের মন যোগাইয়া যে পরিমাণে চলিতে পারিত সেই পরিমাণে তাহারা স্থ-সম্পদের ভাগী হইত। সেই সকল স্ত্রীলোক স্থায় বলের ছায়-ত নিজ স্থছ রক্ষা করিতে পারিত না—হবে কি উপায়ে তাহা বজ্ঞায় রাখিত ? বিশেষ অবস্থায় পড়িয়া তাহাদের কতকগুলি বিশেষ মানসিক কক্ষণ উৎপত্ম হয়, তাহারই প্রভাবে তাহারা জীবন-সংগ্রামে সফলতা লাভ করিত।

প্রথমতঃ মনোরঞ্জন করিবার ক্ষমতা—এবং তাহার সঙ্গে প্রশংসা লাভের ইচ্ছা তাহাদের বলবতী ছিল। স্পষ্ট দেখা ষাইতেছে, তৎকালে পুরুষদিগের দয়ার উপর একান্ত নির্ভর করিয়া স্ত্রীলোক মাত্রকেই থাকিতে হইত, স্থতরাং যে সকল স্ত্রীলোক পুরুষদের বেশী মন যোগাইতে পারিত তাহারাই টিকিয়া থাকিয়া নিক্ষ বংশ রাখিয়া বাইত। এবং বংশামুক্রমে এই সকল গুণ স্ত্রীক্ষাতিতে প্রবৃহিত হইয়া, আদর-যত্ন পাইবার বিশেষ ইচ্ছা এবং তাহার আমুসিঙ্গক বিশেষ হাব জ্ঞাব স্ত্রীক্ষভাবে যে বন্ধমূল হটবে তাহাতে আর আশ্রুষ্য কি ?

আবার যে সকল স্ত্রীলোক নিঠুর অসভ্য স্বামীকর্ত্ব প্রশীভিত হইয়াও নিজ মনকট গোপন করিয়া রাণিংতে পারিত ভাহাদেরই সর্ক্র- প্রকারে ভাল হইত। এবং এইরাপে এই ধৈর্যাপ্তণত কৌলিক নিরমপ্রভাবে স্ত্রীজাতিতে বন্ধুল ,ইইরাছে। স্ত্রীলোকদিগের আর একটি
বিশেষ ক্ষমতা আছে—তাহারও এখানে উপ্লেখ করা আবশ্রক।
স্ত্রীলোক অভাবতই ইলিডজ্ঞ। স্ত্রীলোকেরা আত্মীয় স্ক্রনের মনের ভাব,
মুখের ভাব দেখিরা চট্ করিষা ধরিতে পারে। একট্ ভাবাস্তর হইলেই
তাহারা বুঝিতে পারে। পূর্বতিন অসভাকালে যে সকল স্ত্রীলোক
স্থামিদিগের মুখের ভাবে, গলার স্বরে, ক্রোধের পূর্বলক্ষণ সকল বুঝিতে
পারিত্ব তাহারাই স্থামিদিগের রোষাগ্রিক্রপ বিপদ হইতে রক্ষা পাইত
এবং তাহারাই টি কিয়া থাকিয়া উত্তরবংশে এই গুণটি সংক্রামিত
করিয়াছে।

বলবানের প্রতি আর্সন্তি দ্বীলোকদের আর একটি প্রকৃতিগত ভাব।

এই শুল থাকাতেই মানব-কুলের উরতি ইইয়া আর্সিয়াছে; যে সকল

দ্রীলোক বলশক্তির প্রাণান্তে মোহিত ইইয়া আ্রমী নির্বাচন করিত
ভাহারাই ভাহাদের আপ্রয়-প্রভাবে জীবন-সংগ্রামে টি কিয়া যাইত;
পক্ষান্তরে যে সকল দ্রীলোক হর্বল পুরুষদিগকে স্বামীত্বে বরণ করিত
ভাহারা অনতিকাল মধ্যে ধ্বংস ইইয়া যাইত। এইরূপে প্রতাপ-বিক্রমের প্রতি আ্রসন্তি কৌলিকনিয়মপ্রভাবে দ্বীস্বভাবের লক্ষণ ইইয়া
পড়িয়াছে। এই জন্ম অনেক সময়ে এই অন্তুত দৃশুটি দেখা যায়,
বলবান স্বামী স্বীয় দ্রীর প্রতি নির্হুর বাবহার করিলেও দ্রী সমানরূপে
ভাহার প্রতি আসক্ত, কিন্তু যে স্বামী হর্বল সে ভাল ব্যবহার করিলেও
ভাহার প্রতি আসক্ত, কিন্তু যে স্বামী হ্র্বল সে ভাল ব্যবহার করিলেও
ভাহার প্রতি দ্রাতভটা আসক্ত নহে। ওধু নিম্ব স্বামী কেন—অসাধারণ
শক্তিশালী ক্ষমতাবান ব্যক্তিমাত্রেরই প্রতি দ্বীলোকের ভক্তি এইরূপে
ক্রিয়াছে।; এই শক্তিপুজা হইতে ধর্ম্মের উৎপত্তি। এই জন্ম দ্রীজাতির
মধ্যে ধর্ম্মভাবের বিশেষ প্রাবলা সর্ববেই লক্ষিত হয়। এবং এই
কারণেই সকল দেশের দ্বীলোকদিগের মধ্যেই ধর্ম ও সমাজসম্বন্ধীয়

বাহ্ন অন্তর্গানের প্রতি বিশেষ আন্তা ও সর্বপ্রকার শাসনকর্তৃগণের প্রতি অচলা ভক্তি দেখিতে পাওয়া যায়।

কিন্তু সভাতার উন্নতির দঙ্গেদকে স্ত্রী-পুরুষের মনের ভাব ও প্রকৃতি অনেকটা পরিবর্ত্তিত হুইতেছে, স্মতরাং সেই দঙ্গে স্ত্রী-পুরুষের সম্বন্ধও কতকটা পরিবর্ত্তিত হইবার কথা। অসভ্যকালে যথন পাশববলের প্রাধান্ত ছিল তথন পুরুষের দাদত্বে স্ত্রীলোক নিযুক্ত থাকিত। এখন এই সভাকালে স্ত্রী, পুরুষের চির-সঙ্গিনী ও স্থী; বরং পুরুষ কতকটা স্ত্রীর দাসত্তে নিযুক্ত। পাশব-বল এখন সৌন্দর্যোর পদানত। স্ত্রীলোকের শরীরের প্রতি দৃষ্টি রাখিয়া তাহাদের মধ্যে উচ্চশিক্ষা যে পরিমাণে প্রবর্ত্তিত হটবে (ভাষা-শিক্ষা ও আত্রকালের বিশ্ববিদ্যালয়ের গিলাটয়া-(म एवा विमानिकारक डेक्ड निका विन ना) (मर्डे श्रिकार को-श्रक्ष खंद মানসিক প্রভেদও কতকটা তিরোহিত হইবে সন্দেহ নাই। স্ত্রীলোকের মধ্যে মান্সিক বিকাশের উন্নতি হইলে, কতকটা সেই সঙ্গে শারীরিক বিকাশেরও বৃদ্ধি হটবে—এথনকার স্থায় অত শীঘ্র শারীরিক বিকাশ থামিয়া ঘাইবে না; স্থতরাং যে পরিমাণে স্ত্রীলোকের ব্যক্তিবিকাশিনী শক্তি বৃদ্ধি হটবে, সেই পরিমাণে কুল-বৃদ্ধিনী শক্তির হ্রাস হটবে। এরপ অবস্থায় দুর-ভবিষাৎ সমাজ যে কি আকারে গঠিত হটবে তাহা এখন বলা অসম্ভব। বাহ্য অবস্থার সহিত লোকপ্রকৃতির সামঞ্চ হুইয়া তথন আর এক প্রকার উল্লুভতর সমান্ত যে সমুখিত হুইবে ভাহাতে আর সন্দেহ নাই।

অপরাধীগণের শারীরিক ও মানসিক অবস্থা।

অপরাধীদিগের তথাামুসদ্ধান করেয়। এই সিদ্ধান্তে উপনীত হণ্যা যায় যে, উহাদের কোন বিশেষ ছাঁচের চেহারা নাই—অর্থাৎ উহারা কোন বিশেষ ছাঁচের চেহারা লইয়া জন্মগ্রহণ করে না। তবে যাহারা চিরাভান্ত অপরাধী, যাহারা বারম্বার জেল থাটিয়া আইসে তাহাদের ছেহারার একটা বিশেষত্ব ক্রমে দাঁড়াইয়া যায়। কিন্তু সে বিশেষত্ব প্রকার করে বড় সহজ নহে। ফলকথা, চেহারা কিম্বা বরণ-ধারণ দেখিয়া অপরাধীকে চেনা কঠিন—উহা চরিত্রের অকাটা নদর্শন নহে।

সব সময়ে কৌলিক দোষেই যে অগরাধ-প্রবণতা প্রস্ত হয় তাহাও নহে—উহা অনেকটা ব্যক্তিগত অভ্যাসের ফল। অগ্যাপক বাইনুমান বলেন, অর্জ্জিত অভ্যাস-সকল উত্তরবংশে সংক্রামিত হয় না। গ্যালটনও ঐ কথা বলেন। আমাদের পূর্বে পুরুষদিগের স্বাভাবিক বৃত্তিসমূহেরই আমরা অধিকারী হই, উাহাদের অর্জ্জিত অভ্যাস-সকল আমরা লাভ করি না। বাশ-বাজিকরের ছেলে বিনা-অভ্যাসে বাশ বাজিকর হয় না—অথবা কৃষ্টিগির পালোয়ানের পূল বিনা-শিক্ষায় কৃষ্টির মার-পাঁচে আদায় করিতে পারে না। চোরের ছেলে সব সময়ে যে চোর হইবে এরূপ কোন কথা নাই; তবে যদি চোর হয় সে ভাহার পিতার কৃষ্টান্তে ও সঙ্গদেহেন,—জন্মদোষে নহে।

সস্তান পিতামাতার অর্জ্জিত রন্তির অধিকারী হয় না বটে কিন্তু ইহা সত্য যে তাঁহাদিগের রোগের অধিকারী হইয়া থাকে। আর রোগের সহিত অপরাধ-প্রবণতার যে বিশেষ যোগ আছে তাহা কিছুতেই অস্বীকার করা যায় না। রোগগন্ত কিন্তা শারীরিক হীনতা-গ্রন্ত ব্যক্তি অপরাধী হইবেট এরূপ কোন কথা নাই—অনেক স্থলেই হয় না। তবে, এ কথা বলা যায় যে, কৌলিক রোগ হইতে যাহারা মুক্ত তাহাদের

তলনায কৌলিক রোগগ্রন্থ ব্যক্তিবর্গের মধ্যে অপরাধীর সংখ্যা অধিক। শারীরিক হীনভার পরিণামগতি কোন দিকে? মেভাজ বিগ্ড়াইরা দে ওয়া, ইচ্ছার্শাক্তকে হ্রাস করা ও সাধারণতঃ মানাসক সামঞ্জ নই করা - এই দিকেই কি ভাহার স্বাভাাবক গতি নহে ? এই প্রেবণতা বে হতভাগ্য ব্যক্তির স্বভাবে বন্ধমূল হয় সেই অপরাধকার্যো লিপ্ত হটয়া থাকে। বুর্তেমবুর্গ-রাষ্ট্রের কারাধাক্ষ হেরু সিখার্ট বলেন যে, অনেক অপরাণীট হানতা-যুক্ত পিতামতির সম্ভান। ১৭১৪ করেদীর তথাকুসন্ধান করিষা তিনি জানিয়াছিলেন যে তন্মধ্যে পতকরা ১৬ জন, মাতাল পিতামা তার সন্তান; শতকরা ৬ জন সেই সকল পরিবার ইইতে সমাগত যে পরিবারে উন্মাদ রোগ 'ছল , শতকরা ৪ জন আত্মহতাা-প্রবণ পরিবাব হচতে ০ শতকরা ১ জন অপরাপর রোগগুল্প পরিবার হটাত সমাগত। ফ্রান্ত ব চটালে দেশেও এচরপ দেখা যায়। ভাকনের কর এইরূপ অভিপ্রায় বাকে করিয়াছেন যে, ফরাপিন সৈভামগুলীর মধ্যে যাহারা তৃত্বদের জন্ম দণ্ডিত হয় প্রায়ট তাহারা শারীরিক ও মানসিক হীনতাযুক্ত পিতামাতার সন্তান। ডাক্তার াভর্জিলিও বলেন, ইটালি দেশের অপরাধী অধিবাসীর মধে। শতকরা ৩২ জন ব্যক্তিতে পি গামাতার অপরাধ-প্রেবণতা সংক্রামিত হয়। ইংল্পের বিচার-সংক্রাম্ব তথা তালিকা অনুসন্ধান করিষা জানা যায় যে ১৮৭৯ হইতে ১৮৮৮ সাল পর্যান্ত ১৪৩ জন অর্থাৎ শতকরা তং জন উন্মাদগ্রন্ত বলিয়া প্রতিপন্ন হয়। এবং যে ২৯৯ জনের ফাঁসির ত্রুম হয় তাহারও মধ্যে 58৫ জন-অর্থাৎ প্রায় অর্দ্ধেক-মান্সিক ফর্বলভা-গ্রস্ত বলিরা প্রতিপন্ন হওয়ায় তাহাদের দণ্ডাক্ত। পরিবর্তিত হয়। অতঞ্জব দেখা ষাইতেছে, যাহারা ইচ্ছাকুত হতাপরাধে অপরাধী তাহাদিগের মধ্যে শতকরা প্রায় ৪০।৫০ জন উন্মাদপ্রস্ত কিম্বা মানসিক চুর্বলভাসমন্ত্রিত। অপরাধীবর্গের মধ্যে কতক সংখ্যক লোক লেখাপড়া শিধিতে

একেবারেট অসমর্থ। তাহাদেব স্মবণ ও বুদ্ধিশক্তি এত কম বে, ভাহাদিগকে শিক্ষা দিবাৰ চেষ্টা কৰ' সমধেৰ অপব্যৰ মাত্ৰ। সচৰাচৰ व्यमवाधीमिट्रांव माधावन लक्ष्मन এड (मधा यात्र (य. डाहाट्मव च्रवन কল্পনা ও ব্রদ্ধির তিব বিশেষ অভাব। শাবীবিক ও মানাসক তুর্গতিব সহিত अभवाध-প্রবশতাব মানষ্ঠ যোণ থাকিলেও, অনেকটা আবাব তাহা সামাজ্ঞিক অবস্থার দাবা নিষ্মত হয় যে হান গায়ক্ত ব্যক্তিব জীবিকা অৰ্জন কবিতে হয়, গাহাকে অনেক সময় ৰাধ্য হুচ্যা কুপথেব আশ্ৰয लकेट इस-वर अदारक होन हां खंड हरेया व सीरिकार मध्यान थाका প্রায়ক্ত স্থপথে থাকিষা যায।

- 0-

দ্বীপুরুষভেদে অপরাধের ন্যুনাধিক্য।

সকল সভা জাতিব আদালৎ-সংক্রান্ত তথা গালিকা অনুসন্ধান করিয়া দে।খলে জানা যায় যে, স্ত্রালোকেবা পুক্ষ অপেক্ষা এবং বালিকারা বালক অপেক্ষা নে আহনী অপবাধে কম লিপ্ত। বিশেষতঃ যুবোপের উত্তর-ভাগ অপেক্ষা দক্ষিণ-ভাগে স্ত্রালোকেব অপবাধ কম দৃষ্ট হয়। ভাহার কাবণ প্রথমতঃ, যুবোপের দাক্ষণ ভাগে মার পিসের অপরাধে কারণ প্রথমতঃ, যুবোপের দাক্ষণ ভাগে মার পিসের অপরাধে শহারা ততালপ্ত হততে পালে না। যুবোপের উত্তর ভাগে চুবি প্রভৃতি অপরাবের আনিকা, স্কৃত্রাং লিকাল অবাধের স্থানিকা, স্কৃত্রাং লিপ্ত সকল অববাবের আনিকা, স্কৃত্রাং লিকাল যুবোপে স্থালোকেবা অনেকটা গৃহে ক্ষ থাকে, বাত্বনে উত্তর ভাগেদের উত্তর ভাগেদ ক্ষ ক্ষ প্রথমে, বাত্বনের উত্তর ভাগেদের স্কৃত্যাকেব মনো যায় না, স্কৃত্রাং ক্স ক্ষ প্রকৃত্তীক্তে শহাদের চবিত্র তেমন দুবিত হততে পালে না।

অপনাগের সংখ্যা ছাত্তনা দিলা বদি গুক লঘুতার বিষয় ধনা **ষায়,** গাহা হতনে দেখা বাতরে বে স্ত্রালোকেরা পুক্ষ অপেক্ষা গুকু হব অপবাথে অপবাধা। মানত গেরি ০ কেতলে অকুসন্ধান কবিষা এই সিদ্ধান্থে উপনীত হত্যাছেন যে, ফ্রান্স দেশে শিশু-২০গা, জ্রন-হত্যা, বিষ-প্রযোগ, গুহু চৌর্যা প্রভৃতি অপবাধে স্ত্রানোকেরা পুরুষ অপেক্ষা অনিক অপবাধী, পিতৃমাতৃ ২০গায় স্ত্রীলোকেরা পুরুষদিগের শুহি অতাচার, পুক্ষ অপেক্ষা স্ত্রীলোকেনা পুরুষদিগের মন্য অধিক দেখা ষায়।

আব এক কথা, পুরুষ অপেক্ষা স্ত্রালোকেবা হুছকন্মে বেশী পাকিষা ষায—বেশী অভান্ত হুইয়া পড়ে। হংলগুীয় কাবাগাবের হুথ্য-ছালিকা সমূশীলন কবিষা জানা যায় যে, স্ত্রীলোকেবা যথন একবাব অপবাধে লিগু ছয় হুখন পুরুষদিগের অপেক্ষা ব্যবহার অপবাধ করিতে প্রায়ুত্ত, হুর। সমক্ত মুরোপের হুথা হালিকাতেও এই কথাব সহ্যতা সপ্রমাণ হুছরাছে। শাধাবণতঃ পুরুষ অপেক্ষা স্ত্রীলোকেবা অপবাণে যে কম লিপ্ত তাহার কারণ কি ? গহাব সহজ উত্তব এক যে, ধর্মনীতি বিষয়ে স্ত্রীলোক পুরুষ অপেক্ষা শ্রেষ্ঠ। স্ত্রীলোকেবা যুগযুগান্তব ককতে শিশুর লালন-পালনে বক্ত গহাদেব এক মাতৃভাব গাহাদেব মনে কংকগুলি নিঃমার্থ প্রবৃত্তি জাগাইশা বাখে—মুক্তবাং এক নিঃমার্থ ভাবেব পরিচালনার তাহাদেব অপবাব-প্রবণতা অনেক পরিমাণে হাস হচমাছে। আর এক কাবণ এক যে, ত্রীলোকেবা ক্রনল, স্কুতবাং যে সকল অপবাধ বলসাধ্য ক্লাকা একালেব ক্রমণ ক্রিয়াল বালা করেও পাবে না, তাহা পুরুষদিগকে উষকাদ্যা দিয়া সানন করে, তাথচ স্বয়ং ঐ কার্যে। লিপ্তা নহে বলিয়া দণ্ড ১০০ নিক্তি পায়।

ইংলতে যে নকল জাগ জুনাচ্বাৰ সপৰাবে সনক সম্বান্ত নংশেৰ পুক্ৰবোদগুনীস হয়, সনেক সলে ত্রীলোবেনা হাছাতে ভিতৰে ভিতৰে লিপ্ত থাকে। সনেক সময়ে, ত্রীদগেল গাইস্থা-অপনাযি া, পনিচ্ছদের অপবায়িতা ও পাডাপ্রতিনানীদিশেন উপন টক্কব দিনাব ইচ্ছা ইহতে স্বামীনা হৃদ্ধানা হয় ও অবশেষ কানাদগু ভোগ কৰে।

ষে সকল দেশে স্ত্রালোকেবা অপ্রকাশভাবে গৃত্তের অন্তরালে অবস্থিতি কবে, সেথানকার স্ত্রালোকদিশের অপরাবসংখ্যা অনেক কম। গীস দেশে স্ত্রীলোকদের মনো সপরাব দে এ কম, সহাই তাহার একমাত্র কারণ। পক্ষাপ্তরে স্টলপ্তে স্ত্রাশোক-অপরাবীর সংখ্যা বে বেশা তাহার কারণ, তত্ত্বস্ত স্ত্রীলোকেবা অনেকটা বাহ্নির কাজে নিযুক্ত। অত শারীবিক শ্রমের কাজ যুরোপের আর কোন স্ত্রীমগুলীর মধ্যে দেখা বাব না। স্ক্রীনা মাসে ঘাটে কারখানায় পুক্রদের সহিত একত্তে কাজ করে—স্থীয় জ্বীবিকার জন্ত পুরুষদের উপর তত নির্ভর করে না; ভাহাদের সামাজিক উদ্যাম চেষ্টা অনেকটা পুরুষদিগেরই মত্ত্র

কাজে কাজেই ভাহাদের অপরাধ-প্রবণতাও অনেকটা প্রথম্বিতিগর সমান।

্জপরাধের তথ্যতালিকা আলোচনা করিয়া এট সত্যটি **জান**ি যার নে, যে পরিমাণে জ্রালোকের। বাধা ১টর। বাহেরের জীবন-সংগ্রামে প্রদেশ করে সেই পরিমাণে ভাহারা অপরাব-প্রবণ হইরা উঠে। **কাল টংলতে** দেরপ লোক মটের গতি দেশ। যাইতেছে ইংলঙের ভাবী সমাজের খবস্থা বড় সামাসজনক বাল্য। বোধ হয় না স্ত্রীলোকদিগের জন্ম সর্বাপ্রকার কা.জর ছার উদয়টিত ইউক এই পিকেই ্লোকের মনোপতি দেখা বাইতেছে। প্রকাশ্র জাবন-সংগ্রামের কঠোর ক্ষেত্রে অবতার্ণ হতনে স্ত্রীলোকের উচ্চতর প্রবৃত্তনকল অক্ষত থাকিবে কিনা সন্দেই হয়: অভিকাশ ইংলডের মন্ত্রিনিকাচনের সংগ্রামে স্ত্রীলোকেরাও মেগি দিতেছেন। সক্ষেট অবগ্র আছেন, এই সকল নির্বাচন-ব্যাপানে কছ প্রকান অসৎ উপায় অবলাম্বত হয়—স্থতরাং এই সকল কাজে ত্তীলোকেরা বাপিত ২ইলে ভাহাদের নৈতিক অৰস্থার কিক্স উন্নি এইবৈ ভাষা দেখাই বাহতেছে ৷ শুধু গাহা নহে, ভাষাদের সস্থান সম্বতির উপর এই প্রভাবের কুফল সংক্রামিত **ইইতে পারে**। আসল কথা, গৃহই স্ত্রীলোকের কার্গিকতে। সন্তানের লালনপালন ও স্কানকে শিক্ষান এই ছুর্টি স্ত্রীগোকের প্রধান কার্যা। ব্রীলোকের। গৃহকে পবিত্র রাখিতে পারেন —জ্ঞানধশ্মের আলোকে আলোকিও করিতে পারেন —গৃহহর মধ্যে স্থেসচ্ছন্দ্র স্থাপন করিতে পারেন-গৃহকে প্রীগৌন্দর্যো ভূষিত করিতে পারেন তাহা ইইলেই তাঁহাদের জীবনের কাজ করা হটল। তাহাদের এই কাজ স্থচাকরণে নুষ্পার করিতে পারিলে, সকল প্রকার ত্ত্বর্ম ও অপরাধ সমাজ হটতে বে ্মাচরাৎ তিরোহিত হটবে তাহাতে আর দলেহ নাই।

ইংলণ্ডে অপরাধীর সংশোধন-পদ্ধতি।

হংলতে নিকাসন-দ্ও উঠিয়া গিয়া তাহার পরিবর্তে দাস্ত্বদণ্ডের বিশান হুইয়াছে। পাঁচ বৎসর কিন্তা হুটাদিক কাহারও কারাদ্ও হুইলে তাহা দাস্ত্ব-দ্ও বলিয়া গৃহাত হয়। দাস্ত্ব-দ্ও তিন পালে বিভক্ত। প্রথম বাপে, অপরাধী ভাহার কারাদণ্ডের প্রথম নয় মাস কলে কোন স্থানীয় কারাগারে নিঃসঙ্গানে আবিদ্ধ থাকে । ছিলীয় পাপে, ভাহাকে হুটা করেছে ক্রেন্টে দেশে। হয়। এবং শেষ বাপে, ভাহার দ্ওকাল আহ্বাহে ক হুইছে ইুইছেই হাইাকে মাজ দেওয়া হয়। যান কোন কলেশা ভাল বাস্থাব করে, তাহাকে মাজ প্রেপ্তমা ব্যায়া বেশ হয়। তাল কেলা হয়। তাল কলেশা ভাল বাস্থাব করে। আহ্বাহিত হুইলেই ভাহাকে ছা হুটা কলেজ হয়। তাল কলেজ হয়। তাল কলেজ হয়। কাল কলেজ হয়। তাল কলেজ হয়।

সামান্ত কারাদগুটি বা কর প্রাণ বেরপে বাবহার করা হয়, দাসত্ব দগুটি বাজের প্রাণ্ড প্রথম নর মান সেইকপেই বাবেগর করা হছয়া থাকে— প্রভেদ এই মাত্র যে দাসত্ব-দগুটি বাজি আবেশ্যক্তি একটু ভাল থাইতে পায়। সরকারা পুত্র-বিভাগে সংক্রন্তি কারণি রৈ স্থম কোন ক্রেদা আবদ্ধ থাকে তথ্য ভাইাকে পাচ্চি উচ্চ হছতে উচ্চতির ধাপ অতিক্রম ক্রিতে হয়। সভ উচ্চত্র• বাপে উঠিতে থাকে তদনুসারে ভাইার অধিকার বৃদ্ধি হয়।

প্রথম ধাপটির নাম "পরাক্ষাধীন শ্রেনী"। এই শ্রেণীব ও অন্তান্ত শ্রেণীর কয়েদীদিগের খাট্টানর পরমাণ সংখাচিন্ত্রে দারা নির্দ্দেশিত হইরা থাকে। প্রকাশু বিদ্যালয়ে ছাত্রদিগের পরীক্ষার সময় পরীক্ষকেরা ধেরূপ সংখ্যা-চিত্তের দারা ছাত্রদিগের আপেক্ষিক যোগ্যতা-স্কৃতিত করেন ইহাও তদ্রেপ। কারাগারে যে কয়েদী ৮ সংখ্যা দিনের মধ্যে প্রাপ্ত হর,

সেই ভাল কয়েদার মধ্যে গণ্যা গড়ে দিনের কাজটা কোনরূপে শেষ করিতে পারিলে, যে-দে কয়েদী এই ৮ সংখ্যার চিহ্ন সহজে লাভ করিতে পারে। তিন মাস ধরিয়া যদি কোন করেদী প্রতিদিন এই সর্বেরাচ্চ সংখ্যা লাভ করে তাহা হইলে সে "পরীক্ষাধীন শ্রেণী" হইতে তৃতীয় শ্রেণীতে উন্নীত হয়। এই তৃতীয় শ্রেণীতে তাহাকে অস্কুতঃ এক বৎসর কাল থাকিতে হয়। এই ততীয় শ্রেণীতে অবস্থিতিকালে, ছয় মাস অন্তর সে চিঠিপত্র লেখালেখি করিতে পারেও কারাগারের মধ্যে আত্মীয় বন্ধর সহিত দেখা কারবার অধিকার প্রাপ্ত হয়। তাছাড়া, প্রতি ২০ সংখ্যা-চিছের উপর এক পোন করিয়া পুরস্কার পায়—এইরিপে বৎসরে ১০ শিলিং করিয়া তাহার লাভ হয়। তৃতীয় শ্রেণীতে এক বৎসরকাল আত্রাহিত হুটলে, যদি সেই ক্ষেদী ব্রীতিমত ৮ সংখ্যা-চিত্র প্রতিদিন পাইয়া থাকে, এবে সে "দি এয় শ্রেণীতে" উত্থান করে। এই শ্রেণীতে সে প্রতি চারিমাস অন্তর চিঠিপত্র লিখিবার ও আত্মীর স্বজনের সহিত্যাক্ষাৎ করিবার আধকার প্রাপ্ত হয়। আহারের নির্বা-চন বিষয়েও ভাষার একট হাত থাকে –এবং তাহার চিহু সংখ্যারও একট দর বাড়ে। এই দ্বিতীয় শ্রেণীতে ক্ষেদী, বৎসরে ১৮ শিলিং করিয়া উপার্জ্জন করে। এক বৎসর কাল অতীত হুটলে যদি তথন। কয়েদীর শ্রমাভ্যাস অকুগ্র থাকে তবে যে প্রথম শ্রেণীতে উন্নীত হয়। যে সকল কয়েদী লেখা পড়া জানে না তাহারা প্রথম শ্রেণীতে উঠিতে পায় না—লেখাপড়া একটু শিথিলে তবে উঠিতে পায়। প্রথম শ্রেণীতে করেদী প্রতি তিন মাধ অন্তর চিঠি পতা লেখালেখি ও আত্মীয় স্বন্ধনের সাক্ষাৎকার লাভের অধিকার প্রাপ্ত হয়। আহার নির্বাচনেও তাহার একটু বেশা স্বাধীনতা থাকে। প্রথম শ্রেণীতে কয়েদা, বৎসরে ৩০ শিলিং করিয়া লাভ করে। প্রথম শ্রেণীর উপরে "বিশেষ শ্রেণী" বলিয়া আর একটি শ্রেণী আছে। যে সকল কয়েদীর চরিত্র দৃষ্টাস্ত-স্থল বলিয়া পরি-

গণিত হয় তাহারাই এই শ্রেণীভুক্ত। তাহাদের মুক্তির বার মাদ পূর্বে তাহাদিগকে এই শ্রেণীভুক্ত করা যাইতে পারে; কারাগারের দায়িত্বস্চক কাজ কর্মে তাহাদিগকে নিযুক্ত করা যাইতে পারে এবং তাহারা ৬পাউগু করিয়া পুরস্কার লাভ করিতে পারে। এই সকল কয়েদীরাই, তাহাদের মেয়াদের বার আনা কাল অতিবাহিত হইলেই মুক্তিলাভ করে।

স্ত্রী-অপরাধীদিগের জন্ম এই সকল নিয়ম কিঞ্চিৎ পরিবর্ত্তিত ও শিথিল করা হইয়াছে। নিঃদঙ্গ অবস্থিতির নিয়ম ৩০ কড়াক্কড় ভাবে তাহাদের প্রতি প্রয়োগ করা হয় না। নেযাদের তিন অংশের চুই অংশ কাল অতিবাহিত হউলেই তাহাদিগকে মুক্তি দেওয়া যাইতে পারে। পুরুষদের অপেক্ষা স্ত্রী কয়েদীরা ১ পাউও বেশী পুরন্ধার লাভ করিতে পারে। পুরুষদিগের বিশেষ শ্রেণীর ক্সায় স্ত্রী-অপরাধীদিগের ও একটি বিশেষ শ্রেণী আছে - তাহার নাম "আএমী"-এেণী। মেয়াদের প্রথম অবস্থার যদি কোন স্ত্রী-করেদী ভাল বাবহার করে 'এবে গ্রাহাকে এই শ্রেণীতে ভুক্ত করা হয়। এবং মেয়াদের তিন অংশের ছত অংশ কাল অতিবাহিত করিবার নয় মাদ পুরেষ্ট তাহাদিগকে কালগোর হইতে মুক্ত করিয়া কোন "স্ত্রী-আশ্রমে" রাখিয়া দেওয়া ২য়। যে ছুই স্থাশ্রম এই শ্রেণীস্থ ক্ষেদীকে গ্রহণ করে হাহার নাম "এলিজেবেথ ফ্রাই আশ্রম" ও "লগুনের অপরাধ-নিবারক ও শংশোধক প্রতিষ্ঠান।" রাজ সরকার হইতে এই সকল আশ্রমে, প্রতি আশ্রম-বাসিনীর জন্ম সপ্তাহে ১০ শিলিং করিয়া নেওরা হয়---এই আশ্রমে কিছুকাল বাস করিবার উপযুক্ত হইলে পরে ঐ সকল কারামুক্ত স্ত্রীলোকেরা পুনর্বার সংসারে প্রবেশ করে। কারা<mark>মুক্ত</mark> পুরুষ-অপরাধীরাও ইচ্ছা করিলে "কারামুক্ত অপরাধীর সাহায্য-সভার" আমুক্লো কান্ধ কর্মোর চেষ্টা দেখিতে পারে। এইরূপ ইংলণ্ডে, স্ত্রী ও পুরুষ-অপরাধীর জন্ম অনেকগুলি আশ্রম, সংশোধনালয় ও সাহায্য-সভা থাকাতে প্রভৃত উপকার সাধিত হয়।

স্বায়ত্ত-শাসন।

লর্ড রিপণ এদেশে স্বায়ন্ত-শাসন প্রবর্ত্তন করিয়া আমাদিগের উন্নতিপথ যে থুলিয়া দিয়াছেন তাহা কে না স্বীকার করিবে। পার্লেমেণ্ট কোন কালে যে আমাদের দেশে প্রতিষ্ঠিত হইতে পারে তাহার আশাহইয়াছে—নির্বাচন-প্রণালী-অনুসারে রাজ্য-শাসনের স্বত্রপাত হইয়াছে। এক কথায় আমাদিগের রাজ্যনৈতিক স্বাধীনতার ভিত্তি সংস্থাপিত হইয়াছে। ক্ষুদ্র নগরের কাজ যদি আমরা স্কচারুত্রপে নির্বাহ করিজে পারি—ক্রমে আমরা বৃহৎ রাজ্য-শাসনের ভার লইতে পারিব তাহাতে আর সন্দেহ কি। সকল কার্যেরিই আরম্ভ আছে, শিক্ষার হুল আছে। স্বায়ন্ত পোর-শাসন (Municipal self Government) স্বাধীনতামূলক প্রজ্যাতন্ত্র-প্রণালীরই প্রথম সোপান। এই জন্ম লর্ড রিপণের এই দানটি আমরা অমূল্য বাল্যা মনে করিতেছি।

একণে আমাদিগের কর্ত্তবা বাহাতে এক অধিকারটি আমরা স্থায়ী করিতে পারি—ইংরান্ধেরা না বলিতে পারে বে ভোমরা ইহার উপযুক্ত নও, তাই রক্ষা করিতে পারিলে না।

ষে দোষগুলি জাণীয় চরিতে থাকিলে সায়ত্ত-শাসন বার্থ হইয়া যায় ভাহা দূর করা আবশুক এবং মে সকল গুণ থাকিলে উহা দৃঢ়রূপে প্রতিষ্ঠিত হইতে পারে ভাহার ও উৎকর্ষ সাধন করা আবশুক।

শুদ্ধ বাহ্য আকার-প্রকারের অনুকরণে কোন ফল হয় না—বে ভাব হইতে সেই সকল আকার-প্রকার প্রস্থত হইয়াছে তাহা আত্মগাৎ করা চাই; তবেই তাহা জীবস্ত হইয়া উঠে—তাহাতে প্রাণ আইসে। এক এক দেশের এক এক রকম রীতি নীতি অনুষ্ঠান, সেই বিশেষ বিশেষ রীতি নীতি অনুষ্ঠানগুলি সেই দেশের বিশেষ ভাব হইতে উৎপন্ন। এবং সেই ভাবশুলি মূলে থাকাতেই সেই সকল রীতি নীতি অনুষ্ঠান বাঁচিয়া থাকে। বাঙ্গালীর অন্তরে যদি কশিষ্ঠ-ভাব না থাকে, তবে শুদ্ধ আঁটা-সাটা ইংরাজি কাপড় পরিলেই যে সে ইংরাজের মত কশিষ্ঠ হুইবে এরপ আশা করা যায় না।

বে-কোন জাতি, অন্ত জাতির আন্তরিক ভাব আত্মসাৎ না করিয়া কেবল তাহার বাহা অমুষ্ঠান অনুকরণ করিতে গিয়াছে, সেই অকুভকার্য্য ও জগতের নিকট হাস্তাম্পদ হইয়াছে। মনে কর, ইংলও আর ফ্রান্স। স্ক্রাম্স ইংলণ্ডের স্বাধীন রাজ্যতন্ত্র অমুকরণ করিতে গিয়া কিছুতেই ক্বত-कार्य इहेट्ड शारत नार्ड। कात्रण, मूर्ण कत्रांगिता यांहाई वनुक, वास्त्रिक স্বাধীনতার ভাব তাহাদিগের ততটা নাই—স্বাধীনতা অপেক্ষা যুশলিক্ষা ও কর্ত্ত-লালসা ভাহাদিগের প্রবল। এই জন্ম উহাদিগের এক এক জন নেতা স্বাধীনতার ধ্বজা তুলিয়া খেষে দেশকে দাসত্ব-শৃত্যলে বদ্ধ করিয়া কেলে। এখনও সমস্ত ফ্রান্সের কাষ্যা, পারিস হটতে নির্বাহ হয়। এখনও ফ্রান্সে প্রাদেশিক স্বভন্ততা নাই--সমস্ত রাজকার্যোর স্থত প্যারিসে কেন্দ্রীভূত। কোন দুর প্রদেশে একটা সামান্ত সাঁকো নিশ্বাণ করিতে হইলেও তাহার জন্ম রাজধানীর প্রধান কর্ত্তপক্ষদিগের অনুমতির অপেক্ষা করে । সকলই রাজপুরুষদিগের উপর নির্ভর—পৌরজনদিগের নিজের প্রায় কিছুই করিবার থাকে না। এই জন্ম ফ্রান্সে রাজনৈতিক শিক্ষার মভাব-এবং ফরাপীদের এঞাতন্ত্র-শাসন-প্রণালী ইংলভের স্থায় পৃঢ় ভিত্তিভমিতে প্রতিষ্ঠিত নহে; একজন ক্ষমতাশালী নেতা ইচ্ছা করিলেই ফ্রান্সে আবার রাক্তন্ত্র স্থাপন করিতে পারে। বস্ততঃ, এক্ষণে ফ্রান্সে যে প্রণালীতে রাজ্য-শাসন হটয়া থাকে উহা নামে প্রজাতন্ত্র, কিন্তু কাজে মুনুকটা রাজতন্ত্রেরই অনুরূপ। এখনও দেখানে Bureaucracy অর্থাৎ রাজপুরুষ-শাসনভন্তেরই প্রাবলা। ইংবাঞ্চদিগের স্থায় ফরাসিদিগের বাস্তবিক স্বাধীনতার ভাব থাকিলে এরপ কথনই হইত না।

তাই বলিতেছি, ওদ্ধ ভাল ব্যবস্থা প্রবর্ত্তিত হইলেই যে কাল হয়

ভাষা নছে, তাহার উপযোগী জ্বাতীয় চরিত্রের উৎকর্ষ সাধন করা চাই, তবেই উহা স্থায়ী হইতে পারে। বাঁহারা মনে করেন ইংলণ্ডে পার্লমেণ্টে আছে বলিয়াই ইংরাজেরা এতটা স্থাধীনতা উপভোগ করিতেছে—ভাহাদিগের রাজকার্যা এত ভাল চলিতেছে—ভাহারা অত্যন্ত প্রান্ত 'ইংরাজদিগের পার্লমেণ্ট-প্রণালী নির্দোষ নহে—উহাতে অনেক খুঁত আছে; এমন কতকগুলি নিয়ম আছে সাহা অক্ষরে অক্ষরে পালন করিলে কাজের বিলক্ষণ বাাঘাত হইতে পারে। অনেক চিন্তাশীল ইংরাজ এ কথা স্বীকার করেন, তবে যে তাহাদের রাজকার্যা এত ভাল চলিতেছে তাহা যতটা ইংরাজ-জ্বাতির চরিত্রগুণে, ততটা ভাল বাবস্থার গুণে নহে। আমাদের দেখা উচিত আমাদের জাতীয় চরিত্রে কি গুণ শ্বাকিলে এদেশে স্বায়ত্ত-শাসন বন্ধমূল ও স্থান্দ হইতে পারে।

সাধারণের কার্য্য নির্বাহ করিতে গেলে, সাধারণের কিসে ভাল হয় তাহাই দেখা কর্ত্তর। সাধারণের হিতের জন্ত নিজের স্বার্থ বিসর্জ্জন করিতে হইবে—আপনার ইচ্ছাকে সাধারণের ইচ্ছার অধীন করিতে হইবে। আমার যাহাতে প্রভুত্ব হয়, মান মর্য্যাদা বৃদ্ধি হয়, আমার আত্মীয় স্বজনকে প্রতিপালন করিবার স্থবিগা হয় এই জন্তই যদি আমি মিউনিসিপ্যাল কমিশনর হই,—তবে আমার মতে কাজ্ব হইল না, আমার লোককে কাজ্ব দেওয়া হইল না, আমার মান রহিল না—এই সকল ভাবিয়া, পৌরকার্য্য নির্বাহে যত্ন স্থভাবতই শিথিল হইয়া পড়িবে। এই জন্ত শাধারণের জন্ত আত্ম-বিলোপ"—ইহাই স্বায়ত্ত-শাসনের মূল-মন্ত্র।

ধাহারা পৌর-সভার সভ্যনির্বাচনের অধিকার পাইরাছেন তাঁহাদিগের উপর কতটা দায়িত্ব তাহা অনেকে হয়তো অন্তব্য করেন না।
একজন কমিশনর-পদপ্রার্থী তাঁহাদের একজনের নিকট আসিয়া হয়তো
বলিলেন;—ভিনি তাঁহার এককালে "ক্লাসফ্রেণ্ড" ছিলেন, ভোট তাঁহাকেই দিতে হইবে! বাঙ্গালী ভোট-দাতা চক্ষুলজ্জার খাতির এড়াইতে

না পারিয়া, অতি অনুপযুক্ত এক ব্যাক্তিকে হয়তো ভোট দিয়া ফেলিলেন। এই সকল স্থলে কঠোর কর্ত্তবোর অনুসরণ করা উচিত। চক্ষুলজ্জা বাঙ্গালীর প্রধান দোষ। Eye-shame বলিয়া বোধ হয় কোন কথা আর কোন ভাষায় নাই।

সাধারণের কার্য্য নির্বাহ করিতে গেলে আপোদে মীমাংসা করিয়া অনেক সময়ে কার্য্য করা আবশুক। আপনার জেদ বজায় রাখা কিছা কর্ত্তক ফলানো যদি উদ্দেশ্য হয় তাহা হইলে কাজের বড়ই ব্যাঘাত হইয়া পড়ে। ইংরাজদিগের রাজাতন্ত্রের যেরূপ প্রণালী তাহাতে সকলেই যদি আপন আপন মত বন্ধায় রাখিবার চেষ্টা করিতেন তাহা হইলে একটা ভয়ানক বিশৃত্বলা হটয়া উঠিত। তাঁহারা নাকি কাজের লোক—তাই তাঁহারা বাহাতে সহজে কাজ উদ্ধার হয় তাহাই দেখেন—কাল ও অবস্থা দেখিয়া কাজ করেন-সময়-বিশেষে পরস্পরের কথা একটু মানিয়া যান-নিয়মের অক্ষরগুলি না দেখিয়া নিয়মের ভাবের প্রতি অধিক লক্ষ্য করেন। তাঁহারা ক্ষমতা ও অধিকার পাইয়া, ক্ষমতা ও অধিকারের অপব্যবহার করেন না। ইংলণ্ডের রাজার অধিকার আছে যে. পার্লে-মেণ্টে বাহা কিছু সাবাস্ত হইরাছে তিনি তাহা অগ্রাহ্ম ও রহিত করিয়া দিতে পারেন; কিন্তু William of Orrangeএর পর হইতে কোন রাজাই এক্লপ করেন নাই। House of Commonsএর অধিকার আছে—রাজার সঙ্গে কিম্বা House of Lordsএর সঙ্গে মতের মিল না হইলে, ভাহারা টাকার সরবরাহ বন্ধ করিয়া দিতে পারে; কিন্তু এ ক্ষমতা তাহারা প্রায়ট জারি করে না—এমন কি ইহার আভাদও দেয় না। আবার House of Lords—রাজা ও House of Commons-এর কাজে বাধা দিয়া ব্যবস্থা-প্রণয়ন একেবারে বন্ধ করিয়া দিতে পারে. কিন্তু কাভে সেরপ কখনই হয় না।

भार्तिताले य मनामनि चार्छ छोहाउ निम्नस वह ७ छोहार ।

আসল কাজের ব্যাদাত হয় না—বরং তাহাতে কাজের স্থবিধাই হয়।
অন্ত কোন দেশের সভায় এরূপ দলাদিন থাকিলে, কয়দিন টিকিতে
পারিত! ইহা যে টিকিয়া আছে তাহার অর্থ এই, ইংরাজেরা নিজ্
স্থার্থের অন্থ্রোধে সাধারণের স্থার্থকে বিস্কুল করে না।

ইংরাজাদিগের আর একটি এই গুণ আছে—তাহারা কাণ্ডাকাণ্ড-জ্ঞানশুন্ত হইয়া কোন একটি ভাব লইয়া একেবারে উন্মন্ত হইয়া উঠে না—এক
লক্ষে চরমোৎকর্ষ লাভ করিবার চেষ্টা করে না। উচ্চ লক্ষ্যের প্রভি
দৃষ্টি স্থির রাখিয়া তাহারা সময় ও অবস্থা বুঝিয়া, ধীর অথচ অবিভলিত
পদক্ষেপে অগ্রসর হয়। এই জন্তই তাহারা রাজনীতি-ক্ষেত্রে এরূপ
সফলতা লাভ করিয়াছে। ফরাসিদিগের পদ্ধতি ইহার বিপরীত।
তাহারা "মন্থবার অধিকার" প্রথমে সাবাস্ত করিয়া, কাল ও অবস্থা না
মানিয়া, সেই সকল মূলস্ত্র তাহাদিগের রাজাতত্ত্বে প্রয়োগ করিতে
গিয়াছিল এবং সেই ভাবে একেবারে উন্মন্ত হইয়া উঠিয়াছিল—এইজন্ত
তাহারা রাজনীতি ক্ষেত্রে তেমন ক্রতকার্য্য হইতে পারে নাই।

ইংরাজদিগের এই কেজে। ভাব—এই সার্ব্যজনিক কার্য্যোৎসাহ
(Public spirit) যদি আমরা আত্মসাৎ করিতে পারি—পারিপাক
করিতে পারি—আমরা যদি আমাদের প্রত্যেক অভাবের জ্বন্ত গবর্ণমেণ্টের মুখাপেক্ষী না হই, আগনাদিগের কাজ যথাসাধ্য আপনারা
করিতে চেষ্টা করি * ভাষা ইইলে এই স্বার্ত্ত-শাসনই বল—আত্মশাসনই বল – স্বকীর শাসনই বল—এই দ্রন্দিত কথাটি আমাদের ঘরকল্পার কথা ইইরা পড়িবে।

একটি শুভ লক্ষণ দেখা বাইতেছে—গ্রন্থেনেন্টের সাহাব্যের উপর নির্ভর না করিয়া বাজিগত উদানে আল-কাল কলিকাভার স্থানে স্থানে বিদ্যালয় স্থাণিত হইতেছে ।

শিরোমিতি-বিদ্যা।

মূল-সূত্র।

শিরোমিতি-বিদ্যা (Phrenology) এক প্রকার মনোবিজ্ঞান-ভন্ত্র বিশেষ। উহা নস্তিক্ষতত্ত্বর উপর স্থাপিত। আমরা দেখিতে পাই, দারীরের সহিত মনের ঘনিষ্ঠ বোগ আছে এবং শরীর-বন্ত্রের সাহায্যে মন্দের কার্য্য সকল বাহিরে প্রকাশ পায়। এই সত্যাটর উপরেই শিরো-মিতি-বিদ্যা প্রতিষ্ঠিত।

বিদ্যা মাত্রেরই এক একটি বাবহারিক প্রয়োগ আছে। এই শিরোধ মিতি বিদ্যার বাবহারিক প্রয়োগ কি ?—না,—মস্তকের আয়তন ও গঠন দেখিয়া ব্যক্তি-বিশেষের স্বাভাবিক ও মান্যিক প্রবণতা ও শক্তিসকল নির্ণিয় করা।

ইহা প্রথমেই বলা আবশুক, এই বিদাা, কি বিজ্ঞানকরে, কি বাব-হারিক প্রয়োগকরে, এখন ০ পূর্ণাবস্থা প্রাপ্ত হয় নাই। ইহার হত্তপাস হইয়াছে মাত্র। কিন্তু শিরোমিতি-বিদাার নিম্নলিখিত মূলস্ত্তগুলির সত্যতা যে অসংখা প্রতাক্ষ-বাাপাবের দারা সমর্থিত তাহাতে আর সন্দেহ নাই।

- ১। मखिक मरनत बङ्घ।
- ২। প্রত্যেক মনোবৃত্তির এক একটি বিশেষ-বিশেষ পৃথক্ যন্ত্র মস্তিক্ষের অভাস্তরে অবস্থিত।
- ৩। মনোবৃত্তিগুলির নৈকট্য-সম্বন্ধ-অনুসারে উহাদের যন্ত্রপ্রলিও মস্তিদ্ধ-অভাস্তরে কাছাকাছি বেঁসার্ঘেঁদি অবস্থিত।
- ৪। অস্তান্ত বিষয়ে সমান হইলে, মস্তিকের আয়তনই মনের শক্তিমজাব পরিমাপক।

- ৫। শারীরিক অবস্থার ইতর-বিশেষে, মানসিক শক্তি-প্রকাশেও ইতর-বিশেষ উপস্থিত হয়।
- ৬। বে কোন মনোবৃত্তি ২উক না কেন, অনুশীলন দারা তাহার উৎকর্ষ হঠতে পারে এবং অবহেলা দারা তাহার অপকর্ষ হঠতে পারে।
- ৭। প্রত্যেক মনোবৃত্তিই স্বভাবতঃ শুভজনক, কিন্তু তাহার অপবাবহারে অশুভজনক হইয়া পড়ে।

মস্তিক-মনের যন্ত্র।

মস্তিকট যে মনের যন্ত্র, ইহা এখন প্রায় সকলেট স্বীকার করিয়া থাকেন। যে কয়েকটি তথ্যের দারা এই সিদ্ধাস্তিটী সমর্থিত, তাহা নিমে দেওয়া যাইতেছে।

- ১। প্রত্যেক ব্যক্তি নিজ নিজ অন্তরাত্মার অভ্যন্তরে অন্তব করিয়। দেখিলে এইরপ প্রতীতি হইবে যে, মন মন্তকের মধ্যে অর্থাৎ মন্তিজের মধ্যেই অবস্থিত, অন্য স্থানে অবস্থিত নহে।
- ২। বেখানে মস্তিকের নাুনতা সেইখানে মানসিক শক্তিরও থকাত। দেখা যায়।
- ্রী ৩। যে পরিমাণে মনোর্ভি-সকলের বিচিত্রতা ও শক্তিমন্তা প্রকাশ পার, সেই পরিমাণে মন্তিকও বৃহৎ ও জটিল বুলিয়া বোধ হয়।
 - ৪। মন্তিকে কোন গোলবোগ উপস্থিত ইইলে সেই সঙ্গে মনোবুদ্ধি সমূহের মধ্যেও গোলবোগ উপস্থিত হয়। জর-রোগাক্রান্ত ইইলে,
 কিছা মন্তকে কঠিন আঘাত লাগিলে, প্রথর বুদ্ধিমান ব্যক্তিদিগকেও
 একেবারে উনাদগ্রন্ত ইইতে দেখা যায়।
- মস্তিক হইতে রক্ত হঠাৎ অপনারিত হইলে মূর্চ্ছা উপস্থিত হয়,
 এবং কিছুকালের ক্বন্ত হৈতন্য স্থাপিত থাকে।
 - ৬। কোন প্রকার আখাতে কথন কখন এরপ ঘটনা দেখা গিয়া

থাকে বে কোন ব্যক্তিব মাধার খুলির কতকাংশ উঠিয়া গিয়া মস্তিক অনাবৃত হইয়া পড়ে। এইরপ সলে পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে সেই মস্তিকাংশকে কেবল অঙ্গুলীর দ্বারা চাপিয়া ধরায় সেই ব্যক্তির চৈত্তি স্থগিত হইয়াছে, এবং চাপ সরাইয়া লইলে আবার চৈত্ত কিরিয়া আসিয়াছে।

• १। যে সকল স্থলে মস্তিক এই রূপ দৃষ্টিগোচর হয় সেই স্থলে ইহা ও পত্নীক্ষা করিয়া দেখা হইয়াছে যে, নিঃস্বপ্ন নিদ্রার সময় মস্তিক্ষ স্থিরভাবে খাকে»; স্বপ্ন যে পরিমাণে স্কুম্পন্ত হয় সেই পরিমাণে উহাতে আনদালন উপস্থিত হইয়া থাকে এবং জ্বাগ্রভাবস্থায় উহাতে অধিকতর গতি উপস্থিত হয়।

মন্তিক-যন্ত্রসমূহের সমষ্টি।

সমস্ত মস্তিক বেরূপ সমস্ত মনের বস্ত্র--- সেইরূপ বিশেষ-বিশেষ মৃত্তিকাংশও বিশেষ-বিশেষ মনোকৃতির বস্ত্র ।

ইহার সত্যতা সম্বন্ধে নিম্নলিখিত প্রমাণ পাওয়া যায়।

১। শরীর-তত্ত্বের সর্বাংশে—এমন কি সমস্ত প্রকৃতির মণোও দেখা যায় যে, প্রত্যেক ক্রিয়ার সাধনোপযোগী এক একটি পৃথক যন্ত্র আছে। দৃষ্টির মন্ত্র চক্ষু; শ্রবণের যন্ত্র কর্ণ; পাকের যন্ত্র পাকাশয়; ইছা অপেক্ষা আরও অপিক বলা বাইতে পারে, মে স্থলে ক্রিয়া জটিল, সে স্থলে যন্ত্রও সেই অনুসারে জটিল হইয়া থাকে। যেনন ননে কর—ক্রিয়া। জিহ্বাতে একটি স্নায়ু আছে যাহার কর্মা উহাকে নাড়ানো—উহা থাকাতেই আমরা কথা কহিতে পারি। আর একটি স্নায়ু আছে, তাহার দ্বারা স্পর্শ বোধ হয়; এবং আর একটি স্নায়ু আছে, তাহার দ্বারা স্পর্শ বোধ হয়; এবং আর একটি স্নায়ু আছে, তাহাতে আস্বাদ বোধ হয়। এক কথায়, যতদ্ব জানা গিয়াছে তাহাতে মানবদেহ-যত্ত্রে এমন একটিও দৃষ্টাস্কস্তল দেখা যায় না যেথানে কোন

একটি সায়্র ছই প্রকার ক্রিয়া আছে। এক্ষণে এই ঔপমানিক যুক্তি অবলম্বন করিয়া এই অনুমানে উপনীত হওয়া বাইতে পারে, বে-সকল মনোবৃত্তি থুৰ ভিন্ন প্রকৃতির (যথা—পর্য্যবেক্ষণবৃত্তি ও তুলনাবৃত্তি) সেই সকল বৃত্তির অনুরূপ পৃথক্ পৃথক্ যন্ত্রও অবশ্র আছে।

- ২। ইহা সচরাচর দেখা গিয়া থাকে যে, কোন কোন ব্যক্তি, কোন বিশেষ ব্যবসার কিছা কার্য্যের কিছা আলোচনার উপযোগী অসাধারণ কমতা প্রকাশ করিয়া থাকে কিন্তু অন্তান্ত বিষয়ে চেষ্টা করিয়াও হয়-ত আদৌ ক্বতকার্য্য হইতে পারে না। যদি সমগ্র মন্তিজের ক্রিয়া>শক্তি একটি মাত্র হইত, তাহা হইলে তদন্তর্গত প্রতাক বৃত্তিই সমান মাত্রায় সেই মন্তিজের দ্বারা প্রকাশিত হইত সন্দেহ নাই। কিন্তু কার্য্যে তাহার বিপরীত দেখা যায়।
- ৩। মনুষোর সকল মনোর্ত্তি একই সময়ে পূর্ণমাত্রার প্রকাশ হয় না। শিশু বে সময়ে ভয় ও ভালবাসায় চালিত হয়, তথন তাহার ভক্তিবৃত্তি কিয়া ধর্মবৃদ্ধির আবির্ভাব হয় না। সে বায়্থবস্তুর গুণাগুণ উপলব্ধি করিতে অনেক পূর্বে হইতেই আরম্ভ করে, কিন্তু একটু বয়স বেশি না হইলে তাহাদের সম্বন্ধে বিচার করিতে পারে না। ইহাতেই বোধ হয় য়ে, মন্তিকের কোন অংশের পরিপুষ্টি দারা ভালবাসার ক্ষমতা জয়ে কেন বিশেষ যয়ের সাহাযো আমরা পর্যাবেক্ষণ করি, এবং কোন বিশেষ যয়ের সাহাযো আমরা বিচার করিয়া থাকি।
- ৪। যখন আমরা স্বপ্ন দেখি, তখন দেখা যায়, আমাদের কতকগুলি
 মনোবৃত্তি সক্রিয় থাকে এবং কতকগুলি মনোবৃত্তি নিজ্ঞিয় থাকে।
 ভালবাসা, ভয়, ক্রোধ, হিংসা প্রভৃতি কত প্রকার ভাব পরম্পরাক্রমে
 মনোম্ধ্যে উদয় হয়; কোনটারই শৃঝ্লা থাকে ন্—স্কলই অসম্বন্ধ ও্
 অব্যবস্থিত। কথনও বৃত্তিযুক্ত—কখনও বা অত্যন্ত্ত। মন্তিক্রের স্ক্রাগ

প্রবন্ধায় যেরূপ স্থান্থল ক্রিয়া প্রকাশ পায় তাহার সম্পূর্ণ বিপরীত। যদি
সমস্ত মস্তিক একটি মাত্র যন্ত্র হইত, তাহা হইলে মনোবৃত্তি সকলের এই
রূপ আংশিক প্রকাশ হইত না—সকল মনোবৃত্তিই হয় এক সময়েই
জাগ্রত হইত, নয় এক সময়েই নিদ্রিত থাকিত।

৫। আংশিক নির্ক্, দ্বিভা এবং আংশিক উন্মাদ, মন্তিকের যান্ত্রিক
একতা বিষয়ক মতের সম্পূর্ণ বিরোধী। কোন কোন জন্ম-নির্কোধ বাক্তি
—যাহাদের বৃদ্ধিরত্তির নিভান্ত অভাব,—ভাহাদের মধ্যে কথন কথন
দলঁবং নৈতিক ভাবের প্রাহ্রভান, কখন না কেবল নিক্কৃত্তি প্রবৃত্তির
প্রকাশ দেখা যায়। অভাভা বিষয়ে সম্পূর্ণরূপ নির্ক্তিদ্ধ হইলেও কাহারও
কাহারও কোন বিশেষ মনোর,ভর পূর্ণ উন্মেষ দেখা যায়; বেমন গণনাশক্তি—কিল্লা সুরজ্ঞান বা ভালজ্ঞান। সমগ্র মন্তিকেরহীনতা যদি এইরপ
আংশিক নির্ক্তিক্তার কারণ হইত, ভাহা হইলে এরপ ব্যাপার সকল
দেখা ঘাইত না। আংশিক উন্মাদও এই বিষয়ের সভাভা গপ্রমাণ করে।

৬: মস্তিক্ষের আংশিক হানি হটলে, এক কিম্বা তত্যোগক মনো-বৃত্তির ক্রিয়া স্থগিত হয়, কিন্তু অন্যান্য মনোবুলি সকলের হানি হয় না। মস্তিক্ষ যদি একটি মাত্র সমগ্র বন্ধ হতত, তাহা হটলে এরপ ঘটিতে পারিত না।

যন্ত্রদল্লিবেশ।

প্রত্যেক মনোবৃত্তির বিশেষ বিশেষ ষদ্রপ্তলি বহুল পর্যাবেক্ষণ দ্বারা একে একে আবিদ্ধৃত হইয়াছে। আবিদ্ধৃত হইবার পর, আলোচনা করিয়া এইরূপ দেখা যার—বে সকল মনোবৃত্তির মধ্যে অপেকারত পরস্পর নৈকটা সম্বন্ধ আছে সেই সকল মনোবৃত্তির যন্ত্রপ্তলিণ কাছাকাছি, ঘেঁদানি বিদি সন্ধিবেশিত। ইহাতেই প্রতীতি হয়, এই যন্ত্রপরিবেশ স্বাভাবিক স্প্রাক্তনেই ইইয়াছে—স্কুতরাং সত্য বলিয়া প্রতীয়মান হয়।

আয়তন-শক্তির পরিমাপক।

অন্ধ-বৃদ্ধি ব্যক্তিদিগের মস্তক সাধারণতঃ ক্ষুদ্র, এবং নেপোলিয়ন ক্রমোএল ফ্রাংক্লিন প্রভৃতি প্রখ্যাত বৃদ্ধ লোকদিগের মস্তক বৃহৎ ইহা সকলেই জানেন। "অক্সান্থ বিষয়ে সমান হইলে আয়তন শক্তির পরিনাপক"—এই নিয়মটির উপর নির্ভ্তর করিয়াই কি গতি-বিজ্ঞান, কি প্রাকৃতিক বিজ্ঞান, কি শরীরতন্ত্র-বিদ্যা—ইহাদের গণনা ও বিচার নিম্পন্তি হইয়া থাকে। শিরোমিতি বিদ্যাও এই নিয়মের ব্যতিক্রমস্থল নহে।

শারীরিক অবস্থা।

"আয়তন শক্তির পরিমাপক"—এই সাধারণ নিয়মটি যথন আমরা উপরে বলিয়াছি তাহার সহিত এই কথাটিও যোগ করিয়া দিয়াছি যে "অস্তান্ত বিষয়ে সমান হইলে।" নাস্তকের সম্বন্ধে এই "অস্তান্ত বিষয়-গুলি" কি ?—না—যথা, প্রকৃতি : রকম কিম্বা গুণ; স্বাস্থ্য; শ্বাস-প্রশাসক্রিয়া; রক্ত সঞ্চালন; পরিপাকশক্তি; কার্যা-তৎপরতা; উত্তেজনীয়তা; সামঞ্জন্ম ইত্যাদি। কোন ব্যক্তির চরিত্র নির্ণয় করিতে ইইলে এই সমস্ত বিষয়ের পর্যালোচনা করা আবশ্রুক। এই সকলের তারতমো সনোবৃত্তি সকলের শক্তি-মাতাবিও তারতমা হয় :

উৎকর্ষণীয়তা।

বিবেচনাপূর্ব্বক কর্ষণ করিলে সকল মনোর্ন্তিকেট পরিপুষ্ট করা যায়। 'যেরূপ শরীরের অঞ্চবিশেষকে চালনার দ্বারা পরিপুষ্ট করা যায় দেইরূপ প্রত্যেক মনোর্ন্তিকেও চালনার দ্বারা সবল করা যায়।

সকল মনোবৃত্তিই শুভজনক।

প্রত্যেক মনোর্ভিই স্বতঃ শুভজনক; প্রত্যেক মানবের হিভের জয় ও জগভের ছিতের জয় সকল মনোবৃত্তিই প্রয়োজনীয়। উহাদিগকে অপবাৰহার ও অষথা নিয়োগ করিলেই অমঙ্গলের কারণ হইয়া উঠে এবং উহাদিগকে অযথা থর্ম করিলেও শুভ ফল প্রাস্থ করে না। সমস্ত মনো-রুত্তি যথাযথক্তপে পরিপুষ্ট হইলে, সামঞ্জ্রভাবে কার্য্য করিলে, নিকুষ্ট রুত্তি সকল উৎকুষ্ট বৃত্তির অধীনে থাকিলে, মানবজাতির পরম মঙ্গল সাধিত হয়।

হত্যা-প্রবৃত্তির বন্ধ সরূপ কোন বিশেষ মন্তিষাংশ নাই। কিন্তু এমন একটি বৃত্তি আছে যাহার উদ্দেশ্য— উদাম, কার্যা-তৎপরতা, বল ও তেজ প্রকাশ করা; এই বৃত্তি খুব সংগ্রুছ হইলে এবং অক্সান্ত উৎকৃষ্ট মনোবাত্তির দারা ইহাকে যথোপযুক্তরপে দমন করিছে না পারিলে, ইহা অবশেষে হত্যাকাপ্ত ও রক্তপাতে পরিণ্ হইতে পারে। সেইরপ মনেকর, সম্পত্তি-অর্জ্জন ও সঞ্চয়ের প্রবৃত্তি আমাদের মনে নিহিত আছে; ভবিষ্যতের জন্ম স্থেসছেন্দতার উপায়ও আয়োজন করিয়া রাখা এই প্রবৃত্তির প্রকৃত উদ্দেশ্য, কিন্তু উৎকৃষ্ট বৃত্তির শাসনে উহাকে না রাখিতে পারিলে ক্রমে উহা চৌর্য্য ও প্রবঞ্চনায় পরিণ্ড হইতে পারে। সকল স্থলেই মনোবৃত্তির আনিয়ন্ত্রিও কার্যাপ্তলিই অমন্ধলের কারণ—কোন মনোবৃত্তিরই স্বাভাবিক পরিণাম অপ্ত নহে।

শারীরিক অবস্থা। ১। মস্তিক ও শরীর।

মানসিক ক্রিয়া সমূহের প্রকাশ ও স্ফুর্তি আধকাংশ স্থলে বদিও
মস্তিক্ষের আয়তনের উপর নির্ভর করে, তথাপি শারীরিক অবস্থার
ইতর-বিশেষেও তাহার কতকটা তারতম্য ঘটিয়া থাকে। যে সকল
শিক্ষার্থী শিরোমিতি-বিদ্যার নিয়মানুসারে লোক-চরিত্র নির্ণয় করিতে
প্রের্হ হইবেন তাঁহারা যেন শারীরিক অবস্থা-সমূহের প্রতি বিশেষ
দৃষ্টি রাথেন।

মন্তিক ও শবীবেৰ মধ্যে যেরপে ঘনিষ্ঠ সম্বন্ধ ভাহা বোধ হয় প্রক্ষাই আনে। যে সকল অসংখ্য সায়ু শরীবেৰ প্রত্যেক অংশে পৰিবার্তি — ৩ৎসমস্ত মন্তিকে গিয়া কেন্দ্রাভূত হুইয়াছে। শবীৰ ছুর্বল পৰিপ্রাপ্ত বা বোগাক্রাপ্ত হুইলে, মন্তিক-ক্রিয়া সেই পৰিমাণে মুহুতৰ ইয়া পড়ে, এবং শবীৰ বলীয়ান ও উত্তেজিত ইইলে, মন্তিক ক্রিয়াও ক্রেতগতি হয়। পক্ষাপ্তবে মনেবও প্রভাব শনীবেৰ উপৰ প্রেকটিত হয়। আশা ও আন-ক্রেব প্রভাবে বক্রচালনা ক্রণ্ণ হয়, মায়ু-সমূহ সবল হয়, এবং মাংসপেশী সকল দৃত হয়। আবাৰ, ছুংখ, নিবাশাৰ প্রভাবে সমস্ত শবীৰ শিথিল হুইয়া পড়ে, পবিপাক ক্রিয় ও বসানঃসাৰ্গ ক্রিয়া মন্দ্রীভূত হয়।

২। শরীব-প্রকৃতি।

শাবীবিক প্রকৃতি চান প্রকাব * তাহাদিজের নাম—শ্লেমা-প্রকৃতি
গাণিত-প্রকৃতি, পিত-প্রকৃতি এবং বায়ু প্রকৃতি।

১। উদবেব প্রাবলোব উপব প্রেল্পা-প্রকৃতি নির্ভব কবিষা থাকে।

বাহাদেব শ্রেল্পা-প্রকৃতি, শৃহাদেব শবাবেব অন্ধ্র পে এক কিঞ্জিৎ গোলা
কার ঃ ্ছাহাদেব মাংস নবম, নাডা ক্ষাণ এবং ভাহাদেব সমস্ত শবীবে
কেমন শ্রীক বকম "এলিফে পড়া" ভাব থাকে।

২। ধমনী-সমূহের প্রাবলোব উপব শোণিত-প্রকৃতি নির্ভব করিষা থাকে। যাথাদেব শোণিত-প্রকৃতি, গাথাদেব শবীর কিষৎপবিমাণে স্থুল, তাথাদেব মাংসপেশী কথঞ্চিৎ দৃঢ—নাডি সবল, এবং মুখভার উৎসাহোজ্জন। তাথাবা আগহান্বিত, শ্রিবিশিষ্ট, আশু ভাবতাহণশীল।

এবং শ্লেমা-প্রকৃতিব লোকদিগের অপেক্ষা অধিকতর কম্মতৎপর ও উদামশীল।

শ্বর্ষাদের শাল্পে তিন প্রকাব। বথা, লেখা, পিত ও বায় ; বস্তু-প্রকৃতি আমাদের শাল্পে নীই।

- ৩। পিত্ত-প্রকৃতি যক্ত্রের প্রবল্পার উপর নির্ভর করে। পিত্তপ্রকৃতি লোকদিগের চুল খুব কাল—চক্ কুক্তবর্ণ—মাংসপেশী স্থান্ত—
 অন্থি বড় বড়—শবাবের আকাব-প্রকার কর্মণাল-ব্যক্তর। চহাতে
 অতিমাত্র কর্মিষ্ঠতা, উদ্যমশীলতা ও বল প্রকাশ পায়।
- 8। সামুত্ত্বেব অতিমাত্র প্রাবলো বামু-প্রকৃতিব উৎপত্তি হয়। বামু-প্রাকৃতি লোকদিগের চুল পাত্লা, শরীবের অঙ্গ প্রতাজ সরু, মাথা বুড়, শরীব একটুতের অন্তুত্ব হুলা পড়ে—বোগা, তাহাদিগের মানসিক ক্রিয়া ক্রেন্ড এবং ইন্দ্রিয় বোধ অগ্রন্থ তাত্র। তারচেতনা ও মানসিক ক্রিয়ালালতা এই প্রকৃতির বিশেষ লক্ষণ।

উপবে যে শ্রেণীবিভাগ কবা ১হল হাহা পুবাতন দ্রান্তবাধী। আধুনিক ৩ন্তেব শ্রেণীবিভাগ নিমে দেওয়া যাইতেছে।

মন্তব্য শবীবে তিন প্রকাব গব্বেব যন্ত্র সকল দেখা বার। ঐ প্রত্যেক গ্রেব বিশেষ বিশেষ ক্রিয়া। যথা—গতি-প্রধান কিম্বা বার্ক্সি তন্ত্র, প্রাণপ্রধান কিম্বা পুষ্টিগুর, এবং মন প্রধান কিম্বা মারবীর গুরু। এই প্রাকৃতিক ভিত্রিব উপন শবীর প্রকৃতিব অভিনব শ্রেণী-বিভাগ প্রতিষ্ঠিত।

যথা :---

- ১। গতি প্রধান প্রকৃতি।
- ২। প্রাণপ্রধান প্রকৃতি।
- ৩। মন-প্রধান প্রকৃতি।

অস্থি ০ মাংসপেশী, যাহাতে শবীবেব গতিক্রিয়া সম্পাদিত হয়, তাহাবট প্রবল প্রভাবে গতি-প্রশান প্রকৃতি উৎপন্ন হয়।

প্রাণন-ক্রিয়া যন্ত্র সমূহ যাহা বক্ষ ও উদবেব মধ্যে অবস্থিত তালারই প্রাবল্যে প্রাণ-প্রধান প্রকৃতিব উৎপত্তি। এবং মন্তিক ও সায়ু সমূহের প্রভাবে মন-প্রধান প্রকৃতিব উৎপত্তি হয়।

গতি-প্রধান প্রকৃতি। 🚬 🤻

যাহাব শাবানিক প্রকু ৩ গা ৩ প্রান, গাহাব অস্তি সকল জাপেকা কৃত বভ বভ, চৌভা অপেকা লম্বায় বেশ, এবং সমস্ত আকৃ • কোণ প্রৰণ। মাংনপেশা প নমাণে খুব নেশি নতে, [†]কন্ত খুব ঘন, দৃচ, ও तनभानी। भवान श्राय नशकु •, मूल नार्य , नख- मन्य नार , मामानन দাঁত বভ-বভ , ঘড়ে কেছু দার্ঘ , স্থাদেশ চৌড এবং বৃক নাঝামাঝি **প্রাশস্ক, চু**ল ক'লো, শকু, এবং প্রাচুশ। মুখাব্যব ঘৰ । খুব বহিঃ ^{*} প্রমুখ এবং মুখভাব করে। ৩-বজেক। সমস্ত শ্লীন •ক শক্ত, বলশালী ত এমসহ। এই পাকু • মাহাদেন শবাৰ বাবেলা • হৈ দৰ ছদাম, नदा **क कांक्र** करिनांत मां कुथ्न (तर्मा। • ३). एन हिन्. व भून धक्छे। বিশেষত্ব আছে, এবং জনগণাজে •াহ্না স্ব্জন সার্ভনে•া হুচ্যা পাকে। মন্ত্ৰা-গৃহ অপেক যুদ্ধকে । বিশেষ উপযুক্ত । - - ভূম। ভাহারতি প্রায় বাজেতে দৈল-বিভাগে ও পূর্ত ভিচাপে পাশন। লাভ কৰে। তাহাদিগেৰ চিপ্তাশা। না অপেকা দশনশাল । ক নব তাহাৰ **দ্যু, আত্ম-নির্ভ**রপ্রিম, প্রেম ও বন্ধুতা. • অট্র-, কার্য্য নির্বাহক, উচ্চ-কাজ্ঞী, এবং অন্যবসাদশাল। গৃহাবা প্রভৃত্ব কবিং পালবাসে এবং এট উদ্দেশে আপনাব ও অত্তেব শানীবক স্থা বিশক্তা কুঞ্চ হয মা। বে স্কল বক্তা এই প্রেক্তিব লোক • । হাব। খুব কোবাল কথ প্রাণ কবে - অনেক কথা বোঁক দিয়া বলে, অপ্রাগন্ধিক কথা বলে না-- শভটুকু বলা অ বখক ৩৩টুকু বলে। "কামাবেৰ ঠক্ঠাক্ স্থাক্বার এক ঘা'-এই বাক্য ভাহাবা সপ্রমাণ কবে।

এই প্রকৃতি যাহাদেব অভিমাত্ত প্রেণা ভাহাবা পাশন বলেব অবভাব বিশেষ ৷ , ভাহাদেব মন্তক কৃদ্র, মন্তকের চূড়া দেশ সন্ধীর্ণ ও ভলদেশ প্রশক্ত ৷ ^{ক্}শাড় থাটো ও স্থুল; ক্ষম প্রশন্তঃ বুক চৌডা, মাংসপেশী খুব স্থুল, দৃঢ়, ও পাকানো। গতি-প্রকৃতির এইরূপ অতিমাত্র বিকাশ বে বাজিতত দেখা যায়, পাশব বল ছাড়া আর তাহার কিছুও থাকে না। তুবে খাঁকিবার মধ্যে এক নিক্ দ্ধিতা। মাংস-পেশা থাকা মন্দ নহে, কিন্তু ক্ষমন্তু মন্তিকের বিশিন্দরে মাংস-পেশা অর্জন করা বাঞ্চনীয় নহে।

দৃত্বতা, যুর্ৎসা, জিবাংসা গাত-প্রকৃতি লোকদিগের প্রধান লক্ষণ। হিলুস্থানী ও মুসলমানদিগের মধ্যে এই প্রকৃতির দৃষ্টান্ত অনেক দেখা

প্রাণ-প্রধান প্রকৃতি।

প্রাণন-ক্রিয়ার প্রধান বস্তুর্থা বক্ষ ও উদরের গহরর অধিকার কারয়াথাকে। এই জন্ত যাহাদিগের প্রাণ-প্রধান প্রকৃতি ভাহাদের শরীর যতটা প্রশস্ত ৩০টা দার্ঘ নহে, কিংঞ্চ বর্ত্ত্বাকার। বুক্ ভরা ভরা; উদর-প্রদেশ বেশ পারপুঠ, সঙ্গ-প্রহাস স্থাও ক্রম সন্ধার্ণ, হস্তপদ অপেকাক্ত কুদ্র। ঘাড় খাটো ও স্থা, কর প্রশন্ত ও কোণালু নহে। মন্তক ও মুখ বর্ত্ত্বাকার। মুখ-ভাব প্রীতিজ্ঞাক ও হাস্তময়।

যাহাদিগের এই প্রকৃতি প্রবল তাহায়া কি শারারিক কি মানাসক উভয়পক্ষেই ক্রিয়াশান। তাহায়া মুক্রবায়ু সেবনে ও শারারিক পার-শ্রমে অনুরাগী; তাহায়া অমুদে; কবাবার্ত্তায় ও এক বিএকে যোগ দিতে তাহাদের ভাল লাগে । কিন্তু গাত-প্রকাতর লোকদিগের স্তায় ভাহায়া ৩ এটা কঠিন পরিশ্রম করিছে কিন্তু কোন গভার আলোচনায় মনঃসংযোগ ক্রিতে সমর্থ নহে। তাহায়া আগ্রহান্ত্র, আবেগ-চালিত, নানা বিধয়িণীরুজিসম্পন্ন এবং কখন কখন চপল; তাহায়া শ্রমহিষ্ণু কিন্তু কোন বিষয়ে লাগিয়া-পাড়য়া থাকিতে পারে না। ভাহায়া খুব চটক্ লাগাইতে পারে, কিন্তু ভাহাদের ক্রের ভঙাল গভারতা নাই। তাহায়া খুব রাগী, কিন্তু তাহাদের ক্রেনি অধিক্রাল স্থায়ী হর না। যেমন অল্পেতেই তাহারা উত্তেজিত হর তেমনি অল্পেতেই আবার শাস্ত হয়। সাধারণতঃ তাহারা প্রফুল, সৌম্য ও মিওক। তাহারা আমুদে লোকের সঙ্গ ভাল বাসে এবং আহার-বিহারে খুব অমুরাগী। মাদক দ্বরা সেবন ও অতিভোজন-দোষে লিপ্ত হইবার তাহা-দিগের বিলক্ষণ প্রবণতা আছে।

যাহাদিগের প্রাণ-প্রধান প্রকৃতি তাহাদিগের সাধারণতঃ পাশব বৃত্তি-সমূহ প্রবল—বিশেষতঃ তাহাদের মিথুন-লালসা, বৃভূক্ষা, এবং অর্জ্জনম্পৃহা বলবতী। দয়া, আশা, ও আমোদপ্রিয়তাও তাহাদের বেশ পরিপুষ্ট।

এই প্রাণ-প্রধান প্রক্কৃতিকে ছুই ভাগে বিভক্ত করা যাইতৈ পারে যথা:—রক্ত-প্রধান * ও রস-প্রধান †। যাহাদের বুক খুব প্রশস্ত এবং শরীর নিতাস্ত ছুল নহে তাহারা রক্ত-প্রধান প্রকৃতির লোক। এবং যাহাদের বুক সেরপ প্রশস্ত নহে, কিন্ত লম্বোদর ও ছুলশরীর, তাহারা রস-প্রধান প্রকৃতির লোক।

বাঙ্গালীদিগের মধ্যে এই রস-প্রধান প্রকৃতির দৃষ্টাস্ক অনেক পাওয়া বায়।

আমাদের শাস্ত্রের সহিত ঐক্য করিবার জ্বন্ত আর এক ভাবে এই প্রক্রান্ত শ্রুণার শ্রেণীবিভাগ করা যাইতে পারে।

মন-প্রধান প্রকৃতি সান্ত্রিক প্রকৃতি। গতি-প্রধান রাজ্যসিক প্রকৃতি। রন-প্রধান ভামসিক প্রকৃতি।

মন-প্রধান প্রকৃতি।

মন-প্রধান প্রকৃতি, মন্তিক ও সায়্-তত্ত্বের আধিক্য,হইতে উৎপন্ন হয়। মাহাদের এইরূপ প্রকৃতি তাহাদের শরীর অপেক্ষাকৃত সক এবং

^{*} Sanguine temperament. † Lymphatic temperament.

মস্তক অপেক্ষাক্রত বৃহৎ; মুখের গঠন ডিম্বাক্কৃতি; উচ্চ কর্পাল, কপা-লের উপরিভাগ অপেক্ষাক্কত অধিক প্রশস্তঃ মুখাবয়ব-সকল স্থচাকরূপে (थानिक; ममस मूथ ভाব-वाक्षक; मृत्र (कामन (कम; (कामन हर्स এবং কণ্ঠস্বর উচ্চ-গ্রামস্পর্শী ও স্থনমা। সমস্ত শরীরের গঠন স্থন্দর ও পরিপাটী। কিন্তু অসাধারণ ও জমকালো নছে। সৃশ্বমন্মিতা, মার্ক্তিত-ভাবকতা, স্থক্ষচি, সৌন্দর্য্যাত্মরাগ প্রভৃতি ভাব সকল এই প্রকৃতির মানসিক অভিব্যক্তি। চিন্তা প্রবাহ ক্রত, ইন্দ্রিয় বোধ তীব্র, কল্পনা স্ফ্রিমরী এবং ধর্মারুত্তিগুলিও সাধারণতঃ সক্রিয় এবং প্রভারশালী। মন-প্রধান প্রকৃতিতে, কপালের উৎকৃষ্ট সংশ-সকল এবং মন্তকের চুড়া-প্রদেশ বিশিষ্টরূপে পরিপুষ্ট হট্যা থাকে: কারণামুসদ্ধান বৃত্তি, ভুলনা-বুজি, ভাবুকতা, আধাাত্মিকতা, এবং ভক্তির প্রাধান্ত হয় এবং যে বুদ্ধি-স্থানগুলি মস্তকের পশ্চাৎ ও তলদেশে অবস্থিত তাহারা তেমন পরিস্কৃট হয় না। এই প্রকৃতি অস্বাস্থ্যকর সীমার উপনীত হটলে বায়ু-প্রকৃতিতে প্রিণত হয়। এই প্রকৃতির আতিশ্যে, মাংসপেশীর ক্ষীণতা, শারীরিক ত্র্বল্ডা, অমুভব-তীব্রতা এবং আগুমুগ্ধতা প্রভৃতি লক্ষণ প্রকাশ পায়। মস্তিকের অকালপক্কতা ও গামঞ্জ-হীন অতিবৃদ্ধিই এট অস্বাস্থ্যকর অস্বাভাবিক অবস্থার মূলীভূত কারণ। তা ছাড়া আলম্ভকর অভ্যাদে, চা, কাফি, তামাক প্রভৃতির অপরিমিত বাবহারে, এবং অন্তান্ত হানি-জনক বন্ধর দেবনে ইহার মাত্রা আরও বাড়িয়া উঠে। সাহিত্যসেবী পঞ্চিতগণের মধ্যে এই প্রকৃতির প্রাবল্য পরিলক্ষিত হয়।

প্রকৃতি-দামঞ্জস্ম।

উপরোক্ত কোন প্রক্ষতির আতিশ্যা হইলে, কি মন, কি শরীর উভয়েরই সামঞ্জস্ত ও সৌষ্ঠিব নষ্ট হয় ৷ পূর্ক্ষে বলা হইয়াছে, শরীর ও মনের যেরূপ ঘনিষ্ঠ সম্বন্ধ তাহাতে একের পরিবর্ত্তনে অপরটিতেও পরি বর্জন উপস্থিত হয়। উক্ত শ্রেক্তি ত্রেরে সামপ্রস্থা বথোপযুক্তরূপে সাধিত হইলে, শরীর পূর্ণাৰস্থা প্রাপ্ত হয়। অতএব ষাহাতে এই সামপ্রস্থান নই না হয়, কিম্বা কোন প্রকৃতির আতিশ্যা না হয়, তাহার প্রতি সকলের দৃষ্টি রাখা আবশ্রক। পূর্ণ সামপ্রস্থা প্রায় কোথাও দেখা যায় না। পূর্ণতার নিকটবর্লী হওয়াই প্রাথনীয়। প্রতাক বাক্তির প্রকৃতির মধ্যে এই তিন প্রকৃতির কিছু না কিছু হাংশ নানাধিক পরিমাণে বিদ্যামান—এই স্থোনাধিক্যের পরিমাণ ও সংমিশ্রণ ন্তির করাই স্থক্তিন। বছদর্শনে প্রকৃতিরিকার পর এই প্রকৃতি-নির্ণয় ক্রনে ক্রেয়।

"মন্তিকের আয়তনত মনের শক্তি-মাতার পরিমাপক"—তিহাত সাধারণ নিয়ম। যে সকল কারণে এই নিয়মের তারতমা ঘটিয়া থাকে, তন্মগো শারীরিক প্রকৃতির ইতর-বিশেষ একটি প্রধান কারণ। যথা :--

মক্তিজ-উপাদানের উৎকৃষ্টতা।

অক খণ্ড পেটাই লোহা, আয়তনে-সমান এক খণ্ড ঢালাই ক্ষোহা অপেকা বেশি শক্ত;—ঘনতার অধিকা হেতু বেশি ভারিও দৃঢ়। পাঁওকটীর স্থায় ছিদ্রালুও বিরল প্রমাণু দ্রবা-সকল লযুও ভক্ষুর হইয়া থাকে। সিংহ বলবান্ কেননা তাহার মাংসপেশী, মাংসবন্ধনা এবং অস্থিসকল অতাস্ত ঘনত শক্ত। কি মন্থুমো, কি পশুতে, কি মন্তিমে, কি মাংসপেশীতে এই একই নিয়ম পরিলক্ষিত হয়। প্রক্ষুত মহত্ত কোথার দেখিতে পাওয়া বায়,—না বেখানে শুক্তার দৃঢ় মন্তিম্ক, স্কৃঢ় সায়ুসমন্থিত বলবান্ শরীরের সহিত সাম্মালত। যাহাদিগের মাথা ছোট, তাহারা খুব চটক্দার, তাক্ষবুদ্ধি, চতুর এবং কোন কোন বিষয়ে শক্তিশালী হইলেও হইতে পারে, কিন্তু ভাহারা কথনই চৌকোম, গভীরবুদ্ধি কিন্তু। নেতৃ-শুণাক্রান্ত হয় না। পক্ষান্তরে, বাহাদিগের মাথা বড়, অথচ যাহাদিগের মান্তিম্বের আভান্তরিক উপা নি তেমন উৎক্ষাই নহে, কিন্তু

রোগাক্রান্ত, গহারা বৃহৎ মস্তক হটয়াও স্থুলবুদ্ধি কিম্বা নির্কৃদ্ধি হটতেও
পারে। কি শরার কি মন উভয়েরই উচ্চতম শক্তি প্রকাশের জন্ম ছুইটি
বিষয় সমান প্রয়োজনীয়। প্রথম, উপাদানের উৎকৃষ্টগা—দ্বিতীয়,
আয়তনের বৃহত্ব। এই উপাদান-ঘটিত উৎকৃষ্টগা ছানেক সময়ে চন্দ্র,
কেশ ও মুখাবেরব প্রভৃতির ধুলস্ক্রগা দেখিয়া নির্ণীত হয়।

সাস্থা।

কোন ব্যক্তির চরিত্র নির্ণয় করিতে ২হলে হাহার স্বাস্থার অনুসন্ধান
করা আবেশুক। কারণ, অসূত্র ইংল কি মন কি শরীর উভয়ই অকম্মণা
ইইয়া পড়ে। "সুত্র শরীরে সুত্র মন" ইহাই প্রক্তির নিয়ম।

শ্লাদপ্রশাস ক্রিয়া।

শ্বাসপ্রধাস-ক্রিয়া শানীরিক হল্পের একটি প্রধান ব্যাপরে। নিশোস আর জীবন প্রায় একট কথা।

বুকের আয়তন ও ফুস্ফুনের অবস্থাব উপর শ্বানপ্রখাসের শক্তি নিউর করে। বুকের আয়তন ম্যাপয় দেখিলেত হতার নির্ণয় হততে পারে। *

খাদপ্রশ্বাদ-শক্তি উত্তর হতলে কংকগুলি লগণে প্রকাশ পার ব্যাঃ—
মুখ বেশ লাল, হতি পা গ্রম, এবং সমস্ত শরীবের ক্রিয়া সবল। বাহার
খাদপ্রখাদের তেমন বল নাই, তাহার মুখ সাবারণ % পা গুবর্ণ—হাত পা
ঠাতা, নীল শির্বে আর্বেলী এবং অরেতেই তাহাদের সাদ্ধি কাশি হয়।

খাসপ্রশ্বাস ক্রির। বাহার যত প্রবল তাহার সেই পরিমাণে জীবনী-শক্তি। অতএব বুককে প্রশস্ত এবং শাসপ্রশ্বাস-ক্রিয়াকে বলবতী করা সকলেরই নিতান্ত আবশ্বক। প্রাণায়াম ইহার একটি প্রধান সাধন। এই জন্ম প্রাণায়াম সাধন করিলে আয়ু বৃদ্ধি হয়।

শৈ নিক বিভাগের নিয়্নান্থবায়ী প্রত্যেক দৈনিকের বুকের বেড় ভাহার শরীরের
দীর্ঘতা মাপের অর্জেক হওয়া চাই।

রক্ত চালনা।

খামপ্রখাস-ক্রিয়া ও রক্তসঞ্চালন-ক্রিয়া এই উভরের মধ্যে একটি অতি ঘনির্চ সম্বন্ধ আছে। জীবনীশক্তি উৎপাদনে উভরেরই সহ-বোগিতা আছে। নিঃখাসপ্রখাসে বুক যে ওঠে নাবে এবং নাড়ীতে যে ম্পান্দন হয়—এই উভয়ের মধ্যেই একটা যোগ আছে।

বিশুদ্ধ খাদ্য যথোপযুক্ত রূপে শরীরাভ্যন্তরে স্বাম্মীকৃত হইলে এবং
বিশুদ্ধ বায়ু খাদপ্রশাদ দারা অন্তর্নীত হইরা ঐ থাদাকে অক্সিক্তনশোধিত করিলে যে রক্ত উৎপন্ন হয় উহা বিশুদ্ধ রক্ত। সমস্ত শরীর-তল্পে
এই রক্ত প্রধাবিত করাই স্থুৎপিঞ্জের কার্যা। এবং এই রক্ত হইভেই
মাংসপেনী, সায়ু ও মন্তিদ্ধ উৎপ্রত্ম হয়। রক্ত বিশুদ্ধ হইলেই এই সকল
পদার্থ স্বল সুস্থ ও কার্যাক্ষম হইয়া থাকে।

ভাল রক্তচালনের লক্ষণ:—মুখের স্থান্ত বর্ণ, হাত পা গরম, এবং নাড়ী ধীর, সবল ও সমবেগসম্পন্ন।

পরিপাক ক্রিয়া।

পাকাশরের অবস্থার উপর পরিপাকশক্তি প্রধানতঃ নির্ভৱ করে। কিন্তুর রক্ত চালনা ও খাদপ্রখাদ ক্রিয়ার মাত্রা তেদেও উহার তারতমা ঘটিয়া থাকে। যদি রক্তচালনা শক্তি কম হর, তাহা হইলে পরিপাকের সময় হরতো যথাপরিমাণ রক্ত পাকস্থলাতে নাঁও হয় না। আর যদি খাদপ্রখাদ শক্তি কম হর, তাহা হইলে যে রক্ত পাকাশরে নাঁত হইয়াছে তাহার বল ও তেক যথোপযুক্তরূপে থাকে না। বেশি পরিমাণে খাদপ্রখাদ ক্রিয়া হইলে পরিপাকের দাহায়্য হয় এবং পরিপাক-যম্ভ ও ভূন্ভূদ সবল হয়। দৃঢ় নিরেট মাংস, স্কৃত্ব বর্ণ, ইহা স্কৃত্ব পরিপাক-যদ্ভের ও উত্তম পরিপাক-শক্তির লক্ষণ। ক্ষীণতা, পাণ্ডুবর্ণ, ব্রণময় চর্ম্ম, নৈরাশ্রযুক্ত ভিটিথিটে মনের অবস্থা,—এই সকল অসম্পূর্ণ পরিপাক-ক্রিয়ার নিদর্শন।

ক্রিয়াশীলতা।

ক্রিরাশীলতা প্রবাতঃ শরীর-প্রকৃতির উপর নির্ছর করে। বে স্থলে গতি-প্রধান প্রকৃতি এবং মন-প্রবান প্রকৃতি উভয়েই সমানরূপে বলবতী সেই স্থলে এই ক্রিয়াশীল হার বিকাশ সর্বাপেক্ষা অধিক। সমস্ত শরীর ও অকপ্রহাকের দীর্ঘহা ও মাংসপেশীর অন্তিপরিপৃষ্টি ইহার লক্ষণ। হরিণ, গ্রে-হোও কুকুর এবং ঘোড়-দোড়ের ঘোড়া এই জন্ম এত ক্রেয়ামা। দীর্ঘহা, অস্থুপতা ও স্থকুমার গঠনের সহিত সহজ্বসাধা গভি কেমন সংলগ্ন হাহা উপরোক্ত পশুদের দুষ্টান্তে সপ্রমাণ হয়।

উত্তেজনীয়তা।

ইহাও শরীর প্রক্কৃতির তারতমার উপর নির্ভর করে। বে স্থলে প্রাণ্থানা প্রকৃতি ও মন-প্রধান প্রকৃতি উভয়ই অতান্ত বলবতা, দেই স্থলে এই উত্তেজনীয় তার পূর্ণ বিকাশ দেখা যায়। অতিমাত্র মদা, তামাক, চা, কাফি প্রভৃতি দেবনে যাহাদের স্নায়ুতন্ত বিকৃত হইয়াছে তাহাদের মধ্যে. উত্তেজনীয়তা, স্বাস্থাবহিভূতি অস্বাভাবিক মাত্রায় প্রকাশ পায়। রস-প্রধান প্রকৃতিতে ইহার বিপরীত ভাব দেখা যায়। সকল বিষয়েতেই তাহাদের ওদান্ত ও অনুৎসাহ — কি বর্ত্তমান কি অতীত কোন ঘটনাই তাহাদিগকে উত্তেজিত করিয়া তুলিতে পারে না।

অবস্থা-সমূহের সামঞ্জস্তা।

চরিত্রের পূর্ণবিকাশের পক্ষে ইহা নি হাস্ত আবশ্রক, যে শরীর ও মস্তিষ্ক এবং তছভরের শারীরতান্ত্রিক অবস্থা সমূহের মধ্যে একটা সামঞ্জন্ত থাকে—কোথাও কিছু অতিরিক্ত না হয়, ন্নতাও না হয়। স্থলবিশেষে মনের উপর শরীরের কভটা প্রভাব তাহা যদি আমাদের নির্দিয় করিতে হয় তাহা হইলে শুধুষে শরীর ও মনের পৃথক্ পৃথক্ বৃত্তির ও অবস্থার বিকাশ দেখিতে হইবে তাহা নহে; তাহার সঙ্গে সঙ্গে প্রত্যেকের আপেক্ষিক ক্রিয়াশীলতা ও শক্তিমাত্রাও নির্ণয় করিতে হইবে। যে স্থলে সকলে মিলিরা মিশিয়া কাজ করে, সেই স্থলে প্রত্যেকেরই কার্য্যকারিতা ও বলের বুদ্ধি হয়; পক্ষাস্তরে এইরপ সৃষ্ণিপ্রস্তুও সন্মিলনের অভাব হইলে, সকলেরই কার্যো ব্যাঘাত হয়।

সঙ্গীত-কলা।

অস্তের নিকট হইতে সহান্তভূতি পাণয়া এবং অন্তের প্রতি সহামু-ভূতি প্রকাশ করা উভয়েতেই মনুষা মাত্রেরই সুখানুভব হয়। মনুষা পরস্পরের উপদ নির্ভর না করিষা থাকিতে পারে না: এই নির্ভরের ভাব হটতেই সহাত্ত্ভির উৎপত্তি। কিন্তু মনুষ্য-বিশেষে ও সমাজ-বিশেষে এই সহাত্তভূতির প্রকৃতি ও আবেগ-সম্বন্ধে অনেক ভারতমা ैचটিয়া থাকে। ানশেষ-নিশেষ সমাজে, বিশেষ-বিশেষ ক্লচি-অভুসারে, বিশেষ-বিশেষ আকারে ইহার প্রকাশ দেখা যায়। রাজনীতি, সাহিত্য, কলা-বিদ্যা, প্রভৃতি বিভিন্ন বিষয়ে ইহার কার্যা-প্রবণ্ডা দৃষ্ট হয়। যত প্রকার আদর্শের মনুষা আছে, গুনাগো যাহাদের কলা-প্রবণা প্রকৃতি, ভাহাদেরই স্থার্ভুশির তৃষ্ণা স্বাপেক। অধিক, তাহারাই সৌন্দর্যোর আকর্ষণে সম্প্রিক আরুই হয়। বাহিরের ও অন্তরের সৌন্দর্যো মুগ্ হট্যা তাহাদের মনে যে সকল ভাব, চিন্তা ও আবেগের উদয় হয়, যে সমস্ত ভাহারা ফুন্দর, সর্য ও স্থায়া আকারে বাহিরে প্রকাশ করিছে চেষ্টা করে; এবং যে অনির্বাচনীয় আনন্দ তাহারা নিজে উপভোগ করে, ভাহার কিয়দংশ অন্তকে বিভরণ করিভেও সমুৎস্কুক হয়। এইরূপ সহামুভূতির স্বাভাবিক প্রবাত ২ইতেই, চিত্র, স্তপতি, সঙ্গীত, সাহিত্য প্রভৃতিবিবিধ গলিত-কলার উৎপাত হঠয়।ছে। কলা কবির আনন্দ এত তীব্র যে তিনি গ্রহা প্রকাশ না করিয়া থাকিতে পারেন না। এবং তিনি তাহা এরূপ ভাবে প্রকাশ করিতে চেষ্টা করেন যাহা দেখিয়া বা শুনিয়া উাহার নিজের ভাব কিয়ৎপরিমাণে অস্তের মনে সংক্রামিত হইতে পারে। এই সহায়ভূতিই কলান্তরাগী ব্যক্তির রচনা-চেষ্টার প্রথম প্রবর্ত্তক।

कला-विस्थित এই बहना-दहेश विस्था विस्था चाकांत शहन करता

রচনার অর্থ—উপকরণগুলি এমনভাবে যথাবোগ্যরূপে বিশ্বস্ত করা যাহার দ্বারা কলা-কবির মনের ভাব অন্তের মনে সহজে প্রবেশ করিতে পারে।

সন্ধীতেও, স্বর-সমূহের মধ্যে পরস্পন্ন একটা বিশেষ সমন্ধ থাকা চাই; ছন্দের ব্যবস্থা করিয়া তাহাদের মধ্যে কতকটা শৃঙ্খলা স্থাপন করা চাই; তবেই অন্তের মনে তাহা স্থায়ী আকারে প্রতিভাত হইতে পারে; এবং তথনই অহা ললিত-কলার আক্ষ তাহারও রচনা সম্ভব হয়।

প্রত্যেক ললিত-কলার বিশেষ বিশেষ সৌন্দর্য্য এক একটি বিশেষ বিশেষ আকারে অভিযাক্ত হইয়া থাকে। এই আকার-রচনা—এই রূপ-কর্মনা প্রত্যেক কলার মধ্যে নিভাস্কই প্রয়োজনীয়। যথন কোন কলা-কবি স্বকীয় কোন স্থন্তর মানস-প্রতিমাকে বাহিরে মূর্ছিমান করিয়া প্রকাশ করেন, তথনই তাহা ললিত কলার অস্কর্গত হয়।

চিত্রকলা, মৃর্ত্তিকলা, কিছা বাস্ত্বকলার রূপ-কল্পনা ও গঠন-প্রণালী কিরপ, তাহা সচরাচর লোকে সহজে বৃকিতে পারে। কিন্তু সঙ্গীতের উপকরণ-সামগ্রী অপেক্ষাকৃত আরো ফুল্ম বলিয়া, তাহার রচনা-প্রণালী বৃক্ষিরা ওঠা তত সহজ নহে। কেননা, চিত্রকলা প্রভৃতির উপকরণ প্রধানতঃ বহির্জগৎ হইতে, এবং সঙ্গীতের উপকরণ প্রধানতঃ অন্তর্জগৎ হইতেই সংগৃহীত হইয়া থাকে। সঙ্গীতের উৎপত্তির খুব গোড়া ধরিলে দেখা যার, ছলয়ের আবেগ প্রকাশ করিতে গিয়া যে অস্পষ্ট ধ্বনি উচ্চারিত হয়, তাহাই সঙ্গীতের মূল উপকরণ। এই মূল-উপকরণ গুলি হইতেই, এখনকার স্থমার্চ্জিত সঙ্গীত ক্রমশঃ বিকশিত হইয়া উঠিরাছে। আদিম অসভ্যগণ বেরূপ গোড়ায় কেবল "গোগানি, কাঁছনি" রূপ কতকগুলি অস্পষ্ট স্বরের উচ্চারণেই আপনার মনোভাব প্রকাশ ক্ষরিত, এবং সেই সকল অস্পষ্ট স্বর হইতেই ক্রমশঃ বেমন এখনকার এই সন্তা ভাষার উৎপত্তি হইয়াছে, সঙ্গীত-সন্বন্ধেণ্ড সেইরূপ

বলা যাইতে পারে, মনের আবেগ প্রকাশের নানাপ্রকার অস্পষ্ট চীৎকার, ক্রমশঃ কতকগুলি নির্দিষ্ট স্থাপ্ট স্বরে পরিণত হইরা দঙ্গীতের স্থাষ্ট ইইরাছে। অসভাদিগের সঙ্গীত পরীক্ষা করিয়া দেখিলে দেখা যায়, তাহারা এমন কোন স্থর রচনা করিতে পারে না যাহাতে স্থর-বিস্থানের একটা স্থাজ্ঞালা বা সৌসামঞ্জ্ঞ আছে। তাহাদের গানের স্থর এক প্রকার অস্পষ্ট একঘেয়ে কাঁছনি স্থরের মত। ইহা সঙ্গীত-ক্রলার মধ্যে ধর্ত্তবাই নহে। কখন কথন তাহাদের মধ্যে আর একটু এই উরতি দেখা যায়,—ছই তিনটি বিভিন্ন স্থর যোজনা করিয়া তাহারা ক্রমাগত তাহাই আরম্ভি করিতে থাকে। ইহার সহিত আমাদের রাগ-রাগিণীর তুলনা করিলে ব্যুরতে পারা যায়, আমাদের সঙ্গীত-কলার কতটা উন্নতি হইয়াছে।

আমাদের এক একটি রাগে এক একটি বিশেষ মূর্ত্তি যেন জুটিয়া উঠে। এই রাগের মূর্ত্তি পূর্ণাবয়ব গ্রুপদে বিশেষরূপে অভিব্যক্ত হয় বলিয়া, আমাদের মধ্যে গ্রুপদের এইটা সম্মান; এবং এই জান্তই গ্রুপদ-গায়কদিগকে কালোয়াৎ অর্থাৎ "কলাবস্তু" বলা ইইয়া থাকে।

সারসং গ্রহ।

্জাপানে প্রাকৃতিক বিজ্ঞান।

"প্রাক্কতিক বিজ্ঞান" নামক পত্রিকায় বেধর সাহেব জাপানের প্রাক্তিক বিজ্ঞান-সম্বন্ধে কতকগুলি সুথপাঠা প্রবন্ধ লিখিয়াছেন চু তিনি বলেন, "প্রকৃতির প্রতি জাপানীদিগের যেরপ বদ্ধমূল আন্তরিক অমুরাগ, এমন অতি অল জাতিরই আছে ৷ এই অমুরাগ, তাহাদের ধন্মে, শিল্পকার্যো, কবিভাতে, দৈনিক কার্যাকলাপে, অবকাশের আমোদে--সমস্ত জীবনে ওত্তোত। তহাদের চারুশিল্পে, সচরাচর শিল্লের চলিত বাঁধা নিয়ম কিছুই দৃষ্ট হয় না, পরন্ত "প্কিও" ০ "হকুসাই" শিল্পীম্বর যে জীবন্ত স্বাভাবিকভার পদ্ধতি প্রবর্ত্তিত করিয়া গিয়াছেন ভাষাই ভাষাদের সমস্ত শিল্পকম্মে দীপ্যমান। এই প্রাক্তিক জগতের অতি কুজতম বস্তুসমূহকেও উহারা উহাদের শিল্পকার্যা প্রকাশ করে-এমন কি, সেই সকল বস্তুকে উহারা কাল্লানক ভাবে অনুরঞ্জিত করে। নিতান্ত নিয়মবহিভূতি ও অসম্ভব হুহলেও, উহাদের শিল্পকংশ্ম স্বাভা-বিকতার অভাব হয় না—উহা যেন জীবস্ত বলিয়াই মনে হয়। স্বদূর কি स्महान भनार्थ बडे नकन भिन्नोमिशक ভाর-तरम मुक्ष कांतरङ भारत ना, পরস্ক যাহা ,অতি নিকটতম, যাহা একটু অভূত-রদাত্মক, যাহা চুট্কি ধরণের স্থন্দর তাহাই উহাদিগের অন্তরে, ভাব-রদের দৈব-ক্তি আনয়ন করে। উহাদের কবিতার নিয়ম অভিশয় কঠিন ও বছল হওয়া সত্ত্বেও, উহাদের কবিতাতে প্রকৃতির স্থলর ছ'ব পাওয়া যায়। কখনত, শুদ্ধ নৌন্দর্যাটি দেথাইবার জন্ত একটা ছবির অসম্পূর্ণ আদর্শ মাত্র দেওয়া হয়; কথন ও বা এমন একটা কিছুর বর্ণনা থাকে, যাহা জগতের আত্মার

সহিত যেন মর্ম্মে সামার ক্মিন্দ্ধ — যাহা এত ক্র্মার থে, চির-্ কালই আমাদিগকে মুগ্ধ-করে, অথচ নিজে কথনই ধরা দেয় না।

যদি জাপানী চরিত্রের কোন বিশেষ লক্ষণ থাকে তবে ফুল ভালবাসা সেই লক্ষণ বলিতে হইনে। জাপানে এমন একটি কুদ্র বাড়ি দেখা যায় না বেখানে ছবির মত সাজানো একটি বাগান নাই: এবং যতই সামান্ত পাস্থশালা হোক্ না কেন, তত্রথা প্রত্যেক অ্তিথির ঘর পুপাওচ্ছে সমুজ্জল। জন্তভালবাসাও খুব বেশি না খোক্, যথেষ্ট পরিমাণে আছে।

প্রকৃতি-জননীর প্রতি এই প্রকৃতিব শিশুদিগের যে প্রকার অনুরাগ তাহার দৃষ্টাস্ত অসংখা। কিন্তু এই ভাবের সহিত বৈজ্ঞানক স্পৃহার কোন সংশ্রাব নাই। আজকাল, ক্রত-আংহ্যাজকারী বন্দুক প্রভৃতি আধু-নিক উন্নতির সঙ্গে সঙ্গে, বৈজ্ঞানিক স্পৃহা জ্ঞাপানকে আক্রমণ করিয়াছে। এই স্পৃহাটি ক্রমশঃ বিক্শিত হত্যা আপাত্তঃ কি অবস্থায় দাঁড়াইয়াছে তাহা প্রদর্শন করা বেধর সাহেবের লিখিত প্রবন্ধের কতকটা উদ্দেশ্য।

জাপানে এই যে আধুনিকীকরণ কিন্ধা মুরোপীরীকরণ আরম্ভ ইইয়াছে, ইহা কেবল আত্মাক্ষার ডক্ষেশে। জাপানীাদগের মধ্যে একদল
লোক—বিশেষতঃ রাজনাতিকুশল "কোণ্ট ইন্টা" ও কোন্ট ইন্মুরা" এই
ব্যাপারের প্রবর্ত্তক। কিন্তু জাপানা রাজ্যরকারের অধীনে যে বৈদেশিক কন্মাচারীরা ছিল তাহারাই এই কন্ননাটকে কার্যে। পরিপত্ত
করিয়াছে। এই উন্নতিকর কার্যে ছইটি মহাজ্ঞাতির হন্ত গক্ষিত।
হয়। এক—ইঙ্গ-স্যাক্সন্, অপর—জন্মণ জ্ঞাতিই ইহার প্রধান
উদ্যোগী। ইংরাজেরা জাবনের কেজাে দিক্টার প্রতি জ্ঞাপানীদিগের
দিরাছেন, এবং তাহার সঙ্গে সঙ্গে আপনাদের ধন্মটাও জ্ঞাপানীদিগের
দাড়ে চাপাইবার চেন্টা করিয়াছেন। ইংরাজাদিগের দারা রেল-পথ হইয়াছে—এঞ্জিনিয়ারিং কালেজ হইয়াছে, রণতরীর আয়োজন ইইয়াছে,

টা কুশাল হইরাছে, মুক্তাযন্ত্র হইরাছে এবং বাইবেল-অমুমোদিত প্রার্থনা-পুত্তক ইইরাছে।

পক্ষান্তরে, ন্ধর্মণেরা প্রধানতঃ ইতিহাস, চিকিৎসা ও প্রাক্কৃতিক বিষ্ণানেব দিকে স্বীয় প্রভাব প্রকটিত করিয়াছেন।

যে সকল অর্মাণ পণ্ডিত মধ্যে মধ্যে আপানে গিয়াছেন ত্রাধ্যে ফিলিপ ক্রান্স্সিয়ে বোল্ট সর্বাপেক্ষা বড়। তিনি ১৮২৩ খুষ্টাকে নাগা-সাকি নগবে অবতীর্ণ হন। চরিত্র বল, শিষ্টতা, চিকিৎসানৈপুণা—হা ছাড়া উৎকোচদানের প্রভাবে তিনি তাৎকালিক সন্দিগ্ধমনা বশ্বতা-বিমুখ জাপানীদিগকে আশ্চর্যাদ্ধপে বশীভূত করিরাছিলেন। হঠাৎ একবার এইকপ জনরব উঠিয়াছিল যে, জাপান-রাজ্ঞার প্রধান গুপুচব জাপান-দেশের একটি মানচিত্র ঐ জন্মণ পণ্ডিতকে বিক্রেষ করিয়াছে। পুরাতন জাপানী আইন-অন্তুদাবে উহা বাজন্তোহ। জর্মণ পঞ্জিত কারাগাবে অবরুদ্ধ হইলেন এবং ১৮৩০ খুষ্টান্ধে যখন কারাগার হইছে মুক্ত হইলেন, তথন ভাঁহার প্রতি কড়াক্কড় ছকুম হটক যে, তিনি ষেন জাপান ছাড়িয়া আর কোথাও না যান। এই জন্মণ পণ্ডিত বলেন, किञ्च अभिनाकारतत था अभागनी पिरणत थावन असूतान, जाहारमत पृष्टि যেরপ সুতীক্ষ্ব থাহাদের হস্তও সেইরপ কার্যাপটু এবং ভাহাদের মনের গতিও কেজো ধরণের। উদ্ভিদবিদ্যা তার্যার বিশেষক্রপে অমুশীলন করিয়াছে: তাহার কারণ, ঔষধাদি প্রস্তুত করিতে উদ্ভিক্তের প্রয়োজন এবং তাহাদের খাদ্য ও পরিধেয়ের জন্মও উদ্ধিজ্জের উপর একাস্ক নির্ভর করিতে হর। নিজের স্থপাধন ও গৃহবিভূষণের জন্ত অপেকাকত তুর্বত বুক্ষচারা'দ উহারা চাষ করিয়া থাকে। প্রাণীতম্ব-বিদ্যার উহার। ততটা উন্নতি লাভ করে নাই। কারণ, এই উদ্বিজ্ঞ-ভোকী আছির গক্ষে গভ অপেকা উভিদ বেশী প্রয়োজনীয়। কিন্তু বে স্কল প্রাণী তাহাদের কাজে আসিত-বেমন মৎস্ত, শামুক ও খোলা-

প্রয়ালা বিবিধ জীব, তাহাদের সম্বন্ধে জাপানীদিগের পূঞারুপুথ জ্ঞান আছে বলিয়া মনে হয়। শামুক সংগ্রহ করিয়া তাহা হইতে উপ্রায়া নানাবিধ সামগ্রী প্রস্তুত করে। যে দ্রব্য যত কিন্তৃত্তিমাকার, উহাদের নিকট সেই দ্রব্য তত মুল্যবান।

পঁচিশ বৎসরের মধ্যে জাপানীরা কি অভূতপূর্ক উন্নতি সাধন করিরাছে, তাহা উহাদিগের. বৈজ্ঞানিক সমষ্টানের তালিকা দৃষ্টেই প্রতীতি
হুইবে। "টোকিও"-বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানশালা, ভূতর্ঘটিত পরিমাপপদ্ধতি, "উএনো" পার্কে রাজকীয় যাত্ত্বর, বিদ্বজ্ঞন-পবিষৎ এবং
অস্তান্ত শিক্ষাসংক্রাস্ত সভাসমিতি,—প্রাক্তিক জ্ঞানপ্রচাব যাহাদের
উদ্দেশ্ত—এই সকল অমুষ্ঠান দৃষ্টাস্ত্রম্বরূপ উল্লেখ করা যাইতে পারে।
বেধর সাহেব বলেন, জ্ঞাপানীদিগকে প্রস্কৃতরূপে বৈজ্ঞানক করিরা
তুলিবার পক্ষে অনেকগুলি বাধা থাকা সন্ত্রেও উহাদের চবিত্রগত সকল
প্রণাগ বিজ্ঞান অমুনীলনের পক্ষে অনুকূল এবং গ্রুপবোগা ক।র্যান্ট্রেওও
অতীব বিস্তান

বিংশতি শতাব্দীতে বিজ্ঞানের অদ্ভূত কাশু।

পিয়ার্সন সাহেব বিলাপ করিয়াছেন, বিজ্ঞানের বড় বড় আবিদ্ধার সমস্কট হটয়া গিয়াছে—বিজ্ঞানের এখন বেকার অবস্থা। এই কথা শুনিয়া, লেফ্টেনেন্ট কর্ণেল এল্ন্ডেল্ "কন্টেম্পোরারি" পত্রিকায "বিজ্ঞানের ভাবী সমস্তা" বলিষা একটি প্রবন্ধ লিথিয়াছেন। তিনি যেরূপ উৎফুলভাবে বিজ্ঞানের ভাবী ফলাফল বর্ণনা করিয়াছেন, তাহাতে নিরাশ হইবার কোন কারণ নাই। তিনি বলেন, উন্বিংশতি শতান্ধী অপেকা বিংশতি শতান্ধীতে অধিক সংখ্যক বৈজ্ঞানিক আবিদ্ধার হইবার সম্ভাবনা আছে। সেই অসংখ্য সম্ভাবিত আবিদ্ধারের মধ্যে তিনি চারটির বিষয় বিরুত করিয়াছেন।

প্রথম, বায়ু-মণ্ডলকে আয়তের মধ্যে আনা। এখনই-ত ফরাসী রাজ্যের যুদ্ধ-বিভাগ হটতে এমন সকল ব্যোম-যান প্রস্তুত হইতেছে যাহার গতি-বেগ ঘণ্টার ২৫ মাইল হইবে বলিয়া প্রত্যাশা করা যায়। একটা উড়িবার যন্ত্র সহসা যদিও না উদ্ভাবিত হয়, ক্রমশ, অল অল উন্নতি হইতে হইতে এই প্রকারের ব্যোম-যান একদিন নিশ্চয়ই প্রস্তুত হইবে। তখন গ্যাদের আর : কোন কাজ থাকিবে না, কেবল উহা বেলুনের' ভারটি বহন করিবে মাত্র; আর প্রচালক ইক্র-যন্ত্র দারা উর্দ্ধোত্তোলন-ক্রিয়া সম্পন্ন হটবে। এই প্রচালক-যন্ত্রটি ক্রমে সর্বেস্কা হট্যা পাখীর ভানার স্থায় কাজ করিবে, তখন বেলুনটি বাছল্য হইয়া পড়িব। ১৪ বৎসর পুর্বের, তথনকার যন্ত্র-বিজ্ঞানের অবস্থা-অমুসারে, উড়িবার যন্ত্র উদ্ভাবন করা অসম্ভব,--এক প্রকার স্থির সিদ্ধান্ত হইয়াছিল। কিন্ত এখন বে প্রকার বন্ত্র-বিজ্ঞানের দিন দিন উন্নতি হইতেছে, এই উন্নতির কার্য্য আর ১৪ বৎসর সমানভাবে চলিলে, উড়িবার যন্ত্রের সম্ভাবনাটি নিশ্চরই বাস্তবে পরিণত হইবে। আজকাল, উড়ম্ভ পাখাদিগের গতি এবং বায়ু-পথে গতিবিধি করিবার সাধারণ নিরমদকল যত্নপূর্ব্বক পরীক্ষিত হই-তৈছে। যদি সুযোগ্য কার্য্যদক্ষ যন্ত্র-কুশল পণ্ডিতেরা এই বিষয়ে মনো-नित्यमं करत्न उरव अधितां थे नम्यां भित्र शहरत मान्य नाहे। সর্বাপেকা কঠিন সমস্তাটি এই, कि উপায়ে "বায়ু-পথে স্থির-ভাবে লম্মান" থাকা বায়।

যদি উড়িবার যন্ত্রটি স্থানী, মজ্বুৎ, কার্য্যোপযোগী করিয়া গঠিত হয়,
তাহা হইলে গতিরিধির জন্ত্র এমন নিরাপদ যান আর দিতীয় নাই।
৬৬ কিছা ৪৮ ঘণ্টার মধ্যে আমরা হয়-ত লগুন হইতে নিউয়র্ক নগরে
উপনীত হইতে পারিব—কিছা প্রাত্তেজনাত্তে লগুন হইতে প্যারিদে
পৌছিয়া, আবার মধ্যাহ্ন-ভোজনের মধ্যেই প্যারিদ হইতে লগুনে প্রত্যাবর্ত্তন করিতে পারিব। লোহ-বন্ধ ও বাপীয় জাহাল আবিষ্কৃত হইয়া

বেরূপ অংগতের মধ্যে একটা মহাপবিবর্ত্তন আনিষাছিল—উড়স্ত ষল্পের আবিষ্ণারে ও তাহাই হইবে। এই উডস্ত যন্ত্রসকল মহাবেগে আকাশগথে বাবিত হহবে—অণ্টায় বোধ হয় ১০০ মাইল কবিয়া চলিবে।

সমুদ্র-নাবিকতাতেও মহা পবিবর্ত্তন হতবে। অধুনা, ধন্ত কুশল পণ্ডিতেবা পবিচালক শক্তিব পৃষ্টিদানন কবিয়া জাহাজেব বেগ বৃদ্ধি করি-বাব চেষ্টা কবিতেছেন। লেখক অমুমান কবেন, উহাঁবা সকলেই ভুল পথ ধবিষ।ছেন। উহাঁদেল উচিত, "সামুদ্রিক মৎস্ত দিশেব ধবণধারণ গতিবিধি" অমুশীলন কবিষা দেখা এবং চহাও প্রণিধান কবিষা দেখা, কেন শুশুক অপেক্ষা ট প্ৰভোব বহু প্ৰিমাণে অধিক চালক-শক্তি আৰু ক্ষ হুচ্যা থাকে। শেথক বনেন, "চম্মোপনিস্ত ঘূৰ্মণ"ই এই প্ৰভেদেন কাৰণ। এচ কাবণেত জাহাজ জলে অধিকাংশ বানা প্রাপ্ত হয। মৎস্তদিগের বহিঃম্বকেব বহস্তাট আমাদেব শিক্ষা কবা আবশুক। স্কল প্রকার আববণ অপেকা মস্ণ ইস্পাতেব আববণ নিরুষ্ট। লেখক বলেন, হাল-বের স্বকেব অমুকবণ কবিষা নিজেমিত কাগজেব আবরণ জাহাজে দিলে কাজ চলিতে পাবে। উাহাৰ মতে, কোন সুযোগ্য লোকেন গ্ৰাবধানে পৰীক্ষা চালাইবাৰ জভ যুদ্ধ-লাবীৰ কভ্পক্ষীশেৰা প্ৰতি ৰৎসৰ ২৷৩ হাজাৰ পৌও ব্যব মঞ্জুব কবিলে ভাল ১য। আব এক কথা, • 'ম-পুঠেব অনুকাৰী মার্কিন আদশেৰ ভাষাজে ৩০জ-জ'ন বাধা বিদুরি ৩ ২২৫৩ পাবে। এহরপ হটলে, আধুনক জাগাজেব যেরপ চালক-শক্তি, তাহাতে জাহাজ ঘণ্টাষ পঞ্চাশ 'নট্' কবিষা সুমৃদ্ৰে চলিতে পাবিবে।

আব একটি সমস্থা। কবলা না পুডাইয়া কিবপে উহা ২হতে উহাব শক্তি বাহির কবিষা লওবা যাইতে পাবে। অর্থাৎ, কর্যাকে এমদ অবস্থায় কিবপে আনা যায, যাহাতে ক্যলা বায়ুস্থিত অন্মিজনেব সহিত সংযুক্ত হইষা, বৈছাতিক শক্তি উৎপাদন করিতে পাবে। লেখক মনে করেন, এই সমস্থাটিও শীঘ্র পুবণ হহবে। ভাঁহার আর এক আশা—রসায়ন ও চিকিৎসা-বিজ্ঞানের সাহায্যে উদ্ভিজ্ঞ থাদাসকল প্রস্তুত হইবে। সেই সকল থাদা-সামগ্রীর মধ্যে ঘাস একটি ধর্ত্তব্য। আমরা যদি ঘাসকে কোন উপায়ে পরিপাক করিতে পারি, তাহা হইলে আমাদের থাদ্যের আর অভাব থাকে না।

স্ত্রীলোকের কাজ করা কেন উচিত নহে !

সিরোঁর জি ফেরেরো সাহেব "মনিষ্ট" পত্রিকার "সমাজভত্ত ও জীবনতত্ত্বের দিক দিয়া স্ত্রী-সমস্থা" মীমাংসা করিবার চেষ্টা পাইয়াছেন। তিনি বলেন,—ইহা যেমন একটি প্রাক্ততিক নিয়ম যে, পুরুষ জীবিকার জন্ম করিবে— বুঝাবুঝি করিবে, সেইরূপ ইহাও আর একটি প্রাক্ত-তিক নিয়ম যে, স্ত্রীলোক জীবিকার জন্ম শ্রম করিবে না-যুঝাযুঝি করিবে না। জীবনতত্ত্ববিদ্যা স্পষ্টাক্ষরে দেখাইয়াছে যে, স্ত্রীপুরুষের শ্রমবিভাগের উপরেই জাতিবিশেষের শারীরিক উন্নতি নির্ভর করে— কারণ ইহারই ঠিক সমাত্রপাতে জীবনের স্থায়িত্বকাল। উচ্চতর জীব-দিগের মধ্যে যে বিবাহ-প্রথা দেখা যায় তাহা কি ?—না, স্ত্রীপুরুষের মধ্যে শ্রমবিভাগের উৎক্বষ্ট একটি পদ্ধতি মাত্র। ডিমে তা-দিবার সময় পুং-পক্ষীই স্ত্রাপক্ষীর সমস্ত অভাব যুগাইয়া থাকে। অন্ত সময়ে স্ত্রীপক্ষী যথন- আহার অবেষণ করে, সে কেবল পুরুষপক্ষীকে সাহায্য করিবার হিসাবে। সিংহ ও শিয়াগ্রোষের সম্বন্ধেও এ কথা খাটে। তবে যে, অসভা মনুষ্যজাতির মধ্যে ব্রৌজাতিকে শ্রম করিতে দেখা যায়, সে কেবল পুরুষের স্বার্থপরতা-নিবন্ধন; স্বতরাং, উহা অধিককাল স্বায়ী হইতে পারে না। লেখক বলেন, যে জাতির মধ্যে স্ত্রীলোকের শ্রম প্রচলিত, সে **জাতি অসভ্য অবস্থাতেই থাকি**রা যায়—তাহার আর উন্নতি হয় না i ্ সভাজাতির মধ্যে ধনোৎপাদন কার্য্যে স্ত্রীলোকের শ্রম অনাবশ্রক।

পুক্ষই ধনোৎপাদনে সমর্গ। স্ত্রীলোকে শ্রমের কার্য্য আবস্তু করিলে পুক্ষ-শ্রমের রাজ্ঞাব-দ্ব কমিয়া যাহবে। আজ কাল স্ত্রীলোকেরা কারখানার কাজ করিছে আবস্তু করিয়াছে, এই জন্ম যুবোপে কত পুক্ষ পাশল পালে কর্মের চেষ্টার্য ফিরিভেছে অথচ কর্ম্ম পায় না—মধ্যে মধ্যে অনেকেই বেকার হইষা পড়ে। ইহা একটি ভ্রানক অমঙ্গলের কথা—ইহা একটি সামাজ্ঞিক বোগের লক্ষণ। দেশবার্ত্তা-বিবরণে দেখা যার, যে সকল দেশে মাযেরা এমজীনী বৃত্তি অবলম্বন করিবাছে, সেখানে স্ত্রাক্ত্রাক ও শিশুদিরের মধ্যে মৃত্রাসংখ্যাত বৃদ্ধি হইষাছে। আদর্শ-বমনী, প্রিসৌন্দর্য্য ও স্থ্যাজ্ঞিত ভাবের পরাকান্তা প্রদশন করিবে ইহাই বাজনীয় এবং এই উদ্দেশে উহাদের শ্রম হইতে বিবত হওয়া কর্ত্তরা। শ্রমজীবী বমনী প্রিন্ত ইহা পড়ে এবং হাইব স্থায় ত্রাক্তর সমস্ত লক্ষণ নই হইষা যার। স্ত্রীস্থলভ প্রান্তি বাপার হইতেই বাৎসল্য প্রভৃতি পুরুষের কোমলতর বৃত্তি গুইটি ব্যাপার হইতেই বাৎসল্য প্রভৃতি পুরুষের কোমলতর বৃত্তি গুরুষের হইমাছে।

সভ্যতাৰ অধিকাংশ ফল পুক্ৰেবা নিজে অৰ্জ্জন কবিনেও, পুৰুষ অপেক্ষা ত্ৰীলোকে তাহা অনিক পৰিমাণে ভোগ কবিতেছে, এ কথা স্বীকাৰ কবিতে হইবে। পুৰুষ পুৰ্প্তে ষেমন খাটিয়া আাস্যাছে এখনও সেইক্স খাটতেছে—তহাতে প্ৰকৃতিবিদ্ধ ভাব কিছুত নাত। কাবণ ইহাই পুক্ৰেব প্ৰকৃত কাৰ্যা। অতএন, পুক্ৰেব জীবন সংগ্ৰামে ত্ৰীলোক একটু সৰ্ব কবিষা থাকিলেত যথন পুক্ৰেবা তাহাব পদতলে তাহাদেব সমস্ত পবিশ্ৰমেৰ ফল আনিষা দিতে প্ৰস্তুত, তথন ত্ৰীলোকেৰ নিজেব জনা এত মাথা বাথা কেন ?

ভাষা-শিক্ষার রহস্য।

মসিবো শুর্বী নামক একজন ফরাসি পশ্তিত, "ভাষা-শিক্ষা ও শিক্ষার রহস্ত" নামক একথানি পুস্তক লিখিয়াছেন। তিনি বলেন, চুট তিন বৎসরের শিশুরা যে কোন বিদেশীয় ভাষা ছয় মাসের মধ্যে শিখিতে পারে। তাহারা ব্যাকরণ পড়ে না, বর্ণমালাও সম্পূর্ণ আযত করিতে পারে না. কথা বানান করতে পারে না — কিছু চলনগই কথা কহিছে, পারে ও বুনিতে পারে। নিতাস্ত অবোধ শিশু যদি ছয়মানের মধ্যে একটা বিদেশীয় ভাষা শিখিতে পারে, তবে একজন পূর্ণবন্ধ ব্যক্তি সেই সময়ের মধ্যে কেন না শিখিতে পারিবে ? তাহার সহজ উত্তর এই। শিশু কান দিয়া কথা শেখে; এবং চোথ দিয়া যাহা দেখে তাহার সহিত শোনা-কথাগুলি মিলাইয়া লয়। শিশু ঘটনাগুলি চক্ষে দেখে এবং তদর্থবাচক কথাগুলি কানে শোনে; এবং এই ছুই প্রকরণ একত্র হণ্ড-রার, আতুষঙ্গিকতাব নিয়মাতুদারে, কথা কহিতে ও বুঝিতে সহজেই সমর্থ হর। পূর্ণ-বরস্ক ব্যক্তিরা ইহার ঠিক্ উল্টা পদ্ধতি অবলম্বন করে। ভাহারা চক্ষুর সাহায্যে বস্তুর প্রতিরূপ মনোমণো গ্রহণ না করিয়া চক্ষের ছারা কথার প্রতিরূপটি মনোমধ্যে বসাইবার চেষ্টা করে। 'ভাছারা क्विन চোথ fिर्मी कथा खिन शहन करत—हेशा कान शहा एवं वर्फ একটা কাজে আইসে না। অতএব শিশুর পদ্ধটিই ভাষা শিথিবার প্রকৃষ্ট পদ্ধতি-গ্রন্থকার ইহা খ্রিক করিয়া শিশুরা কিরূপে ভাবা শিক্ষা করে তাহার আলোচনায় প্রবুত্ত হইলেন; আলোচনা করিয়া কতকগুলি মূল-ভূত্র নির্দারিত করিলেন। এই মূলস্ত্রের উপর তাঁহার ভাষা-শিক্ষা-প্রণালী প্রতিষ্ঠিত, এবং এই পদ্ধতি অবলম্বন করিয়া তিনি বিলক্ষণ সফলতা লাভ করিয়াছেন।

দেই মূল স্ত্তভলি এই :--

- (১) শিশুবা কতকগুলি ছাড়া-ছাড়া কথার দারা ভাষা শিক্ষা করে না, পবস্তু পূর্ণাব্যব বাক্যপ্রস্পাবা দারা ভাষা শিক্ষা কবিরা থাকে।
- (২) বাক্যেব দ্বাবা যদি ভাষা শিথিতে হয়, তবে জিবাপদেব উপ-বেই বেশি ঝোঁক্ দেওয়া আবিশ্রক। কাবণ জিযাপদটিই প্রত্যেক বাক্যের প্রাণস্বরূপ।
- (৩) ক ৩ কগুলি বাক্যপবস্পনা মনে বাথিবাব জন্ম শিশু তদর্থবাচক ক্ষটনাশুলি যেকপ পরে পরে ঘটতে দেখে তাহাবহ ছবি মনোমধ্যে স্পষ্ট ক্রিয়া অন্ধিত কবিয়া লয়।

ভাষা-শিক্ষাব এছ বহস্তাট কি ক'ব্যা তাহাব মনোমধ্যে উদয় হইল প্রস্থকাব তাহানও আহুপূর্ব্ধিক বিবনণ দিয়াছেন। তিনি জন্মণ ভাষা আসত্ত কবিবাব চেষ্টা কবিতেছিলেন। প্রথমে তিনি মনে কবিলেন, জন্মণ ভাষাব ব্যাক্বণ আয়ত্ত কবিতে পাবিলেট তিনি জন্মন ভাষা শিখিতে পাবিবেন। এচ উদ্দেশে তিনি জম্মান ভাষার ব্যাক্দণ দশ দিনেব মধ্যে একক্প বেশ আযতু কবিবা লইলেন। কিন্তু স্থামবর্গের বিদ্যাল্যে উপস্থিত হুচয়া দেখিলেন, সেথানকান আচার্যাদিগেব ২ক্তৃতার মশ্ম কিছুত গ্ৰহণ কবিতে পাবিতেছেন না। যে ব্যভিচাৰী ক্ৰিয়া-পদ-শুলি এত কষ্টে তিনি কণ্ঠস্থ কবিষাছিলেন তাহাব একটিও তিনি বক্তৃ তার মধ্যে ধবিতে পাবিলেন না। গৃহ তিনি মনে কবিলেন, ভাষাব মূল-ধাতৃশুলি ভাল কবিয়া আলোচনা কবিয়া দেখা যাক্। এই অভিপ্রারে ক্রমান ভাষাব ধাতুগুলি তিনি বিলক্ষণক্রপে আয়ত্ত কবিলেন। মনে কবিলেন, এইবার ভাষা শিক্ষাব হদিশ পাইষাছি। একণে উৎসূত্র হুইয়া আবাব সেই বিদ্যাল্যে উপস্থিত হুইলেন, কিন্তু বক্তৃ হাস্থলে গিয়া দেখেন এখন ০ পূর্ববং — কিছুই বুঝিতে পাবিতেছেন না। অতঃপব, এই সমস্ত পদ্ধতি ছাড়িয়া দিয়া, তিনি নাপিতেব দোকানে যাতারাত আরম্ভ কবিলেন, সেখানকাব খন্দেরদিগেব কথাবার্তা গুনিষা হুই চারিটা

দস্তরমত ভদ্রতার ৰুলি শিথিলেন, কিন্তু কতকগুলি থাপছাড়া বুলি শিথিয়া বিশেষ কিছু ফললাভ হইল না। এক্ষণে তিনি অভিধানের সাহায়ে গেটে ও শিলরের রচনাবলী হইতে অমুবাদ করিতে প্রবৃত্ত इंटेलन। ইহাতেও বিশেষ কোন ফল इंटेल ना। वित्रक इंटेग्रा अञ्च-বাদ ছাডিয়া দিলেন। এবার "অলেওর্ফ" ধরিলেন। একমাসের মধ্যে অলেণ্ডফের সমস্ত পাঠগুলি শেষ করিলেন, শেষ করিয়াও দেখেন কথাবার্ত্তা চালাইতে পারিতেছেন না—সে বিষয়ে এখনও ঠিক পূর্ব্ববৎ। তিনি সমস্ত অভিধান কণ্ঠস্থ করিবার চেষ্টা করিলেন—ক্বতকার্য্যও হুই-লেন। তবুও ভাষার হদিশ পাইলেন না। পরে হতাশ হইয়া ফ্রান্সে প্রত্যাগমন করিলেন। গৃহে প্রবেশ করিবামাত্র তাঁহার একটি আড়াই বৎসরের ভ্রাতৃষ্পত্র তাঁহার সঙ্গে খুব কথা জুড়িয়া দিল। পাকা-পাকা কত কথাই বলিতে লাগিল। তিনি মনে করিলেন, এ বেমন অনর্গল ফরাসি ভাষায় কথা কহিতেছে, আমি যদি ইহার মত জর্মাণ ভাষায় কথা কহিতে পারি, তাহা হইলে কি স্পথেরই বিষয় হয়। এই শিশুটি কিরপ প্রণালী অবলম্বন করে, তলে তলে তাহা অমুধাবন করিয়া দেখিতে হইবে। এক দিন তাহার মাতা, তাহাকে যাঁতাকলের কারখানায় লইয়া যান—শিশুটি তাহার আগাগোড়া তন্ন তন্ন করিয়া দেখিতে লাগিল ও তদ্বিষয়ে নানা প্রশ্ন করিতে লাগিল এবং সমস্ত দেখিয়া শুনিয়া বিশ্বিত হইরা বাড়ি ফিরিয়া আসিল। আমি তাঁহার উপর ছোথ রাখি-লাম, মনে করিলাম, না জানি উহার মনে কিরূপ চিন্তা চলিতেছে, দেখা যাক, কি করিরা আপনার মনের ভাব কথায় প্রকাশ করে। এক ঘণ্টা পরে বাহা বাহা দেখিরাছিল তাহা সকলের নিকটে বর্ণনা করিবার অন্ত দে বিশেষ আগ্রহ প্রকশি করিতে লাগিল। তাহার গল্প বার-বার করিয়া नकनटक बनिटल नाशिन; मर्था मर्था कथा अकट्टे आंध्र विमन इश-ছুই একটা খুটিনাটি ভূলিয়া যায়—মনে করিবার জন্য আবার গোড়ার

কথায় ফিরিয়া আইসে। এই প্রকারে, একটা তথ্য হইতে তথ্যাস্করে, একটা বাক্য হইতে বাক্যাস্করে স্বাভাবিক ক্রমামুসারে উপনাত হইতে লাগিল। "তার পর" "তার পর" বলিয়া এক একবার থামিতেছে আর এই অবকাশে কথাগুলা মাথার মধ্যে গুছাইয়া লইতেছে; এবং গুছাইয়া লইরেছে। দেখা গেল, একটা পদের নিকট অনেকক্ষণ ধরিয়া থামিতেছিল—সেই পদটি ক্রিয়াপদ। গ্রন্থকারের হঠাৎ মনে হইল, এইবার ভাষা-শিক্ষার যথার্থ হদিশ পাইয়াছি। এই হদিশটি তিনি মনোমধ্যে বেশ করিয়া আয়ত্র করিয়া আবার জন্মনি দেশে গমন করিলেন; সেথানে গিয়া একটি ভত্ত পরিবারের গৃহে বাসা লইলেন এবং সেই পরিবারের ছেলেদিগকে তিনি করাসি শিথাইতে লাগিলেন। বাধা হইয়া তাহাদের সঙ্গে জন্মণ ভাষা তাহার কথা কহিতে হইত। এইরপে অল্লকাল মধ্যে তিনি জন্মণ ভাষা শিথিয়া কেলিলেন এবং এইদুর বাৎপত্তি লাভ করিলেন যে, একটা হরহ উৎকট দার্শনিক বিষর-সম্বন্ধে বক্তৃতা করিতেও সমর্থ হইলেন।

ভৌতিক বিজ্ঞানের তুরাকাজ্ফা।

মার্চ মাসের "বিজ্ঞান-উন্নতি" নামক পত্রে, ডব্লিন বিশ্ববিদ্যাল্যের অধ্যাপক ফিন্জেরাল্ড্ সাহেব, ভৌতিক বিজ্ঞান-সম্বন্ধ এইরূপ বলেন;—"ইথর ও জড়ের গঠন কিরূপ, এই মহাসমস্থা, আজকাল, ভৌতিক তত্ত্বাস্থুসন্ধান্ধীদিগের সম্মুখে উপস্থিত। এ বিষয়ে সন্দেহ নাই বে, উহারা গতি-গণিতের নির্মাস্থারে গঠিত। উত্তরোত্তর এই সত্যাট আরও নিশ্চিতরূপে প্রতিপন্ন হইতেছে যে, উহারা—ভার-বেগ, চেষ্টা-শক্তি ও ঘাত-প্রতিশাত প্রভৃতি নির্মের বশবর্ত্তী। উহাদের ক্ষুত্তম অংশও ঐ নির্মের অধীন। যদি তাহাই হয়, তবে উহাদের গঠন

কিরপ ? · · · · এই তমসার্ত অজ্ঞাত রাজ্যে প্রবেশ করিবার একটা পথ আমরা বাহির করিতে চাই — কড়ের গঠন ও উহার আভান্তরিক গতি আমরা অবগত হইতে চাই। এই জ্লু, আমরা ভৌতিক তথামু-সন্ধ্যারী ও রাসায়নিক পণ্ডিতের মুখ চাহিরা আছি। আমরা আশা করিতেছি, একদিন-না-একদিন এই সকল আভান্তরিক গতি ও গঠন সম্বন্ধে এতটা জ্ঞান লাভ করিব যে, মন্তিক্রৈর অভান্তরের গতিও গঠন পর্যান্ত আমরা অবগত হইতে পারিব; এবং চিন্তা, দয়া, প্রেম প্রভৃত্তি চিন্ত-র্ত্তির মূলে যে সকল গতি নিহিত আছে, তৎসম্বন্ধেও একটা আলেষ্ট বৈজ্ঞানিক সিদ্ধান্ত স্থাপন করিতে সমর্থ হইব। তথন, সৌরক্ষণতের গতির মূলে কিছা কোন মানব-জাতির ক্রমাভিবান্তির মূলে, কি কি চিন্তা নিহিত আছে তাহাও হয়-ত আমরা বলিয়া দিতে পারিব।"

যুদ্ধের অভিনব অস্ত্র।

এপ্রিল মাসের "আট্লাণ্টিক মছ্লি" পত্রে ব্রেট-সাহের পরামর্শচ্ছলে বলেন, স্বদেশের উপক্ল রক্ষার্থ, বন্দুক ও সঙ্গিনের পরিবর্ত্তে,
অস্তু অন্ত ব্যবহার করা কর্ত্তব্য। তিনি বলেন, বিছাৎ-পদার্থ ও পেট্রোলিয়ম-তৈল আত্মরক্ষণকার্যো ব্যবহার করা মন্দ নর। ৩০ মাইল
ব্যবধানে জমির উপর এতাধিক শক্তি-সম্পন্ন বিছাৎ-পদার্থ উৎপাদন করা
বার বে, স্পর্শমাত্র একটি সমস্ত অনীকিনী ধ্বংস হইয়া বাইতে পারে;
এবং দাহ্য-তৈল কোন স্থান" হইতে ২০ মাইল পর্যান্ত প্রবিহত করিয়া,
ইচ্ছামত তৎক্ষণাৎ তাহাতে অগ্রি সংযোগ করা বাইতে পারে। তিনি
আরও একটা পরামর্শ দেন, লোহ-বর্ম্মার্ড রেল-গাড়িতে কামান সক্ষিত্র
করিয়া এইয়প ৫০টি কামান-গাড়ি প্রস্তুত রাখিলে, ১০০ মাইল পর্যান্ত
বেল-পথ শক্তর ছরধিগমা হইবে।

ধর্ম সম্বন্ধে ফুেডরিক হারিসনের মত।

ধর্ম ও তত্ত্বজানের সহিত নৈতিক অনুশীলনের সম্বন্ধ কি, এই বিষয়ে, হারিসন সাহেন, "ইণ্টরক্তাসানাল জ্বনলৈ অফ্ এথিক্দ" পত্তে বিচার করিয়াছেন।

তিনি আরম্ভেট বলিয়াছেন;—"যাহাকে ধর্ম বলা বাইতে পারে, শ্রুইক্লপ তাবৎ বিশ্বাস-পদ্ধতির মধ্যেই একটা সাধারণ উপাদান বর্ত্তমান।

 (त्रंडे नारीद्रण উপामानिक कि १ व्यथम উপामान ;— धमन धकरि মহাশক্তির উপরে বিখাদ স্থাপন করা, যাহা প্রত্যেক ব্যক্তি অপেক্ষা মহত্তর-বাহা সমস্ত সমাজ অপেক্ষা মহত্তর-বে শক্তি. ওভ ও অওভ ফল বিতরণ করিতে সম্পূর্ণরূপে সমর্থ এবং প্রত্যেক ব্যক্তি ও সমাজের সহিত যাহার ঘনিষ্ঠ সম্বন্ধ ও মমতা বিদামান। দ্বিতীস উপাদান ;—এই শক্তির প্রতি ভক্তিভাব, তটস্থভাব, প্রেম ও ক্লতজ্ঞতা প্রকাশ এবং এই সমস্ত ভাব প্রকাশ করিবার জ্বতা কোন বিশেষ পদ্ধতির বাবস্থা। তৃতীয় উপাদান ;—এমন কতকগুলি কার্যোর অনুষ্ঠান করা—জীবনের এমন ক্তকগুলি নিয়ন পালন করা, যাহা সেট শক্তির অভিপ্রেত ও প্রিয় এরং ষাহা করিলে সেই শক্তির প্রসন্নতা ও অনুগ্রহ লাভ করা ষার।" স্থারিসন সাহের আরও বলেন;—"ধ্রু ও তত্ত্জানের সহিত সংগ্রহ্মন না করিলে, কোন প্রকার নৈতিক অমুশীলনই, চরিত্রের স্থিরতা সম্পাদন করিতে পারে না। ধর্ম — মর্থাৎ পরাশক্তির উপর কিখাস এবং তৎপ্রতি অন্তরের গভীর অমুরাগ। আর তত্ত্জান,—কি না, প্রকৃতির শৃত্ধলা ও নমুষ্যের ক্রেমাভিব্যক্তি-সম্বন্ধে কৃতকণ্ডলি সাধারণ মত। সমস্ত নৈতিক সমস্তা তুই প্রকারে পুনর্ঠিত হইতে পারে। এক-বুদ্ধ কিখা সেণ্ট্ ফ্রান্সিষ্ ধর্মত প্রচার করিয়া যে প্রকার উৎসাহানল প্রজ্জলিত করিয়াছিলেন, নেই প্রচণ্ড ধর্মোৎসাহের ছারা নীতি গঠিত করা; আর এক—বৈন্থ্যাস্-

প্রচারিত স্বার্থ-মতের উপর নীতিকে স্থাপন করা। নীতিতম ষতই বিশুদ্ধ ও উচ্চ হউক না, চিত্ত-আবেগের ঘূর্ণ বায়ুর সহিত কিখা স্বার্থ-পরতার গুঢ়-প্রবর্ত্তনার সহিত তুলনা করিলে, সকল নাতিতন্ত্রই হীনবল হইয়া পড়ে। ইহা নিশ্চিত, লোভ বেষের উত্তেজনায় মানব-চিত্ত ষেত্রপ উত্তপ্ত ও প্রজ্জনিত হইয়া উঠে, দয়াবৃদ্ধির প্ররোচনায় ততটা কখনই হয় না। ইতিহাস কেবল একটি শক্তির কথা আমাদের নিকট বাক্ত করে. বাহা এই দকল প্রবৃত্তির দহিত—স্বার্থ-প্ররোচনার সহিত সংগ্রাম্ করিয়া জ্বয়ী স্ট্রাছে। কোন-না-কোন আকারে ধর্মাই সেই শক্তি । ... স্বার্থানল অপেকা ধর্মানল যে প্রবলতর তাহা ইতিহাসে সপ্রমাণ হইরাছে। সমস্ত মানব-ইতিহাসে ইহা অপেকা প্রবল শক্তি আর দ্বিতীয় নাই। সভ্যতা যদি কেবল নৈতিক অনুশীলনের মধ্যেই বন্ধ পাকে, তাহাতে হত্যাকাণ্ডের দারুণতা কিয়ৎপরিমাণে হ্রাস হইতে পারে বটে, কিন্তু এ অবস্থায় যে সকল হত্যাকাণ্ড উপস্থিত হয়, তাহ। অপেক্ষাক্লত পূৰ্বচিন্তিত বলিয়া আরও ভয়ানক। হত্যাকাণ্ড যদিও বা কমে, জুরাচুরী প্রবঞ্চনা প্রভৃতি ভীষণ বিষ-বৃক্ষ-সমূহ জন্মাইবার পক্ষে এই প্রকার সভাতা-ভূমি যে বিশেষ উপযোগী তাহাতে সন্দেহ নাই।"

সার্বজনিক ব্যাঙ্ক।

এপ্রিল মাসের "ক্ষেণ্টেল্ম্যানন্ ম্যাগাজিন্" পত্রে প্রীমতী লিঞ্চ সাক্ষজনক ব্যাক্ষের উপকারিতা সম্বন্ধে অনেক কথা বলিয়াছেন। ইটালি ও জর্মানিদেশে এইরূপ অনেকগুলি ব্যাক্ষ আছে। এই ব্যাক্ষগুলি সহযোগিতার নিয়মে স্থাপিত, প্রতিযোগিতার নিয়মে স্থাপিত নহে। আমাদের দেশে স্থাদের বেরূপ উচ্চ হার, তাহাতে আমাদের পলিপ্রামেও এইরূপ ধার দিবার কৃঠি খুলিলে দরিদ্র ক্ষকেরা ও মধ্যবিৎ গৃহস্থেরা মহাক্ষনের কবল হইতে রক্ষা পাইতে পারে।

উল্ফ সাহেব বলেন "জন্মনিদেশে, সার্বজনিক মহাজনী কুঠির সাহাযো, প্রতিবংসরে প্রায় ১৫ কোটি পৌও সংগৃহীত হইরা থাকে; এই সমস্ত টাকা বাণিজ্যে থাটে—একটি শিলিংও পড়িয়া থাকে না। ইহার প্রত্যেক পেনিতে বাণিজ্যের উত্তেজনা হয়, ক্লায়র উন্নতি হয় ও স্বদেশী শ্রমজাত সামগ্রীর কাটতি হয়।"

শ্রীমতী লিঞ্চ বলেন, "মেণ্টন-প্রাদেশে, দশ বৎসর পূর্বের্ব, তত্ত্রতা ব্যাকসমূহ হইতে শতকরা বারটাকা হার স্থাদে কর্জা পাওয়া যাইড, কিন্তু এক্ষণো সার্বজনিক ব্যাক্ষ খ্লিবার পর হইতে, ৫ বৎসরের মধ্যে, স্থাদের হার শতকরা ছয়টাকায় নামিয়াছে।"

জম্মনি, ইটালি, স্থাইজন্ত ও জ্ঞান্সের সহযোগিতামূলক বাাজের অধিনেতারা বলেন, "সমস্ত শিল্প-বাবসায়ের মূলে বিশ্বাস নিহিত। অতএব, ব্যাজিং কাজও সহযোগিতার নিয়মে চালানো উচিত।"

শ্রীমতী লিঞ্চ বলেন, এইরূপ সার্বাজনিক ব্যাক্ক খুলিতে হললে প্রথমে স্বরপরিমাণে আরম্ভ করা উচিত। "সাধারণ ভাঙার স্থাপন কার্য্যে সপ্রমাণ হইরাছে যে, এক পোও অংশের পঞ্চাশট অংশী মিলিরা যে মূলখন স্থাপিত হয় তাহা পরিপ্রামে একটি ভাঙার খুলিবার পক্ষেরথেষ্ট। ফ্রান্সদেশে, ১১ সহস্র নিবাসী-বিশিষ্ট একটি নগর ও তাহার চতুপ্যার্শিক পরি-প্রদেশের জ্বন্ত একটি ব্যাঙ্ক খোলা হয়। এই ব্যাঙ্কটি আট শত পোও মূলখনে আরম্ভ করিয়া বিলক্ষণ সকলতা লাভ করে। কি ভাঙার-স্থাপন,কি কর্জ্জ-কুঠী স্থাপন—এই উত্তয় কার্যোই প্রত্যেক অংশীর অংশ-ক্রেয়-ক্ষমতার একটা সীমা থাকা উচিত। কেন না, এমন হইতে পারে, যাহার বেশি টাকা আছে, সে হয়-ত সমস্ত অংশ কিনিয়া ফেলিল —তাহা হইলে আর সহযোগিতার নিয়মে প্রান্তভাবে কাক্ক চলিতে পারে না। বাঙ্ককে এই মহাবিপদ হইতে রক্ষা করিবার আর একটি উপায়—সাবধানে অংশী নির্মাচন করা। আর একটি উৎক্ক উপায়—মাইনের

বারা শতকরা পাঁচ টাকা হার পর্যাস্ত ডিভিডেণ্টের সীমা। নির্দ্ধারিত করিয়া দেওরা। প্রারম্ভিক সমিতিতে যদি কোন গোল্যোগ না হয় তবে সমস্ত অংশগুলিরই গ্রাহক জুটিবার সম্ভাবনা; অংশগুলি উঠিয়া গেলে, সর্বজন-প্রিয় ও বিশ্বস্ত এইরূপ স্থানীয় লোক দেখিয়া কর্ত্ত-সভার সভাপতি নির্বা-চন করিতে হই বে। কর্ত্ত-মগুলী ও অধিকাংশের মতে নির্বাচিত হইবেক — তাহাতে যেন কোন দলাদলির ভাব না থাকে। কিছকাল পরে, এই কর্ত্ত মণ্ডলাই আপনাদের মধ্য হইতে একজন প্রধান কর্ম্মকর্ত্তা নির্বাচন করিবেন। ইনিই ব্যাক্ষের প্রধান ব্যক্তি—ইহাঁরই যোগ্যতার উপর ব্যাঙ্কের সফলতা অনেকটা নির্ভন্ন করে। সাধারণ সভার তৈমাসিক ও ষামাসিক অধিবেশনে ও কর্ত্ত-মণ্ডলীর সাপ্তাহিক সম্ভাষণ-সমিতিতে অনেক কাজ করিবার থাকে। প্রধান কমাক্তা এই সকল কাজের বিলিবন্দোবন্ত করিয়া দেন। তিনি কাজকর্ম সম্বন্ধে নানাপ্রকার প্রস্তাব উপস্থিত করিতে পারেন কিন্তু কর্ত্ত্বভার তাহা অনুমোদন করা চাই। বাাঙ্কের সমস্ত কাজকর্মো নজর রাখিবার জন্ম একটা তত্তাবধান-সমিতি থাকিতে পারে। ফ্রান্স ও ইটালিতে অংশের পরিমাণ-অনুসারে প্রত্যেক অংশীর অর্থদায়িত্বের সামা নির্দ্ধারিত হইয়া থাকে। কিন্তু জর্ম্মনিতে এইরূপ দায়িত্বের কোন সীমা নাই। যাঁহারা অসীম দায়িত্বের পক্ষপাতী, তাঁহারা বলেন, অসীম দায়িত্ব থাকা প্রযুক্তই, এ পর্যান্ত কোন সার্বজনিক বাাছ ए छेटन इंग्र नार्टे। अधिकाश्म मार्सक्रिनिक वार्षेक्रत श्रीक्रिनकात हिमाव প্রতিদিন মিটানো হয়; ব্যাক কিরূপ চলিতেছে, বে-কেই আসিয়া তৎক্ষণাৎ क्यांनिए भारत । এक विषया, मकन मार्कक्रिक वारक्षत्र धक মত: - কোন প্রকার দূর-করনা-ঘটিত ব্যবসায়ে অর্থ-নিয়োগ না করা। नवडा की वावनांशी यि विक इन, जरद त्यन क्षेत्रम कना क कित्रा का ब আরম্ভ না করেন – একটা ছোট-খাট বাড়িতে কার্য্যালয় স্থাপন করেন, এবং বে স্কল কর্মচারী নিযুক্ত হুইবে, তাহারা বেন লভ্যের অংশ পার।"

जूत्रीत कीवन ।

নিউ ইয়র্ক-নগরের ডুব্রি শুষ্টাভ-কবে, গভার জলে কিরূপে থাকা যায়, সেই বিষয় "ক্রিব্নরস্ ম্যাগাজিনে" বর্ণনা করিয়াছেন। তিনি বলেন, ১২০ ফিট্ জলের নীচে কোন মায়য় ডুবিয়া থাকিতে পারে না। একজন ডুব্রি ১৪৫ ফিট্ গভার জলে কাজ করিয়াছিল বটে—কিন্তু তাহার পরেই তাহার পক্ষাঘাত হয়। সেই অর্ধি সে কোন কাজ ফরিতে পারিত না। আর একটি কৌত্হলজনক ব্যাপারের এইরূপ উল্লেখ করেন য়ে, ডুব্রীরা য়খন জলের গভার দেশে অবস্থিতি করে, তখন বোমা-কলের ঘারা বিশুদ্ধ বায়ুরাশি ক্রমাগত তাহাদিগের নিকট প্রেরিত হয়। তাহারা বিশুদ্ধ বায়ুরাশি ক্রমাগত তাহাদিগের নিকট কোন ঘরের কিন্তা কোন প্রকাশ সভাগ্হের বন্ধ বায়ু আনে সক্ষ

ভবিষ্য-যুগের ইংরাজ-মহিলা।

কোন কোন ইংরাজ লেখক বলেন যে, ইংরাজ-তৃহিতারা আজকাল বিজোহী হইরা উঠিয়াছে। 'প্রীমতী শেল্ডন্ আামসূ এই কথার প্রতিবাদ করিয়া "কণ্টেম্পোরারি রিভিউ" পত্রে একটি প্রবন্ধ লিখিয়াছেন। উাহার মতে, ইহাকে বিজোহ বলা যায় না—ইহা ক্রমাভিব্যক্তির একটি স্বাভাষিক প্রকরণ। প্রীমতী বলেন:—স্ত্রীলোকের পক্ষে শুশ্রমার কাজ বে একটি উচ্চ-অঙ্গের জীবিকার্ভি, তাহা জনসমাজ এখন বিলক্ষণ, ব্রিন্মাছে। রোগীর পরিচারিকারা এক্ষণে সকল শ্রেণীর লোক হইতেই আসি-তেছে—প্রত্যেক দরিজ-কুটারে, প্রত্যেক ধনীর বৈঠকধানার উহাদিগকে

একণে দেখা বায়। এই পরিচারিকাদিগের বেরূপ স্থথের স্বাধীনতা, আঞ্চের নিকট হহাদের বেরূপ মূল্য ও গৌরব, জীবনের তমসাচ্ছর দিক্ সম্বন্ধে উহাদের বেরূপ অভিজ্ঞতা—এই সমস্ত মিলিয়া, উহা আজকাল মবের মেয়েদেরও উপব শিক্ষা ও উত্তেজনার প্রভাব প্রকটিত করি-তেছে। সমাজ বদি চাহে, সেকেলে ইংরাজ "সেডি"র ভায় এখনকার মেয়েরা অনভিজ্ঞ ও নির্লিপ্ত থাকুক্, তাহা হইলে হাসপাতাল, পল্লীর পার্দ্রি, সমাজ-সংস্কারক—ইহাদেরই সহিত সমাজ বন্দোবস্ত করুক।

আমাদেব স্কুমার-দেহ বলিকাদিগের নবীন কার্যোৎসাহকে দমাইরা রাখাপ্রযুক্ত উহারা অত্যন্ত অস্ত্রন্থ হইরা পড়িতেছে। বালকদিগের চারি-দিকে বদি এতগুলি ক্বলিম শাসনের গণ্ডি ০ আটক দেওরা হইত, ভাহা হইলে ভাহারাও বালিকাদিগেব ন্থার হিষ্টিবিয়া-প্রস্ত হইত, সন্দেহ নাই। তাহাদের পরিচ্ছদের প্রত্যেক খুঁটিনাটি, তাহাদেব প্রত্যেক কথা, তাহাদের প্রত্যেক বৌবন-স্থলভ শ্রীগোলর্যা, তাহাদেব প্রত্যেক কথান শিক্ষাকে বিলিকের বিবাহ কথাই হুলে তাহাদিগের ও আত্ম-দমন শিক্ষার কোন অবসর থাকিত না। এ সমস্ত ব্যাপার দাসন্থ যুগেরই উপযুক্ত। আমি এ কথা স্পেষ্টাক্ষরে বলিতেছি, বেখানে বিবাহের "বান্ধার" আছে, সেখানে প্রকৃত বিবাহ কথনই থাকিতে পাবে না।

এই একই বিষয়ে শ্রীমতী হাবিদ্, "ছামানিটেরিরন"-পত্তে একটি বিবন্ধ লিখিয়াছেন। তিনি বলেনঃ—মধ্যবিত্ত শ্রেণীব লোকদিগের বর্ত্তমান স্থরক্ষিত অবস্থার—নিষ্ঠ্রতা, প্রেমেব অভাব, কিম্বা সহাত্মভূতি ও স্থাধীনতার অভাব, এই সমস্ত কাববেই বে মান্ধে-ঝিয়ে ঝগ্ড়া বাধিতেছে ভাহা নহে; উহাদিগকে কারণ না বলিরা, বরং কার্যাফল বলা বাইতে পারে। শকোন কিছু করিবার নাই—দায়িছের কোন ভার মাই, এই ক্ষাই এই সমস্ত ঘটতেছে। উহার কারণ—ধর্মভাবের অভাব। যে

অদ্যা উদা্য-উৎসাহ কৈশোর-স্বাস্থ্যের সহচর ও তরুণ মনের স্কৃতি-विशायक, छेश वर्षि वार्शिका, भारताभकात श्रेष्ठ्रिक हिठकत कार्यात भारत निसाबिक रत्र ठारा रहेरल "निर्द्रुत माठा", "वाफ़िए अवनिवनाख", "আমার মর্য্যাদা বুঝিবার লোক নাই"—এই সকল কথা আর শুনিতে হয় না। এখন স্ত্রীলোকের, কাজ করিবারও কোন বাধা নাই—কেন না, স্ত্রীলোকের কার্য্যোপযোগিতা-সম্বন্ধে এক্ষণে পূর্ব্বাপেক্ষা উন্নত ও উদার মতের অভাদ্য হইয়াছে এবং এক্ষণে রাজ-পথ সকলও নিরাপদ।… যুবকুদিগকে বৈরূপ শিক্ষা দিয়া থাক, সেইরূপ তরুণীদিগকেও এইরূপ শিক্ষা দেও না কেন যে, আমরা প্রত্যেকেই একটি বৃহত্তর পরিবারের অঙ্গ —একটি সমগ্র জাতির উপাদান-অংশ। বেমন উহাদের আত্মরক্ষার জ্ঞ ধৃশ্ব-তত্ত্বের শিক্ষা দিতেছ—তেমনি উহাদিগকে জ্ঞানেরও শিক্ষা দেও; মারেরা যেন এ কথাটি বুঝেন যে, জনকজননার সহিত ছহিতার, পতির স্থিত পত্নীর যতই কেন সুথকর সঙ্গীভাব ও মনের মিল থাকুক্ না, মধ্যে মধ্যে এমন ব্যাপার উপস্থিত হইতে পারে যাহা আরও পবিত্তর— . অর্থাৎ যখন সংসার-মহাক্ষেত্রে কাঁজের ডাক পড়ে। যদি উহা কঠোর হাসপাতালের কাজ হয় তাহাতেই বা কি ?—এ ডাক্ স্বর্গীয় ডাক্—এ আহ্বানধানিকে আমোদপ্রমোদের কোলাহলে ঢাকিয়া কেলিলে পাপ **इम्र। এ क्वी**रन वास्त्रय क्वीरन, कांट्या क्वीरन। स्वीरनांटकत कर्खेरा প্রকৃতভাবে "বাহির হইয়া ফুলবতী হওয়া"—কেন না, উহাই আমাদের শাল্রের আদেশ। যদি বিবাহের মধ্র হাসি ভোমার ক্ষালৃটে থাকে, ক্তে তাহার ছোট বড় সমস্ত দায়িত্বের জন্ম পূর্ব্ব হইতেই প্রস্তুতী হও। ষদি তাহা অদৃষ্টে না থাকে, জীবনের অন্ত অনেক পথ খোলা রহি-স্নাছে—ভাহাতেও তোমার আত্মোন্নতি সাধনের স্ক্ষোগ হইবে। কোন खर्बा (७३, विवाहत्क की बतन इ इस नक्षा विनिन्न विकास বর্ণনা করা উচিত নহে। এবং উভয়পক্ষে ভালবাসার পূর্ণতা ना काकिएन,

এবং অপরিষ্কাত অন্ধাত ভাবী সম্ভানের প্রতি কর্দ্তবাবোধ না থাকিলে, অর্দ্ধন্তদয়ে পবিত্র বিবাহাশ্রমে প্রবেশ করা উচিত নহে।

পুর্ব্বোক্ত পত্রে মটিমর সাহেব স্ত্রীলোকের দৈছিক বিকাশ-সম্বন্ধ একটি প্রবন্ধ লিখিয়াছেন। তাহাতে তিনি বলেন—(১) পুরুষদিগের ন্থার স্ত্রীলোকেরাও একই প্রকার স্বাস্থ্য ও প্রতিরোধশক্তি লাভ করিতে শারীরবিধানামুদারে দমর্থ। (২) এখন যে প্রাকার জীবন-দংগ্রাম উপস্থিত, তাহার উপযুক্ত বল সংগ্রহ করিবার জ্বন্ত জীলোকেন বত প্রকার শক্তি আছে তৎসমস্ত পরিকর্ষণ করা উচিত। (৩) এইরূপে প্রস্তুত না হইলে, ভবিষাযুগের স্ত্রীলোকেরা সামাজিক সাম্য লাভ করিতে ममर्थ इटेरव ना । शुक्रवरावद्र अथन (यक्तभ राहद महन-मक्टि, जाहा-তেই তাহারা অধিকাংশ পেশা ও বাবসায় অধিকার করিয়া আছে —ল্লী-লোকদিগের অপেকা পুরুষদের এই জ্বন্ত বেশি স্থবিধা। (৪) স্ত্রীলোকের "দৈহিক বিকাশ থামিয়া যাওয়া"-সম্বন্ধে লোকের যে একটা ধারণা আছে, আদলে তাহা সত্য নহে। স্ত্রীলোকের "ভম্ভিত বিকাশ"— সামাজিক আচার ব্যবহারের ফল, উহা প্রাক্তিক নিয়মের ফল নছে। এইরপে স্ত্রী পুরুষ উভয়েই ক্লতকার্যাতার সমান সম্ভাবনা লইরা জীবন আরম্ভ করে; কেবল-চারিদিককার অবস্থাভেদে, স্ত্রীলোকের ক্রতিবের সম্ভাবনা অনেকটা কমিয়া গিয়াছে।"

দারিন্ত্য ও অপরাধ।

বিভিন্ন দেশের আর্থিক অবস্থা ও অপরাধের সংখ্যা তুলনা করির। দেখিলে, দারিদ্রোর সহিত অপরাধের কি বোগ তাহা জানা বাইতে পারে। এইরূপ অনুসন্ধান করিয়া যদি জানা বার বে, বৈখানে দারিদ্রোর কট্ট সেইঞ্লালেই অপরাধের বাহল্য, তাহা হইলেই প্রমাণ হয় বে, দারিদ্র্য ও জ্লার্মীধের মধ্যে কার্যকারণ-সম্বন্ধ বিদ্যমান।

য়ুরোপের চৌর্য্য-অপরাধের তালিকা নিমে দেওরা বাইতেছে।				
वेहानि,	7420-48	প্রতি লক্ষ নিবাসীর হার-অন্সারে	চৌৰ্য্য	
		অপরাধের বাৎসরিক বিচার	२२३	
ফ্রান্স্,	>4940	ক্র	252	
বেলজিয়ম,	>>9%—b0	. .	280	
জশানি,) - - - -	A	२७३	
हेश्ल्ख,	\$660-68	ক্র	२२४	
क्रेंगख,	2PPO	A	२৮৯	
আয়ুরলও,	2440-48	ক্র	202	
হঙ্গারি,	>64	উ	45	
স্পেন্,	>₽₽₽ ⊘─₽8	5	98	

এক্ষণে দেখা যাউক, এই তালিকা হুইতে কি প্রমাণ হয়। ইহা
জানা কথা যে যুরোপের মধ্যে ইংলণ্ড ও ফ্রান্সদেশ সর্বাপেকা ধনী।
ইংলণ্ডের ধন-সঞ্চন ইটালি অপেকা প্রায় ছয় গুণ অধিক; তথাপি,
ইটালি অপেকা ইংলণ্ডে চৌর্যা-অপরাধের সংখ্যা অধিক। আয়রলণ্ড
অপেকা ফ্রান্সের ধন-ঐশ্বর্য অসংখাগুণে অধিক ইইলেণ্ড, আয়রলণ্ড
অপেকা ফ্রান্সে চৌর্যা-অপরাধের সংখ্যা অধিক। স্পেন্ যুরোপের
মধ্যে অত্যন্ত দরিক্রা, একং স্কট্নণ্ড একটি বেশ ধনশালী দেশ—কিন্তু
উহাদের অপরাধ-তালিকা তুলনা করিবা দেখিলে দেখা যার বে, স্পেন
অপেকা স্কটলণ্ডে চৌর্যা-অপরাধের সংখ্যা প্রায় চারি গুণ অধিক।

ইংলণ্ডের সহিত আয়রলণ্ডের অপরাধ-তালিকা তুলনা করিলে আরও আশ্চর্যা হইতে হয়। কারণ, প্রায় একট নিয়মামুদারে ঐ উভন্ন দেশের অপরাধ-তালিকা প্রস্তুত হয়, উভন্ন দেশের রাজ-নিয়ম সাধারণতঃ প্রায় একই, উভন্ন দেশেই আইন বলবৎরূপে কার্য্যে পরিণত, উভন্ন দেশের বিচার-কার্য্য প্রায় একরূপেই নির্কাহ হয়। সুভ্রাং এই উভয় দেশের অপরাধ-তালিকা বেরূপ তুলনার যোগ্য এরূপ আর কোন দেশের নহে। এক্ষণে উলিখিত তালিকাটি মিলাইয়া দেখ, দেখিবে, আয়রলগু যদিও এত গরিব তবু তথাকার চৌর্যা-অপরাধের সংখ্যা ইংলগু অপেক্ষা অর্দ্ধেকেরও কম। আবার ইংলগুর সহিত ভারতবর্ষর অপরাধ-তালিকা তুলনা করিয়া দেখা যায় যে, ভারতবর্ষ অপেক্ষা ইংলগুর অপরাধ-সংখ্যা পাঁচ ছয় গুণ অধিক। দারিদ্রা হইতেই অপরাধের উৎপত্তি একথা যদি মানা যায়, তাহা হইলে ভারত-বর্ষ অপরাধ-বিষয়ে অগ্রগণা হইবার কথা; যেহেতু ভারতবর্ষের স্থায় দরিদ্র দেশ অতি অল্পই আছে। কিন্তু আসলে কি দেখা যায় ?—ভারতবর্ষায়দিগের ত্যায় আইন-ভীক জাতি আর একটি আছে কি না সন্দেহ। যদি বল, ইংলগু ও ভারতবর্ষের মধ্যে তুলনাই হইতে পারে না, কারণ তাহাদের মধ্যে আচার বাবহার ধর্মে আকাশ পাতাল প্রভেদ—আমাদের বক্তব্য তো তাহাই—অর্গাৎ, শুধু দারিজ্যের উপর অপরাধের নুনাধিকা নির্ভর করে না।

ইহার আর একটি বলবৎ প্রমাণ দেওয়া যাইতে পারে। ইংলপ্তের কয়েদী-তালিকা তুলনা করিয়া দেখিলে এইয়প প্রতিপন্ন হয় য়ে, শীত-কালে, যখন গরিবদের কস্টের আর সীমা থাকে না, সেই সময়েই অপরাপ্রমণ্ড শরৎকালে যখন কাজকর্মের খুব স্থবিয়া সেই সময়েই অপরাধের আধিকা; অতএব দেখা নাইতেছে, দেশের ভৌতিক সম্পদে অপরাধ-প্রবণতা তিরোহিত হয় না; ভৌতিক উয়তি হইতে য়েমন কতকগুলি স্কল, তেমনি কতকগুলি কুফলও উৎপন্ন হয়। ভৌতিক উয়তি হইতে অনেক সময়ে নৈতিক অবনতি উৎপন্ন হয়। ভৌতিক উয়তি হইতে অনেক সময়ে নৈতিক অবনতি উৎপন্ন হয়। লাম্পট্য, পান-দোষ, আলস্তা, বিলাসিতা ইহার অপরিহার্য্য সহচর। নৈতিক উয়তি না হইলে শুধু ভৌতিক উয়তিতে কোনও জাতির প্রকৃত মক্ষণ নাই। মসয়েরা ভে লাভ লে বলেন, শময়েরার শরীর মন হাদয়ের

সমগ্র উন্নতিতেই মন্থবাজের পূর্ণতা। পারিবারিক স্নেহ-মমতা, মানব-প্রেম, এবং স্টি-সৌন্দর্যা ও রচনা-সৌন্দর্যা সন্ডোগে অনুরাগ —ইহাতেই ফারের উন্নতি প্রকাশ পায়। এই মহান আদর্শের দিকে মানব যে পরিমাণে অগ্রসর হইবে সেই পরিমাণে ত্রুর্ম ও অপরাধ মানব-সমান্ত্রইতে তিহাহিত হইবে। ভৌতিক ধন-ঐশ্বর্যা যদি এই উদ্দেশ্য সাধনে নিয়োজিত হয়, তবেই তাহা হইতে শুভ ফল উৎপন্ন হয়। নচেৎ অপই, অনর্থের মূল হইরা উঠে।

জীবিত পশুর দেহচ্ছেদ।

কিমৎকাল হইল, একজন সাগস্তুক, আচার্য্য হস লির পরীক্ষাগারে উপস্থিত হইয়া জীবিত পশুর দেহছেদ-সম্বন্ধে বিবিধ প্রাম্ন জিজ্ঞাসাকরেন। জীবিত অবস্থায় দেহছেদ করিলে পশুকে যন্ত্রণা দেওয়া হয় কি না, ইহাই তাঁহার প্রাম্ন করিবার মুখা উদ্দেশ্য। আচার্য্য হস লির সহিত আগস্তুকের যে কথোপকখন হয় তাহার মর্ম্ম নিম্নে প্রকাশ করা যাইতেছে। দেহছেদ-প্রকরণে পশুদিগের যন্ত্রণা হয় কি না তাহা পাঠক বিচার করিবেন।

আগস্তুক।—প্রথমতঃ আপনি কি অস্বীকার করেন যে, জীবিত পঞ্জর দেহচেদে আবশ্রুক হুইলেও উহা নিষ্কুর কার্য্য ?

হর্সলি।—অবশু। নিশুরোজনে কট দেওরাই নিষ্ঠুরতা। বিরোধী পক্ষীয়েরা এ কথা বলিভে পারেন, কোন্টা ,প্রয়েজন, কোন্টা নিশুন রোজন তাহাই অগ্রেছির করা আবশুক। কিন্তু আরও অস্থান্থ উদ্দেশ্রনাধনের জন্ম মনুষ্য ও পশুকে কট দেওরা যে আবশুক হয়, তাহা জনসাধারণে স্বীকার করিয়া থাকে। তাহার এক দৃষ্টান্ত, আমাদের আহাবের যোগান্। ইহা ছঃখের বিষয় বটে, কিন্তু যে জ্ঞানার্জনের জন্ম কট স্বীকার করা নিতান্তই আবশুক—সেই অজ্ঞিত জ্ঞান কি মনুষ্য, কি পশু

উভয়েরই উপকারে আইনে, স্থতরাং দেই কটের কিয়দংশ পশুরও ভোগ করা যুক্তিদঙ্গত। এই কারণে, জীবিতাবস্থায় পশুদের দেহচ্ছেদ করায় আমি নিষ্ঠুরতাচরণ মনে করি না। যদিও কথন কথন তাহাদিগকে কিছু কট দিতে হয়, কিন্তু অধিকাংশ পরীক্ষান্থলে তাহাদের কোন কটই হয় না—কারণ, ক্লোরোফর্ম-জনিত অচেতনাবস্থা হইতে জাগ্রত হইবার পূর্কেই তাহাদিগকে বধ করা হয়।

আগন্তক।—একবার একটা খর্গদের উপর পরীক্ষা করিবার সময় কেটন-তৈলপূর্ণ কতকগুলি কৃত্র কৃত্র কাচের গোলক তাহার পূর্ষ্টের মাংসপেশীর মধ্যে গভীররূপে প্রবিষ্ট করিয়া দেওয়া ইইয়াছিল, যখন দা শুকাইয়া গেল তখন চাপ পাইয়া কাচের গোলকগুলি ভিতরে ভাঙ্গিয়া গেল। এই পরীক্ষা অনেক দিন ধরিয়া চলিয়াছিল। এবং এই দীর্ঘ-কাল ক্রেটন-তৈল দেহ মধ্যে সঞ্চারিত হওয়ায়, গভীর বিক্ষোটক-সকল উৎপন্ন হয়। ইহাতে নিশ্চয়ই সেই পশুর উৎকট যন্ত্রণা উপস্থিত হইয়া থাকিবে।

হর্সলি।—কেটন-তৈলের কলে ফোন্ধা হইতে পারে, কিন্তু সে অধিক্ষণ স্থায়ী হয় না;—হা'ও আবার মর্ফিয়া-প্রায়োগে প্রশমিত হয়। ইহাও বেন মনে থাকে, নাংসপেশীতে চেতনশক্তি অতি অল্পই আছে। তা' ছাড়া, এইরূপে যে বিক্ষোটক উৎপন্ন হয় তাহাতে কিছুমাত্র ষত্রণা হয় না। এক্লপ বিক্ষোটককে ডাক্তারি ভাষার "ঠাগু।" বিক্ষোটক বলে, ইহাতে আদ্বে দ্ব্দ্বানি নাই—স্কুত্রাং ইহাতে কোন কষ্ট হয় না।

আগস্কক।—আছে। মহাশয়, "কুরারে" প্রয়োগের কথা কি বলেন । ইহা কি সভ্য নহে ষে, আপনারা ঐ দ্রব্য প্রয়োগ করিয়া পশুদিগকে একেবারে অক্ষম করিয়া ফেলেন, অথচ ভাহাদের চেভনা পূর্ণমাত্রায় থাকে ?

हर्मि ।- এ कथा निजास वर्धने । "कूतारत" এक श्रकात विस-

দক্ষিণ আমেরিকার লোকেরা তারের ফলায় ব্যবহার করে। কিছুকাল হইল, এই দ্রবাটি শারীরতত্ব-ঘটিত পরীক্ষার ব্যবহৃত হইতে আরম্ভ হই-রাছে—ভ্রম-নিরাকরণের জন্ত ইহা অতাব প্রয়োজনীয়। পরীক্ষার দেখা গিরাছে, এই দ্রবাটির প্রয়োগে চর্ম্মন্থিত ঐন্তিয়িক স্নায়ুও পৈশিক-স্নায়ুর শেষাংশ অসাড় হইয়া পড়ে—স্কুতরাং ইহা দ্বারা পশুদিগের অস-প্রত্যক্ষকে কেবল যে অসাড় করিয়া ফেলা হয় তাহা নহে—তাহাদের কেতনাও বিলুপ্থ হয়।

ুআগন্ধক।—কিন্তু বখন তাহাদের চেতন। আবার ফিরিয়া আগে . তখন অবশু তাহাদের অত্যন্ত বন্ত্রণা হয় ।

হর্সলি।— তাহাদের চেতনা আর ফিরিয়া আসে না। এই সকল পরীক্ষায়, অচেতন অবস্থায় থাকিতে থাকিতেই তাহাদিগকে বধ করা হয়।

আগন্তক :—কিন্তু যে উলে, তাহাদিগকে আবার সচেতন করিয়া তোলা হয়, সে স্থলে কিন্তুপ হয় ? বেসন মনে করুন, বখন তাহাদের মন্তিক্ষের আর্দ্ধ-মপ্তল অপসারিত করা হয়, তখন কিয়থ সপ্তাহ ধরিয়া তাহাদের ভীষণ যন্ত্রণা উপস্থিত হয় কি না ?—ম্যান্চেষ্টারের বিশপ এই কথা বলেন।

হর্সাল ।—না, তা' হয় না। আমি তাহা এখনত দেখাইয়া দিব।

এরপ পরীক্ষা-স্থলে মন্থারে প্রতি বেরপ বাবহার করা হয়, পশুদেরও

প্রতি সেইরূপ বাবহার করা হইয়া থাকে। অর্গাৎ, প্রথমে তাহাদিগকে
কোরোফর্ম প্রভৃতির দ্বারা অচেতন করিয়া, তাহার পর তাহাদিগকে

একটা টেবিলের উপর শোয়ান হয়—গরম জ্বলের বোতল তাহাদের

চারিপার্শে রাখা হয়, তাহাতে শস্ত্রক্রিয়া-জনিত অবসাদ অনেক পরিমাণে
লাঘ্ব হইয়া থাকে। পচন-নিবারণের বিবিধ উপায় পূর্ব্ব হইতে
অবলম্বন করিয়া, অতি সাবধানে এই সকল শস্ত্র-ক্রিয়া সম্পন্ন হয়।

আগস্তুক। কিন্তু যথন ঐ পশুসকল পুনন্দার চেতনালাভ করে, তথন তাতাদেব মন্তিক্ষ-থণ্ড অপসারিত হওযার, নিশ্চয়ত তাহাদের উৎকট সন্মণা উপস্থিত তয় ?

হর্সাল। তোমাদের সহজে এইকপ মনে হইতে পারে বটে, কিন্তু বাস্তবিক সমস্ত শবারেব মধ্যে মিস্তক্ষই সর্বাপেক্ষা চেতনা-হীন পদার্গ। মন্তব্যের উপর ইহা পবীক্ষা কবিষা দেখা হইষাছে—মিস্তক্ষের কিষদংশ বাহির করিষা লগুলা যাইতে পাবে, অথচ গোগা বুঝিতে পারিবে না বে, গ্রহাকে কোন প্রকানে স্পর্শ করা হইষাছে। মনুষা-রোগীর সম্করে আমবা বেরূপ কবিষা থাকি, পশুদিগেব হু যদি ক্ষিছুমাত্র কষ্টের লক্ষণ দেখি, অমনি আমবা ভাহাদিগেব স্থাকেব মধ্যে মিদিয়া প্রবিষ্ট কবিষা দিই। মনুষোর ভাগে ভাহাদিগেব ক্ষান্তব্যান প্রকার ছাবা এক সপ্তাহেব মধ্যেই সাবিষা উঠে। ক্ষান্তব্যান পুঁকে সঞ্চিত হইবার পুর্বেই হাহা জুড়িয়া বাস —চবিষশ ঘণ্টাকাল অল্পন্ধ বেদনা থাকে মাত্র।

আগন্তক। প্রীক্ষায় সফলতা লাভু ক্বিবাব জ্ঞাজীবনের স্থাভা-বিক অবস্থারকা করা কি নি হাস্ত আবিশ্রক ?

হৃদ্ধি। গাখাতে সন্দেখ নাই। যদি আমরা দেখি, কোন প্রকার প্রতিকৃল উপদর্গ উপস্থিত, ধ্রুয়াছে -অমনি আমরা পরীক্ষার ক্ষান্ত হুরুরা, পরীক্ষাবীন পশুকে ক্লোরোফগ্ম-প্রযোগে, বধ করি। ইহাব প্রমাণ-স্বরূপ এক্ষণে ভোমাকে এমন কতকগুলি পশু প্রদর্শন করিব, যাহাদের মন্তিক্ষার্দ্ধ বাহির করিয়া লওয়া হুরুষাছে।

আগস্তক। কিন্তু দে বাই ইউক, এই সকল পরীক্ষার উদ্দেশু কি ?
.—উহাব ইচিতা কি প্রকাবে আপনারা সমর্থন করেন ?

হস্থি। এ সঙ্গত প্রশ্ন বটে, এই বিষণ আন্দোলন করিবার পুর্বে বিশপ পাদ্রিরা এ কথা জিজ্ঞাসা করিলে ভাল করিতেন। এই সকল পরীক্ষার যাহা উদ্দেশ্য, ভাহা জীবিত পশুর দেহজেদ ভিন্ন আয়ে কোন প্রকাবে দেদ হচতে পাবে না। উদ্দেশ্য আব কিছুত নব—শুধু পবীকা কবিষা দেখা মিডিকেব কোন্ সংশে অপস্থাব-বোণেব আক্রমণ প্রথম আবস্ত হয়।

পশুদিগেব উপব এইকাপ পবীক্ষা কাৰ্যা বিশক্ষণ কল্লাভ কৰা গিয়াছে —ইহাতে কি মনুষা, কি পশু উভ্যেবই অশেষ উপকাৰ। বানবদিগেব উপৰ পৰীক্ষা কৰ্মণ স্থানবা একণে জানিতে পারিষাছি, ১ অপস্থাব-বোণেব বীজ কোধায—মাস্তক্ষেব ঠিক্ কোন্ স্থলে গাহাব মূল, আমবা অক্সাী নিদশনপুদ্ধৰ এক্ষণে দেখাইয়া দিতে পাবি।

টেনিসনের ধর্মাবিষ্যক মত।

১৮৬৫ খুটাকে স্মাডিংটন সাহমণ্ড্ সেব সহিত টোনসনেব নানাবিষয়ে কথাবাত্ত হয়। এই কথাবাত্তান্ত ল বিলা-ত "সেঞ্বি" পত্তে
সম্প্রতি প্রকাশিত ইয়াছে। তিনি না কওকটা আছৈতবাদী ছিলেন
ভাহা উটোব কথাবাত্তায় প্রকাশ গায়। তিনি সাহমণ্ড সেব নিকট এই
মধ্মে বলিয়াছিলেন, "আমি জানিনা, জগংকে বুহুৎ বলিয়া ভাবিব, কি
কুত্র বলিয়া ভাবিব কথনত ইহাকে কুত্র, কথনও বা ইহাকে বুহুৎ
বাল্যা সামান মনে হয়। জগংতব বুহুর কিনে । একটি স্বর্যা বা কতকভালি স্বর্যা থাকায়, না সমস্ত মিলিয়া।" জনত কত প্রকাশ্ত ভাহাব
ব্যাখ্যা কবিতোগ্য' জান-পাউল-বিখ্টবের ভায় যেন বিভনি আকাশ
ভেদ কবিয়া ক্রমাণত উদ্ধি যাত্রা কবিতেছেন এইরূপ করনা কবিলেন,
একটা ছায়াপথ ছাড়াইয়া আন একটা ছায়াপথ, এইরূপ অনস্ত আকাশে
অনস্ত নক্ষত্রপুঞ্জ প্রসাবিত। তাহার পব জড়েব কথা। জড়েব অজ্যেতা
ভাবিয়া ভাহাব মাথা ঘুবিয়া গিয়াছিল। "একটা ইট যে কি বস্তু
ভাহার কোনও ধাননা আমান মাথায় আনে না। আমি জানি না, সে

क्विनिम्টা কি। পরমাণু, বিস্তৃতি, বর্ণ, ভার এসব কথা বলায় কোন ফল নাই। ইটের মধ্যে আমার বৃদ্ধি কিছুতেই প্রবিষ্ঠ হয় না। কিন্ত তাহা অপেক্ষা ঈশ্বর-সম্বন্ধে, প্রেম-সম্বন্ধে এবং এইপ্রকার অন্তান্ত হৃদয়ের ভাব-সম্বন্ধে আমার স্পষ্টতর ধারণা আছে। আমার ক্ষুদ্র শক্তি-অনুসারে আমি ঈশ্বরের সহিত হৃদয়ের যোগ স্থাপন করিতে পারি। আমার মনে হয়, কোন না কোন প্রকারে—কি করিয়া তাহা জানি না—আত্মা ও পরমাত্মা সমান-একই। তাহাতেই প্রার্থনার এত মূলা। প্রার্থনা, কি ? না, বৃহৎ সমুদ্র ও আমাদের ছোট ছোট থাল –এই উভয়ের মুধ্য বে কল্-কপাট আছে তাহা খুলিয়া দেওয়া।" তাহার পর অনস্তকাল ও স্ষ্টির কথা। "হক্সি বলেন, আমরা সম্ভবতঃ বানর হঠতে উৎপন্ন হইয়াছি। তাহাতে আমার কিছু আনে যায় না। যদি ইহাই ঈশরের স্ষ্টেপ্রণালী হয় ত হউক. কিন্তু তিনি সমস্ত অতীত বর্ত্তমান ও ভবিষাৎ ্রতক করিয়া দেখিতেছেন।" তাহার পর ধর্মনীতির কথা। "ইহা আমি না ভাবিয়া থাকিতে পারি না, নৈতিক উৎকর্ষট মানবের মাথার মুকুট। কিন্তু অমরত্ব না থাকিলে উহাতে কি ফল ৪ কাল মরিতে হইবে, আজ थोंडेश-लांडेश लंडे। यिन कानि. इस चण्डात मत्या कर् विनाम পांडेत्र. তাহা হইলে কি আমি এক্জন অনাহারী ভিক্ষককে অর্থদান করি ?— না; আমি অমর এই বিখাদ না থাকিলে আমি করি'না। কখনও কখনও আমি ভাবিয়াছি, পাপীরা আপনার অমরত্বকে বিনষ্ট করে। অনস্ত শাস্তির কথা রিখাসযোগ্য নুহে। খুষ্ট যে যুগে জ্বিরাছিলেন সেট যুগের ভাবের উপযোগী করিয়া এই সকল কথা তিনি বলিয়াছিলেন।" ধর্ম-নীতি সম্বন্ধে আরও এই কথা বলিলেন; "কতকগুলি যুবক আছেন, তাঁহারা ধর্মনীতিকে একেবারে ছাটিয়া দিতে চাহেন। 'তাঁহারা বলেন, আমরা নীতিপরারণ হইব না। আমার বোধ হয়, কঁৎ ও গ্রোট্-এর মত এই যে. অমরত্বের সহিত ধর্মনীতির কোনও যোগ নাই।" তাহার পর,

ব্দড়ের বাধাবিত্ম হইতে নৈতিক বাধাবিত্মের কথা আসিল। "পৃথিবীতে মশার সৃষ্টি কেন ? আমার বোধ হয় ঈশ্বরের সৃষ্টি হইয়া গেলে শ্রভানের কাল আরম্ভ হইল, এখন সেই শ্রভান সারও কিছু যোগ করিয়া দিল।"

ইংরাজের উপর সূর্য্যতাপের প্রভাব।

সম্প্রতি "নাইণ্টান্থ্ সেঞ্রি" নামক বিলাতী পত্তে একটি প্রবন্ধ প্রকাশিত হইয়াছে, তাহার সার মধ্য এই যে, গ্রীম্মপ্রধান দেশে, ইংরাজ-বংশধর্দিগের ইংরাজচরিত্র-গত বিশেষ লক্ষণসকল লোপ পাইবে। ইংরাজ, ইংলও-স্থলভ কুজ্ঝটিকার ফল; তাহাকে নীল আকাশের নীচে রাখিয়া দাও, দেখিবে, রৌজের তাপে তাহার সমস্ত ইংরাজিত ঘুচিয়া বাইবে। এই কথা প্রমাণ করিবার জ্বন্স লেখক কতকগুলি তথ্য স্থামাদের সম্বাধে আনিয়াছেন। তিনি বলেন, যদিও নব-জীলভের বুভারেখান ইংল্ড অপেকা ইটালিদেশের সমতুলা, তথাপি ইংল্ডের অধিকৃত যত দেশ আছে তন্মধ্যে নব-জীলও 'অনেকটা ইংল্ডের সদৃশ। यদিও থুব সম্প্রতি এই দেশে ইংরাজের বস্তি হইয়াছে এবং পুরাতন দেশ হইতে ক্রমাগত নৃতন নৃতন ঔপনিবেশিক আসিয়া ইহার লোকসংখ্যা পোষণ করিতেছে, তথাপি ইহারই মধ্যে, ইংরাজ অধিবাসীদিণের মধ্যে পরিবর্ত্তন আরম্ভ হইরাছে, ইংরাজ্বচরিত্রের বিশেষ লক্ষণসকল লোপ পাইতেছে। नवकीलखवामी देश्ताक यूवत्कता आकारत नीर्घ ७ পाएला, जाशांनिरगत ইংরাজী উচ্চারণ অভান্ত জবস্তা। নবজীলত্তের সূর্য্য নবজীলগুবাসীর চরিত্রে ঈষৎ পরিবর্ত্তন আনিয়াছে। সেখানকার অধিবাসীরা বাঁচি-ৰার স্থখ অমুভক করে ও সম্পূর্ণরূপে সম্ভোগ করে—তাহারা জীবনের হুথে হুখা। নীল আকাশতলে "তাহাদের জীবন পূর্ব্বাপেকা অধিক-তর সমুজজন ও সুধ্মর। এখন আর তাহারা ছট্ফটে, অরুকার-মুখ ও

উদিগ্রচিত্ত নহে, পরস্ত দক্ষিণ-যুরোপের লোকদিগের ভার প্রফুর্ল ও লঘু-হ্রদয়।" তা'ছাড়া ইংলণ্ডের স্থায় সেখানে ততটা উৎকট শীত নাই বলিয়া, তাহারা সহিষ্ণুতা, দুরদর্শিতা, শ্রমণীলতা এবং একপ্রকার রচ অথচ কেজো ধরণের পাশবতা শিক্ষা করিবার অবসর পায় না। স্কুতরাং "টহারট মধ্যে নবজালগুবাদীর প্রবল লক্ষণ এট দেখা যায় যে. উহারা আমোদ-প্রিয় ও লঘু-ছাদয়; উহারা চির-প্রফুলছাদয়ে এইরূপ বিশ্বাস करत (य, এकिनन-न:-এकिनन शैष्ठि छेशामत शानरयां आंश्रनावांशिन, ঠিকঠাক হইয়া যাইবে—আপাততঃ বিশেষ কিছুই ভাবিবার নাই। ইংলণ্ডের উৎকট শীতে,—অমিতবায়িতা, হঠকারিতা ও কাজকর্মে উপেক্ষার কি অবশ্রস্তাবী ফল তাহা ইংলণ্ডের লোকেরা বিলক্ষণ বুঝে, কিন্তু নবজীলগুবাদীদিগের তাহা কিছুই মনে হয় না। সেই জ্বন্ত, উহার দরুণ তাহাদের যে শান্তিভোগ হয় তাহা অপেক্ষাকুত লয়। তাহারা দকল অবস্থাতেই প্রভুলচিত, উচ্চ্পিত-স্কুদয়, সুখামুরাগী ও स्थकोतनवामी।" नवकोल् छाष्ट्रिया त्लथक व्यावात व्यद्धेलियात मृष्टोख আনিরাছেন। দক্ষিণ অষ্ট্রেলিরার শিশুর মৃত্যুসংখ্যা অত্যন্ত অধিক; প্রজাবৃদ্ধির পক্ষেও বাধাবিত্ব দেখা যায়। ভিক্টোরিয়াতে বিবাহিতা স্ত্রীলোকেরা মাতৃত্ব-দায় ঘাড়ে লইতে সহসা চাহে না। সেখানে উত্তাপ এত বেশী যে, কাজকর্ম অধিক করা যায় না; এবং সিড্নির লোক-দিগের আফুতি অতি শিথিল, দেখিতে অনেকটা বর্ণাডোজের অব-নতিপ্রস্ত গৌরাঙ্গদিগের মত ৷ লেখক ফর্টেশ্কিউ সাহেব মনে করেন, শেখানকার গৌরা**লে**রা, বর্ণেতর **জা**তীয়দিগের সাহায্য ব্যতীত আপনারা স্বয়ং অষ্ট্রেলিয়ার ভূমিকর্ষণে আর নিযুক্ত হইবে না। তাহারা অক্সত্র হইতে কুলির আম্দানি করিয়া, বর্ণেতর জাতীয়দিগকে খাটাইয়া, আপনারা বেশ আরাম স্থুও উপভোগ করিবে। "এই প্রকারে গৌরাক্সাতি অতিলালিত ও কোমল-প্রকৃতি হটয়া গিয়া শারীরিক

অবনতি প্রাপ্ত হইবে, ইহাতে আর সন্দেহ নাই। কেন না, ক্রমশই তাহারা অলস হইয়া পড়িবে এবং শারীরিক শ্রমে অনিচ্ছা-নিবন্ধন তাহাদের শরীরও এর্বল হইয়া পড়িবে।"

-0----

श्रीके धर्मा ७ महत्त्रानीय धर्मा।

"খৃষ্টধর্ম ও মহম্মদীয় ধর্মের মধ্যে কতটা ঐক্য আছে" এই বিয়য়ে ম্যাকুস্মূলর "নাইণ্টান্থ্ সেনচ্রি" পত্রিকায় সম্প্রতি একটি প্রবন্ধ লিখিয়াছেন। প্রথমেই তিনি এই কথা বলিষাছেন যে, "মুসলমানেরা কতক-গুলি গুরুতর বিষয়ে আমাদিগের অপেক্ষা শ্রেষ্ঠ।" তাহাদিগের মধ্যে মধ্যবিত্ত ও নিম্নশ্রেণীর লোকেরা "স্বাধীন অথচ পানদোষ-বিবর্জ্জিত।" "যদি আমার তুর্কি বন্ধুদিগের কথায় বিশ্বাস করা যায়, তাহা হইলে তাহারা তো বলেন, কোন মুসলমান জীলোক প্রকাশ্রভাবে চর্নীতি-প্রায়ণ হয় না।" বে দর্ম্ম পানদোষ ও ছর্নীতি—এই ছই বিষম রোগের প্রতীকার করিতে সমর্গ সে দর্ম আমাদের শ্রন্ধার যোগা সন্দেহ নাই।

অধ্যাপক মহাশয় আরও বলেন "অনেক তর্ক বিতর্কেব পর শেষে সাধারণতঃ আমাদিগের স্থাকার করিতে হইল, প্রধান প্রধান বিষয়ে এই উভয় ধর্মের মধ্যে অতি অল্লই প্রভেদ; পূর্ব্বে একটা নিবাদ ও মনাস্তর না ঘটিলে এই উভয় ধর্মে এক হইয় যাইতে পারিত। তাঁহারা সকলেই স্থাকার করিলেন যে, কোরাণ-সম্মত তাঁহাদের ছয়টি প্রধান মত ও বিশ্বাদ—ঈশ্বরের একত্ব, এঞ্জেলের অস্তিত্ব, কতকগুলি বিশেষ বিশেষ ঈশ্বর-অম্প্রাণিত পুস্তকের অস্তিত্ব, বিচারের দিন, এবং ঈশ্বরের আদিই নিয়মারলী—এইগুলি যদি মুদলমান ধর্মের প্রধান মত ও বিশ্বাদ হয়, তাহা হইলে খৃষ্টীয়ধর্মের সহিত বিবাদ করিবার কোন কারণ দেখা যায় না। খৃষ্টীয়ান মাত্রেই এই প্রত্যেক মহগুলিতে সায় দিবেন সন্দেহ নাই।

গোল বাধে यथन অনির্দেশ্য বিষয়গুলিকে নির্দিষ্ট ভাবে-বিশেষ ভাবে বর্ণনা করা হয়।" মুদলমানের স্বর্গ-সম্বন্ধে অধ্যাপক এইরূপ বলেন— শ্রত্যেক ধর্মের মানবীকরণমূলক উপমাগুলিকে ধর্তব্যের মধ্যে আনা উচিত নহে; তা' ছাড়া, স্বর্গের স্থুখ বর্ণনা করিতে হইলে পার্থিব স্থুখের অমুরূপে বর্ণনা না করিলে চলে না। অতএব পার্থিব স্থাধের চরম স্থ সেই-যে স্ত্রীপুরুষের বন্ধত (যদি স্বর্গে স্ত্রীপুরুষভেদ থাকে) সেই বন্ধত্বের স্থুখকে তবে কেন পরলোক হইতে বহিন্ধত করা হয় ? যদি মহন্দদ রত্ন কাঞ্চন অপেক্ষা স্ত্রীলোকের সৌন্দর্যাকে উচ্চতর মনে করিয়া থাকেন তাহা হঠলে উহিাকে কেন দোষ দেওয়া হয় ? লোকে মনে করে, যেন মহম্মদ স্বর্গের আর কোনও স্বথের কথা জানিতেন না, তাই স্বর্গকে স্থানরীদিগের অন্তঃপুর বলিয়া বর্ণনা করিয়াছেন। ইহা অপেক্ষা ভ্রম আর কিছুই হইতে পারে না। অনেক স্থলে, যেখানে তিনি স্বর্গের ক্থা বলিয়াছেন, স্ত্রীলোকের বিষয় উল্লেখমাত্র করেন নাই। আর যে যে छल खोलां क्रिव উল্লেখ আছে, मिथान खीलां क्रिव श्री वा वस्त्रक्ष বর্ণিত হইয়াছে। বদি বা কোন স্থলে, পত্নী ছাড়া স্থলরী কুমারীদিগের উল্লেখ থাকে তাতেই বা এত রাগ কেন ? যে পার্যত্রিক স্থুখসম্ভোগে তত্ত্বজ্ঞানীরা সম্মতি দেন, তাহার স্থায় এই স্থের কল্পনাটি যদিও ততটা आधाष्त्रिक नट, किन्न जाहे विलया यज्डे (ছुल्माकृषि होक ना कन, এ কথা স্বীকার করিতে হইবে, ছরিদের বর্ণনায় কোন প্রকার অল্লীল অপবিত্র ভাব নাই।" বছুবিবাহ ও দাসত্বসম্বন্ধে অধ্যাপক এইরূপ বলেন-"এমনঅনেক স্থাশিকিত মুসলমান আছেন বাঁহারা বছবিবাই ও দাসত্বপ্রথাকে ভাল বলেন না। বছবিবাহ তো ক্রমশই বিলুপ্ত হইয়া ষাইতেছে। মহম্মদ বছবিবাহের আদেশ দেন নাই, ওঁবে ইছদিরা এই প্রথাটি বহিত করিবার পক্ষে বেরূপ উপেক্ষা প্রদর্শন করিয়াছিল তিনিও সেইরূপ কেবল উপেক্ষা করিয়াছিলেন মাত্র। এই চিরশ্বরণীয় কথাগুলি

তিনি পশ্চাতে রাখিয়া গিয়াছেন :— "আমি মায়ুষ বৈ আর কিছুই নই।
আমি ধর্মা-সম্বন্ধে বর্থন যাহা তোমাদিগকে আদেশ করি, সে আদেশ
তোমরা গ্রহণ কর। এবং পার্থিব বিষয়-সম্বন্ধেও ষথন যাহা তোমাদিগকে আদেশ করি, সে আদেশও তোমরা গ্রহণ কর। যথন আমি
পার্থিব বিষয়-সম্বন্ধে তোমাদিগকে আদেশ করি তথনও আমি, মায়ুষের
অধিক আর কিছুই নই।"

অধ্যাপক তাঁহার তুর্কি বন্ধুদের সহিত তর্কবিতর্ক করিয়া দেখিরাছেন
"একটি বিষয় তাঁহারা কেইত অস্বীকার করিতে পারেন না যে, খৃষ্ঠ যেমন
আপনাতে মানবজীবনের উচ্চ আদর্শ প্রকটিত করিয়াছিলেন এমন আর
কোন ধর্ম-শুক্ত করিতে পারেন নাই।" তবে মাাক্সমূলর একথাও
স্বীকার করেন যে, "মহম্মদ সতা ও স্থায়ের উদ্দেশে এবং লোকের
হিতার্থে আপনার জীবন উৎসর্গ করিয়াছিলেন। তিনি-যে সত্যের
মধ্যেই জাখরের ভাব ধরিতে পারিয়াছিলেন ইহাতেই বুঝা যাইতেছে
তিনি একজন প্রকৃত ধর্মগুক্ত। তবে তিনি-যে স্বীয় অস্তরাম্মার নীরব
বাণীকে আর্কেঞ্জেল গেরিএলের বাকা বলিয়া মনে করিভেন, ভাহাতে
ইহাই প্রকাশ পায় যে, তাঁহার ভাষা আমরা বুঝি না ?"

হিন্দু-বিজ্ঞান কিরূপে বিনষ্ট হইল ?

গত জামুয়ারী মাসের "কলিকাতা ত্রিভিউ" পত্রিকার "বিজ্ঞান ও ধর্মের সহিত হিন্দু-মনের সম্বন্ধ" নামক একটি প্রবন্ধ প্রকাশিত হট্রাছে। লেখক বলেন, ভারতবর্ষে বিজ্ঞান ক্রতবেগে উন্নতি লাভ করিয়া হঠাৎ এক সময়ে থামিয়া গেল এবং তাহার সহিত কাল্লনিক উপস্থাস ও ঔপ-ধর্মিক বাতুলতা সংমিশ্রিত হট্রা ভারতবর্ষীয় বিজ্ঞান অধাগতি প্রাপ্ হটল। উন্নতির অবস্থায় দর্শনের যে স্ক্রতা, পর্যাবেক্ষণের, বে ষ্থাষ্থতা এবং যুক্তির যে তীক্ষতা দেখা গিয়াছিল তাহা একেবারেই তিরোহিত হইল। লেখক বলেন, সম্ভবতঃ দর্শনশান্ত্রের অভ্যুদর বিশেষতঃ বেদাস্কন্দর্শনর অভ্যুদর এই পতনের প্রধান কারণ। বেদাস্কদর্শনই এ দেশের ভৌতিক উন্নতির পথে কণ্টকস্বরূপ—অভিশাপস্থরূপ হইরা দাঁড়াইল। বেদাস্কদর্শন পার্থিব পদার্থের প্রতি ঘোর উদাস্ত ও তাছিলা প্রদর্শন করিতে শিক্ষা দিয়া বিজ্ঞানের মূলে কুঠারাঘাত করিল। বেদাস্ক বলিলন, আত্মার অভ্যস্তরে মনোনিবেশ কর, অবাস্তব বাহ্ প্রকৃতির অফুসরণ করিতে গিয়া আসল সত্যকে ভূলিয়ো না। নিরাধার মূল সত্যই যোগীর খ্যানের বিষয়।

আর এক কথা, প্রকৃতি হিন্দুর প্রতি নিতান্ত সদয় হটয়াই নির্দয়
হইয়াছেন; তাঁহার অতিমাত্র মেহই হিন্দুকে নির্কীয়্য করিয়া ফেলিয়াছে। তাহার উপর আবার এই বেদান্তের শিক্ষা। কেবল জীবনরক্ষার জন্ত যে সকল দ্রব্য আবশ্রুক তাহা বিনাক্রেশে প্রকৃতির নিক্ট
হইতে হিন্দুরা পাইয়াছে—তাহার উপর আবার বেদান্ত এই শিক্ষা দিতেছেন, জীবনরক্ষার জন্ত নিতান্ত যাহা প্রয়োজনীয় তাহা পাইয়াই সন্তই
থাক, তাহার অধিক অর্জন করিতে যাওয়া পণ্ডশ্রম ও রুণা কালহরণ
মাত্র। শুধু তাহাই নহে, বেদান্ত আরও বলিলেন, আত্ম-ত্যাগ আত্মনির্যাতন অভ্যাস কর, জীবনের সমস্ত স্থুথ বিস্ক্রেন কর এবং সর্বপ্রকার
দৈহিক পার্থিব আরাম সন্তোগে বীতরাগ হও । এই শিক্ষার পর বিজ্ঞানের উন্নতি আরু কি করিয়া হুইবে ?

সাধারণ বিদ্যালয়ে কলাবিদ্যার শিক্ষা।

পার্ট্রিক নাহেব "আরেনা" পত্রিকার জাত্মরারি মাসের সংখ্যায় "সতা ও মিথ্যা শিক্ষাপ্রণালী" নামক একটি প্রবন্ধে এইরূপ বলেন, বিদ্যালয়ের ' প্রাঞাহিক শিক্ষার বিষয় চলতে চিত্রবিদ্যা, সঙ্গীত, ব্যাযাম প্রভৃতি উঠাইরা . দিবার কথা মনে করা দূরে থাকুক্, বরং কি কি উপারে আবও প্রচুব-ক্লপে ও সম্পূর্ণকপে ঐ সকল বিষয় প্রবৈষ্ঠিত কবা যাইতে পারে ভাহাবট !চন্তা কৰা কৰ্ত্তব্য। লেখক বলেন, প্ৰত্যেক শিশুৰ **অভ্যন্ত**রে প্ৰতিভা-ক্তিব সম্ভাবনা আছে বলিবা মনে করা উচিত। শিশুদিগের মানসিক বুত্তিনমূহ ও গ্রাদেন পৌল্পাবোধকে প্রকৃটিত কবিষা তুলিবার জন্ত •তাহাদেব জাবনেব উপৰ সমস্ত কবিভামৰ প্রভাব প্রয়োগ কবা উচ্চিত। कर्लानमाव मरना मक्षी ७८क धवा कर्चवा । 🐯 मुममन्द्रात मकरल मिनिन्ना গান কৰা নহে- -উৎকৃষ্ট দলাত মধ্যে মধ্যে গুনিতে হঠবে। প্রচলিত কন্সাটের স্থব গুনিষা কোন উপকার নাহ—উচ্চদরের সঞ্চীত, বিদ্যালরে প্রবর্ত্তি করা কর্ত্তব্য। বিখ্যাত বেহালাবাদকেরা বধন নগরে নগরে लमन करिएक वाहिव इन, अथन छाशानिशक विनागित आनाहेबा भिछ াদগকে শোনান উচিত। যে ছেলেকে অতিশ্য "মাাদা" বলিয়া মনে কাৰতেছ, হৰতো গাহাৰ প্ৰতিভা জাগ্ৰত হইয়া উঠিতে পারে এবং সেই **৯**শতো ভবিষ্যতে, তৃষণাতুৰ জগৎকে সঙ্গীতহুধা পান করাইয়া পবিভুপ্ত কবিবে। বড় বড় গুণী লোকদিগকে আসিতে বলিলেই তাঁহার। আসি-গুণী লোকেবা মহামুভব—রাশি রাশি অর্থ পাইলে তাঁহাবা মত না সম্ভুষ্ট ২ইবেন-প্রিড়দের মনোরঞ্জন কবিবাব অবসর পাইলে ভাঁহাৰা আবো অধিক ভৃপ্তিলাভ কৰিবেন। ইহাতে শিশুদের কল্পনা ব হটা উত্তেজিত হইতে পাবে এমন আব কিছুতে না। মধ্যে মধ্যে তাহা-দিগকে ভাল ভাল সমবে ৩-সঙ্গীত ও অপেবা জনাইবার জন্ম লইবা বাওবা উচিত। স্বস্থর ও স্থতানে তাহাদেব শ্রণণযুগত পূর্ণ করিতে হটবে।

তা ভাড়া, বিদ্যালয়ের ঘরের দেবাল থালি রাথা কর্ত্তব্য নতে।
তাহাদেব চথেব সাম্নে কেতাব রাথ। বতটা দরকার, পাঠশালাব দেয়ালে
বড় বড় চিত্রকরদের চিত্রের অনুকৃতি রাথাণু তেমনি প্রবোজনীর।

এমন এক সময় আদিনে যখন পাঠ গতে ছবি ০ মৃতি বাখা বিদ্যা-লবেন সাজসভ্ভাব একটি নি হাস্ত প্রােজনীয় অঙ্গ বলিয়া লোকে মনে কবিবে

ছেলেদিগেৰ অস্তৰ স্থ্যৰূব এক্বীতে পূৰ্ণ কৰ, কবিদেৰ উচ্চ চিস্ত-সকল কাহাদিগকে শুনাত ।

কিন্তু এই সকল বিষয় শিখাইবাৰ জন্ম উচ্চৰণৰ শিক্ষক আৰিশুক।
এইকাপ বৰণেৰ শিক্ষক আৰিশুক বাঁহাৰ সংকীৰ্থমনা নাইম—বাহ *
. পৰ মনেৰ গতি সাক্ষাভো মক, বাঁহাদেৰ সহান্ত্ৰীতকৈ এ সাক্ষাভা এক ব বাহাদেৰ অন্তৰ দ্যাদাকিশে পূৰ্ণ।

অধ্যাপক টিগু্যাল-সম্বন্ধে হবট্ স্পেন্সরের উক্তি।

"ফটনাইট্ল বিভিউ" পতিকায হবঁট স্পোনসৰ তাহাব মৃত বন্ধ্যিতালেন যশ বীর্ত্তন কবিনা যে প্রাক্তন লিখিনাছেন ভাহাতে তিনি টিগুালেন করনাশ জি-সম্বন্ধে এই কথা বলেন ' "যে গঠনকানেণী করনা (স্থতিমূলক করনান কথা এখানে বলিতেছি না) এক দিবে কবিন বচনায় এবং অন্তদিকে বৈজ্ঞানিকেব আবিশাবে প্রকাশ পান, সেই করনাশ জি সমস্ত মানবীয় বুদ্তিব মধ্যে উচ্চতম, অধ্যাপক টিগুালেন এই শজিটি প্রচুব পবিমাণে ছিল।" তত্বিদ্যা-সম্বন্ধে টিগুালেন কিরুপ মতামত ৩ৎসম্বন্ধে স্পেন্ধ্য একস্থনে এইকপ বলেন। "মনোবিজ্ঞান কোতা বিচৰণ কবিতে কবিতে তিনি ভর্জান-ক্ষেত্রের জানিদেশ্য সীমান মধ্যে গিখা পড়িয়াছিলেন। ভর্বিদ্যাকে বিজ্ঞান বলা যায় কি না সন্দেহ —কাবণ ভর্বিদ্যা হইতে পবিণামে অজ্ঞেরতা-সিদ্ধান্তে উপনীত ইইতে হয়। সচরাচব বৈজ্ঞানিকেরা যাহা আদৌ বুঝে না, তিনি ভবু এ কথা বুঝিতেন যে, প্রত্যেক ভৌতিক পদার্থ-সম্বন্ধে শেষ পর্যান্ত অনুসন্ধান

করিতে গেলে অতিভৌতিকে গিয়া উপনীত হইতে হয় এবং এমন একটি সমস্থা আমাদের সমুখে উপস্থিত হয় বাহা মীমাংসা করা আমাদের বৃদ্ধির অসাধা। তিনি বে সকল বিষয় বলিয়া গিয়াছেন ও লিখিয়া গিয়াছেন গাহা হইতে ইহাই সপ্রমাণ হয়,—তিনি বিশ্বাস করিতেন গে, জ্ঞাত পদার্থ অজ্ঞাত পদার্থের দ্বারা পরিবেষ্টিত এবং এই অজ্ঞাত পদার্থকে একেবারে নাস্তি বলাও বায় না। বৈজ্ঞানিকদিগকে ছই শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে, এক শ্রেণী বাঁহারা ফ্যারাছে প্রভৃতির ভায় বিজ্ঞান ও ধর্মবিশ্বাসকে পরক্ষার হইতে সম্পূর্ণ বিযুক্ত করিয়া রাখেন—বিজ্ঞান ও ধর্মবিশ্বাসকে পরক্ষার হইতে সম্পূর্ণ বিযুক্ত করিয়া রাখেন—বিজ্ঞান ও ধর্মের মধ্যে যে সকল অসঙ্গতি আছে, তাহা লইয়া তাঁহারা আপ্রাদের মধ্যে যে সকল অসঙ্গতি আছে, তাহা লইয়া তাঁহারা আপ্রাদের মন্তিক আলোড়িত করেন না। আর এক শ্রেণী আছেন বাঁহারা একমাত্র বিজ্ঞানের বিষয় লইয়াই ব্যাপ্ত; তাহাদের কখনই মনে হয় না যে, উহাদের অন্তর্নিহত আর কোন তত্ত্ব থাকিতে পারে। এই তৃই শ্রেণীর কোন শ্রেণীর মধ্যেই টিগ্রাল ভুক্ত ছিলেন না। এই শেষ শ্রেণীর লোকদিগের সম্বন্ধে যখন যাহা তাহাকে বলিতে শুনিয়াছি তাহার মধ্যে গুঢ় অবজ্ঞাই প্রকাশ পাইত।"

---0---

পুনর্জন্ম-সম্বন্ধে শ্রীমতি বেস্থাণ্টের মত।

থিয়সফিষ্ট সম্প্রদায়ের বর্ত্তমান অধিনেত্রী শ্রীমতি বেস্থাণ্ট, "মৃত্যু ও মৃত্যুর পর" এই বিষয়ে "লুসিফর"-পত্রে কৃত্তকগুলি প্রবন্ধ লিখিয়াছেন। তিনি বলেন;—"অনস্তের যাত্রী আমাদের অস্তরাত্ম। এই মানবম্বাত্মা, দেহ পরিগ্রহ করিয়া, এক এক কল্পকাল-মধ্যে কি করিয়া জীবনযাত্রা নির্বাহ করে, তাহা একবার সাধারণ ভাবে আলোচনা করিয়া দেখা যাক্। ইহজীবনের পূর্বেও জীবাত্মা অনেকবার জাবনপথের যাত্রী ইইয়াছে; সেই সময়ে যে সকল শক্তি জার্জ্বিত ইইয়াছিল, তাহারই বলে সে এখানে

পদার্পণ করিতে দমর্থ হইরাছে। এই অভিনব যাত্রা আরম্ভ করিবার পুর্বে সে দেবাত্মারূপে বর্তমান ছিল; বিশুদ্ধ পরমাত্মার নিশ্চেষ্ট ভাবকে অতিক্রম করিয়া, অতীত জীবনের আধিভৌতিক অভিজ্ঞতাপ্রভাবে আপনার মধ্য হইতে বুদ্ধিকে, অহংজ্ঞানসম্পন্ন মনকে ক্রমশঃ বিকশিত করিয়া তুলিয়াছিল। কিন্তু এই অভিজ্ঞতামূলক ক্রম-বিকাশ এখনও সম্পূর্ণ হয় নাই; এখনও এতটা অবকাশ প্রাপ্ত হয় নাই যাহাতে উপযুক্ত শক্তি অর্জন করিয়া জীবাত্মা, জড়-জগতের উপর সম্পূর্ণরূপে প্রভূত্বলাভ করিতে পারে; এখনও জীবাত্মা অজ্ঞান বশতঃ যখনই স্থল জড়ের সংসর্গে আইসে অমনি সে নানা প্রকার মায়া-বিভ্রম দ্বারা আক্রান্ত কল্পকালস্থায়ী দেহপরিগ্রহের উদ্দেশ্য এই, যাহাতে জাবাত্ম মারাজ্ঞাল হইতে মুক্ত হইতে পারে; বাহাতে সুল জড়েরছারা আছের হই-রাও, তাহার মধ্যে থাকিয়াও স্বীয় দৃষ্টিকে সতেজ রাখিতে পারে—মায়ায় আদ্ধ হইয়া নাপড়ে। এই করকালস্থায়ী দেহপরিগ্রহের ছই প্রকার বৈকল্পিক অবস্থা;—একটা অপেক্ষাকৃত অৱকাল-স্থায়ী; উহা আমাদের পার্থিব জীবন; এই জীবনকাল মধ্যে যাত্রী-দেবাত্মা স্থল জড়ের মণো নিমগ্ন থাকে। আর একটা অপেকারত দীর্ঘকালস্থায়ী; উহার নাম "দৈব্যানিক"জীবন; এই অবস্থায় আত্মা সুন্দ্রতর ব্যোমপদার্থে পরিবেষ্টিত হয়; ইহা পার্থিব পদার্থের স্থায় তওটা ম্য়াম্য নহে—ইহার মায়াজাল : অনেকাংশে কম। এই দ্বিতীয় অবস্থাটিই, বলিতে গেলে, জীবাত্মার স্বাভাবিক অবস্থা। কেন না, এই অবস্থা অধিকতর স্থায়ী এবং জীবা-चात चन्नभग्र (मरबीयत्नत चत्नको निकरेवर्जी ; এर चवशाय बएड़त দ্বারা জীবাত্মা ততটা আত্রের হয় না এবং ফ্রতপরিবর্ত্তনশীল বিষয়ের দ্বারা ততটা প্রবঞ্চিত হয় না। ক্রমশঃ ধীরে ধীরে, পুনঃ পুনঃ লব্ধ অভিজ্ঞতার ফলে, স্থল-ফড়ের প্রভাব আত্মা হইতে অপহত হয় এবং অবশেষে আত্মা জড়ের দাস না হইয়া জড়ের উপর প্রভূত্বলাভ করে।

Strate Contract "দৈববানিক" অবস্থায়, জীবাত্মা সম্পূর্ণ মুক্ত নহে; তথনও সে পার্থিব জ্ঞানকে পরিপাক করিতে থাকে; তথনও পার্থিব অভিজ্ঞতা তাহার উপর কতকটা কর্ত্ত্ব করে; তথনও "দৈবযানিক" জীবনকে পার্থিব জীবনের সৃন্দীকৃত অনুবৃত্তি মাত্র বলিয়া উপলব্ধি হয়। কিন্তু জীবাত্মা ক্রমশঃ যত্ত পার্থিব জ্ঞানকে ক্ষণস্থায়ী ও বাহ্মিক বলিয়া জানিতে পারে, ভত্ট ভাচা হটতে আপনাকে মুক্ত করিতে প্রয়াস পায়; এবং যাবৎ ১ল জীবালা মনস্বী হট্যা, জিতেক্সিয় হট্যা, বিম্কু-দেবালা হট্যা, অবিভিন্ন আত্মজ্ঞান-সহকারে, এই বিশ্বব্রমাণ্ডের যে কোন স্থানে অবাধে ভ্রমণ করিতে পারে, তাবৎ তাহার চেষ্টার বিরাম হয় না। **এইপ্রকা**রে দেব-প্রেক্তি, সুল জড়দেহের উপর জয় লাভ করে; এবং সর্বপ্রকার ্র্কড়প্লার্থকে বশীভূত করিয়া আপনার আক্তান্ত্রবর্ত্তী দাসরূপে তাহাদিগকে নিযুক্ত করে।

আর একটি নিগুড় কথা এই ;—পার্থিব জীবনের পূর্বেও ষেমন * দৈব্যানিক" অবস্থা, পার্থিব জীবনের পরেও আবার দেই "দৈব্যানিক" অবস্থা। মুম্যা পৃথিবীতে যে জ্ঞানধর্ম অর্জন করে, তাহাই সে "দৈব-যানিক" অবস্থাতে ভাল করিয়া পরিপাক করিতে থাকে। কিন্তু পূথিবীতে यिन मानवाञ्चा अधिक वौद्ध वंशन ना करत, ठाहा इहेरल "देनवर्गानक" অবস্থাতে ফদলও কম জন্মায়; এবং পৃষ্টিকর দ্রব্যের অপ্রতুলতা-নিবন্ধন আত্মার পোষণক্রিয়াও বিলম্বে দাধিত হয়। এই নিমিত্ত, পার্থিব জীব-নৈর এতটা প্রয়োজন ও গৌরব; এই পার্থিক্ দীবন-ক্ষেত্রেই বীজ বপন হট্যা থাকে এবং অভিজ্ঞতা সঞ্চিত হয়। ""দৈববানিক" অবস্থায় আত্মা সীয় অভিজ্ঞতার উপকরণ সকল "দাফাই ও বাদ্রাই" করে; এই অবস্থায় ছাত্ম। অপেক্ষাক্বত মুক্তিলাভ করে, এবং ক্রমশঃ পার্থিব জ্ঞান-রাশির । অকৃত মূল্য নির্দারণ করিতে সমর্থ হয়। জীবীকা পৃথিবীতে যে সকল কল্পনার বীজ অন্তরে ধারণ করে, "দৈব্যানিক" অবস্থায় তাহা নিজ চেষ্টায় বাস্তবিকভাতে পরিণত করিতে পারে। আয়া যে-বীজ "দৈবধানিক" অবস্থার প্রস্কৃতিত করিয়া তুলে, যে উন্নত ভাবকে পোষণ করে, তাহারে র মানসিক প্রতিবিষ, শরীর পরিগ্রহ করিয়া আবার জীবলোকে অবতীর্ণ হয়, বুলিকন না, মনোজগংই স্কৃতির জগং, এবং পৃথিবী সেই স্থান—যেখারে ক্রানিয়া পূর্ব-জন্মের চিন্তাসমূহ ভৌতিক আকারে পরিণত হয়। অন্যা গৃহনিয়াভার স্থায় গভীর ধান-সহকারে, নিস্তব্ধতার মধ্যে, গৃহনিয়াজ র প্রান্ত হয়্যু নেইখানে আগিয়া আপনার নক্সাগুলি বাহির করে। অতীত জীবুর বিষ্কৃতির আরা মঞ্জিত হয় তাহা হইভেই আয়া, পরজন্মের কার্যা-কন্ম স্থাতব করে এবং পৃথিবীতে আসিয়া সেই কল্পনাগুলিকে মৃত্তিমা করিয়া তুলে।

প্রথম মানসিক ধানে — হাহার পর হাহার বাহ্যবিকাশ : প্রথা করনা, তাহার পর আকার । - ক্রিমা ফলবাতী হইতে হইলে তাহার মূল । গভীর চিন্তা চাই, এবং নিস্তন্ধতার মধা হইতেই স্টিকারী মহানা । সমুপ্রিত হয়।

